The 24th March 1884.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Bhubuah Municipality for a public purpose, viz. for a municipal market, in the town of Bhubuah, pergunnah Champore, district Shahabad, it is hereby declared that for the above purpose a piece of waste land measuring, more or less, 3 beeghas 2 cottahs and 2 dhoors, is required. The land is bounded on the north by the cultivated land of Lekhraj Kurmi of Bhubuah; on the south by the public road; on the east by Khoki Boha's garden and the road cess bungalow; and on the west by the cultivated land of Chhakan Jhunjra. The plan can be had for inspection in the office of the Chairman of the Bhubuah Municipality.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 8th April* 1884.]

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২১ মার্চ্চ।—বঙ্গদেশের উত্তরদিকের ষ্টেট রেলওয়ের লোকোমটিব সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, ডবলিউ, রেণ্ডেল সাহেব, ও আসিষ্টাণ্ট লোকোমটিব সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, এচ, চেস সাহেব ১৮৬২ সালের বঙ্গীয় ৫ আইনের ২ ধারামতে বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান করণার্থ সরবেয়রের পদে নিযুক্ত হইলেন।

সি, ডবলিউ, বোল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ১ আপ্রিল।—২৪ পরগনা জিলার অন্তর্গত খিদিরপুরে নূতন ডক প্রস্তুত করণার্থে ভূমি গ্রহণ করিবার জন্যে ২৪ পরগনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর এবং সুন্দর বনের কমিশনর শ্রীযুত এফ, ই, পরগিটর সাহেব ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন। উক্ত আইনের ৬ ধারামতে তৎসম্পর্কীয় বিজ্ঞাপন ১৮৮৪ সালের ১১ মার্চ্চে প্রকাশ করা গিয়াছে।

এ, পি, মাকডনেল্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২২ মার্চ্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাটনা জিলার অন্তর্গত গয়াসপুর পরগনার মোকামা গ্রাম সমাহারেস্থিত মোকামা গ্রামে জলপ্রণালীর উৎকর্ষসাধনার্থে মোকামা গ্রামসমাহারের অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নিম্নলিখিত দুইখণ্ড ভূমির প্রয়োজন।

১ নং খণ্ড।—স্থানীয় মাপের ন্যূনাধিক ১/ বিঘা ১৪ ধুর পরিমিত তাহার উত্তর সীমা ।৵ আনা পটীতে স্থিত গগন সিংহের, লাল সিংহের ও জানকী সিংহের বসতী বাটী, দক্ষিণ সীমা ।৵ আনা পটীতে স্থিত ফকীর কাহার, দোদা ভেলি ও সেবক ভেলির বসতী বাটী, পূর্ব্ব সীমা ।৷০ আনা পটিতে স্থিত মেঘু সিংহের বসতী বাটী, এবং পশ্চিম সীমা গগন সিংহ ও ভরসি মহতনের বসতী বাটী।

২ নং খণ্ড।—স্থানীয় মাপের ন্যূনাধিক ৮০ কাঠা ৫ ধুর পরিমিত, তাহার উত্তর সীমা মোকামা বাজারে যাইবার রাজপথ, দক্ষিণ সীমা শনিচর কাহার, ও রামদিয়াল ধানুকের বসতীবাটী (ইহারা তুলসী সিংহের ও গগন সিংহের রায়ত) পূর্ব্ব সীমা এক আনা মালিকের কাছারী ঘর ও গোপাল বেলিয়ার দোকান, এবং পশ্চিম সীমা ।৷০ আনা পটীর উমায়েদ সিংহের বসতী বাটী।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৪ মার্চ্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ শাহাবাদ জিলার অন্তর্গত চাম্পুর পরগনার ভুবুয়া নগরে মুনিসিপাল বাজার করিবার জন্য ভুবুয়া মুনিসিপালাটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৩/২ কাঠা ২ ধুর পরিমিত এক খণ্ড পতিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা বুভুয়ার লেখরাজ কুর্ম্মির কর্ষিত জমি, দক্ষিণ সীমা রাজপথ, পূর্ব্ব সীমা খোকি বোহার বাগান ও পথকরের বাঙ্গলা ঘর এবং পশ্চিম সীমা ছকন ঝঞ্ঝুয়ার কর্ষিত জমি। ভুবুয়া মুনিসিপালাটীর সভাপতির আফিসে ইহার নক্‌শা দেখা যাইতে পারিবে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৮ আপ্রিল।]

DECLARATION.

The 24th March 1884.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Burdwan Municipality for a public purpose, viz. for widening a portion of the Lacoordy Road, in the village of Tikarhat, pergunnah Burdwan, zillah Burdwan, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 3 cottahs 15 chittacks of standard measurement, is required. The land is bounded on the west, north, and east by the Lacoordy Road, and on the south by lands belonging to Benode Behary Khan of Lacoordy, Mohummud Moochu Mea of Tikarhat, Ali Newaj of Brahmunpookur, and Peari Mohan Banerjee of Burdwan.

A plan of the land may be inspected by the parties interested in the office of the Collector of Burdwan.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 1790 A.

The 14th March 1884.—Mr. C. R. Marriott, Officiating Joint-Magistrate and Deputy Collector, Dacca, is vested with powers under section 110 of the Code of Criminal Procedure.

The 27th March 1884.—Baboo Radha Krishna Sen, Additional Subordinate Judge, Burdwan, is appointed to be Small Cause Court Judge and Subordinate Judge, Cuttack, *vice* Mr. W. Wright, permitted to retire.

Mr. R. Rushby is appointed to be a member of the Boiler Commission for the purpose of carrying out the provisions of Act III (B.C.) of 1879 (entitled an Act to provide for the Periodical Inspection of Steam Boilers and Prime Movers attached thereto) in the town and suburbs of Calcutta and in Howrah.

The 31st March 1884.—Baboo Raj Krishna Banerjee, M.A. & B.L., is appointed to act as a Munsif in the district of Mymensingh, and to be ordinarily stationed at Hosseinpore, during the absence, on deputation, of Baboo Purna Chandra Dey at the sudder station, or until further orders.

Lieutenant-Colonel V. E. Law, Agent to the Governor-General with the King of Oudh and Superintendent of Political Pensions, is vested with the powers of a Magistrate of the first class, and with powers under sections 133 and 144 of the Criminal Procedure Code, within the premises of the King of Oudh.

The following gentlemen are appointed to be Honorary Magistrates for the Kooshtea Bench, in the district of Nuddea, and are vested with the powers of a Magistrate of the third class:—

Baboo Trylukho Nath Mittra.	Baboo Nilratan Adhikary.
„ Ambika Churn Moitra.	„ Umesh Chunder Dutt.

Baboo Protab Chandra Mozumdar, Third Munsif of Muradnuggur, in the district of Tipperah, is vested, under section 29 of the Bengal Civil Courts Act, VI of 1871, with the jurisdiction of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the amount of Rs. 50 arising in the Daudkandy thana.

The Lieutenant-Governor accepts the resignation tendered by Lieutenant W. L. Boswell of his appointment as Assistant Cantonment Magistrate of Dorunda.

Baboo Sham Chand Roy, Munsif of Gurbetta, in Midnapore, is vested, under section 29 of the Bengal Civil Courts Act, VI of 1871, with the jurisdiction of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the amount of Rs. 50.

[*Government Gazette, 8th April* 1884.]

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৪ মার্চ্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বর্দ্ধমান জিলার অন্তর্গত বর্দ্ধমান পরগণার টিকারহাট গ্রামে লাকুর্দ্দি পথের কতক অংশ পরিশর করিবার জন্যে বর্দ্ধমান মুনিসিপালীটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কষ্টিমতে ন্যূনাধিক ১৩৮১ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পশ্চিম ও উত্তর ও পূর্ব্ব সীমা লাকুর্দ্দি পথ, এবং দক্ষিণ সীমা লাকুর্দ্দির বিনোদ বিহারী খাঁর, টিকারহাটের মৎস্যজীবি মুচু মিঞার, ব্রাহ্মণপুকুরের আলি দেওয়াজের এবং বর্দ্ধমানের পেয়ারিমোহন বন্দ্যোপাধ্যায়ের জমি।

স্বার্থযুক্ত ব্যক্তিরা উক্ত জমির নক্সা বর্দ্ধমানের কালেক্টর সাহেবের আফিসে দেখিতে পারিবেন। ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারায় বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

কোলমান মেওলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১৭৯০ A নম্বর।

১৮৮৪ সাল ১৪ মার্চ্চ।—ঢাকার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি,আর, মেরিয়ট সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১১০ ধারামত ক্ষমতা পাইলেন।

১৮৮৪ সাল ২৭ মার্চ্চ।—শ্রীযুত ডবলিউ, রাইট সাহেবের প্রতি কর্ম্ম হইতে অবসর গ্রহণের অনুমতি হওয়াতে বর্দ্ধমানের আডিশ্যানল সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ সেন, কটকের ছোট আদালতের জজের ও সবর্ডিনেট জজের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত আর বুশবি সাহেব কলিকাতা নগরে ও তাহার শাখা নগরে ও হাবড়ার বাষ্প বাইলর ও তৎসংযুক্ত প্রাইম মুবর সকলের নিয়মিত কালান্তর পরিদর্শন করণার্থ আইল নামে ১৮৭৯ সালের বঙ্গীয় ৩ আইনের বিধান কার্য্যে পরিণত করণার্থে বাইলর কমিশানের সেক্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ৩১ মার্চ্চ।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র দের সদর মোকামে গমনপ্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, এম, এ, ও বি, এল, ময়মনসিংহ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ হুসনপুরে অবস্থাপিত হইবেন।

অযোধ্যার রাজার সঙ্গে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এজেণ্ট এবং পোলিটিকাল পেনশনের সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত বি, ই, লা সাহেব অযোধ্যার রাজধানীর মধ্যে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ১১০ ও ১৪৪ ধারামত ক্ষমতা পাইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার অন্তর্গত কুষ্টীয়ানগরে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ মিত্র।	শ্রীযুত বাবু নীলরত্ন অধিকারী।
,, ,, অম্বিকাচরণ মৈত্র।	,, ,, উমেশচন্দ্র দত্ত।

ত্রিপুরা জিলার অন্তর্গত মুরাদনগরের তৃতীয় মুনসেফ শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র মজুমদার দাউদকান্দি থানায় উত্থিত ছোট আদালতের বিচার্য্য ৫০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ছোট আদালতের জজের বিচারাধিপত্য প্রাপ্ত হইলেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ, এল, ব্রাণ্ডরেথ সাহেব নোয়াখালি জিলার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটস্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

মেদিনীপুরের অন্তর্গত গড়বেতার মুনসেফ শ্রীযুত বাবু শ্যামচাঁদ রায় ছোট আদালতের বিচার্য্য ২০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ছোট আদালতের জজের বিচারাধিপত্য প্রাপ্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৮ আপ্রিল।]

The 1st April 1884.—Baboo Jibun Krishna Chatterji, Officiating Subordinate Judge and Small Cause Court Judge, Pubna, is appointed to be First Subordinate Judge of Chittagong

Baboo Umacharan Dutt, First Munsif of Baraset, 24-Pergunnahs, is appointed to act as Subordinate Judge and Small Cause Court Judge of Pubna.

Baboo Dwarkanath Bhattacharjya, Officiating Subordinate Judge, Chittagong, is appointed to act as Additional Subordinate Judge, Tipperah.

This cancels the order of the 12th ultimo, appointing Baboo Menu Lall Chatterjea to be temporarily Additional Subordinate Judge of Tipperah.

Baboo Monmotho Coomar Bose, Officiating Deputy Magistrate and Deputy Collector, Patna, is vested with the powers of a Magistrate of the third class.

GRANT OF LEAVE TO MUNSIFS.—*The 25th March* 1884.—Baboo Purna Chandra Banerjee, Second Sudder Munsif of Rungpore, is allowed leave for 2 months, under rule 2, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the 2nd April 1884, or from any subsequent date on which he avails himself of it.

The 26th March 1884.—Baboo Premchand Pal, First Munsif of Patuakhally, in the district of Backergunge, is allowed leave for 18 days, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he avails himself of it.

Baboo Benode Behary Mitter, First Munsif of Manickgunge, in the district of Dacca, is allowed leave for 2 months and 23 days, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he avails himself of it.

Baboo Saroda Prosad Chatterjee, First Munsif of Bangah, in the district of Furreedpore, is allowed leave for three months, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he avails himself of it.

The 28th March 1884.—Baboo Upendro Nath Ghose, Munsif of Kooshtea, in the district of Nuddea, is allowed leave for 1 month and 8 days, viz. 17 days under rule 3, section 73, chapter V of the Civil Leave Code, and 21 days under rule 1, section 73 of the Code, with effect from the 3rd April 1884.

The 31st March 1884.—Baboo Ramjadab Tolapatra, Munsif of Azimgunge, in the district of Moorshedabad, is allowed leave for three months, under section 128, chapter X of the Civil Leave Code, with effect from the 1st April 1884.

Baboo Syam Chand Dhur, Additional Munsif of Dacca, is allowed leave for one month, under rule 2, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

ERRATUM.—*The 31st March* 1884.—With reference to the notification of Government, dated the 3rd instant, which was published in the *Calcutta Gazette* of the 12th idem, appointing Baboo Brojobullub Mittra to be an Honorary Magistrate for the Jehanabad Municipal Bench, in the district of Hooghly, *for* Municipal *read* General.

F. B. PEACOCK,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 31st March 1884.—The Lieutenant-Governor directs the removal of the headquarters of the Banskhali Sub-Registry Office, in the district of Chittagong, from Kalipur, where it is at present located, to Chandpur.

This arrangement will take effect on and from the 1st May 1884.

F. B. PEACOCK,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 8th April* 1884.]

১৮৮৪ সাল ১ আপ্রিল।—পাবনার একটিং সবর্ডিনেট জজ ও ছোট আদালতের জজ শ্রীযুত বাবু জীবনকৃষ্ণ চট্টোপাধ্যায় চট্টগ্রামের প্রথম সবর্ডিনেট জজের পদে নিযুক্ত হইলেন।

২৪ পরগণার অন্তর্গত বারাসতের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু উমাচরণ দত্ত, পাবনার সবর্ডিনেট জজের ও ছোট আদালতের জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

চট্টগ্রামের একটিং সবর্ডিটে জজ শ্রীযুত বাবু দ্বারকানাথ ভট্টাচার্য্য ত্রিপুরার আডিশ্যনল সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু মনুলাল চট্টোপাধ্যায়কে কিয়ৎকালের জন্যে ত্রিপুরার আডিশানল সবর্ডিনেট জজের পদে নিযুক্ত করণ বিষয়ক গত মাসের ১২ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

পাটনার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মন্মথকুমার বসু তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৮৪ সাল ২৫ মার্চ্চ।—রঙ্গপুরের দ্বিতীয় সদর মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ১৮৮৪ সালের ২ আপ্রিল অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ২ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ২৬ মার্চ্চ।—বাখরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালির প্রথম মুনসেফ শ্রীযুত বাবু প্রেমচাঁদ পাল যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে আঠার দিনের ছুটী পাইলেন।

ঢাকা জিলার অন্তর্গত মানিকগঞ্জের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু বিনোদবিহারী মিত্র যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে দুই মাস তেইশ দিনের ছুটী পাইলেন।

ফরীদপুর জিলার অন্তর্গত ভাঙ্গার প্রথম মুনসেফ শ্রীযুত বাবু শারদাপ্রসাদ চট্টোপাধ্যায়, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৮৩ সাল ২৮ মার্চ্চ।—নদীয়া জিলার অন্তর্গত কুষ্টীয়ার মুনসেফ শ্রীযুত বাবু উপেন্দ্রনাথ ঘোষ ১৮৮৪ সালের ৩ আপ্রিল অবধি এক মাস আট দিনের ছুটী পাইলেন, অর্থাৎ সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ৩ প্রকরণমতে ২৩ দিনের এবং উক্ত বিধির ৭৩ ধারার ১ প্রকরণমতে একুশ দিনের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ৩১ মার্চ্চ।—মুরশিদাবাদ জিলার অন্তর্গত জাঙ্গিপুরের মুন্সেফ শ্রীযুত বাবু রামযাদব ভলাপাত্র সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারামতে ১৮৮৪ সালের ১ আপ্রিল অবধি তিন মাসের ছুটী পাইলেন।

ঢাকার আডিশ্যনল মুন্সেফ শ্রীযুত বাবু শ্যামচাঁদ ধর অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ২ প্রকরণমতে এক মাসের ছুটী পাইলেন।

অশুদ্ধশোধন।—১৮৮৪ সাল ৩১ মার্চ্চ।—হুগলী জিলার অন্তর্গত জাহানাবাদ মুনিসিপল বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে শ্রীযুত বাবু ব্রজবল্লভ মিত্রকে নিযুক্তকরণ বিষয়ক এই মাসের ৩ তারিখের গবর্ণমেণ্টের যে বিজ্ঞাপন এই মাসের ১৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্টে গেজেটে প্রকাশ করা যায় তাহাতে "মুনিসিপল" শব্দের পরিবর্ত্তে "কেনরল" শব্দ পাঠ করিতে হইবে।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৩১ মার্চ্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব চট্টগ্রাম জিলার অন্তর্গত বাঁশখালী সব-রেজিষ্টরী আফিসের যে সদর স্থান এইক্ষণে কালীপুরে আছে তাহা তথাহইতে চাঁদপুরে উঠিয়া যাইবার আদেশ করিলেন।

১৮৮৪ সালের ১ মে অবধি এই নিয়ম কলবৎ হইবে।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৮ আপ্রিল।]

NOTIFICATION.

The 31st March 1884.—It is hereby notified for general information that the Lieutenant-Governor of Bengal has been pleased to extend the provisions of Act II (B.C.) of 1867 to the Municipalities of English Bazar and Maldah, in the district of Maldah, and the provisions of sections 11 to 15 of the said Act to the following places, in the district of Maldah, with effect from the 1st May 1884.

1. *Amanigunge Haut.*—Bounded on the north by Dayarampur, Bastigram, and the mulberry field of Patan Paramanik; on the west by the Bhagirathi; on the south by Mahabat and Godhan Sheikh's holding; and on the east by Bhadinagar and Ghuran Mandal's holding.

2. *Babus Haut.*—Bounded on the north and east by Thutia Darah; on the south and west by a low land; on the north-west by the dwelling-houses of Hossein and Tulsi Shaha and shop of Samaru Shaha, and on the south east by the Kaliachak factory house.

3. *Bholahat Haut (soto).*—Bounded on the north by the dwelling-houses of Ram Pal and Paresh Bewa; on the west by the shop and the dwelling-house of Gudar Shaha; on the south by the dwelling-houses of Baboo Dalal and Ghisa Banik, and on the east by the dwelling-house of Ram Banik.

4. *Bulbulchande Haut.*— Bounded on the north by the dwelling-houses of Kali Charan Ray, Dulla Kural, Braja Lal Gope, Titalu Mandal, Jhagree Davak and Sakhi Charan Das; on the west by the waste land of Baboos Rajendra Narain Roy and Lokanath Roy; on the south by the road from Kandua to Jho; and on the east by the dwelling-houses of Kali Charan Dafadar, Aklu Mandal, Mahabal Roy and Sukat Kurmi and the place of the Goddess Kali.

5. *Sadullapur Haut.*—Bounded on the north by Raghu Mandal and Michu Dass Bairagi's holding; on the west by the Bhagirathi; on the south by mulberry field of Fouzdar Singh; and on the east by the farms of Har Saakar Sonar, Khanjani Baistabi, Debnarayan Barik, and Raghu Mandal.

6. *Satpur Haut.*—Bounded on the north by the mulberry land of Hakim Singh and Nafar Singh; on the west by the waste land of Gosain Hans Gir and the public road; on the south by the low land or bhil of Gosain Hans Gir; and on the east by the mulberry land of Lalchand Chanchi.

7. *Rajmehal Road side.*—From the civil station of Maldah to Bagbari bridge, third mile.

F. B. PEACOCK,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT—BENGAL.

The 31st March 1884.

No. 152.—*Leave.*—Mr. J. C. Wyatt, Assistant Engineer, first grade, Dacca and Mymensingh State Railway, is granted 33 days' privilege leave, with effect from the afternoon of the 18th instant.

No. 153.—*Transfer.*—Mr. E. C. Elliot, Assistant Engineer, second grade, is transferred from the Dacca and Mymensingh to the Tirhoot State Railway.

S. T TREVOR, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

The 1st April 1884.

No 154.—*Leave.*—Mr. D. F. Hogarth, Executive Engineer, first grade, Hazaribagh Division, is granted privilege leave for two months, from the 7th instant, or such subsequent date as he may avail himself of the same.

Mr. W. B. Christie is appointed to be Executive Engineer of the Hazaribagh Division during the absence, on privilege leave, of Mr. D. F. Hogarth, or until further orders.

G. F. E. S. NEILL, *Major*, R.E.,
for Joint-Secretary to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette, 8th April* 1884.]

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৩১ মার্চ্চ।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের বিধান মালদহ জিলার অন্তর্গত ইংরেজ বাজারে ও মালদহ মুনিসিপালিটীতে এবং উক্ত আইনের ১১ অবধি ১৫ পর্য্যন্ত ধারার বিধান মালদহ জিলার অন্তর্গত নিম্নলিখিত সকল স্থানে ১৮৮৪ সালের ১মে অবধি প্রচলিত করিলেন।

১। আমানিগঞ্জ হাট।—ইহার উত্তর সীমা দয়ারামপুর, বসতিগ্রাম ও পাটান পরাণাণিকের ভুঁতক্ষেত, পশ্চিম সীমা ভাগিরথী, দক্ষিণ সীমা মহবত ও গোধন শেখের খোত, এবং পূর্ব্ব সীমা ভাদি নগর ও ঘুরাণ মণ্ডলের খোত।

২। বাবুর হাট।—ইহার উত্তর ও পূর্ব্ব সীমা থুতিয়া দড়া, এবং দক্ষিণ ও পশ্চিম সীমা নিম্ন ভূমি উত্তর-পশ্চিম সীমা হুসেনের ও তুলসী শাহার বসতি বাটী ও সমক শাহার দোকান, এবং দক্ষিণ-পূর্ব্ব সীমা কালিয়াচক কুলী বাড়ী।

৩। ভোলাহাট হাট (ছোট)।—ইহার উত্তর সীমা রাম পালের ও পরেশ বেওয়ার বসতী বাড়ী, পশ্চিম সীমা গুদার শোহার দোকান ও বসতী বাড়ী, দক্ষিণ সীমা দলাল বাবুর ও ঘিষা বণিকের বসতী বাড়ী, এবং পূর্ব্ব সীমা রাম বণিকের বসতী বাড়ী।

৪। বলরামচান্দে হাট।—ইহার উত্তর সীমা কালীচরণ রায়, দুল্লা করাল, ব্রজলাল গোপ, তিতলু মণ্ডল, আগ্রা দাবক ও সখিচরণ দাসের বসতী বাড়ী, পশ্চিম সীমা বাবু রাজেন্দ্রনারায়ণ রায় ও বাবু লোকনাথ রায়ের পতিত জমি, দক্ষিণ সীমা কান্দুরা অবধি ঝো পর্য্যন্ত পথ, পূর্ব্ব সীমা কালীচরণ দফাদার, অকলু মণ্ডল, মহাবল রায় ও সুকান্ত দুর্ম্মির বসতী বাড়ি, এবং কালীদেবীর স্থান।

৫। সাদুল্লাপুর হাট।—ইহার উত্তর সীমা রঘু মণ্ডল ও মিচুদাস বৈরাগীর খোত, পশ্চিম সীমা ভাগীরথী, দক্ষিণ সীমা ফৌজদার সিংহের ভুঁতক্ষেত, এবং পূর্ব্ব সীমা হরসাকর সোণার, খল্লনি বৈষ্ণবী, দেবনারায়ণ বারিক ও রঘু মণ্ডলের জমাই জমি।

৬। সাতপুর হাট।—ইহার উত্তর সীমা হকিম সিংহ ও নফর সিংহের ভুঁতের জমি, পশ্চিম সীমা গোঁসাই হংস গিরের পতিত জমি ও রাজপথ, দক্ষিণ সীমা গোঁসাই হংস গিরের নিম্ন ভূমি বা বিল এবং পূর্ব্ব সীমা লালচাঁদ চঞ্চির ভুঁতের জমি।

৭। রাজমহাল পথের ধার।—মালদহের সিবিল ষ্টেশন অবধি বাগবাড়ী সাঁকোর তৃতীয় মাইল পর্য্যন্ত।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট

১৮৮৪ সাল ৩১ মার্চ্চ।

১৫২ নম্বর।—ছুটী।—ঢাকা ও ময়মনসিংহ ষ্টেট রেলওয়ের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, ওয়াইয়েট সাহেব এই মাসের ১৮ তারিখের অপরাহ্ণ অবধি আটত্রিশ দিনের অনুগ্রহে ছুটী পাইলেন।

১৫৩ নম্বর।—স্থানান্তর প্রেরণ।—দ্বিতীয় শ্রেণীর আসিটাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, সি, এলিস সাহেব ঢাকা ও ময়মনসিংহ ষ্টেট রেলওয়ে হইতে ত্রিহুত ষ্টেট রেলওয়েতে প্রেরিত হইলেন।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৮৪ সাল ১ আপ্রিল।

১৫৪ নম্বর।—ছুটী।—হাজারীবাগ খণ্ডের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত ডি, এফ, হগ্রাথ সাহেব এই মাসের ৭ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

শ্রীযুত ডি, এফ, হগ্রাথ সাহেবের অনুগ্রহের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অ আজ্ঞা না হয় শ্রীযুত ডবলউ, বি, ক্রিফ্টি সাহেব হাজারীবাগ খণ্ডের একসেকটীব ইঞ্জিনিয়রের প নিযুক্ত হইলেন।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আণ্ডার সেক্রেটরীর পরিবর্ত্তে,
জি, এফ, ই, এস, মীল, মেজর, আর, ই

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল ৮ আপ্রিল।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮৩ সালের ১৮ ডিসেম্বর তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করায় তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮৩ সালের ২১ আইন।

দেশান্তরগমনবিষয়ক ভারতবর্ষীয় ১৮৮৩ সালের আইন।

সূচীপত্র।

১ অধ্যায়।

উপক্রমণিকা।

ধারা।

১। সংক্ষেপ নাম ও ব্যাপ্তি।

২। গবর্ণমেণ্টের জাহাজের প্রতি এই আইন খাটিবার কথা।

৩। তারিখ।

৪। যে আইন রহিত হইল তাহার কথা।

৫। রহিত করা আইনমত কার্য্যাদি সংরক্ষণের কথা।

৬। অর্থকরণের কথা।

২ অধ্যায়।

যে২ বন্দর হইতে যে২ দেশে গমন করা আইনসিদ্ধ তদ্বিষয়ক বিধি।

৭। যে২ বন্দর হইতে দেশান্তরে যাওয়া আইনসিদ্ধ তাহার কথা।

৮। যে২ দেশে গমন করা আইনসিদ্ধ তাহার কথা।

৯। যে কোন দেশে গমন নিষেধ করিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ক্ষমতার কথা।

১০। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে জিজ্ঞাসাবাদ করিবার অপেক্ষায় স্থানীয় গবর্ণমেণ্টের দেশান্তরগমন স্থগিত করিতে পারিবার কথা।

১১। নিষেধ রহিত করিবার কথা।

১২। স্থানীয় গবর্ণমেণ্টের অধীন দেশের সমুদয় বা কোন বিশেষ স্থান হইতে বিশেষ কোন দেশে যাইতে এ গবর্ণমেণ্টের নিষেধ করিতে পারিবার কথা।

১৩। ছাপনপত্র প্রকাশিত হইবার পূর্ব্বে যে কার্য্য প্রভৃতি করা যায় তাহার ব্যাঘাত না হইবার কথা।

Act No. XXI of 1883.

ধারা।

৩ অধ্যায়।

দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের বিধি।

১৪। দেশান্তর গমন সম্পর্কীয় এজেণ্ট নিযুক্ত করিবার কথা।

১৫। এজেণ্টদিগের পারিশ্রমিকের কথা।

---

৪ অধ্যায়।

দেশান্তর গামিদের রক্ষক ও পরিদর্শনার্থ চিকিৎসকের বিধি।

১৬। দেশান্তরগামিদের রক্ষক নিয়োগের কথা।

১৭। দেশান্তরগামিদের রক্ষকের সাধারণ কর্ত্তব্য কর্ম্মের কথা।

১৮। পরিদর্শনার্থ চিকিৎসক নিযুক্ত করণের কথা।

১৯। রক্ষকের ও পরিদর্শনার্থ চিকিৎসকের পরিদর্শনকার্য্যের সুবিধা করিয়া দিবার কথা।

---

৫ অধ্যায়।

মজুর সংগ্রাহক বিষয়ক বিধি।

২০। মজুরসংগ্রাহক দিগকে দেশান্তরগামিদের রক্ষকের অনুমতিপত্র দিবার কথা।

২১। অনুমতিপত্রের পাঠের কথা।

২২। অনুমতিপত্র যত কাল বলবৎ থাকিবে তাহার কথা।

২৩। অনুমতিপত্রের ক্রোড় স্বাক্ষর হইবার কথা।

২৪। কোনং স্থলে মাজিষ্ট্রেটের ক্রোড় স্বাক্ষর বাতিল করিতে পারিবার কথা।

২৫। ক্রোড় স্বাক্ষর করিবার বা করিতে অস্বীকার করিবার বা তাহা বাতিল করিবার সংবাদ দেশান্তরগামিদের রক্ষককে দিবার কথা।

২৬। মজুরসংগ্রাহক যে২ শর্ত্তে করারপত্র করিতে ক্ষমতাপন্ন হন, তাঁহাকে তাহার বর্ণনা পত্র দিবার কথা।

২৭। মজুরসংগ্রাহকদের কর্ত্তৃক থাকিবার স্থান দিবার কথা।

---

৬ অধ্যায়।

দেশান্তরগামীদিগকে রেজিষ্টরী করিবার ও দেশান্তর গমনের করারপত্র সম্পাদন করিবার কথা।

২৮। স্থানীয় গবর্ণমেণ্টের রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ নিযুক্ত করিতে পারিবার কথা।

২৯। করারপত্র করিবার কথা।

৩০। যে ব্যক্তিরা স্থিরদেশগমনেচ্ছু তাহাদের রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষের সম্মুখে উপস্থিত হইবার কথা।

৩১। দেশান্তরগামীর পরীক্ষা করণ ও রেজিষ্টরী করণের কথা।

৩২। সধবা স্ত্রীলোকের বেলা রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবার কথা।

৩৩। পোষ্যের পরীক্ষার কথা।

৩৪। রেজিষ্টরী করিতে অস্বীকার করিবার কারণ লিপিবদ্ধ করণের কথা।

৩৫। করারপত্রে স্বাক্ষর করিবার ও তাহার সাক্ষী হইবার কথা।

৩৬। করারপত্রে যাহা২ লেখা থাকিবে তাহার কথা।

৩৭। চুক্তিপত্রের ভিন্ন২ খণ্ড লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

৩৮। করারপত্রে প্রস্তুত করণের ফীর কথা।

৩৯। ষোল বৎসরাধিক বয়ঃপ্রাপ্ত ব্যক্তিদের করারপত্র করিতে পারিবার কথা।

৪০। শিশু সন্তান বা রক্ষিত ব্যক্তির সপক্ষে করারপত্র করিতে পারিবার কথা।

---

৭ অধ্যায়।

দেশান্তরগমনের আজ্ঞা বিষয়ক বিধি।

৪১। জাহাজে উঠিবার বন্দরে আজ্ঞা স্থাপন করিবার কথা।

৪২। আজ্ঞার অনুমতিপত্র দিবার কথা।

৪৩। রক্ষকের ও পরিদর্শনার্থ চিকিৎসকের দ্বারা পরিদর্শনের কথা।

৪৪। পরিদর্শনার্থ চিকিৎসকের যে রিপোর্ট করিতে হইবে তাহার কথা।

৪৫। দেশান্তরগামির রোগ হইলে তাহার চিকিৎসার কথা।

---

৮ অধ্যায়।

দেশান্তরগামিদিগকে আজ্ঞায় লইয়া যাইবার ও পঁহুছিলে কার্য্যপ্রণালীর বিধি।

৪৬। রেজিষ্টরী হইবার পূর্ব্বে দেশান্তরগামী ব্যক্তিকে স্থানান্তর না করিবার কথা।

ধারা

৪৭। দেশান্তরগামিকে আড্ডায় লইয়া যাইবার কথা।

৪৮। আড্ডায় পঁহুছিলে সংবাদ দিতে হইবার কথা।

৪৯। পরিদর্শনার্থ চিকিৎসকের পরীক্ষা করিবার কথা।

৫০। রক্ষকের কোনং স্থলে দেশান্তরগামির ফিরিয়া যাইবার খরচ দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

৫১। পোষাদের ও আত্মীয়দের খরচ দিবার কথা।

৫২। পরিমধ্যে কোন মজুরের প্রতি কুব্যবহার হইলে তাহাকে ক্ষতিপূরণ দিবার কথা।

৫৩। দেশান্তরগামি ব্যক্তির নিমিত্ত যে খরচ পড়ে রক্ষকের তাহা দিয়া আদায় করিয়া লইতে পারিবার কথা।

---

৯ অধ্যায়।

দেশান্তরগামী মজুরদের জাহাজ বিষয়ক বিধি।

৫৪। দেশান্তরগামী মজুরদের জাহাজের কাপ্তানের অনুমতিপত্র লইতে হইবার কথা।

৫৫। অনুমতিপত্র পাইবার প্রার্থনার কথা।

৫৬। জাহাজ পরীক্ষা করিয়া অনুমতিপত্র দিবার কথা।

৫৭। দেশান্তরগামী মজুরদের জাহাজে থাকিবার যে স্থান দিতে হইবে তাহার কথা।

৫৮। ঐ জাহাজে স্থানসম্বন্ধীয় বিধির কথা।

৫৯। আবশ্যক দ্রব্য, কাপড়, জ্বালানি কাষ্ঠাদি ও জলের কথা।

৬০। চিকিৎসক, চাকর, ঔষধ ও অন্যান্য সামগ্রীর কথা।

৬১। পূর্ব্ব দুই ধারা প্রবল করণ সম্বন্ধে দেশান্তরগামিদের রক্ষকের ও পরিদর্শনার্থ চিকিৎসকের যাহা কর্ত্তব্য তাহার কথা।

৬২। দেশান্তরগামীদের জাহাজের কাপ্তানের নিবন্ধপত্র লিখিয়া দিবার কথা।

ধারা।

১০ অধ্যায়।

জাহাজে উঠিবার ও যাত্রা করিবার কথা।

৬৩। পঁহুছিলে জাহাজে উঠিবার সময়ের কথা।

৬৪। যে সময়ে মজুরদের জাহাজ ভারতবর্ষ হইতে যাত্রা করিতে পারে তাহার কথা।

৬৫। দেশান্তরগামী মজুর জাহাজে উঠিতে অস্বীকার করিলে কার্য্যপ্রণালীর কথা।

৬৬। মজুরদের নির্ঘণ্টপত্র ও ছাড়পত্র দিবার কথা।

৬৭। অধ্যক্ষের রক্ষককে নির্ঘণ্টের দুই প্রস্থ দিবার এবং তাহা লইয়া কার্য্য হইবার কথা।

৬৮। দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টকে অধ্যক্ষের দুই প্রস্থ দিবার ও তাহা লইয়া কার্য্য হইবার কথা।

৬৯। পরিদর্শনার্থ চিকিৎসক দ্বারা দেশান্তরগামীদের পরীক্ষা হইবার কথা।

৭০। অধ্যক্ষকে দেশান্তরগমন সম্পর্কীয় এজেণ্টের দেশান্তরগমনের করারপত্র দিবার কথা।

৭১। দেশান্তরগামিদের রক্ষকের ও দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের সর্টিফিকেটের কথা।

৭২। আইন এবং বিধি জাহাজে রাখিবার কথা।

৭৩। যে প্রত্যেক মজুর জাহাজে উঠে তাহার ফীর কথা।

৭৪। তাঁহার জাহাজে আইন ও বিধি পালিত হয়, কাপ্তানের ইহা দেখিতে হইবার কথা।

৭৫। মজুরকে ছাড়পত্র ফিরাইয়া দিবার কথা।

কলিকাতা হইতে যে সকল জাহাজ যায় তৎসম্বন্ধে বিশেষ বিধান।

৭৬। কলিকাতা হইতে গেলে জাহাজে উঠিবার সময়াবধি চব্বিশ ঘণ্টার মধ্যে জাহাজ খুলিবার কথা।

৭৭। কলিকাতা হইতে গেলে সমুদ্র পর্য্যন্ত জাহাজ টানিয়া লইয়া যাইবার কথা।

৭৮। কলিকাতা হইতে যে জাহাজ ছাড়িয়া যায় সেই জাহাজে রোগে আক্রান্ত দেশান্তরগামী ব্যক্তিদিগকে চিকিৎসকের হাঁসপাতালে পাঠাইতে পারিবার কথা।

ধারা।

৭৯। ওলাউঠা দেখা দিলে মজুরদের জাহাজের চিকিৎসকের সমুদয় মজুরদিগকে নামাইয়া দিতে পারিবার কথা।

১১ অধ্যায়।

বিধি।

৮০। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৮১। পাণ্ডুলেখ ও বিধি প্রকাশ করিবার কথা।

১২ অধ্যায়।

অপরাধ বিষয়ক বিধি।

৮২। রে-ওইনী মজুরসংগ্রহ করিবার কথা।

৮৩। যে মজুরদিগকে রেজিষ্টরী করা হয় নাই মজুরসংগ্রাহক তাহাদিগকে আড্ডায় লইয়া গেলে তাহার কথা।

৮৪। প্রতারণাপূর্ব্বক এতদ্দেশীয় কোন ব্যক্তিকে দেশান্তরগমনের প্রলোভ দিলে তাহার কথা।

৮৫। গবর্ণমেণ্টের ক্ষমতাপ্রাপ্ত বলিয়া মিথ্যা বলন করিলে তাহার কথা।

৮৬। এই আইনের বিধান লঙ্ঘন করিয়া জাহাজে দেশান্তরগামী মজুরদিগকে লইলে তাহার কথা।

৮৭। কোনক্ষ প্রতারণাদিতে কোন কার্য্য করিলে তাহার কথা।

৮৮। আইনের আদেশ পালন না করিয়া জাহাজ খুলিয়া যাইবার কথা।

৮৯। জাহাজের অধ্যক্ষ নির্ঘণ্ট ও ছাড়পত্র সম্বন্ধীয় বিধানমতে কার্য্য না করিলে তাহার কথা।

৯০। নির্ঘণ্টে দেশান্তরগামী যে ব্যক্তিদের নাম লেখা না থাকে জাহাজ খুলিয়া যাইবার পর অধ্যক্ষ তাহাদিগকে তাহাজে লইলে তাহার কথা।

৯১। অধ্যক্ষ নির্দ্দিষ্ট দেশ ছাড়া অন্যত্র মজুরকে নামাইয়া দিলে তাহার কথা।

৯২। কলিকাতা ছাড়িয়া যাইবার বিধান না মানিলে তাহার কথা।

৯৩। দেশান্তরগামী মজুর পলাইলে বা আড্ডায় যাইতে অস্বীকার করিলে তাহার কথা।

৯৪। দেশান্তরগামী মজুর আড্ডাহইতে পলাইলে বা জাহাজে না উঠিলে তাহার কথা।

৯৫। ৬৩ ধারার বিধান লঙ্ঘন করিয়া মজুরকে জাহাজে উঠাইলে বা উঠিতে দিলে তাহার কথা।

৯৬। অভিযোগ উপস্থিত করিবার কথা।

৯৭। পলায়নের অভিযোগ হইলে, প্রতিবাদের কথা।

৯৮। এই আইনের কার্য্যপক্ষে কর্ত্তৃপক্ষের কার্য্যকারকদের জাহাজাদি তল্লাশ করিতে ও আটক করিয়া রাখিতে পারিবার কথা।

১৩ অধ্যায়।

অতিরিক্ত বিধি

৯৯। এই আইনের কার্য্যপক্ষে স্থানীয় গবর্ণমেণ্টের মাজিষ্ট্রেট নিযুক্ত করিতে পারিবার কথা।

১০০। কর্ত্তব্য কর্ম্ম না করায় দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের নামে মোকদ্দমা করিবার কথা।

১০১। এই আইনের কার্য্যপক্ষে যে যাত্রায় মজুরের যতকাল লাগিবে তাহা নিরূপণ করিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের ক্ষমতার কথা।

১০২। ষ্ট্রেট সেটলমেণ্টে ও তন্নিকটবর্ত্তী দেশীয় রাজ্যে মজুরদের যাইবার কথা।

১০৩। ব্রিটিস বন্দর হইতে ফরাশী ও ওলন্দাজ উপনিবেশে গমনের প্রতি এই আইন বর্ত্তিবার কথা।

১০৪। ভারতবর্ষীয় বন্দর হইতে ফরাশী উপনিবেশে গমন সম্বন্ধে ব্রিটিশ ভারতবর্ষে যে কার্য্যানুষ্ঠান হয়, তৎপ্রতি এই আইন বর্ত্তিবার কথা।

১০৫। সমুদ্রপারবর্ত্তী কোন দেশে মজুরী লইয়া কর্ম্ম করিবার করারপত্রক্রমে ভারতবর্ষীয় কোন ব্যক্তির স্থলপথে যাওয়া নিষিদ্ধ হওয়ার কথা।

তফসীল।

প্রথম।—যে দেশে যাওয়া আইনসিদ্ধ তাহার নাম।

দ্বিতীয়।—মজুরসংগ্রাহকের অনুমতিপত্রের পাঠ।

তৃতীয়।—এই আইন নমতযাত্রায় প্রভাবিত যত কাল থাকিবে।

ভারতবর্ষীয় মজুরদের ভিন্নদেশগমন বিষয়ক আইন সংশোধন করণার্থ আইন।

ভারতবর্ষীয় মজুরদের ভিন্নদেশগমন বিষয়ক আইন সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

১ অধ্যায়।

উপক্রমনিকা।

সংক্ষেপ নাম ও ব্যাপ্তি।

১ ধারা। (১) এই আইন "দেশান্তরগমনবিষয়ক ভারতবর্ষীয় ১৮৮৩ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

(২) এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে।

গবর্ণমেণ্টের জাহাজের প্রতি এই আইন না খাটিবার কথা।

২ ধারা। এই আইনের কোন কথা কিম্বা এই আইনমতে প্রণীত কোন বিধির কোন কথা শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের বা তাঁহাদের কার্য্যে নিযুক্ত কোন জাহাজের প্রতি বর্ত্তিবে না।

আরম্ভ।

৩ ধারা। বিধিপ্রণয়ন করিবার ক্ষমতা ছাড়া অন্য সকল বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া যে তারিখ নিরূপণ করেন, সেই তারিখ অবধি এই আইন প্রচলিত হইবে।

যেং আইন রহিত হইল তাহার কথা।

৪ ধারা। যে তারিখ অবধি এই আইন প্রচলিত হয়, সেই তারিখ অবধি ভিন্নদেশগমন বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের আইন এবং (ভিন্নদেশগমনবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের আইনের বিধান হইতে ষ্ট্রেট সেটলমেণ্ট মুক্ত করিবার) ১৮৭২ সালের ১৪ আইন রহিত হইবে।

রহিত করা আইনমত কার্য্যাদি সংরক্ষণের কথা।

৫ ধারা। এতদ্দ্বারা রহিত করা কোন আইনমতে যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় ও যে চুক্তি ও বিধি ও নিয়োগ করা যায় ও যে অনুমতিপত্র দেওয়া যায় ও যাহা এই আইন প্রচলিত হইবার তারিখে বলবৎ থাকে, তাহা যত দূর এই আইনসঙ্গত হয় এই আইন অনুসারে প্রকাশ করা গিয়াছে ও করা গিয়াছে ও দেওয়া গিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

অর্থকরণের কথা।

৬ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাদ্বারা ভাবান্তর প্রকাশ না হইলে, এই আইনে—

(১) ব্রিটিষ ভারতবর্ষীয় কোন ব্যক্তি মজুরী লইয়া পরিশ্রম করিবার চুক্তিক্রমে ভারতবর্ষের সীমার বাহিরে সিংহল দ্বীপ বা ষ্ট্রেট সেটলমেণ্ট ভিন্ন অন্য কোন দেশে সমুদ্র পথে গমন করিলে, "ভিন্নদেশে বা দেশান্তরে যাওয়া" ও "ভিন্নদেশ বা দেশান্তর গমন" শব্দে তাহার সেই গমন বুঝাইবে।

কিন্তু যখন ঘরের চাকর তদীয় কর্ত্তার সঙ্গে যায়, সে উপরিলিখিত লক্ষণের মর্ম্মানুসারে দেশান্তর গমন করিতেছে বলিয়া জ্ঞান করা যাইবে না।

(২) উপরিলিখিত লক্ষণের মর্ম্মানুসারে ভারতবর্ষীয় যে কোন ব্যক্তি দেশান্তর গমন করে বা দেশান্তর গমন করিয়াছে কিম্বা দেশান্তরগামী বলিয়া এই আইনমতে যাহার রেজিষ্টরী হইয়াছে, "দেশান্তর বা ভিন্ন দেশগামী" শব্দে তাহাকে বুঝা যে, এবং তদ্দ্বারা কোন দেশান্তরগামির পোষ্যকেও ধরা যাইবে।

(৩) কোন দেশান্তরগামির সহিত নিম্নলিখিত যে কোন ব্যক্তি যায়, "পোষ্য" শব্দে তাহাকে বুঝাইবে যথা,—

(ক) যে কোন স্ত্রীলোক এই আইনমতে দেশান্তর গমনের করারপত্র করে নাই;

(খ) যে কোন শিশুর মাতা ও পক্ষে এরূপ কোন করারপত্র করা হয় নাই; ও

(গ) যে কোন বৃদ্ধ বা অকর্ম্মণ্য আত্মীয় বা বন্ধু।

(৪) "মাজিষ্ট্রেট" শব্দে রাজধানী নগরে কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট ও অন্যত্র কোন জিলার বা মহকুমার মাজিষ্ট্রেট বুঝাইবে, এবং স্থানীয় গবর্ণমেণ্ট নামোল্লেখে বা পদোপলক্ষে কোন স্থানে এই আইনমত মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবার নিমিত্ত যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তিকেও বুঝাইবে।

(৫) স্থানীয় গবর্ণমেণ্ট নামোল্লেখে বা পদোপলক্ষে কোন স্থানে এই আইনমত রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষের কর্ম্ম করিতে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন, "রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

(৬) যে সরদার মজুরসংগ্রাহক বা অন্য ব্যক্তি অন্যের আনীত দেশান্তরগামী মজুরদিগকে সংগ্রহ বা গ্রহণ করে, মজুরসংগ্রাহক শব্দে তাহাকেও বুঝাইবে।

(৭) মনুষ্য বা সম্পত্তি জলপথে লইয়া যাইবার নিমিত্ত যে নৌকাদি নির্ম্মিত হয়, "জাহাজ" শব্দে তাহা বুঝাইবে।

(৮) যে জাহাজের কাপ্তান তাহাতে এই আইনমত দেশান্তরগামী মজুরদিগকে লইয়া যাইবার লাইসেন্সপ্রাপ্ত হন, "দেশান্তরগামী মজুরদের জাহাজ" বলিতে সেই জাহাজ বুঝাইবে।

(৯) আড়কাটী বা হারবর মাষ্টর ভিন্ন যে ব্যক্তির অধ্যক্ষতা বা কর্ত্তৃত্বাধীনে যৎকালে কোন জাহাজ থাকে, "কাপ্তান" বা "অধ্যক্ষ" বলিতে সেই ব্যক্তিকে বুঝাইবে।

২ অধ্যায়।

যেং বন্দর হইতে যেং দেশে গমন করা আইনসিদ্ধ তদ্বিষয়ক বিধি।

যেং বন্দর হইতে দেশান্তরে যাওয়া আইনসিদ্ধ তাহার কথা।

৭ ধারা। (১) কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দর হইতে দেশান্তরে যাওয়া আইনসিদ্ধ হইবে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণ জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া অন্য যেং বন্দর হইতে দেশান্তরে যাওয়া আইনসিদ্ধ বলিয়া নির্দ্দেশ করেন সেই২ বন্দর হইতে দেশান্তরে যাওয়া আইনসিদ্ধ হইবে। এতদ্ভিন্ন কোন বন্দর হইতে দেশান্তরে যাওয়া আইনসিদ্ধ হইবে না।

(২) এই ধারামতে যে কোন জ্ঞাপনপত্র প্রচার করা যায়, তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কোন সময়ে এরূপ জ্ঞাপনপত্র দিয়া রহিত করিতে পারিবেন।

(৩) যে কোন বন্দর হইতে দেশান্তরে যাওয়া আইনসিদ্ধ হয়, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র দিয়া এই আইনের কার্য্য পক্ষে সেই বন্দরের সীমা নিরূপণ করিতে পারিবেন।

যে২ দেশে গমন করা আইনসিদ্ধ তাহার কথা।

৮ ধারা। (১) এই আইনের প্রথম তফসীলের নির্দ্দিষ্ট দেশে, ও এই আইনমত যে২ দেশে গমন করা আইনসিদ্ধ হইবে বলিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণপূর্ব্বক সময়ের২ নির্দ্দেশ করেন, সেই২ দেশে গমন করা আইনসিদ্ধ হইবে, অন্যত্র নহে।

(২) এই ধারামত জ্ঞাপনপত্রে যে দেশের উল্লেখ হয়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই দেশে গমনকারী ভারতবর্ষীয় লোকদের তথায় বাসকালে সুরক্ষার নিমিত্ত যে২ আইন ও অন্য যে২ বিধান যথাযোগ্য জ্ঞান করেন, উক্ত দেশের গবর্ণমেণ্ট এমত আইন প্রভৃতি করিয়াছেন, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে ইহা নিয়মতরূপে জ্ঞাত করা গিয়াছে এই কথাও সেই জ্ঞাপনপত্রে প্রকাশ থাকিবে।

যে কোন দেশে গমন নিষেধ করিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ক্ষমতার কথা।

৯ ধারা। (১) যে স্থানে গমন করা আইনসিদ্ধ সেই স্থানে গমন নিষেধ করণের পশ্চাল্লিখিত কোন হেতু আছে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এইরূপ বিশ্বাস করিবার কারণ দেখিলে, তিনি ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট দিবসাবধি সেই স্থানে গমন করা নিষিদ্ধ হওয়ার আদেশ করিতে পারেন; এবং তদনুসারে ঐ দিবসাবধি উক্ত স্থানে যাওয়া আর আইনসিদ্ধ থাকিবে না।

(২) এই ধারার (১) প্রকরণের উল্লিখিত হেতু এই,—

(ক) ঐ দেশে প্লেগ নামক রোগ কিম্বা মনুষ্যের মারাত্মক অন্য ব্যাপক রোগের প্রাদুর্ভাব হইয়াছে;

(খ) দেশান্তর হইতে ঐ দেশে যাহারা যায় তাহাদের মধ্যে অত্যন্ত অধিক লোকের মৃত্যু হয়;

(গ) দেশান্তরগামীদের সেই দেশে পঁহুছিবামাত্র কি তথায় যতকাল থাকে ততকাল তাহাদের সংরক্ষণের উপযুক্ত বিধান করা হয় নাই;

(ঘ) দেশান্তরগামীরা ভারতবর্ষ হইতে যাইবার পূর্ব্বে তাহাদের সহিত যে চুক্তি করা হয়, উক্ত দেশের গবর্ণমেণ্ট তাহা নিয়মিতরূপে প্রবল করেন না; এবং

(ঙ) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সাক্ষাৎসম্বন্ধে অথবা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের দ্বারা ঐ দেশগামী মজুরদের যেরূপ অবস্থা ও তাহাদের প্রতি যেরূপ ব্যবহার হয় তদ্বিবরণ পাইবার উদ্দেশে ঐ দেশের গবর্ণমেণ্টকে পত্র লিখিয়া যুক্তিযুক্ত সময়ের মধ্যে ঐ বিবরণ প্রাপ্ত হন নাই।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কে জিজ্ঞাসাবাদ করিবার অপেক্ষায় স্থানীয় গবর্ণমেণ্টের দেশান্তরগমন স্থগিত করিতে পারিবার কথা।

১০ ধারা। (১) যে দেশে যাওয়া আইনসিদ্ধ, সেই দেশে প্লেগ নামক রোগ কিম্বা মনুষ্যের মারাত্মক অন্য ব্যাপক রোগের প্রাদুর্ভাব হইয়াছে, এবং সেই দেশে দেশান্তরগামিদিগকে যাইতে দিলে তথায় উপস্থিত হইবামাত্র তাহাদের জীবন সম্বন্ধে গুরুতর আশঙ্কা আছে, স্থানীয় গবর্ণমেণ্ট এরূপ বিশ্বাস করিবার কারণ দর্শাইলে, রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেবকে জিজ্ঞাসাবাদ করিবার অপেক্ষায় ঐ গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের কোন বন্দর হইতে ঐ দেশে যাওয়া নিষিদ্ধ বলিয়া প্রকাশ করিতে পারিবেন।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট এই ধারামত জ্ঞাপনপত্র প্রকাশ করণের কথা তাহার যুক্তি সহিত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট আবশ্যক রিপোর্ট করিবেন। তাহা হইলে তিনি ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া স্থানীয় গবর্ণমেণ্টের প্রকাশিত উক্ত জ্ঞাপনপত্র দৃঢ় বা রহিত করিবেন।

নিষেধ রহিত করিবার কথা।

১১ ধারা। যে হেতু ধরিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্ব দুই ধারার কোন ধারামতে কোন দেশে গমন নিষেধসূচক জ্ঞাপনপত্র প্রকাশ করেন সেই হেতু আর নাই, তিনি ইচ্ছা ক্রমেতে অবগত হইলে, ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণ দ্বারা সেই জ্ঞাপনপত্র এবং নির্দ্দিষ্ট দিবসাবধি পুনশ্চ সেই দেশে যাওয়া আইনসিদ্ধ বলিয়া প্রকাশ করিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের অধীন দেশের এক দল বা কোন বিশেষ স্থান হইতে বিশেষ কোন দেশে বা হইতে ঐ গবর্ণমেণ্টের নিষেধ করিতে পারিবার কথা।

১২ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট তারিখ অবধি ভারতবর্ষীয় সকল ব্যক্তিকে কিম্বা কোন বিশেষ শ্রেণীর ব্যক্তিদিগকে আপনার শাসনাধীন দেশের সমুদয় বা বিশেষ কোন স্থান হইতে বিশেষ কোন দেশে যাইতে নিষেধ করিতে পারিবেন।

(২) এই ধারামতে যে কোন বিজ্ঞাপন প্রকাশ করা যায়, স্থানীয় গবর্ণমেণ্ট এরূপ অনুমতি গ্রহণপূর্ব্বক এরূপে তাহা পরিবর্ত্তন বা রহিত করিতে পারিবেন।

১৩ ধারা। পূর্ব্ব চারি ধারাতে জ্ঞাপনপত্র প্রকাশ করা গেলেও, তৎপূর্ব্বে যে কোন ক্রিয়া করা যায় কি অপরাধ হয় কি যোকদ্দমাদি উত্থিত কার্য্যের অনুষ্ঠান হয় তাহার কোন বৈলক্ষণ্য হইবে না।

জ্ঞাপনপত্র প্রকাশিত হইবার পূর্ব্বে যে কার্য্য প্রভৃতি করা যায়, তাহার ব্যাঘাত না হইবার কথা।

৩ অধ্যায়।

দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্টের বিধি।

১৪ ধারা। (১) যে কোন দেশে যাওয়া আইন সিদ্ধ হয়। সেই দেশের গবর্ণমেণ্ট যে কোন বন্দর হইতে ভিন্নদেশে যাওয়া যায়, সেই বন্দরে দেশান্তরগমন সম্পর্কীয় এজেণ্টের কর্ম্ম করণার্থে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে এবং এরূপ যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে স্থগিত রাখিতে বা অপসৃত করিতে পারিবেন।

দেশান্তর গমন সম্পর্কীয় এজেণ্ট নিযুক্ত করিবার কথা।

(২) রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্রক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট নিয়োগের অনুমোদন প্রকাশ না করিলে এই ধারামত কোন নিয়োগ কলবৎ হইবে না।

১৫ ধারা। দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টেরা ভিন্ন দেশে যত মজুর প্রেরণ করেন তাহাদের সংখ্যানুসারে পারিশ্রমিক পাইবেন না ও তদনুসারে তাঁহার পারিশ্রমিকের বিধান হইবে না কিন্তু অবধারিত বেতন ভাবে পারিশ্রমিক পাইবেন।

এজেণ্টদিগের পারিশ্রমিকের কথা।

কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ নৈমিত্তিক কর্ম্মের নিমিত্ত দেশান্তরগমনসম্পর্কীয় বিশেষ এজেণ্টদিগকে বিশেষ বা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

৪ অধ্যায়।

দেশান্তরগামিদের রক্ষক ও পরিদর্শনার্থ চিকিৎসকের বিধি।

১৬ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট আপনার শাসনাধীন দেশের যে কোন বন্দর হইতে দেশান্তরে যাওয়া আইনসিদ্ধ, সেই বন্দরের নিমিত্ত সময়ে২ কোন উপযুক্ত ব্যক্তিকে দেশান্তরগামিদের রক্ষক নিযুক্ত করিতে পারিবেন।

দেশান্তরগামিদের রক্ষক নিয়োগের কথা।

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঐরূপে নিযুক্ত দেশান্তরগামিদের রক্ষকের ক্ষমতা যে স্থানে বর্ত্তিবে, তাহা সময়ে২ নির্দ্দেশ করিয়া দিতে পারিবেন।

(৩) দেশান্তরগামিদের যে রক্ষককে যে স্থানীয় গবর্ণমেণ্ট নিযুক্ত করেন সেই গবর্ণমেণ্ট তাঁহাকে কিয়ৎকাল কি চিরকালের নিমিত্ত অবসর করিতে পারিবেন।

(৪) দেশান্তরগামিদের প্রত্যেক রক্ষক ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের মর্ম্মানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন।

১৭ ধারা। দেশান্তরগামিদের প্রত্যেক রক্ষকের প্রতি এই আইনমতে বা এই আইন অনুসারে প্রণীত বিধিমতে বিশেষ যে২ কর্ম্ম অর্পিত হয়, তদ্ব্যতীত তিনি,

দেশান্তরগামিদের রক্ষকের সাধারণ কর্ত্তব্য কর্ম্মের কথা।

(ক) দেশান্তরগামি সকল ব্যক্তিকে সুরক্ষণ করিবেন ও পরামর্শ দিয়া তাহাদের সাহায্য করিবেন।

(খ) এই আইনের ও এই আইনমতে প্রণীত বিধির সকল বিধানানুসারে যতদূর পারেন কর্ম্ম চালন করাইবেন।

(গ) তিনি যে বন্দরের রক্ষক হন, কোন জাহাজ মজুরদিগকে করিয়া লইয়া সেই বন্দরে পঁহুছিলে তিনি সেই জাহাজের পরিদর্শন করিবেন

(ঘ) মজুরেরা যে দেশে গিয়াছিল সেই দেশে তাহাদের কর্ম্ম করণকালে ও জাহাজে চালনার সময়ে তাহাদের প্রতি যদ্রূপ আচরণ ব্যবহার হইয়াছিল এই বিষয়ের অনুসন্ধান লইয়া স্থানীয় গবর্ণমেণ্টের নিকট তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

(ঙ) দেশান্তর হইতে প্রত্যাগত যে ব্যক্তিদিগকে তিনি যুক্তিমতে যত দূর পারেন, তত দূর সাহায্য করিবেন ও পরামর্শ দিবেন।

১৮ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট যে বন্দর হইতে ভিন্নদেশে যাওয়া আইনসিদ্ধ হয় এরূপ প্রত্যেক বন্দরের সম্বন্ধে দেশান্তরগামিদের পরিদর্শনার্থ চিকিৎসক নিযুক্ত করণের কথা।

পরিদর্শনার্থ চিকিৎসক নিযুক্ত করিতে এই তাঁহাকে স্থগিত বা অপসৃত করিতে পারিবেন।

(২) দেশান্তরগামিদের পরিদর্শনার্থ প্রত্যেক চিকিৎসক ভারতবর্ষীয় দণ্ডবিধি আইনের মর্ম্মানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন।

১৯ ধারা। এই আইনমতে কিম্বা এই আইন অনুসারে প্রণীত বিধিমতে দেশান্তরগামিদের রক্ষকের ও পরিদর্শনার্থ চিকিৎসকের পরিদর্শন কার্য্যের সুবিধা করিয়া দিবার কথা।

এই আইনমতে কিম্বা এই আইন অনুসারে প্রণীত বিধিমতে দেশান্তরগামিদের রক্ষকের ও পরিদর্শনার্থ চিকিৎসকের যে পরিদর্শন ও পরীক্ষা ও পর্য্যবেক্ষণ করিতে হয় বা তাঁহারা যে আবশ্যক বা উচিত বোধ করেন, এই আইনমতে দেশান্তরগমনসম্পর্কীয় প্রত্যেক এজেণ্ট এবং আড্ডার কর্ম্ম চালাইবার ভারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি ও আড্ডার প্রত্যেক কর্ম্মচারী, এবং দেশান্তরগামি ব্যক্তিদিগকে লইয়া যাইবার জাহাজের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি ও সেই সকল জাহাজের কর্ম্মচারিগণ ঐ পরিদর্শনাদি করিবার সর্ব্বপ্রকার সুবিধা করিয়া দিবেন, ও তাঁহারা যুক্তিমতে যে সকল বিষয়ের সন্ধান জানিতে চাহেন তাহা তাঁহাদিগকে জ্ঞাত করিবেন।

৫ অধ্যায়।

মজুরসংগ্রাহক বিষয়ক বিধি।

মজুরসংগ্রাহকদিগকে দেশান্তরগামিদের রক্ষকের অনুমতিপত্র দিবার কথা।

২০ ধারা। (১) যে২ বন্দর হইতে দেশান্তরে যাওয়া আইনসিদ্ধ, তদ্রূপ কোন বন্দরে যিনি দেশান্তরগামীদের রক্ষক নিযুক্ত হন, তিনি যে দেশে যাওয়া আইনসিদ্ধ সেই দেশের দেশান্তর গমনসম্পর্কীয় এজেন্টের প্রার্থনা মতে যে স্থানে আপনার ক্ষমতা থাকে সেই স্থানের মধ্যে উপযুক্ত যত ব্যক্তিকে আবশ্যক জ্ঞান করেন তত ব্যক্তিকে মজুরসংগ্রাহক হইবার অনুমতিপত্র দিবেন।

(২) কোন ব্যক্তির এই অধ্যায়মত অনুমতিপত্র না থাকিলে, সেই ব্যক্তি

(ক) কাহারও সহিত ভিন্নদেশগমনের প্রতিজ্ঞাসূচক কোন করারপত্র করিবে না বা করিবার উদ্যোগ করিবে না, কিম্বা

(খ) বেতন বা পুরস্কারের আশায় দেশান্তরগমনার্থ কোন ব্যক্তিকে কোন স্থান ত্যাগ করিতে প্রবৃত্তি দিবে না কিম্বা প্রবৃত্তি দিবার উদ্যোগ করিবে না কিম্বা

(গ) প্রকারান্তরে মজুরসংগ্রাহকস্বরূপ কার্য্য করিবে না বা নিযুক্ত থাকিবে না।

অনুমতিপত্রের পাঠের কথা।

২১ ধারা। মজুরসংগ্রাহককে এই অধ্যায়মতে যে অনুমতিপত্র দেওয়া যায় তাহা এই আইনের দ্বিতীয় তফসীলের পাঠে লেখা যাইতে পারিবে, এবং উহাতে যে দেশের নিমিত্ত যে স্থানের মধ্যে পত্রধারী মজুর সংগ্রহ করণের অনুমতি পাইবেন তাহা বিশেষ করিয়া লিখিতে হইবে।

অনুমতিপত্র যত কাল বলবৎ থাকিবে তাহার কথা।

২২ ধারা। (১) এই অধ্যায়মত অনুমতিপত্র যে তারিখ অবধি চলে সেই তারিখ অবধি তাহা এক বৎসরের অধিক প্রবল থাকিবে না।

(২) দেশান্তরগামিদের রক্ষক এই অধ্যায়মতে যে কোন অনুমতিপত্র দেন, যে সময়ের নিমিত্ত সেই অনুমতিপত্র চলে সেই সময়ের অবসান হইবার পূর্ব্বেই অসদাচার হেতুক তাহা রহিত করিতে পারিবেন।

অনুমতিপত্রের ক্রোড়স্বাক্ষর হইবার কথা।

২৩ ধারা। (১) যে বন্দর হইতে ভিন্নদেশে গমন আইনসিদ্ধ সেই বন্দরের বহির্ভূত কোন স্থানে কোন মজুরসংগ্রাহক আপন অনুমতিপত্রে জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্রোড় স্বাক্ষর না পাইলে, তথায় কোন ব্যক্তির সঙ্গে ভিন্নদেশগমনের প্রতিজ্ঞাসূচক কোন করারপত্র করিবে না বা করিবার উদ্যোগ করিবে না কিম্বা ভিন্নদেশগমনার্থ কোন ব্যক্তিকে কোন স্থান ত্যাগ করিতে প্রবৃত্তি দিবে না বা সাহায্য করিবে না, কিম্বা প্রবৃত্তি দিবার বা সাহায্য করিবার উদ্যোগ করিবে না, কিম্বা প্রকারান্তরে মজুরসংগ্রাহকস্বরূপ কার্য্য করিবে না বা নিযুক্ত থাকিবে না।

(২) কোন জিলার মাজিষ্ট্রেট সাহেব যেরূপ অনুসন্ধান লওয়া আবশ্যক বিবেচনা করেন সেইরূপ অনুসন্ধান লইয়া যদি বুঝেন যে, অনুমতিপত্র যে ব্যক্তিকে দেওয়া গিয়াছে, সেই ব্যক্তি চরিত্র বশতঃ বা অন্য কোন কারণে এই আইনমতে মজুর সংগ্রাহক হইবার অনুপযুক্ত, তবে তিনি মজুরসংগ্রাহকের অনুমতিপত্রে ক্রোড়স্বাক্ষর করিতে অস্বীকার করিতে পারিবেন।

(৩) ঐ মজুর সংগ্রাহক দেশান্তর গমনেচ্ছুক কিম্বা দেশান্তরগামী যে মজুরদিগকে সংগ্রহ করে, রেজিষ্টরী করিবার বা জাহাজে চড়িবার বন্দরস্থ আড্ডায় লইয়া যাইবার পূর্ব্বে উপযুক্ত জায়গায় তাহাদের জন্য প্রচুর ও যথাযোগ্য থাকিবার স্থানের বিধান করা যায় নাই বা তাহা প্রাপ্ত হওয়া যাইতে পারিবে না, উক্ত মাজিষ্ট্রেট পূর্ব্বোক্তরূপ অনুসন্ধান লইয়া ইহা ন্যায্যমতে জানিলে, যত কাল তিনি যুক্তিসিদ্ধ জ্ঞান করেন তত কাল গত না হইলে মজুরসংগ্রাহকের অনুমতিপত্রে ক্রোড় স্বাক্ষর করিতে কিম্বা ঐ অনুমতিপত্রে ক্রোড় স্বাক্ষর করিবেন কি না ইহা স্থির করিতে অস্বীকার করিতে পারিবেন।

(৪) কোন মজুরসংগ্রাহকের অনুমতিপত্রে ক্রোড় স্বাক্ষর করিতে অস্বীকার বা বিলম্ব করিবার পূর্ব্বে মাজিষ্ট্রেট তাহা করিবার কারণ লিপিবদ্ধ করিবেন।

কোন২ স্থলে মাজিষ্ট্রেটের ক্রোড় স্বাক্ষর বাতিল করিতে পারিবার কথা।

২৪ ধারা। যে ব্যক্তিকে অনুমতিপত্র দেওয়া গেল তাহার চরিত্রহেতুক কি অন্য কারণে সে এই আইনমত মজুরসংগ্রাহক হইবার উপযুক্ত লোক নয়, কিম্বা তৎসংগৃহীত দেশান্তরগমনেচ্ছু বা দেশান্তরগামী মজুরদের নিমিত্ত যে থাকিবার স্থানের বিধান করা যায় তাহা অনুপযুক্ত হইয়াছে বা পাওয়া যাইতে পারে না, কোন মাজিষ্ট্রেট অনুমতিপত্রে ক্রোড় স্বাক্ষর করিলে পর ইহা জানিতে পাইলে, তিনি অনুমতিপত্রপ্রাপ্ত সে ব্যক্তিকে আপনার অনুমতিপত্র আনিয়া দেখাইতে আজ্ঞা দিয়া স্বীয় ক্রোড় স্বাক্ষর বাতিল করিতে পারিবেন, অথবা ঐ অনুমতিপত্র আটক করিয়া বাতিল করিবার জন্যে ঐ পত্রদাতা দেশান্তরগামীদের রক্ষকের নিকট পাঠাইতে পারিবেন।

ক্রোড় স্বাক্ষর করিবার বা করিতে অস্বীকার করিবার বা তাহা বাতিল করিবার সংবাদ দেশান্তরগামিদের রক্ষককে দিবার কথা।

২৫ ধারা। কোন মাজিষ্ট্রেট কোন মজুরসংগ্রাহকের অনুমতিপত্রে ক্রোড় স্বাক্ষর করিলে কিম্বা করিতে না চাহিলে কিম্বা আপনার ক্রোড় স্বাক্ষর বাতিল করিলে, দেশান্তরগামীদের যে রক্ষক ঐ অনুমতিপত্র দেন তাঁহার নিকট তিনি অগৌণে রিপোর্ট লিখিয়া ক্রোড় স্বাক্ষর করিলেন কি তাহা করিতে অস্বীকার করিলেন, কি তাহা বাতিল করিলেন এই কথা, ও অস্বীকার কি বাতিল করণের কারণ জানাইবেন।

মজুরসংগ্রাহক যেং শর্ত্তে করারপত্র করিতে ক্ষমতাপন্ন হন, তাহাকে তাহার বর্ণনাপত্র দিবার কথা।

২৬ ধারা। (১) দেশান্তরগমনসম্পর্কীয় যে এজেণ্টের প্রার্থনামতে যে মজুর সংগ্রাহককে অনুমতিপত্র দেওয়া যায়, সেই এজেণ্ট সেই মজুর সংগ্রাহককে আপনার স্বাক্ষরিত ও দেশান্তরগামীদের রক্ষকের মোহরাঙ্কযুক্ত লেখা বা ছাপা একখান বর্ণনাপত্র দিবেন। ভিন্নদেশগামী হইতে যাহাদের অভিপ্রায় থাকে, তাহাদের সহিত ঐ মজুরসংগ্রাহক উক্ত এজেণ্টের পক্ষে যে শর্ত্তে করারপত্র করিবার ক্ষমতাপন্ন হন, ঐ বর্ণনাপত্রে তাহ লেখা থাকিবে।

(২) ঐ বর্ণনাপত্র ইঙ্গরেজী ভাষায় ও মজুর সংগ্রাহকের অনুমতিপত্র যে স্থানে বর্ত্তে সেই স্থানের এক বা একাধিক দেশীয় ভাষায় লিখিত হইবে।

(৩) মজুরসংগ্রাহক যে কোন ব্যক্তিকে দেশান্তরগমনার্থে আহ্বান করেন তাহাকে ঐ বর্ণনাপত্রের যথার্থ প্রতিলিপি দিবেন ও কোন মাজিষ্ট্রেট বা পোলীস থানার ভারপ্রাপ্ত কর্ম্মচারির আজ্ঞাক্রমে তাঁহার অবগতি নিমিত্ত ঐ বর্ণনাপত্র উপস্থিত করিবেন।

মজুরসংগ্রাহকদের কর্ত্তৃক থাকিবার স্থান দিবার কথা।

২৭ ধারা। (১) প্রত্যেক মজুরসংগ্রাহক দেশান্তরগমনেচ্ছু কিম্বা দেশান্তরগামী যে মজুরদিগকে সংগ্রহ করেন, তাহাদিগকে রেজিষ্টরী করিবার পূর্ব্বে, কিম্বা তাহাদে জাহাজে চড়িবার বন্দরে লইয়া যাইবার পূর্ব্বে, উপযুক্ত জায়গায় প্রচুর ও যথাযোগ্য থাকিবার স্থান দিবেন।

(২) যে বাটী প্রভৃতিতে উক্ত থাকিবার স্থান দেওয়া যায়, তথায় কোন সুপ্রকাশ স্থানে একখান তক্তা লাগান থাকিবে, ঐ বাটী প্রভৃতি যে জন্য ব্যবহৃত হয়, উহাতে তাহা লেখা থাকিবে।

(৩) প্রত্যেক জিলার মাজিষ্ট্রেট সাহেব এবং এই আইনমতে প্রদত্ত বিধিক্রমে এতদর্থে ক্ষমতাপ্রাপ্ত কোন অধঃস্থ মাজিষ্ট্রেট বা পোলীসের কর্ম্মচারী এই ধারামতে যেখানে থাকিবার স্থান দেওয়া যায়, সেই জায়গার তত্ত্বাবধান ও যথাবিধান [illegible] [illegible] [illegible] আজ্ঞা সম্বন্ধে এবং [illegible] সময়ে দেশান্তর[illegible] [illegible] কেও যে সকল ক্ষমতা [illegible] [illegible] [illegible] হইবেন।

(৪) [illegible] মজুরসংগ্রাহকে [illegible] [illegible] প্রাপ্ত অন্য ব্যক্তিরা এতদর্থে উক্তরূপ [illegible] প্রত্যেক মাজিষ্ট্রেটকে ও পোলীসের [illegible] [illegible] তথায় যাইয়া পরিদর্শন করিবার [illegible] করিয়া দিবেন।

৬ অধ্যায়।

দেশান্তরগামীদিগকে রেজেষ্টরী করিবার ও দেশান্তরগমনের করারপত্র সম্পাদন করিবার কথা।

স্থানীয় গবর্ণমেণ্টের রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ নিযুক্ত করিতে পারিবার কথা।

২৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে [illegible] প্রজ্ঞাপনদ্বারা কোন ব্যক্তিকে কোন নির্দ্দিষ্ট স্থানে এই আইনমত রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষের কর্ম্ম করিতে নিযুক্ত করিতে পারিবেন, কিন্তু তাঁহাকে জিলার মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তৃত্বাধীনে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে প্রজ্ঞাপনদ্বারা ঐ উদ্দেশে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন, সেই কার্য্যকারকের কর্ত্তৃত্বাধীনে রাখিয়া দিবেন।

করারপত্র করিবার কথা।

২৯ ধারা। দেশান্তরগামি কোন ব্যক্তির সহিত যে কোন করারপত্র করা যায়, তাহা (ক) যে কোন বন্দর হইতে দেশান্তরগমন হইবে কিন্তু তদ্ভিন্ন সেই বন্দরের সীমার মধ্যে করা গেলে, রক্ষকের সাক্ষাতে তাহাতে স্বাক্ষর করা যাইবে।

(খ) অন্যত্র করা গেলে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষের সাক্ষাতে তাহাতে স্বাক্ষর করা যাইবে।

যে ব্যক্তিরা ভিন্নদেশগমনেচ্ছু হইয়া [illegible] রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষের সম্মুখে উপস্থিত হইবার কথা।

৩০ ধারা। কোন মজুরসংগ্রাহক ভিন্নদেশগমনার্থে কোন ব্যক্তির সহিত করারপত্র করিতে চাহিলে ঐ ব্যক্তিকে ও ঐ ব্যক্তির পোষ্যস্বরূপ যাহারা ভিন্নদেশগমনার্থে প্রস্তুত থাকে তাহাদিগকে সঙ্গে লইয়া রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষের বা, স্থলবিশেষে, ভিন্নদেশগামিদের রক্ষকের সম্মুখে উপস্থিত হইবেন

দেশান্তরগামির পরীক্ষা করণ ও রেজিষ্টরী করণের কথা।

৩১ ধারা। (১) তাহা হইলে রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ বা রক্ষক ঐ ব্যক্তিকে মজুরসংগ্রাহক হইতে পৃথক্ করিয়া তাহাকে অভিপ্রেত করারের মর্ম্ম জিজ্ঞাসা করিবেন; এবং ঐ ব্যক্তি উক্তরূপ করার করিতে সক্ষম ও সম্মত ও তাহার সম্মুখে, ও বলপূর্ব্বক, অন্যায় প্রভাব, প্রতারণা, অথবা বর্ণনা বা ভ্রান্তি দ্বারা তাহাকে করার করিতে প্রবৃত্ত করা যায় নাই; ও ঐ করারের শর্ত্তগুলি আইনসম্মত ও ২৬ ধারামতে মজুরসংগ্রাহককে যে বর্ণনাপত্র দেওয়া যায় তদনুযায়ী ব্রহ্মিলে যেরূপ শর্ত্ত করিতে ক্ষমতা থাকে ঐ শর্ত্তগুলি সেইরূপ [illegible] [illegible] [illegible]
[illegible]

৩২ ধারা। (১) [illegible] [illegible] [illegible] [illegible] রেজেষ্টরী [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] অথবা স্ত্রীর স্বামী ঐ স্ত্রীকে দেশান্তরে যাইতে অনুমতি দেয় নাই, তবে তিনি ঐ স্ত্রীকে রেজেষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন।

(২) রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ কিম্বা রক্ষক সাহেব কোন স্ত্রীলোককে সধবা বলিয়া বিশ্বাস করিলে তিনি ১০ দিনের অনধিক যতকাল উচিত বোধ করেন, ততকাল গত না হইলে পর তাহাকে রেজিষ্টরী করিবেন কি না, ইহা স্থির করিতে অস্বীকার করিতে পারিবেন।

পোষ্যের পরীক্ষার কথা।

৩৩ ধারা। (১) কোন দেশান্তরগমনেচ্ছু মজুরের পোষ্য বলিয়া কোন ব্যক্তি রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষের কিম্বা রক্ষক সাহেবের সম্মুখে ৩০ ধারামতে উপস্থিত হইলে, সেই ব্যক্তি যদি প্রশ্নের সুবোধ্য উত্তর দিতে পারে, তবে রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ বা রক্ষক সাহেব তাহাকে মজুরসংগ্রাহক হইতে পৃথক করিয়া সে যে দেশান্তরগামীর সঙ্গে যাইতে প্রবৃত্ত, কি পরিমাণে সেই দেশান্তরগামীর পোষ্য ও সে উক্ত দেশান্তরগামীর সঙ্গে যাইতে ইচ্ছুক কি না এবিষয়ে তাহাকে পরীক্ষা করিবেন।

(২) রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ কিম্বা রক্ষক সাহেব উক্ত পোষ্যতার বা ইচ্ছার অস্তিত্ব সম্বন্ধে সন্দেহ করিবার কারণ দেখিলে, তিনি যদি উচিত বোধ করেন, উক্ত পোষ্যের নাম রেজিষ্টর হইতে উঠাইয়া না দিলে, দেশান্তরগমনেচ্ছু মজুরকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন।

রেজিষ্টরী করিতে অস্বীকার করিবার কারণ লিপিবদ্ধ করণের কথা।

৩৪ ধারা। রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ দেশান্তরগমনেচ্ছু কোন মজুরকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিলে, অস্বীকার করণের কারণ লিপিবদ্ধ করিবেন।

করার-পত্রে স্বাক্ষর করিবার ও তাহার সাক্ষী হইবার কথা।

৩৫ ধারা। (১) দেশান্তরগমনেচ্ছু কোন মজুরসংক্রান্ত ও তাহার পোষ্য থাকিলে, পোষ্যসংক্রান্ত বিশেষ বিবরণ রেজিষ্টরী করা গেলে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ বা রক্ষক সাহেব তেকর করিয়া করারপত্র প্রস্তুত করাইবেন, ও মজুরসংগ্রাহককে ও দেশান্তরগমনেচ্ছু মজুরকে আপনার সাক্ষাতে তেকর করারপত্রে স্বাক্ষর করিবার আজ্ঞা করিবেন, এবং তাহারা তাহাতে স্বাক্ষর করিলে, আপনি স্বাক্ষর করিয়া তাহাদের এ করার-সম্পাদনের সাক্ষী হইবেন।

(২) দেশান্তরগমনেচ্ছু মজুর সংক্রান্ত ও তাহার পোষ্য থাকিলে, ঐ পোষ্য সংক্রান্ত বিশেষ বিবরণ রেজিষ্টরী করা না হয়, ও এই আইনমতে করারপত্র সম্পাদিত হইয়া সাক্ষ্যযুক্ত না হয়, তাহা হইলে সেই করারপত্র ফলবৎ হইবে না।

(৩) দেশান্তরগমনেচ্ছু কোন মজুর সংক্রান্ত ও তাহার কোন পোষ্য থাকিলে, ঐ পোষ্য সংক্রান্ত বিশেষ বিবরণ রেজিষ্টরী করা গেলে, এবং এই আইনমতে করারপত্র সম্পাদিত হইয়া সাক্ষ্যযুক্ত হইলে দেশান্তরগমনেচ্ছু মজুরকে দেশান্তরগামী মজুর বলিয়া এই আইনমতে রেজিষ্টরী করা হইয়াছে জ্ঞান করা যাইবে।

করারপত্রে যাহার নাম থাকিবে তাহার কথা।

৩৬ ধারা। দেশান্তরগমনেচ্ছু কোন মজুরের সংক্রান্ত ও তাহার পোষ্য থাকিলে, ঐ পোষ্য সংক্রান্ত বিশেষ বিবরণ ৩১ ধারামতে রেজিষ্টরী করা যায়, দেশান্তরগমনের প্রত্যেক চুক্তিপত্রে তাহার প্রতিলিপি থাকিবে; এবং তাহার পৃষ্ঠে দেশান্তরগামীর কর্ম্মের ভার, কাল ও শর্ত্ত সংক্রান্ত ও বেতন সংক্রান্ত যেরূপ বিশেষ বিবরণ ও অন্যান্য যেং বিষয় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং এই আইনমতে প্রণীত বিধিক্রমে নির্দ্দেশ করেন, সেইং বিবরণ ও বিষয় লেখা থাকিবে।

চুক্তিপত্রের ভিন্ন খণ্ড লইয়া সাক্ষী করিতে হইবে, তাহার কথা।

৩৭ ধারা। করারপত্র সম্পাদিত ও সাক্ষ্যযুক্ত হইলে, দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের নিকট প্রেরণ নিমিত্ত তাহার এক খণ্ড মজুরসংগ্রাহককে দেওয়া যাইবে, আর এক খণ্ড দেশান্তরগামিকে দেওয়া যাইবে, এবং তৃতীয় খণ্ড রক্ষক সাহেব রাখিবেন, কিম্বা তাঁহার নিকট রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ পাঠাইয়া দিবেন।

করারপত্র প্রস্তুত করণের ফীর কথা।

৩৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে ফী নির্দ্দেশ করেন, এই অধ্যায়মত প্রত্যেক করারপত্র প্রস্তুত করণের নিমিত্ত মজুরসংগ্রাহক কিম্বা দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট সেই ফী দিবেন।

কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কোন সময়ে এরূপ জ্ঞাপনপত্রের দ্বারা প্রকাশ করিতে পারিবেন যে, এই ধারামতে যে ফী দিতে হয়, তাহা সাধারণতঃ কিম্বা বিশেষ কোন স্থানে ৭৩ ধারামতে দেয় ফীর সহিত একত্র করিয়া লওয়া যাইবে।

ষোলবৎসরবাদিক বয়ঃপ্রাপ্তব্যক্তিদের করারপত্র করিতে পারিবার কথা।

৩৯ ধারা। ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক ১৮৭২ সালের আইনে ভিন্নমতের কথা থাকিলেও, যে কোন স্থানে যাওয়া আইনসিদ্ধ সেই স্থানে গমনার্থ ষোল বৎসর বা তদধিক বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তি এই আইনের নির্দ্দিষ্ট মতে করারপত্র করিতে পারিবেন।

৪০ ধারা। যে কোনব্যক্তি দেশান্তরগমনার্থ করার করেন, তিনি ষোল বৎসরের কম ও দশ বৎসরের অধিক বয়স্ক কোন শিশুর পিতা মাতা বা আইনতঃ অভিভাবক হইলে, এ শিশুকে আপনার সঙ্গে দেশান্তরগমনার্থ আবদ্ধ করিয়া তাহার নামে ও পক্ষে এই আইনের বিধানমতে করার পত্র [illegible]

---

৭ অধ্যায়।

দেশান্তরগমনের আজ্ঞাবিষয়ক বিধি।

আজ্ঞা করণ ও তাহার বিষয় আপন করিয়া রাখা কথা।

৪১ ধারা। দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট যে বন্দরের নিমিত্ত নিযুক্ত হন সেই বন্দরে তিনি দেশান্তরগামীদিগকে লইয়া রাখিবার উপযুক্ত এক আজ্ঞা স্থাপন করিবেন। তিনি সে বন্দরে এজেন্ট সেইদেশে যাইবার উদ্দেশে জাহাজে উঠিবার পূর্ব্বে তাহারা সেই আজ্ঞায় থাকিবে এবং সে আজ্ঞায় থাকিবার সময়ে তাহাদের সকলের আবশ্যক জন্য তাঁহার যোগাইতে হইবে।

আজ্ঞার অনুমতিপত্র দিবার কথা।

৪২ ধারা। (১) দেশান্তরগামিদের রক্ষক এবং দেশান্তরগামিদের পরিদর্শনার্থ চিকিৎসকপূর্ব্বধারামতেস্থাপিত আজ্ঞা দেখিয়া তাহা ভাল না বলিলে, এবং উক্ত রক্ষক তাহা ব্যবহার করিবার অনুমতিপত্র না দিলে, দেশান্তরগামিদিগকে লইয়া রাখিবার নিমিত্ত ঐ আজ্ঞা ব্যবহার করা যাইবে না।

(২) এই ধারামত অনুমতিপত্র যে তারিখ হইতে চলে, সেই তারিখ অবধি এক বৎসরের অধিক কালের নিমিত্ত দেওয়া যাইবে না।

(৩) দেশান্তরগামীদের রক্ষক,

(ক) যে আজ্ঞার নিমিত্ত এই ধারামত অনুমতিপত্র দেওয়া যায় তাহা অস্বাস্থ্যজনক, কিম্বা যে অভিপ্রায়ে স্থাপিত হইয়াছে তজ্জন্য কোন প্রকারে অনুপযুক্ত হইয়াছে জ্ঞান করিলে, কিম্বা

(খ) দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট যুক্তিসিদ্ধ নোটিস পাইলে পর এই আইনের বা এই আইনমতে প্রণীত বিধির আদেশ পালন না করিলে, উক্ত রক্ষক যে কোন সময়ে সেই অনুমতিপত্র রহিত করিতে পারিবেন।

রক্ষকের ও পরিদর্শনার্থ চিকিৎসকের জাহাজে দর্শনের কথা।

৪৩ ধারা। দেশান্তরগামীদের প্রত্যেক রক্ষক এবং দেশান্তরগামীদের পরিদর্শনার্থ চিকিৎসক যে বন্দরের রক্ষক ও চিকিৎসক হন, সেই বন্দরে উক্ত সকল আজ্ঞাতে দেশান্তরগামি ব্যক্তিদিগকে রাখা গেলে, তাঁহারা সময়ের ও সপ্তাহের মধ্যে অন্ততঃ একবার তাহাদিগকে দৃষ্টি করিবেন এবং আজ্ঞা [illegible] তাহারা দেশান্তরগামিরা যে প্রকারে আছে ও তাহাদের যেরূপ আহার ও বস্ত্র দেওয়া যায় ও প্রকারান্তরে তাহাদের যেরূপ প্রয়োজন সাধনও রক্ষণাবেক্ষণ হইয়া থাকে এই বিষয়ের অনুসন্ধান লইবেন।

পরিদর্শনার্থ চিকিৎসকের যে রিপোর্ট করিতে হইবে তাহার কথা।

৪৪ ধারা। আজ্ঞা যে কার্য্যের নিমিত্ত করা গেল সেই কার্য্যের উপযুক্ত নহে কিম্বা হইবে যে দেশান্তরগামিরা আছে তাহাদের প্রতি অমনোযোগ বা অত্যাচার হইয়া থাকে, পরিদর্শনার্থ চিকিৎসক কোন প্রকারে দ্বারা ইহা জানিতে পাইলে দেশান্তরগামিদের রক্ষকের নিকটে তাহা রিপোর্ট করিবেন।

দেশান্তরগামি রোগী হইলে তাহার চিকিৎসার কথা।

৪৫ ধারা। (১) যে রোগ দ্বারা নিকটস্থ লোকদের রোগ জন্মাইবার আশঙ্কা থাকে কোন দেশান্তরগামি ব্যক্তির এমত কোন রোগ হইলে, পরিদর্শনার্থ চিকিৎসক উচিত বোধ করিলে তাহাকে পৃথক রাখিবার কিম্বা আজ্ঞা হইতে বাহির করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

(২) পরিদর্শনার্থ চিকিৎসক উচিত বোধ করিলে সেই পীড়িত ব্যক্তির চিকিৎসা হইবার জন্যে তাহাকে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের খরচে উপযুক্ত হাসপাতালে পাঠাইবার আজ্ঞা করিতে পারিবেন; এবং উক্ত হাসপাতালে তাহাকে লইয়া যাইবার ও চিকিৎসা করিবার খরচ বলিয়া দেশান্তরগামিদের রক্ষক কোন খরচ করিলে, খরচ করিবার তারিখ অবধি বৎসর শতকরা ছয় টাকা হিসাবে সুদ সমেত দেশান্তরগামিদের রক্ষক ঐ দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের স্থানে আদায় করিয়া লইতে পারিবেন।

৮ অধ্যায়।

দেশান্তরগামিদিগকে আজ্ঞায় লইয়া যাইবার ও পঁহুছিলে কার্য্যপ্রণালীর বিধি।

রেজিষ্টরী হইবার পূর্ব্বে দেশান্তরগামী ব্যক্তিকে স্থানান্তর না করিবার কথা।

৪৬ ধারা। দেশান্তরগমনেচ্ছু ব্যক্তিকে দেশান্তরগমন বলিয়া এই আইনমতে রেজিষ্টরী করা না গেলে, কোন মজুরসংগ্রাহক তাহাকে কোন আজ্ঞায় লইয়া যাইবে না বা লইয়া যাইবার উদ্যোগ করিবে না, কিম্বা তাহাকে কোন আজ্ঞায় যাইতে প্রবৃত্তি দিবে না বা দিবার উদ্যোগ করিবে না, কিম্বা যে মাজিষ্ট্রেট এ মজুরসংগ্রাহকের অনুমতিপত্রে জোড় স্বাক্ষর করেন তাহাকে সেই মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থান ত্যাগ করিতে প্রবৃত্তি দিবে না বা দিবার উদ্যোগ করিবে না, অথবা তাহাকে কোন আজ্ঞায় যাইতে বা উক্তরূপ স্থান ত্যাগ করিতে সাহায্য করিবে না।

দেশান্তরগামিকে আজ্ঞায় লইয়া যাইবার কথা।

৪৭ ধারা। (১) দেশান্তরগামি কোন ব্যক্তিকে এই আইনমতে রেজিষ্টরী করা গেলে, দেশান্তরগমনসম্পর্কীয় যে এজেন্টের প্রার্থনাক্রমে মজুর সংগ্রাহককে অনুমতিপত্র দেওয়া যায় সেই এজেন্ট জাহাজে উঠিবার বন্দরে যে তাহা স্থাপন করিয়া থাকেন, সেই আজ্ঞায় তাহাকে সুবিধামতে ত্বরায় মজুরসংগ্রাহক বা দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট কিম্বা তাঁহাদের আজ্ঞাপ্রাপ্ত ব্যক্তি লইয়া যাইবেন।

(২) [illegible] বন্দরের বহির্ভূত কোন স্থানে কোন দেশান্তরগামিকে রেজিষ্টরী করা গেলে, আজ্ঞায় যাইবার সময়ে মজুরসংগ্রাহক তাহার সঙ্গে আপনি সঙ্গে যাইবেন, কিম্বা মাজিষ্ট্রেটের সম্মতিক্রমে ঐ মজুরসংগ্রাহকের নিযুক্ত কোন উপযুক্ত [illegible]

(৩) [illegible] আজ্ঞায় যাইতে নিযুক্ত হইয়াছে, সাক্ষাৎ করিয়া ঐ নিযুক্ত [illegible] এই অনুমতিপত্রে স্বাক্ষর করিয়া দিবেন।

৪৪ ঐ [illegible] সমস্ত পথ [illegible] আহার ও [illegible]

[illegible] ব্যক্তি বা উহারদের নিযুক্ত ব্যক্তি দেশান্তরগামিদিগকে উপযুক্ত ও প্রচুর খাদ্য দিবেন।

আজ্ঞায় পঁহুছিলে সংবাদ দিতে হইবার কথা।

৪৯ ধারা। [illegible] দেশান্তরগামী ব্যক্তি আজ্ঞায় পঁহুছিলেই [illegible] আজ্ঞার কর্ম্মাধ্যক্ষ দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের নিকট তাহার পঁহুছিবার সংবাদ দিবেন এবং সেই এজেন্ট দেশান্তরগামিদের রক্ষককে সংবাদ দিবেন।

৪৯ ধারা। (১) মজুরসংগ্রাহক রেজিষ্টরী করণের কর্ত্তাপক্ষের বা রক্ষকের স্থানে করারপত্রের যে খণ্ড পান, তাহা সেই দেশান্তরগামি ব্যক্তির আড্ডায় পঁহুছিবারপর দেশান্তর গমনসম্পর্কীয় এজেন্ট দেশান্তরগামিদের পরিদর্শনার্থ চিকিৎসককে সুবিধামত ত্বরায় দেখাইবেন।

পরিদর্শনার্থ চিকিৎসকের পরীক্ষা করিবার কথা।

(২) করারপত্রে যাহার নাম থাকে তদ্রূপ প্রত্যেক দেশান্তরগামি ব্যক্তি যে দেশে যাইবার করার করিয়াছে তাহার বয়স ও স্বাস্থ্যের অবস্থা বিবেচনায় সে সেই দেশে যাত্রা করিবার উপযুক্ত কি না ইহা নির্ণয় করিবার নিমিত্ত পরিদর্শনার্থ চিকিৎসক তাহার পরীক্ষা করিবেন।

(৩) সেই ব্যক্তি যাইবার উপযুক্ত পরিদর্শনার্থ চিকিৎসক ইহা সন্তোষমতে জ্ঞাত হইলে দেশান্তরগমন-সম্পর্কীয় এজেন্টকে সেই মর্ম্মের সার্টিফিকেট দিবেন। ঐ ব্যক্তি যাইবার উপযুক্ত তাঁহার এরূপ সন্তোষ না জন্মিলে, তিনি দেশান্তরগামিদের রক্ষককে ঐ মর্ম্মের সার্টিফিকেট দিবেন।

৫০ ধারা। (১) নিম্নলিখিত কোন স্থলে, অর্থাৎ,

রক্ষকের কোন২ স্থলে দেশান্তরগামির ফিরিয়া যাইবার খরচ দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

(ক) দেশান্তরগামি ব্যক্তিদের পরিদর্শনার্থ চিকিৎসক যদি দেখিতে পান যে ঐ দেশান্তরগামি ব্যক্তি যে দেশে যাইবার করার করিয়াছে সেই দেশে যাইবার অনুপযুক্ত অথবা অনুপযুক্ত হইয়াছে এবং যদি দেশান্তরগামিদের রক্ষক বিবেচনা করেন যে ঐ মজুর অন্যায়রূপে আপনাকে উক্ত যাত্রার যোগ্য বলিয়া বর্ণনা করে নাই; কিম্বা

(খ) যদি রক্ষক দেখিতে পান যে মজুর-সংগ্রাহক ঐ দেশান্তরগামী ব্যক্তির সংগ্রহে বা তাহার প্রতি ব্যবহারে এরূপ অনিয়ম করিয়াছে যাহাতে তাহার দেশান্তরগমনের করারপত্র রহিত করা উচিত; কিম্বা

(গ) যদি দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট ঐ দেশান্তরগামী ব্যক্তির সহিত যে করারপত্র করা হয় তদনুসারে কার্য্য করিতে অস্বীকার করেন,

তবে উক্ত রক্ষক [illegible] জ্ঞান করেন তাহা [illegible] দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট [illegible] পারিবেন. এবং [illegible] ঐ মজুরকে [illegible] ফিরিয়া যাইতে [illegible] সেই টাকা দিবার [illegible] মজুরকে চালান [illegible] অনুসন্ধান [illegible] পারিবেন।

(২) জাহাজে চড়িবার বন্দরের সীমার বহির্ভূত স্থানে যে দেশান্তরগামির রেজিষ্টরী করা হয়, [illegible] দের পরিদর্শনার্থ চিকিৎসকের মতে তাহার শরীরের অবস্থা বিবেচনায় যে স্থানে রেজিষ্টরী হইয়াছিল, অবিলম্বে সেই স্থানে ফিরিয়া যাইবার অনুপযুক্ত বোধ হইলে, যাবৎ ঐ পরিদর্শনার্থ চিকিৎসক তদ্রূপে ফিরিয়া যাইবার উপযুক্ত বলিয়া রিপোর্ট না করেন, তাবৎ দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের খরচে জাহাজে উঠিবার বন্দরের আড্ডায় ঐ মজুর থাইতে, থাকিতে ও পরিতে পাইবার এবং চিকিৎসিত হইবার স্বত্ববান হইবেন।

৫১ ধারা। কোন দেশান্তরগামী ব্যক্তিকে জাহাজে চড়িবার বন্দরের সীমার বহির্ভূত স্থানে রেজিষ্টরী করা গিয়া থাকিলে, তৎসম্বন্ধে পূর্ব্ব ধারামতে কোন আজ্ঞা করা গেলে, তাহার পোষ্য বলিয়া যাহাকে রেজিষ্টরী করা গিয়াছে এরূপ কোন দেশান্তরগামী ব্যক্তি,

পোষ্যদের ও আত্মীয়-দের খরচ দিবার কথা।

কিম্বা পোষ্য না হইলেও যে ঐ দেশান্তরগামী ব্যক্তির পিতা মাতা স্ত্রী স্বামী পুত্র কন্যা ভ্রাতা ভগ্নী অভিভাবক অথবা রক্ষিত হয় এরূপ কোন দেশান্তরগামী ব্যক্তি,

(ক) ঐ মজুরের যে স্থানে রেজিষ্টরী হয় উহার সহিত সেই স্থানে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের খরচে তাহাকে পাঠান হয় এরূপ দাওয়া করিতে পারিবে; এবং

(খ) ঐ দেশান্তরগামী ব্যক্তি গমন করিতে অসমর্থ হইলে, যাবৎ সে গমন করিতে সমর্থ না হয়, তাবৎ দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের খরচে ঐ আড্ডায় থাকিতে, থাইতে ও পরিতে পাইবার দাওয়া করিতে পারিবে।

(২) ঐ দেশান্তরগামী ব্যক্তিসম্বন্ধে রক্ষক পূর্ব্ব ধারা-মতে যে কোন আজ্ঞা করেন তাহাতে এই ধারামত খরচ ধরিয়া দিতে পারিবেন।

৫২ ধারা। যদি দৃষ্ট হয় যে আড্ডায় আসিবার সময়ে পথিমধ্যে দেশান্তরগামী কোন ব্যক্তির প্রতি কোনরূপ অত্যাচার হইয়াছে কিম্বা জাহাজে চড়িবার বন্দরের সীমার বহির্ভূত স্থানে কোন

পথিমধ্যে কোন মজুরের প্রতি অত্যাচার হইলে তাহাকে ক্ষতিপূরণ দিবার কথা।

[illegible] রেজিষ্টরী [illegible] গেলে, ৪৭ ধারার [illegible] নাই, তবে দেশান্তরগামী, মজুর [illegible]

[illegible]

[illegible]

৫৩ ধারা। (১) [illegible] টাকা দিবার [illegible] দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট [illegible] ঐ আজ্ঞামতে টাকা না দেন, তবে রক্ষক [illegible] দিতে পারিবেন।

(২) রক্ষক কোন দেশান্তরগামী ব্যক্তিকে (১) প্রকরণমতে যে টাকা দেন, এবং পূর্ব্ব ধারানুসারে টাকা দিবার আজ্ঞা হইলে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট

বিংশঘণ্টা পর্য্যন্ত সেই আজ্ঞানুসারে টাকা না দেওয়াতে রক্ষক ঐ ধারামতে দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের প্রতিআপদার নিকট যে টাকা দিবার আজ্ঞা করেন, সেই টাকা দিবার তারিখ অবধি তাহা বৎসর শতকরা ছয় টাকা হিসাবে সুদসমেত দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের স্থানে আদায় করা যাইতে পারিবে।

(৩) রক্ষক দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের প্রতি ঐ টাকা দিবার আজ্ঞা দেন, এবং দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত সেই আজ্ঞামতে কার্য্য করেন নাই, এইরূপ কোন মোকদ্দমায় কোন আদালতে ইহার অতিরিক্ত প্রমাণ দিবার প্রয়োজন হইবে না।

---

৯ অধ্যায়।

দেশান্তরগামী মজুরদের জাহাজ বিষয়ক বিধি।

৫৪ ধারা। কোন জাহাজে স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে দেশান্তরগামীদিগকে লইয়া যাইবার অনুমতিপত্র না পাইলে, সেই জাহাজে দেশান্তরগামী কোন মজুরকে লওয়া যাইতে পারিবে না।

দেশান্তরগামী মজুরদের জাহাজের কাপ্তানের অনুমতিপত্র লইতে হইবার কথা।

৫৫ ধারা। (১) কোন জাহাজের কাপ্তান বা স্বামী সেই জাহাজে দেশান্তরগামীদিগকে লইয়া যাইবার অনুমতিপত্র পাইতে চাহিলে, সেই অনুমতিপত্র পাইবার প্রার্থনা লিখিয়া দেশান্তরগামীদের রক্ষকের দ্বারা স্থানীয় গবর্ণমেণ্টকে দিবেন।

অনুমতিপত্র পাইবার প্রার্থনার কথা।

(২) স্থানসম্বন্ধীয় এই অধ্যায়ের বিধিমতে প্রার্থক ঐ জাহাজে যত দেশান্তরগামী ব্যক্তিকে লইয়া যাওয়া যাইতে পারে বলিয়া জ্ঞান করেন তাহা এবং ঐ জাহাজে যত বোঝাই ধরে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ের তাহার সম্বন্ধীয় অন্যান্য যে বৃত্তান্ত এই আইনমতে প্রণীত বিধিক্রমে নির্দ্দেশ করেন তাহা ঐ প্রার্থনাপত্রে লিখিতে হইবে।

৫৬ ধারা। (১) জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত কি না এবং তাহাতে দেশান্তরগামী মজুরদের থাকিবার কি প্রকারের কতস্থান আছে ও তাহাতে বায়ুসঞ্চালনের সদুপায় আছে কি না ও তাহাতে অভিপ্রেত জলযাত্রার উপযোগী রসারণী ও সজ্জা ও সরঞ্জাম আছে কি না ইহা নির্ণয় করিবার নিমিত্ত দেশান্তরগামীদের রক্ষক কাপ্তানের বা স্বামীর খরচে উপযুক্ত কোন ব্যক্তি দ্বারা ঐ জাহাজের পরীক্ষা করাইবেন।

জাহাজ পরীক্ষা করিয়া অনুমতিপত্র দিবার কথা।

(২) যদি স্থানীয় গবর্ণমেণ্ট বিবেচনা করেন যে ঐ জাহাজ এই আইনমতে দেশান্তরগামীদিগকে লইয়া যাইবার সর্ব্বোতোভাবে উপযুক্ত ও তাহাতে উপযুক্তরূপ মল্লা ও কর্ম্মচারী আছে, তবে জাহাজে যত জন দেশান্তরগামী মজুরদিগকে লওয়া যাইতে পারিবে তাহা নির্দ্দেশ করিয়া ঐ জাহাজের অধ্যক্ষকে অর্থাৎ কাপ্তানকে দেশান্তরগামী ব্যক্তিদিগকে লইয়া যাইবার অনুমতিপত্র দিবেন।

৫৭ ধারা। (১) (ক) জাহাজে দুই ডুতকের মধ্যস্থানে কিম্বা দেশান্তরগামীদের রক্ষকের ও পরিদর্শনার্থে চিকিৎসকের অনুমোদনামীনে উপরের ডুতকে কুঠরীতে কেবল দেশান্তরগামীদের ব্যবহারার্থে সর্ব্বাংশে ছয় ফুটের অন্যূন উচ্চতাবিশিষ্ট স্থান নিরূপণ করা না গেলে;

দেশান্তরগামী মজুরদের জাহাজে থাকিবার যে স্থান দিতে হইবে তাহার কথা।

(খ) হাঁস্পাতালস্বরূপ একটি স্বতন্ত্র স্থান সজ্জিত করা না গেলে; এবং

(গ) এই আইনমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিধিপ্রণয়ন করিয়া সময়ের যেরূপ বন্দোবস্তের আদেশ দেন, দেশান্তরগামী অন্য মজুরদের হইতে বিবাহিতা বা অবিবাহিতা স্ত্রীলোকদিগকে ও শিশুদিগকে স্বতন্ত্র রাখিবার সেরূপ বন্দোবস্ত করা না গেলে;

পূর্ব্বধা মত কোন অনুমতিপত্র দেওয়া যাইবে না।

(২) এই ধারার (ক) প্রকরণে উপর ডুতকে যে কুঠরীর বিধান আছে, তাহা দৃঢ়রূপে আঁটা ও সম্পূর্ণরূপে আবৃত থাকিবে।

৫৮ ধারা। পূর্ব্ব ধারার (ক) প্রকরণে যে স্থানের উল্লেখ আছে, প্রত্যেক জাহাজে সেই স্থানে প্রত্যেক জন দেশান্তরগামীর নিমিত্ত অন্যূন ১২ বর্গফুট ও ৭২ ঘনফুট স্থান থাকিবে।

ঐ জাহাজে স্থানসম্বন্ধীয় বিধির কথা।

কিন্তু দশবৎসরের কম বয়সের দেশান্তরগামী দুই ব্যক্তি এই ধারার কার্য্য পক্ষে কেবল এক ব্যক্তি বলিয়া গণ্য হইবে।

৫৯ ধারা। দেশান্তরগামী মজুরেরা যে বন্দরে জাহাজে উঠিবে সেই বন্দর হইতে দেশান্তরগামীদের জাহাজ ছাড়িবার সময় জাহাজের অধ্যক্ষের ও কর্ম্মচারিদের ও মল্লাদের এবং কুঠরীতে ও অন্য স্থানে আরোহী থাকিলে তাহাদের আহারাদির নিমিত্ত যেং দ্রব্য জাহাজে লওয়া যায় তদ্ভিন্ন ও তদতিরিক্ত উক্ত দেশান্তরগামী মজুরদের আহারীয় দ্রব্য, কাপড়, জ্বালানীকাষ্ঠাদি ও জল লইতে হইবে। এই আইনমতে সময়ের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত বিধিতে যে পরিমাণের ও যে প্রকারের ও যে গুণের দ্রব্যাদি নির্দ্দিষ্ট থাকে, ঐ দ্রব্যাদি সেই পরিমাণের, সেই প্রকারের ও সেই গুণের হইবে।

আহারীয় দ্রব্য, কাপড়, জ্বালানীকাষ্ঠাদি ও জলের কথা।

৬০ ধারা। যে বন্দরে দেশান্তরগামী মজুরেরা জাহাজে চড়ে সেই বন্দর হইতে দেশান্তরগামিদের জাহাজ ছাড়িবার সময়ে উক্তরূপ প্রত্যেক জাহাজে একজন উপযুক্ত যোগ্যতাসম্পন্ন চিকিৎসক থাকিবেন ও গমন করিবেন; এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইনমতে প্রণীত বিধিক্রমে সময়ের যেরূপ নির্দ্দেশ করেন, চিকিৎসকের অধীন তদ্রূপ কম্পাউণ্ডার, দোতাষী ও চাকর ও তদ্রূপ পরিমাণের ও গুণের তদ্রূপ ঔষধ ও অন্য সামগ্রী থাকিবে।

চিকিৎসক, চাকর, ঔষধ ও অন্যান্য সামগ্রীর কথা।

পূর্ব্ব দুই ধারা প্রবল ভয়ণ সম্বন্ধে দেশান্তরগামীদের রক্ষকের ও পরিদর্শনার্থ চিকিৎসকের যাহা কর্ত্তব্য তাহার কথা।

৬১ ধারা। পূর্ব্ব দুই ধারার সমুদয় বিধানমতে কার্য্য করা হয়, দেশান্তরগামীদের রক্ষকের ও দেশান্তরগামীদের পরিদর্শনার্থ চিকিৎসকের স্বয়ং ইহা দেখিতে হইবে।

দেশান্তরগামীদের জাহাজের কাপ্তানের নিবন্ধপত্র লিখিয়া দিবার কথা।

৬২ ধারা। (১) এই আইনমতে অনুমতিপত্রপ্রাপ্ত প্রত্যেক জন কাপ্তান দেশান্তরগামীদের রক্ষকের আদেশ হইলে ও জাহাজে দেশান্তরগামী কোন মজুরের উঠিবার পূর্ব্বে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে পাঠ নির্দ্দেশ করেন সেই পাঠে ঐ রক্ষকের নিকট দুই প্রস্থ নিবন্ধপত্রে স্বাক্ষর করিবেন; তাহাতে এই প্রতিজ্ঞা করিবেন যে এই আইনের বা এই আইনমতে প্রণীত বিধির আদেশমতে তিনি ও তাঁহাদের স্থানী কর্ম্ম না করিলে তাঁহারা দশ সহস্র টাকা দণ্ড দিবেন।

(২) দেশান্তরগামীদের রক্ষক দেশান্তরগামী মজুরদিগকে যে দেশে লইয়া যাইতে হইবে সেই দেশের গবর্ণমেণ্টের এতদর্থে নিযুক্ত কার্য্যকারকের নিকট ঐ নিবন্ধপত্রের এক প্রস্থ, (কিম্বা ভিন্নদেশের উপনিবেশ হইলে ঐ উপনিবেশস্থ ব্রিটিষ কন্সলার এজেণ্টের নিকট এক প্রস্থ) ও স্থানীয় গবর্ণমেণ্টের নিকট এক প্রস্থ প্রেরণ করিবেন।

---

১০ অধ্যায়

জাহাজে উঠিবার ও যাত্রা করিবার কথা।

পঁহুছিলে জাহাজ উঠিবার সময়ের কথা।

৬৩ ধারা। দেশান্তরগামীদের রক্ষকের অনুমতি না পাইলে, কোন দেশান্তরগামী মজুর আড্ডায় পঁহুছিবার তারিখ অবধি যাবৎ সাতদিন গত না হয় তাবৎ তাহাতে উঠিবে না।

যে সময়ে মাল বই জাহাজ তীরের হইতে যাত্রাকরিতেপারে তাহার কথা।

৬৪ ধারা। (১) ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দর হইতে দেশান্তরগামী মজুরদের কোন জাহাজ

(ক) মান্দ্রাজাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ এই আইনমতে প্রণীত বিধিক্রমে যে কাল মধ্যে সাধারণতঃ দেশান্তরগামী মজুরদের জাহাজের কর্ত্তা উক্ত তাবৎ যে শ্রেণীর হয় সেই শ্রেণীর জাহাজের উত্তমাশা অন্তরীপের পশ্চিম দিকস্থ কোন দেশে যাইয়া পঁহুছিয়া নির্দ্দেশ করেন সেই কাল ছাড়া ঐ দেশে যাইবে না।

(২) মান্দ্রাজাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ইস্তিহার দিয়া যে কাল মধ্যে দেশান্তরগামী মজুরদের তাহাতে যাত্রা করা নিষেধ করেন, সেই কাল মধ্যে ঐ দেশে যাত্রা করিবে না।

দেশান্তরগামী মজুর জাহাজে উঠিতে অস্বীকার করিলে কার্য্যপ্রণালীর কথা।

৬৫ ধারা। দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট দেশান্তরগামী কোন মজুরকে জাহাজে উঠিতে আদেশ করিলে যদি সেই ব্যক্তি উপযুক্ত হেতু না থাকিলেও জাহাজে উঠিতে অস্বীকার বা উপেক্ষা করে, তবে বলপূর্ব্বক ঐ মজুরকে জাহাজে উঠান আইনসিদ্ধ নহে; কিন্তু উক্তরূপ অস্বীকার বা উপেক্ষা করণ বশতঃ বা তৎসম্বন্ধে দেওয়ানী বা ফৌজদারী আইনমতে ঐ মজুরের যে দায় বর্ত্তে এই ধারার কোন কথাক্রমে তাহার ব্যাঘাত হইবে না।

মজুরদের নির্ঘণ্টপত্র ও ছাড়পত্র দিবার কথা।

৬৬ ধারা। (১) দেশান্তরগামী মজুরেরা জাহাজে উঠিতে উদ্যত হইলে, দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্ট ঐ জাহাজের অধ্যক্ষকে ঐ ব্যক্তিদের নির্ঘণ্টপত্রের চারিপ্রস্থ দিবেন; তন্মধ্যে তাহাদের নাম ও বয়স ও ব্যবসায় ও তাহাদের পিতার নাম সাধ্যমত যথার্থরূপে লেখা থাকিবে।

(২) দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্টের স্বাক্ষরিত ও রক্ষকের ক্রোড় স্বাক্ষরযুক্ত ছাড়পত্র কোন মজুরের না থাকিলে এবং ঐ ছাড়পত্রে তাহার নাম ও বয়স ও পিতার নাম ও যে দেশে সে যাইতে করার করিয়াছে সেই দেশের উল্লেখ না থাকিলে এবং সে ঐ দেশে যাত্রা করিবার উপযুক্ত সুস্থ অবস্থায় আছে এই মর্ম্মের সর্টিফিকেট না থাকিলে, জাহাজের অধ্যক্ষ এ মজুরকে জাহাজে লইবেন না।

(৩) দেশান্তরগামী প্রত্যেক মজুর জাহাজে উঠিলে এ ছাড়পত্র তাহাদের অধ্যক্ষকে দিবে।

(৪) দেশান্তরগামী যে মজুরেরা জাহাজে উঠে জাহাজের অধ্যক্ষ তাহাদিগকেও তাহারা যে ছাড়পত্র দেয় তাহা দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের নির্ঘণ্টপত্রের সহিত মিলাইয়া দেখিবেন। ঐ নির্ঘণ্টপত্র শুদ্ধ দৃষ্ট হইলে ও ছাড়পত্রের ও তাহাতেবোলী মজুরদের সঙ্গে মিলিলে, জাহাজের অধ্যক্ষ ঐ নির্ঘণ্টের চারিপ্রস্থে স্বাক্ষর করিবেন।

(৫) দেশান্তরগামী যে কোন ব্যক্তি অধ্যক্ষের নিকট আপন ছাড়পত্র দেয় নাই, কিম্বা যাহার নাম নির্ঘণ্টপত্রে নাই, অধ্যক্ষ তাহাকে জাহাজে থাকিতে দিবেন না।

অধ্যক্ষের রক্ষককে নির্ঘণ্টে দুই প্রস্থ দিবার এবং তাহা লইয়া কার্য্য হইবার কথা।

৬৭ ধারা। (১) ঐ নির্ঘণ্টের সকল প্রস্থ স্বাক্ষরিত হইলে পর জাহাজের অধ্যক্ষ দেশান্তরগামীদের রক্ষককে দুই প্রস্থ দিবেন; তিনি তাহা পরিশুদ্ধ জ্ঞান করিলে তাহাতে স্বাক্ষর করিবেন।

(২) মজুরেরা যে দেশে যাইবার চুক্তি করিয়াছে, সে দেশের গবর্ণমেণ্ট এতদর্থে যে কার্য্যকারককে নিযুক্ত করেন, মজুরদের জাহাজ দ্বারা সেই কার্য্যকারকের নিকট কিম্বা ভিন্নদেশের উপনিবেশ হইলে ব্রিটিস কন্সলার এজেণ্টের নিকট রক্ষক আপনার স্বাক্ষরিত এক প্রস্থ পাঠাইবেন, এবং অন্য প্রস্থ আপনার আফিসে গাঁথিয়া রাখিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৮ আপ্রিল।]

দেশান্তরগমন সম্পর্কীয় এজেণ্টকে স্বাক্ষরের দুই প্রস্থ দিবার ও তাহা লইয়া কার্য্য হইবার কথা।

৬৮ ধারা। (১) জাহাজের অধ্যক্ষ দেশান্তরগমন সম্পর্কীয় এজেণ্টকে নির্ঘণ্টের অবিকল দুই প্রস্থ দিবেন।

(২) তাহাহইলে দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট ঐ দুই প্রস্থে স্বাক্ষর করিয়া এক প্রস্থ জাহাজের অধ্যক্ষকে ফেরত দিবেন।

(৩) মজুরেরা যে দেশে যাইবার করার করিয়াছে জাহাজ সেই দেশে পঁহুছিলে দেশান্তরগামী ব্যক্তিদের আমিয়া যাইবার পূর্ব্বে জাহাজের অধ্যক্ষ ঐ দেশের গবর্ণমেণ্ট এতদর্থে যে কর্ম্মচারিকে নিযুক্ত করিয়া থাকেন সেই কর্ম্মচারিকে কিম্বা ভিন্ন দেশের উপনিবেশ হইলে ব্রিটিষ কন্সুলার এজেণ্টকে ঐ প্রস্থ দিবেন।

পরিদর্শনার্থ চিকিৎসক দ্বারা দেশান্তরগামীদের পরীক্ষা হইবার কথা।

৬৯ ধারা। (১) মজুরেরা যে সময়ে জাহাজে উঠে পরিদর্শনার্থ চিকিৎসক সেই সময়ে উপস্থিত হইয়া প্রত্যেক মজুর যে দেশে যাইবার করার করিয়াছে শারীরিক স্বাস্থ্য বিবেচনায় সে ঐ দেশে যাত্রা করিবার উপযুক্ত কি না তিনি ইহা নিশ্চয় জানিবার নিমিত্ত ঐ মজুরদিগকে পরীক্ষা করিয়া দেখিবেন এবং ঐ মজুর উক্তরূপ যাত্রা করিবার উপযুক্ত নহে এরূপ দেখিলে তিনি রক্ষককে জানাইবেন।

(২) তাহা হইলে উক্ত রক্ষক ঐ মজুরকে জাহাজে উঠিবার অনুমতি দিতে অস্বীকার করিতে পারিবেন; এবং রক্ষক দেশান্তরগামী যে ব্যক্তিকে জাহাজে উঠিবার অনুমতি দিতে অস্বীকার করেন তাহার নাম বাদ দিয়া রেজিষ্টরী করা কোন দেশান্তরগামী ব্যক্তি কিম্বা তাহার পোষ্য না হইলেও যে তাহার পিতা মাতা স্ত্রী স্বামী পুত্র কন্যা ভ্রাতা ভগিনী অভিভাবক বা রক্ষিত হয় এরূপ কোন দেশান্তরগামী ব্যক্তি, এই আইনে প্রকারান্তরের বিধান থাকিলেও, জাহাজ উঠিতে অস্বীকার করিতে পারিবে।

(৩) যে সকল দেশান্তরগামী মজুরদিগকে এই ধারামতে জাহাজে উঠিবার অনুমতি দেওয়া না হয় এবং যাহারা এই ধারামতে জাহাজে উঠিতে অস্বীকার করে তাহাদের প্রতি এবং তাহাদের সম্বন্ধে এই আইনমতে যে খরচ করা যায় সেই খরচ শোধায় করণের প্রতি ৫০, ৫১ ও ৫৩ ধারার বিধান বর্ত্তিবে।

অধ্যক্ষকে দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্টের দেশান্তরগামীদের কর্ম্মপত্র দিবার কথা।

৭০ ধারা। সমুদয় মজুর জাহাজে উঠিলে পর দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের বা তাঁহার অনুপস্থিতিক্রমে ঐ মজুরদের সহিত যে সকল করা পত্র করা হয় এই এই আইনমতে তাঁহার হস্তে অর্পিত বা তাঁহার নিকট প্রেরিত হয় তিনি সেই করারপত্রগুলি জাহাজের অধ্যক্ষকে দিবেন; এবং উক্ত মজুরদিগকে যে দেশে লইয়া যাওয়া হয় তাহারা সেই দেশে পঁহুঁছিলে ঐ অধ্যক্ষ ঐ করা পত্রগুলি এতদর্থে ঐ স্থানের গবর্ণমেণ্টের নিযুক্ত কর্ম্মচারিকে কিম্বা ভিন্ন দেশের উপনিবেশ হইলে ব্রিটিষ কন্সুলার এজেণ্টকে দিবেন।

৭১ ধারা। কোন বন্দর হইতে দেশান্তরগামী মজুরদিগকে লইয়া যাইবার কোন জাহাজ খুলিয়া যাইবার পূর্ব্বে জাহাজের অধ্যক্ষ সেই বন্দরবাসী দেশান্তরগামীদের রক্ষকের স্থানে এবং তাহাদিগকে যে দেশে লইয়া যাইতে হইবে সেই দেশের দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের স্থানে ঐ রক্ষকের ও দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের স্বাক্ষরিত পশ্চাল্লিখিত মর্ম্মের সার্টিফিকেট লইবেন। এই আইনের কিম্বা আইনমতে প্রণীত বিধির পূর্ব্বোল্লিখিত বিধানমতে ঐ জাহাজের যাত্রী দেশান্তরগামীব্যক্তিদের বিষয়ে ঐ রক্ষকের ও দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের যে সকল কর্ম্ম করিবার আদেশ আছে উক্ত রক্ষক ও দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্ট তাহা করিয়াছেন; এবং এই আইনে ও এই আইনমতে প্রণীত বিধিতে দেশান্তরগামী ব্যক্তিদের নির্ব্বিঘ্নতা, মঙ্গল ও রক্ষার নিমিত্ত যে সকল বিধান আছে তদনুসারে ঐ জাহাজ সম্বন্ধে কার্য্য করা হইয়াছে।

আইন এবং বিধি জাহাজে রাখিবার কথা।

৭২ ধারা। দেশান্তরগামী মজুরেরা যে জাহাজে যায়, সেই জাহাজের অধ্যক্ষ এই আইনের দুই প্রস্থ এবং এই আইনমতে প্রণীত সমুদয় বিধির দুই প্রস্থ এবং স্থানীয় গবর্ণমেণ্ট যে বা যে ভাষার আদেশ করেন সেই বা সেই ভাষায় এই আইনের ও বিধির অনুবাদের দুই প্রস্থ যাত্রার সমুদয় পথ সেই জাহাজে রাখিবেন, এবং দেশান্তরগামী কোন ব্যক্তি যুক্তিমত কোন সময়ে প্রার্থনা করিলে তাহার পাঠার্থ ঐ আইনদের বা তদনুবাদের এক প্রস্থ তাহাকে দেখিতে দিবেন।

যে প্রত্যেক মজুর জাহাজে উঠে তাহার ফীর কথা।

৭৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব সময়ে সময়ে ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া যে ফী দিবার আজ্ঞা করেন, দেশান্তরগামী মজুরদের জাহাজে যত মজুর উঠে তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট দেশান্তরগামীদের রক্ষককে সেই ফী দিবেন।

কিন্তু (ক) দেশান্তর গমন এই নিয়মাধীন রাখিবার নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব যে ফী নির্দ্ধারণ করিবেন, তাহার অধিক কুলী বাবদ নিমিত্ত যত টাকার প্রয়োজন এই অনুষঙ্গী ফী করিতে যে আয় হয়, তাহা ঐ টাকার অধিক হইয়া উঠে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব যদি এই ধারানুসারে দেয় ফী এরূপ করিতে হইবেন না।

(খ) কোন দেশ সম্বন্ধে ঐ দেশস্থ ভারতবর্ষীয় মজুরদের রক্ষণার্থ বিশেষ কোন সরঞ্জাম রাখা বা বিশেষ কোন খরচ করা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের বাঞ্ছনীয় বোধ হইলে, উক্ত সাহেব ঐ মজুরদের সম্বন্ধে দেয় ফী এরূপ পরিমাণে বৃদ্ধি করিতে পারিবেন, যাহাতে তাঁহার বিবেচনায় ঐ বিশেষ সরঞ্জাম বা বিশেষ খরচের টাকা সঙ্কুলান হয়।

৭৪ ধারা। এই আইনমতে অনুমতিপত্রপ্রাপ্ত প্রত্যেক কাপ্তান দেখিবেন যে মজুরদিগকে যে দেশে লইয়া যাইতে হইবে, সেই দেশে ব্রিটিশ ভারতবর্ষ হইতে যাইবার সময় পথিমধ্যে এই আইনের ও এই আইনমতে প্রণীত বিধির সমুদয় বিধান তাঁহার জাহাজে পালিত হয়।

তাঁহার জাহাজে আইন ও বিধি পালিত হয়, তাহাদের ইহা দেখিতে হইবার কথা।

৭৫ ধারা। দেশান্তরগামী মজুর যে দেশে যাইবার করার করিয়াছে, সেই দেশে জাহাজ হইতে নামিবার পূর্ব্বে কাপ্তান তাহাকে তাহার ছাড়পত্র ফিরাইয়া দিবেন।

মজুরকে ছাড়পত্র ফিরাইয়া দিবার কথা।

কলিকাতা হইতে যে সকল জাহাজ যায়, তৎসম্বন্ধে বিশেষ বিধান :

৭৬ ধারা। যে জাহাজ দেশান্তরগামীদিগকে লইয়া কলিকাতা বন্দর হইতে যায়, জাহাজের অধ্যক্ষ সেই জাহাজে দেশান্তরগামীদের প্রথম উঠিবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে গার্ডেনরিচ অর্থাৎ মুচীখোলা হইতে জাহাজ খুলিয়া যাইবে না।

কলিকাতা হইতে গেলে জাহাজে উঠিবার সময়াবধি চব্বিশ ঘণ্টার মধ্যে জাহাজ খুলিবার কথা।

৭৭ ধারা। কোন পাইলবিশিষ্ট জাহাজ দেশান্তরগামীদিগকে লইয়া কলিকাতা বন্দর হইতে যাত্রা করিলে, সেই জাহাজ মুচীখোলা হইতে সমুদ্র পর্য্যন্ত এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কার্য্যকারক যে জাহাজ উপযুক্ত বলিয়া নির্দ্দেশ করেন এরূপ বাষ্পীয় জাহাজ দ্বারা টানিয়া লইয়া যাওয়া হইবে।

কলিকাতা হইতে গেলে সমুদ্র পর্য্যন্ত জাহাজ টানিয়া লইয়া যাইবার কথা।

৭৮ ধারা। (১) কোন জাহাজ কলিকাতা বন্দর হইতে দেশান্তরগামী মজুরদিগকে লইয়া যাত্রা করিলে নদীতে যাইবার সময়ে মুচীখোলা ও কলাগাছি এই উভয়ের মধ্যে যদি জাহাজে হাম, স্কার্লেট ফিবর বা বসন্ত দেখা দেয়, তবে জাহাজের অধ্যক্ষ মজুরদের ভারপ্রাপ্ত চিকিৎসকের আদেশ পাইলে যে সকল মজুর প্রকৃতপক্ষে ঐ পীড়ায় আক্রান্ত হয়, তাহাদিগকে ও তাহাদের পোষ্য বলিয়া রেজেষ্টরী করা মজুরদিগকে ও তাহাদের পোষ্য না হইলেও যে কেহ তাহাদের পিতা মাতা স্ত্রী স্বামী পুত্র কন্যা ভ্রাতা ভগিনী অভিভাবক বা রক্ষিত হয় ও তাহার সঙ্গে যাইতে চাহে, তাহাদিগকে কলাগাছির হাঁস্পাতালে পাঠাইবেন এবং ঐরূপে যতজন মজুরকে হাঁস্পাতালে পাঠান যায় তাহাদের সংখ্যা ও নাম অবিলম্বে কলিকাতাস্থ দেশান্তরগামী মজুরদের রক্ষককে জানাইবেন।

কলিকাতা হইতে যে জাহাজ ছাড়িয়া যায় সেই জাহাজে রোগে আক্রান্ত দেশান্তরগামী ব্যক্তিদিগকে চিকিৎসকের হাঁস্পাতালে পাঠাইতে পারিবার কথা।

(২) এই ধারাতে দেশান্তরগামী যে মজুরদিগকে জানাইয়া দেওয়া যায় তাহাদের প্রতি এবং তাহাদের সম্বন্ধে যে খরচ করা যায় সেই খরচ আদায় করণের প্রতি ৫০, ৫১, ও ৫৩ ধারার বিধান যতদূর বর্ত্তিতে পারে বর্ত্তিবে।

৭৯ ধারা। (১) যে কোন জাহাজ কলিকাতা বন্দর হইতে দেশান্তরগামী মজুর দিগকে লইয়া যায়, যদি সেই জাহাজের মজুরদের মধ্যে ব্যাপক আকারে ওলাউঠা দেখা দেয়, তবে মজুরদের ভারপ্রাপ্ত চিকিৎসক উক্তরূপ সমুদয় মজুরদিগকে কলাগাছীতে নামাইবার নিমিত্ত জাহাজের অধ্যক্ষের প্রতি আদেশ করিতে পারিবেন।

ওলাউঠা দেখা দিলে মজুরদের জাহাজের চিকিৎসকের সমুদয় মজুরদিগকে নামাইয়া দিতে পারিবার কথা।

(২) ঐ অধ্যক্ষ তৎক্ষণাৎ চিকিৎসকের সেই আদেশ পালন করিবেন এবং তিনি যে তাহা করিয়াছেন ইহার সংবাদ অবিলম্বে কলিকাতাস্থ মজুরদের রক্ষকের নিকট পাঠাইবেন; তাহা হইলে উক্ত রক্ষক মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইনমতে সময়ে২ যে বিধি প্রণয়ন করেন, সেই বিধির নির্দ্দিষ্ট প্রণালীমতে কার্য্য করিবেন।

---

১১ অধ্যায়।
বিধি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৮০ ধারা। (১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ এই আইনের সঙ্গত পশ্চাল্লিখিত বিষয়ের বিধি প্রণয়ন করিতে পারিবেন।—

(ক) এই আইনমতে যে থাকিবার স্থানের বিধান করা যায়, তাহার তত্ত্বাবধান ও সুব্যবস্থা করিবার বিধি, এবং যে শ্রেণীর মাজিষ্ট্রেটেরা ও পোলীসের কর্ম্মচারীরা ঐ সকল স্থানে যাইয়া পরিদর্শন করিবার ক্ষমতাপ্রাপ্ত হইবেন, তাহা নির্দ্দেশ করিবার বিধি;

(খ) এই আইনমতে যে রেজিষ্টর রাখিতে হইবে, ও তাহাতে যে২ কথা লিখিতে হইবে, তাহার পাঠ নির্দ্দেশ করিবার এবং জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা এতদর্থে এই আইনমতে অন্য কোন কর্ম্মচারী নিযুক্ত হইলে, তিনি রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষের উপর যেরূপ কর্তৃত্ব করিবেন, তাহার বিধান করিবার বিধি;

(গ) এই আইনমতে যেরূপ করারপত্র করিতে হইবে ও তাহাতে যে২ কথা থাকিবে, ও যে বা যেং ভাষায় করারপত্র লিখিতে হইবে, তাহার পাঠ নির্দ্দেশ করিবার বিধি;

(ঘ) যেং নিয়মে এই আইনমতে আড্ডাস্থাপনের অনুমতিপত্র দেওয়া যাইতে পারিবে, তাহা নির্দ্দেশ করিবার বিধি, এবং আড্ডার তত্ত্বাবধান ও সুব্যবস্থার বিধান করিবার ও দেশান্তরগামী মজুরেরা যখন তথায় থাকে, তাহাদের চিকিৎসার ও তথায় কোন ব্যাপক বা সংক্রামক রোগ হইলে, যেং উপায় অবলম্বন করিতে হইবে, তাহার বিধান করিবার বিধি;

(ঙ) এই আইনের কার্য্যপক্ষে দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টেরা ও মজুরসংগ্রাহকেরা যেং পাঠ যোগাইয়া দিবেন, তাহা নির্দ্দেশ করিবার বিধি;

(চ) কোন জাহাজের স্বামী বা কাপ্তান আপন জাহাজে দেশান্তরগামী মজুরদিগকে লইয়া যাইবার অনুমতিপত্র পাইবার প্রার্থনা করিলে, তাঁহার যেং কথা লিখিতে হইবে, তাহা নির্দ্দেশ করিবার বিধি;

(ছ) দেশান্তরগামী পুরুষদের সংখ্যানুসারে যত জন স্ত্রীলোক দেশান্তরগামী মজুরদের সঙ্গে সাধারণতঃ লইয়া যাইতে হইবে, এবং দেশান্তরগামী মজুরদের জাহাজে অন্য যে মজুরেরা থাকে, তাহাদের হইতে বিবাহিতা বা অবিবাহিতা স্ত্রীলোকদিগকে ও শিশুদিগকে পৃথক্ করিয়া রাখিবার যে বন্দোবস্ত করিতে হইবে, তাহার বিধি;

(জ) দেশান্তরগামীদিগকে যে জাহাজে লইয়া যাওয়া হয়, তাহাতে যে প্রকারের ও যত ও যে গুণের আহারীয় দ্রব্য, জ্বালানী কাষ্ঠাদি ও জল লইতে হইবে, ও পথিমধ্যে প্রত্যেক জন দেশান্তরগামীকে প্রতিদিন যত আহারীয় দ্রব্য ও যত জল ও যে প্রকারের যত বস্ত্র দিতে হইবে, তাহার বিধি;

(ঝ) দেশান্তরগামীদিগকে লইয়া যাইবার জাহাজে যে পীড়িত ও দুর্ব্বল ব্যক্তিরা থাকে, তাহাদের শুশ্রূষার নিমিত্ত চিকিৎসকের অধীনে যতজন কম্পাউণ্ডর, ধোতাযী ও চাকর লইয়া যাইতে হইবে, ইহা নিরূপণ করিবার বিধি;

(ঞ) দেশান্তরগামী মজুরদিগকে যে জাহাজে লইয়া যাওয়া হয়, সেই জাহাজে যে প্রকারের যত ও যে গুণের ঔষধাদি দ্রব্য লইতে হইবে, তাহার বিধি;

(ট) জাহাজে মজুরদের গমনকালে সেই জাহাজে বায়ুসঞ্চালনের ও পরিচ্ছন্নতার বিধি ও জাহাজ ভগ্ন হইলে, বা তাহাতে অগ্নি লাগিলে, যত জীবন রক্ষার্থ নৌকা, বাল্‌তী ও অন্যান্য যে সরঞ্জাম ব্যবহারার্থ রাখিতে হইবে, তাহার বিধি;

(ঠ) উত্তমাশা অন্তরীপের পশ্চিম দিকস্থ যে কোন দেশে যাওয়া আইনসিদ্ধ হয়, ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দর হইতে যে কালমধ্যে তথায় দেশান্তরগামী মজুরদের জাহাজ বা বিশেষ শ্রেণীর ঐরূপ জাহাজ যাইতে পারিবে, তাহা নিরূপণ করিবার বিধি,

(ড) ৭৯ ধারামতে যে দেশান্তরগামী মজুরদিগকে নামাইয়া দেওয়া যায়, তাহাদিগকে লইয়া কি করিতে হইবে, ইহার বিধি;

(ঢ) জাহাজে যাইতেং দেশান্তরগামী মজুরদের চিকিৎসার যেরূপ বিধান করিতে হইবে, ও পথিমধ্যে কোন ব্যাপক বা সংক্রামক রোগের আক্রমণ হইলে, যেং উপায় অবলম্বন করিতে হইবে, তাহার বিধি,

(ণ) দেশান্তরগামী মজুরদের জাহাজে দেশান্তরগামীদের স্বাস্থ্যের বিবরণঘটিত ও চিকিৎসক পীড়িত ব্যক্তিদের যেরূপ চিকিৎসা করেন তাহার ও যাহারা মরে তাহাদের প্রত্যেকের মৃত্যুর কারণের সম্পূর্ণ বিবরণঘটিত যে রোজনামা চিকিৎসকের লিখিয়া রাখিতে হইবে, তাহার বিধি; এবং যে মজুরদিগকে চিকিৎসকের তত্ত্বাবধানে রাখা যায়, তাহাদের সম্বন্ধে তাঁহার কর্ত্তব্য ও ক্ষমতা নির্দ্ধারণ করিবার বিধি;

(ত) এই আইনমতে গবর্ণমেণ্ট ভিন্ন২ যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন, তাহাদের ক্ষমতা ও কর্ত্তব্য নির্দ্ধারণ ও নিয়মন করিবার বিধি; এবং

(থ) সাধারণতঃ দেশান্তরগামীদের নির্ব্বিঘ্নতা, মঙ্গল ও রক্ষার জন্য যাহা কর্ত্তব্য, তাহার বিধান করিবার বিধি।

কিন্তু এই ধারার (ছ) প্রকরণমতে প্রণীত বিধিতে প্রকারান্তরের কথা থাকিলেও, স্থানীয় গবর্ণমেণ্ট বিশেষ স্থলে মজুরদিগকে লইয়া যাইবার জাহাজে সাধারণতঃ যে পরিমাণ স্ত্রীলোক লইয়া যাইতে হয়, তাহা লইয়া না গেলেও ঐ জাহাজ ছাড়িয়া যাইবার অনুমতি দিতে পারিবেন।

(২) এই ধারামতে বিধি প্রণয়ন করিবার যে ক্ষমতা প্রদত্ত হইল, এই আইন বিধিবদ্ধ হইবার পর যে কোন সময় সেই ক্ষমতানুসারে কার্য্য করা যাইতে পারিবে; কিন্তু এই ধারামতে যে কোন বিধি প্রণয়ন করা যায়, তাহা এই আইন প্রচলিত না হইলে, ফলবৎ হইবে না।

পাণ্ডুলেখ্য ও বিধি প্রকাশ করিবার কথা।

৮১ ধারা। (১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্ব ধারামতে বিধি প্রণয়ন করিবার পূর্ব্বে প্রস্তাবিত বিধিদ্বারা যে ব্যক্তিদের স্পৃষ্ট হইবার সম্ভাবনা, তাহাদের অবগতি নিমিত্ত তাঁহার বিবেচনায় যাহা উপযুক্ত বোধ হয়, সেই প্রকারে উক্ত বিধির পাণ্ডুলেখ্য প্রকাশ করিবেন।

(২) ঐ পাণ্ডুলেখ্যের সহিত এক বিজ্ঞাপন প্রকাশ করা যাইবে। যে তারিখে বা যে তারিখের পর পাণ্ডুলেখ্য বিবেচনা করা যাইবে, ঐ বিজ্ঞাপনে তাহা নির্দ্দিষ্ট থাকিবে।

(৩) ঐ নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে পাণ্ডুলেখ্যসম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিয়া দেখিবেন।

(৪) পূর্ব্ব ধারামতে যে কোন বিধি প্রণয়ন করা যায়, তাহা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে; এবং উক্ত ধারামতে প্রণীত বলিয়া কোন বিধি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা গেলে, তাহাই ঐ বিধি নিয়মিতরূপে প্রণীত হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

---

১২ অধ্যায়।

অপরাধ বিষয়ক বিধি।

বে-আইনী মজুর সংগ্রহ করিবার কথা।

৮২ ধারা। (১) কেহ এই আইনের কিম্বা এই আইনমতে প্রণীত বিধির বিধানসম্মত প্রণালী অবলম্বন না করিয়া

(ক) যদি ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে দেশান্তরগমনার্থ আবদ্ধ করিবার কোন করারপত্র করে বা করিবার উদ্যোগ করে; কিম্বা

(খ) বেতন বা পুরস্কারের আশায় দেশান্তরগমনার্থ উক্তরূপ কোন ব্যক্তিকে কোন স্থানত্যাগ করিতে প্রবৃত্তি দেয় বা প্রবৃত্তি দিবার উদ্যোগ করে বা প্রকারান্তরে দেশান্তরগামী মজুরদের সংগ্রাহকস্বরূপ কার্য্য করে বা নিযুক্ত থাকে; কিম্বা

(গ) বেতন বা পুরস্কারের আশায় কোন ব্যক্তিকে দেশান্তরগামী মজুরস্বরূপ রেজিষ্টরী করাইবার নিমিত্ত কিম্বা মজুরস্বরূপ তাহাকে রেজিষ্টরী করা গেলে পর এবং জাহাজে উঠিবার বন্দরস্থ আড্ডায় তাহার যাত্রা করিবার পূর্ব্বে তাহাকে কোন স্থানে কিম্বা, মজুরসংগ্রাহক হইয়া, এই আইন অনুসারে বা এই আইনমতে প্রণীত বিধি অনুসারে যে থাকিবার স্থানের বন্দোবস্ত করা গিয়াছে সেই স্থান ভিন্ন অন্য কোন স্থানে যদি গ্রহণ করে বা আটক করিয়া রাখে,

তবে তাহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

(২) এই আইনমতে অনুমতিপত্র প্রাপ্ত মজুরসংগ্রাহক ভিন্ন অন্য কোন ব্যক্তি এই ধারামত কোন অপরাধ করিলে, পোলীসের কোন কর্ম্মচারী ওয়ারণ্ট বিনা তাহাকে ধরিতে পারিবেন।

৮৩ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে অনুমতিপত্রপ্রাপ্ত মজুরসংগ্রাহক হইয়া,

যে মজুরদিগকে রেজিষ্টরী করা হয় নাই মজুরসংগ্রাহক তাহাদিগকে আড্ডায় লইয়া গেলে তাহার কথা।

(ক) দেশান্তর গমনেচ্ছু কোন মজুর দেশান্তরগামী বলিয়া রেজিষ্টরী হইবার পূর্ব্বে যদি তাহাকে কোন আড্ডায় লইয়া যায় বা লইয়া যাইবার উদ্যোগ করে, কিম্বা যে মাজিষ্ট্রেট ঐ মজুর সংগ্রাহকের অনুমতিপত্রে ক্রোড়স্বাক্ষর করিয়াছেন তাঁহার এলাকা ছাড়িয়া যাইতে তাহাকে প্রবৃত্তি দেয় বা দিবার উদ্যোগ করে বা ঐরূপ এলাকা ছাড়িয়া যাইতে বা কোন আড্ডায় যাইতে তাহাকে সাহায্য করে বা করিবার উদ্যোগ করে, কিম্বা

(খ) যে কোন ব্যক্তিকে দেশান্তরে যাইতে আহ্বান করে, তাহাকে যদি ২৬ ধারামতে যে বন্দনাপত্র পাইয়াছে তাহার যথার্থ প্রতিলিপি না দেয়, কিম্বা

(গ) যে কোন মজুরকে সে করারবদ্ধ করিয়াছে এবং যাহাকে জাহাজে চাড়বার বন্দরের বাহিরে রেজিষ্টরী করা হইয়াছে যদি আড্ডায় লইয়া যাইবার সময় পথিমধ্যে তাহাকে উপযুক্ত থাকিবার স্থান বা আহারীয় দ্রব্য না দেয় বা প্রকারান্তরে তাহার প্রতি কুব্যবহার করে, তবে তাহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

৮৪ ধারা। (১) কোন ব্যক্তি মাদক দ্রব্য দ্বারা কিম্বা বলপ্রয়োগ বা প্রতারণা দ্বারা ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে দেশান্তর গমন করিতে বা দেশান্তরগমনের চুক্তিপত্র করিতে বা দেশান্তর গমনার্থ কোন স্থান ছাড়িয়া যাইতে বাধ্য করিলে বা প্রবৃত্তি দিলে বা বাধ্য করিবার বা প্রবৃত্তি দিবার উদ্যোগ করিলে, তাহার এক বৎসর পর্য্যন্ত কারাদণ্ড বা অর্থদণ্ড বা উভয় দণ্ড হইবে।

প্রতারণাপূর্ব্বক এদেশীয় কোন ব্যক্তিকে দেশান্তরগমনের প্রবৃত্তি দিলে তাহার কথা।

৮৫ ধারা। কোন ব্যক্তি আইনমতে ক্ষমতাপ্রাপ্ত না হইয়া মজুর জুটাইবার কার্য্যে আপনার বা অন্য কোন ব্যক্তির সাহায্য করিবার নিমিত্ত পোলীসকে কোন লিখিত আজ্ঞা দিলে কিম্বা গবর্ণমেণ্টের জন্য সেই মজুরদের প্রয়োজন কিম্বা গবর্ণমেণ্টের পক্ষে সেই মজুরদের সহিত করারপত্র হইবে এরূপ মিথ্যা উক্তি করিলে, তাহার ছয়মাস পর্য্যন্ত কারাদণ্ড বা পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড বা উভয় দণ্ড হইবে।

গবর্ণমেণ্টের ক্ষমতাপ্রাপ্ত বলিয়া মিথ্যা বর্ণনা করিলে তাহার কথা।

৮৬ ধারা। (ক) দেশান্তরগামী কোন মজুর সম্বন্ধে এই আইনের কিম্বা এই আইনমতে প্রণীত বিধির যে২ বিধান খাটে সে তাহা পালন বা করিলে কোন জাহাজের অধ্যক্ষ জানিয়া শুনিয়া যদি তাহাকে আপন জাহাজে লয়,

এই আইনের বিধান লঙ্ঘন করিয়া জাহাজে দেশান্তরগামী মজুরদিগকে লইলে তাহার কথা।

(খ) এই আইনমতে অনুমতিপত্র প্রাপ্ত না হইয়া জানিয়া শুনিয়া যদি আপন জাহাজে কোন দেশান্তরগামী মজুরকে লয়, কিম্বা

(গ) এই আইনমতে অনুমতিপত্র প্রাপ্ত হইয়া আপনার অনুমতিপত্রে যতজন লেখা থাকে যদি তত জনের অতিরিক্ত কোন মজুরকে জানিয়া শুনিয়া আপনার জাহাজে লয়,

তবে তাহার এক বৎসর পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা ঐরূপ প্রত্যেক মজুরের নিমিত্ত এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা উভয় দণ্ড হইবে; এবং ঐ জাহাজ, উহার রসারসী, সজ্জা ও সরঞ্জাম শ্রীমতী মহারাণীর সরকারে বাজেয়াপ্ত হইল, যে আদালতে ঐ জাহাজের অধ্যক্ষের বিচার হয় সেই আদালত এইরূপ আদেশ করিতে পারিবেন।

৮৭ ধারা। এই আইনমতে অনুমতিপত্রপ্রাপ্ত কোন জাহাজের অধ্যক্ষ যদি প্রতারণাপূর্ব্বক এরূপ কোন কার্য্য বা বিষয় করেন বা করিতে দেন যাহাতে ঐ অনুমতিপত্র যে জাহাজাদি সংক্রান্ত হয় সেই জাহাজাদির পরিবর্ত্তিত অবস্থার অনুপযোগী হইয়া পড়ে, তবে তাঁহার পাঁচ হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে;

অধ্যক্ষ প্রতারণাঘটিত কোন কার্য্য করিলে তাহার কথা।

এবং তিনি ৬৫ ধারামতে যে কোন নিবন্ধপত্র লিখিয়া দিয়া থাকেন, সেই পত্রের মূলে তাঁহার নামে মোকদ্দমাও উপস্থিত করা যাইতে পারিবে।

৮৮ ধারা। দেশান্তরগামী মজুরদিগকে যে জাহাজে লইয়া যাওয়া হয়, সেই জাহাজ সম্বন্ধে ৫৭, ৫৯, বা ৬০ ধারার কোন বিধান পালিত হইয়া না থাকিলে যদি ঐ জাহাজের অধ্যক্ষ উক্ত জাহাজ বাহিরে খুলিয়া লইয়া যান বা যাইবার উদ্যোগ করেন, তবে তাঁহার চারি হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

আইনের জাহাজ পালন না করিয়া জাহাজ খুলিয়া যাইবার কথা।

৮৯ ধারা। কোন জাহাজের অধ্যক্ষ আপনার জাহাজে দেশান্তরগামী মজুরদিগকে লইয়া তাহাদের সম্বন্ধে ৬৬, ৬৭ ও ৬৮ ধারার আদেশমতে কার্য্য না করিলে, ঐরূপে যে প্রত্যেক দেশান্তরগামী মজুরকে জাহাজে লওয়া হয়, তাহাদের প্রত্যেকের নিমিত্ত ঐ অধ্যক্ষের দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

জাহাজের অধ্যক্ষ নির্ঘণ্ট ও ছাড়পত্র সম্বন্ধীয় বিধানমতে কার্য্য না করিলে তাহার কথা।

৯০ ধারা। কোন জাহাজের অধ্যক্ষ আপনার জাহাজ খুলিয়া ৬৬ ধারার লিখিত নির্ঘণ্টে যাহার নাম লেখা নাই বা ঐ ধারার আদেশমত ছাড়পত্র যে পায় নাই এরূপ কোন দেশান্তরগামী মজুরকে জাহাজে লইলে, ঐরূপে গৃহীত প্রত্যেক জন মজুরের নিমিত্ত তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

নির্ঘণ্টে দেশান্তরগামী যে ব্যক্তিদের নাম লেখা না থাকে জাহাজ খুলিয়া যাইবার পর অধ্যক্ষ তাহাদিগকে জাহাজে লইলে তাহার কথা।

৯১ ধারা। দেশান্তরগমন সম্পর্কীয় এজেন্ট যে দেশের নিমিত্ত কোন দেশান্তরগামী মজুরকে জাহাজে উঠাইয়া দিয়াছেন, জাহাজের অধ্যক্ষ সেই দেশ ভিন্ন অন্য দেশে ঐ মজুরকে নামাইয়া দিলে, যদি বায়ুর প্রবলতা বা অনিবার্য্য দুর্ঘটনা বশতঃ ঐরূপ নামান না হইয়া থাকে কিম্বা ৭৮ বা ৭৯ ধারার বিধানমতে ঐ নামান না ঘটিয়া থাকে, তবে তদ্রূপ প্রত্যেক মজুরের নিমিত্ত জাহাজের অধ্যক্ষের দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড বা এক মাস পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা উভয় দণ্ড হইবে।

অধ্যক্ষ নির্দ্দিষ্ট দেশ ছাড়া অন্যত্র মজুরকে নামাইয়া দিলে তাহার কথা।

৯২ ধারা। দেশান্তরগামী মজুরদিগকে লইয়া পাইল-বিশিষ্ট কোন জাহাজ কলিকাতা বন্দর হইতে যাত্রা করিলে, যদি ঐ জাহাজের অধ্যক্ষ

(ক) ৭৬ ধারার নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আপন জাহাজ লইয়া মুচীখোলা হইতে চলিয়া না যান, কিম্বা

(খ) যুক্তিমত হেতু না থাকিলেও ৭৭ ধারায় উল্লিখিত বাষ্পীয় জাহাজ ছাড়া অন্য জাহাজ না লইয়া মুচীখোলা হইতে সমুদ্রের দিকে আপন জাহাজ চালান বা যাইতে দেন;

কলিকাতা ছাড়িয়া যাইবার বিধান না মানিলে তাহার কথা।

তবে তাঁহার এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

৯৩ ধারা। (১) কোন দেশান্তরগামী ব্যক্তি যদি আড্ডায় পঁহুছিবার পূর্ব্বে পলায়ন করে কিম্বা যুক্তিমত কারণ বিনা আড্ডায় যাইতে অস্বীকার করে, তবে তাহার বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা তাহার সহিত করারপত্র করিয়া তাহাকে রেজিষ্টরী করিতে ও আড্ডায় লইয়া যাইতে যে খরচ পড়ে সেই পরিমাণ অর্থদণ্ড, এই দুই দণ্ডের যেটি গুরুতর হয় সেই দণ্ড হইবে এবং ঐ অর্থদণ্ডের টাকা দেওয়া না গেলে এক মাস পর্য্যন্ত কারাদণ্ড হইবে।

দেশান্তরগামী মজুর পলাইলে বা আড্ডায় যাইতে অস্বীকার করিলে তাহার কথা।

(২) যে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট বা মজুরসংগ্রাহক ঐ খরচ করেন, এই ধারার বিধানমতে যে অর্থদণ্ড আদায় হয় তাহা অপরাধ নির্ণয়কারী মাজিষ্ট্রেটের বিবেচনামতে সেই দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টকে বা মজুরসংগ্রাহককে দেওয়া যাইতে পারিবে।

৯৪ ধারা। কোন দেশান্তরগামী মজুর যদি

(ক) আড্ডা হইতে পলায়, কিম্বা

(খ) দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের আদেশ পাইলে যুক্তিমত কারণ বিনা জাহাজে উঠিতে অস্বীকার বা উপেক্ষা করে,

দেশান্তরগামী মজুর আড্ডা হইতে পলাইলে বা জাহাজে না উঠিলে তাহার কথা।

তবে তাহার এক মাস পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা তাহার সহিত করারপত্র করিয়া তাহাকে রেজিষ্টরী করিতে ও আড্ডায় লইয়া যাইতে ও সেখানে তাহার ভরণপোষণ করিতে যত টাকা খরচ হয় সেই টাকার দ্বিগুণ অর্থদণ্ড কিম্বা উভয় দণ্ড হইবে।

(২) যে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট বা মজুরসংগ্রাহক ঐ খরচ করেন, এই ধারার বিধানমতে যে অর্থদণ্ড আদায় হয় তাহা অপরাধ নির্ণয়কারী মাজিষ্ট্রেটের বিবেচনামতে সেই দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টকে বা মজুরসংগ্রাহককে দেওয়া যাইতে পারিবে।

৯৫ ধারা। ৬৩ ধারার বিধান লঙ্ঘন করিয়া কোন ব্যক্তি কোন দেশান্তরগামী মজুরকে জাহাজে উঠাইয়া দিলে কিম্বা কোন জাহাজের অধ্যক্ষ জানিয়া শুনিয়া উঠিতে দিলে, তদ্রূপ যতজন মজুর জাহাজে উঠে তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত ঐ ব্যক্তির বা অধ্যক্ষের দুইশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

৬৩ ধারার বিধান লঙ্ঘন করিয়া মজুরকে জাহাজে উঠাইলে বা উঠিতে দিলে তাহার কথা।

৯৬ ধারা। (১) ৮১ অবধি ৯২ ধারা পর্য্যন্ত ধারামত অভিযোগ নিম্নলিখিত প্রকারে উপস্থিত করা না গেলে করা যাইবে না, অর্থাৎ,

অভিযোগ উপস্থিত করিবার কথা।

(ক) ৮৬ অবধি ৯২ পর্য্যন্ত ধারামত অভিযোগ দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট বা দেশান্তরগামিদের রক্ষক বা তদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন কর্ম্মচারীদ্বারা উপস্থিত করা যাইবে।

(খ) ৯৩ ধারামত অভিযোগ কোন মাজিষ্ট্রেট বা রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষদ্বারা কিম্বা জাহাজে চড়িবার বন্দরস্থ দেশান্তরগামিদের রক্ষকদ্বারা কিম্বা তাঁহাদের কাহার অনুমতিক্রমে উপস্থিত করা যাইবে।

(গ) ৯৪ ধারামত অভিযোগ রক্ষকের অনুমতিক্রমে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট দ্বারা উপস্থিত করা যাইবে।

(ঘ) ৯৫ ধারামত অভিযোগ দেশান্তরগামীদের রক্ষক দ্বারা কিম্বা তদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কর্ম্মচারী দ্বারা উপস্থিত করা যাইবে।

৯৭ ধারা। ৯৩ ও ৯৪ ধারামতে অভিযোগ হইলে, নিম্নলিখিত কথা যথাক্রমে উৎকৃষ্ট উত্তর হইবে, যথা,

পলায়নের অভিযোগ হইলে, প্রতিবাদের কথা।

(ক) ৯৩ ধারামত অভিযোগ সম্বন্ধে এই কথা, অর্থাৎ, মজুর সংগ্রাহক বা তৎপরিবর্ত্তনীয় কোন ব্যক্তি অভিযুক্ত ব্যক্তির প্রতি কিম্বা তৎসঙ্গী অন্য দেশান্তরগামীদের প্রতি কুব্যবহার, প্রতারণা বা প্রবঞ্চনা করিয়াছে;

(খ) ৯৪ ধারামত অভিযোগ সম্বন্ধে এই কথা, অর্থাৎ, আড্ডায় থাকিবার বা তথায় যাইবার সময়ে পথিমধ্যে দেশান্তরগামী মজুরের প্রতি কুব্যবহার বা গাফিলী করা হইয়াছে।

৯৮ ধারা। জাহাজে মাসুলচুরি নিবারণার্থ সামুদ্রিক কষ্টমের কার্য্যকারকদের প্রতি আইনক্রমে জাহাজাদি তলাশ করিবার বা আটক করিয়া রাখিবার কিম্বা অন্য প্রকারে কার্য্য করিবার যে সকল ক্ষমতা অর্পিত থাকে, এই আইনবিরুদ্ধ অপরাধ নিবারণার্থ ঐ কার্য্যকারকেরা সেই সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন

এই আইনের কার্য্যপক্ষে কষ্টমের কার্য্যকারকদের জাহাজাদি তলাশ করিতে ও আটক করিয়া রাখিতে পারিবার কথা।

---

১৩ অধ্যায়।

অতিরিক্ত বিধি।

৯৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের নামোল্লেখে বা পদোপলক্ষে যে কোন ব্যক্তিকে নির্দ্দিষ্ট স্থানসীমার মধ্যে এই আইনমতে মাজিষ্ট্রেটের কর্ম্ম করিতে নিযুক্ত করিতে পারিবেন।

এই আইনের কার্য্যপক্ষে স্থানীয় গবর্ণমেণ্টের মাজিষ্ট্রেট নিযুক্ত করিতে পারিবার কথা।

১০০ ধারা। (১) কোন মজুরের সহিত যে করারপত্র করা যায় তদুৎপন্ন কোন কর্ত্তব্য কর্ম্ম কিম্বা এই আইনের বা এই আইনমতে প্রণীত বিধির নির্দ্দিষ্ট কোন কর্ত্তব্য কর্ম্ম করেন নাই বলিয়া দেশান্তরগমনসম্পর্কীয় কোন এজেণ্টের নামে অভিযোগ হইতে পারিলে, দেশান্তরগামীদের রক্ষক উচিত বোধ করিলে ঐ কর্ম্ম না করাতে ক্ষতিপূরণ আদায় করিবার নিমিত্ত ঐ মজুরের পক্ষে উক্ত দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

কর্ত্তব্য কর্ম্ম না করায় দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের নামে মোকদ্দমা করিবার কথা।

(২) এইধারামত ক্ষতিপূরণ দিবার সময়, ৫০ ও ৫২ ধারামতে যে সকল টাকা দিবার আজ্ঞা হইয়া থাকে তৎসমুদয় বিবেচনাধীনে লইতে হইবে।

১০১ ধারা। (১) যে কোন বন্দর হইতে যে কোন দেশে গমন যৎকালে আইনসিদ্ধ হয় সেই বন্দর হইতে সেই দেশে যাইতে পাইলবিশিষ্ট জাহাজের ও বাষ্পীয় জাহাজের সম্ভাবিত যতকাল এই আইনের কার্য্যপক্ষে লাগিবে বলিয়া ধরা যাইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া তাহা নিরূপণ করিতে পারিবেন।

এই আইনের কার্য্যপক্ষে যেযাত্রায় সম্ভবতঃ যতকাল লাগিবে তাহা নিরূপণ করিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরেল সাহেবের ক্ষমতার কথা।

(২) এই ধারামতে একারান্তরে নিরূপিত না হইলে, এই আইনের তৃতীয় তফসীলের লিখিত বন্দর সকল হইতে ঐ তফসীলের লিখিত দেশে যাইতে পাইলবিশিষ্ট জাহাজের সম্ভাবিত যত কাল লাগিবে, ঐ তফসীলের নির্দ্দিষ্ট কালকেই সেই কাল বলিয়া জ্ঞান করা যাইবে।

১০২ ধারা। (১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া ষ্ট্রেট সেটলমেণ্ট ও তন্নিকটবর্ত্তী দেশীয় রাজ্যে মজুরদের যাইবার কথা।

ষ্ট্রেট সেটলমেণ্ট গমন বিষয়ক ১৮৭৭ সালের আইন ব্রিটিষ ভারতবর্ষের সমস্ত বা কোন স্থানে বর্ত্তাইতে পারিবেন।

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ঐরূপ বিজ্ঞাপন দিয়া ইহাও প্রকাশ করিতে পারিবেন যে, ষ্ট্রেট সেটলমেণ্টের সন্নিহিত রক্ষিত দেশীয় সমস্ত বা কোন রাজ্য উক্ত সেটলমেণ্টে মজুরদের গমনসম্পর্কীয় কোন আইনের কার্য্য পক্ষে উক্ত সেটলমেণ্টের অংশ বলিয়া গণ্য হইবে।

(৩) *(২) প্রকরণমতে প্রকাশিত কোন বিজ্ঞাপনের তারিখ অবধি উক্ত বিজ্ঞাপনে যে বা যে২ দেশীয় রাজ্যের উল্লেখ থাকে, তথায় মজুরী লইয়া কর্ম্ম করিবার করারপত্রক্রমে ব্রিটিষ ভারতবর্ষ হইতে সমুদ্রপথে ভারতবর্ষীয় যে কোন ব্যক্তি যায় সে এই আইনের মর্ম্মানুসারে দেশান্তর গমন করে বলিয়া জ্ঞান করা যাইবে না।

১০৩ ধারা। (ক) গ্রেটব্রিটেন ও আয়র্লণ্ড সম্বলিত সংযুক্ত রাজ্যের শ্রীশ্রীমতী মহারাণীর সহিত ফরাশীদের সম্রাটের যে সন্ধিপত্র ১৮৬১ সালের জুলাই মাসের ১ তারিখে পারিস নগরে স্বাক্ষরিত হইয়া ১৮৬১ সালের জুলাই মাসের ৩০ তারিখে সেই স্থানে দৃঢ় করা যায়, সেই সন্ধিপত্রের নিয়মানুসারে ফরাশী উপনিবেশে; এবং

ব্রিটিষ বন্দর হইতে ফরাশী ও ওলন্দাজ উপনিবেশে গমনের প্রতি এই আইন বর্ত্তিবার কথা।

(খ) গ্রেটব্রিটেন ও আয়র্লণ্ড সম্বলিত সংযুক্ত রাজ্যের শ্রীশ্রীমতী মহারাণীর সহিত নেদরলণ্ডের রাজার যে সন্ধিপত্র ১৮৭০ সালের সেপ্টেম্বর মাসের ৮ তারিখে হেগ নগরে স্বাক্ষরিত হইয়া ১৮৭১ সালের ফেব্রুয়ারি মাসের ১৭ তারিখে সেই স্থানে দৃঢ় করা যায়, সেই সন্ধিপত্রের নিয়মানুসারে ওলন্দাজ গায়েনা নামক নেদরলণ্ডের উপনিবেশে,

ব্রিটিষ ভারতবর্ষের বন্দর হইতে মজুরদের গমনের প্রতি এই আইনের বিধান বর্ত্তিবে।

কিন্তু কোন স্থলে এই আইনের বিধানের সহিত উক্ত কোন সন্ধিপত্রের কোন বিধানের অনৈক্য হইলে, সন্ধিপত্রের বিধান প্রবল হইবে।

১০৪ ধারা। ব্রিটিষ ভারতবর্ষের যে কার্য্যানুষ্ঠান করিতে হইবে, তাহার সহিত যতদূর সম্পর্ক থাকে, ততদূর ভারতবর্ষীয় যে ব্যক্তিরা পূর্ব্ব ধারার উল্লিখিত যে সন্ধিপত্র গ্রেটব্রিটেন ও আয়র্লণ্ড সম্বলিত সংযুক্ত রাজ্যের শ্রীশ্রীমতী মহারাণী ও ফরাশীদের সম্রাট এই উভয়ের মধ্যে হয়, সেই সন্ধিপত্রক্রমে মজুরী লইয়া কর্ম্ম করিবার করারপত্র অনুসারে ফরাশী বন্দর হইতে সমুদ্রপথে ফরাশী উপনিবেশে যায়, তাহারা এই আইনের মর্ম্মানুযায়ী দেশান্তরগামী হইলে, তাহাদের প্রতি এই আইনের বিধান যেরূপে বর্ত্তিত, তাহাদের সম্বন্ধে সেইরূপে বর্ত্তিবে।

ভারতবর্ষীয় ফরাশী বন্দর হইতে করাশীউপনিবেশে গমন সম্বন্ধে ব্রিটিশ ভারতবর্ষে যে কার্য্যানুষ্ঠান হয়, তৎপ্রতি এই আইন বর্ত্তিবার কথা।

কিন্তু কোন স্থলে এই আইনের বিধানের সহিত উক্ত সন্ধিপত্রের বিধানের অনৈক্য হইলে, সন্ধিপত্রের বিধান প্রবল হইবে।

১০৫ ধারা। (১) সিংহল দ্বীপ বা ষ্ট্রেট সেটলমেণ্ট ছাড়া সমুদ্রপারবর্ত্তী কোন দেশে মজুরী লইয়া কর্ম্ম করিবার চুক্তিক্রমে ব্রিটিষ ভারতবর্ষ হইতে ভারতবর্ষীয় কোন ব্যক্তির স্থলপথে যাওয়া নিষেধ করা গেল।

সমুদ্রপারবর্ত্তী কোন দেশে মজুরী লইয়া কর্ম্ম করিবার করারপত্রক্রমে ভারতবর্ষীয় কোন ব্যক্তির স্থলপথে যাওয়া নিষেধ হওয়ার কথা।

কিন্তু (ক) কোন ঘরের চাকর আপন কর্ত্তার সঙ্গে গেলে,

(খ) ১০২ ধারার উল্লিখিত সন্ধিপত্রানুসারে ফরাশী উপনিবেশে মজুরী লইয়া কর্ম্ম করিবার করারপত্রক্রমে ভারতবর্ষের কোন ফরাশীবন্দর হইতে সমুদ্রপথে যাত্রা করিবার নিমিত্ত ভারতবর্ষীয় কোন ব্যক্তি গেলে,

স্থলপথে তাহার যাওয়ার প্রতি এই ধারার কোন কথা বর্ত্তিবে না।

(২) কোন ব্যক্তি এই ধারা লঙ্ঘন করিয়া ব্রিটিষ ভারতবর্ষ হইতে স্থলপথে যাইতে ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে প্রবৃত্তি দিলে বা দিবার উদ্যোগ করিলে, সেই ব্যক্তি ৮২ ধারামত অপরাধ করিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

১ তফসীল।

(৮ ধারা দেখ।)

যে দেশে যাওয়া আইনসিদ্ধ তাহার নাম।

১। মরীচদ্বীপ, জামেকা, ব্রিটিষ গায়েনা, ত্রিনিদাদ, সেণ্ট লুশিয়া, গ্রেনাডা, সেণ্ট বিনসেণ্ট, নেটাল, সেণ্ট কিটস্, নেবিস্, ও ফিজির ব্রিটিষ উপনিবেশ।

২। মার্টিনিক্, গাডেলুপ ও তদধীন স্থানের এবং গায়েনার ফরাশী উপনিবেশ।

৩। [illegible]

৪। দিনেমারদের সেণ্টক্রোয়ার উপনিবেশ।

২ তফসীল।

(২১ ধারা দেখ।)

মজুরসংগ্রাহকের অনুমতিপত্রের পাঠ।

অমুক বন্দরের দেশান্তরগামীদের রক্ষকের আফিস।

এতৎসংযুক্ত বর্ণনাপত্রে বর্ণিত শ্রী কে অমুক স্থানের নিমিত্ত (যে দেশের নিমিত্ত মজুরসংগ্রাহক মজুর সংগ্রহ করিবার অনুমতিপত্র প্রাপ্ত হইয়াছে, এই স্থলে সেই দেশের উল্লেখ কর) অমুক এলাকাবমধ্যে (যে স্থানের মধ্যে মজুরসংগ্রাহক মজুর সংগ্রহ করিবার অনুমতিপত্র প্রাপ্ত হইয়াছে, এই স্থলে সেই স্থানের উল্লেখ কর) মজুরসংগ্রাহক হইবার অনুমতিপত্র দেশান্তর গমনবিষয়ক ভারতবর্ষীয় ১৮৮৩ সালের আইনমতে দেওয়া গেল।

পূর্ব্বে রহিত না হইলে এই অনুমতিপত্র অমুক সালের অমুক মাসের অমুক তারিখ পর্য্যন্ত প্রবল থাকিবে।

সাং তাং

(স্বাক্ষর) শ্রী

দেশান্তরগামীদের রক্ষক

বর্ণনাপত্র।

নাম।	পিতার নাম।	বয়স।	উচ্চতা।	যে স্থানীয় বিভাগের অর্থাৎ যে তফসীল বা তালুক প্রভৃতির যে গ্রামে থাকে তাহার নাম।

৩ তফসীল।

(১০১ ধারা দেখ।)

এই আইনমত মাদ্রায় সম্প্রাপ্ত মত কাল লাগিবে।

কলিকাতা হইতে—

মরীচে	আপ্রিল মাসের আরম্ভাবধি অক্টোবর মাসের শেষ পর্য্যন্ত সময়ে দশ সপ্তাহ এবং নবেম্বর মাসের আরম্ভাবধি মার্চ্চ মাসের শেষ পর্য্যন্ত সময়ে আট সপ্তাহ।
জামেকা, ব্রিটিষ গায়েনা ও ত্রিনিদাদ ও সেণ্ট লুশিয়া ও গ্রেনাডা ও সেণ্টবিনসেণ্ট ও সেণ্টকিটস ও নেবিস ও সেণ্টক্রোয়া ও ফরাশী গায়েনা ও মার্টিনিক ও গাডেলুপ ও তদধীনস্থান ও ওলন্দাজ গায়েনার	২০ সপ্তাহ
নেটালে	১২ সপ্তাহ
ফিজিদ্বীপে ...	১৮ সপ্তাহ

মাদ্রাজ হইতে—

মরীচে	আপ্রিল মাসের আরম্ভাবধি অক্টোবর মাসের শেষ পর্য্যন্ত সময়ে সাত সপ্তাহ এবং নবেম্বর মাসের আরম্ভাবধি মার্চ্চ মাসের শেষ পর্য্যন্ত সময়ে ছয় সপ্তাহ।
জামেকা, ব্রিটিষ গায়েনা ও ত্রিনিদাদ ও সেণ্টলুশিয়া ও গ্রেনাডা ও সেণ্টবিনসেণ্ট ও সেণ্টকিটস ও নেবিস ও সেণ্টক্রোয়া ও ফরাশী গায়েনা ও মার্টিনিক ও গাডেলুপ ও তদধীনস্থান ও ওলন্দাজ গায়েনার	১৯ সপ্তাহ
নেটালে	১০ সপ্তাহ
ফিজিদ্বীপে	১৭ সপ্তাহ

বোম্বাই হইতে—

মরীচে	আপ্রিল মাসের আরম্ভাবধি সেপ্টেম্বর মাসের শেষ পর্য্যন্ত সময়ে পাঁচ সপ্তাহ এবং অক্টোবর মাসের আরম্ভাবধি মার্চ্চ মাসের শেষ পর্য্যন্ত সময়ে ছয় সপ্তাহ।
জামেকা, ব্রিটিষ গায়েনা ও ত্রিনিদাদ ও সেণ্টলুশিয়া ও গ্রেনাডা ও সেণ্টবিনসেণ্ট ও সেণ্ট কিটস ও নেবিস ও সেণ্টক্রোয়া ও ফরাশী গায়েনা ও মার্টিনিক ও গাডেলুপ ও তদধীনস্থান ও ওলন্দাজ গায়েনার।	১৯ সপ্তাহ
নেটালে	১০ সপ্তাহ
ফিজিদ্বীপে	১৭ সপ্তাহ

টি. ফিট্‌জপাট্রিক,

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L.,

Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল, ৮ আপ্রিল।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৪ সালের ১ মার্চ্চ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া বিবেচনা ও রিপোর্ট নিমিত্ত সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।—

কলিকাতার শাখানগর মুনিসিপালিটীর মধ্যে পরিষ্কৃত জল যোগাইবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

কলিকাতার শাখানগর মুনিসিপালিটীর মধ্যে পরিষ্কৃত জল যোগাইবার বিধান করা বাঞ্ছনীয়। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে:—

হেতুবাদ।

উপক্রমিকা।

১ ধারা। এই আইন "১৮৮৪ সালের কলিকাতার শাখানগরের জল যোগাইবার আইন" নামে খ্যাত হইতে পারিবে।

সংক্ষেপ নাম।

আর এই আইন শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন সহিত যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখের পর ৩ মাসের অনধিক কালের মধ্যে স্থানীয় গবর্ণমেণ্ট যে তারিখ নির্দ্দেশ করেন, সেই তারিখ অবধি প্রবল হইবে।

আইনের আরম্ভ।

২ ধারা। এই আইনের তফসীলে যে আইনের উল্লেখ আছে, তাহা তফসীলের তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইল, তত দূর এতদ্দ্বারা রহিত করা গেল।

যে আইন রহিত হইল তাহার কথা।

৩ ধারা। বিষয় বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথা দ্বারা বিপরীত অর্থবোধ না হইলে, এই আইনে,

অর্থকরণের কথা।

(১) ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের কিম্বা বঙ্গদেশের মুনিসিপালিটীর বিধান করণার্থ অন্য যে আইন যৎকালে বলবৎ থাকে সেই আইনের বিধানমতে যৎকালে যাঁহারা কলিকাতার শাখানগরের মুনিসিপল কমিশ্যনর নিযুক্ত বা মনোনীত হইয়া থাকেন, "কমিশ্যনরগণ" বলিতে তাঁহাদিগকে বুঝাইবে।

"কমিশ্যনরগণ।"

(২) "মুনিসিপালিটী" শব্দে উক্ত কমিশ্যনরগণের বিচারাধিপত্যাধীন স্থান বুঝাইবে।

"মুনিসিপালিটী।"

(৩) "ঘর" শব্দে কোন চালাঘর, দোকান, গুদাম কোটাঘর ও চালাও গণ্য।

"ঘর।"

(৪) "ভূমি" শব্দে (ভূমি ছাড়া) ভূমি হইতে উৎপন্ন ফল, মৃত্তিকাসংযুক্ত কোন দ্রব্য, কিম্বা মৃত্তিকাসংযুক্ত দ্রব্যের সহিত চিরসংলগ্ন দ্রব্যও বুঝিতে হইবে।

"ভূমি।"

(৫) "স্বামী" শব্দে এই ব্যক্তি গণ্য—

"স্বামী।"

(ক) যে ভূমিসম্বন্ধে স্বামী শব্দের প্রয়োগ হয়, প্রজার স্থানে বা প্রকারান্তরে যৎকালে যে প্রত্যেক

A Bill to provide for the supply of filtered water within the Municipality of the Suburbs of Calcutta.

ব্যক্তির সেই ভূমির খাজানা পাইবার অধিকার থাকে তিনি, ও

(খ) ঐরূপ কোন ব্যক্তির পক্ষীয় কার্য্যাধ্যক্ষ, ও

(গ) ঐরূপ কোন ব্যক্তির এজেণ্ট, ও

(ঘ) ঐরূপ কোন ব্যক্তির ট্রষ্টী।

কিন্তু এই আইনে স্বামির প্রতি কোন কর্ম্ম করিবার আজ্ঞা থাকিলে, কার্য্যাধ্যক্ষ, এজেণ্ট বা ট্রষ্টীস্বরূপ ঐ ব্যক্তির হাতে ঐ কর্ম্ম করিবার উপযুক্ত খরচ না থাকিলে, তিনি ঐ কর্ম্ম করিতে দায়ী হইবেন না ও উক্ত কর্ম্ম না করা প্রযুক্ত তাহার কোন অর্থদণ্ড হইবে না।

"রাস্তা।"

(ঙ) দুইমুখ খোলা থাকুক বা না থাকুক, যে কোন রাস্তা, পথ, চত্বর, প্রাঙ্গণ, গলি বা বর্ত্ম দিয়া সাধারণের যাইবার স্বত্ব থাকে, "রাস্তা" শব্দে তাহা বুঝাইবে।

নল যোগাইবার বিধি

কলিকাতার সমবায়িত সমাজের পরিষ্কৃত জল যোগাইয়া দিবার কথা।

৪ ধারা। কলিকাতা নগরের সমবায়িত সমাজ ও কমিশ্যনরগণের মধ্যে যেরূপ স্থির হয়, তদ্রূপ পরিমাণে ও তদ্রূপ শর্ত্ত ও নিয়মানুসারে উক্ত সমবায়িত সমাজ মুনিসিপার্টীর জন্য পরিষ্কৃত জল যোগাইয়া দিবার বিধান করিবেন।

কমিশ্যনরগণের জল-বিতরণের বিধান করিবার কথা।

৫ ধারা। কমিশ্যনরগণ মুনিসিপালাটীর মধ্যে ঐ জল বিতরণের বিধান করিবেন এবং তদর্থে মুনিসিপালিটীর প্রধান২ সকল রাস্তায় পরিষ্কৃত জল যোগাইবার নিমিত্ত বড় ও ছোট যত নল ও যত পুষ্করিণী ও জলাশয় কিম্বা অন্য যে কার্য্য করা আবশ্যক, তাহা প্রস্তুত করাইয়া দিবেন ও যত কল থাকিলে মুনিসিপালিটীর অধিবাসিরা গৃহকার্য্যের নিমিত্তে বিনা মূল্যে সুবিধামতে জল পাইতে পারেন উক্ত রাস্তায়২ তত দাঁড়া কল স্থাপন করিয়া দিবেন।

উক্ত কল এমন স্থানে২ স্থাপন করা যাইবে যেন কোন বড় রাস্তার কোন স্থান হইতে উক্ত কোন না কোন কল দেড় শত গজের অধিক দূর না হয়।

যাহা গৃহকার্য্যনামে চালান না যায় তাহার কথা।

৬ ধারা। কোন ব্যক্তি ঘোড়া প্রভৃতি কোন জন্তু কি গাড়ী বিক্রয় করিবার কি ভাড়া দিবার জন্যে রাখিলে, সেই জন্তুর নিমিত্ত কি গাড়ী ধুইবার নিমিত্ত যে জলের প্রয়োজন কিম্বা কোন ব্যবসায়ের কি কারখানার কি কর্ম্মের কিম্বা ঝরণার নিমিত্ত কি বাগানে কি পথে ছিটাইয়া দিবার নিমিত্ত, কিম্বা অন্য প্রকারের শোকার্থ কি কর্ম্মের নিমিত্ত যে জলের প্রয়োজন, তাহা গৃহকার্য্যের জলসম্পোয্যের মধ্যে ধরা যায় না।

ব্যবসায়ের নিমিত্ত জল যোগাইবার কথা।

৭ধারা। ঘরের নানা কর্ম্মের নিমিত্ত যত জলের প্রয়োজন, কোন ব্যক্তি তাহা ছাড়া অন্য কার্য্যের নিমিত্ত জল চাহিলে, যে কার্য্যের নিমিত্তে যত জল খরচ হইবার সম্ভাবনা দরখাস্ত লিখিয়া এই কথা কমিশ্যনরগণকে জানাইলে, তাঁহারা জলপরিমাপক যন্ত্রদ্বারা সেই জল যোগাইয়া দিতে পারিবেন।

তাহা হইলে কমিশ্যনরগণ নিয়মিত সভাছাড়া কোন সভায় অধিষ্ঠিত হইয়া খরচা ও রেটস্থির করিয়া, যতবড় ও যে প্রকারের নল প্রভৃতি করিতে স্থির করেন, সেই২ প্রকারের তত বড় নল বসাইবেন কি বসাইতে দিবেন, ও অন্য২ কার্য্য করিবেন।

গৃহকার্য্যের নিমিত্ত গৃহস্থের কিয়ৎপরিমাণ জল পাইবার অধিকারের কথা।

৮ ধারা। ঘরের প্রজা ঐ ঘরের জন্যে জলের রেট বলিয়া কমিশ্যনরগণকে যত টাকা দিয়া থাকেন, টাকা প্রতি তাঁহার আর খরচ বিনা পরিষ্কৃত জলের——গ্যালন পাইবার অধিকার থাকিবে।

কমিশ্যনরগণ যে পরিমাণের নল দ্বারা ঐ জল দিতে স্থির করেন সেই নলদ্বারা গৃহকার্য্যের নিমিত্ত ঐ জল যোগাইয়া দেওয়া যাইবে। পূর্ব্বোক্তমতে গৃহস্থের যত পরিষ্কৃত জল পাইবার অধিকার থাকে তিনি তাহার অধিক খরচ করিয়া থাকেন কমিশ্যনরগণের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, তাঁহারা আপনাদের খরচে জলপরিমাপক যন্ত্র যোগাইয়া ঐ ঘরসংযুক্ত জলের নলে তাহা যোজনা করিয়া রাখিতে পারিবেন। তাহা হইলে পূর্ব্বোক্তমতে প্রজার যত জল পাইবার অধিকার থাকে, তাহার অতিরিক্ত যত জল খরচ করেন তাহার——গ্যালন প্রতি তাঁহার একং টাকার হিসাবে দিতে হইবে।

পরন্তু ইহার পশ্চাৎ ধারামতে কমিশ্যনরগণ যে অপরিষ্কৃত জল যোগাইয়া দেন তাহার জন্যে তাঁহার খরচ লইবেন না।

যেং ঘরের বৎসর ১২০০ টাকার কম ধরিয়া টাক্স ধার্য্য হয় তাহার প্রতি এই ধারার কোন কথা খাটিবে না।

কমিশ্যনরগণের পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবার কথা।

৯ধারা। কমিশ্যনরগণ সকল পাইখানায় ও শৌচস্থানে স্বেচ্ছামতে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবেন।

সকল পাইখানায় জলাধার দিবার কথা।

১০ ধারা। যেসকল পাইখানায় ও শৌচস্থানে এইক্ষণে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দেওয়া গিয়া থাকে কি পশ্চাৎ দেওয়া যাইবে, তথায় জলাধার দিতে হইবে। সেই আধার কত বড় ও কি প্রকারের হইবে, কমিশ্যনরগণ তাহা নির্ণয় করিবেন। যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দেওয়া যায় তাহার স্বামির খরচে ঐ সকল জলাধার দিতে হইবে।

জলের নলাদি যত বড় হইবে তাহার কথা ও গৃহস্থের খরচে তাহা করিতে হইবার কথা।

১১ ধারা। ইহার পূর্ব্বে জলের যে রেটের কথা লেখা গেল, কোন ব্যক্তি সেই রেট দিলে, তাঁহার গৃহকার্য্যের নিমিত্তে সঙ্গতমতে যত জলের প্রয়োজন, কমিশ্যনরগণের জলের নলের সঙ্গে নলযোজনা করাইয়া ঘরে কি জমীতে তাঁহার তত জল আনাইবার অধিকার থাকিবে, কিন্তু ঐ ঘর কি ভূমি যত দিন খালি থাকে, কমিশ্যনরগণ তত দিন তাহার জলসম্পোয্য বন্ধ করিয়া দিতে পারিবেন।

যে ব্যক্তি রেট দিয়া থাকেন, কমিশ্যনরগণের নলদ্বারা তাঁহার ঘরে জল আনাইবার জন্যে যে নল যোজনা করা গিয়া থাকে, ও তাহার সঙ্গে ঘরের মধ্যে নলপ্রভৃতি যেং বস্তু সংযুক্ত থাকে, তাহা যে প্রকারের ও যত বড় ও যে

জন্যে নির্ম্মিত হইবে কমিশ্যনরগণ তাহা স্থির ও অনুমোদন করিবেন; ও যে ব্যক্তি সেই জল চাহেন তাঁহারই খরচে তাহা প্রস্তুত করিয়া দেওয়া যাইবে।

ঘরে জল আনাইবার নলাদি কমিশ্যনরগণের কার্য্যকারকের সন্তোষমতে করিতে হইবার কথা

১২ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল আনাইবার জন্যে কমিশ্যনরগণের বড় ও ছোট নলের সঙ্গে যে নল সংযোগ করিয়া দেওয়া যায় ও অন্য যে সাজসরঞ্জাম থাকে এবং ঘরের কি ভূমির মধ্যে যে নল ও জল ও সাজসরঞ্জাম থাকে, তাহা সর্ব্বদাই কমিশ্যনরগণের তত্ত্বাধীনে ও সন্তোষমতে করা যাইবে।

যিনি ঐ জল পাইতে চাহেন তিনি কমিশ্যনরগণের সঙ্গে নিয়ম করিলে, সেই নিয়মানুসারে কিম্বা কমিশ্যনরগণ যত খরচ নির্দ্ধার্য্য করেন তদনুসারে, কমিশ্যনরগণের চাকরেরা ও কর্ম্মকারকেরা ঐ নলসংযোগ করাইবা ও তৎসংক্রান্ত অন্যং কার্য্য ও সাজসরঞ্জাম করাইয়া দিতে পারিবেন।

ও সেই কার্য্য করিবার জন্যে যত টাকা আবশ্যক হয় কমিশ্যনরগণ ঐ কর্ম্ম করিবার পূর্ব্বে তত টাকা দিবার কি গচ্ছত করিবার আজ্ঞা দিতে পারিবেন।

ও জলের রেট যে প্রকারে আদায় হইতে পারে ঐ দাবীর ও খরচার টাকাও সেই প্রকারে আদায় হইতে পারিবে।

বাড়ীর মধ্যে প্রবেশ করিবার ক্ষমতার কথা।

১৩ ধারা। পূর্ব্বোক্তমতে যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দেওয়া যায়, তাহার মধ্যে জল যোগাইবার সকল নল ও অন্যান্য কল ও সাজসরঞ্জাম দেখিবার নিমিত্ত, ও অকারণে জল নষ্ট না হয়, কিম্বা তাহার অযথা ব্যবহার না হয়, ইহা দেখিয়া লইবার জন্যে, কমিশ্যনরগণ যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি পূর্ব্বাহ্ণ ৭ ঘণ্টার ও অপরাহ্ণ ৫ ঘণ্টার মধ্যে কোন সময়ে ঐ ঘরে কি ভূমিতে যাইতে পারিবেন।

আর উক্ত সময়ে উক্ত কার্য্যের নিমিত্ত ঐ কার্য্যকারককে সেই ঘরে কি ভূমিতে যাইবার অনুমতি না দেওয়া গেলে কিম্বা পূর্ব্বোক্তমতে তাঁহার সেই বিষয় দেখিয়া লইবার বাধা দেওয়া গেলে, কমিশ্যনরেরা তৎক্ষণাৎ সেই ঘরের কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন।

কিন্তু পূর্ব্বোক্ত কোন কথাদ্বারা কোন অন্তঃপুরে কি স্ত্রী লোকদের থাকিবার যে ঘর দেশাচারমতে গোপনীয় স্থান হইয়া থাকে চারি ঘণ্টা থাকিতে নোটিস না দিয়া তন্মধ্যে কাহারো প্রবেশ করিবার ক্ষমতা দেওয়া গেল না।

নল বেমেরামত হইলে কমিশ্যনরগণের জল বন্ধ করিতে পারিবার কথা।

১৪ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার যে নল কি অন্য কল কি সাজসরঞ্জাম থাকে কমিশ্যনরদের কোন কার্য্যকারক এতৎপক্ষে ক্ষমতা পাইয়া কোন সময়ে সেই নল কি অন্য কল কি সাজসরঞ্জাম পরীক্ষা করিয়া তাহা এত দূর বেমেরামত হইয়াছে যে জল বৃথাই নষ্ট হয় ইহা জানিতে পাইলে, কমিশ্যনরগণ চব্বিশ ঘণ্টার অন্যূন সময় থাকিতে নোটিস লিখিয়া দিয়া ঐ ঘর কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন। বন্ধ করিয়া দেওনের খরচ ঐ ঘরের কি ভূমির প্রজার স্থানে লইতে পারিবেন।

রেট দিবার ত্রুটি হইলে জল বন্ধ করিতে পারিবার কথা।

১৫ ধারা। পূর্ব্বোক্ত জলের রেট যে২ সময়ে দেওয়া উচিত, কোন ব্যক্তি জল পাইলেও উক্ত কোন সময়ে ঐ রেট দিতে, কিম্বা ঘরের কার্য্যছাড়া অন্য কার্য্যের নিমিত্ত জল যোগাইয়া দেওয়া গেলে তাহার জন্যে খরচার দাওয়া হইলে পর তাহা দিতে ত্রুটি করিলে যে ঘরের কি ভূমির নিমিত্ত ঐ রেট কি দাবির টাকা দেনা হয় সেই ঘরে কি ভূমিতে যে নল যায়, কমিশ্যনরগণ তাহা কাটিয়া কিম্বা অন্য যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে ঐ ঘরের কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন, ও সেই ব্যক্তির স্থানে জল বন্ধ করিবার খরচ লইতে পারিবেন।

কিন্তু কোন ব্যক্তির প্রতি দণ্ড কি দায় বর্ত্তিলে, ঐ জলসম্পোষ্য বন্ধ হওয়াতেই তিনি সেই দণ্ড কি দায় হইতে নিষ্কৃতি পাইবেন না।

যাহার ঘরে জল নষ্ট হয় তাহার দণ্ড হইতে পারিবার কথা।

১৬ ধারা। এই আইনমতে কমিশ্যনরগণ কোন ঘরের কি ভূমির জল যোগাইয়া দিলে পর, প্রজার শৈথিল্য হেতুক কিম্বা অন্য যে ভাবগতিকের উপর তাঁহার কর্ত্তৃত্ব থাকিতে পারে এমত ভাবগতিকহেতুক জল নষ্ট হইলে, কিম্বা যে নল কি কল কি সাজসরঞ্জাম দ্বারা ঐ ঘরের কি ভূমির জলসম্পোষ্য হয় তাহা এত দূর বেমেরামত হইয়াছে যে জল নষ্ট হইয়া থাকে ইহা জানা গেলে সেই প্রজার টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কোন ব্যক্তি জল নষ্ট করিলে তাহার দণ্ড হইতে পারিবার কথা।

১৭ ধারা। কমিশ্যনরগণ যে জল যোগাইয়া দেন কোন ব্যক্তি সেই জল নষ্ট করাইলে তাহার টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

মুনিসিপালিটীর বাহিরে যাঁহারা থাকেন তাঁহাদিগকেও কমিশ্যনরগণের জল লইতে অনুমতি দিবার কথা।

১৮ ধারা। কোন ব্যক্তি মুনিসিপালিটীর সীমার মধ্যে বাস না করিলেও, কমিশ্যনরগণ ইচ্ছা করিলে নিয়মিত সভা-ছাড়া কোন সভায় তাঁহার গৃহকার্য্যের নিমিত্ত সময়ে২ জল দিবার যে২ নিয়ম নির্দ্দেশ করেন সেই২ নিয়মানুসারে ঐ ব্যক্তির জল লইবার কিম্বা তাহার জল যোগাইয়া দেওয়ার অনুমতি দিতে পারিবেন।

কমিশ্যনরগণ যে জলসম্পোষ্যের বিধান করেন কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি না পাইয়া মুনিসিপালিটীর সীমার বাহিরে খরচ করিবার জন্যে সেই জল লইলে কি আনাইলে, তাঁহার টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

৩৬ ধারা। ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের কিম্বা বঙ্গদেশের মুনিসিপালিটীর বিধান সংশোধন অন্য যে আইন যৎকালে বলবৎ থাকে, সেই আইনে যে প্রণালী নির্দ্দিষ্ট থাকে সেই প্রণালীমতে পূর্ব্বধারার কার্য্য পক্ষে ঘরের ও ভূমির বার্ষিক মূল্য ধার্য্য করা যাইবে।

১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের বিধানমতে বার্ষিক মূল্য ধার্য্য করিতে হইবার কথা।

৩৭ ধারা। ৪০ ও ৪১ ধারার বিধান স্থলে চা ১ ঘরের ও ভূমির প্রজারা জলের রেট দিবেন, এবং প্রতিবৎসর জানুয়ারি ও আপ্রিল ও জুলাই ও অক্টোবর মাসের ১ তারিখে ঐ রেট ত্রৈমাসিক অগ্রিম দেয় হইবে।

জলের রেট প্রজাদের ত্রৈমাসিক অগ্রিম দিতে হইবার কথা।

৩৮ ধারা। কোন ঘরের কি ভূমির উপলক্ষে জলের রেটের কোন ত্রৈমাসিক কিস্তি দেওয়া গেলে পর, যে তিন মাসের কিস্তি দেওয়া গেল সেই তিন মাসের মধ্যে প্রজা উঠিয়া যাওয়াতে যদি ঘর কি ভূমি খালি থাকে, তবে কমিশনরদিগকে ঐ ঘর কি ভূমি খালি হইবার নোটিস লিখিয়া দেওয়া গেলে পূরা তিন মাসের যত দিন বাকী থাকে তত দিনের নিমিত্তে কমিশনরগণের স্থানে তাঁহার ঐ জলের রেটের চারি অংশের তিন অংশ ফিরিয়া পাইবার অধিকার থাকিবে। ঐ নোটিস যে তারিখে কমিশনরগণের আফিসে দেওয়া যায় সেই তারিখ অবধি খালি হইল বলিয়া জ্ঞান হইবে।

ঘর খালি হইলে জলের রেট ফিরিয়া দিবার কথা।

৩৯ ধারা। যে ঘরের কি ভূমির উপর জলের রেট ধার্য্য হইল, ঐ রেট যে ব্যক্তির স্থানে আদায় করা গেল কিম্বা যে ব্যক্তি ঐ রেট দিলেন তিনিই স্বামী না হইলে, ঐ ঘরের কি ভূমির স্বামির নিকট তাঁহার যে ভাড়া দেনা থাকে তাহা হইতে তিনি ঐ জলের রেটের চতুর্থাংশ কাটিয়া লইতে পারিবেন।

প্রজা জলের রেট দিলে, স্বামির স্থানে তাহার চতুর্থাংশ ভাড়া হইতে কাটিয়া লইতে পারিবার কথা।

৪০ ধারা। কোন ঘর কি ভূমি যদি পূর্ণ তিন মাস খালি থাকে, তবে সেই ঘরের কি ভূমির প্রজা থাকিলে জলের রেট বলিয়া তাঁহার যত টাকা দিতে হইত, কমিশনরদিগের ঐ ঘরের কি ভূমির স্বামির সেই রেটের চতুর্থাংশ দিতে হইবে।

ঘর কি ভূমি খালি থাকিলে জলের রেটের চতুর্থাংশ স্বামির দিবার কথা।

এই ধারামতে স্বামির যে টাকা দেনা হয়, পূর্ব্ব তিন মাসের জলে ক্রমান্বয়ে আপ্রিল মাসের প্রথম ও জুলাই মাসের প্রথম ও অক্টোবর মাসের প্রথম ও জানুয়ারি মাসের প্রথম তারিখে তাঁহার সেই টাকা দিতে হইবে।

৪১ ধারা। দুই কি তদধিক ব্যক্তি পৃথক্ রূপে এক ঘরের প্রজা হইলে, কিম্বা দুই শত টাকার কম বার্ষিকমূল্য ধরিয়া ঘরের রেট ধার্য্য হইলে, কমিশনরগণ ঐ ঘরের স্বামির উপর, কিম্বা ঘর যে জমীতে থাকে সেই জমীর স্বামির উপর জলের রেট ধার্য্য করিতে পারিবেন।

স্থলবিশেষে স্বামিদের উপর রেট ধার্য্য করিবার কথা।

৪২ ধারা। যদি ঘরের কি জমির স্বামী ইহার পূর্ব্ব ধারামতে জলের রেট দিয়া থাকেন, তবে ঘরের একজন প্রজা থাকিলে, ঐ স্বামী রেটের যত টাকা দিলেন প্রজার স্থানে তাহার চারি অংশের তিন অংশ ফিরিয়া পাইতে পারিবেন।

স্বামী যে জলের রেট দেন প্রজার স্থানে তাহা ফিরিয়া পাইবার কথা।

দুই কি তদধিক জন প্রজা থাকিলে, একং জলের দখলে ঘরের যে অংশ থাকে, সেই অংশ সম্পূর্ণ ঘরের মূল্যের যে ভাগ হয় স্বামী তদনুসারে, ঐ রেট বিভাগ করিয়া একং জনের স্থানে ঐ ভাগের চারি অংশের তিন অংশ লইতে পারিবেন।

৪৩ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন ঘরের কিম্বা তাহার কোন অংশের প্রজার স্থানে স্বামির কোন টাকা ফিরিয়া পাইবার অধিকার থাকিলে, ঘরের যে অংশ যাঁহার দখলে থাকে তাঁহার স্থানে সেই অংশের ভাড়া আদায় করিবার জন্যে তাঁহার যেং উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকে, ঐ রেটের টাকা আদায় করিবার জন্যে তাঁহার সেই২ উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকিবে।

স্বামির আদায় করণের যে ক্ষমতা থাকে রেট আদায় করিতেও তাহার সেই ক্ষমতা থাকার কথা।

৪৪ ধারা। জলের রেট ও জলের যোগান কিম্বা তাহার কার্য্য সম্পাদন সম্বন্ধে যে সকল টাকা সংগৃহীত, প্রাপ্ত বা আদায় হয় তাহা এবং তৎসংক্রান্ত সমুদয় কিম্বা জল যোগান সম্পর্কীয় সমুদয় অর্থদণ্ড নিম্নলিখিত কার্য্যে নিম্নলিখিতক্রমে প্রয়োগ করা যাইতে পারিবে।

জলের রেট ও জল যোগান সম্বন্ধে যে টাকা পাওয়া যায় তাহা প্রয়োগ করিবার কথা।

প্রথমতঃ।—জলের রেট আদায়ের খরচ দিতে হইবে।

দ্বিতীয়তঃ।—কলিকাতা নগরের সমবায়িত সমাজ ঐক মুনিসিপলিটীকে যে জল যোগাইয়া দেন তজ্জন্য যে হারের নিয়ম ৩৯ অথবা পশ্চাল্লিখিত প্রকারে নিযুক্ত সালিসেরা যে হার স্থির করিয়া দেন সেই হারে উক্ত জলের খরচ উক্ত সমবায়িত সমাজকে দেওয়া যাইবে।

তৃতীয়তঃ।—জলের কল প্রভৃতি প্রস্তুত করিবার, বাড়াইবার বা রক্ষা করিবার খরচ দিতে ও

জলের কল প্রভৃতির নিমিত্ত যে টাকা ঋণ করা হয় তাহার সুদ দিতে ও

তৎসম্বন্ধে কিম্বা জলের যোগান সংক্রান্ত অন্য কোন কার্য্যের নিমিত্ত যে সকল ঋণ করা হয় তাহা শোধ করিতে হইবে।

সালিসীর কথা।

৪৫ ধারা।—কলিকাতা নগরের সমবায়িত সমাজ উক্ত কমিশনরদিগকে যে পরিষ্কৃত জল যোগাইয়া দেন তাহার মূল্য সম্বন্ধে অথবা জলের যোগান সংক্রান্ত অন্য কোন বিষয় সম্বন্ধে উক্ত সমবায়িত সমাজের ও কমিশনরদের মধ্যে কোন বিবাদ

জলের মূল্য প্রভৃতি সম্বন্ধে বিবাদ হইলে তাহা সালিসীতে অর্পণ করিবার কথা।

উত্থিত হইলে, ঐ বিবাদ তিনজন সালিসের নিকট অর্পণ করা যাইবে। ঐ সালিসেরা নিম্নলিখিত প্রকারে নিযুক্ত হইবেন, অর্থাৎ,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের এক জন সেক্রেটরীর স্বাক্ষরিত লিখনক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট এক জনকে নিযুক্ত করিবেন।

কলিকাতা নগরের সমবায়িত সমাজের সাধারণ মোহরাঙ্কিত লিখনক্রমে উক্ত সমাজ এক জনকে নিযুক্ত করিবেন।

আর উক্ত কমিশানরদের সাধারণ মোহরাঙ্কিত লিখনক্রমে তাঁহারা এক জনকে নিযুক্ত করিবেন।

সালিসদিগকে বিরোধপত্র দিবার কথা।

৪৬ ধারা। ঐ সকল নিয়োগ পত্র সালিসদের হস্তে সমর্পণ করা যাইবে, এবং তাহাতে বিবাদীয় বিষয় বা বিষয়গুলি সালিসীতে অর্পণ করা গেল বলিয়া জ্ঞান হইবে; এবং কলিকাতা নগরের সমবায়িত সমাজ অথবা উক্ত কমিশানরেরা অপর পক্ষের ও স্থানীয় গবর্ণমেণ্টের সম্মতি বিনা ঐ সালিসী রহিত করিতে পারিবেন না।

সালিসের পদ শূন্য হইলে তাহাতে লোক নিযুক্ত করিবার কথা।

৪৭ ধারা।—অর্পিত বিষয়ের মীমাংসা হইবার পূর্ব্বে কোন সালিস মরিলে বা অক্ষম হইলে, যে পক্ষ ঐ সালিসকে নিযুক্ত করিয়াছিলেন সেই পক্ষ তাঁহার পরিবর্ত্তে কার্য্য করিবার নিমিত্ত অন্য কোন ব্যক্তিকে নাম নির্দ্দেশ করিয়া লিখনক্রমে নিযুক্ত করিতে পারিবেন; এবং অন্য দুই পক্ষের কোন পক্ষের স্থানে লিখিত নোটিস পাইবার পর যদি সাত দিন পর্য্যন্ত উক্ত পক্ষ কাহাকেও নিযুক্ত না করেন, তবে অবশিষ্ট সালিসেরা অর্পিত বিষয়ের কার্য্যানুষ্ঠান চালাইতে পারিবেন।

পূর্ব্বোক্তরূপে কোন সালিসের পরিবর্ত্তে যে ব্যক্তিকে নিযুক্ত করা যায়, পূর্ব্ব সালিসের মৃত্যু বা অক্ষমতা ঘটিবার সময়ে তাঁহার যে সকল ক্ষমতা ও শক্তি ছিল সেই ব্যক্তির সেই সকল ক্ষমতা ও শক্তি থাকিবে।

সালিসের বহী প্রভৃতি চাহিতে পারিবার কথা।

৪৮ ধারা। বিবাদীয় বিষয়ের মীমাংসা করিবার নিমিত্ত সালিসেরা কোন পক্ষের হস্তগত বা ক্ষমতাধীন যে কোন বহী বা দলীল আবশ্যক বিবেচনা করেন তাহা উপস্থিত করিবার আজ্ঞা করিতে পারিবেন এবং শপথ বা ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে সাক্ষীদিগের সাক্ষ্য লইতে পারিবেন ও তদর্থে যে শপথ বা ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করা আবশ্যক হয় তাহা করাইতে পারিবেন।

একুশ দিনের মধ্যে সালিসদের মীমাংসাপত্র দিবার কথা।

৪৯ ধারা। শেষ যে সালিস নিযুক্ত হন তাঁহার নিয়োগের তারিখের পর একুশ দিনের মধ্যে অথবা আপনাদের স্বাক্ষরক্রমে সালিসেরা তদর্থে বর্দ্ধিত সময় স্থির করিয়া থাকিলে সেই সময়ের মধ্যে সালিসেরা কিম্বা তাঁহাদের অধিকাংশ ব্যক্তি পক্ষদের নিকট আপনাদের মীমাংসাপত্র লিখিয়া দিবেন।

ঐ মীমাংসাপত্র চূড়ান্ত হইবে এবং অলঙ্ঘ্য কিম্বা দাঁড়াইবে কোন ভ্রমকৌতুক উহা অসিদ্ধ হইবে না।

সালিসীর খরচার কথা।

৫০ ধারা। ঐ সালিসীতে ও তদানুষঙ্গিক যে সকল খরচ পড়ে, সালিসেরা তাহা স্থির করিয়া মীমাংসাপত্রে লিখিবেন; এবং সালিসেরা যে পক্ষকে আদেশ করেন সেই পক্ষ কিম্বা যে পরিমাণের আদেশ করেন সেই পরিমাণে উভয় পক্ষ উক্ত খরচ ও সালিসদের ফী দিবেন।

তফসীল।

(১ ধারা দেখ।

সাল ও নম্বর	বিষয়।	যত দূর রহিত হইল
১৮৮১ সালের বম্বেয় ৬ আইন	১৮৭৬ সালের কলিকাতার মুনিসিপল আইনসংগ্রহ নামক আইন সংশোধনার্থ আইন।	১৫ ও ৩০ ধারা।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

এক্ষণে ব্যবস্থাসভার সম্মুখে মুনিসিপালিটী সংক্রান্ত আইনের যে পাণ্ডুলিপি উপস্থিত আছে তাহার ৭ম পরিচ্ছেদ পাণ্ডুলিপির নির্দ্দিষ্ট প্রকারে যে সকল মুনিসিপালিটীতে প্রচলিত করা যায়, তথাকার জলের যোগান ও জলের রেট সম্বন্ধীয় কথা ঐ পরিচ্ছেদে আছে। কিন্তু যে বিশেষ বন্দোবস্তক্রমে কলিকাতার শাখানগরে পরিষ্কৃত জল যোগাইয়া দিবার অভিপ্রায় আছে তাহার বিধান সাধারণ মুনিসিপল আইনে সুবিধামতে করা যাইতে পারে না। এই নিমিত্ত এই বিশেষ স্থলের প্রয়োজন সাধনার্থ বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। এই পাণ্ডুলিপির অধিকাংশ ১৮৭৬ সালের কলিকাতার মুনিসিপল আইনের ৭ অধ্যায় অবলম্বন করিয়া লিখিত হইয়াছে; এবং বিশেষ বিধানগুলি এই পাণ্ডুলিপির ৪ ধারায় ও ৪৪ অবধি ৫০ পর্য্যন্ত ধারায় আছে। ৪ ধারায় লিখিত আছে যে কলিকাতা নগরের সমবায়িত সমাজ জল যোগাইবার বিধান করিবেন; কিন্তু উক্ত মুনিসিপালিটীর মধ্যে জল বিতরণকার্য্য শাখানগরের কমিশানরেরা আপনাদের হস্তে লইবেন, এইরূপ অভিপ্রায় আছে। যে২ কার্য্যে জলের রেট প্রযোগ করা যাইতে পারিবে ৪৪ ধারায় তাহা নির্দ্দিষ্ট হইয়াছে এবং উহাতে ইহাও বলা হইয়াছে যে আদায়ের খরচ দিবার পর ৪ ধারামতে প্রদত্ত জলের মূল্য কলিকাতার সমবায়িত সমাজকে শোধ করিয়া দেওয়া ঐ রেটের উপর দ্বিতীয় দায় বলিয়া গণ্য হইবে। কোন বিবাদ উত্থিত হইলে সালিসদ্বারা তাহার মীমাংসা করিবার বিধান পরবর্ত্তী ধারাসমূহে আছে। পাণ্ডুলিপিতে ১৮৮১ সালের বম্বেয় ৬ আইনের ১৫ ও ৩০ ধারা রহিত করা গিয়াছে; কারণ এই পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলে ঐ ধারাগুলি অনাবশ্যক হইবে।

১৮৮৪ সাল ২৭ ফেব্রুয়ারি।

এচ, জে, রেনল্ডস্।
সি, এচ, হাইলী,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে, বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L., *Bengali Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট; ১৮৮৪। ৮ আপ্রিল।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল, ৮ আপ্রিল।

সপ্তম খণ্ড।

রাজস্ববিষয়ক সরক্যুলর।

১৮৮৪ সাল ফেব্রুয়ারি মাস।

মেম্বর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব, সি, আই, ই।

৩ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২ বালমের ৩১০ পৃষ্ঠায় ১০ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ৮ক ধারাস্বরূপ নিম্নলিখিত বিধি বিন্যস্ত করিতে হইবে।—

"ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞা এই যে উক্ত গবর্ণমেণ্ট পাট্টার শর্ত্তগুলি মঞ্জুর না করিলে, গবর্ণমেণ্ট কোন ব্যক্তিকে বা কোম্পানিকে খনিবিষয়ক পাট্টা দিবেন না। কোন স্থানীয় গবর্ণমেণ্ট আপন ক্ষমতাক্রমে অল্পকালের নিমিত্ত পরীক্ষা করিয়া দেখিবার পাট্টা যে দিতে পারিবেন না, এই আদেশের এরূপ অভিপ্রায় নহে। কিন্তু ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে না জানাইয়া ও উক্ত গবর্ণমেণ্টের অনুমতি না লইয়া খনিজবিষয়ে গবর্ণমেণ্টের মূল্যবান স্বত্ব কাহাকেও দেওয়া হইবে না, ইহা সুনিশ্চিত করাই এই আদেশের উদ্দেশ্য। যে সকল শর্ত্তে খনি খনন করিবার পাট্টা বা লাইসেন্স দিতে হইবে, তদ্বিষয়ে কোন সাধারণ বিধি ভারতবর্ষে খনিসংক্রান্ত ব্যবসায়ের বর্ত্তমান অবস্থায় নির্দ্দেশ করা যাইতে পারে না। যে কোন স্থল উপস্থিত হয়, তাহার দোষগুণ বিবেচনা করিয়া তদ্বিষয়ের মীমাংসা করিতে হইবে।"

শ্রীযুত এচ, এ, ক্রেক্স সাহেব সি, এস, আই

৪ নম্বর।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে এই বিধি প্রচার করা যাইতেছে, এবং ইহা বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ৪ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ৫৪ক ধারাস্বরূপ বিন্যস্ত করিতে হইবে।

৫৪ক। "ভূমিগ্রহণসংক্রান্ত যে কার্য্যকারকেরা পাবলিক ওর্কস ডিপার্টমেণ্টে নিমিত্ত ভূমি গ্রহণ করিতে বিশেষমতে নিযুক্ত থাকেন, তাঁহাদিগকে প্রত্যেক স্থলে রেবিনিউ বোর্ডের অনুমতি ব্যতিরেকে মুনিসিপালিটীর বা অন্যান্য সাধারণ সমিতির নিমিত্ত ভূমি গ্রহণ করিতে নিযুক্ত করা যাইবে না। বোর্ডের অনুমোদনক্রমে এরূপ কার্য্যে তাঁহাদিগকে নিযুক্ত করা গেলে সেরেস্তার খরচ দিবার জন্যে ভূমির মূল্যের শতকরা ১৫ টাকা খরচ ধরা যাইবে; এবং সেরেস্তার খরচ সহিত অনুমানপত্রমত টাকা খাজানাখানায় যত দিন দেওয়া না হয়, তত দিন অনুষ্ঠানিক কার্য্য আরম্ভ করা যাইবে না।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৮ আপ্রিল।]

৫ নম্বর।

বোর্ডের ১৮৮৩ সালের অক্টোবর মাসের ৫ নং সরকুলর অর্ডর রহিত করা গেল, এবং বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ১১৩ পৃষ্ঠায় ভূমিগ্রহণবিষয়ক ৪ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ৬১খ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।—

"৬১খ। মাসিক হিসাব আডিট করা যে কার্য্যকারকের কর্ত্তব্য, তাঁহার নিকট উক্ত হিসাবের সহিত উহার খরচের প্রতিপোষণার্থ এই রসীদ পাঠাইতে হইবে, এবং ইহার সর্টিফিকেটযুক্ত নকল বোকদ্দমার নথীর সহিত রাখিতে হইবে। যাঁহারা টাকা লন তাঁহাদের স্থানে দোকর রসীদ চাহা যাইবে না।"

৬ নম্বর।

রেবিনিউ এজেন্টদের সর্টিফিকেট নূতন করিয়া লইবার দরখাস্ত সামান্য কাগজে গ্রহণ করিবার রীতি কোন কোন জিলায় আছে। এই নিমিত্ত বোর্ড বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ১০ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ১৯ (ক) ধারাস্বরূপ নিম্নলিখিত কথাগুলি বিন্যস্ত করিবার আজ্ঞা করিলেন।—

"১৯ (ক)। কোন রেবিনিউ এজেন্ট আপনার সর্টিফিকেট নূতন করিয়া লইবার দরখাস্ত করিলে, আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ২ তফসীলের ১ (খ) প্রকরণের দ্বিতীয় দফামতে ঐ দরখাস্তে আট আনা মূল্যের একখান ইষ্টাম্প লাগিবে।"

৭ নম্বর।

ইহা বোর্ডের গোচর হইয়াছে যে কখনং বার্ষিক গাঁজার মৌজুদ উপযুক্ত সাবধানতা ও শুদ্ধতা সহকারে বুঝিয়া লওয়া হয় না। এনিমিত্ত বোর্ডের ১৮৮১ সালের জুন মাসের ২নং ও ১৮৮২ সালের মার্চ্চ মাসের ৪ নং সরকুলরের অনুক্রমে, বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ১৫ অধ্যায়ের ও ১৮৮৪ সালের আবকারী বিধিপুস্তকের ১৭ পরিচ্ছেদের ৫০ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি দিতে হইবে।—

৫০। "২৫ মার্চ্চ হইতে ৩১ মার্চ্চ পর্য্যন্ত প্রত্যেক গোলায় মৌজুদ বুঝিয়া লইতে হইবে এবং (হিসাবের গোল নিকাশের জন্য) ওজনের দিবস হইতে ৩১শে মার্চ্চ পর্য্যন্ত কোন গোলা হইতে গাঁজা বাহির করিয়া দেওয়া হইবে না।

মৌজুদ বৎসরং বুঝিয়া লইবার কথা।

(যদি বৎসরের মধ্যভাগে কোন গোলার ব্যবহার্য্য গাঁজা সমস্ত ফুরাইয়া যায় এবং গোলাদার তাহার লাইসেন্স ছাড়িয়া দেয়, তবে এই ধারামতে বৎসরের মধ্যে তাহার গোলার হিসাব শেষ হইতে পারিবে।)

জিলার সদর মোকামে আবকারী ভারপ্রাপ্ত ডেপুটী-কালেক্টর, মহকুমায় মহকুমার কর্ত্তৃপক্ষ এবং অন্য স্থানের গোলা হইলে গেজেটে যাঁহার নাম প্রকাশিত হয় কালেক্টর সাহেব কর্ত্তৃক নিয়োজিত এরূপ কোন কর্ম্মচারী এই কার্য্য করিবেন এবং এই কার্য্যের ভার কোনমতে কোন অধঃস্থ কর্ম্মচারির প্রতি অর্পণ করা যাইবে না।

সকল গাঁইট ও থলিয়া খুলিয়া গাঁজা বাহির করিতে হইবে, এবং যদি কোন গাঁজা অব্যবহার্য্য শ্রেণীভুক্ত করা যায়, তবে তাহার তিন প্রকারের প্রত্যেক প্রকার যত থাকে, তাহা পৃথক করা যাইবে।

কোন গাঁজা অব্যবহার্য্য শ্রেণীভুক্ত করা যায়, গোলাদারের এই প্রার্থনা সচরাচর গ্রাহ্য করিতে হইবে।

প্রথমতঃ প্রচলিত লৌহের তৌল দ্বারা ব্যবহার্য্য তিন প্রকারের গাঁজা পৃথকরূপে ওজন করিতে হইবে। ওজনের পর প্রত্যেক প্রকারের গাঁজা পৃথক করিয়া পুনরায় গাঁইট ও থলিয়ার ভিতর পুরিতে ও গাঁইটপ্রভৃতির উপর পুনরায় মোহর করিতে হইবে।

তৎপরে অব্যবহার্য্য গাঁজা কিছু থাকিলে তাহা ওজন করিতে হইবে এবং ওজনের পর তাহা মোহর করা থলিয়ার পৃথকরূপে রাখিতে হইবে এবং প্রত্যেক থলিয়ার উপর গাঁজার প্রকার, ওজন এবং মালিকের নাম লিখিত থাকিবে।

গোলাঘর সাবধানে ঝাঁট দিতে হইবে এবং কিছু ঝরতি পড়তি থাকিলে, তাহা ওজন করিতে হইবে। কোন আপগা বোঁটা বা ডালা ফুল ঘরের ভিতরে দেখিলে তাহা ঝরতি পড়তি বলিয়া ওজন করিতে হইবে। খড় দড়ি ইত্যাদি ফেলিয়া দিতে হইবে এবং ওজনের হিসাবে ধৃত হইবে না। যাহা ঝরতি পড়তি হয়, তাহা মোহর করা বাক্সে বা থলিয়ায় ওজন ও মালিকের নাম লিখিয়া রাখিতে হইবে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৮ আপ্রিল।]

অব্যবহার্য্য শ্রেণীভুক্ত গাঁজা ও ঝরতি পড়তি কিছু থাকিলে কালেক্টর সাহেবের অনুমতি লইয়া আবকারীর ভারপ্রাপ্ত ডেপুটী কালেক্টর বা মহকুমার কর্ত্তৃপক্ষ বা গেজেটে যাঁহার নাম প্রকাশিত হয় নিম্নোক্ত এরূপ কোন কর্ম্মচারীর সাক্ষাতে ৩১ মার্চ্চ তারিখে বা তাহার পূর্ব্বে নষ্ট করিয়া হিসাবে বাদ দিতে হইবে।

অব্যবহার্য্য ও ঝরতি পড়তি গাঁজা নষ্ট করিতে হইবার কথা।

বোটে যত গাঁজা পাওয়া যায়, তাহা হইতে (১) যত বাহিরে গিয়াছে (২) যত অব্যবহার্য্য হইয়াছে (৩) যত ঝরতি পড়তি গিয়াছে এবং (৪) যত ব্যবহার্য্য গাঁজা গুদামে মৌজুদ থাকে, তাহার সমষ্টি বাদ দিলে, যে অন্তর হয়, তাহাই "কমতি." ১৮৮১ সালের জুন মাসের ২ নং সরকুলারের লিখিত উদাহরণ দেখ।

গাঁজাব্যবসায়ী শতকরা ২½ অংশের অতিরিক্ত কমতির জন্য দায়ী এবং তদনুসারে মাশুল আদায় হইবে।

যে অতিরিক্ত কমতির উপর মাশুল আদায় হয়, তাহা হিসাবে পৃথকরূপে দর্শাইতে হইবে এবং কমিশ্যনর সাহেবের অনুমোদনাধীনে কালেক্টর সাহেব শতকরা ২½ অংশ পর্য্যন্ত কমতি হিসাব হইতে খারিজ করিয়া দিবেন। কমিশ্যনর সাহেবের নিকটে A ক্রোড়পত্রের ৩৯ নং পাঠে কার্য্যাদির রিপোর্ট করিতে হইবে।

অতিরিক্ত কমতি কমিশ্যনর সাহেবের নিকট রিপোর্ট করিতে হইবার কথা।

যে সকল কর্ম্মচারীর সাক্ষাতে গাঁজা নষ্ট করা হয় তাঁহারা ৩২ নং পাঠে এই মর্ম্মে সর্ব্বদাই সার্টিফিকেট সংযোগ করিবেন, যে তাঁহারা স্বয়ং অব্যবহার্য্য শ্রেণীভুক্ত গাঁজার ওজন দেখিয়াছেন এবং ঝরতি পড়তি পরীক্ষা করিয়াছেন এবং তৎসমুদয় রীতিমত নষ্ট করা হইয়াছে।

কালেক্টর সাহেব ৩৯ নং পাঠে জিলার সমস্ত রিপোর্ট কমিশ্যনর সাহেবের নিকটে পাঠাইয়া সার্টিফিকেট লিখিয়া দিবেন যে যেসকল ভিন্ন২ কর্ম্মচারী গাঁজার মৌজুদ বুঝিয়া লইয়াছেন তাঁহাদের নিকট হইতে আবশ্যক সার্টিফিকেট পাইয়াছেন।

৩৭, ৪০ ও ৫১ নং গাঁজার রেজিষ্টর মৌজুদ বুঝিবার সময় পরীক্ষা করিতে ও গোলাদারের বহীর সহিত মিলাইয়া দেখিতে ও প্রভেদ লিখিতে হইবে। যে কর্ম্মচারী মৌজুদের হিসাব লয়েন তিনি মৌজুদে কত ব্যবহার্য্য ও অব্যবহার্য্য তিন প্রকারের গাঁজ ও ঝরতি পড়তি দেখিয়াছেন তাহা স্পষ্ট করিয়া আপন রিপোর্টে কালেক্টর সাহেবকে জানাইবেন এবং হিসাবে বা মৌজুদে কোন অনৈক্য বা অনিয়ম দেখিলে তাহা লিখিবেন।"

---

৫৫ ধারার শেষ বাক্যের পূর্ব্বে এই কথাগুলি দিতে হইবে। –

"আবকারী কর্ম্মচারী সাবধান হইবেন যেন ছাড়পত্রের লিখিত দ্রব্যের অতিরিক্ত গোলা হইতে স্থানান্তরিত না হয়।"

নিম্নিষ্ট পাঠে ও রিটর্ণে নিম্নলিখিত সংশোধনগুলি করিতে হইবে।

A ক্রোড়পত্রের ৩৯ নং পাঠে,—

৮ ঘরের শীর্ষক হইতে "গোলার" এই কথা উঠাইয়া দিতে হইবে।

৯ ঘরের প্রথম উপশীর্ষকে "উচ্ছিষ্ট বলিয়া যত নষ্ট করিতে হইবে" এই কথাগুলির পরিবর্ত্তে "যত অব্যবহার্য্য গাঁজা ও ঝরতি পড়তি নষ্ট করা যায়" এই কথাগুলি দিতে হইবে।

৪০ নং রিটর্ণে,—

১ম টেবিলের ৬ শীর্ষকে "কমিশ্যনর সাহেবের অমুক তারিখের এত নং আজ্ঞামতে যে উচ্ছিষ্ট গাঁজ নষ্ট করা যায়" এই২ কথার পরিবর্ত্তে "যত অব্যবহার্য্য গাঁজা ও ঝরতি পড়তি নষ্ট করা যায়" এই কথাগুলি দিতে হইবে। উক্ত টেবিলের ৪ শীর্ষকে "কমিশ্যনর সাহেবের অমুক তারিখের এত নং আজ্ঞামতে যত ঝরতি পড়তি হিসাব হইতে খারিজ করা যায়" এই ২ কথার পরিবর্ত্তে "যত কমতি কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে হিসাব হইতে খারিজ করা যায়" এই কথাগুলি দিতে হইবে।

A ক্রোড়পত্রের ৪১ নং পাঠে,—

(১) শীর্ষকে "গত" এই শব্দের পর "মাসের" এই শব্দের পরিবর্ত্তে "পাক্ষিক রিটর্ণের" এই কথা দিতে হইবে।

(৮) শীর্ষকে "উচ্ছিষ্ট বলিয়া নষ্ট হইল" এই কথার পরিবর্ত্তে "অব্যবহার্য্য ও ঝরতি পড়তি বলিয়া নষ্ট হইল" এই কথাগুলি দিতে হইবে।

(৯) শীর্ষকে "কমিশ্যনর সাহেবের অমুক তারিখের অমুক নং অনুজ্ঞাপত্রক্রমে পড়তি বলিয়া হিসাব হইতে খারিজ করা যায়" এই২ কথার পরিবর্ত্তে "কমতি বলিয়া কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে হিসাব হইতে খারিজ করা যায়" এই কথাগুলি দিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৮ আপ্রিল।]

৮ নম্বর।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের পার্শ্বলিখিত যে সকল বিজ্ঞাপন ১৮৭৯ সালের ১ আইনের ৮ ধারামতে ও ১৮৭০ সালের ৭ আইনের ৩৫ ধারামতে প্রচারিত হইয়াছে, তদুপলক্ষে নিম্নলিখিত কথাগুলি বোর্ডের বিধিপুস্তকের ২ বালমের ৭ অধ্যায়ে ও ইষ্টাম্প কার্য্য বিভাগের কার্য্য-নির্ব্বাহে নিযুক্ত কার্য্যকারকদের উপদেশার্থ বিধিতে যোগ করিতে হইবে।

১৮৮৪ সালের ২৩ ফেব্রুয়ারির বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১ম খণ্ডের ২০ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৮৪ সালের ৮ ফেব্রুয়ারির ৭৮০ নং।

১৮৮৪ সালের ১২ ফেব্রুয়ারির বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১ম খণ্ডের ১৯ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৮৪ সালের ১ ফেব্রুয়ারির ৬৯০ নং।

বোর্ডের বিধিপুস্তকের ২বালমের ৭অধ্যায়ের ও ইষ্টাম্প কার্য্যকারকদের উপদেশার্থ বিধির C পরিশিষ্টের ১ম টেবিলের শেষে যোগ করিতে হইবে।

যে প্রকারের নিদর্শনপত্র।	ইষ্টাম্প মাসুল ক্ষমা বা কম করা গেল।	যে আইনমতে বিজ্ঞাপন দেওয়া যায়, সেই আইন সহিত বিজ্ঞাপনের নম্বর ও তারিখ।
যে সকল স্থলে মুক্ত করণের এই আজ্ঞা না করা গেলে রসীদে ইষ্টাম্প মাসুল লাগিত, সেই সকল স্থলে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে সেবিং-ব্যাঙ্কে যাঁহারা টাকা জমা রাখেন ঐ ব্যাঙ্ক হইতে টাকা বাহির করিয়া লইলে তাঁহাদের কর্ত্তৃক বা তাঁহাদের পক্ষে যে রসীদ দেওয়া হয়।	ক্ষমা করা গেল	১৮৮৪ সালের ৮ ফেব্রুয়ারির ৭৮৬ নং। ৮ ধারা।

বোর্ডের বিধিপুস্তকের ২ বালমের ৭ অধ্যায়ের ও ইষ্টাম্প কার্য্যকারকদের উপদেশার্থ বিধির C পরিশিষ্টের ২য় টেবিলে শেষে যোগ করিতে হইবে।

যে প্রকারের নিদর্শনপত্র।	ইষ্টাম্প মাসুল ক্ষমা বা কম করা গেল।	যে আইনমতে বিজ্ঞাপন দেওয়া যায় সেই আইন সহিত বিজ্ঞাপনের নম্বর ও তারিখ।
যে বন্দোবস্ত চিরস্থায়ী নহে এরূপ কোন বন্দোবস্ত ক্রমে কোন মহালের যে অংশের বার্ষিক রাজস্ব গবর্ণমেণ্টে দিতে হয়, তৎসম্বন্ধে কালেক্টর সাহেবের রেজিষ্টরে পৃথক করিয়া ঐ রাজস্ব ধার্য্য করা গিয়াছে বলিয়া লেখা থাকিলে, ঐ অংশের কোন ভগ্নাংশ দখল পাইবার নিমিত্ত যে মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহার আবেদনপত্র।	এরূপে কমান গিয়াছে যে উক্ত অংশের উপর পৃথক করিয়া ধার্য্য করা রাজস্বের যে ভাগ উক্ত ভগ্নাংশ সম্বন্ধে হারকারীকে দেয় হয়, তাহার পাঁচগুণের অধিক হইবে না।	১৮৮৪ সালের ১ ফেব্রুয়ারির ৬৯০ নং। ৩৫ ধারা।

Raj Krishna Mukhopadhyaya, M.A. and B.L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 8, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ৮ আপ্রিল।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইস্তিহার প্রভৃতি।

ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা বীরভূম।—স্থাবরী বিক্রয়ের ইস্তাহার জেলা বীরভূম।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে, জিলা বীরভূমের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবী ১৮৮৪ সালের ১২ জানুয়ারি দিবসে দেয় হইয়াছে বাকী রাজস্বের ন্যায় এতদ্বিষয়ক আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৮৪ সালের ১১ এপ্রেল মোঃ ১২৯১। ৪ বৈশাখ মঙ্গলবার দিবসে প্রকাশ্য নিলামে নিম্নলিখিত রূপে বিক্রয় হইবে। ১৮৮৫ সাল তারিখ ২৯ ফেব্রুয়ারি।

তালুক

প্রথম শ্রেণী।	ষ্টেটের নম্বর।	তৌজির নম্বর।	পরগনা ও মাহালের নাম।	মালিকের নাম।	সনরজমা।	বাকী।	মন্তব্য।
প্রথম ভেণ	...	১৭ নং পরগণে মৌড়েশ্বর সাবেক মিল কাগাস।	তিনকড়ি রায় ও গোপীনাথ মুখোপাধ্যায় ও হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় ভেকচন্দ্র চৌধুরী ও মহাতাপচন্দ্র চৌধুরী ও রামনয়াল রায় ও ঈশানচন্দ্র রায় ও ঘরীমচন্দ্র রায় ও বেণীমাধব চট্টোপাধ্যায় মাবালগ স্বর্ণচন্দ্র চট্টোপাধ্যায় ও যে গেন্দ্রচন্দ্র চট্টোপাধ্যায় ও বুলবন চট্টোপাধ্যায় ও রজনীকান্ত চট্টোপাধ্যায় ও রামরতন চট্টোপাধ্যায় অলিমাতা রামেশ্বরী দেব্যা ও মাবালগ হরিদাস চট্টোপাধ্যায় অলিমাতা মহামায়ী দেব্যা ও কল্যাণেশ্বরী দেব্যা ও স্বর্ণময়ী দেব্যা ও বৈকুণ্ঠনাথ চট্টোপাধ্যায় ও গোবিন্দচন্দ্র চট্টোপাধ্যায় সাং কুড়ুল ও ইশাকপুর ও গৌরচন্দ্র চৌধুরী সাং রূপপুর রামচরণ চৌধুরী সাং ঐ অধিকমণি দেব্যা অলিমাতার পাঃ রাজেন্দ্রচন্দ্র চট্টোপাধ্যায় মাবালগ সাং পাকলা ও বুলবল্লভ মণ্ডল অলিমাতা মহামায়ী দাসী সাং তিনপাড়া ও গোপেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় ও ললিতচন্দ্র মুখোপাধ্যায় ও লক্ষেশ্বরী দেব্যা অলিমাতার কৃষ্ণনাথ মুখোপাধ্যায় মাবালগ সাং কুণ্ডুমা ঈশানচন্দ্র চৌধুরী সাং রূপপুর কেদারনাথ মুখোপাধ্যায় কামকীনাথ মুখোপাধ্যায় সাং কুণ্ডুমা ও রাধাবল্লভ মণ্ডল অলিমাতা মহামায়ী দাসী সাং তিনপাড়া ও মুন্সী জেমর রহমন সাং তালেবপুর ও তাকদুহুড় মউলিসুদে মুলাতেকেয়া বিবি সাং ঐ বীরেশ্বর ওরফে মহেন্দ্র মাবালগ চট্টোপাধ্যায় সাং পাকল ও তারাসুন্দরী দেব্যা সাং পাকল ও গিরিশচন্দ্র চট্টোপাধ্যায় সাং ঐ মোক্ষদা সুন্দরী দেব্যা সাং ঐ গোপেশচন্দ্র রায় মাবালগ গিরি-	১৭১৮২৬/০ ২ নং পৃথক জিমার রাজা পূর্ণচন্দ্র সিংহ কোওর শরৎচন্দ্র সিংহ কোওর ইন্দ্রচন্দ্র সিংহ ঐশচন্দ্র সিংহ মাবালগ এক্সিকিউটর রাজা পূর্ণচন্দ্র সিংহ কোওর শরৎচন্দ্র সিংহ কোওর ইন্দ্রচন্দ্র সিংহ।	৯২০৭।০	৩৭।৶০	এতমালী সনদ জমা ৩৩০৶৬৸ টাকা বিলাম হইবেক।
				৩০নং গোপীনাথ মুখোপাধ্যায় ও কেদারনাথ মুখোপাধ্যায় লক্ষেশ্বরী দেব্যা অলি মাতার মাবালগ কৃষ্ণনাথ মুখোপাধ্যায় কামকীনাথ মুখোপাধ্যায় ও গোপেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় ললিতচন্দ্র মুখোপাধ্যায় নীলবন্ধু মুখোপাধ্যায় করুণাসিন্ধু মুখোপাধ্যায় স্বর্ণময়ী দেব্যা কৃপাসিন্ধু মুখোপাধ্যায়।	৪৬৪৫।০		
				৪৬নং রাধাবল্লভ মণ্ডল ও বুলবল্লভ মণ্ডল মাবালগ অলিমাতা মহামায়ী দাসী।	২৯১।৶৬		
				৪৯নং হরিশ্চন্দ্র মুখোপাধ্যায়	২০২৸৮		
				৫২নং রামনয়াল চট্টোপাধ্যায় ও ঈশানচন্দ্র চট্টোপাধ্যায় বেণীমাধব চট্টোপাধ্যায় কল্যাণেশ্বরী দেব্যা স্বর্ণময়ী দেব্যা বৈকুণ্ঠনাথ চট্টোপাধ্যায় গোবিন্দচন্দ্র চট্টোপাধ্যায়	৪৪৩৷৩		

[গবর্নমেণ্ট গেজেট । ৪৮৫ । ৮ আশ্বিন]

প্রথম শ্রেণী।	হেটর নম্বর।	তৌজির নম্বর।	পরগণা ও আবাদের নাম।	বালিকের নাম।	নম্বর জমা।	বাকী।	মন্তব্য।
				ও করালী দাস ঘোষাল নাঃ ইমাম শ্রীশ্রী৺ গোপালদেব জিউ ঠাকুরের সেবাইত রজনীরঞ্জন মুখোপাধ্যায় ও ভোমরচন্দ্র মুখোপাধ্যায় মা বালকের অভিভাবিকা বৃন্দারাণী দেব্যা নাঃ রামনগর সুতন্ত্রা প্রসাদ মুখোপাধ্যায় গোপালচন্দ্র মণ্ডল অভিভাবক ভরতে মধুসূদন মণ্ডল আবালক নাঃ ভিমটিকুড়ি।	২৯৬ নং সুতন্ত্রাপ্রসাদ মুখোপাধ্যায় ... ৩০৪৶১০৸৯ ৩৬১ নং শ্রীশ্রী৺ গোপালজিউ ঠাকুরের সেবাইত ভোমরচন্দ্র মুখোপাধ্যায় আবালকের অভিভাবিকা বৃন্দারাণী দেব্যা। ১৫২৶০ ৩৬২ নং শ্রীশ্রী৺ গোপাল জিউ ঠাকুরের সেবাইত রজনীরঞ্জন মুখোপাধ্যায়। ১৫২৶০ ৩৪১৷৷৶৭৷৷ সেওায় ... ৪৭৪৷৷৶৪৷৷		
প্রথমশ্রেণী	...	১০৩নং	পঃ ঘটক্সা ঘাটখন্যা।	রাজেন্দ্রনারায়ণ ধর ও বিনাইচন্দ্র ধর ও ভেরবাচ ঘাড়ুরারি গঙ্গানারায়ণ সেন ও গণেশচন্দ্র সেন ও গোপীনাথ মুখোপাধ্যায় মাধবচন্দ্র মিস্ত্রী দীনবন্ধু সেন ও গোলগোবিন্দ ধর ও স্বর্ণলতা দাস্যা ও যশোদাসুন্দরী দাস্যা নাঃ কড়িয়া।	২৩৮০৶০	০৷৶৬	যোল আনাবখাদ বিলায় হইবে।
	..	১০৭নং	পঃ আকবরশাহী ঘাটপুকুর।	মুক্তাকেশী দেব্যা ও মুক্তাকেশী দেব্যা অভি মাদরে-মাবালগ পুলিনবেহারী মুখোপাধ্যায় নাঃ কেতুলী দিগম্বারিনী দেব্যা অভি মাদরে মাবালগ ব্রজরাখালমুখোপাধ্যায় নাঃ ঐ সূর্য্যনারায়ণ মুখোধ্যায় নাঃ ঐ ও বিন্দুবাসিনী দেব্যা বিহারিলাল মুখোপাধ্যায় নাঃ ঐ কমলনারায়ণ মুখোপাধ্যায় ও নরোত্তমনারায়ণ মুখোপাধ্যায় মনোমোহিনী দেব্যা নাঃ কেতুলী যোগেন্দ্রনারায়ণ রায় নাঃ বালিতপুর ও মহেন্দ্রনারায়ণ রায় মুন্সী দেব্যা নাঃ ঐ	১১৭৬৸০ বাদ পৃথক বিঃ ২৮৪নং কমলনারায়ণ মুখোপাধ্যায় ২২০৷৷৶৪৷ ২৮৫ নং নরোত্তমনারায়ণ মুখোপাধ্যায় ... ২২০৷৷৶৪৷ ৪৬১।১০৷৷ বাকী ... ৭০৪৷৷১৷৷	১৷৶৬	এজমালী নম্বর জমা ৭০৪৷৷১৷৷ টাকা বিলায় হইবে।
	...	১৪২নং	পঃ ঘটক্সা ঘাসবেড়া।	সেখ বিবি ও ধর্ম্মখ খাঁ ও মন্মথ খাঁ নাঃ জমালিয়া ধর্ম্মখ বিবি নাঃ লেকেশ্বরপুর মুরমেহা বিবি নাঃ জমা মিয়া জেলা গাজিপুর থেকেডাঙ্গার ঘোষের ইষ্টের এডমিনিষ্ট্রেটর কুকমোহিনী দাস্যা নাঃ কলিকাতা পাথুরেঘাটা বক্কেরি বিবি।	৪৮০৷৷০০ ২৯ নং সেখেদ ইয়ার খাঁ ওরফে ধর্ম্মখ খাঁ ২৪৭৶৯ মহম্মদইয়াকুব খাঁ ওরফে মন্মথ খাঁ। সেওায় ... ৩৩০৷৷০	৪৯৶০	এজমালী অংশের নম্বর জমা ৩৩০৷৷০ টাকা বিলায় হইবে।

ঐ	...	১৯৭নং	পঃ খটঙ্গা সাট সেমুলা।	বক্তারি বিবি ও মেহ বিবি সাঃ জমনিয়া জেলা গাজিপুর ও বর্ষব খাঁ ও বর্ষব খাঁ সাঃ ঐ মাখম বিবি সাঃ মেহেন্দরপুর ও মুরছেছ বিবি সাঃ জামনিয়া।	৪৭৩।৵০ বাদ পৃথক ডিঃ ২৮ নং হোসেন ইয়ার খাঁ ওরফে বর্ষব খাঁ মহাম্মদ ইয়াকুব খাঁ ওরফে বর্ষব খাঁ ২৬৩।৵০ সেওায় ... ২০৯।৶	৪২৯	এজমালী অংশের সদর জমা ২০৯।৶ টাকা মিলাব হইবেক।
ঐ	...	২১৩নং	পঃ কুতবপুর নারিস্তা মগঃ	শীবরঙ্গ রায় সাঃ ব্রাহ্মণপাড়া ও শীবরঙ্গ পরামানীক সাঃ সাহাপুর ও যোগেন্দ্রলাল রায় সাঃ কিরিগাছা রাধাবল্লভ দাস সাঃ ঐ রাধারমন দাস সাঃ ঐ গঙ্গাধারাণ দাস সাঃ ঐ।	৫৬৪৶	।৶৩	ষোল আনা মাত্র ন মিলাব হইবেক।
ঐ	..	২৩৩নং	পঃ খটঙ্গা বিশাইপুর।	রাধামাধব চৌধুরী সাঃ বশুয়া রাধিকাসুন্দরী দেব্যা অসী আঃ ওরফে মাবালক পুত্র রমেশচন্দ্র চৌধুরী সাঃ ঐ কুলদাসুন্দরী দেব্যা অলি মাতা জামবে মাবালক হরিশ রায় সাঃ বশুয়া জয়কৃষ্ণ রায় সাঃ ঐ ঈশানচন্দ্র রায় সাঃ ঐ রামধন রায় সাঃ ঐ রাঘবেশ্বর বন্দ্যোপাধ্যায় সাঃ দক্ষিণগ্রাম ও শ্রীমতী ভগবতী দাসী সাঃ রাজনগর মাতঙ্গিনী দেব্যা সাঃ বিষ্ণুপুর স্বর্ণময়ী দেব্যা সাঃ বশুয়া ডিঃ রামপুরহাট।	১১৪।৶৩	৶৩	ঐ
ঐ	...	৪৭১নং	পঃ আকবরপাড়ী ধরমবাটী।	মহেন্দ্রনারায়ণ রায় সাঃ ঝাঁসিপুর ও যোগেন্দ্রনারায়ণ রায় সধমি বিবি সাঃ মেহেড্ডা আজমতমেছা ওরফে অল্লারাখা বিবি সাঃ ঐ বিলমাধব রায় সাঃ বালিনপুর ও ভেলেন্দ্র চৌধুরী সাঃ গণপুর মহাতাপচন্দ্র চৌধুরী সাঃ ঐ মহলউদ্দিন মাহাম্মদ সাঃ মেহেড্ডা ও গৌরচন্দ্র চৌধুরী সাঃ গণপুর রাইচরণ চৌধুরী সাঃ ঐ উদয়চন্দ্র চৌধুরী সাঃ ঐ শিবসুন্দরী দেব্যা সাঃ বালিনপুর ও বেণীমাধব রায় সাঃ ঐ মানিক সেক পৃথিচরণ গুপ্তা ও কালিদাস বৈরাগ্য ও অক্ষুয়াজাম মকিরা বিবি।	৪১৮৲	৩।৷০	ঐ
ঐ	...	৬৫২নং	পঃ মওরামগর ৬৫২ নং পঃ ১৯৯ সংগ্রামপুর।	হবিরমেছা বিবি সাঃ মালার ডিঃ ভরথপুর ...	১১৫৬৶	৬৩৷০	ঐ

BEERBHOOM COLLECTORATE,
The 4th March 1864.

W. FIDDIAN,
Offg. Collector.

জেলা বগুড়া।

জেলা বগুড়ার কালেক্টরি।

বাকী খাজানার জাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জিলা বগুড়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮৪ সালের ১২ জানুয়ারি তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮৪ সালের ৮ এপ্রেল তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা গুজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে।

তৌজির নম্বর ও মহালের নাম	খালিকের নাম।	সদর জমা।	বাকী।	কৈফিয়ৎ।
নং ১০। ১৩ ভঃ বেহার পঃ সেন বর্ষ।	তাহেরআলী, আবিবন্নেছা বিবি সৈয়দালী তরিফন্নেছা বিবি, রাধারমণ চন্দ্রকিশোর ও কালীকিশোর মুন্সী লাল সিংহ স্বয়ং অলী পক্ষে চুণিলাল পান্নালাল ও অক্ষর সিংহ নাবালগ মতিলাল হিরালাল সিংহ প্যারীসুন্দরী দাস্যা মহিমচন্দ্র সাহা দিগম্বর সাহা রামসুন্দরী দাস্যা মাদরে অলীপক্ষে গৌর-গোবিন্দ ও শ্রীগোবিন্দ সাহা নাবালক বনওয়ারিলাল ও মুকন্দলাল সাহা রাধিকামোহন সাহা ও মফিজউদ্দিন খন্দকার ও শ্রীনাথ বৈষ্ণব ওছিপক্ষে সৈয়দমাজ্জম হোসেন চৌধুরী ও সৈয়দয়ালী তহরন্নেছা বিবি স্বয়ং ও ওছীপক্ষে আলতাপ-ন্নেছা বিবি নাবালগ মতওল্লী।	৬৫৩৭ ৶১১।	৪৮৶৬৸	এই মহালে চিহ্নিত ॥০ আনা অংশের ৩২৬৮॥/৯৸ পাই সদর জমার তাহেরআলী মিঞা, সৈয়দালী তহরন্নেছা বিবি চৌধুরাণী ওছিপক্ষে আলতাফন্নেছা বিবি নাবালগ মতওল্লী ও মফিজউদ্দিন খন্দকার ও শ্রীনাথ বৈষ্ণব ওছিপক্ষে সৈয়দ মাজ্জম হোসেন চৌধুরী নামে যে হিসাব পৃথক আছে তাহা বাদে ৩২৬৮।/১১। পাই সদর জমার অংশ নিলাম হইবে।
নং ১১। ১৪ ভঃ পাওগাছি পঃ সেনবর্ষ।	শাহনজিমদ্দি আবুল হোসেন গাজরহ ..	৪১৯৪ ৶৬।	১৩৶১০	এই মহাল ছালেমা সৈয়দাজন্নেছা বিবি প্রভৃতি নামে ২১৩১৸৶৩। পাই সদর জমার যে ১০ টি হিসাব পৃথক আছে তাহা বাদে নিম্নলিখিত অংশ নিলাম হইবে।
নং ১১। ১৪ ভঃ পাওগাছি পঃ সেনবর্ষ।	সোণাউল্লা ও জহরদ্দি মণ্ডল কলীমদ্দিন চৌধুরী তমিজন্নেছা বিবি সোণাভান সাহা মুরন্নেছা বিবি আয়সাখাতেন করিমন্নেছা বিবি স্বয়ং অলিপক্ষে কবিরন্নেছা বিবি মহম্মদ ওছাদ চৌধুরী মহম্মদ আব্দুল করিম সাহ নজিম মদ্দিন আবুলহোসেন চৌধুরী।	২০৬৯ ॥৶২৸	১৩৶১০	

MOHENDRA NATH BHATTACHARJEE
Deputy Collector in charge, for Collector.

[*Government Gazette, 8th April* 1884.]

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pounds* at a time, from the Superintendent, Botanical Garden, Calcutta, *for cash only*, at the following rates, per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin, *Rs.* 16, *ans.* 8.

The general public can be supplied by the Superintendent, Botanical Garden, *for cash only* at the undernoted rates, per four ounce tin, *Rs.* 5, *ans.* 8 per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8 per pound tin, *Rs.* 20.

This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta.

Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারীগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিতে [illegible] নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪৷৷০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮৷৷০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬৷৷০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ [illegible] দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫৷৷০ টাকা, ৮ আউন্স টীন ১০৷৷০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার [illegible] ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায় উপরের লিখিত মূল্য প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা, ডাকমাশুল স্বতন্ত্র হইবে।

জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহার দানা বান্ধে না, এরূপ সাধারণ জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে যে কোন ব্যক্তি নগদ মূল্য দিয়া ২৫৲ টাকায় এক পাউণ্ড হিসাবে পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকটে নগদ মূল্যে এবং প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও ৩২৲ টাকায় এক পাউণ্ড হিসাবে এই ঔষধ পাইতে পারিবেন। ইহার অতিরিক্ত ৸০ বার আনা ডাক মাশুল লাগিবে।

The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor F. Max Muller, M.A. in two Volumes. *Price Rs.* 24; *packing and postage Re.* 1-12.

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymns is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his Country.—*Extract from Preface.*

Office of Supdt. Govt. Printing, No. 166, Dhurrumtolah Street, Calcutta.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৮ আপ্রিল।]

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N. B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল' ও শ্রীযুতের বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেন্ট-কমিশানের মেম্বর, ইনর টেম্পালের শ্রীযুত সি, ডি, ফিল্ড, এম, এ, ও এল, এল, ডি, সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

এক২ খানি পুস্তকের মূল্য ৫. পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট এক২ খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

		Rs.	A.	P.	
For the Mofussil.					
Entire Gazette		10	0	0	per annum.
Postage		2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal		4	0	0	„
Postage		1	0	0	„
For a single copy—					
Entire Gazette		0	4	0	
Postage		0	1	0	
Parts III, IV, V, and VI		0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage		0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 8th April* 1884.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে।

			টাকা	
সম্পূর্ণ গেজেট	...	...	বৎসর	১৫
ডাকমাসুল	...	...	,,	২৷৷০
১ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	...	...		৪৲
ডাকমাসুল	...	...	,,	১৲
সম্পূর্ণ এক খানি গেজেটের মূল্য	...	...		।০
ডাকমাসুল	...	...		/০
১ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)	...	...		/০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা।
ডাকমাসুল	...	...		/০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাসুল লাগিবে না।

ই, এম, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

Note—Rates for Advertisements in the Calcutta Gazette.

	Rs.
Full page, per issue	20
Half ,, ...	10

Casual advertisements.—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এই গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ, বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮৪ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই :—				টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	...	...	...	২০৲
আধ পৃষ্ঠা ,, ,,	..	...	...	১০৲
কখনং ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পঙ্‌ক্তি		...	...	।০

বিজ্ঞাপন।

র‍্যাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্যালেড ওয়েষ্ট টৌনহালের তাতায়স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্লেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

[*Government Gazette, 8th April* 1884.]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 227—4-4-84—800

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 15, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ১৫ আপ্রিল।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1888A.

GENERAL.—*The 2nd April* 1884.—The services of Lieutenant W. C. W. Rawlinson, 2nd Battalion Lincolnshire Regiment, extra Aide-de-Camp on the Personal Staff of the Lieutenant-Governor of Bengal, are replaced at the disposal of the Government of India, in the Military Department.

The 4th April 1884.—In modification of the order of the 4th ultimo, Mr. J. G. Charles, Officiating Additional District and Sessions Judge, 24-Pergunnahs and Hooghly, is appointed to act as District and Sessions Judge, Rajshahye, during the absence, on deputation, of Mr. J. B. Worgan, or until further orders, with effect from the date on which he was relieved of the former appointment by Mr. W. Macpherson.

Baboo Umesh Chunder Batabyal, Deputy Magistrate and Deputy Collector, Tumlook, Midnapore, is vested with the powers of a Collector under Act X of 1870 in that subdivision.

Mr. E. E. Lowis, Commissioner of the Chittagong Division, is allowed leave for two months and twenty-one days, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 8th May next, or from such subsequent date as he may avail himself of it.

Mr H. J. S. Cotton, Secretary to the Board of Revenue, is appointed to act as Commissioner of the Chittagong Division, during the absence, on leave, of Mr. E. E. Lowis, or until further orders.

Mr. W. H. Grimley, Magistrate and Deputy Collector, Howrah, is appointed to act as Secretary to the Board of Revenue, during the absence, on deputation, of Mr. H. J. S. Cotton, or until further orders.

Mr. F. H. B. Skrine, Temporary Joint-Magistrate and Deputy Collector, Howrah, is appointed to act as Magistrate and Deputy Collector of Howrah, during the absence, on deputation, of Mr. W. H. Grimley, or until further orders.

The 7th April 1884.—Baboo Issur Chunder Mitter, Deputy Magistrate and Deputy Collector, Howrah, is transferred to the sudder station of the 24-Pergunnahs district.

Mr. J. B. Worgan, Officiating District and Sessions Judge, Cuttack, is allowed privilege leave for two months, under the note under rule 2, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the 15th instant.

Mr. H. Gillon, Joint-Magistrate and Deputy Collector, Shahabad, is appointed to act as District and Sessions Judge, Cuttack, during the absence, on leave, of Mr. J. B. Worgan, or until further orders.

Mr. J. Boxwell, Officiating Magistrate and Collector, Gya, is allowed leave for three months, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 20th instant.

Mr. H. J. H. Fasson, Joint-Magistrate and Deputy Collector, Mozufferpore, is appointed to act as Magistrate and Collector of Gya, during the absence, on leave, of Mr. J. Boxwell, or until further orders.

Mr. T. D. Beighton Officiating District and Sessions Judge, Burdwan, is appointed to act as District and Sessions Judge, Patna, during the absence, on leave, of Mr. H. Beveridge, or until further orders.

Mr. S. H. C. Tayler, District and Sessions Judge, Beerbhoom, is appointed to act as District and Sessions Judge, Burdwan, during the absence, on deputation, of Mr. T. Smith, or until further orders.

[*Government Gazette*, 15*th April* 1884.]

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

১৮৮৮ A নম্বর।

সাধারণ।—১৮৮৪ সাল ২ আপ্রিল।—লিনকলশেয়ার রেজিমেণ্টের দ্বিতীয় বাটেলিয়নের লেপ্টেনেণ্ট ও বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্বকীয় দলের অতিরিক্ত মোসাহেব শ্রীযুক্ত ডবলিউ, সি, ডনলিউ রালিনসন সাহেব মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনঃ সংস্থাপিত হইলেন।

১২। এই অধ্যায়ের বিশেষ উদ্দেশ্য লাভ পক্ষে মহাল শব্দের অর্থ সম্বন্ধে "১৮৭৯ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি" কোন সময়ের মধ্যে বাটওয়ারা হইলে বাটওয়ারা সত্ত্বেও মূল মহাল একই মহাল বলিয়া গণ্য হইবে, ২৭ ধারার (খ) প্রকরণের এই বিধানের প্রতি সাধারণের মনোযোগ আকর্ষণ করিতে ইচ্ছা করি। উল্লিখিত তারিখ স্থির করিবার কারণ এই যে প্রায় ঐ সময়াবধি বাটওয়ারা সম্বন্ধে সম্পূর্ণ কাগজপত্রাদি পাইবার যুক্তিসঙ্গত রূপ আশা আছে, এইরূপ বুঝা গিয়াছিল। কিন্তু ঠিক পূর্ব্ব কোনসময়ে ঐ তারিখ স্থির করা যাইবে তদ্বিষয়ে অধিকতর বিবেচনা আবশ্যক. সুতরাং যে একটি কথাতে ঐ সময় সূচিত হয় তাহার নিম্নে একটি রেখা টানা দিতে হইবে আমরা এই আদেশ করিলাম।

১৩। বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুরোধক্রমে আমরা বাসেন্দা রায়তের লক্ষণ নির্দ্দেশক ২৬ ধারায় (২) সংখ্যক একটি উপধারা সংযোগ করিয়াছি। এই উপধারার বিধান এই যদি ইহা প্রমাণিত বা স্বীকৃত হয় যে কোন ব্যক্তি রায়তস্বরূপ ভূমিভোগ করে, তবে যাবৎ বিপরীত দর্শান না হয়, তা ৎ এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তির ও সে যে ভূম্যধিকারীর অধীনে ভূমিভোগ করে সেই ভূম্যধিকারীর মধ্যে এই অনুমান হইবে যে, সে ঐ ভূমি বা উহার কোন অংশ রায়তস্বরূপ বার বৎসর কাল ভোগ করিয়াছে। বঙ্গপ্রভৃতি দেশের বর্ত্তমান অবস্থা বিবেচনায় এইরূপ অনুমান করা যুক্তিসিদ্ধ বোধ হয়। ইহাতে মোকদ্দমার কার্য্যে সরলতা বিধান করিবে, অথচ কোন স্থলে ইহা ঠিক না খাটিলে ভূম্যধিকারী অনায়াসে ইহার খণ্ডন করিতে পারিবেন।

১৪। কোন ব্যক্তি একবৎসরের অনধিক কালের জন্য কোন গ্রাম কি মহালের অন্তর্গত কোন ষোত হইতে বেদখল থাকিলেই যে বাসেন্দারায়তের স্বত্ব হারাইবে না আমরা মূল পাণ্ডুলিপির এই বিধানের [২৬ (৬) ধারা] মর্ম্ম অব্যাহত রাখিয়াছি এবং ইহাতে একটি [(৭) উপধারা] প্রকরণ যোগ করিয়াছি। উপধারাটির মর্ম্ম এই ৯৬ ধারাক্রমে [এই ধারার কথা পরে ৬৬ দফায় দেখ] যদি সেই ব্যক্তি কোন জমীতে পুনর্ব্বার দখল প্রাপ্ত হয়, তবে একবৎসরের অধিক কাল বেদখল থাকিলেও বাসেন্দারায়তস্বরূপ গণ্য হইতে থাকিবে।

১৫। যে কারণে স্বত্বনিরূপণ বিষয়ক অধ্যায়টি পাণ্ডুলিপি হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে তাহা পরে বিবৃত হইবে। উক্ত অধ্যায়টি উঠাইয়া দেওয়াতে যাহাতে বুঝিবার ভুল না হয়, এই নিমিত্তে আমরা এই অধ্যায়ের মধ্যে একটি ধারা (২৮ ধারা) সন্নিবেশ করা বাঞ্ছনীয় বোধ করিলাম। এই ধারার বিধান এই যে দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তের ভূম্যধিকারী ক্রয় করিয়া বা প্রকারান্তরে উক্ত রায়তের স্বার্থ প্রাপ্ত হইলে দখলীস্বত্ব বিলুপ্ত হইবে, কিন্তু এই বিধানের কোন কথায় অপর কোন ব্যক্তির স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

১৬। মূল পাণ্ডুলিপির ৪৮ ধারায় দানক্রমে দখলীস্বত্বলাভের বিধান ছিল, আমরা এই ধারাটি উঠাইয়া দিয়াছি, এবং ঐ পাণ্ডুলিপির ৪৯ ধারার ব্যাখ্যাত খামার শব্দের অর্থমধ্যে যে শ্রেণীর জমী

গণ তা হাতে দখলীস্বত্ব লাভ বিষয়ক ঐ ধারাটির পরিবর্ত্তে আর একটি ধারা (৩০ ধারা) দিয়াছি। শেষোক্ত ধারায় সাব্যস্ত হইয়াছে যে উক্ত সকল শ্রেণীর জমী মিয়াদী পাট্টা ক্রমে কিম্বা সন বন্দ পাট্টাক্রমে ভোগ করা গেলে এই অধ্যায়ের কোন কথাক্রমে তাহাতে দখলীস্বত্ব জন্মিবে না।

১৭। যাহাতে ভূমি এতদ্বিষয়ক সংক্রান্ত কার্য্যের অনুপযোগী না হয় রায়ত এরূপে ভূমি ব্যবহার করিতে পারিবেন, আমরা ইহা নির্দ্দিষ্ট করিয়া বলিয়াছি [৩০ ধারা, (ক) প্রকরণ] যে তিনি দেশাচারের বিরুদ্ধে ঐ ভূমিস্থিত বৃক্ষ কাটিতে পারিবেন না।

১৮। ভূম্যধিকারীর অগ্রে ক্রয় করিবার স্বত্বসম্বন্ধীয় পরিচ্ছেদটি এক্ষণে " হস্তান্তর বিষয়ক নিয়মের কথা " এই শীর্ষকের নিম্নে স্থাপিত হইল। আমরা এই পরিচ্ছেদে [৩২ (৪) ধারায়] বিধান করিয়াছি যে ভূম্যধিকারী দখলীস্বত্ব ক্রয় করিতে ইচ্ছা করিলে মূল্যস্থির হইবার কি আদালত কর্ত্তৃক ধার্য্য হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে রায়তকে ঐ মূল্য দিবার প্রস্তাব করিবেন। আমরা আরো এই ধারায় কএকটি কথা যোগ করিয়াছি, তৎক্রমে ভূম্যধিকারী ক্রয় করিবার দাওয়া করিলে রায়ত ইচ্ছা করিলে ঐ ভূমি নিজে রাখিতে পারিবেন।

১৯। আরো আমরা ঐ ধারায় (৫) সংখ্যক একটি উপধারা যোগ করিয়া বিধান করিয়াছি যে কোন রায়ত ঐ ধারার বিধান উল্লঙ্ঘন করিয়া বিক্রয় করিতে চেষ্টা পাইলে ভূম্যধিকারীর বিরুদ্ধে ঐ বিক্রয় ব্যর্থ হইবে।

২০। দখলীস্বত্ব উইলক্রমে দান করা গেলে মূল পাণ্ডুলিপির ৫৫ ধারাক্রমে ভূম্যধিকারীর প্রতি তাহা অগ্রে ক্রয় করিবার স্বত্ব প্রদত্ত হইয়াছিল। আমরা ঐ ধারাটি উঠাইয়া দিয়াছি।

২১। দখলীস্বত্ব দান সম্বন্ধে আমাদিগের বিশ্বাস এই যে অধিকাংশ স্থলেই এইরূপ দান উইলক্রমে করা হইবে অথবা প্রকৃত বিক্রয় দান বলিয়া কল্পনা করা হইবে। আমাদিগের বিবেচনায় কেবল শেষোক্ত শ্রেণীর দান সম্বন্ধেই ভূম্যধিকারিদিগের হিতার্থে কোন না কোন সংরক্ষণোপায়ের প্রয়োজন। রেজিষ্টরী করা দলীলক্রমে দান করিতে হইবে এবং ঐ দলীলের এক খণ্ড প্রতিলিপি অবিলম্বে ভূম্যধিকারীকে দিতে হইবে। তাহা হইলে দান প্রকৃত নহে বলিয়া তাঁহার বিশ্বাস করিবার কোন হেতু থাকিলে তিনি ঐ দানের প্রতিবাদ করিবার সুযোগ পাইবেন। আমাদিগের বিবেচনায় পূর্ব্বোক্তরূপ বিধান করিলে ভূম্যধিকারীর যথেষ্ট সংরক্ষণোপায় হইবে। পরন্তু আমরা নিষিদ্ধ সম্পর্কের কোন ব্যক্তির প্রতি মুসলমান কর্ত্তৃক দান স্থলে ঐ দান পূর্ব্বোক্ত বিধান হইতে মুক্ত করিয়াছি, কারণ তদ্রূপ দান সচরাচর উইলক্রমে দানের পরিবর্ত্তে করা হইয়া থাকে (৩৫ ধারা)।

২২। পরিশেষে বক্তব্য এই যে অগ্রে ক্রয় করিবার স্বত্ব আমরা কেবল ভূম্যধিকারী, চিরস্থায়ী তালুকদার ও তাঁহারা অন্য যে তালুকদারদিগকে ঐ স্বত্বানুযায়ি কার্য্য করিতে অনুমতি দেন তাঁহাদিগের প্রতিই প্রদান করিয়া একটি ধারা (৩২) যোগ করিয়াছি। কারণ আমাদিগের বিবেচনায় ভূমিতে চিরস্থায়ী স্বার্থবিশিষ্ট উপরোক্ত ভূম্যধিকারীর বিনা অনুমতিতে কিয়ৎকালীন কোন তালুকদার পূর্ব্বোক্ত স্বত্বানুযায়ি কোন কার্য্য করিলে অনেক অসুবিধা ও গোলযোগ ঘটিতে পারে। ঐ অসুবিধা ও গোলযোগ পরিহার করা বাঞ্ছনীয়।

২৩। মূল পাণ্ডুলিপির ৫৬ ধারার প্রতি বিশেষ আপত্তি করা হইয়াছে। ইহার বিধান এই যে ভূম্যধিকারী কোন ভূমিতে দখলীস্বত্ব লাভ করিলে পরে যদি কোন রায়ত ঐ ভূমি লয় তবে তাহাতে তাহার দখলীস্বত্ব জন্মিবে। আমরা এই ধারাটি উঠাইয়া দিয়াছি।

২৪। আমরা ৫৭ ধারাটিও উঠাইয়া দিয়াছি। ইহাতে এই বিধান ছিল যে কোন ব্যক্তি উত্তরাধিকারক্রমে ভূমিতে দখলীস্বত্ব লাভ করিলে সে সাধারণ রায়তের স্বত্ব লাভ করিবে। আমাদিগের বিবেচনায় ২৬ (৪) ধারাক্রমে এই ধারার উদ্দেশ্য যথেষ্টরূপ সাধিত হইবে।

২৫। এই অধ্যায়ের পর পরিচ্ছেদের নাম " কোফাবিলি সম্বন্ধে নিয়মের কথা "। এই পরিচ্ছেদটি নূতন। কৃষক নহে এরূপ ব্যক্তিরা যাহাতে লাভাশয়ে দখলীস্বত্ব ক্রয় না করে এই উদ্দেশে এবং রায়তের কোফা রায়তকে রক্ষা করিবার নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্টের কৃত কএকটি প্রস্তাব অবলম্বন করিয়া ইহা প্রণীত হইয়াছে। আমাদিগের বক্তব্য এই যে এই স্থলে যে সকল বিধান নির্দ্দিষ্ট হইল শেষোক্ত উদ্দেশটি তদ্দ্বারা কেবল অংশতঃ সাধিত হইতে পারে। কোফা রায়তদের সম্বন্ধীয় ৭ম অধ্যায়ে এই উদ্দেশ্য সাধনার্থ অন্যান্য বিধান দৃষ্ট হইবে। এই বিষয়ের কথা শীঘ্রই বলা যাইবে।

২৬। ৫ম অধ্যায়ের এই পরিচ্ছেদের মধ্যে নিম্নলিখিত বিধানগুলিই প্রধান।

১ম।—কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপনার জোতের যে অংশ কোফা বিলি করে তাহা ঐ জোতের অর্দ্ধেকের অধিক হইলে, তালুকদারদের রেজিষ্টরী করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট বঙ্গদেশের ব্যবস্থাপক সভায় যে আইন উপস্থিত করিবার প্রস্তাব করেন সেই আইনক্রমে ঐ রায়ত তালুকদার বলিয়া সরকারী রেজিষ্টরে আপনাকে রেজিষ্টরী করাইলে তালুকদার হইয়াছে বলিয়া গণ্য হইবে। ইহার ফল এই হইবে যে ঐ রায়তের কোফা রায়তেরাও বর্ত্তমান কিম্বা বাকী দখলীস্বত্বের অধিকারী রায়ত বলিয়া গণ্য হইবে। (৩৭ ধারা)

২য়।—কোন রায়ত আপনার যোত কি যোতের কোন অংশ কোর্ফা বিলি করিলে ঐরূপ বিলি করিবার দরপাট্টা সাত বৎসরে অধিক কালের নিমিত্ত প্রবল থাকিবে না। (৩৮ ধারা)

এই বিধানগুলি উপর একটি বিধানের দ্বারা সংকোচিত হইয়াছে। শেষোক্ত বিধানের মধ্যে নিম্নলিখিত একটি প্রধান।

১ম।—কোন রায়ত বয়স হেতু বা স্ত্রীলোক বলিয়া বা পীড়াবশতঃ বা দুর্ঘটনাক্রমে কি নির্দ্দিষ্ট একটি কারণে কিয়ৎকালের নিমিত্ত গৃহে উপস্থিত না থাকায় চাষ করিতে অক্ষম হইয়া আপন যোত কোর্ফা বিলি করিতে বাধ্য হইলে, তাহার ঐ কার্য্যের প্রতি উক্ত সকল বিধান বর্ত্তিবে না, ও

২য়।—যদি কোন রায়ত পূর্ব্বোক্তমতে তালুকদারে পরিবর্ত্তিত হয়, তবে ঐ ব্যক্তি দখলীস্বত্ব বিশিষ্ট রায়ত থাকিলে, যে শর্ত্তে ও যে নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিত এক্ষণেও সেই শর্ত্তে ও নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবে। সুতরাং এই বিষয় সম্বন্ধে তাহার ভূম্যধিকারীর স্বত্ব অস্পৃষ্টই থাকিবে।

২৭। এই বিধান গুলি লইয়া বিলক্ষণ মতভেদ হইয়াছিল। এক পক্ষে ভূম্যধিকারীর সহিত ও অপর পক্ষে তাহার নিজের কোর্ফা প্রজার সহিত রায়তের যে সকল আইনবিহিত সম্বন্ধ আছে তাহার নিজের কৃত কার্য্যক্রমে ঐ সম্বন্ধের কোন পরিবর্ত্তন ঘটাইতে দিলে যে অসুবিধা হইবে আমরা তাহা অবগত আছি। এই পরিবর্ত্তন আবার যে নিয়ম অনুসরণ করিয়া সূচিত হওয়া আবশ্যক, তাহা সুনির্দ্দিষ্ট নহে এবং তাহা অবধারণ করা কঠিন। আবার কৃষকদিগের অবস্থা বিবেচনায় অনেক স্থলেই ঐ নিয়ম না খাটিবার বিধান করা গিয়াছে, সুতরাং বিষয়টি বিলক্ষণ জটিল হইয়া পড়িয়াছে। এই সকল আপত্তি সত্ত্বেও আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তিই কোর্ফা বিলি বিষয়ক প্রথাটি সীমাবদ্ধ করণোপলক্ষে নিম্নলিখিত উপায়াপেক্ষা কোন উৎকৃষ্টতর উপায় স্থির করিতে পারিলেন না। সকলেই স্বীকার করেন যে এই প্রথাটি এক কালে নিষেধ করা অসম্ভব। কোন রায়ত আপন যোত কোর্ফা বিলি করিলে যদি তাহার খাজানা বাকী পড়ে, তবে ঐ যোত তালুকের ন্যায় সরাসরী নীলামক্রমে বিক্রয় হইতে পারিবে এবং কোর্ফা প্রজারা দখলীস্বত্ব লাভ করিতে পারিবে এইরূপ বিধান করা গেল। কোর্ফা বিলি প্রথা একবার প্রচলিত হইলে তাহা ফলোপধায়ীরূপে নিবারণ করা যে অতীব কঠিন, এই সকল বিধান হইতে তাহার স্পষ্টই উপলব্ধি হইবে। ইহা দৃষ্ট হইবে যে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তালুকদাররূপে পরিবর্ত্তিত হইলেও দখলীস্বত্ববিশিষ্ট বলিয়া তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবে, কিন্তু অন্যান্য সকল বিষয়ে তালুকদার বলিয়া গণ্য হওয়াতে তালুকদারদের যেরূপ সরাসরীমতে নীলাম হইতে পারে ও তাহাদের যেরূপ অন্য দায় ও স্বত্ব থাকে দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের ও তাহাই থাকিবে। ভূম্যধিকারী অল্পে ক্রয় করিতে পারিবেন এই বিধান হইতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরাও তালুকদারদিগের ন্যায় মুক্ত থাকিবেন। কিন্তু যাবৎ ঐ রায়তের নাম রেজিষ্টরী করা না যায় এই সকল বিধানের মধ্যে কোনটিই বলবৎ হইবে না। আমাদিগের বিবেচনায় দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তালুকদাররূপে পরিবর্ত্তিত হইলে যে সকল জটিল সম্পর্ক সৃষ্ট হয় সামান্য খাজানার মোকদ্দমায় আদালতের প্রতি সেই সকল অবধারণ করিবার ভার অর্পণ করিলে অতীব কষ্টকর হইবে। কেবল স্থানীয় গবর্ণমেণ্টই ঐ সকল সম্পর্ক নির্ণয় করিয়া রেজিষ্টরী করিলে এই অসুবিধা দূর হইতে পারে। স্থানীয় গবর্ণমেণ্টও ইহা করিতে স্বীকৃত হইয়াছেন।

২৮। দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের খাজানা বৃদ্ধি বিষয়ক বিধানগুলির আমরা আকারগত ও বস্তুগত বহুল পরিবর্ত্তন করিয়াছি।

আমরা হারের তালিকা অনুসারে খাজানা বৃদ্ধি বিষয়ক বিধানগুলি স্থানান্তরিত করিয়া স্বতন্ত্র একটি অধ্যায়ের মধ্যে সন্নিবেশিত করিয়াছি। স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত বিষয়ক অধ্যায়ের পরে ঐ অধ্যায় স্থাপন করা গেল। চুক্তিক্রমে বা আদালতে মোকদ্দমা করিয়া সাধারণতঃ যে রূপে খাজানা বৃদ্ধি করা যায় এই স্থলে কেবল তাহারই কথা বলা যাইতেছে।

২৯। উপস্থিত সংশোধিত পাণ্ডুলিপি অনুসারে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা চুক্তি সত্ত্বেও ঐ চুক্তি রেজিষ্টরী করা না হইলে বৃদ্ধি করিতে পারা যায় না। ৪১ ধারাক্রমে নিম্নলিখিত বিধিগুলি তদ্রূপ চুক্তির প্রতি বর্ত্তিবে।—

(১)—খাজানা এরূপে বৃদ্ধি করিতে হইবে না যে তাহা রায়তের পূর্ব্ব দেয় খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অর্থাৎ শতকরা ২৫ টাকার অধিক হয়।

(২)—চুক্তিপত্রে অন্যূন সাত বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(৩)—বর্দ্ধিত খাজানা পূর্ব্বের বা সাবেক খাজানা অপেক্ষা টাকায় দুই আনার অর্থাৎ শতকরা ১২৷৷০ টাকার অধিক হইলে, চুক্তিপত্রে অন্যূন পনের বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(৪)—রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ এই ধারামত চুক্তিপত্র রেজিষ্টরী করিবার পূর্ব্বে চুক্তি এই আইনের বিধানসম্মত ও রায়ত আধীনভাবে তাহা করিতেছে এই কথা জানিয়া লইবেন। ইহা দৃষ্ট হইবে যে ধারাটি সংশোধন করায় এক্ষণে এই দাঁড়াইয়াছে যে রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষকে চুক্তি সম্মোষজনক বিবেচনা ও তাহা স্থচিত করা ছাড়া বুঝিয়া লইবার কিছু বাকি রহিল এক্ষণে কেবল ইহাই বুঝিয়া লইতে হইবে যে চুক্তি এই আইনের বিধানসম্মত।

৩০। ৪২ ধারায় এই বিধান করা গিয়াছে যে জমী মুদ্রারূপ খাজানা দিয়া কোন প্রজা পুরো ভোগ করিতেন, তাহা যে গ্রামের বা মহালের অন্তর্গত তথাকার কোনে বাসেন্দা রায়তকে বিলি করা গেলে, খাজানা বৃদ্ধি করিয়া দিবার রেজিষ্টরী করা চুক্তিপত্রক্রমে না হইলে, পূর্ব্ব প্রজা যে খাজানা দিতেন উক্ত রায়ত ঐ জমীর জন্য তদপেক্ষা উচ্চতর খাজানা দিতে বাধ্য হইবেন না এবং তদ্রূপ প্রত্যেক চুক্তির প্রতি পূর্ব্বোল্লিখিত বিধি বর্ত্তিবে।

৩১। মোকদ্দমাক্রমে খাজানা বৃদ্ধি বিষয়ে আমাদের উদ্দেশ্য এই ভূম্যধিকারী ও প্রজা উভয়ের প্রতি বস্তুতঃই ন্যায্য হয় এইরূপ কতকগুলি বিধি প্রণয়ন করিয়া একটি কার্য্যপদ্ধতি নির্দ্দেশ করিতে হইবে যাহাতে বিচার্য্য বিষয় সম্বন্ধে বহুবিস্তৃত ও সুকঠিন সন্ধান জানিবার প্রয়োজন হইবে না। এই প্রয়োজন থাকাতেই খাজানাবৃদ্ধিসংক্রান্ত বর্ত্তমান আইনটি ভূম্যধিকারীদিগের হস্তে অকর্ম্মণ্য যন্ত্র স্বরূপ হইয়া রহিয়াছে।

এই অভিপ্রায়ে যে২ হেতুতে খাজানাবৃদ্ধিসংক্রান্ত মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে, তাহা নিম্নে উল্লেখ করিলাম (৪৩ ধারা)।—

(ক)—দখলীস্বত্ব বিশিষ্ট রায়তের বিশেষ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধা বিশিষ্ট ভূমির নিমিত্ত যে প্রচলিত হারে খাজানা দিয়া থাকে উক্ত রায়ত তদপেক্ষা কম হারে খাজানা দেয়।

(খ)—সেই স্থানে বা চলিত বাজারে প্রধান২ খাদ্য শস্যের গড় মূল্য বৃদ্ধি হইয়াছে।

(গ)—ভূম্যধিকারীর দ্বারা বা তাঁহার খরচে যে উৎকর্ষসাধন হয় তাহাতে রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(ঘ)—রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বন্যা দ্বারা বর্দ্ধিত হইয়াছে।

৩২। অনুসন্ধানক্রমে অবগত হওয়া গিয়াছিল যে বঙ্গদেশের গবর্ণমেণ্ট কেবল বিশেষ বিশেষ স্থানের নিমিত্তই হারের প্রামাণিক তালিকা প্রস্তুত করিতে পারেন। ভূমির উৎপাদিকা শক্তি সম্বন্ধে যে সংবাদ অবগত হইতে পারিলে ঐ শক্তির বৃদ্ধি হইয়াছে বলিয়া আদালত খাজানাবৃদ্ধিসংক্রান্ত ডিক্রি খাটাইতে পারেন, আদালতের নিকট সেই সংবাদ উপস্থিত করণার্থ আমারদিগের নিকট অন্য কোন সাধারণ উপায়ের উল্লেখ করা হয় নাই। খাজানাবৃদ্ধির আইনসম্মত এই হেতুটি এককালে ত্যাগ করণ প্রতি জমীদারেরা আপত্তি করেন, এবং ইহা পূর্ব্বপ্রচলিত আইনের অন্যতম বিধান ছিল বলিয়া রক্ষিত হইল। এই হেতুতে খাজানা বৃদ্ধি করিতে হইলে যে স্থলে ভূম্যধিকারীকৃত উৎকর্ষ-সাধন বশতঃ উৎপাদিকা শক্তির বৃদ্ধি হয়, যে অনুসন্ধান ও রেজিষ্টরী করণকার্য্যের বিধান পরে করা গিয়াছে তদ্দ্বারা ঐ খাজানা বৃদ্ধি করণ পক্ষে যথেষ্ট সহায়তা হইবে। কিন্তু বন্যা দ্বারা উৎপাদিকা শক্তির বৃদ্ধি হইয়াছে এই হেতুতে খাজানা বৃদ্ধি করিতে হইলে, আমাদিগের আশঙ্কা এই এতদ্বিষয়ক যে অসুবিধা বশতঃ অর্থাৎ ভূমির উৎপাদিকা শক্তি পূর্ব্বে কিরূপ ছিল তাহার প্রমাণাভাবে খাজানাবৃদ্ধির এই হেতুটি কার্য্যকর হইত না, এইক্ষণেও সেই অসুবিধা বিদ্যমান থাকিবে।

৩৩। পক্ষান্তরে মূল্যবৃদ্ধির হেতুতে খাজানা বৃদ্ধি করিতে হইলে স্থানীয় গবর্ণমেণ্ট মূল্যের প্রামাণিক তালিকা প্রস্তুত করিলে, ঐ কার্য্যের বিশেষ সহায়তা হইবে। এস্থলে ইহা বলা উচিত প্রধান প্রধান খাদ্য শস্যের মূল্যের তালিকায় যে ভূমির খাজানা লইয়া বিবাদ তাহাতে যে বিশেষ কোন ফসল জন্মিয়াছে তাহা লক্ষ্য না করিয়া মূল্যের সাধারণতঃ বৃদ্ধি কি হ্রাস সূচিত হইতেছে ইহাই দেখিতে হইবে। জষ্টিস শ্রীযুক্ত কিল্‌ড সাহেব কৃত আইন সংগ্রহ পুস্তকের ২৫০ ও তৎপরবর্ত্তী পৃষ্ঠায় যে রূপ বিবৃত হইয়াছে অর্থাৎ ইংলণ্ডে গড় মূল্যের যে নিয়ম ধরিয়া উৎপন্ন শস্যের দশমাংশের পরিবর্ত্তে মুদ্রাযোগে দেয় কর স্থির করা যায় এখানেও মূল্যের তালিকা লইয়া সেই নিয়মে কার্য্য করিতে হইবে ইহাই আমাদিগের অভিপ্রায়।

৩৪। কেহ কেহ এই কথা বলিয়াছেন যে শস্যের মূল্য বৃদ্ধিস্থলে অনুপাতের বিধি অনুসারে কার্য্য করিতে হইলে, মূল্যবৃদ্ধিজন্য আবাদ করিবার খরচ বৃদ্ধি হইয়াছে বলিয়া কতক টাকা ছাড়িয়া দেওয়া উচিত। আপাততঃ আমরা এই বিষয়ে রায়তকে রক্ষা করিবার ভার খাজানাবৃদ্ধিসংক্রান্ত অন্য যে সকল নিয়ম করা হইয়াছে তাহার প্রতি, বিশেষতঃ ৮৮ ধারার প্রতি, অর্পণ করিলাম। ঐ ধারার বিধান এই যে যাহাতে কোনমতে অন্যায়রূপে অনুপযুক্ত অন্যায্য বোধ হয় আদালত সেই মোকদ্দমায় এরূপ খাজানা বৃদ্ধির ডিক্রি দিবেন না। কিন্তু এই অধ্যায়ে যে সকল পরিবর্ত্তন করা গিয়াছে তাহা তদনুসারে কার্য্য করা হইলে এই বিষয়টি অধিকতররূপ বিবেচনার যোগ্য হইবে।

৩৫। ভূমির উৎপাদিকা শক্তির বৃদ্ধি হইবার হেতুতে খাজানা বৃদ্ধি করণ পক্ষে যে অসুবিধা জন্মিতে পারে, বাঙ্গালা খাজানা গত বাৎসরিক মোট উৎপন্নের এক পঞ্চমাংশের অধিক হইবে না এই প্রস্তাবেও সেই অসুবিধা সম্ভাবে অনুভূত হয়। পরিষদের অধিকাংশ ব্যক্তিরই মত এই যে প্রত্যেক স্থলেই গড় বাৎসরিক মোট উৎপন্ন অর্থাৎ প্রধান প্রধান খাদ্য শস্যের পরিমাণ অবধারণ করা একরূপ অসম্ভব, এই প্রস্তাবটির মূল নিয়মের প্রতিও গুরুতর আপত্তি উত্থাপিত হইয়াছে। আমরা এই কারণে মূল পাণ্ডুলিপির ৭১ (গ) ধারার পূর্ব্বোক্ত ভাবের বিধানটি উঠাইয়া দিয়াছি ও তৎপরিবর্ত্তে মূল পাণ্ডুলিপির অন্তর্গত আর একটি নিয়মের দৃঢ়তা বৃদ্ধি করিয়াছি। পূর্ব্বোক্ত প্রথম হেতুতে খাজানা বৃদ্ধি করিলে টাকা প্রতি আট আনার অর্থাৎ শতকরা ৫০ টাকার অধিক বৃদ্ধি করা যাইতে পারা যাইবে না; ২য় কিম্বা ৪র্থ হেতুতে খাজানাবৃদ্ধি করিলে টাকা প্রতি চারি আনার অর্থাৎ শতকরা ২৫ টাকার অধিক বৃদ্ধি করা যাইতে পারিবে না; এবং (৪৮ ধারা) আদালত কোন স্থলেই অনুপযুক্ত বা অন্যায় বোধ হইলে, খাজানাবৃদ্ধির ডিক্রী দিবেন না, আমরা এই সকল বিধান করিলাম।

৩৬। একই শ্রেণীর দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা প্রচলিত যে হারে খাজানা দেয় সেই হারের সীমা পর্য্যন্তই খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে, এই সম্বন্ধে আমরা উত্তর পশ্চিম প্রদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ২০ ধারা অবলম্বন করিয়া ৪৪ ধারায় একটি প্রকরণ (গ) সংযোগ করিয়াছি। এই প্রকরণে, যে২ স্থলে দেশাচারমতে রায়তের জাতির বিষয় বিবেচনা করা আবশ্যক, সেই২ স্থলের বিধান করা হইয়াছে।

৩৭। ভূম্যধিকারীকৃত উৎকর্ষসাধন হেতুতে খাজানা বৃদ্ধি সম্বন্ধে আমরা দৃঢ় ও অলঙ্ঘ্য কোন বিধি প্রণয়ন না করিয়া কেবল এই মাত্র বিধান করিলাম যে [৪৬ (খ) ধারা] কতদূর পর্য্যন্ত খাজানা বৃদ্ধি করিতে দেওয়া যাইবে ইহা নিরূপণ করণার্থে আদালত নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,

(১) উক্ত উৎকর্ষসাধন দ্বারা ভূমির উৎপন্নের মূল্য যতদূর বৃদ্ধি হইয়াছে,

(২) উৎকর্ষসাধন করিতে কত খরচ পড়িয়াছে;

(৩) উৎকর্ষসাধন কার্য্যে লাগাইতে হইলে চাষ করিতে কত খরচ পড়ে

(৪) উক্ত ভূমির বর্ত্তমান খাজানা কত ও উচ্চতর খাজানা দিবার কিরূপ শক্তি আছে।

বহুকাল পূর্ব্বের কথা লইয়া কষ্টকর অনুসন্ধান পরিহারার্থে আমরা [৪৬ (ক) ধারায়] বিধান করিয়াছি যে উৎকর্ষসাধন রেজিষ্টরী করা না গেলে অর্থাৎ ৯ম অধ্যায়ের নির্দ্দিষ্ট বিধি অনুসারে রেজিষ্টরী করা না গেলে, আদালত খাজানাবৃদ্ধি দিবেন না। উক্ত বিধি সকল এরূপ ভাবে প্রণীত হইয়াছে দৃষ্ট হইবে যে তৎক্রমে আবশ্যক সকল সংবাদই উপযুক্ত মতে লিপিবদ্ধ করিতে হইবে।

৩৮। বন্যাদ্বারা ভূমির উৎপাদিকা শক্তির বৃদ্ধি হেতুতে খাজানাবৃদ্ধি সম্বন্ধে খাজানা সংক্রান্ত কমিশ্যন যে মূলবিধির প্রস্তাব করেন, তাহাই অবলম্বন করিয়া আমাদিগের গৃহীত বিধিটি প্রণীত হইয়াছে। ঐ বিধির মর্ম্ম এই যে [৪৭ (গ) ধারা] ভূম্যধিকারী ভূমির উৎপন্নের নিট বৃদ্ধির মূল্যের অর্দ্ধেকের অধিক পাইবেন না।

৩৯। ক্রমাগত খাজানাবৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব সীমাবদ্ধ করণ বিষয়ক মূল পাণ্ডুলিপির ৭৮ ধারাটি (৫০ ধারা) এক্ষণে প্রচলিত হার অপেক্ষা কমহারে খাজানা দেওয়া হইতেছে কিম্বা মূল্য বৃদ্ধি হইয়াছে এইহেতুতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহার প্রতিই প্রযুক্ত হইবে পরন্তু ঐ নিয়মটি এক্ষণে খাজানাবৃদ্ধির যে মোকদ্দমা দেওয়া গুণ বিচারের পর ডিসমিস হইয়াছে ও যে মোকদ্দমায় খাজানাবৃদ্ধির ডিক্রী দেওয়া হইয়াছে এই উভয়ের প্রতি বর্ত্তিবে, ও একবার খাজানাবৃদ্ধি করা গেলে পনের বৎসর গত না হইলে আবার খাজানাবৃদ্ধি করা যাইতে পারিবে না। পূর্ব্বে দশ বৎসর গত হইলেই খাজানাবৃদ্ধি করা যাইতে পারিত।

৪০। যে২ হেতুতে খাজানা কমাইবার নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে সংশোধিত পাণ্ডুলিপিতে (৫১ ধারা) তাহা নিম্নলিখিতরূপে নির্দ্দিষ্ট হইয়াছে।—অর্থাৎ

(ক)—যোতের জমী রায়তের দোষ ব্যতিরেকে বালি জমা হইয়া বা এরূপ অন্য কোন ঘটনা ঘটিয়া স্থায়িরূপে অপকৃষ্ট হইয়া গিয়াছে, এবং

(খ)—ঐ স্থানে প্রধান২ খাদ্য শস্যের গড় মূল্য কমিয়া গিয়াছে।

ইহার প্রত্যেক স্থলেই আদালত যত দূর উপযুক্ত ও ন্যায্য বোধ করেন, তত দূর খাজানা কমাইবার আজ্ঞা করিতে পারিবেন।

৪১। মূল্যের প্রামাণিক তালিকা প্রস্তুত করণ সম্বন্ধীয় সংশোধিত পাণ্ডুলিপির ৫২ ধারাটি মূল পাণ্ডুলিপির অন্তর্গত উক্ত বিষয় সংক্রান্ত ধারা হইতে কতক বিষয়ে বিভিন্ন। এস্থলে কেবল একটি পরিবর্ত্তনের কথা বলা আবশ্যক, অর্থাৎ এই নূতন ধারাক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট পূর্ব্ব ও বর্ত্তমান উভয় কালের নিমিত্তই মূল্যের তালিকা প্রস্তুত করিবার জন্য আদেশ করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন। বঙ্গদেশের গবর্ণমেণ্ট গত বার বৎসর নির্দ্দিষ্টরূপে যে মূল্যের তালিকা প্রকাশ করিয়া আসিতেছেন তাহা অবলম্বন করিয়া উক্ত মূল্যের তালিকা প্রস্তুত করা যাইতে পারে। এই তালিকা হইলে সংশোধন করিলে কোন স্থানের শস্যাদির মূল্য সম্বন্ধে তাহাদিগকে বিশ্বাসযোগ্য নির্দ্দিষ্ট প্রমাণস্বরূপ করিয়া লওয়া যাইতে পারিলে, মূল্য নির্দ্ধারণ করিতে খাজানা নির্দ্ধারণ সময়ে আদালতের কার্য্যের নিষ্পত্তিরূপ সরলতা পাইবে হইবে।

৪২। পশুচারণ ভূমির খাজনা বৃদ্ধি নিষেধক মূল পাণ্ডুলিপির ৮০ ধারাটি উঠাইয়া দেওয়া গেল, কারণ পশুচারণের নিমিত্তে প্রজাবিশেষকে ভূমি খাজনা করিয়া দেওয়া অতীব বিরল, সুতরাং এ বিষয়ে বিধির প্রয়োজন নাই।

৪৩। দখলীস্বত্ববিশিষ্ট প্রজা শস্যরূপে বা ফসল অনুসারে যে খাজানা দিবেন তাহার সীমা নির্দ্দেশকারী মূল পাণ্ডুলিপির ৮১ ধারাটিও উঠাইয়া দেওয়া গেল, কারণ, এবিষয় স্থানীয় রীতি অতিশয় জটিল দৃষ্ট হইল। ফসল বিচার করিবার পূর্ব্বে নানা উপলক্ষ করিয়া উহা হইতে সচরাচর অনেক অংশ বাদ দেওয়া হইয়া থাকে। এরূপ স্থলে কোন দৃঢ় ও অলঙ্ঘ্য বিধি নির্দ্দেশ করিলে আদায়ের ভ্রান্তি ঘটিয়া অনিষ্ট ঘটিবারই সম্ভাবনা।

৪৪। শস্যরূপে দেয় খাজনা রূপান্তরিত করণ বিষয়ক (৫৩) ধারাটি মধ্য প্রদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৩ সালের আইনের ১৮ ধারা অবলম্বনে পুনর্গঠিত হইয়াছে। এক্ষণে ইহা যেরূপ দাঁড়াইয়াছে তাহাতে ভূম্যধিকারী কিম্বা প্রজার মধ্যে যে কেহ নির্দ্দিষ্ট কএক জন কর্ত্তৃপক্ষের নিকট খাজানা রূপান্তরিত হইবার প্রার্থনা করিতে পারিবেন এবং উক্ত যে কর্ত্তৃপক্ষের নিকট ঐ প্রার্থনা করা যায় তিনি তাহার প্রতিবাদ করা গেলে তাহা অগ্রাহ্য করিতে পারিবেন। আরও মুদ্রাযোগে কত খাজানা দিতে হইবে ইহা নির্ণয় করণার্থে পুরাতন ধারা অপেক্ষা নূতন ধারায় বিবেচনাযুক্ত কার্য্য করিবার অধিকতর অবসর প্রদান করা হইয়াছে। ইহাতে কেবল এই বিধান করা গিয়াছে যে ঐ খাজানা নির্ণয় করণকালীন পূর্ব্বোক্ত কর্ত্তৃপক্ষ নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন, অর্থাৎ,

(ক) দখলীস্বত্ববিশিষ্ট রায়তের নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধা বিশিষ্ট ভূমির নিমিত্ত গড়ে যে মুদ্রারূপ খাজানা দিয়া থাকে, তাহার প্রতি ও

(খ) পূর্ব্ব দশ বৎসরে ভূম্যধিকারী প্রকৃত প্রস্তাবে যে খাজানা পাইয়া থাকেন তাহার গড় মূল্যের প্রতি।

৬ষ্ঠ অধ্যায়।

দখলীস্বত্বশূন্য রায়তদের সম্বন্ধীয় বিধি।

৪৫। মূল পাণ্ডুলিপির ৮৯ ধারায় এই বিধান ছিল ঐ পাণ্ডুলিপির অন্তর্নিহিত "সামান্য রায়ত" অর্থাৎ দখলীস্বত্বশূন্য রায়ত তদীয় ভূম্যধিকারীর সহিত কৃত নিয়মানুসারে সময়ে২ যে খাজানা ধার্য্য হয় ১১৯ ধারার বিধান অর্থাৎ তাহার দেয় অত্যুচ্চ খাজানা মোট উৎপন্নের গড় বার্ষিক মূল্যের পাঁচ আনার অধিক হইবে না এই বিধান প্রবল মানিয়া সেই খাজানা দিবে। আমরা যে কারণে দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরদের খাজানা বৃদ্ধি স্থলে এইপ্রকার অত্যুচ্চ খাজানা ধার্য্য করিবার প্রস্তাব ত্যাগ করিয়াছি, এই স্থলেও সেই কারণে তদ্রূপ প্রস্তাব ত্যাগ করিবার মানস করি। দখলীস্বত্বশূন্য রায়তের খাজানা ধার্য্য করিবার চুক্তি সম্বন্ধে অন্য কোন নিয়ম করা কর্ত্তব্য কি না এক্ষণে ইহাই কথা হইতেছে। আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তিই এরূপ কোন নিয়ম নির্দ্দেশ করিতে অনিচ্ছুক। অতএব সংশোধিত পাণ্ডুলিপিক্রমে ভূম্যধিকারী ও রায়ত উভয়েই এই বিষয়ে স্বাধীন রহিলেন। কেবলমাত্র (৫৭ ধারায়) এই বিধান করা গেল কোন দখলীস্বত্বশূন্য রায়তকে ভূমির দখল দেওয়া গেলে রেজিষ্টরী করা নিয়মপত্র ভিন্ন কিম্বা এই অধ্যায়ের যে কএকটি ধারার কথা শীঘ্রই বলা যাইবে তদনুযায়িক প্রকারে না হইলে ঐ রায়তের খাজানা বৃদ্ধি করা যাইবে না।

৪৬। যেহেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদ করা যাইতে পারে তদ্বিষয়ক ৫৮ ধারায় আমরা একটি প্রকরণ সংযোগ করিয়াছি। ঐ প্রকরণানুসারে উক্ত রায়তকে প্রথমবার রেজিষ্টরী করা পাট্টাক্রমে ভূমির দখল দেওয়া গেলে পাট্টার মিয়াদ অতীত হইয়াছে এইহেতু ধরিয়া উচ্ছেদ করা যাইতে পারিবে। কিন্তু আমরা পরবর্ত্তী (৫৯) ধারায় বিধান করিয়াছি যে মিয়াদ অতীত হইবার অন্যূন ছয় মাস থাকিতে রায়তের উপর উঠিয়া যাইবার নোটিস জারী করা না গেলে পাট্টার মিয়াদ অতীত হইয়াছে এইহেতু ধরিয়া উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা যাইবে না, এবং মিয়াদ অতীত হইবার ছয় মাসের পর উপস্থিত করা যাইবে না।

৪৭। আমরা দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদের নিমিত্ত ক্ষতিপূরণ দিবার বিধান সম্বন্ধীয় প্রকরণটি উঠাইয়া দিতে স্থির করিয়াছি এবং তৎপরিবর্ত্তে (৬০ ধারায়) এই বিধান করিয়াছি যে নির্দ্ধারিত খাজানা দিতে অসম্মত এইহেতু ধরিয়া দখলীস্বত্বশূন্য কোন রায়তে। নামে উচ্ছেদ করণার্থ মোকদ্দমা উপস্থিত করা গেলে আদালত উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিবেন। ঐ রায়তের পাঁচবৎসর কাল উক্ত খাজানায় ভূমি ভোগ করিবার অধিকার থাকিবে এবং তাহার পর প্রথম পাট্টার মিয়াদ অতীত হইলে যেং নিয়মে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিত ইতিমধ্যে তাহার দখলীস্বত্ব না জন্মিলে সেইং নিয়মে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিবে।

৭ম অধ্যায়।

কোর্ফা রায়তদের সম্বন্ধীয় বিধি।

৫৮। কোন জমীদারস্বত্ববিশিষ্ট রায়ত আপন খাতের অন্ধে কোর্ফা বিলি করাতে তালুকদাররূপে পরিণত হইলে, তাহার কোর্ফা প্রজারা রায়তদের স্বত্ব ও বিধা ভোগ বিষয়ে অধিকারী হইবে আমরা পূর্ব্বেই (২৬ ও ২৭ দফায়) পাণ্ডুলিপির অন্তর্গত এই নূতন বিধানের উল্লেখ করিয়াছি যে কোর্ফা রায়তেরা এই বিধানের উপকারের অধিকারী নহে, উপস্থিত অধ্যায়ক্রমে তাহাদের কিংৎপরিমাণে রক্ষণোপায় সাধিত হইবে।

৬২ ধারার বিধান এই যে মুদারূপ খাজানা দিয়া যে কোন কোর্ফা রায়ত ভূমি ভোগ করে, তাহার ভূম্যধিকারী নিয়মে যে খাজানা লন, তাহার উপর নিম্নলিখিত শতকরা অধিক খাজানা আদায় করিতে পারিবেন না, অর্থাৎ,

(ক) রেজিষ্টরীকরা পাট্টা বা নিয়মপত্রক্রমে কোর্ফা রায়তদের খাজানা দেওয়া গেলে, শতকরা পঞ্চাশ টাকার, ও

(খ) অন্য কোন স্থলে, শতকরা পঁচিশ টাকার।

আর ৬৩ ধারায় এই বিধান করা গিয়াছে কোন কৃষি বৎসরের শেষে না হইলে এবং উক্ত বৎসর গত হইবার অন্যূন ছয় মাস থাকিতে নির্দ্দিষ্ট প্রকারে কোন কোর্ফা রায়তের উপর উঠিয়া যাইবার নোটিস জারী করা না গেলে পর তদীয় ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

৮ম অধ্যায়।

খাজানা বিষয়ক সাধারণ বিধান।

৪৯। এই অধ্যায়ের প্রথমেই তালুকদার ও রায়তদের অবধারিত হারে ভূমি ভোগ করণবিষয়ক স্বত্ব সম্বন্ধে বিধান আছে। এই বিধানগুলি তালুকদার সম্বন্ধীয় মূল অধ্যায়ের প্রথম ভাগহইতে স্থানান্তরিত করা হইয়াছে। ইহার মধ্যে যে সকল পরিবর্ত্তন করা গিয়াছে তাহার একটির কথা এস্থলে বলা আবশ্যক। ৮৪ ধারার অন্তর্গত (২) উপধারায় একটি প্রকরণ সংযোগ করা গিয়াছে। ইহার বিধান এই যদি চিরস্থায়ী তালুকি অবধারিত হারে ভোগকৃত প্রজাস্বত্ব রেজিষ্টরী করিতে হইবে বলিয়া পরে কোন আইন প্রণীত হয়, তবে যে সকল প্রজা স্বত্ব নির্দ্দিষ্ট সময়ের মধ্যে রেজিষ্টরী করা না হয়, তাহার প্রতি বিশ বৎসর ভোগ ঘটিত সুবিদিত অনুমানটি খাটিবে না। আমরা অবগত হইয়াছি স্থানীয় গবর্ণমেণ্টে বঙ্গদেশীয় ব্যবস্থাপকসভায় পূর্ব্বোক্ত ভাবের রেজিষ্টরী করণ প্রথা প্রচলিত করণার্থে শীঘ্রই আইনের এক খানি পাণ্ডুলিপি উপস্থিত করিবার অভিপ্রায় আছে যদি ঐ পাণ্ডুলিপি আইনে পরিণত হয়, তাহা হইলে বাবস্থা গ্রন্থে পূর্ব্বোক্ত অনুমানের কথাটি অপরিবর্জ্জিত থাকাতে ভূম্যধিকারীদের যে কষ্ট হয় বলিয়া তাঁহারা প্রকাশ করিয়া থাকেন আইন ও পূর্ব্বোক্ত প্রকরণ ক্রমে সম্ভবতঃ অবধারিত হারে ভোগকৃত প্রজাস্বত্বসম্বন্ধে সেই কষ্টের উত্তমরূপ প্রতিকার হইবে। স্বত্বের লিখন প্রস্তুত হইবার পরেও ঐ অনুমান আর খাটিবে না (পরবর্ত্তী ৭৭ দফা দেখ)

৫০। কোন তালুকের অন্তর্গত ভূমির সহিত ভূমি যোজিত হওয়াতে ঐ তালুকের খাজানায় টাকা যোগ করিবার সময়ে নজর, মুঁকি ও আদায়ের খরচা বলিয়া শতকরা ত্রিশ টাকা ধরিয়া দিতে হইবে মূলপাণ্ডুলিপির ৯৬ ধারার উল্লিখিত দৃঢ় ও অলঙ্ঘ্য এই বিধিটি তুলাভাবের ৬৬ (২) ধারা হইতে উঠাইয়া দিয়া আমরা কেবল এই মাত্র বিধান করিয়াছি যে তালুকদার আপনার তালুকের খাজানা সম্বন্ধে যত নজর পাইতে স্বত্ববান আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

৫১। আমরা খাজানার বিলি বিষয়ক (৬৭) ধারা হইতে মূল পাণ্ডুলিপির ৯৮ ধারা সংযুক্ত কিয়ৎপরিমাণে জটিল উপবিধিটি অনাবশ্যক বলিয়া উঠাইয়া দিয়াছি।

৫২। আমরা ৬৮ ধারার একটি প্রকরণ সংযোগ করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ক্ষমতা প্রদান করিয়াছি যে তাঁহারা পরীক্ষার্থে প্রজাকে পোষ্টাল মণিঅর্ডর ক্রমে খাজানা দিবার ক্ষমতা দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন। আমাদিগের বিবেচনায় টাকা দিবার এই প্রণালীটি কোন কোন স্থলে সুবিধা জনক বোধ হইতে পারে।

৫৩। আমরা ৭০ ও ৭১ ধারায় প্রজাকে বেয় খাজানার কবজে রসিদে যে সকল বিষয় লিখিতে হইবে তাহা দৃঢ় রূপে নির্দ্দেশ না করিয়া তফসীলে ঐ সকলের পাঠ দিয়া স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি সুবিধা বোধ হইলে তাহা পরিবর্ত্তন করিবার ক্ষমতা প্রদান করিলাম।

৫৪। আমরা ৭০ (৪) ধারায় মূল পাণ্ডুলিপির অন্তর্গত তুল্য ভাবের [১০০ (৪) ধারার] বিধানের দৃঢ়তা শিথিল করিয়া দিয়াছি। এক্ষণে এই বিধান করা গেল, যে প্রত্যেক কবজে সারতঃ আদেশমত সমস্ত বিশেষ কথা না থাকে তাহা যে তারিখে দেওয়া যায় সেই তারিখ পর্য্যন্ত খাজানার সমুদয় দাওয়ার সম্পূর্ণ নিষ্কৃতিপত্র বলিয়া গণ্য না হইয়া "বিপরীত দর্শান না গেলে" এইরূপ অনুমান হইবে।

৫৫। খাজানা আমানত করা গেলে তাহা ফিরাইয়া লইবার প্রার্থনাপত্রে যাহাতে কোর্ট ফী না লাগে তাহার বিধান করিবার নিমিত্তে কেহ২ আমাদিগকে পরামর্শ দিয়াছেন। এইরূপ হওয়া আমরা বাঞ্ছনীয় বোধ করি; কিন্তু শাসনকার্য্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষদিগের এই বিষয়ে ব্যবস্থা করিবার ক্ষমতা আছে বলিয়া তাঁহাদিগের হস্তেই ইহার ভার রাখা হইল।

৫৬। যে যোত হস্তান্তর করা যাইতে না পারে, বাকী খাজানার নিমিত্ত সেই যোত হইতে উচ্ছেদ করিবার বিধান বিষয়ক (৭৮) ধারার একটি উপধারা সংযোগ করিয়া আমরা, বিশেষ কারণ থাকিলে আদালত খাজানা দিবার নির্দ্দিষ্টকাল বাড়াইয়া দিতে পারিবেন, আদালতের প্রতি এই ক্ষমতা প্রদান করিলাম।

৫৭। ভাওলী যোতের উৎপন্ন ফসল বিভাগ বা যাচাই করণার্থে কালেক্টর সাহেব কোন কর্ম্মচারী প্রেরণ করিতে পারিবেন, তাঁহার প্রতি আমরা এই ক্ষমতা প্রদান করিলাম। স্বার্থবিশিষ্ট অন্যতর পক্ষের প্রার্থনামতে এবং অন্য যে কোন স্থলে জিলার বা মহকুমার ম্যাজিষ্ট্রেট সাহেবের মতে ঐরূপ কার্য্য করিলে শান্তিভঙ্গ নিবারিত হইবার সম্ভাবনা সেই স্থলে কালেক্টর সাহেব তাহা করিতে পারিবেন। [৮১ (২) ধারা]

৫৮। যে কর্ম্মচারীকে প্রেরণ করা যায় তাঁহার প্রদত্ত রিপোর্টের উপর কালেক্টর সাহেব সকল স্থলেই যে আজ্ঞা ন্যায্য বোধ করেন সেই আজ্ঞা করিতে পারিবেন, তাঁহার প্রতি আমরা এই ক্ষমতা প্রদান করিয়া এই বিধান করিলাম যে পক্ষদের মধ্যে যে কোন বিষয়ে বিবাদ থাকে তাহা দেওয়ানী আদালতের নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করা উপযুক্ত বিবেচনা না করিলে তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে ও ডিক্রীর ন্যায় প্রবল করা যাইতে পারিবে। [৮২ (৪) ও (৫) ধারা] মূল পাণ্ডুলিপিক্রমে পক্ষদিগকে প্রথম স্থলেই উপকার লাভার্থে দেওয়ানী আদালতে যাইতে হইত, এক্ষণে যে কার্য্যপদ্ধতি নির্দ্দিষ্ট হইল তাহা আমাদিগের বিবেচনায় অধিকতর সরল ও সুবিধাজনক।

৫৯। মূল পাণ্ডুলিপির ১১৭ ধারার পরিবর্ত্তে আমরা পার্শ্বলিখিত ধারাটি সন্নিবেশ করিয়াছি

৮৩ ধারা। (১) উৎপন্ন ফসল যাচাই করিয়া খাজানা লওয়া গেলে, সমস্ত ফসল দখলে রাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(২) উৎপন্ন ফসল বিভাগ করিয়া খাজানা লওয়া গেলে যাবৎ উহা বিভাগ করা না হয়, তাবৎ সমস্ত ফসল দখলে রাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(৩) উভয় স্থলেই ভূম্যধিকারীর পক্ষে কোন হস্তক্ষেপ ব্যতিরেকে প্রজা কৃষি কার্য্যের নিয়মিতকালে ফসল কাটিয়া সংগ্রহ করিতে পারিবেন, কিন্তু যাহাতে যথাকালে উপযুক্ত যাচাই বা বিভাগ করিবার বাধা হয় এরূপ সময়ে বা এরূপ প্রকারে ফসলের কোন অংশ স্থানান্তর করিতে পারিবেন না।

(৪) যদি প্রজা ফসলের কোন অংশ এরূপ সময়ে বা এরূপ প্রকারে স্থানান্তর করেন, যাহাতে যথাকালে তাহার যাচাই বা বিভাগ করিবার বাধা হয়, তবে শস্য সংগ্রহের সময়ে নিকটস্থ সেই প্রকারের ভূমিতে সেই প্রকারের শস্য সর্ব্বাপেক্ষা পূর্ণ পরিমাণে যত যাচাই হয়, ফসল তত হইয়াছিল বলিয়া জ্ঞান করা যাইবে।

শস্যের দখল সম্বন্ধে স্বত্ব ও দায়ের কথা।

যেস্থলে উৎপন্ন যাচাই বা বিভাগ করিয়া খাজানা লওয়া যায়, সেস্থলে ফসলের দখল সম্বন্ধে ভূম্যধিকারী ও প্রজার স্বত্ব ও দায়ের বিষয়ে এই ধারায় সংক্ষেপে প্রকৃষ্টরূপ বিধান করা গিয়াছে।

মূল পাণ্ডুলিপির ১১৭ ধারার দণ্ড বিষয়ক বিধানটি এই স্থলে গৃহীত হইল না, কারণ ১৯ শ অধ্যায়ের (১২০ ধারা) মধ্যে দণ্ড বিষয়ক সাধারণ যে প্রকরণ সন্নিবেশ করা গিয়াছে তাহাতেই উক্ত বিষয়ের যথেষ্ট বিধান দৃষ্ট হইবে।

৯ম অধ্যায়।

ভূম্যধিকারী ও প্রজা বিষয়ক বিবিধ বিধান।

৬০। আমরা একটি নূতন ধারা (৮৮) সন্নিবেশ করিয়া বিধান করিলাম যে, রায়ত অবধারিত খাজানায় কিম্বা অবধারিত খাজানার হারে ভূমি ভোগ করিলে, তদীয় ভূম্যধিকারী তাহাকে কোন উৎকর্ষসাধন করিতে বাধা দিতে পারিবেন না।

৬১। আমরা ৮৯ (৩) ধারায় দখলীস্বত্ববিশিষ্ট রায়ত ও তদীয় ভূম্যধিকারীর মধ্যে

(ক) রায়তের উৎকর্ষসাধন করিবার স্বত্ব সম্বন্ধে ও

(খ) কোন বিশেষ কার্য্য উৎকর্ষসাধন কি না এতৎ সম্বন্ধে,

কোন বিবাদ উত্থিত হইলে কালেক্টর সাহেবের প্রতি তাহা চূড়ান্তরূপ নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিয়াছি।

৬২। উৎকর্ষসাধন ঘটিত বিবাদের সহজে নিষ্পত্তি হইতে পারিবার নিমিত্ত আমরা মধ্যপ্রদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৩ সালের আইনের ৮০ ধারা অবলম্বন করিয়া একটি ধারা (৯২) প্রণয়ন করিয়াছি। এই ধারার বিধান এই যে কোন ভূম্যধিকারী কি প্রজা যে উৎকর্ষসাধন করা যায় তাহার প্রমাণ লিপিবদ্ধ করিয়া রাখিতে চাহিলে কোন রাজস্ব সংক্রান্ত কর্মচারীর নিকট প্রার্থনা করিতে পারিবেন, এবং কোন বিষয় এরূপ লিপিবদ্ধ করা গেলে পক্ষদের মধ্যে পরে যে কোন আনুষ্ঠানিক কার্য্য হয় তাহাতে ঐ লিপিবদ্ধ কথা প্রমাণ মধ্যে গ্রাহ্য হইতে পারিবে। ৩৭ দফার লিখিত মত ভূম্যধিকারী কৃত উৎকর্ষসাধন রেজিষ্টরী করিবার বিধান করিয়া ও আমরা একটি ধারা (৯১) প্রণয়ন করিলাম।

৬৩। মূল পাণ্ডুলিপির ১২৯ (৪) ধারার বিধান এই ছিল যদি ইহা দেখান না যায়, যে ভূম্যধিকারী রায়তকে উৎকর্ষসাধন করিতে নিষেধ করিয়াছিলেন এবং আপনি তাহা করিতে প্রস্তুত ছিলেন, তবে এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে রায়ত যে উৎকর্ষসাধন করেন, তাহা এই আইন অনুসারে করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে। এই ধারার পরিবর্ত্তে আমরা একটি উপধারা [৯৩ (৪) ধারা] নিবেশ করিয়া বিধান করিলাম যে ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখ অর্থাৎ উক্ত পাণ্ডুলিপি উপস্থিত করিবার তারিখ ও এই আইন প্রচলিত হইবার সময়ের মধ্যে রায়ত যে উৎকর্ষসাধন করেন, তাহা এই আইন অনুসারে করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে। ঐ পাণ্ডুলিপি উপস্থিত করিবার তারিখের পূর্ব্বে কোন উৎকর্ষসাধন করা গেলে এই ধারা তাহার প্রতি ভূতকাল সম্পর্কে বর্ত্তিবার পক্ষে বাধা হইবে।

৬৪। উৎকর্ষসাধনের নিমিত্তে ক্ষতিপূরণস্বরূপ যে টাকা দেয় হয় তাহা নিরূপণকালে আদালত-কর্ত্তৃক যে২ বিষয় বিবেচিত হইবে, আমরা ৯৪ ধারায় কিয়ৎপরিমাণে তাহার সংখ্যা বৃদ্ধি করিয়া দিয়াছি। নূতন যে কথাগুলি সংযোগ করা গিয়াছে তাহার মধ্যে এইগুলি গুরুতর অর্থাৎ উৎকর্ষসাধনের ফল কত কাল স্থায়ী হইবার সম্ভাবনা তদ্বিবেচনায় ঐ উৎকর্ষসাধনের আদায়ার প্রতি এবং "ভূমি কৃষি কার্য্যোপযোগী করা গেলে, কিম্বা অসেচিত ভূমি সেচিত ভূমিতে পরিণত করা গেলে, রায়ত যত কাল অবচ্ছিন্ন খাজানায় উৎকর্ষসাধনের লাভ ভোগ করিয়াছেন" সেই কালের প্রতি আদালতের দৃষ্টি রাখিতে হইবে।

৬৫। মধ্য প্রদেশের প্রজাস্বত্ববিষয়ক ১৮৮৩ সালের আইনের ৩৩ ধারা অবলম্বন করিয়া আমরা প্রজা কর্ত্তৃক ইস্তফা করণ বিষয়ক (৯৫) ধারাটি নূতন করিয়া প্রণয়ন করিয়াছি এবং কোন২ লোকের এই বিষয়ে একটি ভ্রান্ত সংস্কার আছে বলিয়া তাহার দূরীকরণার্থে একটি উপধারা (৫) যোগ করিয়া স্পষ্টরূপে বিধান করিয়াছি যে কোন রায়ত আপন ভোগ ইস্তফা করিলে ভূম্যধিকারী ঐ ভোগে প্রবেশ করিয়া উহা কোন প্রজাকে জমা করিয়া দিতে কিম্বা নিজে চাষ করণার্থ লইতে পারিবেন।

৬৬। আপাততঃ দেখিলে বোধ হয় যে রায়ত আপন ভোগ পরিত্যাগ করিয়াছে কিন্তু ঐ ভোগ যে পরিত্যাগ করিয়া গিয়াছে ইহা নির্ব্বিঘ্ন রূপে ধরিয়া লইতে পারা যায় কি না এবং উহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দেওয়া যায় কি না ভূম্যধিকারী ইহা নিশ্চয় বুঝিতে পারেন না; এইরূপস্থলে যে অসুবিধা অনুভূত হয় আমরা পার্শ্বলিখিত ধারা প্রণয়ন করিয়া তাহা নিরাকৃত করিবার চেষ্টা পাইয়াছি।

২৬ ধারা। পরিত্যাগের কথা।

(১) কোন রায়ত আপন ভূম্যধিকারীকে নোটিস না দিয়া ও খাজানা যেমন দেনা হয়, তাহা দিবার বন্দোবস্ত না করিয়া যদি আপন বাটী ত্যাগ করে, ও নিজে বা অন্য কোন ব্যক্তি দ্বারা আপন ভোগ আর চাষ না করে, তবে রায়ত যে কৃষি বৎসর ঐরূপ ত্যাগ করিয়া যায়, ও চাষ করিতে বিরত হয়, সেই কৃষি বৎসর অতীত হইবার পর যে কোন সময়ে ভূম্যধিকারী ঐ ভোগে প্রবেশ করিয়া তাহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দিতে পারিবেন, কিম্বা নিজে চাষ করণার্থ লইতে পারিবেন।

(২) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন ভোগে প্রবেশ করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে নির্দ্দিষ্ট পাঠে নোটিস প্রচার করাইবেন। তাহাতে এই কথা লেখা থাকিবে যে, তিনি উক্ত ভোগ পরিত্যক্ত জ্ঞান করিয়া তাহাতে প্রবেশ করিয়াছেন।

(৩) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন ভোগে প্রবেশ করিলে, ঐ নোটিস প্রচার করিবার তারিখ অবধি দুই বৎসর কিম্বা দখলীয়তশূন্য রায়ত হইলে, ছয়মাস অতীত না হওয়া পর্য্যন্ত ঐ রায়ত যে কোন সময়ে উক্ত ভূমির দখল ফিরিয়া পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে। তাহা হইলে যে সকল ব্যক্তি ক্ষতিগ্রস্ত হয় তাহাদের ক্ষতি পূরণ সম্বন্ধে আদালত যেরূপ (যদি কোন) শর্ত্ত ন্যায্য বোধ করেন, সেই শর্ত্তে দখল ফিরিয়া পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

৬৭। কোন ভূম্যধিকারী প্রজার সম্মতি বিনা কিম্বা কালেক্টর সাহেবের অনুমতি বিনা দশ বৎসরে একবারের অধিক ভূমি মাপ করিতে পারিবেন না এই বিষয়ঘটিত ৯৯ ধারায় আমরা নিম্নলিখিত দল বর্জ্জিত ছল বলিয়া নির্দ্দেশ করিয়াছি, অর্থাৎ—

(ক) যে স্থলে যোতের পরিমাণ, শিকস্তী কি পৈরস্তীহেতুক বৎসর২ পরিবর্ত্তন হইতে পারে ও দেয় খাজানা ঐ পরিমাণের উপর নির্ভর করে।

(খ) যে স্থলে চাষের ভূমির পরিমাণ বৎসর২ পরিবর্ত্তন হইতে পারে এবং দেয় খাজানা চাষের ভূমির পরিমাণের উপর নির্ভর করে।

(গ) যে স্থলে ভূম্যধিকারী ইচ্ছাপূর্ব্বক হস্তান্তরক্রমে না হইয়া অন্যপ্রকারে খরিদার হন এবং খরিদক্রমে দখল লইবার তারিখ অবধি দুই বৎসরের অধিক কাল গত হয় নাই।"

৬৮ মাপের ত্রুটি বিষয়ক ১০১ ধারায় আমরা একটি উপধারা সন্নিবেশ করিয়া জমীর পরিমাণ মেটের প্রতি জমীর তদন্ত লইবার পরে কোন স্থানে যে যে মানদণ্ড ব্যবহৃত হয় তাহা নির্দ্দেশ করিয়া বিধি প্রণয়ন করিবার ক্ষমতা প্রদান করা যাইতে এবং ঐরূপে যে নির্দ্দেশ করা যায় তাহা বিপরীত দর্শান না গেলে শুদ্ধ বলিয়া অনুমান হইবে এই বিধান করিয়াছি। আমাদিগের বিবেচনায় ইহাতে মূল পাণ্ডুলিপির ১৩৮ ধারার অর্থ প্রায় কিছুই থাকিতেছে না, অতএব ঐ ধারাটি আমরা উঠাইয়া দিলাম। ভূমি মাপ করণ বিষয়ক অন্যান্য বিধান সত্ত্বের লিপিসম্বন্ধীয় ১০ম অধ্যায়ের মধ্যে দৃষ্ট হইবে।

৬৯। কোন মহাল কিম্বা তালুকের সহাধিকারীবর্গের পক্ষে কার্য্য করণার্থে কার্য্যাধ্যক্ষ নিয়োগ বিষয়ক এই অধ্যায়ের অন্তর্গত [illegible] আমরা একটি ধারা (১০৯) সংযোগ করিয়া হাই কোর্টের প্রতি কার্য্যাধ্যক্ষদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দেশ করিবার বিধি প্রণয়ন করিবার ক্ষমতা প্রদান করিয়াছি।

৭০। স্বত্বনিরঞ্জন বিষয়ক ধারাটি আমরা ত্যাগ করিয়াছি। ঐ ধারাটি থাকিলে দখলীস্বত্ব ভূম্যধিকারীর হস্তে রক্ষিত হওয়ার ফলীয় প্রজাদিগকে কোর্ট রায়তের অবস্থায় পতিত হইতে হয়, সুতরাং উপস্থিত পাণ্ডুলিপি প্রণেতৃগণের সাধারণ লক্ষ স্থল তদ্বিবেচনায় ঐ ধারাটি আমাদিগের মতে বিশেষ আপত্তিযোগ্য। আবার ঐ ধারাটি রক্ষিত হইলেও উপযুক্ত কারণ না থাকিলেও যে কোন ব্যক্তির ঐ ক্রমে ধারা সম্পত্তিসংক্রান্ত আইনের জটিলতা ঘটাইবার প্রচুর ও যথেচ্ছ ক্ষমতা থাকে। ঐ জটিলতায় প্রতারণার সহায়তা হইবার সম্ভাবনা। সুতরাং সাধারণ উদ্দেশ্য বিবেচনা করিলে ও ঐ ধারাটির প্রতি গুরুতর আপত্তি উত্থাপিত হইতে পারে।

আমাদিগের বিবেচনায় এই পাণ্ডুলিপির উপস্থিত প্রয়োজন দখলীস্বত্বসম্বন্ধীয় অধ্যায়ের মধ্যে সন্নিবেশিত (২৮) ধারার বিধানক্রমের মধ্যেষ্টরূপে সাধিত হইবে। এই ধারার কথা পূর্ব্বেই (১৫ দফায়) আমরা বলিয়াছি মাননীয় জষ্টিস শ্রীযুত কিল্ড সাহেব এই বিষয়ে যে মত প্রকাশ করিয়াছেন তাহা উত্তমরূপ বিবেচনা করিয়া এতৎসংক্রান্ত অন্যান্য বিষয় সম্বন্ধে আমাদিগের এই সংস্কার হইয়াছে যে স্বত্বনিমজ্জনঘটিত প্রস্তাবটি কিয়ৎপরিমাণে উপস্থিত আইনের ন্যায্য অধিকারের বহির্ভূত।

১০ম অধ্যায়।

স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত করিবার বিধি।

৭১। উপরি উক্ত দুইটী বিষয় লইয়া মূল পাণ্ডুলিপিতে যে দুইটী অধ্যায় ছিল তাহা এক অধ্যায়ের মধ্যে সংগ্রহ করা এবং সহজতর বিষয়টীর অর্থাৎ স্বত্বের লিপি বিষয়ক কথা প্রথমে বলা আমরা সুবিধা বোধ করিলাম।

৭২। স্বত্বের লিপি না থাকায় জন সাধারণে কখনও, বিশেষতঃ কোন মহাল কি তালুক নীলামক্রমে বলপূর্ব্বক বিক্রয় করা গেলে যে ব্যক্তি তাহা ক্রয় করেন তিনি যে অসুবিধা অনুভব করেন, আমাদিগের হস্তস্থ ১১২ সংখ্যক নূতন মাপাক্রমে তাহা দূরীকৃত হইবে। এই ধারাক্রমে বিশেষ একটী নিয়মাধীনে ভূস্বামী কি তালুকদারের প্রার্থনামতে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী স্বত্বের লিখন প্রস্তুত করিতে পারিবেন।

৭৩। ইহা দৃষ্ট হইবে যে স্বত্বের লিপি প্রস্তুত করিবার প্রণালী সম্বন্ধে গুরুতর একটী পরিবর্ত্তন করা গিয়াছে। মূল পাণ্ডুলিপির বিশেষ অধ্যায়মত সকল স্থলেই, অর্থাৎ, লিপি মধ্যে যে কথা ধরিতে হইবে তাহা লইয়া বিবাদ থাকুক বা না থাকুক, সরাসরী কার্য্যবিধান নির্দ্দিষ্ট হইয়াছিল, সুতরাং সকল-স্থলেই একই ফল হইত অর্থাৎ লিপির মধ্যে কোন কথা ধরা গেলেই তাহা দৃষ্টিমাত্রই শুদ্ধ বলিয়া অনুমান করা যাইত, কিন্তু দেওয়ানী আদালতে তাহার গুরুতর প্রতিবাদ করা যাইতে পারিত। পক্ষান্তরে সংশোধিত পাণ্ডুলিপিতে স্বত্বের লিপি প্রথমেই প্রকাশিত হইবার বিধান করিয়া আপত্তি উত্থাপন, করিবার অধিকতর সুবিধা করিয়া দেওয়া গিয়াছে। লিপির মধ্যে কোন কথা ধরা গিয়া থাকিলে তাহা ধরিবার প্রস্তাব করা গেলে যদি তাহার প্রতিবাদ করা হয়, তবে রাজস্বসংক্রান্ত কর্ম্মচারীকে দেওয়ানী আদালতের নিয়মিত কার্য্যপদ্ধতি অনুসারে ঐ বিবাদ সম্বন্ধে তদন্ত লইতে হইবে এবং তাঁহার কৃত নিষ্পত্তি ডিক্রীর ন্যায় গ্রাহ্য হইবে। বিশেষে যে জজ তদ্রূপ সকল আপীল শুনিবার নিমিত্তে নিযুক্ত হন ঐ নিষ্পত্তির বিরুদ্ধে প্রথমতঃ তাঁহারই নিকট আপীল হইতে পারিবে ও পরে দ্বিতীয় আপীল সম্বন্ধীয় সাধারণ নিয়মাধীনে হাই কোর্টে আপীল হইতে পারিবে। সুতরাং লিপির বর্ণিত কোন কথা লইয়া বিবাদ হইলে, সকল স্থলেই বিবাদের বিষয়টি যে সকল কথার নিষ্পত্তি হইয়া গিয়াছে তাহার ন্যায় গণ্য হইবে। লিপি প্রথমে প্রকাশ করণের পর আপত্তি উত্থাপিত করণের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে যে স্থলে কোন আপত্তি উপস্থিত করা না যায়, লিপির বর্ণিত কথা সেই স্থলে অবিসংবাদিত বলিয়া চিহ্নিত করা যাইবে এবং মূল পাণ্ডুলিপির প্রস্তাবিত মতে যাবৎ বিপরীত দর্শান না যায় তাবৎ শুদ্ধ বলিয়া অনুমিত হইবে। উক্ত সকল কার্য্য বহু বিস্তারে সংঘটিত হইবে বিবেচনায় এবং স্বত্বের লিপি যেরূপেই প্রকাশিত হউক না কেন স্বার্থযুক্ত প্রত্যেক ব্যক্তিই যে তাঁহার সম্বন্ধে ঐ লিপির মধ্যে

যে কথা ধরা যায় তাহার যথার্থ ভাব হৃদয়ঙ্গম করিতে পারিবেন ইহা নিঃসন্দিগ্ধরূপে জানিতে পারিবার সম্ভাবনা নাই বলিয়া আমরা লিপির অন্তর্গত অবিসংবাদিত কথাগুলি যত দূর প্রামাণিক হইবে বলিয়া উল্লেখ করিয়াছি তদপেক্ষা অধিকতর প্রামাণিক বলিয়া নির্দ্দেশ করিতে সাহসী হইলাম না।

৭৪। যে কার্য্যকে "খাজানার বন্দোবস্ত" বলা হইয়াছে তাহাতে স্বত্বের লিপি প্রস্তুত করণ এবং দখলীস্বত্ব বিশিষ্ট প্রজা ও তালুকদারেরা অবধারিত খাজানায় না হইয়া অন্যপ্রকারের ভূমি ভোগ করিলে ভূম্যধিকারীরা প্রজা উভয়ে সকল খাজানার বন্দোবস্ত করিয়া দিবার প্রার্থনা করেন সেই সকল খাজানার বন্দোবস্ত বুঝাইবে।

কোন যোতের খাজানার বন্দোবস্ত করা যাইতে পারে কি না এবং করা যাইতে পারিলে কত টাকায় তাহা নিরূপণ করিতে হইবে এতগুলি বড় জটিল ভাবের প্রশ্ন এবং দুইটি বিভিন্ন পর্য্যায়ের যুক্তির উপর স্থাপিত। প্রথমতঃ প্রজা সম্বন্ধের অস্তিত্ব, ভূমির পরিমাণ প্রজার স্বত্ব ও যে নিয়মে তিনি ভূমি ভোগ করেন এইরূপ অনেক বিষয়ঘটিত প্রশ্নাবলীর উপর পূর্ব্বোক্তপ্রশ্ন গুলির নিষ্পত্তি নির্ভর করে। ঐ প্রশ্নের মধ্যে আইনঘটিত এমন নানা কথা থাকিবার সম্ভাবনা যাহা সন্তোষজনক ভাবে নিষ্পত্তি করিতে হইলে পরিশেষে উচ্চতম বিচারালয়ে আপীল হইবার ব্যবস্থা থাকা প্রয়োজন। দ্বিতীয়তঃ এ প্রশ্নগুলির অর্থনীতি-ঘটিত অনেক বিষয়ের সহিত অর্থাৎ বিভিন্ন সময়ে প্রচলিত দর, ও এবং উৎকর্ষসাধনের ফল প্রভৃতি অনেক বিষয়ের সহিত ঘনিষ্ট সম্বন্ধ আছে। সকলেই স্বীকার করেন যে প্রথম স্থলেই হউক আর আপীল ক্রমেই হউক স্থানীয় তদন্ত না হইলে এবং বিচার্য্য বিষয়ে বিশেষ অভিজ্ঞ ব্যক্তি ভিন্ন এই সকল বিষয় লইয়া যথাযথ কার্য্য করা যাইতে পারে না। পূর্ব্বোক্ত দুইটি বিষয় স্বতন্ত্র করিয়া যাহাতে প্রত্যেকটি বিশেষ ব্যক্তি কর্ত্তৃক চূড়ান্তরূপে নিষ্পত্তি হইবার প্রকৃষ্ট বিধান করা যাইতে পারে ইহাই আমাদিগের বিবেচনা স্থল হইয়াছিল। এই প্রশ্নের যে মীমাংসা মূল পাণ্ডুলিপিতে প্রস্তাবিত হইয়াছিল, তাহা ঐ পাণ্ডুলিপির ১৮০ ধারায় দৃষ্ট হইবে। স্বত্বের লিপি সংক্রান্ত কার্য্যপদ্ধতির মধ্যে যে পরিবর্ত্তনের পূর্ব্বেই উল্লেখ করা গিয়াছে তাহাতে এবং জনৈক বিশেষতঃ বিচারপটু ও স্থানীয় কৃষিকার্য্যপদ্ধতি সম্বন্ধে বিশেষজ্ঞ যত কর্ম্মচারী বিশেষ জজস্বরূপ নিযুক্ত হইবেন পাণ্ডুলিপির উল্লিখিত এই বিধানক্রমে পূর্ব্বোক্ত প্রশ্নের অধিকতর সন্তোষজনক উত্তর পাইবার পক্ষে সাহায্যতা হইবে বোধ হয়। আমরা এক্ষণে এই প্রস্তাব করি যে, যে খাজানার বন্দোবস্ত করা যায় কি বন্দোবস্ত করিবার প্রস্তাব হয়, যার তৎসম্বন্ধে বিবাদ উপস্থিত হইলে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী স্বত্বের লিপি অন্তর্গত কোন কথা-ঘটিত বিবাদের ন্যায় উক্ত বিবাদের নিষ্পত্তি করিবেন, ও পরে ঐ সমগ্র বিষয়ের আপীল বিশেষ জজের নিকট হইতে পারিবে এবং স্বত্বের লিপির অন্তর্গত যে কথা বিবেচনায় খাজানার বন্দোবস্ত করা গিয়াছে তাই কোর্ট দ্বিতীয় আপীলে সেই কথা উপলক্ষে বিশেষ জজের নিষ্পত্তি অন্যথা না করিলে ঐ নিষ্পত্তিই চূড়ান্ত হইবে। এইস্থলে তাই কোর্ট নূতন করিয়া খাজানা নিরূপণ করিয়া দিতে পারিবেন কিন্তু জমাবন্দীর লিখিত অন্যান্য খাজানাদৃষ্টে তাহা করিতে হইবে। অর্থাৎ খাজানা অত্যধিক কি অত্যল্প করিয়া ধার্য্য করা হইয়াছে কেবল এই হেতুতেই তাই কোর্টে দ্বিতীয় আপীল হইতে পারিবে না কিন্তু আইনঘটিত বিষয়ে বুঝিবার ভুল হইয়াছে, বলিয়া যথা বিশেষ জজ কোন যোতের মধ্যে প্রকৃতই যত জমী আছে তদপেক্ষা অধিক কি অল্প জমী আছে ধরিয়াছেন এই প্রকার হেতুতে দ্বিতীয় আপীল করা যায় বলিয়া দ্বিতীয় আপীল করা গেলে ও আপীলকারী কৃতকার্য্য হইলে, তাই কোর্ট খাজানার হার পরিবর্ত্তন না করিয়া স্থলবিশেষে খাজানা কমাইয়া কি বাড়াইয়া দিতে পারিবেন।

৭৫। আমরা ১২০ ধারায় বিধান করিয়াছি যে পূর্ব্ব কএকধারা ক্রমে কোন যোতের খাজানার টাকা ধার্য্য করাইবার নিমিত্ত কোন ভূম্যধিকারীর প্রার্থনা করিবার স্বত্ব থাকিলে, যোতের যে খাজানা তাঁহার প্রার্থনামতে ধার্য্যকৃত কিম্বা নিরূপিত হয়, ভূম্যধিকারীর উৎকর্ষসাধন কিম্বা যোতের পরিমাণ বৃদ্ধিহেতুক না হইলে, পনের বৎসর কালমধ্যে তাহা বৃদ্ধি করা যাইবে না।

৭৬। খরচ দিতে হইবার বিধান বিষয়ক ১২১ ধারাটি এক্ষণে স্বত্বের লিপি প্রস্তুত করণ ও খাজানার বন্দোবস্তকরণ এই উভয় বিষয়ের প্রতিই বর্ত্তান গেল।

৭৭। এই অধ্যায়ের আর একটি বিধানের অর্থাৎ ১২২ সংখ্যক নূতন ধারাটির বিধানের বিষয় কিছু বলা আবশ্যক। বিধানটি এই কোন প্রজার স্বত্ব সম্বন্ধে বিশেষ কথা এই অধ্যায়মতে লিপিবদ্ধ করা গেলে অবধারিত খাজানায় বিশ বৎসর ভূমি ভোগ করিলে যে অনুমান করা গিয়া থাকে বলিয়া সকলেই অবগত আছেন তাহা আর খাটিবে না।

১১শ অধ্যায়।

হারের তালিকা বিষয়ক বিধি।

৭৮। এই অধ্যায়ের লিখিত বিষয় বিবেচনা করিবার সময়ে আমরা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অভিপ্রায়ানুসারে কার্য্য করিয়াছি। যে সকল তদন্ত লওয়া হইয়াছে তদ্দৃষ্টে বোধ হয় যে খাজানার হারের মধ্যে বিলক্ষণ বিভিন্নতা আছে বলিয়া অনেক স্থলেই কোন বৃহৎ দেশখণ্ডে খাটিতে পারে হারের এমন সাধারণ তালিকা প্রস্তুত করা অসম্ভব। কিন্তু রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী কর্ত্তৃক খাজানার সাধারণ

বন্দোবস্ত করণের প্রস্তাব অপেক্ষা তৎকর্ত্তৃক বিশেষ২ স্থানের নিমিত্ত হারের উক্তরূপ তালিকা প্রস্তুত করিলে ভাল হয়, বঙ্গদেশের গবর্ণমেন্ট এইরূপ বিবেচনা করেন প্রথমোক্ত স্থলে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী স্বয়ং যে ভূমি লইয়া বিবাদ তথায় যাইয়া বিবাদের নিষ্পত্তি করিবেন। কিন্তু শেষোক্ত স্থলে তিনি কেবল যে সকল সাধারণ বৃত্তান্ত অনুসরণ করিয়া আদালতের কার্য্য করিতে হইবে সেই গুলিই নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিবেন আদালতের সম্মুখে যে বিবাদের মূল উপস্থিত করা যায় আদালত রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারীদের নিরূপিত সাধারণ বৃত্তান্ত গুলি সেই স্থলে খাটাইবেন। অতএব দুই একটি সামান্য পরিবর্ত্তন করিয়া আমরা এই কার্য্যপদ্ধতি অব্যাহত রাখিয়াছি কিন্তু মূল পাণ্ডুলিপিতে ইহার যেরূপ গুরুত্ব ছিল এক্ষণে তাহা আর থাকিবে না।

১২শ অধ্যায়।

ভূস্বামীর নিজজমীর কথা লিপিবদ্ধ করিবার বিধি।

৭৯। খামার বা জেরাতভূমি সংক্রান্ত কঠিন প্রশ্নটির মীমাংসা করিতে গিয়া আমরা দুইটি বিভিন্ন কার্য্য পদ্ধতির বিধান করিয়াছি।—অর্থাৎ—

(ক) স্থানীয় গবর্ণমেন্টের আদেশ ক্রমে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারি কর্ত্তৃক তদ্রূপ ভূমির জরীপ ও রেজিষ্টরী করণ;

(খ) স্বার্থযুক্ত ভূম্যধিকারি অথবা প্রজার প্রার্থনামতে তদন্ত লওন।

বহুবিস্তৃত দেশ মধ্যে এই বিষয় টির বিশেষ গুরুত্ব আছে বলিয়া তথায় প্রথমোক্ত কার্য্যপদ্ধতি অনুসারে কার্য্য হইবে। শেষোক্ত পদ্ধতি কেবল বিশেষ কোন ভূমি খণ্ড লইয়া বিবাদ থাকিলে ঐবিবাদস্থলে খাটিবে। বঙ্গদেশের গবর্ণমেন্টের অনুরোধক্রমে দুই কার্য্যপদ্ধতিই সমভাবে দেশের যে কোন অংশে খাটাইতে পারা যাইবে এইরূপ বিধান করা গিয়াছে। এই শ্রেণীর ভূমির বর্ণনায় আমরা বঙ্গদেশ ও বেহারদেশের মধ্যে কোন প্রভেদ করি নাই। কিন্তু আমরা আদেশ করিয়াছি যে প্রত্যেক স্থলেই দেশাচারের প্রতি দৃষ্টি রাখিতে হইবে, কোন২ শ্রেণী ভূমির রাজস্বসংক্রান্ত কর্ম্মচারি ভূম্যধিকারীর নিজ জমী বলিয়া প্রমাণ লিপিবদ্ধ করিবেন ইহা বিধান করিলেও যে২ স্থল স্পষ্টতঃই পূর্ব্বোক্ত শ্রেণীর অন্তর্গত নহে সেই২ স্থলে কার্য্য করণার্থে কএকটি বিধি প্রণয়ন করিয়া তাঁহার সাহায্য করিবার চেষ্টা পাইয়াছি। যে ধারায় এই সকল বিধি আছে তাহা নিম্নে উদ্ধৃত হইল।

ভূস্বামীর নিজ জমী নির্ণয় করিবার বিধি।

১৩৮ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী নিম্নলিখিত জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করিবেন।—

(ক) যে জমী খামার, জেরাত, সের, নিজ, নিজযোত বা কামাত বলিয়া ভূস্বামী নিজে আপন সরঞ্জামদ্বারা বা আপন চাকর দ্বারা বা বেতনভোগী মজুরদ্বারা এই আইন বিধিবদ্ধ হইবার অব্যবহিত পূর্ব্বে ক্রমাগত বার বৎসর চাষ করিয়াছেন বলিয়া প্রমাণ হয় সেই জমী এবং

(খ) যে আবাদী জমী গ্রাম্যাচারক্রমে ভূস্বামীর খামার, জেরাত, সের, নিজ, নিজযোত বা কামাত জমী বলিয়া স্বীকৃত হয়, সেই জমী।

(২) অন্য কোন জমী ভূস্বামীর নিজজমী বলিয়া লিপিবদ্ধ করা উচিত কি না, ইহা নিরূপণ করিতে হইলে, উক্ত কর্ম্মচারী দেশাচারের প্রতি এবং ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২৮ তারিখের পূর্ব্বে ভূস্বামীর নিজ জমী বলিয়া বিশেষ করিয়া ঐ জমী জমা দেওয়া হইয়াছিল কি না এই কথার প্রতি দৃষ্টি রাখিবেন, কিন্তু যাবৎ বিপরীত দর্শান না যায়, তাবৎ উক্ত জমী ভূস্বামীর নিজ জমী নহে, এইরূপ অনুমান করিবেন।

(৩) জমী ভূস্বামীর নিজ জমী কি না, এবিষয়ে দেওয়ানী আদালতে কোন প্রশ্ন উত্থিত হইলে, রাজস্ব কর্ম্মচারীদের কার্য্যপদ্ধতি প্রদর্শনার্থ এই ধারায় যে বিধি নির্দ্দিষ্ট হইল, উক্ত আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

১৩শ অধ্যায়।

ক্রোক করিবার বিধি।

৮০। এই অধ্যায়গত যে২ পরিবর্ত্তনের প্রতি আমাদিগের মতে মনোযোগ আকর্ষণ করা আবশ্যক তাহা এই২।—

(ক) বাকী খাজানা আদায়ের নিমিত্ত মোকদ্দমা করিতে হইলে যে কোর্ট ফী দিতে হয় ক্রোকের দরখাস্তে ও তাহাই দিতে হইবে, মূল পাণ্ডুলিপির ১৬৭ (২) সংখ্যক এই ধারাটি উঠাইয়া দেওয়া হইয়াছে।

(খ) উৎপন্নশস্য গোলাজাত করা গেলে তাহা ক্রোক করা যাইবে না।

(গ) যাবৎ ক্রোক করণের আদেশ প্রচার কি জারী করা না যায় উৎপন্ন শস্য স্থানান্তর করা যাইবে না, কোন২ স্থলে আদালতের প্রতি এইরূপ আজ্ঞা করিবার ক্ষমতা দেওয়া গেল। [১৪১ (৩) ও (৪) ধারা]

(ঘ) যে ফসল গোলাজাত করা যাইতে পারে, তাহা ক্ষেত্রে থাকিতে বিক্রয় করা যাইবে না, ১৪৭ ধারায় ইহার স্পষ্ট বিধান করা গিয়াছে।

(ঙ) কোন ব্যক্তির সপক্ষে মূল পাণ্ডুলিপির ১৮৫ ধারামতে অপরাধ করা গেলে, বিশেষ ২ স্থলে ঐ ব্যক্তির অর্থ দণ্ড হইতে পারিবে, এই বিষয়ের বিধান সংক্রান্ত ঐপাণ্ডুলিপির ১৮৬ ধারাটি ত্যাগ করা গিয়াছে।

(চ) পক্ষান্তরে, উক্ত অপরাধের সহায়তাকারিদের দণ্ড বিধানের নিমিত্ত ১৯ শ অধ্যায়ের প্রথম ধারায় স্পষ্ট বিধান করা গিয়াছে, এবং ১৫৮ ধারায় তাহা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট হইয়াছে যে এই অধ্যায়ের বলে কোন ব্যক্তির সম্পত্তি ক্রোক করা গেলে এবং ঐ স্থলে এই অধ্যায়ের বিধান ন্যায্যরূপে না বর্ত্তিলে তিনি যে ব্যক্তিরা তাঁহার বিরুদ্ধে আদালতকে চালিত করিয়াছিল তাহাদিগের বিরুদ্ধে মোকদ্দমা করিয়া উক্ত অনিষ্টের প্রতিকার করিতে পারিবেন।

(ছ) মূল পাণ্ডুলিপির ১৮৭ ধারাক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট এই অধ্যায়ের কার্য্য স্থগিত রাখিতে পারিতেন, এই ধারাটি ত্যাগ করা গিয়াছে।

১৪শ অধ্যায়।

বিচার সম্পর্কীয় কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

৮১। মূল পাণ্ডুলিপির ১৯১ অবধি ১৯৭ পর্য্যন্ত ধারার নির্দ্দিষ্ট বিশেষ কার্য্যপদ্ধতির অধিকার হইতে আমরা দণ্ড বিধানের নিমিত্ত ও ভূমির দখল ফিরিয়া পাইবার নিমিত্ত মোকদ্দমা মুক্ত করিয়াছি।

৮২। রাজধানী নগরের ছোট আদালত সংক্রান্ত আইনের একটি ধারা অবলম্বন করিয়া আমরা এই অধ্যায়ের প্রথমেই ১৫৯ সংখ্যক একটি ধারা সন্নিবেশ করিয়াছি। এই ধারা ক্রমেহাই কোর্টস্থানীয় গবর্ণমেণ্টের সম্মতি লইয়া ভূম্যধিকারী ও প্রজার মধ্যে মোকদ্দমায় দেওয়ানী কার্য্যবিধি আইনের কোন অংশ বর্ত্তিবে নাকি বিশেষ কোন নিয়মাধীনে বর্ত্তিবে ইহা প্রকাশ করণার্থ বিধিপ্রণয়ন করিতে পারিবেন, হাই কোর্টের প্রতি এই ক্ষমতা প্রদান করাগিয়াছে। নূতন আইন অনুসারে আদালত সমূহে কিরূপ কার্য্য চলে এই বিষয়ে ভূয়ো দর্শন লাভ হইলে, তাই কোর্টের প্রতি প্রদত্তউক্ত ক্ষমতানুসারে এরূপ ভাবে কার্য্য করা যাইতে পারিবে, যাহাতে কার্য্যপদ্ধতির অধিকতর সরলতা সাধিত হইবে, ইহাই আমাদিগের বিশ্বাস।

৮৩। আমাদিগকে ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে খাজানা সংক্রান্ত মোকদ্দমার কার্য্য-পদ্ধতি স্বল্পতর ও সরলতার করিবার অভিপ্রায়ে যে নানাপ্রকার প্রস্তাব করা গিয়াছে, তাহা বিশেষ চিন্তা, শীলতা সহকারে বিবেচনা করিয়া, আমরা উক্ত উদ্দেশ্য সাধনপক্ষে যাহাতে সুবিচারের ব্যাঘাত ঘটিবার সম্ভাবনা থাকিবে না এমন কোন উৎকৃষ্ট উপায়ই উদ্ভাবন করিতে পারিলাম না। বিশেষতঃ আমরা সমন জারীকরণকার্য্য ও ঐ কার্য্যের প্রমাণ সহজতর করিতে উৎসুক হইলেও সমনজারী হইয়াছে ইহা সম্পূর্ণরূপে প্রমাণিত না হইলে অনুপস্থিত প্রতিবাদির বিরুদ্ধে আইনঘটিত কোন অনুধান করিতে দিতে অনিচ্ছুক।

৮৪। পরন্তু খাজানা সংক্রান্ত মোকদ্দমায় ভূম্যধিকারীর স্বত্বঘটিত কোন কথা উত্থাপিত হইয়া যে জটিলতা ও বিলম্ব ঘটে, তাহা যতদূর সাধ্য পরিহার করণার্থে আমরা ১৬৪ ধারায় একটি গুরুতর পরিবর্ত্তন করিয়াছি। ঐ ধারার আদেশ এই যে যদি প্রজা স্বীকার করে যে খাজানার নিমিত্ত তাহার স্থানে টাকা পাওনা আছে কিন্তু এই উত্তর দেয় যে ঐ খাজানা বাদীর নিকট নহে, অন্য কোন ব্যক্তির নিকট দিতে হইবে, তাহা হইলে সে ঐ খাজানা আদালতে দিবে। স্বত্বঘটিত যে কথা লইয়া বিবাদ তাহা খাজানা মোকদ্দমা হইতে স্বতন্ত্র ও পৃথক ভাবে উত্থাপন করিতে বাধ্য করাই আমাদের উদ্দেশ্য। অতএব আমরা এইবিধান করিয়াছি যে ঐরূপে টাকা দেওয়া গেলে আদালত ঐ টাকা দিবার নোটিস ঐ তৃতীয় ব্যক্তির উপর জারী করাইবেন; ঐ তৃতীয় ব্যক্তি তিন মাসের মধ্যে বাদীর বিরুদ্ধে স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত না করিয়া ঐ টাকা প্রদান নিষেধ করণার্থে আজ্ঞা না পাইলে বাদির প্রার্থনামতে ঐ টাকা তাঁহাকে বাহির করিয়া দেওয়া যাইবে।

৮৫। আমরা আরও ১৬৫ সংখ্যক একটি ধারা সংযোগ করিয়া বিধান করিয়াছি যে যদি কোন খাজানার মোকদ্দমায় প্রতিবাদী স্বীকার করে যে তাহার স্থানে বাদীর টাকা পাওনা আছে কিন্তু যত টাকা পাওনা তাহার সম্বন্ধে আপত্তি উত্থাপন করে, তবে আদালত সাধারণতঃ যত টাকা পাওনা বলিয়া স্বীকৃত হয় তত টাকা আদালতে দিতে আদেশ করিবেন।

৮৬। আমরা ১৭৩ ধারায় বিধান করিয়াছি যে বাদী কোন অনধিকার প্রবেশকারীকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করিলে বিকল্পে এইরূপ প্রতিকারের দাওয়া করিতে পারিবেন যে, প্রতিবাদির দখলে যে ভূমি থাকে সেই ভূমির নিমিত্ত সে আদালতের নির্ণেয় উপযুক্ত ও ন্যায্য খাজানা দিতে দায়ী বলিয়া প্রকাশ করা যায়।

৮৭। মূল পাণ্ডুলিপির ২০৭ ধারার বিধানক্রমে ভূম্যধিকারী কিম্বা প্রজা ইহাদের মধ্যে অন্যতর ব্যক্তি প্রজাস্বত্বের ভাব ও অনুষঙ্গ নিরূপণার্থে মোকদ্দমা উপস্থিত করিতে পারিতেন। ইহার পরিবর্ত্তে আমরা ১৭৪ ধারায়, পক্ষদিগের মধ্যে যে কেহ প্রার্থনাপত্র উপস্থিত করিতে পারিবেন, এই

অধিকতর সরল ও সুলভ কার্য্যপ্রণালী নির্দ্দেশ করিয়াছে এবং যে আদালতের নিকট ঐ প্রার্থনা করা যায় সেই আদালতের প্রতি ক্ষমতা প্রদান করিয়াছি যে উচিত বোধ করিলে ঐ আদালতে রাজস্ব কর্ম্মচারীর প্রতি কোন বিষয়ের স্থানীয় তদন্ত লইবার নিমিত্তে আদেশ করিতে পারিবেন।

১৬শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্তে সরসরী নীলামের বিধি।

৮৮। আমরা ভূম্যধিকারিদের যেরূপ অভিপ্রায় বুঝিয়াছি তদনুসারে পত্তনী তালুকের নীলাম সংক্রান্ত আইনের বিধানগুলির কোন বস্তুগত পরিবর্ত্তন করি নাই, কেবল আকার লইয়া ও ক্ষুদ্র২ বিষয়ে কিছু পরিবর্ত্তন করিয়াছি। সংশোধিত বিধানগুলি এক্ষণে তফসীল হইতে স্থানান্তরিত করিয়া পাণ্ডুলিপির অন্তর্গত করা গেল। ঐ বিধান গুলি লইয়াই এই অধ্যায়ের প্রথম পরিচ্ছেদ হইয়াছে।

৮৯। এই অধ্যায়ের দ্বিতীয় পরিচ্ছেদে একটি মাত্র ধারা আছে। ঐ ধারার বিধান এই যে, পত্তনী তালুক ভিন্ন কোন তালুক সরকারী রেজিষ্টরে রেজিষ্টরী করিবার বিধান আইনে করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যেরূপ পরিবর্ত্তন নির্দ্দেশ করেন সেইরূপ পরিবর্ত্তন সহকারে এই অধ্যায়ের সকল বিধান উক্ত সকল তালুক সম্বন্ধে খাটিবে।

১৭শ অধ্যায়।

চুক্তি ও দেশাচার বিষয়ক বিধি।

৯০। ভূম্যধিকারী ও প্রজার মধ্যে চুক্তির স্বাধীনতা কতদূর পর্য্যন্ত সীমাবদ্ধ করা উচিত এককটি বিষয় সম্পর্কে এই গুরুতর প্রশ্নটির মীমাংসা পাণ্ডুলিপির অন্তর্গত ঐ২ বিষয় সম্বন্ধীয় ধারায় দৃষ্ট হইবে (খাজানা ধার্য্য করণার্থ চুক্তির বিষয়ে পূর্ব্ববর্ত্তী ২৯, ৩০, ও ৪৮ দফা দেখ)। কিন্তু চুক্তিক্রমে আইনের বিধান হইতে মুক্তিলাভ করিবার ক্ষমতা সংকোচ করণার্থে যে২ নিয়ম করা আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তির মতে আবশ্যক, আমরা তাহার অনেক গুলিই এই অধ্যায়ের প্রথমে একটি ধারায় সংগ্রহ করা সুবিধাজনক বোধ করিলাম।

যে২ বিষয় চুক্তির সীমার বহির্ভূত করা গেল তাহা নিম্নে দৃষ্ট হইবে।—

(ক) বাসেন্দা রায়তের ও দখলীস্বত্ববিশিষ্ট রায়তের স্বত্বলাভ (২৪, ২৫, ও ২৬ ধারা)।

(খ) ৩১ ধারার নির্দ্দিষ্ট দখলীস্বত্বের অনুবন্ধ।

(গ) ৫১ ধারামতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা কমাইবার দাওয়া করিবার স্বত্ব।

(ঘ) ৫৩ ধারামতে ফসলী খাজানা পরিবর্ত্তনের দাওয়া করিতে ভূম্যধিকারীর বা প্রজার স্বত্ব।

(ঙ) নির্দ্দিষ্ট হেতু ব্যতিরেকে দখলীস্বত্বশূন্য রায়তকে ও কোর্ফা রায়তকে উচ্ছেদ করণ-বিষয়ে এই পাণ্ডুলিপিমতে প্রদত্ত সংরক্ষণ (৫৮, ৫৯, ৬০, ও ৬৩ ধারা)।

(চ) যোতের ভূমি কমিয়া যাওয়াতে প্রজার খাজানা কমাইবার স্বত্ব (৬৬ ধারা)।

(ছ) রায়তের উৎসর্জ্জন সাধন করিবার ও তজ্জন্য ক্ষতিপূরণের দাওয়া করিবার স্বত্ব (৮৮, ৮৯ ৯০, ও ৯৩ ধারা)।

(জ) ডিক্রীজারীক্রমে না হইলে, উচ্ছেদ বিষয়ে সমুদয় প্রজাকে প্রদত্ত সংরক্ষণ (৯৮ ধারা)।

৯১। স্থায়ী মোকররী পাট্টা দিবার প্রথা সম্বন্ধে উৎসাহ দিবার অভিপ্রায়ে আমরা এই অধ্যায়ে ২১১ সংখ্যক একটি নূতন ধারা সন্নিবেশ করিয়া এই বিধান করিয়াছি যে মহালের চিরস্থায়ী বন্দোবস্ত হইয়াছে সেই মহালে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে যে কোন নিয়ম হয়, সেই নিয়মানুসারে কায়েমী মকররী পাট্টা দিতে ভূম্যধিকারীর দায়ী হইবে, এই আইনের কোন কথাক্রমে এরূপ জ্ঞান করিতে হইবে না।

৯২। আমাদিগের খাদানুবাদের মধ্যে সর্ব্বত্রলেই স্বীকার করা গিয়াছে যে ভূমি কৃষিকার্য্যোপযোগী করিবার নিমিত্ত যে পাট্টা দেওয়া যায় সেই পাট্টাক্রমে ভোগকৃত ভূমি, চর ও দেয়াড়া ভূমি ও উঠবন্দী ও হাল হাসিলী প্রথা ক্রমে গৃহীত ভূমির সম্বন্ধে বিশেষ বিধান আবশ্যক। উক্ত সকল প্রকারের ভূমি সম্বন্ধে যেরূপ বিশেষ বিধান করা আমাদিগের নিকট আবশ্যক বলিয়া বোধ হইল তাহা এই অধ্যায়ের পশ্চাল্লিখিত তিনটী ধারায় দৃষ্ট হইবে।

৯৩। ২১২ ধারার বিধান এই যে, এই আইনের কোন কথাক্রমে পতিত ভূমি কৃষিকার্য্যোপযোগী করণার্থ কোন চুক্তির ব্যাঘাত হইবে না।

৯৪। ২১৩ ধারায় এই বিধান করা গিয়াছে যে, যে রায়ত চর বা দেয়াড়া ভূমি ভোগ করে সে তাহা ক্রমাগত বারবৎসর ভোগ না করিলে ঐ ভূমিতে দখলীস্বত্ব লাভ করিবে না এবং যাবৎ ঐ দখলীস্বত্ব লাভ না করে, তাবৎ তাহারও ভূম্যধিকারীর মধ্যে যে খাজানা দিবার নিয়ম হয় সে সেই খাজানা দিতে দায়ী থাকিবে। কিন্তু আদালত অন্যতর পক্ষের প্রার্থনামতে নির্দ্দেশ করিতে পারিবেন যে কোন জমী এই ধারার অর্থমত চর বা দেয়াড়া জমী বলিয়া তার গণ্য হইবে না। তাহা হইলে এই আইনের সমুদয় বিধান উক্ত জমী সম্বন্ধে খাটিবে।

৯৫। পরিশেষে ২১৪ ধারায় এই বিধান করা গিয়াছে যে "উঠবন্দী" প্রণালী ও "হাল হাসিলী" প্রণালী নামে খ্যাত প্রণালীমতে কোন ভূমি ভোগ করা গেলে, দেশাচারানুগত বা প্রকারান্তরের যে সকল নিয়মে ঐ ভূমি ভোগ হয়, এই আইনের কোন কথাক্রমে সেই সকল নিয়মের কোন ব্যাঘাত হইবে না।

৯৬। ৪ দফার পূর্ব্বেই বলা হইয়াছে, যে স্থলে কোন রায়ত রায়তস্বরূপ আপন ভোগের অংশ না হইয়া বাস্তুভূমি ভোগ করে সেই স্থলের বিধান বিষয়ক মূল পাণ্ডুলিপির ৭ম অধ্যায়টি আমরা ত্যাগ করিয়াছি। কিন্তু পাণ্ডুলিপির মধ্যে তদ্রূপ প্রজাস্বত্বের উল্লেখ না থাকিলে লোকের বুঝিবার ভুল হইতে পারে বলিয়া আমরা ২১৬ সংখ্যক একটি ধারা সন্নিবেশ করিয়া এইরূপ স্পষ্ট বিধান করা ভাল বোধ করিলাম যে পূর্ব্বোক্তরূপ প্রজাস্বত্বের অনুবন্ধ দেশাচার দ্বারা নিয়মিত হইবে।

১৮শ অধ্যায়।

মিয়াদ বা তামাদি বিষয়ক বিধি।

৯৭। দখলীস্বত্ব বিশিষ্ট রায়ত যে জমী তাহার আপন ভোগের অন্তর্গত সেই জমীর পুনর্ব্বার দখল পাইবার নিমিত্ত মোকদ্দমা করিলে ঐ মোকদ্দমা সম্বন্ধে মিয়াদের কাল যুক্তিসঙ্গতমত অল্প করিয়া ধার্য্য করা উচিত, আমরা এইরূপ বিবেচনা করি। মধ্য প্রদেশের প্রজা স্বত্ববিষয়ক ১৮৮১ সালের আইনের ৮১ ধারার প্রদর্শিত দৃষ্টান্ত অনুসরণ করিয়া আমরা যে তারিখে তদ্রূপ প্রজাকে উচ্ছেদ করা যায় তদবধি দুই বৎসর কাল মিয়াদের কাল ধার্য্য করিয়াছি। যে মোকদ্দমা পূর্ব্বেই তামাদি হইয়া গিয়াছে, যাহাতে তাহার হেতু পুনরুত্থাপিত না হয় এই জন্য একটী উপবিধি সংযোগ করিয়াছি।

১৯শ অধ্যায়।

অতিরিক্ত বিধি।

৯৮। আমরা ভূম্যধিকারীর প্রতি আপন কর্ম্মকারক দ্বারা কার্য্য করিবার ক্ষমতা প্রদান বিষয়ক ২২১ ধারার বিধান কিয়ৎ পরিমাণে প্রসারিত করিয়াছি এবং পাণ্ডুলিপির নির্দ্দিষ্ট "ভূম্যধিকারী" শব্দের লক্ষণ সত্ত্বেও কোন ২ ব্যক্তির এই বিষয়ে ভ্রান্তি থাকাতে তাহা অপনোদন করণার্থে আমরা ২২২ সংখ্যক একটি ধারা সংযোগ করিয়া স্পষ্ট বিধান করিয়াছি যে দুই বা তদধিক ব্যক্তি এজমালী ভূম্যধিকারী হইলে, তাঁহারা উভয়ে বা সকলে একত্র হইয়া কার্য্য করুন কিম্বা তাঁহারা সকলে একত্র হইয়া যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তাহার দ্বারা কার্য্য করাইবেন।

৯৯। আমাদিগের বাদানুবাদ কালে এমন অনেক কথা উঠিয়াছিল যাহার সম্বন্ধে আমাদিগের প্রতীত হইল যে আমাদিগের নিকট অর্পিত কাগজপত্রাদিতে যে সংবাদ পাওয়া যায় তদপেক্ষা অধিকতর সংবাদ না থাকিলে আমরা ঐ কথাগুলির যথোপযুক্ত মীমাংসা করিতে সমর্থ হইব না। ইহার মধ্যে কতক গুলি কথা সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট ও হাই কোর্টের পরামর্শ প্রাপ্ত হইলে আমরা বিশেষ সন্তোষলাভ করিব।

প্রধান কথাগুলি এইরূ।—

(১) ভূম্যধিকারীকৃত উৎকর্ষসাধন উপলক্ষে জল সেচনের নিমিত্ত নালা কাটাইবার, জল বিতরণ করিবার ও ক্ষতিপূরণ দিবার ব্যবস্থা করণার্থে রাজস্ব কর্ম্মচারীর প্রতি ক্ষমতা প্রদান করা বাঞ্ছনীয় কি না, ও বাঞ্ছনীয় হইলে কিরূপ বিধান করিতে হইবে।

(২) খাজানাসংক্রান্ত মোকদ্দমার বিচার যাহাতে শীঘ্র হয় এই অভিপ্রায়ে বিধি প্রণয়ন করিয়া কি প্রকারান্তরে দেওয়ানী কার্য্যবিধি আইনের কোন পরিবর্ত্তন করা বাঞ্ছনীয় কি না, বিশেষতঃ যে স্থলে অধিকসংখ্যক রায়ত কেহ কাহার অধীন না হইয়া ভূমিভোগ করে সেই স্থলে ভূম্যধিকারীর প্রতি একই আবেদনপত্রক্রমে তাহাদের বিরুদ্ধে বাকী খাজানার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিবার ক্ষমতা প্রদান করা বাঞ্ছনীয় কি না।

(৩) একতর্ফা ডিক্রী দেওয়া গেলে, পুনর্ব্বার বিচার হইবার দাওয়া করিবার যে স্বত্ব আছে, তাহার সংকোচ করণার্থে অনিষ্ট উৎপাদন না করিয়া কোন বিধান করা যাইতে পারে কি না। প্রতিবাদীর নিকট সমন পঁহুছে নাই কিম্বা কোন বিশিষ্ট হেতুবশতঃ প্রতিবাদী উপস্থিত হইতে পারে নাই কোন বিচারপতি জ্ঞানোদয়মতে ইহা বুঝিতে না পারিলে তিনি পুনর্ব্বার বিচার হইবার প্রার্থনা গ্রাহ্য করিতে বাধ্য নহেন আমরা ইহা অবগত আছি; কিন্তু আমাদিগের নিকট ইহা কথিত হইয়াছে যে উপযুক্তমতে সমনজারী অস্বীকার করাই এক্ষণে পদ্ধতি হইয়া দাঁড়াইয়াছে এবং আদালত প্রতিবাদীকৃত পূর্ব্বোক্ত আপত্তি সচরাচরই গ্রাহ্য করেন। বিলম্ব সংঘটন ও আপন প্রাপ্য আদায় করিতে গিয়া ভূম্যধিকারীকে অনর্থক ব্যয়গ্রস্ত করাই যে কার্য্যের উদ্দেশ্য, ইহাতে সেই কার্য্যেরই প্রশ্রয় দেওয়া হয়।

প্রতিবাদী ডিক্রীর টাকা আমানত না করিলে একতর্ফা মোকদ্দমার পুনর্ব্বার বিচার হইবে না আমাদিগের নিকট এই প্রস্তাব করা হইয়াছিল, কিন্তু আমাদিগের যে সংবাদ জানা ছিল তদ্দৃষ্টে ঐ প্রস্তাব গ্রাহ্য করিতে অনিচ্ছুক হইয়া আমরা এই অভিপ্রায় প্রকাশ করিলাম যে হাই কোর্টের মান্যবর জজ সাহেবদের বিবেচনার্থ প্রস্তাবটি অর্পিত হউক।

(৪) আমাদিগের নিকট প্রায় ঐরূপ ভাবের আর একটি প্রস্তাব করা হইয়াছে। প্রস্তাবটি এই—বাকীখাজানার মোকদ্দমায় প্রতিবাদীর বিরুদ্ধে ডিক্রী হইলে, তিনি ডিক্রীর টাকা আমানত না করিলে ঐ ডিক্রীর বিরুদ্ধে আপীল করিতে পাইবেন না। এই প্রস্তাব সম্বন্ধেও জজ সাহেবদের মত জানিতে পারিলে আমরা সন্তুষ্ট হইব।

(৫) যে সকল স্বাধীন তালুকের রাজস্ব গবর্ণমেণ্টের সহিত সাক্ষাৎসম্বন্ধে বন্দোবস্ত হইলেও ঐ তালুকের অধিকারীরা জমীদারের দ্বারা ঐ রাজস্ব দেন, সেই সকল তালুক সম্বন্ধে সরাসরী নীলাম সংক্রান্ত কার্য্যপ্রণালী খাটিতে পারে কি না এই বিষয়ে আমরা স্থানীয় গবর্ণমেণ্টের মত জানিতে বাঞ্ছা করি। স্পষ্টই দেখা যাইতেছে যে এ সকল তালুকের কথা সরকারী রেজিষ্টরে গবর্ণমেণ্টের নাই। পত্তনী সম্বন্ধীয় সংশোধিত কার্য্যপ্রণালী উক্ত সকল তালুকের প্রতি বর্ত্তান চউক এইরূপ প্রস্তাব করা হইয়াছিল।

(৬) খাজানা মুক্ত তালুকের অধিকারীদের নিকট পথকর ও পবলিক ওর্কসকরের টাকা বাকী পড়িলে ঐ টাকা আদায় করণসম্বন্ধে পূর্ব্বোক্ত কার্য্যপ্রণালী বর্ত্তাইবার নিমিত্ত ঐরূপ ভাবের একটি প্রস্তাব করা হইয়াছিল। এই বিষয়টিও আমরা স্থানীয় গবর্ণমেণ্টের পরামর্শের নিমিত্ত অর্পণ করিব স্থির করিয়াছি।

(৭) যে নিয়মাধীনে বাস্তুভূমি ভোগ করা যায় তৎসম্বন্ধে অধিকতর সংবাদ লইবার আবশ্যকতার কথা পূর্ব্বেই বলা হইয়াছে। (পূর্ব্ববর্ত্তী ৪ দফা দেখ)

(৮) আমরা উচবন্দী ও হালহাসিলী জমা সম্বন্ধে দেশাচারানুগত নিয়মাদি রক্ষণ করিয়া তাহা বিশেষ মতে বর্ত্তাইয়াছি। অন্য নামে খ্যাত তদ্রূপ জমা সম্বন্ধেও উক্ত সকল নিয়মাদি রক্ষণ করা উচিত কি না এবং চট্টগ্রাম খণ্ডে যে বিশেষ নিয়মে ভূমি ভোগ করা যায় তৎসম্বন্ধেও বিশেষমতে কোন দেশাচারাদি রক্ষণ করা আবশ্যক কি না ইহা জানিতে ইচ্ছা করি।

(৯) আর তজাম্মা ও গোরা খোতের হস্তান্তরযোগ্য দখলীস্বত্বের ন্যায় অন্য কোন স্বত্ব অগ্রক্রয় করিবার স্বত্ব সম্বন্ধীয় ধারার বিধান হইতে মুক্ত করণার্থে বিশেষ করিয়া নির্দ্দেশ করিতে পারা যায় কি না ইহা জানিতে ইচ্ছা করি।

(১০) পরিশেষে গত বার বৎসর কালের মধ্যে যে সকল মূল্যের তালিকা প্রকাশিত হইয়াছে সেই গুলির শুদ্ধতা সম্পর্কে উৎকর্ষ সাধন করা যাইতে পারে কি না এবং প্রাপ্ত ঐ সকল মূল্যের উপর নির্ভর করিয়া খাজানা বৃদ্ধির নিয়ম করিলে কি ফল সম্ভাবনা এই বিষয়ে বঙ্গদেশের গবর্ণমেণ্টের পরামর্শ জানিতে ইচ্ছা করি।

১০০। মূল পাণ্ডুলিপির প্রকাশ করণ সম্বন্ধীয় ব্যবস্থাপক সভার আজ্ঞা নিম্নলিখিতরূপে পালিত হইয়াছে।—

ইংরেজী ভাষায়।

গেজেট।		তারিখ।
ইণ্ডিয়া গেজেট	... ...	১৮৮৩ সালের ৩, ১০, ও ১৭ মার্চ্চ।
কলিকাতা গেজেট	... ...	১৮৮৩ সালের ৭, ১৪, ও ২১ মার্চ্চ।

দেশীয় ভাষায়।

প্রদেশ।	ভাষা।	তারিখ।
বঙ্গদেশ	বাঙ্গালা	১৮৮৩ সাল ২৪ আপ্রিল।
	হিন্দী	১৮৮৩ সাল ৪ মে।
	উড়িয়া	১৮৮৩ সাল ১৭ মে।

১০১। পূর্ব্বেই বলিয়াছি এক্ষণকার সংশোধিত আকারে পাণ্ডুলিপির পুনর্ব্বার প্রকাশ করা উচিত ইহাই আমাদিগের মত।

এস, সি, বেলী।	টি, ডবলিউ, গিবস।*
রিবর্স টমসন।	আমীর আলী।
সি, পি, ইলবার্ট	ডবলিউ, ডব্লিউ, হণ্টর।
জি, এচ, পি, ইবাজ।	এচ, বেভলড্‌স। *
জে ডবলিউ, কুইন্টন।	

কমিটীর মন্ত্রণার ফল এই রিপোর্টে যথাযথরূপে বর্ণিত হইয়াছে বলিয়া আমি ইহাতে স্বাক্ষর করিলাম, কিন্তু পাণ্ডুলিপির মূল নিয়মের ও তদন্তর্গত অনেক কথার প্রতি আমার আপত্তি আছে, সুতরাং ভিন্নমতসূচক একটি স্বতন্ত্র মন্তব্য লিখিলাম।

কৃষ্ণদাস পাল।

পাণ্ডুলিপির মূল নিয়ম সমূহের প্রতি আমার সম্পূর্ণ আপত্তি আছে। মান্যবর রায় শ্রীযুত কৃষ্ণদাস পাল যে নিয়মের উল্লেখ করিয়াছেন সেই নিয়মাধীনে ও তিনি অনুসারে এই রিপোর্টে আমি স্বাক্ষর করিতে বাধ্য ইহাই আমার বিশ্বাস বলিয়া এই রিপোর্টে স্বাক্ষর করিলাম।

ঘারভঙ্গা।

১৮৮৪ সাল ১৪ই মার্চ্চ।

* কোনও বিষয়ে আপত্তি থাকিল।

তফসীল।

রাজস্ব ও কৃষি সংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১ লা মে তারিখের ৪৮৪—১১৬ R. নং আফিসের স্মারকলিপি ও তৎসহিতপত্র [১ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৩ই জুলাই তারিখের ১৮২৭—৬৪৮ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [২ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৮ই জুলাই তারিখের ১৮৭৬—৬৬৯ L. R. নং পত্র ও তৎসহিত-পত্র [৩ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৩ সালের ২৪শে জুলাই তারিখের ১৯২৮—৬৯৪ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [৪ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৩ই আগষ্ট তারিখের ২১৭৯—৭৮৭ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [৫ নং কাগজ পত্র]।

বঙ্গদেশে গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ২৪শে আগষ্ট তারিখের ৫৮৩ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [৬ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ৩রা সেপ্টেম্বর তারিখের ৬৮৩ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [৭ নং কাগজপত্র]।

মান্যবর শ্রীযুত টি, এম, গিবন সাহেবের মন্তব্যাবলি [৮ নং কাগজপত্র]।

পূর্ব্ব বাঙ্গালার ভূম্যধিকারীদের ১৮৮৩ সালের ১৪ই সেপ্টেম্বর তারিখের আবেদন ও তৎসহিত মন্তব্যাবলি [৯ নং কাগজপত্র]।

দীঘাপতিয়ার রাজা প্রমথনাথ বাহাদুরের ১৮৮৩ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২১ নং পত্র [১০ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৫ই সেপ্টেম্বর তারিখের ৮২২ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১১ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৩ সালের ২৭শে সেপ্টেম্বর তারিখের ৯৭২ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১২ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১লা অক্টোবর তারিখের ১০২১ T. R নং পত্র ও তৎসহিতপত্র [১৩ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ৭ই অক্টোবর তারিখের ১০৮৩ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৪ নং কাগজ পত্র]।

রাজস্ব ও কৃষি সংক্রান্ত কার্য্য বিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১০ ই অক্টোবর তারিখের ৯০৪ R. নং আফিসের স্মারকলিপি ও তৎ সহিতপত্র [১৫ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১০ ই অক্টোবর তারিখের ১১১৭ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৬ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৩ই অক্টোবর তারিখের ১১৬০ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৭ নং কাগজপত্র]।

কলিকাতার শ্রীযুত বাবু কিশোরীলাল সরকারের ১৮৮৩ সালের ১৮ই অক্টোবর তারিখের পত্র [১৮ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ২৭শে অক্টোবর তারিখের ১২৯৯ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৯ নং কাগজপত্র]।

কলিকাতার শ্রীযুত বাবু কিশোরীলাল সরকারের ১৮৮৩ সালের ৩ রা নবেম্বর তারিখেরপত্র [২০ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১০ই নবেম্বর তারিখের ২৩২১—৪০৭ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [২১ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৬ই নবেম্বর তারিখের ২৩৮৯—৮৬১ পত্র ও তৎসহিতপত্র [২২ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৭ই নবেম্বর তারিখের ২৩৯৫—৮৩৩ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [২৩ নং কাগজপত্র]।

উড়িষ্যার জনসাধারণ সভার কমিটীর ১৮৮৩ সালের ১লা নবেম্বর তারিখের আবেদনপত্র [২৪ নং কাগজপত্র]।

উত্তরপাড়ার শ্রীযুত বাবু রাজকিশোর মুখোপাধ্যায়ের ১৮৮৩ সালের ১০ই নবেম্বর তারিখের পত্র ও তৎসহিতপত্র [২৫ নং কাগজপত্র]

মিহুতের ভূম্যধিকারীদের সভার অবৈতনিক সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৩ই নবেম্বর তারিখের ১১ নং পত্র ও তৎসহিতপত্র [২৬ নং কাগজপত্র]

শ্রীযুত বাবু কিশোরী লাল সরকারের ১৮৮৩ সালের ১৭ই নবেম্বর তারিখের পত্র [২৭ নং কাগজপত্র]।

বঙ্গ ও বেহারদেশের ভূম্যধিকারীদের সভার কমিটীর ১৮৮৩ সালের ২৭শে নবেম্বর তারিখের ১১৮ নং পত্র ও তৎসহিত পত্র [২৮ নং কাগজপত্র]।

রাজস্ব ও কৃষিসংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ৫ই ডিসেম্বর তারিখের ১০৬৪ নং পৃষ্ঠলিপি ও তৎসহিতপত্র [২৯ নং কাগজপত্র]।

ময়মনসিংহ জিলার অন্তর্গত সেরপুরের কএকজন জমিদার, তালুকদার, ও সদাবর্ত্তি ভূম্যধিকারিদের ১৮৮৩ সালের ১৬ই নবেম্বর তারিখের আবেদনপত্র [৩০ নং কাগজপত্র]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১২ ডিসেম্বর তারিখের ২৬৭০—৯৬৪ নং পত্র ও তৎসহিতপত্র [৩১ নং কাগজ পত্র]

ব্রিটিষ ইণ্ডিয়ান সভার সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৮ ডিসেম্বর তারিখের ১২৩ নং পত্র ও তৎসহিতপত্র [৩২ নং কাগজপত্র]।

রাজশাহীর ভূম্যধিকারীদের কমিটীর সেক্রেটরীর ১৮৮৩ সালের ডিসেম্বর তারিখের পত্র ও তৎসহিতপত্র [৩৩ নং কাগজপত্র]।

ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটরীর ১৮৮৪ সালের ৫ই জানুয়ারি তারিখের ২ নং পৃষ্ঠলিপি ও তৎসহিতপত্র [৩৪ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৯শে ডিসেম্বর তারিখের ২৭৮৯—১০০১ L. R নং পত্র ও তৎসহিতপত্র [৩৫ নং কাগজপত্র]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৪ সালের ১০ জানুয়ারি তারিখের ১৮২—৪৫ L. R নং পত্র ও তৎসহিতপত্র [৩৬ নং কাগজপত্র]

ভালুকা শাখা ইণ্ডিয়ান আসোসিয়েসনের ১৮৮৪ সালের ১১ জানুয়ারি তারিখের সভার নির্দ্ধারণাবলি [৩৭ নং কাগজপত্র]।

ভাগলপুরের ভূম্যধিকারী সভার সেক্রেটরীর ১৮৮৪ সালের ৯ জানুয়ারি তারিখের ১০৬ নং পত্র ও তৎসহিতপত্র [৩৮ নং কাগজ পত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৪ সালের ১১ জানুয়ারি তারিখের ২২৭—৩৮ L. R নং পত্র ও তৎসহিতপত্র [৩৯ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৪ সালের ৯ ফেব্রুয়ারি তারিখের ৫৩০—২৩১ L. R নং পত্র ও তৎসহিত পত্র [৪০ নং কাগজপত্র]।

মিহুতের ভূম্যধিকারীদের সভার অবৈতনিক সেক্রেটরীর ১৮৮৪ সালের ৯ ফেব্রুয়ারি তারিখের ৫ নং পত্র ও তৎসহিত পত্র [৪১ নং কাগজপত্র]

২ নম্বর।

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

১ম অধ্যায়।

উপক্রমণিকা।

ধারা।
১। সংক্ষেপ নাম।
আরম্ভ।
স্থানীয় ব্যাপ্তি।
২। রহিত হইবার কথা।
৩। অর্থকরণের কথা।

২য় অধ্যায়।

প্রজাদের শ্রেণী বিষয়ক বিধি।

৪। প্রজাদের শ্রেণী বিষয়ক কথা।
৫। তালুকদার ও রায়ত শব্দের অর্থ।

৩য় অধ্যায়।

তালুকদারদের সম্বন্ধীয় বিধি।

খাজানা বৃদ্ধি কথা

৬। চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে তালুক ভোগ হইয়া আসিতেছে, কোন২ স্থলেমাত্র তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবার কথা।
৭। তালুকের খাজানা বৃদ্ধির সীমার কথা।
৮। বর্দ্ধিত খাজানা সাবেক খাজানার দ্বিগুণের অধিক না হইবার কথা।
৯। খাজানা ক্রমশঃ বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।
১০। খাজানা একবার বর্দ্ধিত হইলে দশ বৎসর পরিবর্দ্ধিত হইতে না পারিবার কথা।

তালুকের অন্যান্য অনুষঙ্গের কথা।

১১। চিরস্থায়ী তালুকের হস্তান্তর ও উত্তরাধিকারাদির কথা।
১২। চিরস্থায়ী তালুকদারকে উচ্ছেদ করিতে না পারিবার কথা।

পত্তনী তালুকের কথা।

১৩। পত্তনীদারের পেটাও বিলি করিবার ক্ষমতার কথা।
১৪। পত্তনী তালুকের ভূম্যধিকারির হস্তান্তরক্রমে গ্রহীতার স্থানে আমিন চাহিবার স্বত্বের কথা।

রেজিষ্টরী করিবার কথা।

১৫। ইচ্ছাপূর্ব্বক হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিতে হইবার কথা।
১৬। খাজানার ডিক্রী ছাড়া অন্য ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।
১৭। খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।
১৮। রেজিষ্টরী না করিবার ফলের কথা।
১৯। ভূম্যধিকারীকে রেজিষ্টরী করিতে বাধ্য করিবার নিমিত্তে আদালতে প্রার্থনা করিবার কথা।
২০। রেজিষ্টরী করিতে বাধ্য করণার্থ ভূম্যধিকারীর প্রার্থনার কথা।
২১। ভূম্যধিকারীর রেজিষ্টরী বহীর লেখার নকল দিবার কথা।
২২। রেজিষ্টরী করণ সম্বন্ধে বিধিপ্রণয়ন করিতে পারিবার কথা।

৪র্থ অধ্যায়।

অবধারিত হারে যে রায়তেরা ভূমিভোগ করে তাহাদের সম্বন্ধীয় বিধি।

২৩। অবধারিত হারে ভূমি ভোগ করিবার অনুষঙ্গের কথা।

৫ম অধ্যায়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সম্বন্ধীয় বিধি।

সাধারণ।

২৪। বর্ত্তমান দখলীস্বত্ব চলিত থাকিবার কথা।
২৫। বাসেন্দা রায়তের দখলীস্বত্ব প্রাপ্ত হইবার কথা।
২৬। বাসেন্দা রায়ত শব্দের অর্থ।
২৭। গ্রাম ও মহাল শব্দের অর্থ করণের কথা।
২৮। ভূম্যধিকারী দখলীস্বত্ব প্রাপ্ত হইলে তাহার ফলের কথা।
২৯। এজমালী মালীক ও ইজারাদারের সম্বন্ধে বিশেষ বিধানের কথা।
৩০। খামার জমী সংরক্ষণের কথা।
৩১। দখলীস্বত্বের অনুষঙ্গের কথা।

হস্তান্তর বিষয়ে নিয়মের কথা।

৩২। দখলীস্বত্ব ইচ্ছাপূর্ব্বক বিক্রয় করিলে ভূম্যধিকারির অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।
৩৩। ডিক্রীজারীক্রমে নীলাম হইলে ভূম্যধিকারীর অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।
৩৪। উদ্ধার করিবার স্বত্ব রহিত করা গেলে ভূম্যধিকারীর বন্ধক গ্রহীতার স্থান লইবার স্বত্বের কথা।
৩৫। দখলীস্বত্বদান বিষয়ে নিয়মের কথা।
৩৬। পূর্ব্ব কএক ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারী শব্দের অর্থের কথা।

কোর্কা বিলি সম্বন্ধে নিয়মের কথা।

৩৭। দখলীস্বত্ববিশিষ্ট যে রায়তেরা কোর্কা বিলি করে, তাহাদের তালুকদারে পরিবর্ত্তিত হইবার কথা।
৩৮। দরপাটার তালের নিয়মের কথা।

ধারা।

খাজনা বৃদ্ধির কথা।

৩৯। উপযুক্ত ও ন্যায্য খাজানা বিষয়ক অনুমানের কথা।
৪০। মুদ্রারূপ খাজানা বৃদ্ধি বিষয়ে নিয়মের কথা।
৪১। রেজিষ্টরী করা চুক্তিক্রমে খাজানা বৃদ্ধি করিবার কথা।
৪২। পুনর্ব্বার বিলি করিবার বেলা খাজানা বৃদ্ধির কথা।
৪৩। মোকদ্দমার দ্বারা খাজানা বৃদ্ধি করিবার কথা।
৪৪। প্রচলিত হার ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।
৪৫। মূল্য বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।
৪৬। ভূম্যধিকারীর উৎকর্ষসাধনহেতু ধরিয়া খাজানা বৃদ্ধি বিষয়ক বিধি।
৪৭। কৃষিজনিত উৎপাদিকা শক্তি বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।
৪৮। খাজানা বৃদ্ধি উপযুক্ত ও ন্যায্যরূপ হইবার কথা।
৪৯। ক্রমে২ খাজানা বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।
৫০। ক্রমাগত খাজানা বৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব সীমাবদ্ধ করিবার কথা।

খাজানাকমাইবার কথা।

৫১। খাজানা কমাইবার কথা।

মূল্যের তালিকার কথা

৫২। প্রধান২ শস্যের মূল্যের তালিকার কথা।

খাজানা রূপান্তরিত করিবার কথা।

৫৩। মাসারূপে দেয় খাজানা রূপান্তরিত করিবার কথা।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৫৪। বিধি করিবার ক্ষমতার কথা।

৬ষ্ঠ অধ্যায়।

দখলীস্বত্ব শূন্য রায়তদের সম্বন্ধীয় বিধি।

৫৫। এই অধ্যায় খাটিবার কথা।
৫৬। দখলীস্বত্বশূন্য রায়তের প্রথমসম্বন্ধীয় খাজানার কথা।
৫৭। খাজানা বৃদ্ধির নিয়মের কথা।
৫৮। যে যে হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদ করা যাইতে পারে তাহার কথা।
৫৯। পাট্টার মিয়াদ অতীত হইবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।
৬০। খাজানা বৃদ্ধি দিতে অস্বীকার করিবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।
৬১। "দখল দেওয়া" শব্দের অর্থ।

৭ম অধ্যায়।

কোর্ফা রায়তদের সম্বন্ধীয় বিধি।

৬২। কোর্ফারায়তের স্থানে যে খাজানা আদায় করিতে পারা যাইবে, তাহার সীমার কথা।
৬৩। কোর্ফা রায়ত দিগকে উচ্ছেদ করিবার নিয়মের কথা।

ধারা।

৮ম অধ্যায়।

খাজানা বিষয়ক সাধারণ বিধান।

খাজানার পরিমাণ সম্বন্ধে বিধি ও অনুমান।

৬৪। খাজানা অবধারিত থাকিবার সম্বন্ধে বিধি ও অনুমানের কথা।
৬৫। খাজানার পরিমাণ ও ভাগের বিষয় সম্বন্ধে অনুমানের কথা।

পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।

৬৬। পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।

খাজানা দিবার কথা।

৬৭। খাজানার কিস্তির কথা।
৬৮। খাজানা দিবার সময় ও স্থানের কথা।
৬৯। টাকা যেরূপে জমা দিতে হইবে, তাহার কথা।

কবজ ও হিসাবের কথা।

৭০। ভূম্যধিকারীকে টাকা দিলে প্রজার কবজ পাইবার স্বত্বের কথা।
৭১। বৎসরের শেষে প্রজার সম্পূর্ণ নিষ্কৃতি বা হিসাবের বিবরণপত্র পাইবার অধিকারের কথা।
৭২। কবজ ও হিসাবের বিবরণপত্র না দিলে এবং অনুলিপি না রাখিলে দণ্ডের কথা।

খাজানা আদায়ত করিবার কথা

৭৩। রাজকীয় কার্য্যালয়ে খাজানা আদায়ত করিবার দরখাস্তের কথা
৭৪। যে খাজানা আদায়ত করা যায় রাজকীয় কর্ম্মচারী তাহার রসীদ দিলে ঐ রসীদ সিদ্ধ নিষ্কৃতিপত্র হইবার কথা।
৭৫। আদায়ত পাইবার মোটিসের কথা।
৭৬। আদায়ত টাকা দিবার বা ফিরাইয়া দিবার কথা।

বাকী খাজানার কথা।

৭৭। খাজানা হস্তান্তরযোগ্য যোতের প্রথম দায় হইবার কথা।
৭৮। যে যোত হস্তান্তর করা যাইতে না পারে সেই যোত হইতে উচ্ছেদ করিবার কথা।
৭৯। বাকী খাজানার সুদের কথা।
৮০। যুক্তিসিদ্ধ কারণ বিনা খাজানা না দেওয়া গেলে কিম্বা অন্যায়রূপে প্রতিবাদির নামে খাজানার মোকদ্দমা করা গেলে হাজিপুরণের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

ফসলী বা ভাউলি খাজানার কথা।

৮১। ফসল যাচাই বা বিভাগ করিবার নিমিত্ত আজ্ঞার কথা।
৮২। কর্ম্মচারী নিযুক্ত করা গেলে কার্য্যপ্রণালীর কথা।
৮৩। শস্যের দখল সম্বন্ধে স্বত্ব ও দাবির কথা।

ধারা।
ভূম্যধিকারীর পরিবর্ত্তন হইলে খাজানার দাবের কথা।
৮৪। হস্তান্তরের নোটিস না পাইয়া পূর্ব্ব ভূম্যধিকারীকে যে খাজানা দেওয়া যায় তজ্জন্য ভূম্যধিকারির স্বার্থ প্রতীতার নিকট প্রজার দায়ী না হইবার কথা।
আইনবিরুদ্ধ কর প্রভৃতির কথা।
৮৫। আবওয়াব প্রভৃতি আইন বিরুদ্ধ হইবার কথা।
৮৬। দেয় খাজানার অতিরিক্ত টাকা প্রজার স্থানে ভূম্যধিকারী অন্যায় করিয়া লইলে দণ্ডের কথা।

৯ম অধ্যায়।

ভূম্যধিকারী ও প্রজা বিষয়ক বিবিধ বিধান।
উৎকর্ষ সাধনের কথা।
৮৭। "উৎকর্ষসাধন" শব্দের অর্থ।
৮৮। অবধারিত হারে ভূমি ভোগ করা গেলে উৎকর্ষ সাধন করিবার স্বত্বের কথা।
৮৯। দখলীস্বত্ববিশিষ্ট খোত সম্বন্ধে উৎকর্ষসাধন করিবার স্বত্বের কথা।
৯০। দখলীস্বত্বশূন্য খোত সম্বন্ধে উৎকর্ষসাধন করিবার স্বত্বের কথা।
৯১। ভূম্যধিকারীর উৎকর্ষসাধন রেজিষ্টরী করিবার কথা।
৯২। উৎকর্ষসাধন সম্বন্ধে প্রমাণ লিপিবদ্ধ করিবার প্রার্থনার কথা।
৯৩। রায়তকে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ দিতে হইবার কথা।
৯৪। যে বিধিক্রমে ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয় করিতে হইবে, তাহার কথা।
ইস্তফা ও পরিত্যাগ করিবার কথা।
৯৫। ইস্তফা করিবার কথা।
৯৬। পরিত্যাগের কথা।
খোতের অংশ করিবার কথা।
৯৭। খোতের অংশ হস্তান্তরযোগ্য না হইবার কথা।
উচ্ছেদের কথা।
৯৮। ডিক্রীজারী ক্রমে না হইলে উচ্ছেদ না হইবার কথা।
ভূমি মাপ করিবার কথা।
৯৯। ভূম্যধিকারির ভূমি মাপিবার স্বত্বের কথা।
১০০। প্রজা উপস্থিত হইয়া সীমা দেখাইয়া দিবে, আদালতের এরূপ আজ্ঞা করিতে পারিবার কথা।
১০১। মাপের কষ্টির কথা।
কার্য্যাধ্যক্ষদের কথা।
১০২। কেন সদরাধিকারিগণ এক জন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন না ইহার কারণ দর্শাইবার নিমিত্ত তাঁহাদের উপর আদেশ করিতে পারিবার কথা।
১০৩। কারণ দর্শান না গেলে একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করণার্থ তাঁহাদিগকে আজ্ঞা দিতে পারিবার কথা।
১০৪। আজ্ঞা পালিত না হইলে কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার ক্ষমতার কথা।
ধারা।
১০৫। পূর্ব্ব ধারার (খ) প্রকরণমত সকল স্থলে কার্য্য করণার্থ কোন ব্যক্তিকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।
১০৬। কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইন কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবার কথা।
১০৭। কার্য্যাধ্যক্ষের প্রতি যেং বিধান বর্ত্তিবে তাহার কথা।
১০৮। সহায়ী কারীগণকে কার্য্যাধ্যক্ষতা তার প্রত্যর্পণ করিবার ক্ষমতার কথা।
১০৯। বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১০ম অধ্যায়।

স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত করিবার বিধি।
স্বত্বের লিপির কথা।
১১০। স্বত্বের লিপি প্রস্তুত করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।
১১১। যেং বিশেষ কথা লিপিবদ্ধ করিতে হইবে তাহার কথা।
১১২। ভূম্যধিকারী বা তালুকদারের প্রার্থনামতে রাজস্ব কর্ম্মচারীর বিশেষ কথা লিপি বদ্ধ করিতে পারিবার কথা।
১১৩। লিপি প্রকাশ করিবার কথা।
১১৪। লিপির লেখাসম্বন্ধে বিবাদ হইলে কার্য্য-প্রণালীর কথা।
১১৫। রাজস্ব কর্ম্মচারীদের লিপ্পত্তির উপর আপীলের কথা।
১১৬। ঐ লিপির যে লেখা সম্বন্ধে বিবাদ না থাকে তাহা অনুমানমত প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবার কথা।
খাজানা ধার্য্য হইবার বিধি।
১১৭। খাজানা ধার্য্যকরণার্থ রাজস্ব কর্ম্মচারীদের প্রতি আজ্ঞা করিতে পারিবার কথা।
১১৮। খাজানা ধার্য্য করিবার কার্য্যপ্রণালীর কথা।
১১৯। যে সময়ে খাজানার পরিবর্ত্তন ফলবৎ হইবে তাহার কথা।
১২০। ধার্য্যকরা খাজানা যত কাল অপরিবর্ত্তিত থাকিবে তাহার কথা।
অতিরিক্ত বিধানের কথা।
১২১। এই অধ্যায়মত কার্য্যানুষ্ঠানে যে খরচ পড়ে তাহার কথা।
১২২। লিপি প্রস্তুত হইয়া থাকিলে অবধারিত খাজানা সম্বন্ধীয় অনুমান না খাটিবার কথা।

১১শ অধ্যায়।

হারের তালিকা বিষয়ক বিধি।
১২৩। তালিকা প্রস্তুত করিবার আদেশ দিতে পারিবার কথা।
১২৪। তালিকায় যাহা লেখা থাকিবে তাহার কথা।
১২৫। যে বিধি অনুসারে খাজানার হার ধার্য্য করিতে হইবে তাহার কথা।
১২৬। তালিকার স্থানীয় প্রকাশ করণের কথা।
১২৭। রাজস্ব কর্ম্মচারীর আপত্তি নিষ্পত্তি করিতে পারিবার কথা।

ধারা।
১২৮। তালিকা উর্দ্ধতন রাজস্ব কর্ত্তৃপক্ষদের নিকট পাঠাইবার কথা।
১২৯। তাহা হইলে রেবিনিউ বোর্ডের কার্য্যপ্রণালীর কথা।
১৩০। চূড়ান্ত অনুমোদনের পর তালিকা প্রকাশ করিবার কথা।
১৩১। তালিকা যত কাল প্রবল থাকিবে তাহার কথা।
১৩২। তালিকা সিদ্ধান্ত প্রমাণ হইবার কথা।
১৩৩। তালিকা প্রস্তুত করিতে যে খরচ পড়ে তাহা যেরূপে দিতে হইবে তাহার কথা।
১৩৪। যেখানে তালিকা প্রবল থাকে সেখানে খাজানা বৃদ্ধির মোকদ্দমার কথা।

১২শ অধ্যায়।

ভূস্বামীর নিজ জমী লিপিবদ্ধ করিবার বিধি।

১৩৫। ভূস্বামীর নিজ জমী জরীপ ও লিপিবদ্ধ করিবার আজ্ঞা দিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।
১৩৬। ভূস্বামীর বা প্রজার প্রার্থনামতে নিজ জমীর কথা লিপিবদ্ধ করিতে রাজস্ব কর্ম্মচারীর ক্ষমতার কথা।
১৩৭। নিজ জমী লিপিবদ্ধ করিবার কার্য্যপ্রণালীর কথা।
১৩৮। ভূস্বামীর নিজ জমী নির্ণয় করিবার বিধি।

১৩শ অধ্যায়।

ক্রোক করিবার বিধি।

১৩৯। যে২ স্থলে ক্রোকের দরখাস্ত করা যাইতে পারিবে তাহার কথা।
১৪০। যে পাঠে দরখাস্ত লিখিতে হইবে তাহার কথা।
১৪১। দরখাস্ত পাইলে কার্য্যপ্রণালীর কথা।
১৪২। ক্রোক করিবার আজ্ঞা জারী হইবার কথা
১৪৩। জরীপত্র ও হিসাব জারী করিবার কথা।
১৪৪ শস্যাদি কর্ত্তন প্রভৃতি করিবার স্বত্বের কথা।
১৪৫। দাবী শোধ করা না গেলে নীলামের ঘোষণাপত্র প্রচার করিবার কথা।
১৪৬। নীলাম হইবার স্থানের কথা।
১৪৭। ক্ষেত্রস্থশস্যাদি বিক্রয় করিতে পারিবার কথা।
১৪৮। যে প্রকারে বিক্রয় করিতে হইবে তাহার কথা।
১৪৯। বিক্রয় স্থগিত রাখিবার কথা।
১৫০। ক্রয়ের টাকা দিবার কথা।
১৫১। ক্রেতাকে যে সার্টিফিকেট দেওয়া যাইবে তাহার কথা।
১৫২। নীলামের উৎপন্নটাকা যেরূপে প্রয়োগ করিতে হইবে তাহার কথা।
১৫৩। কোন২ কর্ম্মচারীদের ক্রয় করিতে না পারিবার কথা।
১৫৪। নীলামের পূর্ব্বে দাবীর টাকা দেওয়া গেলে কার্য্যপ্রণালীর কথা।
১৫৫। পেটাও প্রজা আপন পাট্টাদাতার জন্য যে টাকা দেন, তাহা খাজানা হইতে কাটিয়া লইতে পারিবার কথা।
ধারা।
১৫৬। উর্দ্ধতন ও অধস্তন ভূম্যধিকারীর স্বত্বের মধ্যে বিরোধের কথা।
১৫৭। যে সম্পত্তি আটক আছে তাহা ক্রোক করিবার কথা।
১৫৮। অন্যায় ক্রোকের নিমিত্ত ক্ষতিপূরণের মোকদ্দমার কথা

১৪শ অধ্যায়।

বিচার সম্পর্কীয় কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

১৫৯। ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমার বর্ত্তাইতে হইলে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী-বিষয়ক আইন পরিবর্ত্তিত করিবার ক্ষমতার কথা।
১৬০। আইনমত আনুষ্ঠানিক কার্য্যে বিচারাদিপত্যের কথা।
১৬১। সাক্ষ্য বা গোমস্তাদের স্বীকৃত মোক্তার হইবার কথা।
১৬২। মোকদ্দমার বিশেষ রেজিষ্টরের কথা।
১৬৩। খাজানার মোকদ্দমায় কার্য্যপ্রণালীর কথা।
১৬৪। তৃতীয় ব্যক্তির নিকট যে টাকা দেনা আছে স্বীকার করা যায়, তাহা আদালতে দিবার কথা।
১৬৫। ভূমিধিকারীর পাওনা বলিয়া স্বীকৃত টাকা আদালতে দিবার কথা।
১৬৬। কিস্তিক্রমে টাকা দিবার বিধানের কথা।
১৬৭। আদালতের রসীদ দিবার কথা।
১৬৮। বাকী খাজানার মোকদ্দমায় আপীলের কথা।
১৬৯। খাজানা বৃদ্ধির ডিক্রী যে তারিখ অবধি জমা-বৎ হইবে তাহার কথা।
১৭০। সম্পত্তিদণ্ড হইবার প্রতিকারের কথা
১৭১। যে রায়তদিগকে উচ্ছেদ করা যায় না ও স্বপনার্থে প্রস্তুত ভূমি সম্বন্ধে তাহাদের স্বত্বের কথা।
১৭২। উচ্ছেদ করিবার আনুষ্ঠানিক কার্য্যে পরস্পরের দাওয়ার নিষ্পত্তি হইবার কথা।
১৭৩। উচ্ছেদের বিকল্পে আদালতের ব্যবস্থা খাজানা ধার্য্য করিতে পারিবার কথা।
১৭৪। প্রজাস্বত্বে অনুষঙ্গ নিরূপণ করিবার প্রার্থনার কথা।

১৫শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্তে ডিক্রীমতে বিক্রয়ের বিধি।

১৭৫। দায় অসিদ্ধ করণ সম্বন্ধে ক্রেতার সাধারণ ক্ষমতার কথা।
১৭৬। সংরক্ষিত স্বার্থের কথা।
১৭৭। "দায়" ও "রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়" শব্দের অর্থ।
১৭৮। যোতের নীলাম হইবার প্রার্থনাপত্রের কথা।
১৭৯। নীলাম হইবার বিজ্ঞাপনসূচক ঘোষণাপত্রের কথা।
১৮০। রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়সম্বলিত তালুক বিক্রয়ের ও তাহার ফলের কথা।
১৮১। সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত তালুক বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।

ধারা।
১৮২। অবধারিত হারের যোতের প্রতি পূর্ব্ব কএক ধারার বিধান বর্ত্তিবার কথা।
১৮৩। সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতা সহিত দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।
১৮৪। পূর্ব্ব কএক ধারামতে দায় অসিদ্ধ করিবার কার্য্য প্রণালীর কথা।
১৮৫। দখলীস্বত্ববিশিষ্ট যোত পূর্ব্ব কএক ধারামতে তালুক বলিয়া গণ্য হয় এরূপ আজ্ঞা দিবার ক্ষমতার কথা।
১৮৬। বিক্রয়োৎপন্ন টাকা লইয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ক বিধির কথা।
১৮৭। খরচা সমেত ডিক্রীর টাকা আদালতে দেওয়া গেলেই কিম্বা ডিক্রীদার শোধ হইয়াছে স্বীকার করিলেই যোত ক্রোক হইতে মুক্ত হইবার কথা।
১৮৮। নীলাম নিবারণার্থ আদালতে টাকা দেওয়া গেলে, তাহা কোন২ স্থলে উক্ত যোতের বন্ধকী ঋণ হইবার কথা।
১৮৯। অধস্তন প্রজা আদালতে টাকা দিলে তাহা খাজানাহইতে কাটিয়া লইতে পারিবার কথা।
১৯০। নীলামে ডিক্রীদারের ডাকিতে পারিবার ও ডিক্রীজত খাতকের না পারিবার কথা।
১৯১। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৩ ও ৩২৬ ধারার কার্য্য না হইবার কথা।
১৯২। দায় সৃষ্টিকারী কোন২ নিদর্শনপত্র রেজিষ্টরী করিবার কথা।
১৯৩। ভূম্যধিকারীরকে দায়ের নোটিস দিবার কথা।

১৬শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্ত সরাসরী নীলামের বিধি।

পত্তনী তালুক নীলামের কথা।
১৯৪। ভূস্বামীর সরাসরী নীলাম দ্বারা পত্তনীদারের স্থানে বাকী খাজানা আদায়ের কথা।
১৯৫। বৎসরের প্রারম্ভে নীলামের দরখাস্ত করিবার কথা।
১৯৬। নোটিস জারী করিবার কথা।
১৯৭। বৎসরের মধ্যখানে নীলামের দরখাস্তের কথা।
১৯৮। তালুকদার তলব সম্বন্ধে আপত্তি করিলে কার্য্য প্রণালীর কথা।
১৯৯। বাকীটাকা আমানত করা না গেলে তালুক নীলাম হইবার কথা।
২০০। নীলাম হইলে যে২ নিয়ম মানিতে হইবে তাহার কথা।
২০১। নীলামের কার্য্য যেরূপে চালাইতে হইবে, তাহার কথা।
২০২। খরিদারের স্বত্বের কথা।
২০৩। খরিদারকে দখল দিবার কথা।
২০৪। নীলাম বন্ধ করিতে যে ব্যক্তির স্বার্থ থাকে সেই ব্যক্তির আমানত করা টাকা আদায় পারিবার কথা।
২০৫। নীলাম অসিদ্ধ করিবার মোকদ্দমার কথা।
২০৬। নীলাম হওয়াতে যে ব্যক্তির স্বার্থ অসিদ্ধ হইতে পারে তাঁহার ক্ষতিপূরণ পাইবার মোকদ্দমার কথা।
ধারা।
২০৭। নীলামের উৎপন্ন টাকা লইয়া যাহা২ করিতে হইবে তাহার কথা।
২০৮। রবিবার ও বন্দের দিন বিষয়ক বিধানের কথা। অন্যান্য তালুক নীলামের কথা।
২০৯। অন্যান্য রেজিষ্টরীকরা তালুক সম্বন্ধে এই অধ্যায় পরিবর্ত্তিত হইয়া খাটিবার কথা।

১৭শ অধ্যায়।

চুক্তি ও দেশাচার বিষয়ক বিধি।

২১০। চুক্তির বিরুদ্ধে বিধান যে২ ফলবৎ হইবে তাহার কথা।
২১১। কায়েমী মকররী পাট্টার কথা।
২১২। কৃষি কার্য্যোপযোগী কএকের চুক্তির কথা।
২১৩। চর ও দেয়াড়া জমীর কথা।
২১৪। উঠবন্দী ও হালহাসিলী প্রণালীর কথা।
২১৫। চাকরাণ তালুক সম্বন্ধে না খাটিবার কথা।
২১৬। বাস্তু ভূমির কথা।
২১৭। দেশাচার সংরক্ষণের কথা।

১৮শ অধ্যায়।

মিয়াদ বা তামাদি বিষয়ক বিধি।

২১৮। ৪ তফসীলমত মোকদ্দমা, আপীল এবং প্রার্থনা বা দরখাস্তের মিয়াদের কথা।
২১৯। ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক আইনের কিয়দংশ ঐ মোকদ্দমা প্রভৃতিতে না খাটিবার কথা।

১৯শ অধ্যায়।

অতিরিক্ত বিধি।

দণ্ডের কথা।
২২০। ফসলে বে-আইনীমতে হস্তক্ষেপ করিলে দণ্ডের কথা।
ভূম্যধিকারীদের কর্ম্মকারক ও প্রতিনিধিদের কথা।
২২১। ভূম্যধিকারীর কর্ম্মকারক দ্বারা কার্য্য করিবার কথা।
২২২। এজমালী ভূম্যধিকারীদের একত্রে বা সাধারণ কর্ম্মকারকের দ্বারা কার্য্য করিবার কথা।
রাজস্ব কর্ম্মচারিদের ক্ষমতার কথা।
২২৩। কর্ম্মচারীদের কার্য্যপ্রণালী ও ক্ষমতা সম্বন্ধীয় বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।
বিধির কথা।
২২৪। বিধি প্রণয়ন, প্রকাশ ও দৃঢ় করিবার কার্য্যপ্রণালীর কথা।
যে২ জিলায় কিয়ৎ কালীন বন্দোবস্ত থাকে তৎ সম্বন্ধীয় বিধানের কথা।
২২৫। যে জিলায় চিরস্থায়ী বন্দোবস্ত হয় নাই সেই জিলায় যে ভূমি ভোগ হয় তৎসম্বন্ধে না খাটিবার কথা।
২২৬। রাজস্বের নূতন বন্দোবস্ত হইলে খাজানা পরিবর্ত্তন করিতে পারিবার কথা
খাসকর প্রভৃতি স্বত্বের কথা।
২২৭। খাসকর ও বনকর প্রভৃতি স্বত্বের কথা।
বিশেষ আইন সংরক্ষণের কথা।
২২৮। বিশেষ আইন সংরক্ষণের কথা।

তফসীল।

প্রথম।—যে২ আইন রাহিত হইল।
দ্বিতীয়।—১৮১৯ সালের ৮ আইনের হেতুবাদ হইতে উদ্ধৃত।
তৃতীয়।—কবজ ও হিসাবের পাঠ।
চতুর্থ।—মিয়াদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত ব্যবস্থা বিষয়ক কএকটী আইন সংশোধন ও সংগ্রহ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত ব্যবস্থা বিষয়ক কএকটী আইন সংশোধন ও সংগ্রহ করা বিহিত; অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

১ম অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। (১) এই আইন "বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৪ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

আরম্ভ।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক স্থানীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এতদর্থে যে তারিখ নিরূপণ করেন, সেই তারিখ অবধি এই আইন প্রবল হইবে। অতঃপর সেই তারিখ এই আইন প্রচলিত হইবার সময় বলিয়া খ্যাত হইবে।

স্থানীয় ব্যাপ্তি।

(৩) কলিকাতা নগর ও উড়িষ্যা খণ্ড ছাড়া এবং তফসীল লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের আইনের প্রথম তফসীলের তৃতীয় খণ্ডের নির্দ্দিষ্ট তফসীলে লেখা প্রদেশ ছাড়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীনে যৎকালে যে যে দেশ থাকে, সেই সেই দেশে এই আইন আপন বলে বর্ত্তিবে; এবং স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক স্থানীয় গেজেট বিজ্ঞাপন দিয়া এই আইনের সমুদয় বা কোন অংশ উড়িষ্যা খণ্ডে বর্ত্তাইতে পারিবেন।

রহিত হইবার কথা।

২ ধারা। (১) যে যে দেশে এই আইন আপন বলে বর্ত্তে, সেই সেই দেশে ইহার প্রথম তফসীলের নির্দ্দিষ্ট আইনগুলি রহিত হইল।

(২) যৎকালে এই আইন উড়িষ্যা খণ্ডে বর্ত্তমান থাকে, তৎকালে ঐ সকল আইনের মধ্যে যে যে আইন উক্ত খণ্ডে বর্ত্তমান থাকে, অথবা এই আইনের কিয়দংশ মাত্র বর্ত্তমান থাকে, তন্মধ্যে যে যে আইন ঐ অংশের সহিত অসঙ্গত হয়, সেগুলি উক্ত খণ্ডে রহিত হইবে।

(৩) এই আইন দ্বারা যে কোন আইন রহিত করা যায়, সে কোন আইনে বা তদ্দ্বারা সে আইনের উল্লেখ থাকিলে উহা এই আইনের বা তদ্বিষয়ক এই আইনের অংশবিশেষের, উল্লেখ বলিয়া অর্থ করিতে হইবে।

(৪) এই আইন প্রচলিত হইবার সময়ে যে কোন স্বত্ব, অধিকার, বিষয় বা বস্তু প্রবল বা বিদ্যমান না থাকে, এই আইন দ্বারা কোন আইন রহিত হইল বলিয়া, সেই স্বত্ব প্রভৃতি পুনর্জ্জীবিত হইবে না।

অর্থকরণের কথা।

৩ ধারা। বিষয় বিবেচনায় বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর বোধ না হইলে এই আইনে,

(১) প্রচলিত আইনক্রমে কোন জিলার কালেক্টর মালগুজারী ভূমির ও লাখেরাজ ভূমির যে যে সাধারণ রেজিষ্টর প্রস্তুত করিয়া রাখেন, সেই রেজিষ্টরের কোন রেজিষ্টরে একই দফার মধ্যে যে ভূমি লেখা যায়, "মহাল" শব্দে সেই ভূমি বুঝাইবে।

কিন্তু ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের আইনের ৩ ধারার (২) প্রকরণের (গ) দফামতে কোন তালুক রেজিষ্টরী করা গেলে, তাহা এই লক্ষণের মর্ম্মানুযায়ী মহাল বলিয়া গণ্য হইবে না।

(২) "ভূস্বামী বা জমীদার" শব্দে কোন মহালের মালিকস্বরূপ এক বা বহু ব্যক্তিকে বুঝাইবে।

(৩) যে কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তির অধীনে ভূমি ভোগ করে ও তাহার নিকট ঐ ভূমির নিমিত্ত খাজানা দিতে দায়ী কিম্বা বিশেষ চুক্তি না থাকিলে দায় থাকিত, "প্রজা" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

(৪) যে এক বা বহু ব্যক্তির অব্যবহিত অধীনে কোন প্রজা ভূমি ভোগ করেন, "ভূম্যধিকারী" শব্দে সেই এক বা বহু ব্যক্তিকে বুঝাইবে।

(৫) প্রজা যে ভূমি ভোগ করেন, তাহার ব্যবহার বা দখল নিমিত্ত আপন ভূম্যধিকারীকে মুদ্রা বা শস্য যোগে প্রজার যাহা কিছু দিতে বা অর্পণ করিতে হয়, "খাজানা" শব্দে তাহা বুঝাইবে।

(৬) খাজানা সম্বন্ধে "দেওয়া" "দিতে" ও "দেওন" ইত্যাদি শব্দ ব্যবহৃত হইলে, "অর্পণ করা," "অর্পণ করিতে," ও "অর্পণ করণ" ইত্যাদি বুঝাইবে।

(৭) এক পাট্টাক্রমে বা এক প্রস্থ নিয়মের অধীনে কোন ভূম্যধিকারীর কোন প্রজা যে বা যেং ভূমিখণ্ড ভোগ করেন, "যোত" শব্দে তাহা বুঝাইবে।

(৮) "কৃষি বৎসর" বলিতে যেখানে বাঙ্গালা সন চলিত আছে, সেখানে বৈশাখ মাসের প্রথম দিবসে যে বৎসর আরম্ভ হয়, সেই বৎসর বুঝাইবে; যেখানে ফসলী বা আমলী সন চলিত আছে, সেখানে আশ্বিন মাসের প্রথম দিবসে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসর বুঝাইবে; এবং যেখানে কৃষিকার্য্যের অন্য কোন সন চলিত থাকে, সেখানে সেই সন বুঝাইবে।

(৯) ১৭৯৩ সালে বাঙ্গালা বেহার ও উড়িষ্যায় যে চিরস্থায়ী বন্দোবস্ত হয়, "চিরস্থায়ী বন্দোবস্ত" বলিতে তাহা বুঝাইবে।

(১০) "হস্তান্তর" শব্দে ইচ্ছাপূর্ব্বক কিম্বা বিক্রী-জারীক্রমে বিক্রয় ও বন্ধক ও দানও বুঝাইবে।

(১১) "উত্তরাধিকার" শব্দে অকৃতচরমপত্র ও চরমপত্রানুযায়ী অর্থাৎ উইল বিনা ও উইলমত উভয় প্রকার উত্তরাধিকারই বুঝাইবে।

(১২) কোন ব্যক্তি আপনার নাম লিখিতে না পারাতে চেরাসহী করিলে, "স্বাক্ষরিত" শব্দে "চেরা সহী করা" বুঝা যে। এই শব্দ পূর্ব্বোক্ত ব্যক্তির নামের "মোহরাঙ্কিত" ও বুঝাইবে।

(১৩) "নির্দ্দিষ্ট" শব্দে রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নির্দ্দিষ্ট বুঝাইবে।

(১৪) "কালেক্টর" শব্দে কোন জিলার কালেক্টর সাহেব কিম্বা এই আইনমত কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত অন্য কোন কার্য্যকারক বুঝাইবে।

(১২) এই আইনের কোন বিধানে "রাজস্ব কর্ম্মচারী" শব্দ থাকিলে, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত বিধানমত রাজস্ব কর্ম্মচারীর ক্ষমতানুসারে কার্য্য করিবার নিমিত্ত যে কর্ম্মচারীকে নিযুক্ত করেন উক্ত শব্দে সেই কর্ম্মচারী বুঝাইবে।

(১৩) "পত্তনী তালুক" শব্দে এই আইনের দ্বিতীয় তফসীলের বর্ণিত প্রকারের তালুক বুঝায়, এবং সেই তফসীলের উল্লিখিত দরপত্তনী ও অন্যান্য তদ্রূপ তালুকও তদন্তর্গত।

২য় অধ্যায়।

প্রজাদের শ্রেণী বিষয়ক বিধি।

প্রজাদের শ্রেণী বিষয়ক কথা।

৮ ধারা। এই আইনের কার্য্যপক্ষে নিম্নলিখিত কএক শ্রেণীর প্রজা থাকিবে, যথা,—

(১) তালুকদার, পেটাও তালুকদারেরা ইহার অন্তর্গত;

(২) রায়ত; এবং

(৩) কোফ রায়ত, অর্থাৎ, যে প্রজারা সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে রায়তের অধীনে ভূমি ভোগ করে;

তার নিম্নলিখিত কএক শ্রেণীর রায়ত, যথা;—

(ক) যে রায়তেরা অবধারিত হারে ভূমি ভোগ করে,—যাহারা অবধারিত খাজানার কিম্বা অবধারিত খাজানার হারে ভূমি ভোগ করে, এই কথায় তাহাদিগকে বুঝাইবে;

(খ) দখলীস্বত্ববিশিষ্ট রায়ত, অর্থাৎ, যে রায়তদের ভোগকৃত ভূমিতে দখলীস্বত্ব আছে; এবং

(গ) দখলীস্বত্বশূন্য রায়ত, অর্থাৎ যে রায়তদের ঐরূপ দখলী স্বত্ব নাই।

তালুকদার ও রায়ত শব্দের অর্থ।

৯ ধারা। (১) যে ব্যক্তি খাজানা আদায় করিবার স্বত্ব ভূস্বামির স্থানে বা অন্য কোন তালুকদারের স্থানে প্রাপ্ত হইয়াছেন, "তালুকদার" বলিতে মুখ্যতঃ সেই ব্যক্তিকে বুঝাইবে; এবং যাঁহারা ঐরূপ স্বত্ব পাইয়াছেন, তাঁহাদের স্বার্থগত উত্তরাধিকারীদিগকে ও যাঁহারা ৩৭ ধারামতে তালুকদার বলিয়া গণ্য হইবেন সেই ব্যক্তিদিগকেও বুঝাইবে।

(২) যে ব্যক্তি আপনি, বা আপনার পরিবারস্থ ব্যক্তিবর্গদ্বারা, বা বেতনভোগী চাকরদ্বারা কিম্বা অংশীদের সাহায্যে ভূমির চাষ করিবার নিমিত্ত ভূমি গ্রহণ করিয়াছেন, "রায়ত" শব্দে মুখ্যতঃ সেই ব্যক্তিকে বুঝাইবে; এবং যে ব্যক্তিরা ঐরূপে ভূমি গ্রহণ করেন তাঁহাদের স্বার্থগত উত্তরাধিকারীরাও ৩৭ ধারার নিয়মাধীনে ঐ শব্দে বাচ্য হইবেন।

(৩) কোন ব্যক্তি কোন ভূস্বামীর বা তালুকদারের অব্যবহিত অধীনস্থ ভূমি ভোগ করিলে, তাহাকে রায়ত বলিয়া জ্ঞান করা যাইবে না।

(৪) কোন প্রজা তালুকদার কি রায়ত, ইহা নির্ণয় করিতে হইলে, আদালত নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,

(ক) দেশাচারের প্রতি;

(খ) যে রায়তের, আপনাদের যোতের অর্দ্ধেকের অধিক কোফী বিলি করে, তাহাদের সম্বন্ধীয় ৩৭ ধারার বিধানের প্রতি; এবং

(গ) প্রথম প্রাপ্তির সময়ে প্রজাস্বত্বের ভাবের প্রতি, অর্থাৎ ঐ স্বত্ব খাজানা আদায় করিবার বা ভূমি চাষ করিবার স্বত্ব ছিল, ইহার প্রতি।

(৫) কোন যোতের পরিমাণ কষ্টিমত ১০০ বিঘার অধিক হইলে, এবং উহার সমস্ত বা নিম্নদৃশ্য পেটাও বিলি করা গেলে, যাবৎ বিপরীত দর্শান না যায়, তাবৎ প্রজা তালুকদার বলিয়া অনুমান হইবে।

৩য় অধ্যায়।

তালুকদারদের সম্বন্ধীয় বিধি।

খাজানা বৃদ্ধির কথা।

চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে তালুক ভোগ হইয়া আসিতেছে, কোনস্থলেমাত্র তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবার কথা।

৬ ধারা। (১) চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে তালুক ভোগ হইয়া আসিতেছে, নিম্নলিখিতরূপ প্রমাণ ব্যতিরেকে তাহার খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে না অর্থাৎ,

(ক) যে ভূম্যধিকারীর অধীনে ঐ তালুক ভোগ করা যায়, তিনি বেশাচারক্রমে কিম্বা যে যে নিয়মের অধীনে ঐ তালুক ভোগ হয় তদনুসারে, তাহার খাজানা বৃদ্ধি করিতে স্বত্ববান, অথবা

(খ) ঐ তালুকদার আপনার খাজানা কমাইয়া লইয়া দাবীকৃত বৃদ্ধির খাজানা দিতে দায়ী হইয়াছেন, এবং ভূমি হইতে ঐ খাজানা তোলা যাইতে পারে।

(২) শিকস্তী হওয়াতে কিম্বা রাজকীয় কার্য্যের নিমিত্ত বা টাপানিদের নিমিত্ত ভূমি গ্রহণ বিষয়ক যে আইন যৎকালে বলবৎ থাকে, সেই আইনের বিধানমতে ভূমি গৃহীত হওয়াতে কোন তালুকদারের খাজানা কমাইয়া দেওয়া গেল, ঐ কমান এই ধারার মর্ম্মানুযায়ী কমান বলিয়া গণ্য হইবে না।

তালুকের জমাবৃদ্ধির সীমার কথা।

৭ ধারা। (১) যে স্থলে কোন তালুকদারের খাজানা বৃদ্ধি করা যাইতে পারে, সেই স্থলে উভয় পক্ষের মধ্যে কোন চুক্তি থাকিলে তাহা মানিয়া ঐ খাজানা নিকটস্থ তদ্রূপ তালুক যাঁহারা ভোগ করেন, তাঁহারা দেশাচারানুগত যে হারে খাজানা দেন সেই হার পর্য্যন্ত বৃদ্ধি করা যাইতে পারিবে।

(২) যেস্থলে তদ্রূপ দেশাচারানুগত হার নাই, সেই স্থলে উক্তরূপ চুক্তি মানিয়া আদালত যাহা উপযুক্ত ও ন্যায্য জ্ঞান করেন, সেই সীমা পর্য্যন্ত খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে।

(৩) যাহা উপযুক্ত ও ন্যায্য হয়, ইহা নির্ণয় করিবার সময়ে আদালত তালুকদারের মোট যে খাজানা পাওনা হয়, তাহা হইতে খাজনা আদায় করিবার খরচ বাদ দিলে যাহা অবশিষ্ট থাকে, তাঁহাকে তাহার শতকরা দশ ভাগের কম লাভ দিবেন না, এবং নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,—

(ক) যে অবস্থায় তালুক সৃষ্টি হয়, যথা, তালুকের অন্তর্গত ভূমি কিম্বা তাহার অধিকাংশ তালুকদারের কিম্বা তদীয় স্বার্থগত পূর্ব্বা খাজাদীদের দ্বারায় বা খরচে প্রথম চাষ করা হইয়াছিল কি না;

(খ) তালুকদার বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারীরা কোনরূপ উৎকর্ষসাধন করিয়াছেন কি না;

(গ) আদায় করিবার খরচ ও ঝুঁকি।

(৪) উক্ত তালুকদার আপন তালুকের অন্তর্গত ভূমির কোন অংশ আপনি দখল করিলে, অথবা ঐ ভূমির কোন অংশ খাজানামুক্ত করিয়া বা উপকারার্থ সামান্য খাজানায় দিলে, ঐ অংশের নিমিত্ত উপযুক্ত ও ন্যায্য খাজানা হিসাব করিয়া পূর্ব্বোক্ত মোট খাজানার মধ্যে ধরিতে হইবে।

বর্দ্ধিত খাজানা সাবেক খাজানার দ্বিগুণের অধিক না হইবার কথা।

৮ ধারা। যে স্থলে কোন তালুকদারের খাজানা বৃদ্ধি করা যাইতে পারে, সেই স্থলে পূর্ব্ব ধারামতে যে বর্দ্ধিত খাজানা ধার্য্য করা যায়, তাহা পূর্ব্বদেয় খাজানার দ্বিগুণের অধিক হইবে না।

খাজানা ক্রমশঃ বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

৯ ধারা। আদালত যদি বিবেচনা করেন যে একবারে খাজানা বৃদ্ধি করিলে কষ্ট হইবে, তবে আজ্ঞা করিতে পারিবেন, যে, খাজানা বৃদ্ধি ক্রমেং করা যাইবে, অর্থাৎ যাবৎ খাজানা বৃদ্ধির উর্দ্ধ সীমায় উপস্থিত হওয়া না যায়, পাঁচ বৎসরের অনধিক কএক বৎসর ব্যাপিয়া ক্রমেং বৎসর বৎসর খাজানা বৃদ্ধি হইবে।

খাজানা একবার বর্দ্ধিত হইলে দশ বৎসর পরিবর্দ্ধিত হইতে না পারিবার কথা।

১০ ধারা। কোন তালুকদারের খাজানা আদালত দ্বারা কিম্বা চুক্তিক্রমে বৃদ্ধি করা গেলে, যে তারিখে বৃদ্ধি করা যায়, আদালত সেই তারিখের পর দশ বৎসর মধ্যে ঐ খাজানা আর বৃদ্ধি করিবেন না।

তালুকের অন্যান্য অনুষঙ্গের কথা।

চিরস্থায়ী তালুকের হস্তান্তর ও উত্তরাধিকারাদির কথা।

১১ ধারা। প্রত্যেক চিরস্থায়ী তালুক, রেজিষ্টরী করণ সম্বন্ধে এই আইনের বিধানের নিয়মাধীনে, অন্য স্থাবর সম্পত্তি যে প্রকারে ও যে পরিমাণে হস্তান্তর করা ও উইল করা যাইতে পারে, সেই প্রকারে ও সেই পরিমাণে হস্তান্তর করা ও উইল করা যাইতে পারিবে।

চিরস্থায়ী তালুকদারকে উচ্ছেদ করিতে না পারিবার কথা।

১২ ধারা। কোন চিরস্থায়ী তালুকদার ও তদীয় ভূম্যধিকারী এই উভয়ের মধ্যে যে চুক্তি থাকে তাহার শর্ত্তক্রমে এই আইনের বিধান সঙ্গত যে নিয়ম ভঙ্গ করিলে উক্ত তালুকদারকে উচ্ছেদ করা যাইতে পারে, তিনি সেই নিয়ম ভঙ্গ করিয়াছেন, এইরূপ হেতু বিনা উক্ত তালুকদারকে তদীয় ভূম্যধিকারী উচ্ছেদ করিবেন না।

পত্তনী তালুকের কথা।

পত্তনীদারের পেটা বিলি করিবার ক্ষমতার কথা।

১৩ ধারা। পত্তনী তালুকদার এই আইনের বিধান মানিয়া আপনার তালুকের বা তাহার কোন অংশের অন্তর্গত ভূমির বিলি করিতে পারিবেন।

পত্তনী তালুকের ভূম্যধিকারির হস্তান্তরক্রমে গ্রহীতার স্থানে জামিন চাহিবার স্বত্বের কথা।

১৪ ধারা। (১) ইচ্ছাপূর্ব্বক কিম্বা ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা পত্তনী তালুক হস্তান্তরিত হইলে, ভূম্যধিকারী খাজানা দিবার ও তালুকের অন্যান্য নিয়ম পালন করিবার সম্বন্ধে উক্ত তালুকের অর্দ্ধ বৎসরের খাজানা পরিমিত মাতব্বর জামিন হস্তান্তরক্রমে গ্রহীতার নিকট চাহিতে পারিবেন।

(২) ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর হইলে, যদি ভূম্যধিকারী এই ধারামতে ক্রেতার স্থানে জামিন চাহেন, এবং চাহিবার তারিখ অবধি এক মাস মধ্যে ঐ জামিন না দেওয়া হয়, তবে যত দিন জামিন দেওয়া না হয়, তত দিন ভূম্যধিকারী হস্তান্তরক্রমে গ্রহীতাকে বাদ রাখিয়া উক্ত তালুক ক্রোক করিয়া দখল করিতে পারিবেন।

(৩) এই ধারামত ক্রোক থাকিবার কালে ভূম্যধিকারী পেটাও তালুকদার কিম্বা রায়তদের স্থানে খাজানা আদায় করিতে পারিবেন, এবং তাহা হইতে ক্রোক করিবার খরচ, আদায়ের খরচ, ও আপনার পাওনা খাজানা কাটিয়া লইয়া অবশিষ্ট টাকা ক্রেতার পক্ষে ন্যাস স্বরূপ রাখিবেন।

(৪) ঐরূপে যে খাজানা আদায় হয়, তাহাতে ক্রোকের খরচ, আদায়ের খরচ এবং ভূম্যধিকারির প্রাপ্য খাজানা দিতে না কুলাইলে, যত টাকা ন্যূন হয় তজ্জন্য ক্রেতা দায়ী থাকিবেন, এবং ভূম্যধিকারী তাহা আদায় করিবার নিমিত্ত তাঁহার বিরুদ্ধে কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন।

(৫) এই ধারামতে কোন হস্তান্তরক্রমে গ্রহীতা যে জামিন দিবার প্রস্তাব করেন ভূম্যধিকারী তাহা অগ্রাহ্য করিলে, হস্তান্তরক্রমে গৃহীতা অগ্রাহ্য করিবার তারিখ অবধি তিন মাসের মধ্যে দেওয়ানী আদালতে উক্ত জামিন গ্রহণার্থ ভূম্যধিকারির প্রতি আদেশসূচক আজ্ঞা পাইবার প্রার্থনা করিতে পারিবেন এবং আদালত প্রস্তাবিত জামিন উপযুক্ত বলিয়া বুঝিলে এরূপ আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা তাহা না বুঝিলে প্রার্থনা অগ্রাহ্য করিবার আজ্ঞা করিতে পারিবেন।

(২) এই ধারামত কোন আজ্ঞার উপর আপীল চলিবে না।

রেজিষ্টরী করিবার কথা।

ইচ্ছাপূর্ব্বক হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিতে হইবার কথা।

১৫ ধারা। (১) ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হইয়া কোন চিরস্থায়ী তালুকের হস্তান্তর বা উক্ত তালুকের উত্তরাধিকার ঘটিলে, হস্তান্তরকর্ত্তা ও হস্তান্তরক্রমে গ্রহীতা কএক কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তি ভূম্যধিকারীর নিকটে যদি প্রার্থনা করেন, এবং প্রার্থক পক্ষাবিশিষ্ট ফী দেন, তবে ভূম্যধিকারী পত্তনী তালুক হইলে পূর্ব্ব ধারার বিধান মানিয়া উক্ত হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবেন।

কিন্তু কোন তালুকের খাজানা বাকী থাকিলে, ভূম্যধিকারী যদি উচিত বোধ করেন, তবে তাহার হস্তান্তর রেজিষ্টরী করিতে অসম্মত হইতে পারিবেন।

(২) এই ধারামত প্রার্থনাপত্রে যে ফী দিতে হইবে তাহা নিম্নলিখিতরূপ হইবে, যথা,—

(ক) উক্ত তালুক সম্বন্ধে খাজানা দিতে হইলে, উক্ত তালুকের বার্ষিক খাজানার উপর শতকরা দুই টাকা ফী দিতে হইবে। কিন্তু ঐরূপ কোন ফী এক টাকার কম কিম্বা এক শত টাকার অধিক হইবে না।

(খ) উক্ত তালুক সম্বন্ধে খাজানা দিতে না হইলে দুই টাকা ফী দিতে হইবে।

(৩) এই ধারামতে যে প্রার্থনা করা যায়, ভূম্যধিকারী তদনুসারে কার্য্য করিতে অসম্মত হইলে, তাঁহার অসম্মতির কারণের বর্ণনাপত্র লিখিয়া প্রার্থককে দিবেন; এবং তিনি তাহা না করিলে, দণ্ডস্বরূপ এক শত টাকার অনধিক যত টাকা আদালত উচিত বোধ করেন, তত টাকা তাঁহার স্থানে আদায় করিবার নিমিত্ত প্রার্থক মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

খাজানার ডিক্রী ভাড়া অন্য ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।

১৬ ধারা। (১) কোন চিরস্থায়ী তালুক উহার নিজ বাকী খাজানার ডিক্রী ভিন্ন অন্য ডিক্রীজারীক্রমে নীলাম করা গেলে, আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১২ ধারামতে নীলাম দৃঢ় করিবার পূর্ব্বে ক্রেতার প্রতি এই আদেশ করিতে পারিবেন যে, তিনি পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট রেজিষ্টরী করণের ফী এবং ভূম্যধিকারীর উপর নীলামের নোটিস জারী করণার্থ ২২ ধারামত বিধিক্রমে আর যে ফী নির্দ্দিষ্ট হয় তাহা আদালতে দাখিল করেন।

(২) নীলাম দৃঢ় করা গেলে, আদালত অবিলম্বে নীলামের নোটিস ভূম্যধিকারীর উপর জারী করাইবেন। নোটিসে তাঁহার প্রতি উক্ত নীলাম রেজিষ্টরী করিবার আদেশ থাকিবে ও তাঁহাকে জানান হইবে যে রেজিষ্টরী করণের ফী পাওয়া গিয়াছে, এবং রেজিষ্টরী করা হইলে চাহিবামাত্র তাঁহাকে দেওয়া হইবে; এবং উপযুক্ত কারণ না থাকিলে ভূম্যধিকারী অবিলম্বে উক্ত আদেশানুসারে কার্য্য করিবেন।

খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।

১৭ ধারা। কোন চিরস্থায়ী তালুক উহার নিজ বাকী খাজানার ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তরিত হইলে, ভূম্যধিকারী এতদর্থে তাঁহার নিকট কোন প্রার্থনা বা তাঁহার প্রতি কোন আদেশ করা না গেলেও, ও কোন ফী দেওয়া না গেলেও উক্ত হস্তান্তর রেজিষ্টরী করিবেন।

রেজিষ্টরী না করিবার ফলের কথা।

১৮ ধারা। (১) বাকী খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হইয়া, কোন চিরস্থায়ী তালুকের হস্তান্তর ঘটিলে, যাবৎ এই অধ্যায়মতে হস্তান্তর রেজিষ্টরী করা না যায়, তাবৎ ভূম্যধিকারী হস্তান্তরকর্ত্তাকে ও হস্তান্তরক্রমে গ্রহীতাকে হস্তান্তর হইবার পর যে খাজানা বাকী পড়ে, তজ্জন্য একত্র ও স্বতন্ত্র দায়ী করিতে পারিবেন।

(২) যাবৎ হস্তান্তর বা উত্তরাধিকার এই অধ্যায়মতে রেজিষ্টরী করা না হয়, কিম্বা ২২ ধারামত বিধির আদেশমতে ভূম্যধিকারীর উপর তাহার নোটিস জারী করা না হয়, তাবৎ যে ব্যক্তি হস্তান্তর বা উত্তরাধিকারক্রমে কোন চিরস্থায়ী তালুকের স্বত্ববান হন, তিনি তালুকদারস্বরূপ তাঁহার যে খাজানা পাওনা হয়, মোকদ্দমা, ক্রোক বা অন্য কার্য্যানুষ্ঠান দ্বারা সেই খাজানা আদায় করিতে পারিবেন না।

ভূম্যধিকারীকে রেজিষ্টরী করিতে বাধ্য করিবার নিমিত্ত আদালতে প্রার্থনা করিবার কথা।

১৯ ধারা। (১) পূর্ব্ব কএক ধারামতে ভূম্যধিকারী যে হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিতে বাধ্য, তিনি এক মাস কাল তাহা রেজিষ্টরী করিতে অস্বীকার বা উপেক্ষা করিলে, হস্তান্তরকর্ত্তা বা হস্তান্তরক্রমে গ্রহীতা কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তি দেওয়ানী আদালতের নিকট বলপূর্ব্বক রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিতে পারিবেন।

(২) তাহা হইলে আদালত ভূম্যধিকারীকে এবং হস্তান্তরের এক পক্ষ প্রার্থনা করিলে হস্তান্তরের অন্য বা অন্যান্য পক্ষকেও নোটিস দিতে পারিবেন। ঐ নোটিসে তাঁহার বা তাঁহাদের প্রতি এই আদেশ থাকিবে যে, উক্ত হস্তান্তর বা উত্তরাধিকার কেন রেজিষ্টরী করা যাইবে না, নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে তাহার কারণ দর্শান।

(৩) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান না গেলে, আদালত ভূম্যধিকারীর প্রতি উক্ত হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন, এবং ঐরূপ আজ্ঞা করা গেলে, হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ন্যায় ফল হইবে।

(৪) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান গেলে, আদালত কোন আজ্ঞা করিতে অস্বীকার করিতে, কিম্বা মোকদ্দমার অবস্থা বিবেচনায় যেরূপ আজ্ঞা উচিত বোধ করেন সেইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

রেজিষ্টরী করিতে বাধ্য করণার্থ ভূম্যধিকারীর প্রতি প্রার্থনার কথা।

২০ ধারা। (১) ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হইয়া পূর্ব্ব কএক ধারামতে যাহা রেজিষ্টরী হইবার যোগ্য এরূপ হস্তান্তর কিম্বা উত্তরাধিকার ঘটিলে, তাহা ঘটিবার পর ছয় মাসের মধ্যে যদি রেজিষ্টরী করিবার প্রার্থনা না করা যায়, তবে ভূম্যধিকারী হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার আজ্ঞা হইবার নিমিত্ত ও হস্তান্তরের পক্ষদিগকে কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তিকে ১৫ ধারার লিখিত ফী দিতে বাধ্য করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

(২) তাহা হইলে সেই আদালত উক্ত হস্তান্তরের পক্ষদিগকে কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তিকে নোটিস দিয়া এই আদেশ করিতে পারিবেন, যে কেন রেজিষ্টরী করা হইবে না ও তাঁহারা বা তিনি ফী দিবেন না নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে ইহার কারণ দর্শান।

(৩) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান না গেলে, আদালত আজ্ঞা করিয়া হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ক্ষমতা ভূম্যধিকারীকে দিতে এবং হস্তান্তরক্রমে গ্রহীতার কিম্বা স্থল বিশেষে উত্তরাধিকারী ব্যক্তির প্রতি উক্ত ফী দিবার আদেশ করিতে পারিবেন ঐরূপ আজ্ঞা করা গেলে, হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ন্যায় ফল হইবে, এবং ঐরূপে যে আজ্ঞা করা যায়, তাহাতে ফী আদায় করিবার আদেশ যত দূর থাকে, তত দূর তাহা মোকদ্দমার ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

(৪) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান গেলে, আদালত কোন আজ্ঞা করিতে অস্বীকার করিবে, কিম্বা মোকদ্দমার অবস্থা বিবেচনায় যেরূপ আজ্ঞা উচিত বোধ করেন সেইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

ভূম্যধিকারীর রেজিষ্টরী বহীর লেখার নকল দিবার কথা।

২১ ধারা। পূর্ব্ব কএক ধারামতে কোন তালুকের হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করা গেলে, যে ব্যক্তির প্রতি বা যাহার দ্বারা উক্ত তালুক বা তাহার কোন অংশ হস্তান্তর করা যায়, তিনি কিম্বা স্থল বিশেষে উক্ত তালুকের উত্তরাধিকারী প্রত্যেক ব্যক্তি রেজিষ্টরী বহীতে উক্ত তালুক সংক্রান্ত যে কথা লেখা থাকে, তাহার সত্য খাস নকল সময়ে২ চাহিলে, ভূম্যধিকারীর স্থানে যথার্থ নকল বলিয়া ভূম্যধিকারীর স্বাক্ষরযুক্ত তত্তখাস নকল পাইতে পারিবেন; কিন্তু সময়ে২ এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট এক আনার অন্যূন বা এক টাকার অনধিক যে ফী ধার্য্য করেন, এরূপ প্রত্যেক খণ্ড নকলের জন্য তিনি ভূম্যধিকারীকে সেই ফী দিবেন।

রেজিষ্টরী করণ সম্বন্ধে বিধিপ্রণয়ন করিতে পারিবার কথা।

২২ ধারা। (১) পূর্ব্ব কএক ধারামতে যে সকল রেজিষ্টরী বহী রাখিতে হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে প্রকাশিত ও এই আইনসঙ্গত বিধিক্রমে সময়ে২ সেই সকল রেজিষ্টরী বহীর পাঠ নির্দ্দেশ করিতে পারিবেন, এবং সাধারণতঃ রেজিষ্টরী করিবার সম্বন্ধে যে কার্য্যপ্রণালী অবলম্বিত হইবে তাহা নিরূপণ করিতে পারিবেন।

(২) (১) প্রকরণমত কোন বিধি প্রণয়ন কালে স্থানীয় গবর্ণমেণ্ট এই বিধান করিতে পারিবেন, যে উক্ত বিধি লঙ্ঘন হইলে পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

৪র্থ অধ্যায়।

অবধারিত খাজানায় যে রায়তেরা ভূমি ভোগ করে তাহাদের সম্বন্ধীয় বিধি।

অবধারিত খাজানায় ভূমি ভোগ করিবার অধিকারের কথা।

২৩ ধারা। অবধারিত খাজানা বা অবধারিত খাজানার হারে যে রায়ত ভূমি ভোগ করে,

(ক) কোন তালুকদারের যে বিশেষের নিয়মাধীন থাকিতে হয়, তাহার ও আপন পোষ্যের হস্তান্তর ও উত্তরাধিকার সম্বন্ধে সেই২ বিধানের নিয়মাধীন থাকিতে হইবে, এবং

(খ) তাহার সহিত তাহার ভূম্যধিকারীর যে চুক্তি থাকে, সেই চুক্তির লঙ্ঘনক্রমে এই আইনসঙ্গত যে নিয়ম ভঙ্গ করিলে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, সে সেই নিয়ম ভঙ্গ করিয়াছে, এইহেতু ভিন্ন অন্য কারণে তাহার ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

৫ম অধ্যায়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সম্বন্ধীয় বিধি।

সাধারণ।

বর্ত্তমান দখলীস্বত্ব চলিত থাকিবার কথা।

২৪ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়ে অব্যবহিত পূর্ব্বে আইনের বলে কিম্বা দেশাচারক্রমে কিম্বা প্রকারান্তরে কোন ভূমিতে যে রায়তের দখলীস্বত্ব থাকে, এই আইন প্রচলিত হইলে সেই রায়তের উক্ত ভূমিতে দখলীস্বত্ব থাকিবে।

বাসেন্দা রায়তদের দখলীস্বত্ব প্রাপ্ত হইবার কথা।

২৫ ধারা। (১) কোন গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত উক্ত গ্রামে বা মহালে রায়তস্বরূপ যে সকল ভূমি ভোগ করে, সেই সকল ভূমিতে সে দখলীস্বত্ব প্রাপ্ত হইবে।

(২) কোন গ্রামের বা মহালের কোন বাসেন্দা রায়ত ১৮৮৯ সালের মার্চ্চ মাসের ২ তারিখ অবধি এই আইন প্রচলিত হইবার সময় পর্য্যন্ত উক্ত গ্রামের বা মহালের অন্তর্গত কোন ভূমি রায়তস্বরূপ ভোগ করিলে, তৎকালে যে আইন বলবৎ থাকে সেই আইনমতে উক্ত ভূমিতে দখলী স্বত্বপ্রাপ্ত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

বাসেন্দা রায়ত শব্দের অর্থ।

২৬ ধারা। (১) এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে বা পরে যদি কোন ব্যক্তি ক্রমাগত বার বৎসর কাল কোন গ্রামের বা মহালের অন্তর্গত জমী রায়তস্বরূপ পাট্টাক্রমে বা প্রকারান্তরে ভোগ করিয়া থাকে, তবে ঐ ব্যক্তি উক্ত কাল অতীত হইলে পর ঐ গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) যদি এই আইনমত কোন কার্য্যানুষ্ঠানে ইহা প্রমাণিত বা স্বীকৃত হয় যে, কোন ব্যক্তি রায়তস্বরূপ ভূমি ভোগ করে, তবে যাবৎ বিপরীত কথা প্রমাণ বা স্বীকার করা না হয়, তাবৎ এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তির ও সে যে ভূম্যধিকারীর অধীনে ভূমি ভোগ করে সেই ভূম্যধিকারীর মধ্যে এই অনুমান হইবে যে, সে ঐ ভূমি বা উহার কোন অংশ রায়তস্বরূপ বার বৎসর কাল ভোগ করিয়াছে।

(৩) কোন ব্যক্তি যে বিশেষ ভূমি ভোগ করে, তাহা ভিন্ন২ সময়ে ভিন্ন২ হইলেও, এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তি ক্রমাগত কোন গ্রামে বা মহালে ভূমি ভোগ করিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৪) কোন ব্যক্তি যে ব্যক্তির উত্তরাধিকারী সেই ব্যক্তি রায়তস্বরূপ যে জমী ভোগ করিয়া থাকে, প্রথমোক্ত ব্যক্তি এই ধারার কার্য্যপক্ষে সেই জমী রায়তস্বরূপ ভোগ করিয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) কোন জমী দুই বা তদধিক অংশীদার রায়তী যোতস্বরূপ ভোগ করিলে, এই ধারার কার্য্যপক্ষে ঐ জমী প্রত্যেক অংশীদার রায়তস্বরূপ ভোগ করিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(৬) কোন ব্যক্তি কোন গ্রামে বা মহালে যতকাল রায়তস্বরূপ জমী ভোগ করে, ততকাল ও তাহার পর এক বৎসর উক্ত গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত থাকিবে।

(৭) যদি কোন রায়ত ৯৬ ধারামতে পুনরায় ভূমির দখল পায়, তবে সে এক বৎসরের অধিক কাল বেদখল থাকিলেও বাসেন্দা রায়ত রহিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

গ্রাম ও মহাল শব্দের অর্থকরণের কথা।

২৭ ধারা। এই অধ্যায়ের পূর্ব্ব কএক ধারার কার্য্যার্থে,

(ক) গ্রাম শব্দে রাজস্বসংক্রান্ত তরীপের গ্রামের মানচিত্রে একই বহিঃসীমার মধ্যে যে স্থান ধরা যায় সেই স্থান বুঝাইবে এবং যদি মানচিত্র হইতে দেখা যায় যে বাহিরের কোন স্থান ঐ গ্রামের অংশ, তাহাতে তাহাও বুঝাইবে; ও ঐরূপ মানচিত্র প্রস্তুত না হইয়া থাকিলে, স্থানীয় গবর্ণমেণ্ট স্বার্থবিশিষ্ট সকল ব্যক্তিকে সংবাদ দিবার নিমিত্ত যাহা উপযুক্ত বিবেচনা করেন, ঐরূপ নোটিস দিয়া স্থানীয় তদন্ত করিবার পর এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন কার্য্যকারক যে স্থান নিরূপণ করেন, সেই স্থান বুঝাইবে।

(খ) সে স্থলে এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে বা পরে ১৮৫৯ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি এক বা অধিক বাটওয়ারা হওয়াতে দুই বা তদধিক মহাল সৃষ্ট হয়, সেই স্থলে ঐরূপ বাটওয়ারা না হইলে ঐ সকল যে মহালের অংশস্বরূপ হইত, সেই সকল মহালের অন্তর্গত স্থান একই মহাল বলিয়া গণ্য হইবে।

২৮ ধারা। দখলীস্বত্ব-বিশিষ্ট কোন রায়তের ভূম্যধিকারী ক্রয় করিয়া বা প্রকারান্তরে ঐ রায়তের স্বার্থ প্রাপ্ত হইলে, দখলীস্বত্ব বিলুপ্ত হইবে; কিন্তু এই ধারার কোন কথায় অপর কোন ব্যক্তির স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

ভূম্যধিকারী দখলী-স্বত্ব প্রাপ্ত হইলে তাহার ফলের কথা।

২৯ ধারা। (১) কোন ব্যক্তি রায়তস্বরূপ ভূমি ভোগ করিলে, ঐ ভূমিতে ভূস্বামী বা তালুকদারস্বরূপ তাহার এজমালী স্বার্থ আছে বলিয়া কেবল এই কারণে তাহার উক্ত ভূমিতে দখলীস্বত্ব লোপ হইবার বাধা হইবে না।

এজমালী মালিক ও ইজারদারদের সম্বন্ধে বিশেষ বিধানের কথা।

(২) কোন ব্যক্তি খাজানার ইজারদারস্বরূপ কোন ভূমি ভোগ করিলে ঐ ভোগহেতুক তৎসম্বন্ধে এই আইনমতে দখলীস্বত্ব প্রাপ্ত হইবে না। কিন্তু কোন ব্যক্তি ভূমিতে দখলীস্বত্ব প্রাপ্ত হইলে পর সেই ভূমি ইজারা লইয়া ভোগ করিলে, ঐ দখলীস্বত্ব লোপ পাইবে না।

৩০ ধারা। ভূস্বামীর নিজ জমী বলিয়া বন্দোবস্তে খামার, নিজ বা নিজখোদ নামে এবং বেবাকরে কিম্বা নিজ, সেট বা কামাত নামে যে ভূমি খাস, কএক সনের মিয়াদী পাট্টাক্রমে কিম্বা সন বদল পাট্টাক্রমে সেই ভূমি ভোগ করা গেলে, এই অধ্যায়ের কোন কথাক্রমে তাহাতে দখলীস্বত্ব জন্মিবে না।

খামার জমী সম্বন্ধের কথা।

৩১ ধারা। কোন ভূমি সম্বন্ধে কোন রায়তের দখলী স্বত্ব থাকিলে, নিম্নলিখিত বিধানগুলি বর্ত্তিবে, অর্থাৎ,

দখলী স্বত্বের অনুবন্ধের কথা।

(ক) যাহাতে ভূমি প্রজাস্বত্বসংক্রান্ত কার্য্যের অনুপযোগী না হয় এরূপে তিনি ভূমি ব্যবহার করিতে পারিবেন, কিন্তু দেশাচারের বিরুদ্ধে বৃক্ষ কাটিতে পারিবেন না।

(খ) তিনি এই আইনের বিধানমতে ভূমির উৎকর্ষসাধন করিতে পারিবেন।

(গ) তিনি উপযুক্ত গুদামাচারে খাজানা দিবেন।

(ঘ) (১) যাহাতে ভূমি প্রজাস্বত্বসংক্রান্ত কার্য্যের অনুপযোগী হয় এরূপে তিনি ভূমি ব্যবহার করিয়াছেন, অথবা

(২) তিনি এই আইনের বিধানমতে এরূপ এক নিয়ম ভঙ্গ করিয়াছেন যাহা ভঙ্গ হইলে, তাহার ভূম্যধিকারির সহিত তাঁহার যে চুক্তি থাকে সেই চুক্তির শর্ত্তানুসারে তাঁহাকে উচ্ছেদ করা যাইতে পারে;

এই হেতু ধরিয়া এই আইন অনুসারে উচ্ছেদ করিবার যে ডিক্রী হয়, সেই ডিক্রীজারী করা না হইলে উক্ত ভূমি হইতে তাঁহার ভূম্যধিকারী তাঁহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

(ঙ) তিনি এই আইন অনুসারে আপন ভোগ ইস্তফা করিতে পারিবেন।

(চ) এই আইনক্রমে ভূম্যধিকারির যে সকল স্বত্ব রক্ষিত হইল, তাহা মানিয়া দখলীস্বত্ববিশিষ্ট রায়তের ভূমিগত স্বার্থ, অন্য স্থাবর সম্পত্তি যে প্রকারে ও যে পরিমাণে হস্তান্তর করা বা উইলক্রমে দান করা যাইতে পারে, সেই প্রকারে ও সেই পরিমাণে হস্তান্তর করা ও উইলক্রমে দান করা যাইতে পারিবে।

(ছ) তিনি এই আইনের বিধান মানিয়া উক্ত ভূমি বা তাহার কোন অংশ কোফা বিলি করিতে পারিবেন।

(জ) তাঁহার ভূমিগত স্বার্থসম্বন্ধে তিনি উইল না করিয়া মরিলে অন্য কোন স্থাবর সম্পত্তির ন্যায় তাহার উত্তরাধিকার ঘটিবে; কিন্তু তিনি যে দায়রাস ব্যবহার অধীন সেই ব্যবহারমতে যে কোন স্থলে তাঁহার অন্য সম্পত্তি রাজার প্রতি বর্ত্তে, সেই স্থলে তাঁহার দখলীস্বত্ব বিলুপ্ত হইবে।

হস্তান্তর বিষয়ে নিয়মের কথা।

৩২ ধারা। (১) রায়তের দখলীস্বত্ব বিক্রয় করিবার স্বত্ব তদীয় ভূম্যধিকারি অগ্রে ক্রয় করিবার স্বত্বের নিয়মাধীন থাকিবে।

দখলীস্বত্ব ইচ্ছাপূর্ব্বক বিক্রয় করিলে ভূম্যধিকারির অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।

(২) অগ্রে ক্রয় করিবার যে স্বত্ব ভূম্যধিকারীর আছে, তদনুসারে কর্ম্ম করিতে তাঁহাকে সক্ষম করিবার নিমিত্ত, রায়ত ভূম্যধিকারী ভিন্ন অন্য কোন ব্যক্তির নিকট স্বীয় দখলীস্বত্ব বিক্রয় করিবার কল্পনা করিলে স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে যে আদালত বা কার্য্যকারককে নিযুক্ত করেন, সেই আদালতের বা কার্য্যকারকের আফিসে ভূম্যধিকারীর উপর জারী করণার্থ আপন অভিপ্রায়ের লিখিত নোটিস দাখিল করিবেন। যে ব্যক্তির নিকট যে শর্ত্তে তিনি উক্ত স্বত্ব বিক্রয় করিতে চাহেন এবং উক্ত স্বত্ব কি (যদি কোন) দায়যুক্ত আছে ঐ নোটিসে তাহা লিখিবেন, এবং যে তারিখে নোটিস দাখিল করেন সেই তারিখ অবধি ছয় সপ্তাহ গত না হওয়া পর্য্যন্ত বিক্রয় করা বন্ধ রাখিবেন।

(৩) যে আদালতের বা কার্য্যকারকের আফিসে নোটিস দাখিল করা যায়, সেই আদালত বা কার্য্যকারক, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের বিধিক্রমে যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে ঐ নোটিস অবিলম্বে ভূম্যধিকারির উপর জারী করাইবেন।

(৪) নোটিস দাখিল করিবার তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে ভূম্যধিকারী রায়তের স্থানে দখলী স্বত্ব ক্রয় করিবার দাওয়া করিতে পারিবেন। ভূম্যধিকারী ও রায়ত একমত হইয়া যে মূল্য স্থির করেন সেই মূল্যে ঐ স্বত্ব ক্রয় করা যাইবে, অথবা তাঁহারা মূল্য বিষয়ে একমত হইতে না পারিলে উক্ত ছয় সপ্তাহের মধ্যে ভূম্যধিকারী এতদর্থে দেওয়ানী আদালতে যে প্রার্থনা করেন সেই প্রার্থনামতে উক্ত আদালত যে মূল্য ধার্য্য করেন সেই মূল্যে বিক্রয় করা যাইবে। ভূম্যধিকারী উক্তরূপ দাওয়া করিলে এবং মূল্য স্থির হইবার বা আদালত কর্ত্তৃক ধার্য্য হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে, রায়তকে ঐ মূল্য দিতে চাহিলে, রায়ত ঐ ভূমি বিক্রয় করিতে বিরত হইবেন, নয় ঐ মূল্যে উক্ত ভূম্যধিকারির নিকট ঐ স্বত্ব বিক্রয় করিবেন।

(৫) কোন রায়ত এই ধারার আদেশমত নোটিস দাখিল না করিয়া কিম্বা নোটিস দাখিল করিবার তারিখ অবধি ছয় সপ্তাহ কালের মধ্যে ভূম্যধিকারী ছাড়া অন্য কোন ব্যক্তির নিকট স্বীয় দখলীস্বত্ব বিক্রয় করিলে, ভূম্যধিকারীর বিরুদ্ধে ঐ বিক্রয় ব্যর্থ হইবে।

(৬) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট যতজন আসেসর উপযুক্ত বোধ করেন, এই ধারামত দখলী স্বত্বের মূল্য ধার্য্য করিবার নিমিত্ত তত জন আসেসর সঙ্গে লইতে দেওয়ানী আদালতের প্রতি ঐ বিধিতে আদেশ করিতে পারিবেন এবং ঐ আসেসরদের যোগ্যতা ও নির্ব্বাচনপ্রণালী নিরূপণ করিতে পারিবেন।

৩৩ ধারা। যদি ডিক্রীজারীক্রমে দখলী স্বত্ব নীলাম হয় এবং দুই বা তদধিক ব্যক্তি কোন ডাকে একই টাকা ডাকেন ও তন্মধ্যে এক জন ভূম্যধিকারী হন, তবে ঐ ডাক ভূম্যধিকারীর ডাক বলিয়া গণ্য হইবে।

ডিক্রীজারীক্রমে নীলাম হইলে ভূম্যধিকারীর অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।

৩৪ ধারা। (১) যদি রায়ত দখলীস্বত্ব বন্ধক দিয়া থাকে এবং সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ক ১৮৮২ সালের আইনের ৮৭ ধারামতে তৎসম্বন্ধে উদ্ধার করিবার স্বত্ব রহিত করণার্থ চূড়ান্ত আজ্ঞা পাইবার প্রার্থনা হয়, তবে আদালত উক্ত আজ্ঞা করিবার প্রস্তাব করিলে উক্ত প্রার্থনার নোটিস ভূম্যধিকারীর উপর জারী করাইবেন এবং নোটিস জারী করণাবধি এক মাস কাল উক্ত আজ্ঞা করা বন্ধ রাখিবেন।

উদ্ধার করিবার স্বত্ব রহিত করা গেলে ভূম্যধিকারীর বন্ধকগ্রহীতার স্থান লইবার স্বত্বের কথা।

(২) বন্ধক উদ্ধার করিতে যে টাকা আবশ্যক হয় ভূম্যধিকারী উক্ত একমাস কালের মধ্যে আদালতে সেই টাকা দিলে, আদালত সেই টাকা মোকদ্দমার বাদিকে দিবেন, ভূম্যধিকারিকে বাদির স্থানে দণ্ডায়মান হইবার অধিকারী বলিয়া প্রকাশ করিবেন এবং ভূম্যধিকারির অনুকূলে উদ্ধার করিবার স্বত্ব রহিত করণার্থ চূড়ান্ত আজ্ঞা করিবেন।

(৩) (২) প্রকরণমতে যে চূড়ান্ত আজ্ঞা করা যায়, তাহাতে ভূম্যধিকারী বন্ধকগ্রহীতা ও মোকদ্দমার বাদী থাকিলে, যেরূপ ফল হইত সেইরূপ ফল হইবে।

৩৫ ধারা। (১) রেজিষ্টরী করা নিদর্শনপত্রক্রমে দান করা না গেলে, ভূমিগত দখলীস্বত্বদান ভূম্যধিকারীর বিরুদ্ধে সিদ্ধ হইবে না।

দখলী স্বত্বদানবিষয়ে নিয়মের কথা।

(২) রেজিষ্টরী করণের নোটিস ভূম্যধিকারীর উপর জারী করিবার নিমিত্ত নির্দ্দিষ্ট ফী দেওয়া না গেলে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ ঐরূপ কোন নিদর্শনপত্র রেজিষ্টরী করিবেন না।

(৩) ঐরূপ কোন দান রেজিষ্টরী করা গেলে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ রেজিষ্টরী করণের নোটিস ভূম্যধিকারীর উপর অবিলম্বে জারী করিবেন।

(৪) মুসলমানকর্ত্তৃক দান করা গেলে, এই ধারার কোন কথা নিষিদ্ধ সম্পর্কের মধ্যে কোন ব্যক্তিকে দান করিবার সম্বন্ধে খাটিবে না।

৩৬ ধারা। পূর্ব্ব চারি ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারী শব্দে কেবল

(ক) যে ভূস্বামীর অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই ভূস্বামীকে, কিম্বা

পূর্ব্ব কএক ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারী শব্দের অর্থের কথা।

(খ) যে চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই চিরস্থায়ী তালুকদারকে বুঝাইবে, অথবা

(গ) অন্য যে কোন তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই তালুকদারকে বুঝাইবে; কিন্তু এরূপস্থলে আবশ্যক যে, উক্ত তালুকদার ভূস্বামীর বা কোন চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে ভূমি ভোগ করেন, এবং উক্ত ভূস্বামীর কিম্বা স্থল বিশেষে চিরস্থায়ী তালুকদারের স্থানে ঐ ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারীর স্বত্বক্রমে কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রাপ্ত হন।

কোর্ফা বিলি সম্বন্ধে নিয়মের কথা।

৩৭ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপনার যোতের যে অংশ কোর্ফা বিলি করে, তাহা তদীয় যোতের অর্দ্ধেকের অধিক হইলে, তালুকদারদের রেজিষ্টরী করিবার নিমিত্ত যে কোন আইন বিধিবদ্ধ হয়, সেই আইনমতে ঐ রায়ত তালুকদার বলিয়া সরকারী রেজিষ্টরে আপনাকে রেজিষ্টরী করাইলে, এই আইনের মর্ম্মানুযায়ী তালুকদার হইয়াছে বলিয়া গণ্য হইবে।

দখলীস্বত্ববিশিষ্ট যে রায়তেরা কোর্ফা বিলি করে, তাহাদের তালুকদারে পরিবর্ত্তিত হইবার কথা।

কিন্তু (ক) বয়স হেতুক স্ত্রীলোক বলিয়া, পীড়াবশতঃ, দুর্ঘটনাক্রমে, কিম্বা সৈনিক বা গার্হস্থ্য চাকরীতে বা তীর্থযাত্রায় যাওয়াতে কিয়ৎকালের নিমিত্ত গৃহে উপস্থিত না থাকায়, যে কোন ব্যক্তি চাষ করিতে অক্ষম হইয়া আপনার অক্ষমতাকালের অনধিক কালের নিমিত্ত আপ-

নার যোত বা তাহার কোন অংশ কোর্ফা বিলি করে তাহার সম্বন্ধে এই ধারার কোন কথা খাটিবে না।

(খ) যদি কোন ব্যক্তি এই ধারার বলে তালুকদারে পরিবর্ত্তিত হয়, তবে ঐ ব্যক্তি দখলীস্বত্ববিশিষ্ট রায়ত থাকিলে, যে২ শর্ত্তে ও যে২ নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিত। সেই২ শর্ত্তে ও সেই২ নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবে।

ব্যাখ্যা।—এই ধারার বলে যে কোন ব্যক্তি তালুকদারে পরিবর্ত্তিত হয়, তাহার যোতের কোর্ফা বিলি করা অংশ ঐ যোতের অর্দ্ধেকের অধিক আর না থাকিলে, সেই ব্যক্তি আবার রায়তে পরিবর্ত্তিত হয় না।

দরপাট্টার কালের নিয়মের কথা।

৩৮ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপনার যোত বা তাহার কোন অংশ কোর্ফা বিলি করিলে, ঐরূপ বিলি করিবার দরপাট্টা সাত বৎসরের অধিক কালের নিমিত্ত প্রবল থাকিবে না।

কিন্তু (ক) কোন রায়ত বয়সহেতুক, স্ত্রীলোক বলিয়া, পীড়াবশতঃ, দুর্ঘটনাক্রমে, কিম্বা সৈনিক বা গার্হস্থ্য চাকরীতে কিম্বা তীর্থযাত্রার যাওয়াতে কিয়ৎকালের নিমিত্ত গৃহে উপস্থিত না থাকায়, চাষ করিতে অক্ষম হইলে, আপনার অক্ষমতা কালের অনধিক কালের নিমিত্ত আপন যোত বা তাহার কোন অংশ কোর্ফা বিলি করিতে এই ধারার কোন কথা ক্রমে তাহার কোন বাধা হইবে না, কিম্বা বাধা হইল বলিয়া জ্ঞান করা যাইবে না।

(খ) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে দরপাট্টা দেওয়া গেলে, এই ধারার কার্য্যপক্ষে এই আইন প্রচলিত হইবার সময়াবধি সাতবৎসর কাল গণনা করা যাইবে।

খাজানা বৃদ্ধির কথা।

উপযুক্ত ও ন্যায্য খাজানা বিষয়ক অনুমানের কথা।

৩৯ ধারা। যাবৎ বিপরীত প্রমাণ না হয়, দখলীস্বত্ব বিশিষ্ট কোন রায়তের যৎকালে যে খাজানা দিতে হয়, তাহা উপযুক্ত ও ন্যায্য বলিয়া অনুমান হইবে।

মুদ্রারূপ খাজানা বৃদ্ধি বিষয়ে নিয়মের কথা।

৪০ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত মুদ্রারূপ নগদী খাজানা দিলে, তাহার খাজানা এই আইনের বিধানমতে না হইলে, প্রথান্তরে বৃদ্ধি করা যাইবে না।

রেজিষ্টরী করা চুক্তিক্রমে খাজানা বৃদ্ধি করিবার কথা।

৪১ ধারা। (১) কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়তের যে মুদ্রারূপ খাজানা দিতে হয়, তাহা রেজিস্টরী করা চুক্তিক্রমে নিম্নলিখিত নিয়মাধীনে বৃদ্ধি করা যাইতে পারিবে।—

(ক) খাজানা এরূপে বৃদ্ধি করিতে হইবে না যে, তাহা রায়তের পূর্ব্বদত্ত খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অধিক হয়।

(খ) চুক্তিপত্রে অনূন সাত বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(গ) বর্দ্ধিত খাজানা পূর্ব্ব বা সাবেক খাজানা অপেক্ষা টাকায় দুই আনার অধিক হইলে, চুক্তিপত্রে অনূন পনের বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(২) চুক্তি এই আইনের বিধানসম্মত ও রায়ত তাহা করিতে সক্ষম ও সম্মত ও তাহার মর্ম্ম বুঝে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ এই ধারামত চুক্তিপত্র রেজিষ্টরী করিবার পূর্ব্বে এই২ কথা জানিয়া লইবেন।

পুনর্ব্বার বিলি করিবার বেলা খাজানা বৃদ্ধির কথা।

৪২ ধারা। (১) যে জমী মুদ্রারূপ খাজানা দিয়া কোন প্রজা পূর্ব্বে ভোগ করিতেন, তাহা যে গ্রামের বা মহালের অন্তর্গত তথাকার কোন বাসেন্দা রায়তকে বিলি করা গেলে, খাজানা বৃদ্ধি করিয়া দিবার রেজিষ্টরী করা চুক্তিপত্রক্রমে না হইলে, পূর্ব্ব প্রজা যে খাজানা দিতেন, উক্ত রায়ত ঐ জমীর জন্য তদপেক্ষা উচ্চতর খাজানা দিতে বাধ্য হইবেন না।

(২) এইরূপ প্রত্যেক চুক্তির প্রতি পূর্ব্বধারার বিধান বর্ত্তিবে।

মোকদ্দমা দ্বারা খাজানা বৃদ্ধি করিবার কথা।

৪৩ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত মুদ্রা যোগে খাজানা দিয়া যে যোত ভোগ করে, সেই যোতের ভূম্যধিকারী এই আইনের বিধানের নিয়মাধীনে নিম্নলিখিত এক বা অধিক হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, যথা,—

(ক) দখলীস্বত্ব বিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত যে প্রচলিত হারে খাজানা দিয়া থাকে, উক্ত রায়ত তদপেক্ষা কম হারে খাজানা দেয়।

(খ) সেইস্থানে বা চলিত বাজারে প্রধানং খাদ্য শস্যের গড় মূল্য বৃদ্ধি হইয়াছে।

(গ) ভূম্যধিকারির দ্বারা বা তাঁহার খরচে যে উৎকর্ষসাধন হয়, তাহাতে রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(ঘ) রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি যনাদ্বারা বৃদ্ধি হইয়াছে।

প্রচলিত হার ধরিয়া খাজানা বৃদ্ধিসম্বন্ধীয় বিধি।

৪৪ ধারা। প্রচলিত হারের কমহারে খাজানা দেওয়া হয়, এইহেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,

(ক) ঐ খাজানা সাবেক খাজানা অপেক্ষা টাকায় আট আনার অধিক হইবে না।

(খ) যদি আদালতের বিবেচনায় স্থানীয় তদন্ত ব্যতিরেকে খাজানার প্রচলিত হার সন্তোষজনকরূপে জানা যাইতে না পারে, তবে তদন্ত বিধি করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট যে রাজস্ব কর্ম্মচারীকে ক্ষমতা দেন, তদ্দ্বারা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৫ অধ্যায়মতে স্থানীয় তদন্ত লওয়া হয় আদালত এইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

(গ) কোন রায়তের যে হারে খাজানা দিতে হইবে, এই ধারামতে তাহা নির্ণয় করিতে হইলে, যদি ইহা প্রমাণ না হয় যে, হার নির্ণয় করিবার সময়ে দেশাচারক্রমে জাতি বিচার করা হয়, তবে তাহার জাতি বিষয়ে বিবেচনা করিতে হইবে না; এবং যদি দেখা যায় যে, দেশাচারক্রমে কোন প্রকারের রায়তেরা অনুকূল হারে খাজানা দিয়া ভূমি ভোগ করে, তবে দেশাচার অনুসারে খাজানার হার নির্ণয় করা যাইবে।

(ঘ) খাজানার প্রচলিত হার নির্ণয় করিতে হইলে, ভূম্যধিকারীর উৎকর্ষসাধন হেতুক যত টাকা খাজানা বৃদ্ধি করিবার অনুমতি দেওয়া যায়, তাহা বিবেচনাধীনে লইতে হইবে না।

মূল্য বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধিসম্বন্ধীয় বিধি।

৪৫ ধারা। মূল্য বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,—

(ক) স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে নিয়মিত সময়ান্তরে যে মূল্যের তালিকা প্রকাশ করা যায়, আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন, এবং মোকদ্দমা উপস্থিত করিবার অব্যবহিত পূর্ব্ববর্ত্তী পাঁচ বৎসরের গড় মূল্য, অর্থাৎ যে পাঁচ বৎসর তুলনার নিমিত্ত লওয়া ন্যায্য ও কার্য্যকর বোধ হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত মিলাইয়া দেখিবেন।

(খ) আদালত এরূপে খাজানা বৃদ্ধি করিবেন না যে, বর্দ্ধিত খাজানা সাবেক খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অধিক হয়।

(গ) তুলনার নিমিত্ত পূর্ব্বের যে পাঁচ বৎসর লওয়া হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত শেষ পাঁচ বৎসরের গড় মূল্যের যে অনুপাত থাকে, পূর্ব্বোক্ত নিয়মাধীনে ও ৪৮ ধারার নিয়মাধীনে সাবেক খাজানার সহিত বর্দ্ধিত খাজানার সেই অনুপাত থাকিবে।

ভূম্যধিকারীর উৎকর্ষসাধন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি বিষয়ক বিধি।

৪৬ ধারা। ভূম্যধিকারীর উৎকর্ষসাধন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,—

(ক) এই আইন অনুসারে উৎকর্ষসাধন রেজিষ্টরী করা না গেলে, আদালত খাজানা বৃদ্ধি দিবেন না।

(খ) যে পরিমাণে খাজানা বৃদ্ধি করা যাইবে, তাহা নির্ণয় করিবার সময়ে আদালত নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,—

(১) উক্ত উৎকর্ষসাধনদ্বারা যতদূর ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হওয়াতে না হইবার সম্ভাবনা;

(২) উৎকর্ষসাধন করিতে কত খরচ পড়িয়াছে;

(৩) এ উৎকর্ষসাধন কার্য্য নাগাইত হইলে চাষ করিতে কত খরচ পড়ে, এবং

(৪) উক্ত ভূমির বর্ত্তমান খাজানা, কত ও উক্তরূপ খাজানা দিবার কিরূপ শক্তি আছে।

(গ) আদালত নিয়মাধীনে ডিক্রী করিতে পারিবেন, এবং নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উৎকর্ষসাধন হইতে আশানুরূপ ফল না ফলিলে, ডিক্রী পুনরালোচনা ও পুনর্ব্বিবেচনা সাপেক্ষ রাখিতে পারিবেন।

বনাজনিত উৎপাদিকা শক্তি বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।

৪৭ ধারা। বনাজনিত উৎপাদিকা শক্তি বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,

(ক) যে বৃদ্ধি কিয়ৎকালীন বা নৈমিত্তিক হয়, আদালত তাহা বিবেচনা করিবেন না।

(খ) বর্দ্ধিত খাজানা সাবেক খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অধিক হইবে না।

(গ) আদালত যাহা উপযুক্ত ও ন্যায্য বিবেচনা করেন, সেই পরিমাণে খাজানা বৃদ্ধি করিতে পারিবেন, কিন্তু তাহা এরূপে বৃদ্ধি করিবেন না, যাহাতে ভূমির উৎপন্নের নিট বৃদ্ধির মূল্যের অর্দ্ধেকের অধিক ভূম্যধিকারীকে দেওয়া হয়।

খাজানাবৃদ্ধি উপযুক্ত ও ন্যায্যরূপ হইবার কথা।

৪৮ ধারা। যাহা মোকদ্দমার অবস্থা বিবেচনায় অনুপযুক্ত বা অন্যায় বোধ হয় আদালত কোন মোকদ্দমায় এরূপ খাজানাবৃদ্ধির ডিক্রী দিবেন না।

ক্রমে খাজানা বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

৪৯ ধারা। যে আদালত খাজানাবৃদ্ধির ডিক্রী করেন, সেই আদালত যদি বিবেচনা করেন যে পূর্ণ পরিমাণে অবিলম্বে ডিক্রী প্রবল করিলে রায়তের কষ্ট হইবে, তবে আজ্ঞা করিতে পারিবেন যে ঐ বৃদ্ধি ক্রমে করা যাইবে, অর্থাৎ, যত দূর খাজানা বৃদ্ধি করিবার ডিক্রী হয়, বৎসরে বৎসরে খাজানা বৃদ্ধি করিয়া পাঁচ বৎসরের অনধিক কোন বৎসরে ততদূর বৃদ্ধি করা যাইবে।

ক্রমাগত খাজানাবৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করিবার সময় সম্বন্ধে বিধি।

৫০ ধারা। (১) প্রচলিত হার অপেক্ষা কম হারে খাজানা দেওয়া হইতেছে, এই হেতু ধরিয়া, কিম্বা মূল্য বৃদ্ধিহেতু ধরিয়া কোন শ্রেণীর খাজানা বৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করা গেলে, যদি মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্ববর্ত্তী পনর বৎসরের মধ্যে ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখের পর চুক্তিক্রমে ঐ শ্রেণীর খাজানা বৃদ্ধি করা গিয়া থাকে, কিম্বা যদি উক্ত পনর বৎসরের মধ্যে ৫৩ ধারামতে খাজানার রূপপরিবর্ত্তন করা গিয়া থাকে, অথবা এই আইনমতে কিম্বা এই আইন দ্বারা রহিত করা কোন আইনমতে পূর্ব্বোক্ত কোন হেতু বা তদ্ভিন্ন কোন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি করিবার কিম্বা দোষ গুণ বিবেচনা করিয়া মোকদ্দমা ডিসমিস করিবার ডিক্রী হইয়া থাকে, তবে ঐ মোকদ্দমা গ্রাহ্য হইবে না।

(২) এই ধারার কোন কথা ক্রমে দেওয়ানী মোকদ্দমার কার্য্যকারী নূতন সময়ের আইনের ৩৭১ ধারার বিধানের কোন বিঘ্ন হইবে না।

খাজানা কমাইবার কথা।

৫১ ধারা। (১) মুদ্রারূপ খাজানা বিনা ভোগকারী কোন দখলদার নিম্নলিখিত হেতু ধরিয়া আপনার খাজানা কমাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং সেই মোকদ্দমা কম হওয়া গেলে, পরে যে বিধান করা গিয়াছে, সেই বিধানের স্থল ছাড়া প্রকারান্তর পারিবেন না, অর্থাৎ

(ক) যোতের জমী রায়তের দোষ ব্যতিরেকে বালি জমা হইয়া বা ঐ রূপ অন্য কোন দুর্ঘটনা ঘটিয়া স্থায়িরূপে অপকৃষ্ট হইয়া গিয়াছে, কিম্বা

(খ) ঐ স্থানে বা চলিত বাজারে প্রধান২ খাদ্য শস্যের গড় মূল্য কমিয়া গিয়াছে।

(২) এই ধারামতে কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, আদালত যত দূর উপযুক্ত বা ন্যায্য বোধ করেন, তত দূর খাজানা কমাইবার আজ্ঞা করিতে পারিবেন।

মূল্যের তালিকার কথা।

৫২ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে যে স্থান নির্দ্দেশ করেন, সেই২ স্থানে যে২ প্রধান খাদ্য শস্য জন্মে, প্রত্যেক জিলার কালেক্টর সাহেব স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে বৎসরের যে বা যে২ সময় ধার্য্য করেন, সেই বা সেই২ সময়ে সেই২ শস্যের ফসলের সময়ের বাজার দরের তালিকা প্রস্তুত করিবেন, এবং অনুমোদন বা সংশোধন নিমিত্ত তাহা রেবিনিউ বোর্ডে পাঠাইবেন।

প্রধান২ শস্যের মূল্যের তালিকার কথা।

(২) কালেক্টর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের আদেশ পাইলে, ঐ গবর্ণমেণ্ট অভীষ্ট যে কাল উপযুক্ত বোধ করেন, সেই কাল যুদ্ধে কোন স্থানের ঐরূপ মূল্যের তালিকা প্রস্তুত করিতে পারিবেন, এবং ঐরূপে যে তালিকা প্রস্তুত করেন, তাহা অনুমোদন বা সংশোধন নিমিত্ত রেবিনিউ বোর্ডে পাঠাইবেন।

(৩) উক্ত মূল্যের তালিকা রেবিনিউ বোর্ড কর্ত্তৃক অনুমোদিত বা সংশোধিত হইলে রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

(৪) ঐরূপ কোন মূল্যের তালিকা উক্তরূপে প্রকাশ করা গেলে, উহা যে সময় সম্বন্ধীয় হয়, সেই সময়ে উক্ত স্থানে প্রচলিত শস্যের সম্বন্ধে এই অধ্যায়মত কোন আনুষ্ঠানিক কার্য্যে নিষ্পান্ত প্রমাণ হইবে।

(৫) কালেক্টর সাহেব এই ধারামতে কোন মূল্যের তালিকা রেবিনিউ বোর্ডে পাঠাইবার ১৫ দিন পূর্ব্বে উহা যে স্থান সম্বন্ধীয় হয়, সেই স্থানের মধ্যে সচরাচর নোটিস যেরূপে প্রকাশ করা যায়, সেইরূপে ঐ তালিকা প্রকাশ করিবেন, এবং ঐ স্থানের অন্তর্গত কোন ভূমির ভূম্যধিকারী বা প্রজা উক্ত ১৫ দিনের মধ্যে ঐ তালিকার বিরুদ্ধে কালেক্টর সাহেবের নিকট লিখিয়া কোন আপত্তি দিলে তিনি তাহা ঐ তালিকার সহিত রেবিনিউ বোর্ডে পাঠাইবেন।

খাজানা রূপান্তরিত করিবার কথা।

৫৩ ধারা। (১) কোন দখলীয়স্বত্ববিশিষ্ট রায়ত কোন যোতের নিমিত্ত শস্যরূপে কিম্বা শস্যের কিয়দংশের আনুমানিক মূল্য ধরিয়া কিম্বা শস্যভেদে ভিন্ন২ হারে অর্থাৎ কিয়ৎপরিমাণে এইরূপ এক প্রণালীতে ও কিয়ৎপরিমাণে অন্য প্রণালীতে খাজানা দিলে, রায়ত বা তদ্দ্বারা ভূম্যধিকারী ঐ খাজানা মুদ্রারূপ খাজানায় পরিবর্ত্তিত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

শস্যরূপে দেয় খাজানা রূপান্তরিত করিবার কথা।

(২) এই প্রার্থনা কালেক্টর সাহেবের বা মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট, কিম্বা ১০ অধ্যায়মতে যে কোন কর্ম্মচারী খাজানার বন্দোবস্ত করেন, তাঁহার নিকট, কিম্বা এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে বিশেষক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্ম্মচারীর নিকট, করা যাইতে পারিবে।

(৩) ঐ প্রার্থনাপত্র পাইলে যত টাকা মুদ্রারূপ খাজানা দিতে হইবে, উক্ত কর্ম্মচারী তাহা নির্ণয় করিবেন, এবং এই শাস্তি করিতে পারিবেন যে, রায়ত শস্যরূপে বা পূর্ব্বোক্তরূপ অন্য প্রকারে আপনার খাজানা না দিয়া ঐরূপ নির্ণীত টাকা দিবেন।

(৪) উহার নির্ণয় করিবার সময়ে উক্ত কর্ম্মচারী এই২ বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,

(ক) দখলীয়স্বত্ববিশিষ্ট রায়তের নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবাবিশিষ্ট ভূমির নিমিত্ত গড়ে যে মুদ্রারূপ খাজানা দিয়া থাকে তাহার প্রতি ও

(খ) পূর্ব্ব দশ বৎসর ভূম্যধিকারী প্রকৃত প্রস্তাবে যে খাজানা পাইয়া থাকেন, তাহার গড় মূল্যের প্রতি।

(৫) ঐ টাকা লিখিয়া করিতে হইবে, এবং উহা যে২ ঋতু ধরিয়া করা যায়, ও যে সময়াবধি উহা ফলবৎ হইবে, উহাতে তাহা লেখা থাকিবে; এবং রাজস্ব কর্ম্মচারীরা অন্য যে২ আজ্ঞা করেন, তাহার উপর যে প্রকারে আপীল হইতে পারে, ঐ আজ্ঞার উপরও সেইরূপে আপীল হইতে পারে।

(৬) কেহ প্রার্থনাপত্রের বিরোধী হইলে, উক্ত কর্ম্মচারী হেতু লিপিবদ্ধ করিয়া প্রার্থনা মঞ্জুর করিতে অস্বীকার করিতে পারিবেন।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৫৪ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্ত্তৃত্বাধীনে নিম্নলিখিত বিষয়ের বিধি প্রণয়ন করিতে পারিবেন, অর্থাৎ,

বিধি করিবার ক্ষমতার কথা।

(ক) যে কর্ম্মচারীরা ৫২ ধারামতে মূল্যের তালিকা প্রস্তুত করিতে নিযুক্ত থাকেন, তাঁহাদের কার্য্য পদ্ধতি প্রদর্শন করিবার বিধি;

(খ) কোন স্থানে এই অধ্যায়ের তাৎপর্য্যার্থে কোন্২ খাদ্য শস্য প্রধান শস্য বলিয়া গণ্য হইবে, তাহা স্থির করিবার বিধি; এবং

(গ) ৫১ ও ৫২ ধারামতে যে কার্য্য কালেক্টরী চুক্তি রেজিষ্টরী করেন, তাঁহাদের কার্য্যপদ্ধতি প্রদর্শন করিবার বিধি।

৬ষ্ঠ অধ্যায়।

দখলীয়স্বত্ব শূন্য রায়তের অস্থায়ী বন্দি।

৫৫ ধারা। যে রায়তের দখলীয়স্বত্ব না থাকে, ও দখলীয়স্বত্ব পুনঃ প্রাপ্ত করিয়া এই আইনে যাহা২ উল্লেখ আছে, এই অধ্যায় তাহাদের সম্বন্ধে খাটিবে।

এই অধ্যায় খাটিবার কথা।

৫৬ ধারা। কোন দখলীস্বত্বশূন্য রায়তকে ভূমির দখল দেওয়া গেলে, তাহাকে দখল দিবার সময়ে তাহার সহিত ভূম্যধিকারীর যে খাজানার নিয়ম হয়, তাহার সেই খাজানা দিতে হইবে।

দখলীস্বত্বশূন্য রায়তের প্রথমস্থলীয় খাজানার কথা।

৫৭ ধারা। রেজিষ্টরী করা নিয়মপত্র কিম্বা ৬০ ধারামত নিয়মপত্র এক্রমে না হইলে, কোন দখলীস্বত্বশূন্য রায়তের খাজানা বৃদ্ধি করা যাইবে না।

খাজানা বৃদ্ধির নিয়মের কথা।

৫৮ ধারা। কোন দখলীস্বত্বশূন্য রায়তকে নিম্নলিখিত এক বা অধিক হেতু ধরিয়া উচ্ছেদ করা যাইতে পারে, প্রকারান্তরে নহে।—

কোন কোন হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদ করা যাইতে পারে তাহার কথা।

(ক) সে বাকী খাজানা দেয় নাই, এই হেতু ধরিয়া।

(খ) উক্ত রায়ত ভূমি এইরূপে ব্যবহার করিয়াছে, যাহাতে উহা প্রজাস্বত্বসম্বন্ধীয় কার্য্যের অনুপযোগী হয়, অথবা সে এই আইনসঙ্গত এরূপ কোন নিয়ম ভঙ্গ করিয়াছে, যাহা ভঙ্গ করিলে তাহার ও তদীয় ভূম্যধিকারির মধ্যে যে চুক্তি থাকে তাহার শর্ত্ত অনুসারে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, এই হেতু ধরিয়া।

(গ) রেজিস্টরী করা পাট্টাক্রমে তাহাকে ভূমির দখল দেওয়া গেলে, পাট্টার মিয়াদ অতীত হইয়াছে, এই হেতু ধরিয়া।

(ঘ) ৬০ ধারামতে ন্যায্য ও উপযুক্ত বলিয়া যে খাজানা ধার্য্য হইয়াছে, উক্ত রায়ত সেই খাজানা দিবার নিয়ম করিতে অস্বীকার করিয়াছে, কিম্বা ঐ খাজানা দিয়া যে মিয়াদ পর্য্যন্ত সে ভূমি ভোগ করিতে স্বত্ববান, সেই মিয়াদ অতীত হইয়াছে, এই হেতু ধরিয়া।

৫৯ ধারা। মিয়াদ অতীত হইবার অন্যূন ছয় মাস থাকিতে, রায়তের উপর উঠিয়া যাইবার নোটিস জারী করা না গেলে, পাট্টার মিয়াদ অতীত হইয়াছে, এই হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তের বিরুদ্ধে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা যাইবে না, এবং মিয়াদ অতীত হইবার ছয় মাসের পর উপস্থিত করা যাইবে না।

পাট্টার মিয়াদ অতীত হইবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।

৬০ ধারা। (১) ভূম্যধিকারী বর্দ্ধিত খাজানা দিবার নিয়মপত্র রায়তের নিকট অর্পণ না করিলে, এবং রায়ত মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্ব তিন মাসের মধ্যে ঐ নিয়মপত্র সম্পাদন করিতে অস্বীকার না করিলে, খাজানা বৃদ্ধি দিতে অস্বীকার করিবার হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তের বিরুদ্ধে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

খাজানা বৃদ্ধি দিতে অস্বীকার করিবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।

(২) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন রায়তের নিকট কোন নিয়মপত্র অর্পণ করিতে চাহিলে, উক্ত রায়তের উপর জারী করিবার নিমিত্ত এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে আদালত বা কার্য্যকারককে নিযুক্ত করেন, সেই আদালতের বা কার্য্যকারকের আফিসে ঐ নিয়মপত্র দাখিল করিতে পারিবেন। উক্ত আদালত বা কার্য্যকারক অবিলম্বে নির্দ্দিষ্ট প্রকারে ঐ রায়তের উপর তাহা জারী করাইবেন; এবং তাহা ঐ রূপে জারী করা গেলে, এই ধারার কার্য্যপক্ষে তাহা অর্পণ করা গিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৩) যে রায়তের উপর (২) প্রকরণমতে কোন নিয়মপত্র জারী করা যায়, সেই রায়ত যদি তাহা সম্পাদন করে, এবং যে আফিস হইতে উহা দেওয়া হইয়াছিল, জারী করিবার তারিখ অবধি এক মাসের মধ্যে সেই আফিসে দাখিল করে, তবে পরবর্ত্তী কৃষিবৎসরের প্রারম্ভাবধি ঐ নিয়মপত্র ফলবৎ হইবে।

(৪) কোন রায়ত (৩) প্রকরণমতে কোন নিয়মপত্র সম্পাদন করিয়া দাখিল করিলে, যে আদালতের বা কার্য্যকারকের আফিসে উহা ঐ রূপে দাখিল করা যায়, সেই আদালত বা কার্য্যকারক উহা উক্ত রূপে সম্পাদিত হইয়া দাখিল হইবার নোটিস নির্দ্দিষ্ট প্রকারে ভূম্যধিকারীর উপর অবিলম্বে জারী করাইবেন।

(৫) রায়ত (৩) প্রকরণমতে নিয়মপত্র সম্পাদন করিয়া দাখিল না করিলে, সে এই ধারার কার্য্যপক্ষে উহা সম্পাদন করিতে অস্বীকার করিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৬) এই ধারামতে কোন রায়তের নিকট যে নিয়মপত্র অর্পণ করা যায়, সে যদি তাহা সম্পাদন করিতে অস্বীকার করে, এবং তজ্জন্য ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করেন, তবে ঐ জোতের যে খাজানা উপযুক্ত ও ন্যায্য হয়, আদালত তাহা নির্ণয় করিবেন।

(৭) ঐ রূপে যে খাজানা নির্ণীত হয়, রায়ত তাহা দিতে সম্মত হইলে, সম্মতির তারিখ অবধি পাঁচ বৎসর কাল ঐ খাজানা দিয়া আপন জোত দখল করিয়া থাকিতে স্বত্ববান্ থাকিবে, কিন্তু উক্তকাল গত হইলে, যদি সে দখলীস্বত্ব প্রাপ্ত না হওয়া থাকে, তবে পূর্ব্বধারার লিখিত নিয়মানুসারে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিবে।

(৮) ঐরূপে যে খাজানা নির্ণীত হয়, রায়ত তাহা দিতে সম্মত না হইলে, আদালত উচ্ছেদ করিবার ডিক্রী দিতে পারিবেন।

(৯) যে খাজানা উপযুক্ত ও ন্যায্য, ইহা নির্ণয় করিতে হইলে, আদালত নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত রায়তেরা গড়ে যে খাজানা দেয়, তৎপ্রতি দৃষ্টি রাখিবেন, কিন্তু সাবেক খাজানার উপর টাকায় আটআনার অধিক বৃদ্ধি দিবেন না।

(১০) এই ধারামতে উচ্ছেদের ডিক্রী করা গেলে, সে কৃষি বৎসরে ঐ ডিক্রী হয়, সেই বৎসরের শেষ অবধি উহা ফলবৎ হইবে।

৬১ ধারা। কোন রায়তের দখলে ভূমি থাকিলে, ঐ দখল চলিবার নিমিত্ত পাট্টা লিখিয়া দেওয়া গেলে, যদিও তাহাকে দখল দেওয়া গেল, পাট্টায় এই মর্ম্মের কথা লেখা থাকে, তথাপি এই

"দখল দেওয়া" শব্দের অর্থ।

অধ্যায়ের কার্য্যপক্ষে ঐ পাট্টাক্রমে তাহাকে দখল দেওয়া গেল বলিয়া জ্ঞান করা যাইবে না।

৭ম অধ্যায়।

কোর্ফা রায়তদের সম্বন্ধীয় বিধি।

৬২ ধারা। মুদ্রারূপ খাজানা দিয়া যে কোন কোর্ফা রায়ত ভূমি ভোগ করে, তাহার ভূম্যধিকারী নিজে যে খাজানা দেন, তাহার উপর নিম্নলিখিত শতকরার অধিক খাজানা আদায় করিতে পারিবেন না, অর্থাৎ,

কোর্ফা রায়তের স্থানে যে খাজানা আদায় করিতে পারা যাইবে, তাহার সীমার কথা।

(ক) রেজিষ্টরী করা পাট্টা বা নিয়মপত্রক্রমে কোর্ফা রায়তের দেয় খাজানা দেওয়া গেলে, শতকরা পঞ্চাশ টাকার, ও

(খ) অন্য কোন স্থলে, শতকরা পঁচিশ টাকার।

৬৩ ধারা। কোন কৃষি বৎসরের শেষে না হইলে এবং উক্ত বৎসর গত হইবার অন্যূন ছয়মাস থাকিতে নির্দ্দিষ্ট প্রকারে কোন কোর্ফা রায়তের উপর উঠিয়া যাইবার নিমিত্ত নোটিস জারী করা না গেলে পর, তদীয় ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

কোর্ফা রায়তদিগকে উচ্ছেদ করিবার নিয়মের কথা।

৮ম অধ্যায়।

খাজানা বিষয়ক সাধারণ বিধান।

খাজানার পরিমাণ সম্বন্ধে বিধি ও অনুমান।

৬৪ ধারা। (১) কোন তালুকদার বা রায়ত ও তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারীরা চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যাহার পরিবর্ত্তন হয় নাই এরূপ খাজানায় বা খাজানার হারে ভূমি ভোগ করিয়া থাকিলে, যোতের পরিমাণ পরিবর্ত্তন হইয়াছে এই হেতু বিনা ঐ খাজানা বা খাজানার হার বৃদ্ধি হইতে পারিবে না।

খাজানা অবধারিত থাকিবার সম্বন্ধে বিধি ও অনুমানের কথা।

(২) কোন তালুকদার বা রায়ত ও তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারীরা যাহা বিশবৎসর পরিবর্ত্তিত হয় নাই এরূপ খাজানায় বা খাজানার হারে ভূমি ভোগ করিয়া আসিতেছেন, এই আইনমত কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে উহার প্রমাণ হইলে, যাবৎ বিপরীত দর্শান না যায়, এইরূপ অনুমান হইবে যে চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি ঐ খাজানায় বা খাজানার হারে তাঁহারা উক্ত ভূমি ভোগ করিয়া আসিতেছেন।

কিন্তু যদি কোন আইনে বা তৎক্রমে এইরূপ আদেশ থাকে যে, স্থানবিশেষে অবধারিত খাজানায় বা অবধারিত খাজানার হারে প্রজাস্বত্ব বা কোন শ্রেণীর প্রজাস্বত্ব থাকিলে, তাহা উক্ত আইনের দ্বারা বা তৎক্রমে নির্দ্দিষ্ট তারিখে বা তৎপূর্ব্বে রেজিষ্টরী করিতে হইবে, তবে ঐ স্থানে যে কোন প্রজাস্বত্ব বা স্থল বিশেষে উক্ত শ্রেণীর যে কোন প্রজাস্বত্ব রেজিষ্টরী করা হয় নাই, তৎসম্বন্ধে ঐ তারিখের পর পূর্ব্বোক্ত অনুমান খাটিবে না।

(৩) কোন রায়ত ভূমির উৎপন্নের অবধারিত অংশ বা অবধারিত অংশের মূল্য খাজানারূপ দিয়া থাকিলে, যে টাকা দেওয়া যায় তাহা বৎসর বৎসর বিভিন্ন হইয়াছে বলিয়া কিম্বা রায়ত ও ভূম্যধিকারী উভয়ের সম্মতিক্রমে উক্ত খাজানার পরিবর্ত্তে অবধারিত টাকা খাজানাস্বরূপ ধার্য্য করা গিয়াছে বলিয়া কেবল এই কারণে ঐ খাজানা বা খাজানার হার পরিবর্ত্তিত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে না।

(৪) কোন ভূমি অন্য যে ভূমির সহিত একযোগে কোন যোতের অংশ ছিল, সেই ভূমি হইতে পৃথক করা গেলে, অথবা অন্য ভূমির সহিত মিশাইয়া এক যোত করা গেলে, রায়তের ভোগকৃত ভূমিসম্বন্ধে এই ধারার কার্য্য হইবার কোন বিঘ্ন হইবে না।

(৫) কএক বৎসর মিয়াদে ভূমি ভোগ হইলে কিম্বা ভূম্যধিকারীর ইচ্ছামতে প্রজাস্বত্ব শেষ হইতে পারিলে, এই ধারার কোন কথা তৎপ্রতি বর্ত্তিবে না।

৬৫ ধারা। কোনপ্রকার খাজানার পরিমাণসম্বন্ধে কিম্বা কোন কৃষি বৎসরে সে যেং নিয়মে ভূমিভোগ করে, তৎসম্বন্ধে কোন প্রশ্ন উত্থিত হইলে, অব্যবহিত পূর্ব্ববর্ত্তী কৃষি বৎসরে যে খাজানা দিয়া যেং নিয়মে সে ভূমি ভোগ করিয়াছে, বিপরীত দর্শান না গেলে, সেই খাজানা দিয়া সেইং নিয়মে সে ভূমি ভোগ করিবে, এইরূপ অনুমান হইবে।

খাজানার পরিমাণ ও ভোগের নিয়ম সম্বন্ধে অনুমানের কথা।

পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।

৬৬ ধারা। (১) প্রত্যেক প্রজা

(ক) পূর্ব্বে যৎপরিমাণ ভূমির জন্য খাজানা দিয়াছেন, মাপ করিয়া তদধিক যত ভূমি থাকা প্রমাণ হয়, তত ভূমিরজন্য তাঁহার অতিরিক্ত খাজানা দিতে হইবে, এবং

পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।

(খ) শিকস্তীক্রমে বা প্রকারান্তরে যোতের পরিমাণ কম হইলে, উক্ত প্রজা খাজানা কমাইতে স্বত্ববান হইবেন; কিন্তু যদি প্রমাণ হয়, যে নষ্ট ভূমি পৈরস্তীক্রমে বা প্রকারান্তরে তাঁহার যোতে যোজিত হইয়াছিল, এবং ঐরূপ যোগ হওয়াতে খাজানা বৃদ্ধি করা যায় নাই, তবে এই বিধি খাটিবে না।

(২) খাজানায় যে টাকা যোগ করিতে হইবে, তাহা নির্ণয় করিতে হইলে, আদালত নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত সেই শ্রেণীর প্রজাদের যে হারে খাজানা দিতে হয়, তাহার প্রতি এবং তালুকদারের বেলা তিনি আপনার তালুকের খাজানা সম্বন্ধে যত লভ্য পাইতে স্বত্ববান্ তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

(৩) যোতের মোট বার্ষিক মূল্যের যত হ্রাস ঘটে, তাহা পূর্ব্বকার মোট বার্ষিক মূল্যের যে অংশ হয়, খাজানার যত টাকা কমাইতে হইবে, তাহা পূর্ব্বদেয় খাজানার সেই অংশ হইবে, কিম্বা নষ্ট ভূমির বার্ষিক মূল্যের সন্তোষজনক প্রমাণ পাওয়া না গেলে, যে পরিমাণ হ্রাস হয়, তাহা যোতের পূর্ব্ব পরিমাণের যে অংশ খাজানার যত টাকা কম করিতে হইবে, তাহা পূর্ব্বদেয় খাজানার সেই অংশ হইবে।

খাজানা দিবার কথা।

খাজানার কিস্তির কথা।

৬৭ ধারা। (১) তালুকদার ও তদীয় ভূম্যধিকারির মধ্যে যেরূপ নিয়ম থাকে, তদ্রূপ কিস্তিক্রমে তদ্রূপ তারিখে তালুকদারের দেয় মুদ্রারূপ খাজানা দেওয়া যাইবে; নিয়ম না থাকিলে, দেশাচারমত কিস্তিক্রমে ও তারিখে দেওয়া যাইবে; এবং নিয়ম কিম্বা দেশাচার না থাকিলে, স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে কোন স্থানের নিমিত্ত যে২ কিস্তি ও তারিখ নির্দ্দিষ্ট করেন, সেই২ কিস্তিক্রমে সেই২ তারিখে দেওয়া যাইবে।

(২) কোন রায়তের বা কোর্ফা রায়তের যে মুদ্রারূপ খাজানা দিতে হয়, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে২ কিস্তি ও তারিখ নির্দ্দেশ করেন, বার্ষিক খাজানার তদ্রূপ অংশতুল্য কিস্তিক্রমে ও বৎসরে চারির অনধিক সেই২ তারিখে সেই খাজানা নিয়মক্রমে কিম্বা নিয়ম না থাকিলে দেশাচারক্রমে যে বিধি নির্দ্দিষ্ট হয়, সেই বিধির নিয়মাধীনে দেওয়া যাইবে।

(৩) এই ধারামতে বিধি প্রণয়ন করিতে হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট প্রচলিত দেশাচার, ফসলের সময় এবং ভূমির রাজস্ব দিতে হইবার সময় বিবেচনা করিয়া দেখিবেন।

(৪) এই ধারামতে যে কোন বিধি প্রণয়ন করিতে হইবে, তাহা যে কৃষি বৎসরে ফলবৎ হইবে সেই কৃষি বৎসর আরম্ভ হইবার পূর্ব্বে অন্যূন তিন মাস থাকিতে নির্দ্দিষ্ট প্রকারে প্রকাশ করা যাইবে।

খাজানা দিবার সময় ও স্থানের কথা।

৬৮ ধারা। (১) প্রত্যেক কিস্তি যে তারিখে দেয় হয়, সেই তারিখের সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে প্রজা ঐ কিস্তির টাকা দিবেন।

(২) এই আইনমতে যে২ স্থলে প্রজা আপন খাজানা আমানত করিতে পারে, সেই২ স্থল ছাড়া ভূম্যধিকারীর গ্রাম্য কাছারীতে কিম্বা তদর্থে ভূম্যধিকারী অন্য যে সুবিধামত স্থান নিরূপণ করেন, সেই স্থানে খাজানা দেওয়া যাইবে।

কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট প্রজাকে পোষ্টাল মনিঅর্ডরক্রমে খাজানা দিবার ক্ষমতা দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

(৩) খাজানার কোন কিস্তি বা কিস্তির অংশ যে সময়ে দেয় হয়, সেই সময়ে বা তৎপূর্ব্বে যথাবিধি দেওয়া না গেলে, তাহা বাকী খাজানা বলিয়া গণ্য হইবে।

টাকা যেরূপে জমা দিতে হইবে, তাহার কথা।

৬৯ ধারা। (১) কোন প্রজা খাজানার হিসাবে কোন টাকা দিলে, যে বৎসরে কিম্বা যে বৎসরের যে কিস্তিতে উহা জমা দিতে চাহেন, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন, এবং তদনুসারে ঐ টাকা জমা দিতে হইবে।

(২) প্রজা ঐরূপ কোন নির্দ্দেশ না করিলে, ভূম্যধিকারী যে বৎসরের যে কিস্তি উচিত বোধ করেন, সেই বৎসরের সেই কিস্তির হিসাবে টাকা জমা দিতে পারিবেন।

কবজ ও হিসাবের কথা।

ভূম্যধিকারীকে টাকা দিলে প্রজার কবজ পাইবার স্বত্বের কথা।

৭০ ধারা। (১) কোন প্রজা আপন ভূম্যধিকারীকে খাজানার হিসাবে টাকা দিলে যত টাকা দেন, উক্ত ভূম্যধিকারীর স্বাক্ষরিত তত টাকার লিখিতকবজ উক্ত ভূম্যধিকারীর স্থানে তৎক্ষণাৎ পাইতে তাঁহার স্বত্ব আছে।

(২) ভূম্যধিকারী উক্ত কবজের অনুলিপি প্রস্তুত করিয়া রাখিবেন।

(৩) এই আইনের ৩য় তফসীলে কবজের যে পাঠ দেওয়া গেল, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ সাধারণতঃ কিম্বা বিশেষ কোন স্থানের কিম্বা বিশেষ কোন শ্রেণীর মোকদ্দমার নিমিত্ত অন্য যে পাঠ নির্দ্দেশ করেন, সেই পাঠে যে২ বিশেষ কথা লিখিত থাকে, কবজে ও অনুলিপিতে সেই২ বিশেষ কথা লেখা থাকিবে।

(৪) যে প্রত্যেক কবজে সারতঃ এই ধারার আদেশমত সমস্ত বিশেষ কথা না থাকে, বিপরীত দর্শান না গেলে, তাহা যে তারিখে দেওয়া যায়, সেই তারিখ পর্য্যন্ত খাজানার সমুদয় দাওয়ার সম্পূর্ণ নিষ্কৃতিপত্র বলিয়া অনুমান হইবে।

বৎসরের শেষে প্রজার সম্পূর্ণ নিষ্কৃতি বা হিসাবের বিবরণপত্র পাইবার অধিকারের কথা।

৭১ ধারা। (১) কৃষি বৎসরের শেষ পর্য্যন্ত প্রজার যত খাজানা দিতে হইবে, তৎসমস্ত দেওয়া হইয়াছে বলিয়া ভূম্যধিকারী স্বীকার করিলে, ঐ বৎসর অবসান হইবার তিন মাসের মধ্যে প্রত্যেক প্রজা বিনা খরচে আপন ভূম্যধিকারীর স্থানে উক্ত ভূম্যধিকারির স্বাক্ষরিত পূর্ণনিষ্কৃতিপত্রস্বরূপ কবজ পাইবার অধিকারী হইবেন।

(২) ভূম্যধিকারী ঐ কথা স্বীকার না করিলে, প্রজা চারিআনা ফী দিলে ঐ বৎসর শেষ হইবার পর তিন মাস মধ্যে এই আইনের তৃতীয় তফসীলের পাঠে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ সাধারণতঃ কিম্বা বিশেষ কোন স্থানের কিম্বা বিশেষ কোন শ্রেণীর মোকদ্দমার নিমিত্ত অন্য যে পাঠ নির্দ্দেশ করেন, সেই পাঠে যে২ বিশেষ কথা লিখিত থাকে, তৎসম্বলিত হিসাবের বিবরণপত্র পাইবার অধিকারী হইবেন।

(৩) ভূম্যধিকারী উক্ত বিবরণপত্রের অনুলিপি প্রস্তুত করিয়া রাখিবেন, তাহাতেও ঐরূপ বিশেষ কথা লেখা থাকিবে।

কবজ ও হিসাবের বিবরণপত্র না দিলে এবং অনুলিপি না রাখিলে দণ্ডের কথা।

৭২ ধারা। (১) প্রজা কোন খাজানা দিলে, যদি ভূম্যধিকারী তাঁহাকে ৭০ ধারার নির্দ্দিষ্ট বিশেষ কথা সম্বলিত কবজ দিতে অস্বীকার বা উপেক্ষা করেন, তবে প্রজা খাজানা দিবার তারিখ অবধি ছয় মাসের মধ্যে খাজানার পরিমাণের বা মূল্যের দ্বিগুণের অনধিক আদালত যাহা উচিত বোধ করেন সেইরূপ দণ্ডের টাকা উক্ত ভূম্যধিকারীর স্থানে আদায় করিবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(২) যদি ভূম্যধিকারী প্রজার দাওয়ামতে ৭১ ধারার নির্দ্দিষ্ট কোন বৎসরের সম্পূর্ণ নিষ্কৃতিপত্ররূপ কবজ বা হিসাবের বিবরণপত্র দিতে অস্বীকার বা উপেক্ষা করেন, তবে যে বৎসরের কবজ বা হিসাব দেওয়া উচিত ছিল, সেই বৎসর প্রজা ভূম্যধিকারীকে যে সমস্ত খাজানা দিয়া থাকেন, তাহার মোট পরিমাণের বা মূল্যের দ্বিগুণের অনধিক আদালত যত টাকা উচিত বোধ করেন, তত দণ্ডের টাকা উক্ত ভূম্যধিকারীর স্থানে আদায় করিবার নিমিত্ত উক্ত প্রজা পরবর্ত্তী কৃষি বৎসরের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(৩) কোন ভূম্যধিকারী উক্ত কোন ধারার আদেশমত কবজের বা বিবরণপত্রের অনুলিপি বা প্রতিলিপি প্রস্তুত করিয়া না রাখিলে, তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

খাজানা আমানত করিবার কথা।

রাজকীয় কার্য্যালয়ে খাজানা আমানত করিবার দরখাস্তের কথা।

৭৩ ধারা। (১) নিম্ন লিখিত কোন স্থলে, অর্থাৎ,

(ক) যে স্থলে প্রজা খাজানার নিমিত্ত টাকা দিবার প্রস্তাব করেন এবং ভূম্যধিকারী তাহা লইতে বা তজ্জন্য কবজ দিতে অস্বীকার করেন;

(খ) যে স্থলে খাজানার টাকা দিতে বাধ্য প্রজা এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে তাঁহার খাজানা যে ব্যক্তিকে দেয়, তিনি বিবাদ বা বিদ্বেষ বশতঃ তাহা লইতে বা তন্নিমিত্ত কবজ দিতে ইচ্ছুক হইবেন না;

(গ) যে স্থলে ঐ টাকা সহাংশীদারদিগকে সংসৃষ্টভাবে দিতে হয়, এবং প্রজা তন্নিমিত্ত সহাংশীদারদের সংসৃষ্ট কবজ পাইতে না পারেন, এবং কোন ব্যক্তি তাঁহাদের পক্ষে খাজানা লইবার ক্ষমতাপ্রাপ্ত না হইয়া থাকেন; কিম্বা

(ঘ) যে স্থলে কোন ব্যক্তি ঐ খাজানা পাইবার স্বত্বাধিকারী এবিষয়ে প্রজার প্রকৃত সন্দেহ থাকে;

সেই স্থলে

যেস্থানের মধ্যে থাকে, সেই স্থানের নিমিত্ত এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে কর্ম্মচারিকে নিযুক্ত করেন, প্রজা তৎকালীন পাওনা সমুদয় টাকা তাঁহার আফিসে আমানত করিবার অনুমতি পাইবার নিমিত্ত লিখিত দরখাস্ত দাখিল করিতে পারিবেন।

(২) যে যে হেতুতে দরখাস্ত করা যায়, ঐ দরখাস্তে তাহার বর্ণনা থাকিবে এবং (ঘ) স্থলে যে ব্যক্তিকে শেষবার খাজানা দেওয়া হয়, তাঁহার নাম, ও এক্ষণে যে বা যেং ব্যক্তি দাওয়া করিতেছেন, তাঁহার বা তাঁহাদের নাম দিতে হইবে। তাহাতে প্রজা স্বাক্ষর করিবেন, অথবা মোকদ্দমার বৃত্তান্ত তিনি স্বয়ং না জানিলে, যিনি জানেন এরূপ কোন ব্যক্তি তাহাতে স্বাক্ষর করিবেন, এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং বিধিক্রমে আট আনার অনধিক যে ফী দিবার আজ্ঞা করেন, সেই ফী তৎসঙ্গে পাঠাইতে হইবে।

যে খাজানা আমানত করা যায় রাজকীয় কর্ম্মচারী তাহার রসীদ দিলে ঐ রসীদ নিষ্কৃতিপত্র হইবার কথা।

৭৪ ধারা। (১) যে কর্ম্মচারির নিকট পূর্ব্ব ধারা মত দরখাস্ত করা যায় যদি তাঁহার বোধ হয় যে দরখাস্তকারী উক্ত ধারামতে খাজানা আমানত করিবার অধিকারী, তবে খাজানা লইয়া তন্নিমিত্ত আপন সরকারী মোহরযুক্ত রসীদ দিবেন।

(২) উক্ত কর্ম্মচারী উচিত বোধ করিলে, খাজানা লইবার পূর্ব্বে, পূর্ব্বধারার আদেশমত বর্ণনায় যে ব্যক্তি স্বাক্ষর করিয়াছে, তাহার পরীক্ষা করিতে পারিবেন।

(৩) এই ধারামতে যে রসীদ দেওয়া যায় তাহা প্রজার দেয় যে খাজানা পূর্ব্বোক্তরূপে আমানত করা যায় তৎসম্বন্ধে নিষ্কৃতিপত্রস্বরূপ কার্য্যকর হইবে। উক্ত খাজানা

পূর্ব্ব ধারার (ক) প্রকরণের স্থল হইলে যে ব্যক্তির নিকট খাজানা দিবার প্রস্তাব করা যায় সেই ব্যক্তি,

উক্ত ধারার (খ) প্রকরণের স্থল হইলে যাঁহাকে খাজানা দিতে হইবে বলিয়া দরখাস্তে নাম লেখা থাকে সেই ব্যক্তি,

উক্ত ধারার (গ) প্রকরণের স্থল হইলে সংসৃষ্টভাবে সহাংশীদারেরা, এবং

উক্ত ধারার (ঘ) প্রকরণের স্থল হইলে তাহা পাইবার স্বত্বাধিকারী ব্যক্তি,

গ্রহণ করিলে যে প্রকারে ও যে পরিমাণে হইত, সেই প্রকারে উক্ত রসীদ কার্য্যকর হইবে।

আমানত পাইবার নোটিসের কথা।

৭৫ ধারা। (১) যে কর্ম্মচারী আমানত লন তিনি তাহা প্রাপ্ত হইবার নোটিস আপন আফিসের কোন সুপ্রকাশ স্থানে অবিলম্বে লাগাইয়া দিবেন। ঐ নোটিসে সমুদয় প্রয়োজনীয় বৃত্তান্তের বর্ণনা থাকিবে।

(২) পূর্ব্বোক্তমতে যে তারিখে নোটিস লাগাইয়া দেওয়া যায় সেই তারিখের পর পনের দিনের মধ্যে পরবর্ত্তী ধারামতে আমানতের টাকা কাহাকেও দেওয়া না গেলে, যে প্রত্যেক ব্যক্তির ঐ টাকা পাইবার দাওয়া বা অধিকার আছে বলিয়া উক্ত কর্ম্মচারী বিশ্বাস করিবার কারণ দেখেন, সেই প্রত্যেক ব্যক্তির উপর বিনা খরচায় আমানত পাইবার নোটিস জারী করাইবেন।

আমানতী টাকা দিবার বা ফিরাইয়া দিবার কথা।

৭৬ ধারা। (১) যে কোন ব্যক্তি উক্ত কর্ম্মচারির বিবেচনায় আমানতের টাকা পাইবার অধিকারী বলিয়া বোধ হয়, তিনি তাহাকে ঐ টাকা দিতে পারিবেন অথবা উচিত বোধ করিলে যে ব্যক্তির ঐরূপ অধিকার থাকে তৎসম্বন্ধে দেওয়ানী আদালতের নিষ্পত্তির অপেক্ষায় ঐ টাকা রাখিতে পারিবেন।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট আদেশ করিলে, পোষ্টাল মণিঅর্ডর করিয়া ঐ টাকা দেওয়া যাইতে পারিবে।

(৩) যে তারিখে কোন আমানত করা যায় সেই তারিখ অবধি তিন বৎসর অতীত হইবার পূর্ব্বে এই ধারামতে কোন টাকা দেওয়া না গেলে, যদি আমানতকারী প্রার্থনা করেন ও যে কর্ম্মচারির নিকট খাজানা আমানত করা যায় তাঁহার দত্ত রসীদ ফিরাইয়া দেন, তবে দেওয়ানী আদালতের বিপরীত ভাবের আজ্ঞা না থাকিলে আমানতী টাকা আমানতকারীকে ফিরাইয়া দেওয়া যাইতে পারিবে।

(৪) পূর্ব্ব কএক ধারামতে আমানত গ্রহণকারী কোন কর্ম্মচারী যাহা কিছু করেন, তৎসম্বন্ধে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের

বিরুদ্ধে কিম্বা গবর্ণমেণ্টের কোন কর্ম্মচারির বিরুদ্ধে কোন মোকদ্দমা বা অন্য আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করা যাইবে না ; কিন্তু এই ধারামতে ঐরূপ কোন আমানতের টাকা যে কোন ব্যক্তিকে দেওয়া যায় ঐ টাকা পাইবার স্বত্বাধিকারী কোন ব্যক্তির তাঁহার স্থানে ঐ টাকা আদায় করিবার কোন বাধা এই ধারার কোন কথাক্রমে হইবে না।

বাকী খাজানার কথা।

খাজানা হস্তান্তরযোগ্য যোতের প্রথম দায় হইবার কথা।

৭৭ ধারা। (১) কোন হস্তান্তরযোগ্য যোতের খাজানা উহার প্রথম দায়ের মধ্যে গণ্য হইবে।

(২) ভূম্যধিকারী ভিন্ন অন্য কোন ব্যক্তি টাকার ডিক্রী পাইয়া ঐ ডিক্রী জারীক্রমে প্রজার স্বত্ব, অধিকার ও স্বার্থ নীলাম করিলে, উক্ত প্রজার স্থানে ভূম্যধিকারির যে খাজানা পাওনা থাকে, উক্ত নীলামের উৎপন্ন টাকা হইতে ভূম্যধিকারী প্রথমে তাহা পাইবার অধিকারী হইবেন। কিন্তু (১) প্রকরণমতে ভূম্যধিকারীর যে দাবী থাকে, এই স্বত্বক্রমে তাহার কোন বিঘ্ন হইবে না।

যে যোত হস্তান্তর করা যাইতে না পারে সেই যোত হইতে উচ্ছেদ করিবার কথা।

৭৮ ধারা। (১) যে কোন যোত হস্তান্তর করা যাইতে না পারে তৎসম্বন্ধে যেখানে বাকাশ্ত সন চলিত থাকে সেখানে ঐ সনের শেষে, কিম্বা যে খানে ফসলী বা আমলী সন চলিত থাকে সেখানে জ্যৈষ্ঠ মাসের শেষে বাকী খাজানা পাওনা থাকিলে, ভূম্যধিকারী উক্ত বাকী খাজানা আদায় করিবার ডিক্রী পাইয়া থাকুন বা না থাকুন এবং কোন চুক্তির শর্ত্তক্রমে উক্ত প্রজাকে বাকী খাজানা নিমিত্ত উচ্ছেদ করিতে স্বত্ববান হউন বা না হউন, তাহাকে উচ্ছেদ করিবার মোদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(২) ঐরূপ কোন মোকদ্দমায় বাদির পক্ষে ডিক্রী দেওয়া গেলে তাহাতে বাকী খাজানার টাকা ও তদুপরি সুদ পাওনা হইলে ঐ সুদ নির্দ্দিষ্ট থাকিবে, এবং ডিক্রীর তারিখ অবধি পনের দিনের মধ্যে, কিম্বা পঞ্চদশ দিনে আদালত বন্ধ থাকিলে আদালত যে দিনে পুনর্ব্বার খোলে সেই দিনে উক্ত টাকা ও মোকদ্দমার খরচা আদালতে দেওয়া গেলে, ডিক্রী জারী করা যাইবে না।

(৩) বিশেষ কারণ থাকিলে, আদালত এই ধারার লিখিত পনের দিন কাল বাড়াইয়া দিতে পারিবেন।

বাকী খাজানার সুদের কথা।

৭৯ ধারা। বাকী খাজানার সুদের হার ধার্য্য করিবার সময়ে আদালত প্রচলিত প্রথার প্রতি ও পক্ষদের মধ্যে কোন নিয়ম হইয়া থাকিলে তৎপ্রতি দৃষ্টি রাখিবেন ; কিন্তু যে কৃষি বৎসরে বাকী পড়ে, সেই বৎসরের অবসানাবধি মোকদ্দমা উপস্থিত করণ পর্য্যন্ত সামান্যতঃ বৎসর শতকরা বার টাকা হারে সুদের ডিক্রী দিবেন।

যুক্তিসিদ্ধ কারণ বিনা খাজানা না দেওয়া গেলে কিম্বা অন্যায়রূপে প্রতিবাদির নামে খাজানার মোকদ্দমা করা গেলে, হানিপূরণের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৮০ ধারা। (১) বাকী খাজানা আদায়ের নিমিত্ত আনীত কোন মোকদ্দমায় যদি আদালতের বোধ হয় যে প্রতিবাদী যুক্তিসিদ্ধ বা সম্ভাবিত কারণ বিনা তাহার দেয় খাজানা দিতে উপেক্ষা বা অস্বীকার করিয়াছে, তবে খাজানা ও খরচা বলিয়া যত টাকা ডিক্রী হয় তদতিরিক্ত আদালত যত টাকা খাজানার ডিক্রী হয় তাহার শতকরা ২৫ টাকার অনধিক যত হানিপূরণ উপযুক্ত বোধ করেন বাদির তত হানিপূরণের টাকা পাইবার আজ্ঞা করিতে পরিবেন।

কিন্তু এই ধারামতে হানিপূরণের আজ্ঞা হইলে, সুদের ডিক্রী হইবে না।

(২) বাকী খাজানা আদায়ের নিমিত্ত আনীত কোন মোকদ্দমায় যদি আদালতের বোধ হয় যে বাদী যুক্তিসিদ্ধ বা সম্ভাবিত কারণ বিনা মোকদ্দমা উপস্থিত করিয়াছে, তবে বাদী যে মোট টাকার দাওয়া করে তাহার শতকরা পঁচিশ টাকার অনধিক যত টাকা আদালত উপযুক্ত বোধ করেন তত টাকা হানিপূরণস্বরূপ প্রতিবাদীর পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

ফসলী বা ভাওলীখাজানার কথা।

ফসল যাচাই বা বিভাগ করিবার নিমিত্ত আজ্ঞার কথা।

৮১ ধারা। যে স্থলে উৎপন্ন বিভাগ বা যাচাই করিয়া খাজানা লওয়া যায়,

(ক) সেই স্থলে যাচাই বা বিভাগ করিবার উপযুক্ত সময়ে যদি ভূম্যধিকারী বা প্রজা স্বয়ং বা কর্ম্মকারক দ্বারা উপস্থিত হইতে উপেক্ষা করেন,

(খ) কিম্বা উৎপন্ন ফসলের পরিমাণ বা মূল্য বা বিভাগ বিষয়ে বিবাদ হয়,

তবে কালেক্টর কোন পক্ষের প্রার্থনামতে এবং কালেক্টর খরচ বলিয়া যত টাকা দিবার আজ্ঞা করেন উক্ত পক্ষ সেই টাকা আমানত করিলে, ঐ ফসল যাচাই বা বিভাগ করিবার নিমিত্ত যে কর্ম্মচারিকে উপযুক্ত বিবেচনা করেন তাঁহাকে নিযুক্ত করিতে পারিবেন।

(২) যে কোন স্থলে জিলার বা মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের মতে ঐরূপ আজ্ঞা করিলে শান্তিভঙ্গ নিবারিত হইবার সম্ভাবনা, সেই স্থলে কালেক্টর সাহেব ঐরূপ প্রার্থনা না হইলেও উক্তরূপ আজ্ঞা করিতে পারিবেন।

(৩) কোন কালেক্টর এই ধারামতে কোন আজ্ঞা করিলে, যাবৎ যাচাই বা বিভাগ না হয়, তাবৎ আজ্ঞাদ্বারা ফসল স্থানান্তর করা নিষেধ করিতে পারিবেন।

কর্ম্মচারী নিযুক্ত করা গেলে, কার্য্যপ্রণালীর কথা।

৮২ ধারা। (১) কালেক্টর পূর্ব্ব ধারামতে কোন কর্ম্মচারীকে নিযুক্ত করিলে, আপন বিবেচনামতে উক্ত কর্ম্মচারীর প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে তিনি অন্য কোন ব্যক্তিদিগকে আসেসরস্বরূপ আপনার সহিত লন এবং আসেসর লওয়া গেলে উক্ত আসেসরদের সংখ্যা, যোগ্যতা ও নির্ব্বাচন প্রণালীসম্বন্ধে এবং যাচাই বা বিভাগ করণ কালে যে কার্য্যপ্রণালী অবলম্বন

করিতে হইবে তৎসম্বন্ধে তাঁহাকে আদেশ দিতে পারিবেন; এবং উক্ত কর্ম্মচারী সেই আদেশ অনুসারে কার্য্য করিবেন।

(২) উক্ত কর্ম্মচারী যাচাই বা বিভাগ করিবার পূর্ব্বে যে সময়ে ও স্থানে যাচাই বা বিভাগ করা যাইবে তাহার নোটিস ভূম্যধিকারীকে ও প্রজাকে দিবেন, কিন্তু ভূম্যধিকারী বা প্রজা নিজে বা কর্ম্মকারকদ্বারা উপস্থিত না হইলে, তিনি এক তরফা কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন।

(৩) উক্ত কর্ম্মচারী যাচাই বা বিভাগ করিলে, আপন কার্য্যানুষ্ঠানের রিপোর্ট কালেক্টরের নিকট পাঠাইবেন।

(৪) কালেক্টর উক্ত রিপোর্ট বিবেচনা করিয়া দেখিবেন এবং উভয় পক্ষকে তাহাদের কথা শুনিবার সুযোগ দিয়া যেরূপ তদন্ত আবশ্যক বোধ করিলে সেই তদন্তের পর উক্ত রিপোর্টের উপর যে আজ্ঞা ন্যায্য বোধ করেন সেই আজ্ঞা করিবেন।

(৫) কালেক্টর উচিত বোধ করিলে, পক্ষদের মধ্যে যে কোন বিষয়ে বিবাদ থাকে, তাহা দেওয়ানী আদালতের বিবেচনার্থে নিষ্পত্তি নিমিত্ত অর্পণ করিতে পারিবেন; কিন্তু তদ্রূপ নিয়ম সাপেক্ষ থাকিয়া, তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে ও ডিক্রীর ন্যায় প্রবল করা যাইতে পারিবে।

(৬) উক্ত কর্ম্মচারী যাচাই অর্থাৎ দানাবন্দী করিলে, দানাবন্দী বা যাচাইর কাগজপত্র জিলার কালেক্টর সাহেবের কাছারীতে রক্ষিত হইবে।

শস্যের দখল সম্বন্ধে স্বত্ব ও দাবির কথা।

৮৩ ধারা। (১) উৎপন্ন ফসল যাচাই করিয়া খাজানা লওয়া গেলে, সমস্ত ফসল দখলেরাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(২) উৎপন্ন ফসল বিভাগ করিয়া খাজানা লওয়া গেলে, যাবৎ উহা বিভাগ করা না হয়, তাবৎ সমস্ত ফসল দখলে রাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(৩) উভয় স্থলেই ভূম্যধিকারির পক্ষে কোন হস্তক্ষেপ ব্যতিরেকে প্রজা কৃষিকার্য্যের নিয়মিত কালে ফসল কাটিয়া সংগ্রহ করিতে পারিবেন, কিন্তু যাহাতে যথাকালে উপযুক্ত যাচাই বা বিভাগ করিবার বাধা হয় এরূপ সময়ে বা এরূপ প্রকারে ফসলের কোন অংশ স্থানান্তর করিতে পারিবেন না।

(৪) যদি প্রজা ফসলের কোন অংশ এরূপ সময়ে বা এরূপ প্রকারে স্থানান্তর করেন, যাহাতে যথাকালে তাহার যাচাই বা বিভাগ করিবার বাধা হয়, তবে শস্য-সংগ্রহের সময়ে নিকটস্থ সেই প্রকারের ভূমিতে সেই প্রকারের অন্য সর্ব্বাপেক্ষা পূর্ণ পরিমাণে যত যাচাই হয়, ফসল তত হইয়াছিল বলিয়া জ্ঞান করা যাইবে।

ভূম্যধিকারির পরিবর্ত্তনহইলে খাজানার দায়ের কথা।

৮৪ ধারা। (১) কোন প্রজার ভূম্যধিকারির স্বার্থ হস্তান্তর করা গেলে, হস্তান্তর হইবার পর যে খাজানা পাওনা হয়, তাহা যে ভূম্যধিকারীর স্বার্থ হস্তান্তরিত হয়, সেই ভূম্যধিকারীকে দেওয়া গেলে, যদি হস্তান্তরক্রমে গ্রহীতা প্রজাকে হস্তান্তর হইবার নোটিস না দিয়া থাকেন, তবে ঐ প্রজা উক্ত খাজানার নিমিত্ত হস্তান্তরক্রমে গ্রহীতার নিকট দায়ী হইবে না।

হস্তান্তরের নোটিস না পাইয়া পূর্ব্ব ভূম্যধিকারীকে যে খাজানা দেওয়া যায়, তজ্জন্য ভূম্যধিকারির স্বার্থগ্রহীতার নিকট প্রজার দায়ী না হইবার কথা।

(২) যে ভূম্যধিকারির স্বার্থ হস্তান্তরিত হয়, তাঁহাকে একাধিক প্রজা খাজানা দিলে, যদি হস্তান্তরক্রমে গ্রহীতা নির্দ্দিষ্ট প্রকারে প্রজাদের নিকট এক সাধারণ নোটিস প্রচার করেন, তাহা এই ধারার কার্য্যপক্ষে উপযুক্ত নোটিস হইবে।

আইনবিরুদ্ধ কর প্রভৃতির কথা।

৮৫ ধারা। প্রকৃত খাজানার অতিরিক্ত আবওয়াব মাথট কিম্বা তদ্রূপ অন্য নাম দিয়া প্রজাদের উপর যে কোন কর ধার্য্য করা যায়, তাহা আইনবিরুদ্ধ হইবে, এবং এরূপ কর দিবার সমুদয় শর্ত্ত ও নিয়ম অসিদ্ধ হইবে।

আবওয়াব প্রভৃতি আইন বিরুদ্ধ হইবার কথা।

৮৬ ধারা। প্রচলিত কোন বিশেষ আইনক্রমে না হইলে, আইনমতে যে খাজানা দেয়, তদতিরিক্ত প্রজার স্থানে কোন টাকা বা তাহার ভূমির উৎপন্নের কোন অংশ ভূম্যধিকারী অন্যায় করিয়া গ্রহণ করিলে উক্ত প্রজা ঐরূপ গ্রহণ করিবার তারিখ অবধি ছয় মাসের মধ্যে ঐরূপে গৃহীত টাকার বা উৎপন্নের মূল্যের অতিরিক্ত পাঁচ শত টাকার অনধিক আদালত দণ্ডস্বরূপ যত টাকা উচিত বোধ করেন, তত টাকা, কিম্বা যাহা ঐরূপে অন্যায় করিয়া লওয়া যায়, তাহার পরিমাণের বা মূল্যের দ্বিগুণ পাঁচ শত টাকার অধিক হইলে, সেই পরিমাণের বা মূল্যের দ্বিগুণের অনধিক টাকা ভূম্যধিকারীর নিকট পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

দেয় খাজানার অতিরিক্ত টাকা প্রজার স্থানে ভূম্যধিকারী অন্যায় করিয়া লইলে দণ্ডের কথা।

৯ম অধ্যায়।

ভূম্যধিকারী ও প্রজা বিষয়ক বিবিধ বিধান।

উৎকর্ষ সাধনের কথা।

৮৭ ধারা। (১) এই আইনের কার্য্যপক্ষে কোন রায়তের যোতের সম্বন্ধে "উৎকর্ষসাধন" শব্দ ব্যবহৃত হইলে যে কোন কার্য্য দ্বারা যোতের জমাই মূল্য বৃদ্ধি হয়, যাহা উক্ত যোতের উপযোগী এবং উহা যে উদ্দেশ্যে জমা দেওয়া যায়, সেই উদ্দেশ্য-সম্মত, এবং যাহা যোতের উন্নতি করা না গেলেও সাক্ষাৎসম্বন্ধে উন্নতি উপকারার্থ করা যায়, কিম্বা করিবার পর সাক্ষাৎসম্বন্ধে ঐ যোতের উপকারজনক করা যায়, সেই কার্য্য বুঝাইবে।

"উৎকর্ষসাধন" শব্দের অর্থ।

(২) বিপরীত দর্শান না গেলে, নিম্নলিখিত কার্য্য গুলি এই ধারার মর্ম্মানুযায়ী উৎকর্ষ সাধন বলিয়া অনুমান হইবে,—

(ক) কৃষিকার্য্যের নিমিত্ত কিম্বা কৃষিকার্য্যে নিযুক্ত মনুষ্যের ও গবাদির ব্যবহার নিমিত্ত জলসঞ্চয়, যোগান বা বিতরণ করণার্থ কূপ ও পুষ্করিণী প্রভৃতি খনন;

(খ) জলসেচনার্থে ভূমি প্রস্তুত করণ;

(গ) যে ভূমি কৃষিকার্য্যার্থে ব্যবহৃত হয়, কিম্বা যে পতিত ভূমি আবাদ করা যাইতে পারে, তাহার জল-নিঃসরণ কিম্বা নদী বা অন্য জল হইতে উদ্ধার করণ, কিম্বা জলপ্লাবন হইতে রক্ষা করণ, কিম্বা জলজনিত ক্ষয় বা অন্য হানি নিবারণ;

(ঘ) কৃষিকার্য্যার্থে ভূমির আবাদ বা পরিষ্কার করণ কিম্বা তাহা ঘেরা বা তাহার স্থায়ী উৎকর্ষসাধন;

(ঙ) পূর্ব্বোক্ত কোন কার্য্য নূতন করিয়া বা পুনঃ করা, অথবা তাহার পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন করা,

(চ) আবশ্যক গৃহাদির সহিত রায়ত ও তদধীন প্রজাবর্গের উপযোগী বাসগৃহ নির্ম্মাণ।

(৩) কিন্তু রায়ত কোন ভোগে যে কার্য্য করেন তদ্দ্বারা স্বীয় ভূম্যধিকারীর মতলবের বা তাহুকের মূল্য বিশেষরূপে বৃদ্ধি হইয়া পড়িলে, ঐ কার্য্য এই আইনের অভিপ্রায়মত উৎকর্ষসাধন বলিয়া গণ্য হইবে না।

৮৮ ধারা। রায়ত অবধারিত খাজানায় কিম্বা অবধারিত হারে ভূমিভোগ করিলে, তদীয় ভূম্যধিকারী তাহার ভোগের সম্বন্ধে কোন উৎকর্ষসাধন করিতে তাহাকে ভূম্যধিকারীস্বরূপ বাধা দিতে পারিবেন না।

অবধারিত হারে ভূমি-ভোগ করিলে উৎকর্ষ-সাধন করিবার স্বত্বের কথা।

৮৯ ধারা। (১) কোন রায়তের ভোগে তাহার দখলীস্বত্ব থাকিলে, রায়ত বা ভূম্যধিকারী নিজে উৎকর্ষ-সাধন করিতে সম্মত আছেন, এই হেতু বিনা রায়ত বা ভূম্যধিকারীস্বরূপা উক্ত ভোগ সম্বন্ধে উৎকর্ষসাধন করিতে অপর পক্ষকে বাধা দিতে পারিবেন না।

দখলীস্বত্ববিশিষ্ট ভোগ সম্বন্ধে উৎকর্ষসাধন করিবার স্বত্বের কথা।

(২) যদি রায়ত ও ভূম্যধিকারী উভয়েই একই উৎকর্ষসাধন করিতে চাহেন, তবে উক্ত ভূম্যধিকারীর অধীন অন্য এক বা অধিক ভোগ তদ্দ্বারা ক্ষুণ্ণ না হইলে, রায়তের উৎকর্ষসাধন করিবার অগ্র স্বত্ব থাকিবে।

(৩) রায়ত ও তাহার ভূম্যধিকারীর মধ্যে

(ক) উৎকর্ষসাধন করিবার স্বত্বসম্বন্ধে, কিম্বা

(খ) কোন বিশেষকার্য্য উৎকর্ষসাধন কিনা, এতৎসম্বন্ধে বিবাদ উত্থিত হইলে,

কালেক্টর সাহেব কোন পক্ষের প্রার্থনামতে সেই বিবাদের নিষ্পত্তি করিতে পারিবেন, এবং তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

৯০ ধারা। (১) দখলীস্বত্বশূন্য কোন রায়ত আপনার ও স্বীয় পরিবারের নিমিত্ত আবশ্যক বাটির ঘর সমেত উপযুক্ত বাসগৃহ প্রস্তুত করিতে পারিবেন, কিন্তু উক্তমতে কিম্বা পশ্চাল্লিখিত বিধানমতে না হইলে আপনার ভোগসম্বন্ধে স্বীয় ভূম্যধিকারীর অনুমতি না লইয়া অন্য কোন উৎকর্ষসাধন করিতে পারিবেন না।

দখলীস্বত্বশূন্য ভোগ সম্বন্ধে উৎকর্ষ সাধন করিবার স্বত্বের কথা।

(২) স্বীয় ভূম্যধিকারীর অনুমতির প্রয়োজন না থাকিলে, যে দখলীস্বত্বশূন্য রায়ত আপন ভোগ সম্বন্ধে যে উৎকর্ষসাধন করিতে পারিতেন তিনি উক্ত উৎকর্ষসাধন করিতে চাহিলে, যুক্তিসিদ্ধ সময়ের মধ্যে ঐ উৎকর্ষসাধন করিবার নিমিত্ত ভূম্যধিকারীর প্রতি আদেশ করিয়া তাঁহাকে অনুমতিপত্র দিতে বাধ্য হইতে পারিবেন, এবং ভূম্যধিকারী ঐ অনুমতি পালন করিতে অক্ষম হইলে, বা উপেক্ষা করিলে, আপীল ঐ উৎকর্ষসাধন করিতে পারিবেন।

৯১ ধারা। (১) কোন ভূম্যধিকারী আইনমতে যে উৎকর্ষসাধন করেন, কিম্বা যাহা আইনমতে তাঁহার খরচে করা যায়, কিম্বা যাহা করিতে তিন প্রজাকে নালিশ করিয়াছেন, তিনি সেই উৎকর্ষসাধন স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত রাজস্ব কর্ম্মচারীর নিকট প্রার্থনা করিয়া রেজিষ্টরী করাইতে পারিবেন।

ভূম্যধিকারীর উৎকর্ষ-সাধন রেজিষ্টরী করিবার কথা।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যেরূপ আদেশ করেন, প্রার্থনাপত্র সেইরূপ পাঠে লিখিতে হইবে, ও তাহাতে সেরূপ সন্ধান থাকিবে, ও সেই প্রকারে স্থানীয় তদন্তের দ্বারা বা অন্যোপায়ে তাহার সত্যতা নির্ণয় করা যাইবে।

(৩) যে কর্ম্মচারী প্রার্থনাপত্র প্রাপ্ত হন, তিনি

(ক) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে উৎকর্ষসাধন হইলে, এই আইন প্রচলিত হইবার সময়াবধি,

(খ) এই আইন প্রচলিত হইবার পর উৎকর্ষ-সাধন হইলে, উক্ত কার্য্য সম্পন্ন হইবার তারিখ অবধি

১২ মাসের মধ্যে প্রার্থনা করা না গেলে, তাহা অগ্রাহ্য করিতে পারিবেন।

৯২ ধারা। (১) কোন ভোগের ভূম্যধিকারী বা প্রজা তৎসম্বন্ধে যে উৎকর্ষসাধন করা যায় তাহার প্রমাণ লিপিবদ্ধ করিয়া রাখিতে চাহিলে, কোন রাজস্ব কর্ম্মচারীর নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে যদি তিনি এরূপ বিবেচনা না করেন যে, ঐ প্রার্থনা করিবার যুক্তিসিদ্ধ কারণ নাই, অথবা এরূপ দেখা না যায় যে, ঐ বিষয় কোন দেওয়ানী আদালতে তদন্তাধীনে রহিয়াছে, তবে উক্ত কর্ম্মচারী উভয় পক্ষের সমক্ষে প্রমাণ লিপিবদ্ধ করিবেন।

উৎকর্ষ সাধন সম্বন্ধে প্রমাণ লিপিবদ্ধ করিবার প্রার্থনার কথা।

(২) এই ধারামতে কোন বিষয় লিপিবদ্ধ করা গেলে, ভূম্যধিকারী ও প্রজার মধ্যে কিম্বা তাঁহাদের অধীন দাবীদার ব্যক্তিদের মধ্যে পরে যে কোন আনুষ্ঠানিক কার্য্য হয়, তাহাতে ঐ লিপিবদ্ধ কথা প্রমাণ মধ্যে গ্রাহ্য হইতে পারিবে।

রায়তকে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ দিতে হইবার কথা।

৯৩ ধারা। (১) যে কোন রায়তকে তদীয় জোত হইতে উচ্ছেদ করা যায়, সেই রায়ত বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারী এই আইন অনুসারে যে সকল উৎকর্ষসাধন করিয়াছেন, তজ্জন্য পূর্ব্বে ক্ষতিপূরণ দেওয়া না হইয়া থাকিলে, উক্ত রায়ত ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।

(২) কোন আদালত কোন রায়তকে উচ্ছেদ করিবার ডিক্রী বা আজ্ঞা করিলে, যদি এই ধারামতে উক্ত রায়তকে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ দেয় হয়, তবে ঐ ক্ষতিপূরণের টাকা নিরূপণ করিবেন, এবং রায়তের ঐ টাকা পাইবার নিয়মাধীনে উচ্ছেদ করিবার ডিক্রী বা আজ্ঞা করিবেন।

(৩) যেস্থলে কোন বিশেষ সুবিধা পাইবেন বলিয়া রায়ত ক্ষতিপূরণ বিনা উৎকর্ষসাধন করিতে চুক্তিবদ্ধ বা পাট্টা লইয়া তদনুসারে উৎকর্ষসাধন করিয়াছেন এবং উক্ত সুবিধা প্রাপ্ত হইয়াছেন, সেই স্থলে এই মতে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ পাইবার দাবী করা যাইতে পারিবে না।

(৪) উচ্চত আদালত মাঝি মাসের ১ তারিখ ও এই আইন প্রচলিত হইবার সময়ের মধ্যে রায়ত যে উৎকর্ষসাধন করেন নাই এই আইন অনুসারে করা হইয়াছে বলিয়া ভান করিবে।

(৫) কোন উৎকর্ষসাধনের নিমিত্ত এই ধারা মতে যে ক্ষতিপূরণের আজ্ঞা করিতে হইবে, সেই ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয়ার্থে তদীয় গবর্নমেণ্ট যত জন আসেসর উপযুক্ত বোধ করেন, তত জন আসেসর আপন সঙ্গে লইবার নিমিত্ত আদালতের প্রতি আজ্ঞা করিয়া এবং আসেসরদের নিযুক্তি ও নির্বাচনপ্রণালী স্থির করিয়া স্থানীয় গবর্নমেণ্ট সময়ের রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

যে বিধিক্রমে ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয় করিতে হইবে, তাহার কথা।

৯৪ ধারা। (১) উৎকর্ষসাধনের নিমিত্ত পূর্ব্বাধিকারমতে যে ক্ষতিপূরণ দিবার আজ্ঞা করিতে হইবে, তাহার পরিমাণ নির্ণয় করিতে হইলে, এই বিষয়ের প্রতি দৃষ্টি রাখিতে হইবে—

(ক) জোতের জমাই মূল্য বা উৎপন্ন বা উৎপাদের মূল্য উৎকর্ষসাধন দ্বারা যে পরিমাণে বর্দ্ধিত হইয়াছে, সেই পরিমাণের প্রতি;

(খ) উৎকর্ষসাধনের অবস্থার প্রতি ও তাহার ফলযুক্ত পাল স্থায়ী হইবার সম্ভাবনা তাহার প্রতি;

(গ) উক্ত উৎকর্ষসাধন করিতে যে পরিশ্রম ও মূলধন লাগে তৎপ্রতি;

(ঘ) ঐ উৎকর্ষসাধন উপলক্ষে ভূম্যধিকারী কোনরূপে খাজানা হ্রাস বা ক্ষমা করিলে বা রায়তকে অন্য কোন সুবিধা করিয়া দিলে, তৎপ্রতি; এবং

(ঙ) ভূমি কৃষিকার্য্যোপযোগী করা গেলে, কিম্বা অসেচিত ভূমি সেচিত ভূমিতে পরিণত করা গেলে, রায়ত যতকাল অবর্জ্জিত খাজানায় উৎকর্ষসাধনের লাভ ভোগ করিয়াছেন, সেই কালের প্রতি।

(২) ক্ষতিপূরণের পরিমাণ নির্দ্ধারিত হইলে, ভূম্যধিকারী ও রায়ত উচিত বোধ করিলে, এইরূপ সম্মতি দিতে পারিবেন যে সম্পূর্ণরূপে মুদ্রাযোগ প্রদত্ত না হইয়া, উহা সম্পূর্ণরূপে বা অংশতঃ অন্য কোনরূপে প্রদত্ত হইবে।

ইস্তফা ও পরিত্যাগ করিবার কথা।

৯৫ ধারা। (১) কোন রায়ত পাট্টা বা অন্য নিয়মপত্রক্রমে অবধারিত কালের নিমিত্ত বাধ্য না থাকিলে, কোন কৃষিবৎসরের শেষে আপন জোতের স্বত্ব ও স্বার্থ ইস্তফা করিতে পারিবে।

(২) কিন্তু ইস্তফা করিলে ও যদি সে ইস্তফা করিবার অব্যবহিত ছয় মাস থাকিতে ইস্তফা করিবার আপন অভিপ্রায়ের লিখিত নোটিস আপন ভূম্যধিকারীকে না দিয়া থাকে, তবে ইস্তফা করিবার তারিখের পরবর্ত্তী কৃষিবৎসরের নিমিত্ত ঐ রায়ত উক্ত জোতের খাজানা দিতে দায়ী থাকিবে।

(৩) নিম্নলিখিত স্থলে যাহার বিপরীত প্রমাণ না যায়, উক্ত নোটিস প্রকৃতরূপে দেওয়া হয় নাই, এই ধারার কার্য্যপক্ষে আদালত এই অনুমান করিবেন, অর্থাৎ,

(ক) যদি রায়ত ইস্তফা করিবার পরবর্ত্তী কৃষি সেই ভূম্যধিকারীর স্থলে সেই গ্রামে জোত লয়;

(খ) যে কৃষিবৎসরের শেষে ইস্তফা দেয়, সেই বৎসর শেষ হইবার অনূন তিন মাস থাকিতে যদি রায়ত ইস্তফা করা জোত সে গ্রামে থাকে, সেই গ্রামে আর বাস না করে;

(গ) যদি ইস্তফা করিবার পরবর্ত্তী কৃষি বৎসরের কোন সময়ে ভূম্যধিকারী নিজে অন্য কোন প্রজাকে ঐ জোত বা উহার কোন অংশ জমা দিয়া দেন কিম্বা চাষ করেন।

(৪) রায়ত উচিত বোধ করিলে, উক্ত নোটিস বা তাহার কোন অংশ যে আদালতের বিচারাধীন স্থলে থাকে, সেই আদালতের দ্বারা নোটিস জারী করিতে পারিবেন।

(৫) কোন রায়ত আপন জোত ইস্তফা করিলে ভূম্যধিকারী যে জোতে প্রবেশ করিয়া উহা অন্য কোন প্রজাকে জমা দিয়া দিতে কিম্বা নিজে চাষ করিতে পারিবেন।

পরিত্যাগের কথা।

৯৬ ধারা। (১) কোন রায়ত আপন ভূম্যধিকারীকে নোটিস না দিয়া, ও খাজানা যেমন হওয়া উচিত তাহা তাহাকে বন্দোবস্ত না করিয়া যদি আপন বাটী ত্যাগ করে ও নিজে বা অন্য কোন ব্যক্তিদ্বারা আপন জোতে আর চাষ না করে, তবে রায়ত যে কৃষিবৎসরে ঐরূপ ত্যাগ করা যায় ও চাষ করিতে বিরত হয়, সেই কৃষিবৎসর অন্ত হইবার পর যে কোন সময়ে ভূম্যধিকারী ঐ জোতে প্রবেশ করিয়া তাহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দিতে পারিবেন, কিম্বা নিজে চাষ করিতে পারিবেন।

(২) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন যোতে প্রবেশ করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে লিখিত পাঠে নোটিস প্রচার করাইবেন। তাহাতে এই কথা লেখা থাকিবে যে, তিনি উক্ত যোত পরিত্যক্ত জ্ঞান করিয়া তাহাতে প্রবেশ করিয়াছেন।

(৩) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন যোতে প্রবেশ করিলে, ঐ নোটিস প্রচার করিবার তারিখ অবধি দুই বৎসর কিম্বা, দখলী স্বত্বশূন্য রায়ত হইলে, ছয় মাস অতীত না হওয়া পর্য্যন্ত ঐ রায়ত যে কোন সময়ে উক্ত ভূমির দখল ফিরিয়া পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে। তাহা হইলে যে সকল ব্যক্তি ক্ষতিগ্রস্ত হয়, তাহাদের ক্ষতিপূরণ সম্বন্ধে আদালত যেরূপ (যদি কোন) শর্ত্ত ন্যায্য বোধ করেন, সেই শর্ত্তে দখল ফিরিয়া পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

যোতের অংশ করিবার কথা।

যোতের অংশ হস্তান্তর-যোগ্য না হইবার কথা।

৯৭ ধারা। যে প্রজার যোত হস্তান্তরযোগ্য, এই আইনের কোন কথাক্রমে সেই প্রজা ভূম্যধিকারীর সম্মতি বিনা আপনার যোতের অন্তর্গত ভূমি কিয়দংশমাত্র এরূপে হস্তান্তর বা উইল করিতে পারিবেন না, যাহাতে হস্তান্তর বা উইলক্রমে প্রাপ্তা ঐ অংশ পৃথক যোতস্বরূপ উক্ত ভূম্যধিকারীর নিকট ভোগ করিতে পারেন।

উচ্ছেদের কথা।

ডিক্রী জারীক্রমে না হইলে উচ্ছেদ না হইবার কথা।

৯৮ ধারা। ডিক্রী জারীক্রমে না হইলে কোন প্রজাকে তদীয় যোত হইতে উচ্ছেদ করা যাইবে না।

ভূমি মাপ করিবার কথা।

ভূম্যধিকারির ভূমি মাপিবার স্বত্বের কথা।

৯৯ ধারা। (১) ভূম্যধিকারী এই ধারার ও, কোন চুক্তি থাকিলে, তাহার বিধান মানিয়া স্বয়ং কিম্বা এতদর্থে তাঁহার স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি দ্বারা আপন মহালের বা তালুকের অন্তর্গত সমুদয় ভূমিতে প্রবেশ করিয়া তাহা মাপ করিতে পারিবেন।

(২) কোন ভূম্যধিকারী প্রজার সম্মতি বিনা, কিম্বা কালেক্টর সাহেবের লিখিত অনুমতি বিনা দশ বৎসরে একবারের অধিক ভূমি মাপ করিতে পারিবেন না কেবল নিম্নলিখিত স্থলে এই নিয়ম খাটিবে না, যথা—

(ক) যে স্থলে যোতের পরিমাণ, শিকস্তী পৈরস্তী হেতুক বৎসর পরিবর্ত্তিত হইতে পারে ও দেয় খাজানা ঐ পরিমাণের উপর নির্ভর করে।

(খ) যেস্থলে বৎসর চাষের ভূমির পরিমাণ পরিবর্ত্তন হইতে পারে, এবং দেয় খাজানা চাষের ভূমির পরিমাণের উপর নির্ভর করে।

(গ) যে স্থলে ভূম্যধিকারী ইচ্ছাপূর্ব্বক হস্তান্তর-ক্রমে না হইয়া অন্য প্রকারে খরিদার হন, এবং খরিদ-ক্রমে দখল করিবার তারিখ অবধি দুই বৎসরের অধিক কাল গত হয় নাই।

(৩) উক্ত দশ বৎসর শেষ মাপের তারিখ অবধি গণনা করা যাইবে, এ মাপ এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বের হইয়া থাকুক বা পরেই হইয়া থাকুক।

প্রজা উপস্থিত হইয়া সীমা দেখাইয়া দিবে, আদালতের এরূপ আজ্ঞা করিতে পারিবার কথা।

১০০ ধারা। (১) কোন ভূম্যধিকারী পূর্ব্বধারামতে যে ভূমি মাপ করিতে পারেন তাহা মাপ করিতে চাহিলে ভূম্যধিকারীর প্রার্থনামতে দেওয়ানী আদালত এই আজ্ঞা করিতে পারিবেন যে প্রজা উপস্থিত থাকিয়া উক্ত ভূমির সীমা দেখাইয়া দিবে।

(২) যদি প্রজা উক্ত আজ্ঞামতে কার্য্য করিতে অস্বীকার বা উপেক্ষা করে, তবে যে সময়ে উপস্থিত থাকিবার জন্য প্রজার প্রতি আজ্ঞা হয়, সেই সময়ে ভূম্যধিকারীর আদেশমতে ভূমির সীমার ও মাপের যে মানচিত্র বা অন্য কাগজপত্র প্রস্তুত করা যায়, তাহা বিপরীত দর্শান না গেলে, পরিশুদ্ধ বলিয়া অনুমান হইবে।

মাপের কষ্টির কথা।

১০১ ধারা। (১) কোন ভূম্যধিকারী ও প্রজার মধ্যে কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে কোন দেওয়ানী আদালতের বা রাজস্ব কর্ম্মকারীর আদেশক্রমে ভূমির যে মাপ হয়, তাহা যে মাপে কষ্টিমত এক বিঘাতে ১৪,৪০০ বর্গ ফুট হয়, সেই গবর্ণমেণ্টের মাপ অনুসারে হইবে।

(২) উভয় পক্ষের স্বত্ব ভিন্ন কোন স্থানীয় মাপ অনুসারে নিয়মিত হইলে, গবর্ণমেণ্টের মাপ উক্ত মোকদ্দমার কার্য্যপক্ষে স্থানীয় মাপে পরিণত করা যাইবে।

(৩) কোন স্থানে যে বা যেং মানদণ্ড ব্যবহৃত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট স্থানীয় তদন্ত লইবার পর তাহা নির্দ্দেশ করিয়া বিধিপ্রণয়ন করিতে পারিবেন, এবং এরূপে যে নির্দ্দেশ করা যায় তাহা বিপরীত দর্শান না গেলে, শুদ্ধ বলিয়া অনুমান হইবে।

কার্য্যাধ্যক্ষদের কথা।

কেন সহাধিকারিগণ এক জন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন না ইহার কারণ দর্শাইবার নিমিত্ত তাঁহাদের উপর আদেশ করিতে পারিবার কথা।

১০২ ধারা। কোন মহালের বা তালুকের সহাধিকারিগণ যদি তাঁহার কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে একমত না হন, এবং সেই কারণে

(ক) সাধারণের অসুবিধা কিম্বা

(খ) ব্যক্তিবিশেষের স্বত্বের হানি হয় বা হইবার সম্ভাবনা হয়,

তবে জিলার জজ সাহেব (ক) চিহ্নিত স্থলে কালেক্টরের এবং (খ) চিহ্নিত স্থলে ঐ মহালে বা তালুকে যাহার কোন স্বার্থ থাকে, এরূপ কোন ব্যক্তির প্রার্থনামতে যেন উক্ত সহাধিকারিগণ এক জন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন না, ইহার কারণ দর্শাইবার আদেশসূচক নোটিস তাঁহাদের সকলের উপর জারী করিবার আজ্ঞা করিতে পারিবেন।

কিন্তু কোন মহালের বা তালুকের সহাধিকারী যে স্বার্থের দাওয়া করেন, প্রকৃত প্রস্তাবে সেই স্বার্থ তাঁহার দখলে না থাকিলে, এবং তিনি কোন মহালের সহাধিকারী হইলে তাঁহার নাম ও স্বার্থের পরিমাণ ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের আইনমতে রেজিষ্টরী করা না হইয়া থাকিলে, তিনি এই ধারামতে প্রার্থনা করিতে পারিবেন।

১০৩ ধারা। যদি পূর্ব্ব আরামত নোটিস জারী হইবার পর এক মাসের মধ্যে উক্ত সহাধিকারিগণ পূর্ব্বোক্তরূপ কারণ দেখাইতে না পারেন, তবে জিলার জজ সাহেব তাঁহাদিগকে একজন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার আদেশপূর্ব্বক আজ্ঞা দিতে পারিবেন; এবং ঐ আজ্ঞা দিবার পূর্ব্বে যে কোন সহাধিকারী উপস্থিত হন নাই, ঐ আজ্ঞা তাঁহার উপর জারী করা যাইবে।

কারণ দর্শান না গেলে একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করণার্থ তাঁহাদিগকে আজ্ঞা দিতে পারিবার কথা।

১০৪ ধারা। পূর্ব্ব আরামত আজ্ঞা হইবার পর এক মাসের ন্যূন যে সময় জিলার জজ সাহেব তদর্থে ধার্য্য করিয়া দেন সেই সময়ের মধ্যে তদ্বারা উক্ত ধারার আদেশমতে উক্ত আজ্ঞা জারী করা হয় নাই, এরূপ জারী করিবার পর এরূপ সময়ের মধ্যে সহাধিকারীগণ একজন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত না করেন, এবং জিলার জজ সাহেবের একপক্ষীয় নিমিত্ত ঐ নিয়োগের সম্ভাবনা না দেখিয়া মূর্শিদাবাদের মতো সাধারণজনক বলে বস্তুতঃ তাহার রক্ষণাবেক্ষণ আছে। জিলার জজ সাহেব কোন বুঝিয়া দেওয়া না করেন তিনি

আজ্ঞা পালিত না হইলে কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার অন্যতর কথা।

ক। যে স্থলে কোর্ট অব ওয়ার্ডস কর্ত্তৃক তালুকের রক্ষণাবেক্ষণ, তাহাদের সম্মত হন যে স্থলে কোর্ট অব ওয়ার্ডস কর্ত্তৃক তালুকের কার্য্যাধ্যক্ষতা করিবার ব্যবস্থা দিতে পারিবেন, কিন্তু

খ। যে কোন স্থলে একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন।

১০৫ ধারা। কোন স্থলের অনুপযুক্ততা বিবেচনা করিয়া পূর্ব্ব ধারার খ। প্রকরণমতে এক জন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা অনুচিত হয়, সেই সকল স্থলে তালুকের রক্ষণাবেক্ষণ করণার্থ কোন ব্যক্তিকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

জেলার জজ সাহেব ও কালেক্টর সাহেব একত্র হইয়া যে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। এই কোন ব্যক্তিকে এরূপ নিযুক্ত করা গেলে, জি. টি. জজ সাহেব উক্ত প্রকরণমতে অন্যকে নিযুক্ত করিবেন না। কিন্তু কোন সময়ে উক্ত জজ সাহেবের সহিত কালেক্টরের এক জনকে কার্য্যে নিযুক্ত রাখা উচিত বোধ করেন, তবে এই বেশি থাকিতে পারিবে না।

১০৬ ধারা। যে কোন স্থলে কোর্ট অব ওয়ার্ডস ১০৫ ধারামতে কোন মহালের বা তালুকের কার্য্যাধ্যক্ষতা গ্রহণ করেন, সেই স্থলে কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইনের যে সমস্ত বিধান তাবৎ সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা সম্পর্কীয় হয়, সেই সমস্ত বিধান উক্ত কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবে।

কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইন কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবার কথা।

১০৭ ধারা। (১) জিলার জজ সাহেব সময়ে সময়ে যেরূপ আদেশ করেন, ধারার (২) প্রকরণমতে নিযুক্ত কার্য্যাধ্যক্ষ পারিশ্রমিকস্বরূপ সেইরূপ অবধারিত বেতন কিম্বা কার্য্যাধ্যক্ষরূপে তিনি যে টাকা আদায় করেন সেই টাকার সেইরূপ শতকরা প্রাপ্ত হইবেন।

কার্য্যাধ্যক্ষের প্রতি যে বিধান করিবে তাহার কথা।

(২) জিলার জজ সাহেব যে জমিদার দিবার আদেশ করেন, উক্ত কার্য্যাধ্যক্ষ যথাবিধি আপনার কর্ত্তব্য সম্পাদন করিবার সেইরূপ জামিন দেবেন।

(৩) তিনি নিযুক্ত না হইলে সহাধিকারীরা সংযুক্ত ভাবে যে সকল কর্ম্ম অনুচিত বোধ করিতে পারিতেন তিনি জিলার জজ সাহেবের কর্ত্তৃত্বাধীনে কার্য্য করিতে নিযুক্ত সেই সকল অবস্থানুসারে কার্য্য করিতে পারিবেন, এবং এই কার্য্যে কারীরা এরূপ কোন ক্ষমতা সম্পাদন করিতে পারিবেন না।

(৪) তিনি জিলার জজ সাহেবের অনুমতি লইয়া কার্য্য করিবেন ও তাহা সেই সাহেবকে বুঝাইয়া দিবেন।

(৫) তিনি তাঁহার কর্ম্ম হইতে বরখাস্ত হইবার সময় পর্য্যন্ত সহাধিকারীদিগকে বা তাঁহাদের কোন এক জনকে তাঁহার কার্য্য দেখিতে ও তাহার হিসাব লইতে দিবেন।

(৬) উক্ত জিলার জজ সাহেব যে সময়ে ও যে পরিমাণে আজ্ঞা করেন, তিনি সেই সময়ে ও সেই পরিমাণে হিসাব পাস করিবেন।

(৭) তিনি ১১২ ধারামতে যে আপীল করিতে পারিতেন, সেই সেই আপীল করিতে পারিবেন।

(৮) জিলার জজ সাহেব যে আজ্ঞা করিতে পারেন, তিনি সেই আজ্ঞা করিতে পারিবেন।

১০৮ ধারা। কোন মহাল বা তালুক কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতাধীনে থাকিবার সময় কোন ব্যক্তি তাহার অধিকারিগণের বা কার্য্যাধ্যক্ষতার প্রতিনিধি হইবার ক্ষমতার কথা।

কোন ব্যক্তি কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতাধীনে থাকিবার সময় কোন ব্যক্তি তাহার অধিকারিগণের বা কার্য্যাধ্যক্ষতার প্রতিনিধি হইবার ক্ষমতার কথা।

যদি জিলার জজ সাহেব ও কালেক্টর সাহেব সাধারণের অনুমতি না করেন, তবে কোন ব্যক্তিকে সহাধিকারিদিগের দ্বারা কার্য্যাধ্যক্ষতা দিতে পারিবেন। তিনি যে কোন সময়ে সহাধিকারিদিগের উপর কালেক্টর তালুকের কার্য্যাধ্যক্ষতা তাঁহার প্রতি দিবার আদেশ করিতে পারিবেন।

১০৯ ধারা। এই কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক পূর্ব্ব প্রকরণের কার্য্যাধ্যক্ষদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দেশ করিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১০ম অধ্যায়।

স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত করিবার বিধি।

স্বত্বের লিপির কথা।

স্বত্বের লিপি প্রস্তুত করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

১১০ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন স্থলে মাদ্রাস ভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক এবং পশ্চাল্লিখিত কোন স্থলে উচিত বোধ করিলে ঐরূপ অনুমতি গ্রহণ না করিয়া এইরূপ আজ্ঞা করিতে পারিবেন, যে সময়ে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত রাজস্ব কর্ম্মচারী কর্ত্তৃক কোন স্থানের সমুদায় প্রজাদের বা কোন শ্রেণীর প্রজাদের স্বত্বের লিপি প্রস্তুত করা যাইবে।

(২) নিম্নলিখিত স্থলে মদ্রিসহাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি পূর্ব্ব গ্রহণ না করিয়া এই ধারামতে আজ্ঞা করা যাইতে পারিবে, অর্থাৎ—

(ক) যে স্থলে ভূম্যধিকারী কিম্বা ভূম্যধিকারীদের বা প্রজাদের অনেকাংশ লোকে উক্ত আজ্ঞা পাইবার প্রার্থনা করেন, এবং খরচ দিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের আদেশমত টাকা আনায়ত করেন, সেই স্থলে;

(খ) যে স্থলে ঐরূপ লিপি প্রস্তুত করিলে, সম্ভবতঃ প্রজা ও ভূম্যধিকারীদের মধ্যে যে মকদ্দমা হইবার আছে, তাহা হইবার সম্ভাবনা, তাহার নিষ্পত্তি বা নিবারণ হইতে পারে, সেই স্থলে; এবং

(গ) যে স্থলে গবর্ণমেণ্ট বা কোর্ট অব ওয়ার্ডস যাহার মালিক বা কার্য্যাধ্যক্ষ, এরূপ কোন মহালের বা তালুকের মধ্যে উক্ত স্থান অন্তর্ভুক্ত থাকে, সেই স্থলে।

(৩) এই ধারামত কোন আজ্ঞার বিজ্ঞাপন রাজকীয় গেজেটে দেওয়া গেলে তাহাই উক্ত আজ্ঞা জারি বিধি হইবার সিদ্ধান্ত প্রমাণ করিবে।

যে যে বিশেষ কথা লিপিবদ্ধ করিতে হইবে, তাহা লেখা।

১১১ ধারা। পূর্ব্ব ধারামতে কোন আজ্ঞা করা গেলে যে যে বিশেষ কথা লিপিবদ্ধ করিতে হইবে, উক্ত আজ্ঞায় তাহা নির্দ্দেশ করা যাইবে, ও নিম্নলিখিত সমুদায় বা কতকগুলি তন্মধ্যে থাকিতে পারিবে, অর্থাৎ—

(ক) প্রত্যেক প্রজার নাম;

(খ) তিনি যে শ্রেণীর প্রজা, অর্থাৎ তিনি তালুকদার কি অন্য কোন ছাড়ে ভূমি ভোগকারি রাইয়ত কি চিরস্থায়িস্বত্ববিশিষ্ট কি দখলীস্বত্ববিশিষ্ট রাইয়ত কি কোফা রায়ত;

(গ) তিনি যে ভূমি ভোগ করেন, তাহার অবস্থান, পরিমাণ ও সীমা;

(ঘ) তাহার ভূম্যধিকারির নাম;

(ঙ) দেয় খাজানা;

(চ) চুক্তিক্রমে কি আইনের আজ্ঞাক্রমে কি প্রথাসিদ্ধরূপে উক্ত খাজানা ধার্য্য হইয়া থাকে তাহা;

(ছ) খাজানা কমশঃ বৃদ্ধি হইয়া থাকিলে, যে সময়ে ও যে পরিমাণে বৃদ্ধি হয় তাহা;

(জ) কোন বিশেষ নিয়মে প্রজা ভূমি ভোগ করিলে তাহা।

ভূস্বামীর বা তালুকদারের প্রার্থনামতে রাজস্ব কর্ম্মচারীর বিশেষকথা লিপিবদ্ধ করিতে পারিবার কথা।

১১২ ধারা। ভূস্বামী বা তালুকদার প্রার্থনা করিলে ও যত টাকা খরচ দিবার আদেশ হয় তাহা আদায়ত করিলে, এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে বিধিপ্রণয়ন করেন সেই বিধিমালয়া ও তদনুসারে কোন রাজস্ব কর্ম্মচারী কোন মহাল বা তালুক বা তাহার কোন অংশ সম্বন্ধে পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট বিশেষ কথা নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিতে পারিবেন।

লিপি প্রকাশ করিবার কথা।

১১৩ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী ঐ লিপি সম্পূর্ণ করিলে স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারে ও যত কাল প্রকাশ করিবার আদেশ দেন, সেই প্রকারে ও ততকাল ঐ লিপির পাণ্ডুলেখ্য ঐ স্থানে প্রকাশ করাইবেন এবং উক্ত কালমধ্যে ঐ লিপির কোন লেখা সম্বন্ধে যে কোন আপত্তি করা যায়, তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিয়া দেখিবেন।

(২) উক্ত কাল অতীত হলে, রাজস্ব কর্ম্মচারী উক্ত লিপি চূড়ান্তরূপে স্থির করিয়া দেখিবেন ও স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারে প্রকাশ করিবার আদেশ করেন, সেই প্রকারে তাহা ঐ স্থানে প্রকাশ করাইবেন; এবং উক্ত লিপি এই অধ্যায়মতে সম্যক্ বলিয়া গৃহীত হইয়াছে এরূপ প্রকাশ হলেই তাহার সিদ্ধান্ত প্রমাণ হবে।

লিপির লেখা সম্বন্ধে বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

১১৪ ধারা। পূর্ব্ব ধারামতে উক্ত লিপি চূড়ান্তরূপে প্রকাশ করিবার পূর্ব্বে কোন সময়ে রাজস্ব কর্ম্মচারী তাহার কোন কথা লিখিবার প্রস্তাব করিলে ও লিখিলে যদি তাহার শুদ্ধতাসম্বন্ধে বিবাদ উপস্থিত হয়, তবে রাজস্ব কর্ম্মচারী ঐ বিবাদ গ্রহণ করিয়া নিষ্পত্তি করিবেন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনে মোকদ্দমার বিচার করিবার যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট আছে, এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বোধ মালিয়া উক্ত কার্য্যপ্রণালী অবলম্বন করিবেন, এবং তাঁহার নিষ্পত্তি ডিক্রীর তুল্যবৎ হইবে।

রাজস্ব কর্ম্মচারীদের নিষ্পত্তির উপর আপীল শুনিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট এক বা একাধিক ব্যক্তিকে বিশেষ জজ বলিয়া নিযুক্ত করিবেন।

১১৫ ধারা। (১) পূর্ব্ব ধারামত রাজস্ব কর্ম্মচারীদের নিষ্পত্তির উপর আপীল শুনিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট এক বা একাধিক ব্যক্তিকে বিশেষ জজ বলিয়া নিযুক্ত করিবেন।

(২) পূর্ব্ব ধারামত রাজস্ব কর্ম্মচারীর নিষ্পত্তির উপর বিশেষ জজের নিকট আপীল হইতে পারিবে এবং আপীলসম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনে যে সকল বিধান আছে তাহা উক্ত আপীলসম্বন্ধে যতদূর খাটিতে পারে খাটিবে।

(৩) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৫২ অধ্যায়ের প্রথম ধারার অর্থমতে বিশেষ জজ হাই কোর্টের অধীন আদালত হইলে যেরূপ হইত, উক্ত অধ্যায়ের বিধানের নিয়মাধীনে তাঁহার নিষ্পত্তির উপর হাই কোর্ট সেইরূপ আপীল হইতে পারিবে

ঐ লিপির যে লেখা সম্বন্ধে বিবাদ না থাকে তাহা অনুমানমত প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবার কথা,

১১৬ ধারা। (১) এই অধ্যায়মতে যে লিপি প্রস্তুত করা যায় তাহাতে যে যে লেখা সম্বন্ধে বিবাদ আছে ও যে যে লেখা সম্বন্ধে বিবাদ নাই, তাহা পৃথক করিয়া নির্দ্দেশ করিতে হইবে।

(২) উক্ত লিপির যে লেখা সম্বন্ধে বিবাদ নাই, তাহা বিপরীত দর্শান না গেলে শুদ্ধ বলিয়া অনুমান হইবে।

খাজানা ধার্য্য হওয়ার বিধি।

খাজানা ধার্য্য করণার্থ রাজস্ব কর্ম্মচারীদের প্রতি আজ্ঞা করিতে পারিবার কথা।

১১৭ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে, পশ্চাল্লিখিত যে কোন স্থলে এরূপ আদেশ সূচক আজ্ঞা করিতে পারিবেন, যে কোন শ্রেণীর প্রজার বা কোন শ্রেণীর প্রজার খাজানা, স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে সময়ে যে রাজস্ব কর্ম্মচারীদিগকে নিযুক্ত করেন, তাঁহাদের দ্বারা ধার্য্য হইবে।

কিন্তু এরূপ আজ্ঞা করা বাঞ্ছনীয়, স্থানীয় তদন্ত লইয়া স্থানীয় গবর্ণমেণ্টের এরূপ স্থির না জন্মিলে, উক্ত গবর্ণমেণ্ট এরূপ আজ্ঞা করিবেন না।

(১) নিম্নলিখিত স্থলে এই ধারামতে আজ্ঞা করা যাইতে পারিবে, অর্থাৎ,

(ক) যে কোন স্থলে বন্দোবস্তের লিপি প্রস্তুত করিতে এই অধ্যায়মতে কোন রাজস্ব কর্ম্মচারীর প্রতি আদেশ করা যায়, এবং

(খ) যে স্থলে কোন স্থান সম্বন্ধে রাজস্ব ধার্য্য হইতেছে।

(৩) এই ধারামতে স্থানীয় গেজেটে কোন আজ্ঞার বিজ্ঞাপন দেওয়া গেলে, উক্ত বিজ্ঞাপনই উক্ত আজ্ঞা যথোপযুক্ত হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে, এবং কোন আজ্ঞা এরূপে বিজ্ঞাপিত হইলে, তাহা যতকাল এরূপে বিজ্ঞাপিত আজ্ঞাক্রমে রহিত না হয়, ততকাল প্রবল থাকিবে।

(৪) কোন প্রজাদের সম্বন্ধে এই ধারামত আজ্ঞা প্রচলিত হইলে, কোন দেওয়ানী আদালত এই আইনমতে উক্ত প্রজাদের খাজানা বৃদ্ধি বা কম করিবার মোকদ্দমা গ্রহণ করিবেন না।

খাজানা ধার্য্য করিবার কার্য্যপ্রণালীর কথা।

১১৮ ধারা। (১) কোন রাজস্ব কর্ম্মচারী এই অধ্যায়মতে খাজানা ধার্য্য করিবার ভার প্রাপ্ত হইলে, ১১১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ কথা ও স্থানীয় গবর্ণমেণ্ট অন্য কোন কথা নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিবার আদেশ দিলে সেই অন্য কথা নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিবেন।

(২) ১ প্রকরণমত লিপিতে উক্ত কর্ম্মচারী কোন কথা লিখিয়া থাকিলে বা লিখিবার প্রস্তাব করিলে, তাহার শুদ্ধতা সম্বন্ধে, পশ্চাল্লিখিত বিধানমতে জমাবন্দী চূড়ান্তরূপে প্রকাশ করিবার পূর্ব্বে কোন সময়ে বিবাদ উত্থাপিত হইলে, ১১৪ ও ১১৫ ধারার বিধান খাটিবে।

(৩) যে তালুকের খাজানা পরিবর্ত্তিত হইতে পারে সেই তালুক হইলে কিম্বা দখলীস্বত্ববিশিষ্ট রায়তের যোত হইলে ভূমাধিকারীর বা প্রার্থনামতে উক্ত কর্ম্মচারী তৎসম্বন্ধে তদ্যুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিবেন।

(৪) যথাবিপরীত দর্শান না যায় এই কার্য্যের নিমিত্ত তিনি যে খাজানা উপযুক্ত ও ন্যায্য বলিয়া অবধারণ করিবেন, সে খাজানা ধার্য্য করিবার নিমিত্ত যে স্থানীয় অনুসন্ধানের উদ্দেশার্থ এই আইনে যে সকল বিধি নির্দ্দিষ্ট হইল, তদনুসারে তিনি অনুসন্ধান করিবেন।

(৫) ৩৩৪ প্রকরণমতে অনুমোদন আবশ্যক হইলে উক্ত কর্ম্মচারী এই অধ্যায়মতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রণালী বিধি নয়, কোর্ট অব ওয়ার্ডের কার্য্যপ্রণালী নয়, এমন প্রণালী অবলম্বন করিবেন এবং ঐরূপ প্রস্তাবিত আনুষ্ঠানিক কার্য্যে তাঁহার নিষ্পত্তি চূড়ান্তের তুল্য বলবৎ হইবে।

(৬) এরূপ প্রস্তাবিত নিষ্পত্তির উপর ১১৯ ধারায় উক্ত বিশেষ জজে, সরট আপীল হইতে পারিবে। তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে, কিন্তু তাহা এই নিয়মের অধীন থাকিবে যে, এই ধারার (২) প্রকরণমত তৃতীয় আপীলে যদি হাই কোর্ট, যে সকল বিশেষ কথা ধরিয়া কোন যোতের খাজানা ধার্য্য হইয়াছে, তন্মধ্যে কোন কথা সম্বন্ধে বিশেষ জজের নিষ্পত্তি পরিবর্ত্তন করেন, তবে উক্ত কোর্ট ঐ যোতের নিমিত্ত নূতন খাজানা ধার্য্য করিতে পারিবেন, কিন্তু তাহা ধার্য্য করিবার সময়ে সেই শ্রেণীর অন্যান্য যোতের যেরূপ খাজানা এই ধারামতে নির্ণীত বা ধার্য্য হইয়া থাকে, তাহা দেখিয়া চলিবেন।

(৭) রাজস্ব কর্ম্মচারী যে সকল বিশেষ কথা লিখিতে ও যে খাজানা ধার্য্য করিতে আদেশ প্রাপ্ত হন সেই সকল বিশেষ কথা ও খাজানা লিখিলে ও ধার্য্য করিলে তিনি এক বা একাধিক জমাবন্দীর পাণ্ডুলেখা প্রস্তুত করিবেন। তিনি যে যে বিশেষ কথা লিপিবদ্ধ করেন ও খাজানা ধার্য্য করিলে যত টাকা খাজানা ধার্য্য করেন তাহা উক্ত জমাবন্দীতে দেখাইতে হইবে।

(৮) জমাবন্দী ১১৩ ধারার মত যাহা লিপি হইলে, ১১৩ ধারা তৎসম্বন্ধে যেরূপ খাটিত, এই ধারামত প্রস্তাবিত জমাবন্দী সম্বন্ধেও সেইরূপ খাটিবে এবং এই ধারা (১) প্রকরণ ভিন্ন কোন জমাবন্দীতে যে সকল কথা লেখা যায় তৎসম্বন্ধে ১১৯ ধারা খাটিবে।

যে সময়ে খাজানার পরিবর্ত্তন ফলবৎ হইবে তাহার কথা।

১১৯ ধারা। পূর্ব্ব ধারামতে কোন খাজানা পরিবর্ত্তন করা গেলে, জমাবন্দী চূড়ান্ত প্রকাশ করিবার পরবর্ত্তী কুষিবৎসরের প্রারম্ভে, যদি ঐ পরিবর্ত্তন ফলবৎ হইবে।

ধার্য্যকরা খাজানা যত কাল অপরিবর্ত্তিত থাকিবে, তাহার কথা।

১২০ ধারা। ১১৮ ধারার (৩) প্রকরণমতে কোন যোতের খাজানার টাকা ধার্য্য করাইবার নিমিত্ত কোন ভূমাধিকারী প্রার্থনা করিবার স্বত্ব থাকিলে, ভূমাধিকারীর উৎকর্ষসাধন কিম্বা যোতের পরিমাণ পরিবর্ত্তন হেতুক

না হইলে এই অধ্যায়মতে বোর্ডের যে খাজানা নির্দ্ধারিত বা ধার্য্য হয়, তাহা অনাবন্দী চূড়ান্তরূপে প্রকাশ করিবার তারিখ অবধি পনের বৎসর কাল মধ্যে বৃদ্ধি করা যাইবে না।

অতিরিক্ত বিধানের কথা।

১২১ ধারা। একজন ভূম্যধিকারীর, কিম্বা অনেক ভূম্যধিকারীর ও প্রজার প্রার্থনা ক্রমে, কিম্বা প্রজা ও ভূম্যধিকারীদের মধ্যে হুকুমত বিবাদ নিষ্পত্তি বা নিবারণ করিবার উদ্দেশে, এই অধ্যায়মতে কোন আজ্ঞা করা গেলে, কেবল এই আজ্ঞার বিধান সকল করিতে নিযুক্ত সমুদয় কর্ম্মচারীর বেতন এবং যে সকল কর্ম্মচারী আর রাজকীয় কর্ম্মান্তরে নিযুক্ত থাকেন তাঁহাদের বেতনের যে অংশ স্থানীয় গবর্মেণ্ট সময়ে২ নির্দ্দিষ্ট করেন, সেই অংশ সমেত উক্ত বিবাদ কোন স্থলে নিষ্পন্ন করিতে গবর্ণমেণ্টের যে সমুদয় খরচ পড়ে, তাহার ঐ স্থানের যে ভূম্যধিকারী ও প্রজা দখলী থাকা ঐ সময়ে স্থির বা নির্ণীত হয়, তাঁহারা আপনি গবর্ণমেণ্টে ঐ স্থলে সমুদয় আবশ্যক বিবেচনায় যে রূপ ধার্য্য করিয়া দেন, সেই রূপ ধারাবন্দীতে দিবেন। এবং কোন ব্যক্তির প্রতি যে খরচের যে ভাগ নির্দ্দিষ্ট হয়, তাহা তাঁহার দেনা রাজস্বের ন্যায় তাঁহার স্থানে আদায় করা যাইতে পারিবে।

১২২ ধারা। কোন হস্তান্তর সম্বন্ধে ১১, ধারা খ) প্রকরণের বিধি বিশেষ করা এই অধ্যায়মতে নির্দ্দিষ্ট করা গেলে পর ঐ ধারার উক্ত বিধি তৎসম্বন্ধে খাটিবে না।

---

১১ শ অধ্যায়।

ধার্য্যের তালিকা প্রস্তুত করিবার বিধি।

১২৩ ধারা। স্থানীয় গবর্মেণ্ট রাজকীয় নোটিফিকেশন দ্বারা প্রকাশ করিয়া কোন রাজস্ব কর্ম্মচারীকে এক জন স্থানীয় গবর্মেণ্টের নিযুক্ত ভূম্যধিকারের সাহায্যে কোন স্থানের জন্য এতদ্রূপ একটী তালিকা প্রস্তুত করিবার উপায় অবধারণ করিতে আজ্ঞা দিতে পারিবেন যাহাতে উক্ত স্থানের অনুযায়ী এক বা অধিক শ্রেণীর ভূমির নিমিত্ত উপযুক্ত ওজন মতে দখলী স্বত্ববিশিষ্ট রায়তের দেয় খাজানার হার দেখান যাইবে।

তালিকায় যাহা লেখা থাকিবে তাহার কথা।

১২৪ ধারা। উক্ত তালিকায় এই কয়টী কথা লেখা থাকিবে, যথা,

(ক) ভূমির প্রকৃতি, অবস্থান, জলসেচনের উপায় ও তদ্রূপ অন্যান্য বিষয় বিবেচনায় যে কয়েক শ্রেণীর ভূমির জন্য ভিন্ন ভিন্ন খাজানার হার ধার্য্য করা আবশ্যক হয় তাহা, এবং

(খ) ঐরূপ প্রত্যেক শ্রেণীর ভূমি যে দখলীস্বত্ব বিশিষ্ট রায়তেরা ভোগ করে, উপযুক্ত ও ন্যায্যমতে তাহাদের দেয় খাজানার হার।

যে বিধি অনুসারে খাজানার হার ধার্য্য করিতে হইবে তাহার কথা।

১২৫ ধারা। ১২৪ ধারামতে কোন শ্রেণীর ভূমির খাজানার হার ধার্য্য করিবার সময়ে নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিতে হইবে।

(ক) ঐ শ্রেণীর ভূমির জন্য যে হারে খাজানা দিয়া থাকে, তৎপ্রতি;

(খ) যে সময়ে হার ধার্য্য হয় সেই সময়ে ঐ স্থানে চলিত যে হারে প্রধান২ খাদ্য শস্যের গড়ে যে মূল্য ছিল, অথবা উক্ত সময় কিম্বা সেই সময়ের গড় মূল্য জানা যাইতে না পারিলে, আর যে সময় তুলনায় নিম্নতম লওয়া ন্যায্য ও যাহাকর বোধ হয়, সেই সময়ে যে গড় মূল্য ছিল তাহার প্রতি;

(গ) যে সময়ে তালিকা প্রস্তুত করা যায় সেই সময়ে ঐ স্থানে বা চলিত বাজারে প্রধান২ খাদ্য শস্যের গড়ে যে মূল্য চলিত, তাহার প্রতি; এবং

(ঘ) নিম্ন লিখিত বিধির প্রতি, অর্থাৎ, যদি প্রধান২ খাদ্য শস্যের গড় মূল্য বৃদ্ধি হেতুক কোন শ্রেণীর ভূমির খাজানার হার বৃদ্ধি করা যায়, তবে পূর্ব্ব গড় মূল্যের সহিত নূতন গড় মূল্যের যে অনুপাত থাকে, পুরাতন হারের সহিত নূতন হারে তদনুযায়ী উক্ত হারের অনুপাত রাখিবে, এই বিধির প্রতি।

কিন্তু কোন শ্রেণীর ভূমির নিমিত্ত ধার্য্য কর কোন স্থানে তাহার অপেক্ষা টাকায় চারি আনার অধিক হইবে না।

তালিকার স্থানীয় প্রকাশ করণের কথা।

১২৬ ধারা। উক্ত রূপ রাজস্ব কর্ম্মচারী প্রস্তাবিত তালিকা প্রস্তুত করিলে, উক্ত যে স্থান সম্বন্ধীয় তাহা, সেই স্থানের প্রচলিত দেশীয় ভাষায় তিনি স্থানীয় গবর্মেণ্ট যে রূপ আদেশ করেন, সেই প্রকারে উক্ত স্থানে ঐ তালিকা প্রকাশ করিবেন।

রাজস্ব কর্ম্মচারীর তালিকা সংশোধন করিতে পারিবার কথা।

১২৭ ধারা। তালিকার কোন লেখা সম্বন্ধে কোন ব্যক্তির তাহা প্রকাশ হইবার পর এক মাস মধ্যে উক্ত রাজস্ব কর্ম্মচারীর নিকট দরখাস্ত করিতে বিশেষ, উক্ত রাজস্ব কর্ম্মচারী আবেদনপত্রের সাক্ষ্যে, একত্র আপত্তি বিবেচনা করিয়া দেখিবেন এবং তালিকা পরিবর্ত্তন বা সংশোধন করিতে পারিবেন।

তালিকা চূড়ান্তরূপে প্রকাশ করণের কথা।

১২৮ ধারা। উক্ত এক মাস কালের মধ্যে আপত্তি করা না গেলে অথবা আপত্তি করা গেলেও তাহার নিষ্পত্তি হইলে পর, রাজস্ব কর্ম্মচারী প্রদেশের কমিশনর সাহেবের দ্বারা বোর্ড রেবিনিউ বোর্ডে উক্ত তালিকা অনুমোদনের নিমিত্ত পাঠাইবেন, এবং তৎসঙ্গে আপনার কার্য্যাদিবরণ প্রত্যেক বিষয়ে তিনি যে নিষ্পত্তি করেন তাহার হেতু লিখিয়া রিপোর্ট ও যে আপত্তির দরখাস্ত পাওয়া গিয়া থাকে তাহাও পাঠাইবেন।

১২৯ ধারা। রেবিনিউ বোর্ড যে প্রকারে উচিত বোধ করেন, পূর্ব্ব ধারামত প্রেরিত তালিকা সেই প্রকারে সংশোধন করিতে পারিবেন এবং তন্মধ্যে যে কোন আপত্তি [illegible] যে কোন আপত্তি করা যায়, তাহা [illegible] অগ্রাহ্য করিতে পারিবেন, [illegible] অংশের [illegible] পারিবেন।

তাং, রইস রেবিনিউ বোর্ডের ক্ষমতাপ্রণালীর কথা।

১৩০ ধারা। বোর্ড কর্ত্তৃক তালিকা [illegible] [illegible]

চূড়ান্ত অনুমোদিত তালিকা [illegible] কথা।

[illegible]

১৩১ ধারা। [illegible]

তালিকা [illegible] কথা।

[illegible]

১৩২ ধারা। [illegible]

[illegible]

১৩৩ ধারা। [illegible]

[illegible] কথা।

[illegible]

[illegible] ন্যায় তাঁহার স্থানে আদায় করা যাইতে পারে।

১৩৪ ধারা। পূর্ব্ব কথিত ধারামতে কোন স্থানে কোন তালিকা প্রবল থাকিলে, উক্ত তালিকার অনুসারে যে কোন [illegible] [illegible] খাজানা [illegible] কালেক্টর [illegible]

যেখানে তালিকা প্রবল থাকে সেখানে খাজানা [illegible] কথা।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আনন্দ, বলরাম, চন্দ্র ও দীননাথের যোত, ঐপ্রকারের ভূমি। ঐ যোতের অন্তর্গত কূপ হইতে তাহাতে জলসেচন হয়।

আনন্দের যোতের কূপ পুরাতন, প্রজাস্বত্বসৃষ্টির পূর্ব্ব হইতে আছে। বলরামের যোতের কূপ প্রজাস্বসৃষ্টি হইবার পর ভূম্যধিকারী প্রস্তুত করাইয়াছেন। চন্দ্রের যোতের কূপ তিনি প্রস্তুত করাইয়াছেন। দীননাথের যোতের কূপ ভূম্যধিকারী ও রায়ত প্রত্যেক কিছুকিছু মালমশলার কিয়দংশ দিয়া প্রস্তুত করাইয়াছেন। আনন্দ ও বলরামের যোতের খাজানা একর প্রতি ৮৭ টাকা হারে, চন্দ্রের যোতের খাজনা একর প্রতি ২৫ টাকা হারে, এবং দীননাথের যোতের খাজানা ২৭ টাকা ও ৮৭ টাকা এই উভয়ের মধ্যবর্ত্তী যে হারে আদালত উপযুক্ত ও ন্যায্য বিবেচনা করেন, সেই হারে ধার্য্য করিতে হইবে।

(খ) কোন এক প্রকারের ভূমির নিম্নে তালিকায় যে হার লিখিত আছে, তাহা নিম্নলিখিতরূপ ;—

কোন কূপের সাহায্য হইতে উক্ত ভূমিতে

জল সেচন করা গেলে ...একর প্রতি ৪৭ টাকা,

ঐরূপে জল সেচন করা না গেলে ... একর প্রতি ২৭ টাকা

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত ঈশান ঐ ঐ যোতে ভূমি উক্ত প্রকারের, এবং তাহাতে পঁচিশ বৎসর পূর্ব্বে ঐ কূপ হইতে জলসেচন করা যাইত না, কিন্তু ঐ সময়ে নিকটস্থ একটি নদীর গতি পরিবর্ত্তন হওয়াতে ঐ যোতের সন্নিকটে পূর্ব্বে একটি খাল হইয়াছে। ঈশান পঞ্চাশ বৎসর ঐ ঐ যোত ভোগ করিতেছেন, ২৫ বৎসর মাত্র। ঈশানের যোতের খাজানা ২৭ টাকা হারে এবং অন্যের যোতের খাজানা ৮৭ টাকা হারে ধার্য্য করিতে হইবে।

ভূস্বামীর নিজ জমী নির্ণয় করিবার বিধি।

১৮ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী নিম্নলিখিত জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করিবেন।—

(ক) যে জমী খামার, জেরাত, সের, নিজ, নিজ যোত বা কামাত বলিয়া ভূস্বামী নিজে আপন সরঞ্জাম দ্বারা বা আপন চাকর দ্বারা বা বেতনভোগী মজুর দ্বারা এই আইন বিধিবদ্ধ হইবার অব্যবহিত পূর্ব্ববর্ত্তী বার বৎসর চাষ করিয়াছেন বলিয়া প্রমাণ হয়, সেই জমী এবং

(খ) যে আবাদী জমী গ্রাম্যচারক্রমে ভূস্বামীর খামার, জেরাত, সের, নিজ, নিজ যোত বা কামাত জমী বলিয়া গণ্য হয়, সেই জমী।

(২) অন্য কোন জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করা উচিত কি না, তাহা নিরূপণ করিতে হইলে, উক্ত কর্ম্মচারী দেশাচার প্রতি এবং ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ১ তারিখের পূর্ব্বে ভূস্বামীর নিজ জমী বলিয়া বিশেষ করিয়া ঐ জমী জমা দেওয়া হইয়াছিল কি না এই কথার প্রতি দৃষ্টি রাখিবেন ; কিন্তু যাবৎ বিপরীত প্রমাণ না যায়, তাবৎ উক্ত জমী ভূস্বামীর নিজ জমী নহে, এইরূপ অনুমান করিবেন।

(৩) জমী ভূস্বামীর নিজ জমী কি না এবিষয়ে দেওয়ানী আদালতে কোন প্রশ্ন উঠিলে, রাজস্ব কর্ম্মচারীর কার্য্যবৃদ্ধি প্রশমনার্থ এ ধারার যে নির্দ্দিষ্ট হইল, উক্ত আদালত তাহা প্রতি দৃষ্টি রাখিবেন।

১৩শ অধ্যায়।

ভূস্বামীর নিজ জমী লিপিবদ্ধ করিবার বিধি।

ভূস্বামীর নিজ জমী চাষ ও লিপিবদ্ধ করিবার আজ্ঞা দিতে স্থানীয় মেণ্টে ক্ষমতার কথা।

১৩৪ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে এইরূপ আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন যে, কোন নির্দ্দিষ্ট স্থানে ৩২ ধারা মন্মতে যাবতীয় ভূস্বামীর নিজ জমী বাহির করিয়া যে সকল জমী থাকে, সেই সকল জমী রাজস্ব কর্ম্মচারী তাহা তদারক করিয়া লিপিবদ্ধ করেন।

ভূস্বামীর প্রজাদের প্রার্থনাতে নিজ জমীর কথা লিপিবদ্ধ করিতে রাজস্ব কর্ম্মচারীর ক্ষমতার কথা।

১৩৬ ধারা। ভূস্বামীর নিজ জমী লিখিত হইলে, উক্ত জমী ভূস্বামীর বা কোন প্রজার প্রার্থনাতে ও খরচের যত টাকা স্থির হয়, তিনি সেই টাকা আদালতে জমা করিলে, কোন রাজস্ব কর্ম্মচারী এতদর্থে স্থানীয় মেণ্টে ক্ষমতা দিলে, সেই বিধি মানিয়া ও তদনুসারে উক্ত জমী ভূস্বামীর নিজ জমী কি না, তাহা নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিতে পারিবেন।

নিজ জমী লিপিবদ্ধ করিবার কার্য্যপ্রণালীর কথা।

১৩৭ ধারা। কোন রাজস্ব কর্ম্মচারী উক্ত ভার গ্রহণ করিতে বাধ্য হইবেন না, কিন্তু তিনি ভার গ্রহণ করিলে, ১৩৩, ১৩৪, ১৩৫ ও ১৩৬ ধারার বিধান বর্ত্তিবে।

১৪শ অধ্যায়।

ভোগ করিবার বিধি।

কোন রায়তের বা কোন রায়তের ভূম্যধিকার বাকী খাজনা পাওনা হইলে, ও এক বৎসরের অধিক কাল পাওনা হয়া না থাকিলে, এবং ভূস্বামী ভূম্যধিকারী কোন জমা না পড়িয়া থাকিলে, উক্ত ভূস্বামিকে বা আদালতে অন্য যে প্রার্থিকার পাইতে পারেন, তদতিরিক্ত দেওয়ানী আদালতে দরখাস্ত দাখিল করিয়া এই প্রার্থনা করিতে পারিবেন, যে উক্ত এজলাসের এক হুকুমের দ্বারা আছে,

(ক) এক কি যে কোন শস্য বা ভূমির অন্য উৎপন্ন এ যোতে কাটা বা তোলা না হইয়া থাকে, ও

(খ) এক কি যে কোন শস্য বা ভূমির অন্য উৎপন্ন উক্ত যোতে রহিয়াছে, এবং কাটা বা তোলা গিয়া ঐ যোতে [illegible] স্থানে, কিম্বা [illegible] স্থানে রক্ষিত হইয়াছে,

তাহা ক্রোক করিয়া উক্ত বাকী খাজনা আদায় করেন।

কিন্তু

(১) বঙ্গদেশের ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের আইনমতে অধিকরণ ভুক্তা ভূমি বিক্রয়ের বা কার্য্যাধ্যক্ষের কিম্বা তদীয় বন্ধকগ্রহীতার নাম ও যে

ভূমি সম্বন্ধে বাকী খাজানা পাওনা হয় সেই ভূমিতে তাঁহার স্বার্থের পরিমাণ যদি উক্ত আইনের বিধান-মতে রেজিষ্টরী করা না হইয়া থাকে, তবে তৎকর্ত্তৃক কিম্বা

(২) পূর্ব্ব কৃষি বৎসরে যোতের নিমিত্ত দেয় খাজানার অতিরিক্ত যে কোন টাকা লিখিত চুক্তিমতে কিম্বা এই আইনমত বা এতদ্দ্বারা রক্ষিত করা কোন আইনমত কার্য্যতঃ ক্রমে দিতে না হয়, সেই টাকা আদায়ের নিমিত্ত; কিম্বা

(৩) যোতের যে কোন অংশ প্রজা ভূম্যধিকারীর লিখিত সম্মতি লইয়া পোটাও বিলি করিয়াছে, সেই অংশের উৎপন্ন সম্বন্ধে,

এই ধারামতে দরখাস্ত করা যাইবে না।

যে পাঠে দরখাস্তে লিখিতে হইবে তাহার কথা।

১৪০ ধারা। (১) পূর্ব্ব ধারামত প্রত্যেক দরখাস্তে এই এই বিশেষ কথা লিখিত থাকিবে,—

(ক) যে যোত সম্বন্ধে বাকী খাজানার দাওয়া হয় তাহা এবং তাহার সীমা অথবা তাহা যাহাতে চেনা যায় এরূপ অন্য বিবরণ;

(খ) প্রজার নাম;

(গ) যে কালের বাকী খাজানার দাওয়া হয় তাহা;

(ঘ) যত টাকা বাকী খাজানা এবং তাহার উপর সুদ দাওয়া থাকিলে, সেই সুদ, এবং পূর্ব্ববর্ত্তী বৎসরে প্রজার দেয় খাজানা অপেক্ষা অধিক টাকা দাওয়া করা গেলে, যে চুক্তি বা স্থল বিশেষে, আনুষ্ঠানিক ক্রমে ঐ টাকা দেয় হয়, তাহা;

(ঙ) যে উৎপন্ন ক্রোক করিতে হইবে, তাহার ভাব ও আনুমানিক মূল্য;

(চ) যে স্থানে উহা পাওয়া যাইবে, তাহা কিম্বা উহা চিনিবার নিমিত্ত অন্য যে কিছু আবশ্যক হয়, তাহা; এবং

(ছ) উহা জমীতে থাকিলে বা সংগ্রহ করা না গিয়া থাকিলে, যে সময়ে উহা কাটা বা সংগৃহীত হইবার সম্ভাবনা সেই সময়।

(২) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে আবেদনপত্রে যেরূপে স্বাক্ষর করিতে ও সত্যপাঠ লিখিতে হয়, পূর্ব্বোক্তরূপ প্রত্যেক দরখাস্তে সেই রূপে স্বাক্ষর করিতে ও সত্যপাঠ লিখিতে হইবে; এবং এরূপ সত্যপাঠযুক্ত দরখাস্তে যদি এরূপ কোন কথা থাকে, যাহা সত্যপাঠকারী ব্যক্তি মিথ্যা বলিয়া জানেন বা বিশ্বাস করেন, কিম্বা যাহা সত্য বলিয়া জানেন না বা বিশ্বাস করেন না, তবে মিথ্যা সাক্ষ্য দিবার বা প্রস্তুত করিবার দণ্ডবিষয়ক যে আইন প্রচলিত থাকে সেই আইনের বিধানানুসারে এ ব্যক্তির দণ্ড হইতে পারিবে।

দরখাস্ত পাইলে কার্য্য-প্রণালীর কথা।

১৪১ ধারা। (১) দরখাস্তকারী পূর্ব্ব কএক ধারা মত দরখাস্ত দাখিল করিবার সময়ে দরখাস্তের কার্য্য পক্ষে সাক্ষ্যস্বরূপ যে দলীল আবশ্যক বিবেচনা করিবে, তাহা উক্ত আদালতে দাখিল করিতে পারিবেন।

(২) আদালত উচিত বোধ করিলে দরখাস্তকারিকে পরীক্ষা করিতে পারিবেন, ও যত দূর সাধ্য কম বিলম্ব করিয়া দরখাস্ত গ্রাহ্য বা অগ্রাহ্য করিবেন, কিম্বা তাহার তদ্বিষয়ে তদন্তার্থ অধিকতর সাক্ষ্য দিবার নিমিত্ত দরখাস্তকারীর প্রতি অনুমতি দিতে পারিবেন।

(৩) আদালত (২) প্রকরণমতে দরখাস্ত অবিলম্বে গ্রাহ্য বা অগ্রাহ্য করিতে না পারিলে, যদি উচিত বোধ করেন, দরখাস্তের লিখিত শস্য ক্রোক করিবার আজ্ঞা জারী হইবার কিম্বা দরখাস্ত অগ্রাহ্য হইবার অপেক্ষায় তাহা স্থানান্তর করিতে নিষেধ করিয়া আজ্ঞা করিতে পারিবেন।

(৪) যে সময়ে উৎপন্ন শস্য কাটা বা সংগৃহীত হইবার সম্ভাবনা, তাহার অনেক পূর্ব্বে ঐ শস্য ক্রোক করিবার আজ্ঞা করা গেলে, আদালত যত কাল উচিত বোধ করেন তত কাল ঐ আজ্ঞা জারী করণ স্থগিত রাখিতে পারিবেন, এবং উচিত বোধ করিলে ক্রোকের আজ্ঞা জারী হইবার অপেক্ষায় ঐ শস্য স্থানান্তর করা নিষেধ করিয়া ইহার এক আজ্ঞা করিতে পারিবেন।

ক্রোক করিবার আজ্ঞা জারী হইবার কথা।

১৪২ ধারা। পূর্ব্ব ধারামতে দরখাস্ত গ্রাহ্য করা গেলে, আদালত লিখিত উৎপন্ন শস্যাদি অথবা ঐ শস্যাদির যে অংশ, তাহা উচিত বোধ করেন, সেই অংশ ক্রোক করিবার নিমিত্ত এতদ্দেশীয় কর্ম্মচারী সেই স্থানে পাঠাইবেন। ঐ কর্ম্মচারী সেই স্থানে গিয়া ঐ শস্যাদি যথা আবশ্যক পরিমাণে ক্রোক করিয়া তাহার জিম্মা রাখিবেন এবং ঐ ক্রোক হওয়ার মর্ম্মের যে লিখিত করণ ও তুলাপে ক্রোকের বিজ্ঞাপনপত্র প্রদান করিয়া ঐ উৎপন্ন শস্যাদি ক্রোক করিবেন।

কিন্তু যে উৎপন্ন শস্যাদির তাদৃশ বিবেচনায় রক্ষিত করিয়া রাখা যায় না সেই শস্যাদি কাটিবার বা সংগ্রহ করিবার পূর্ব্বে কিম্বা দিনের ন্যূন কোন সময়ে এই ধারামতে তাহা ক্রোক করা যাইবে না।

দাবীপত্র ও হিসাব জারী করিবার কথা।

১৪৩ ধারা। (১) ক্রোকদারী কর্ম্মচারী ক্রোক করিবার সময়ে পাওনা বাকী খাজানার ও ক্রোক করিবার খরচের দাবীপত্র লিখিয়া বাকীদারের উপর জারী করিবেন এবং যে হেতুতে ক্রোক করা যায় তাহা বুঝাইয়া এ সঙ্গে এক হিসাব দিবেন।

(২) যে স্থলে ক্রোকদারী কর্ম্মচারী এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন, যে বাকীদার ছাড়া অন্য কোন ব্যক্তি ক্রোকৃত সম্পত্তির মালিক, সেই স্থলে তিনি উক্ত ব্যক্তির উপরও দাবীপত্রের ও হিসাবের নকল জারী করিবেন।

(৩) দাবীপত্র ও হিসাব যারা হইলে যে ব্যক্তির উপর জারী করিতে হইবে, নিজ হাতেই তাহা দেওয়া যাইবে; কিন্তু সে ব্যক্তি উহা জারী করিতে হইবে সেই ব্যক্তি না হইলে বা তাহাকে পাওয়া যাইতে না পারিলে সংসারের যে বাটীতে বাস করেন সেই বাটীর উপযুক্ত কর্ম্মচারী উহা তাহাদের [illegible] লাগাইয়া দিবেন।

১৪৪ ধারা। (১) এই ধারামত ক্রোক হইলে তাহাতে যে ধান্য শস্যাদি কাটিতে বা তুলিতে বা সঞ্চিত করিতে কিম্বা তাহা উপযুক্তরূপে রক্ষা করণার্থ অন্য যে কোন কার্য্য করা আবশ্যক হয়, তাহা করিতে কোন ব্যক্তির বাধা হইবে না।

শস্যাদি কর্ত্তন প্রভৃতি দিবার হুকুমের কথা।

(২) যে ব্যক্তির পূর্ব্বোক্ত কার্য্য করিবার স্বত্ব থাকে, সেই ব্যক্তির ত্রুটি হইলে, ক্রোককারী কর্ম্মচারী ক্রোককৃত ক্ষেত্রস্থ ফসল বা অন্য স্থাবর শস্যাদি পাকিলে কাটাইবেন বা সংগ্রহ করাইবেন, এবং গোলা প্রভৃতি যে স্থান হইতে সচরাচর ব্যবহৃত হয়, তথায় কিম্বা নিকটস্থ অন্য কোন সুবিধাজনক স্থানে ঐ ফসল প্রভৃতি সঞ্চিত করিয়া রাখিবেন এবং তাহা উপযুক্তরূপে রক্ষা করিবার নিমিত্ত অন্য যাহা কিছু আবশ্যক হয় তাহা করিবেন।

(৩) উক্ত স্থলে ক্রোকভুক্ত সম্পত্তি ক্রোককারী কর্ম্মচারীর জিম্মায় কিম্বা তিনি তদর্থে অন্য যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন, সেই ব্যক্তির জিম্মায় থাকিবে।

১৪৫ ধারা। (১) ক্রোক করিবার সমুদয় খরচা সমেত দাবীর টাকা পরিশোধ না করা পর্য্যন্ত ক্রোককারী কর্ম্মচারী যে স্থানে ক্রোক করিবেন। তাহাতে ক্রোকভুক্ত সম্পত্তির বিশেষ বৃত্তান্ত এবং যে তারিখে তদ্দ্বারা ক্রোক করা যায়, তাহা লেখা যাইবে, এবং এই সম্বন্ধে যেরূপ বিধি করা যায় সেইরূপ নিয়মে ক্রোক করিবার পর এক দিবস কিম্বা সাত দিনের অনধিক পরবর্ত্তী এরূপ কোন নির্দ্দিষ্ট দিনে কোন স্থানে ক্রোকভুক্ত সম্পত্তি প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রয় করিবেন।

ক্রোক করিবার সমুদয় খরচা সমেত দাবীর টাকা পরিশোধ না হইলে সম্পত্তি ক্রোককারী কর্ম্মচারী যে স্থানে ক্রোক করিবেন তাহা লেখা হইবে, এবং এই সম্বন্ধে যেরূপ বিধি করা যায় সেইরূপ নিয়মে ক্রোক করিবার পর এক দিবস কিম্বা সাত দিনের অনধিক পরবর্ত্তী এরূপ কোন নির্দ্দিষ্ট দিনে কোন স্থানে ক্রোকভুক্ত সম্পত্তি প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রয় করিবেন।

(২) যে ভূমির খাজানার দাওয়া হয়, সেই ভূমি যে গ্রামে থাকে, সেই গ্রামের কোন সুপ্রকাশ্য স্থানে ঐ খেয়াপত্র লাগাইয়া দেওয়া যাইবে।

কিন্তু ক্রোককৃত শস্যের বা ফলের ভাব বিবেচনায় তাহা সঞ্চিত করিয়া রাখা যাইতে পারিলে ক্রোক মুলতবি না হইয়া থাকিলে, নীলামের দিন এরূপ ধার্য্য করিতে হইবে যাহাতে ঐ দিনের পূর্ব্বে ঐ শস্যাদি সঞ্চিত করণার্থ প্রস্তুত করিয়া রাখা যায়।

১৪৬ ধারা। ক্রোক করা দ্রব্য যেখানে থাকে সেই স্থানে নীলাম করা যাইবে কিম্বা যদি কোককারী কর্ম্মচারীর এরূপ মনে হয় যে নিকটস্থ সাধারণের গমনাগমনের স্থানে নীলাম হইলে, অধিকতর মূল্য পাইবার সম্ভাবনা, তবে সেই স্থানে নীলাম হইবে।

নীলাম হইবার স্থানের কথা।

১৪৭ ধারা। (১) যে সকল ফসলের বা উৎপন্ন দ্রব্যের ভাব বিবেচনায় তাহা সঞ্চিত করিয়া রাখা যাইতে পারে, তাহা কাটিবার বা তুলিবার ও সঞ্চিত করণার্থ প্রস্তুত করিবার পূর্ব্বে বিক্রয় করা যাইবে না।

ক্ষেত্রস্থ শস্যাদি বিক্রয় করিতে পারিবার কথা।

(২) যে সকল ফসলের বা উৎপন্ন দ্রব্যের ভাব বিবেচনায় তাহা সঞ্চিত করিয়া রাখা যাইতে পারে, সেই সকল ফসল প্রভৃতি কাটিবার বা তুলিবার পূর্ব্বে বিক্রয় করা যাইতে পারিবে; এবং কোন ব্যক্তি নিজে কিম্বা এতদর্থে তাহার নিযুক্ত কোন ব্যক্তির দ্বারা উক্ত ভূমিতে প্রবেশ করিয়া ঐ ফসল প্রভৃতির রক্ষা করিতে ও কাটিতে বা তুলিতে যাহা কিছু আবশ্যক হয়, তাহা করিতে ক্ষমতাপন্ন হইবেন।

১৪৮ ধারা। নীলামকারক কর্ম্মচারী যাহা পরামর্শসিদ্ধ জ্ঞান করেন, তাহা এক বা অধিক লাটে উক্ত সম্পত্তি প্রকাশ্য নীলাম বিক্রয় করা যাইবে; এবং ক্রোক ও নীলাম করিবার খরচা সমেত দাবীর টাকা উক্ত সম্পত্তির কতকাংশ বিক্রয় দ্বারা পরিশোধ করা গেলে, তৎক্ষণাৎ অবশিষ্টাংশ সম্বন্ধে ক্রোক উঠাইয়া লওয়া যাইবে।

যে প্রকারে বিক্রয় করিতে হইবে তাহার কথা।

১৪৯ ধারা। উক্ত সম্পত্তি নীলামে চড়ান গেলে যদি নীলামকারক কর্ম্মচারীর বিবেচনায় তাহার ন্যায্য মূল্য ডাকা না হয়, এবং ঐ সম্পত্তির দলিল বা দাবীর পক্ষে যাহা করিতে ক্ষমতাপ্রাপ্ত এমন ব্যক্তি পরিদ করিতে কিম্বা নীলামের স্থানে হাজির হইয়া থাকিলে, পরবর্ত্তী কোন দিন পর্য্যন্ত নীলাম স্থগিত রাখিবার প্রার্থনা করেন, তবে উক্ত দিন পর্য্যন্ত নীলাম বন্ধ রাখিয়া, এবং সেই দিন উক্ত সম্পত্তির নিমিত্ত যে সর্ব্বাপেক্ষা অধিক ডাক হইয়াছে তাহাতে উহা বিক্রয় করা যাইতে পারে।

বিক্রয় স্থগিত রাখিবার কথা।

১৫০ ধারা। প্রতি লাটের মূল নীলামের সময়ে, শতের টাকা দরের কমিশনের উপর নীলাম ডাকের কমিশনের হার কত হইবে তাহা নীলাম বিক্রয়ের তত্ত্বাবধায়ক কর্ম্মচারী নির্দ্দেশ করিয়া দিবেন; এবং এরূপে তাহা নির্দ্দেশ করা না গেলে, ঐ সম্পত্তি পুনর্ব্বার নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে।

১৫১ ধারা। সমস্ত ক্রয়ের টাকা দেওয়া হইলে, নীলামকারক কর্ম্মচারী ক্রেতাকে এক সার্টিফিকেট দিবেন। ক্রেতা যে সম্পত্তি ক্রয় করিলেন এবং যে মূল্য দিলেন, ঐ সার্টিফিকেটে তাহা লেখা থাকিবে।

ক্রেতাকে সার্টিফিকেট দেওয়া যাইবে তাহার কথা।

১৫২ ধারা। (১) এই আদালতে ক্রোক করা সম্পত্তির প্রত্যেক নীলামে যে টাকা উৎপন্ন হয়, তাহা হইতে নীলাম বিষয়ক কর্ম্মচারী ক্রোকের শুদ্ধ নীলামের খরচ দিবেন।

নীলামের উৎপন্ন টাকা যেরূপে প্রয়োগ করিতে হইবে তাহার কথা।

এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে বিধি প্রণয়ন করিবেন, সেই বিধির নির্দ্দিষ্ট খরচের হারানুসারে উক্ত খরচ করা যাইবে।

(২) যে টাকা খাজানার জন্যে ক্রোক হয় নীলামের দিন পর্য্যন্ত তাহার সুদ সমেত সেই টাকা খাজানা শোধ করিতে অবশিষ্ট টাকা হইতে দেওয়া যাইবে; এবং কিছু উদ্বৃত্ত থাকিলে যে ব্যক্তির সম্পত্তি নীলাম হয় সেই ব্যক্তিকে দেওয়া যাইবে।

১৫৩ ধারা। এই আইনমতে সম্পত্তি নীলামকারক কর্ম্মচারীদিগকে এবং তাঁহাদের নিযুক্ত বা অধীন সকল ব্যক্তিকে নিষেধ করা যাইতেছে, যে তাঁহারা উক্ত কর্ম্মচারীদের নীলাম করা কোন সম্পত্তি নিজে বা অন্যের দ্বারা ক্রয় করিবেন না।

কোন২ কর্ম্মচারীদের ক্রয় করিতে না পারিবার কথা।

১৫৪ ধারা। (১) এই অধ্যায়মত ক্রোক করিবার পরে এবং ক্রোক করা সম্পত্তির নীলাম হইবার পূর্ব্বে কোন সময়ে যদি বাকীদার কিম্বা ক্রোক করা সম্পত্তির মালিক বাকীদার না হইলে তিনি, যে আদালত ক্রোকের আজ্ঞা দেন, সেই আদালতে কিম্বা ক্রোককারী কর্ম্মচারীর হস্তে ১৪৩ ধারামতে জারী করা দাবীপত্রের নির্দ্দিষ্ট টাকা ও উক্ত দাবীপত্র জারী করা গেলে পর যে সকল খরচা পড়িয়া থাকে, তাহা আমানত করেন, তবে উক্ত আদালত কিম্বা স্থল বিশেষে উক্ত কর্ম্মচারী তাহার রসীদ দিবেন, এবং ঐ ক্রোক তৎক্ষণাৎ উঠাইয়া লওয়া যাইবে।

নীলামের পূর্ব্বে দাবীর টাকা দেওয়া গেলে কার্য্য-প্রণালীর কথা।

(২) ক্রোককারী কর্ম্মচারী ঐরূপ আমানত পাইলে, উহা তৎক্ষণাৎ উক্ত আদালতে দিবেন।

(৩) যিনি বাকীদার নহেন, ক্রোক করা সম্পত্তির এরূপ মালিককে এই ধারামতে রসীদ দেওয়া গেলে, যে বাকী খাজানার নিমিত্ত ক্রোক করা যায়, সেই বাকী খাজানার জন্য পরবর্ত্তী কোন দাওয়া হইতে তিনি সম্পূর্ণরূপে নিষ্কৃতি পাইবেন।

(৪) ক্রোক করা সম্পত্তির মালিক ক্রোকের বৈধতার প্রতিবাদ করিয়া তজ্জন্য হানি পূরণ পাইবার দাওয়া করিয়া দরখাস্তকারীর বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিয়া না থাকিলে, এই ধারামতে আমানত করিবার তারিখ অবধি এক মাস গত হইলে পর আদালত ক্রোকের দরখাস্তকারীকে আমানতী টাকা হইতে তাঁহার পাওনা টাকা দিবেন।

(৫) কোন অধস্তন প্রজা এই ধারামতে টাকা আমানত করিলে, ভূম্যধিকারী তাহা লইয়াছেন বলিয়া কেবল এই কারণে তিনি তাঁহার প্রজার ভোগ বা তাহার কোন অংশ পেটাও বিলি করিতে সম্মতি দিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে না।

১৫৫ ধারা। (১) উর্দ্ধতন প্রভার ত্রুটি হেতুক যে কোন অধস্তন প্রজার সম্পত্তি এই অধ্যায়মতে বৈধভাবে ক্রোক করা যায়, তিনি পূর্ব্ব ধারামতে কোন টাকা দিলে, তাঁহার নিজ ভূম্যধিকারীকে যে খাজানা দিতে হয়, সেই খাজানা হইতে উক্ত টাকা কাটিয়া লইতে পারিবেন, এবং সেই ভূম্যধিকারী বাকীদার না হইলে, তিনি তাঁহার নিজ ভূম্যধিকারীকে দেয় খাজানা হইতে ঐরূপে উক্ত টাকা কাটিয়া লইতে পারিবেন; এবং যাবৎ বাকীদার পর্য্যন্ত না পঁহুছে তাবৎ এইরূপ চলিবে।

পেটাও প্রজা আপন পাট্টাদাতার জন্য যে টাকা দেন, তাহা খাজানা হইতে কাটিয়া লইতে পারিবার কথা।

(২) কোন অধস্তন প্রজা পূর্ব্ব ধারামতে কোন টাকা দিলে, এই ধারামতে উক্ত টাকার যে কোন অংশ কাটিয়া লন নাই, বাকীদারের স্থানে তাহা আদায় করণার্থ তাঁহার যে মোকদ্দমা করিবার স্বত্ব আছে, এই ধারার কোন কথাক্রমে সেই স্বত্বের বিঘ্ন হইবে না।

১৫৬ ধারা। ভূমি পেটাও বিলি করা গেলে, যদি একই সম্পত্তিক্রোককারী উর্দ্ধতন ও অধস্তন ভূম্যধিকারীর স্বত্বের মধ্যে বিরোধের কথা। বিরোধ উপস্থিত হয়, তবে উর্দ্ধতন ভূম্যধিকারীর স্বত্ব প্রবল হইবে।

১৫৭ ধারা। এই অধ্যায়মতে দত্ত ক্রোকের আজ্ঞা এবং ক্রোকের বিষয়ীভূত সম্পত্তি আটক বা বিক্রয় করণার্থ কোন দেওয়ানী আদালতের দত্ত আজ্ঞা, এই উভয়ের মধ্যে বিরোধ উপস্থিত হইলে, ক্রোকের আজ্ঞা প্রবল হইবে; কিন্তু উক্ত আজ্ঞাক্রমে ঐ সম্পত্তি নীলাম করা গেলে, নীলামের উৎপন্ন উদ্বৃত্ত টাকা যে আদালত আটক বা বিক্রয় করিবার আজ্ঞা দেন, সেই আদালতের অনুমতিবিনা ১৫২ ধারামতে উক্ত সম্পত্তির মালিককে দেওয়া যাইবে না।

যে সম্পত্তি আটক আছে তাহা ক্রোক করিবার কথা।

১৫৮ ধারা। এই অধ্যায়মতে কোন দেওয়ানী আদালত যে কোন আদেশ করেন, তাহার উপর আপীল চলিবে না; কিন্তু যেস্থলে ১৩৯ ধারামতে দরখাস্ত করিবার অনুমতি নাই সেই স্থলে ১৪০ ধারামতে দরখাস্ত হওয়াতে যাহার সম্পত্তি ক্রোক করা গিয়াছে, সেই ব্যক্তি দরখাস্তকারীর বিরুদ্ধে ক্ষতিপূরণ পাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

অন্যায়ক্রোকের বিধিত ক্ষতিপূরণের মোকদ্দমার কথা।

১৪শ অধ্যায়।

বিচার সম্পর্কীয় কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

১৫৯। (১) হাই কোর্ট সময়ের স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে এইরূপ আদেশসূচক বিধি প্রণয়ন করিতে পারিবেন যে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিশেষ কোন অংশ ভূম্যধিকারী ও প্রজার মধ্যে ভূম্যধিকারী ও প্রজা বলিয়া কোন মোকদ্দমার প্রতি কিম্বা ঐরূপ বিশেষ কোন শ্রেণীর মোকদ্দমার প্রতি বর্ত্তিবে না, কিম্বা বিধির নির্দ্দিষ্ট পরিবর্ত্তন সহকারে বর্ত্তিবে।

ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমার বত্তাইতে হইলে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন পরিবর্ত্তিত করিবার ক্ষমতার কথা।

(২) ঐরূপে প্রণীত বিধির নিয়মাধীনে এবং এই আইনের অন্যান্য বিধানের নিয়মাধীনে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন ঐরূপ সকল মোকদ্দমার প্রতি বর্ত্তিবে।

১৬০ ধারা। (১) যে ভূমি সম্পর্কে পক্ষদিগের মধ্যে ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধ থাকে, তাহার দখল পাইবার মোকদ্দমা গ্রহণ করিতে যে দেওয়ানী আদালতের ক্ষমতা থাকে, প্রজা ও ভূম্যধিকারীর মধ্যে যে সকল মোকদ্দমা

আইনমত আনুষ্ঠানিক কার্য্যে বিচারাধিপত্যের কথা।

উপস্থিত হয়, তাহার হেতু দেওয়ানী মোকদ্দমার কার্য্য-প্রণালী বিষয়ক আইনের কার্য্যপক্ষে সেই দেওয়ানী আদালতের বিচারাধীন স্থানের মধ্যে উপস্থিত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(২) এই আইন অনুসারে কোন দেওয়ানী আদালত ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইলে, ঐ যোতের দখল পাইবার মোকদ্দমা গ্রহণ করিতে যে আদালতের ক্ষমতা থাকে, সেই আদালতে প্রার্থনা করিতে হইবে।

নায়েব বা গোমস্তাদের স্বীকৃত মোক্তার হইবার কথা।

১৬১ ধারা। কোন ভূম্যধিকারীর যে কোন নায়েব বা গোমস্তা ভূম্যধিকারীর স্বাক্ষরিত ক্ষমতাপত্রক্রমে এতদর্থে ক্ষমতা প্রাপ্ত হন, তিনি ঐরূপ প্রত্যেক মোকদ্দমার কার্য্যপক্ষে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের অর্থমতে উক্ত ভূম্যধিকারীর স্বীকৃত মোক্তার বলিয়া গণ্য হইবেন। যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে, বা উপস্থিত থাকে, সেই আদালতের বিচারাধীন স্থানের মধ্যে উক্ত ভূম্যধিকারী উপস্থিত থাকিলেও এইরূপ হইবে।

মোকদ্দমার বিশেষ রেজিষ্টরের কথা।

১৬২ ধারা। উক্তরূপ মোকদ্দমা হইলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫৮ ধারার উল্লিখিত বিশেষ বৃত্তান্ত উক্ত ধারার নির্দ্দিষ্ট দেওয়ানী মোকদ্দমার রেজিষ্টরে না লিখিয়া বিশেষ এক রেজিষ্টর লিখিতে হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে পাঠ নির্দ্দেশ করেন, সেই পাঠ প্রত্যেক দেওয়ানী আদালত ঐ বিশেষ রেজিষ্টর রাখিবেন।

খাজানার মোকদ্দমায় কার্য্যপ্রণালীর কথা।

১৬৩ ধারা। খাজানা আদায় করিবার মোকদ্দমায় নিম্নলিখিত বিধি খাটিবে।—

(ক) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১২১ অবধি ১২৭ পর্য্যন্ত ধারা ও ১২৯ ধারা ও ৩০৫ ধারা ও ৩২০ অবধি ৩২৫ পর্য্যন্ত ধারা ঐরূপ কোন মোকদ্দমায় খাটিবে না।

(খ) আবেদনপত্রে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫০ ধারার লিখিত বিশেষ কথার অতিরিক্ত প্রজার ভোগকৃত ভূমির অবস্থান ও নাম ও পরিমাণ ও সীমা লিখিতে হইবে, অথবা বাদী পরিমাণ ও সীমা দিতে অক্ষম হইলে তৎপরিবর্ত্তে চিনিবার উপযুক্ত বর্ণনা দিতে হইবে।

(গ) কেবল ইস্যু ধার্য্য করিবার নিমিত্ত সমন দেওয়া উচিত, আদালতের এরূপ মত না হইলে, ঐরূপ প্রত্যেক মোকদ্দমায় মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া যাইবে

(ঘ) প্রতিবাদীর উপর সমন জারী করিতে হইলে, যদি আদালত আদেশ করেন তবে অন্য কোন প্রকারে জারী করিবার অতিরিক্ত বা পরিবর্ত্তে প্রতিবাদির নামে শিরোনামা দিয়া ও ভারতবর্ষীয় ডাকঘর বিষয়ক ১৮৬৬ সালের আইনের ৩য় খণ্ডমতে রেজিষ্টরী করিয়া পত্রদ্বারা ডাকযোগে সমন পাঠাইয়া তাহা জারী করা যাইতে পারিবে।

(ঙ) আদালতের অনুমতি বিনা বর্ণনাপত্র দাখিল করা যাইবে না।

(চ) আপীলের অনুমতি থাকুক বা না থাকুক, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৮৯ ধারায় সাক্ষীদের সাক্ষ্য লিপিবদ্ধ করিবার যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা খাটিবে।

(ছ) বাকীখাজানার নিমিত্ত উচ্ছেদ করিবার ডিক্রী না হইলে, আদালত ডিক্রী দিবার সময়ে ডিক্রীদারের বাচনিক প্রার্থনামতে ঐ ডিক্রী জারী করিবার আজ্ঞা দিতে পারিবেন।

(জ) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৩২ ধারার প্রকারান্তরের কথা থাকিলেও, কোন ভূম্যধিকারী বাকী খাজানার যে ডিক্রী পান, সেই ডিক্রী যাঁহাকে হস্তান্তর করিয়া দেওয়া যায়, তাঁহার প্রতি ভূম্যধিকারির ভূমিগত স্বার্থ বর্ত্তিয়া না থাকিলে তিনি ঐ ডিক্রীজারী করিবার দরখাস্ত করিবেন না।

তৃতীয় ব্যক্তির নিকট যে টাকা দেনা আছে স্বীকার করা যায়, তাহা আদালতে দিবার কথা।

১৬৪ ধারা। (১) যদি প্রতিবাদী স্বীকার করে, যে খাজানার নিমিত্ত তাহার স্থানে টাকা পাওনা আছে, কিন্তু উত্তর দেয় যে বাদীর নিকট নহে, তৃতীয় কোন ব্যক্তির নিকট ঐ খাজানা দিতে হইবে, তবে আদালত যাবৎ প্রতিবাদী আদালতে ঐরূপ দেনা বলিয়া স্বীকৃত টাকা না দেয়, তাবৎ ঐ উত্তর গ্রাহ্য করিতে অস্বীকার করিবেন, অন্যথা বিশেষ হেতু লিপিবদ্ধ করিবেন।

(২) ঐরূপে টাকা দেওয়া গেলে, আদালত ঐ টাকা দিবার নোটিস অবিলম্বে ঐ তৃতীয় ব্যক্তির উপর জারী করাইবেন।

(৩) ঐ তৃতীয় ব্যক্তি নোটিস প্রাপ্ত হইবার তিন মাসের মধ্যে বাদীর বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিয়া ঐ টাকা প্রদান নিষেধকরণার্থ আজ্ঞা না পাইলে, বাদীর প্রার্থনামতে ঐ টাকা তাঁহাকে বাহির করিয়া দেওয়া যাইবে।

(৪) বাদীকে (৩) প্রকরণমতে যে টাকা দেওয়া যায় টাকার স্থানে তাহা পাইবার স্বত্ব কোন ব্যক্তির থাকিলে, এই ধারার কোন ক্রমেই ঐ স্বত্বের বিঘ্ন হইবে না।

ভূম্যধিকারীর পাওনা বলিয়া স্বীকৃত টাকা আদালতে দিবার কথা।

১৬৫ ধারা। যদি প্রতিবাদী স্বীকার করে যে, খাজানার বাবদ তাহার স্থানে বাদীর টাকা পাওনা আছে, কিন্তু উত্তর দেয় যে পাওনা টাকা অপেক্ষা অধিক টাকার দাওয়া হইয়াছে, তবে আদালত, যাবৎ প্রতিবাদী আদালতে ঐরূপ দেনা বলিয়া স্বীকৃত টাকা না দেয়, তাবৎ ঐ উত্তর গ্রাহ্য করিতে অস্বীকার করিবেন, অন্যথা বিশেষ হেতু লিপিবদ্ধ করিবেন।

কিস্তিক্রমে টাকা দিবার বিধানের কথা।

১৬৬ ধারা। পূর্ব্ব দুই ধারার কোন ধারামতে কোন প্রতিবাদী আদালতে টাকা দিতে দায়ী হইলে, যদি আদালত বিবেচনা করেন যে ঐ টাকা কিস্তিক্রমে দিবার আজ্ঞা করিবার উপযুক্ত হেতু আছে, তবে আদালত যে কিস্তির টাকা দিবার আদেশ করেন তাহা প্রতিবাদী আদালতে দিলে, তাহার উত্তর গ্রাহ্য করিতে পারিবেন।

আদালতের রসীদ দিবার কথা।

১৬৭ ধারা। উক্ত দুই ধারার কোন ধারামতে কোন প্রতিবাদী আদালতে টাকা দিলে, আদালত প্রতিবাদীকে রসীদ দিবেন; এবং বাদী বা স্থলবিশেষে তৃতীয় ব্যক্তি রসীদ দিলে, তাহাতে যে প্রকারে ও যে পরিমাণে উক্ত বাকী খাজানার নিমিত্ত নিষ্কৃতি হইত, ঐরূপে যে রসীদ দেওয়া যায়, তাহাতেও সেই প্রকারে ও সেই পরিমাণে নিষ্কৃতি হইবে।

বাকী খাজানার মোকদ্দমায় আপীলের কথা।

১৬৮ ধারা। কোন স্থলে ডিক্রীতে বা আজ্ঞায় বিরুদ্ধ দাওয়াবিশিষ্ট পক্ষদের মধ্যে ভূমির স্বত্বসংক্রান্ত কিম্বা ভূমিগত কোন স্বার্থ সংক্রান্ত কোন প্রশ্নের কিম্বা কোন প্রজার খাজানা বৃদ্ধি বা পরিবর্ত্তন করিবার স্বত্ব সংক্রান্ত কোন প্রশ্নের নিষ্পত্তি না হইলে;

(ক) যে স্থলে জিলার জজ সাহেব কিম্বা আডিশ্যনাল জজ কিম্বা সবর্ডিনেট জজ ডিক্রী বা আজ্ঞা দেন, এবং মোকদ্দমার দাওয়ার টাকা একশত টাকার অধিক না হয়, কিম্বা

(খ) যে স্থলে এই ধারামতে চূড়ান্ত বিচারাধিপত্যক্রমে কার্য্য করিতে স্থানীয় গবর্নমেণ্টের স্থানে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন বিচার সম্পর্কীয় কার্য্যকারক ডিক্রী বা আজ্ঞা দেন, এবং মোকদ্দমার দাওয়ার টাকা পঞ্চাশ টাকার অধিক না হয়,

সেই স্থলে বাকী খাজানা পাইবার নিমিত্ত ভূম্যধিকারী মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ মোকদ্দমায় প্রথমতঃ বা আপীলে যে ডিক্রী বা আজ্ঞা হয়, তাহার উপর আপীল চলিবে না।

কিন্তু যদি দৃষ্ট হয় যে উক্ত বিচারসম্পর্কীয় কার্য্যকারকের আইনমতে যে ক্ষমতা নাই, তিনি সেই ক্ষমতাক্রমে কার্য্য করিয়াছেন, কিম্বা তাঁহার যে ক্ষমতা আছে তদনুসারে কার্য্য করিতে ত্রুটি করিয়াছেন, কিম্বা আপন ক্ষমতানুসারে কার্য্য করিতে গিয়া সে-আইনীমতে বা গুরুতর অনিয়মসহকারে কার্য্য করিয়াছেন, তবে যে ডিক্রী বা আজ্ঞা সম্বন্ধে এই ধারা খাটে, কোন মোকদ্দমায় পূর্ব্বোক্তরূপ কোন বিচারসম্পর্কীয় কার্য্যকারক তদ্রূপ ডিক্রী বা আজ্ঞা দিলে, জিলার জজ সাহেব ঐ মোকদ্দমার নথী তলব করিতে পারিবেন; এবং যেরূপ আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

খাজানাবৃদ্ধির ডিক্রী যে তারিখ অবধি কলবৎ হইবে তাহার কথা।

১৬৯ ধারা। কৃষি বৎসরের প্রথম আট মাস মধ্যে যে কোন মোকদ্দমা উপস্থিত হয়, সেই মোকদ্দমায় এই আইনমতে খাজানাবৃদ্ধি করিবার ডিক্রী হইলে, সামান্যতঃ পরবর্ত্তী কৃষি বৎসরের প্রারম্ভাবধি তাহা কলবৎ হইবে এবং কৃষি বৎসরের শেষ চারি মাসে যে কোন মোকদ্দমা উপস্থিত হয়, তাহাতে ঐরূপ ডিক্রী হইলে, সেই ডিক্রী সামান্যতঃ আগামী কৃষি বৎসরের পরবর্ত্তী বৎসরের প্রারম্ভাবধি কলবৎ হইবে। কিন্তু সে তারিখ অবধি ডিক্রী কলবৎ হইবে, বিশেষ কারণে ইহার পরেও সেই তারিখ নির্দ্দিষ্ট করিতে এই ধারার কোন কথাক্রমে আদালতের বাধা হইবে না।

সম্পত্তি দখল হইবার প্রতিকারের কথা।

১৭০ ধারা। (১) কোন প্রজা এরূপে ভূমি ব্যবহার করিয়াছে, যাহাতে তাহা প্রজাস্বত্বসংক্রান্ত কার্য্যের অনুপযোগী হয়, কিম্বা এরূপ কোন নিয়ম ভঙ্গ করিয়াছে, যাহা ভঙ্গ হইলে, ভূম্যধিকারির সহিত তাহার যে চুক্তি থাকে, সেই চুক্তির শর্ত্ত অনুসারে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, এই হেতু ধরিয়া কোন প্রজাকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা গেলে, যে হানি বা নিয়ম ভঙ্গ ঘটে, তাহার প্রতিকার করা যাইতে পারিলে যদি ভূম্যধিকারী ঐ প্রতিকার করিবার নিমিত্ত প্রজাকে আদেশ দিয়া থাকেন, এবং কোন স্থলে উক্ত হানি বা নিয়ম ভঙ্গের যুক্তিসিদ্ধ ক্ষতিপূরণ দিবার আদেশ করিয়া থাকেন, এবং উক্ত প্রজা যুক্তিসিদ্ধ সময়ের মধ্যে ঐ আদেশ পালন না করিয়া থাকে, তবে উক্ত মোকদ্দমা গ্রাহ্য করা যাইবে, নতুবা নহে।

(২) এইরূপ কোন মোকদ্দমায় ভূম্যধিকারীর অনুকূলে যে ডিক্রী দেওয়া যায়, তাহাতে হানি বা নিয়মভঙ্গ জন্য যুক্তিসিদ্ধমতে বাদীকে যে হানিপূরণ দেয় হয়, তাহার টাকার পরিমাণ এবং আদালতের বিবেচনায় উক্ত হানি বা নিয়মভঙ্গ প্রতিকারযোগ্য কি না এই কথা প্রকাশ থাকিবে, এবং প্রতিবাদী যে সময়ের মধ্যে ঐ টাকা বাদীকে দিতে পারিবেন, ও উক্ত হানি বা নিয়মভঙ্গ প্রতিকারযোগ্য বলিয়া প্রকাশ করা গেলে, যে সময়ের মধ্যে তাহার প্রতিকার করিতে পারিবেন, উক্ত ডিক্রীতে সেই সময় নির্দ্দিষ্ট থাকিবে

(৩) (২) প্রকরণমতে আদালত যে সময় নির্দ্দিষ্ট করেন, তাহা বিশেষ কারণে সময়ের বৃদ্ধি করিতে পারিবেন।

(৪) এই ধারামতে আদালত কর্ত্তৃক নির্দ্দিষ্ট সময়ের বা (স্থলবিশেষে) বর্দ্ধিত সময়ের মধ্যে যদি প্রতিবাদী ডিক্রীর লিখিত হানিপূরণের টাকা দেন, এবং হানি বা নিয়মভঙ্গ প্রতিকারযোগ্য বলিয়া আদালত প্রকাশ করিয়া থাকিলে, উক্ত আদালতের অবোধমতে সেই হানি বা নিয়মভঙ্গের প্রতিকার করেন, তবে উক্ত ডিক্রী জারী করা যাইবে না।

যে রায়তদিগকে উচ্ছেদ করা যায়, শস্য ও বপনার্থে প্রস্তুত ভূমি সম্বন্ধে তাহাদের স্বত্বের কথা।

১৭১ ধারা। যে প্রত্যেক রায়তকে কোন ভোগ হইতে উচ্ছেদ করা যায়, তাহার সম্বন্ধে নিম্নলিখিত বিধি খাটিবে।—

(ক) উক্ত রায়ত ঐ ভোগের অন্তর্গত কোন ভূমিতে আপনার উচ্ছেদের তারিখের পূর্ব্বে শস্য বপন বা রোপণ করিয়া থাকিলে, তিনি ভূম্যধিকারীর ইচ্ছামতে, হয় উক্ত শস্য রক্ষা ও সংগ্রহ করণার্থ ঐ ভূমি দখলে রাখিয়া ব্যবহার করিতে পারিবেন, নয় উচ্ছেদের ডিক্রীজারীকারী আদালতের আন্দাজমত ঐ শস্যের মূল্য ভূম্যধিকারীর স্থানে পাইতে পারিবেন।

(খ) রায়ত আপনার উচ্ছেদের তারিখের পূর্ব্বে আপন ভোগের অন্তর্গত কোন ভূমি বপনার্থ প্রস্তুত করিয়া থাকিলে, কিন্তু উক্ত ভূমিতে শস্য বপন বা রোপণ না করিয়া থাকিলে, উচ্ছেদের ডিক্রীজারীকারী আদালতের আন্দাজমতে উক্ত ভূমি প্রস্তুত করিতে

তাঁহার যে পরিশ্রম ও মূলধন লাগিয়াছে, তাহার মূল্য ও ঐ মূল্যের যুক্তিসিদ্ধ সুদ তিনি উক্ত ভূম্যধিকারীর স্থানে পাইতে পারিবেন।

(গ) কিন্তু ভূম্যধিকারী কোন রায়তের উচ্ছেদ নিমিত্ত আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করিলে পর উক্ত রায়ত স্থানীয় রীতির বিরুদ্ধে উক্ত ভূমি আবাদ বা প্রস্তুত করিয়া থাকিলে, এই ধারামতে উক্ত ভূমি দখলে রাখিতে কিম্বা তজ্জন্য টাকা পাইতে স্বত্ববান হইবেন না।

(ঘ) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন রায়তকে কোন ভূমি দখলে রাখিতে দিলে, যত কাল তিনি দখলে রাখিতে পান, তত কাল উক্ত ভূমি ব্যবহার ও দখলকরণার্থ উচ্ছেদের ডিক্রীজারীকারী আদালত যেরূপ খাজানা যুক্তিসিদ্ধ জ্ঞান করেন, উক্ত রায়ত ঐ ভূম্যধিকারীকে সেইরূপ খাজানা দিবেন।

উচ্ছেদ করিবার আনুষ্ঠানিক কার্য্যে পরস্পরের দাওয়ার নিষ্পত্তি হইবার কথা।

১৭২ ধারা। (১) উচ্ছেদ করিবার সমুদয় মোকদ্দমায় ও আনুষ্ঠানিক কার্য্যে এই আইনমতে প্রজা ও ভূম্যধিকারী বলিয়া প্রজার বিরুদ্ধে ভূম্যধিকারীর কিম্বা ভূম্যধিকারীর বিরুদ্ধে প্রজার যে সকল দাওয়া থাকে, আদালত তাহার অনুসন্ধান লইয়া নিষ্পত্তি করিবেন।

(২) আদালত যদি দেখিতে পান, যে প্রজা বলিয়া প্রজাকে ভূম্যধিকারীর যে টাকা দিতে হয়, সেই টাকা ভূম্যধিকারী বলিয়া ভূম্যধিকারীকে প্রজার যে টাকা দিতে হয়, তদপেক্ষা অধিক, তবে উচ্ছেদের ডিক্রী বা আজ্ঞা হইলে, ও ঐ অতিরিক্ত টাকা দিবার সম্বন্ধে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে কোন বন্দোবস্ত না হইয়া থাকিলে, যে সময়ের মধ্যে উহা আদালতে দিতে হইবে, উক্ত ডিক্রীতে বা আজ্ঞায় সেই সময় নির্দ্দিষ্ট থাকিবে।

(৩) এ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উক্ত টাকা দেওয়া গেলে, আদালত প্রজাকে উচ্ছেদ করিবেন; এবং

উক্ত টাকা ঐরূপে দেওয়া না গেলে, আদালত প্রজাকে উচ্ছেদ করিতে অস্বীকার করিবেন।

উচ্ছেদের বিকল্পে আদালতের ন্যায্য খাজানা ধার্য্য করিতে পারিবার কথা।

১৭৩ ধারা। বাদী কোন অনধিকারপ্রবেশকারীকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করিলে, যদি উচিত বোধ করেন তবে বিকল্পে এইরূপ প্রতিকারের দাওয়া করিতে পারিবেন যে, প্রতিবাদীর দখলে যে ভূমি থাকে, সেই ভূমির নিমিত্ত সে আদালতের নিকট উপযুক্ত ও ন্যায্য খাজানা দিতে দায়ী বলিয়া প্রকাশ করা যায়। তাহা হইলে আদালত ঐরূপ প্রতিকার দিতে পারিবেন।

প্রস্তাবের অনুবন্ধ নিরূপণ করিবার প্রার্থনার কথা।

১৭৪ ধারা। (১) প্রজার ভোগকৃত ভূমির দখল ফিরিয়া পাইবার মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা যে আদালতের থাকে, সেই আদালত ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে নিম্নলিখিত সকল বা কোন বিষয় নিরূপণ করিতে পারিবেন, যথা,—

(ক) প্রজা যে ভূমি ভোগ করেন, তাহার অবস্থান, পরিমাণ ও সীমা;

(খ) তিনি যে শ্রেণীর প্রজা, অর্থাৎ, তিনি তালুকদার কি অবধারিত হারে ভূমি ভোগকারী রায়ত কি দখলীস্বত্ব বিশিষ্ট রায়ত কি দখলীস্বত্বশূন্য রায়ত কি কোফা রায়ত, এবং তালুকদার হইলে, তাঁহার খাজানা বৃদ্ধি করা যাইতে পারে কি না; এবং

(গ) যে সময়ে প্রার্থনা করা হয়, সেই সময়ে তাঁহার যে খাজানা দেয় হয়।

(২) যদি আদালতের বিবেচনায় ইহার মধ্যে কোন বিষয় স্থানীয় তদন্ত বিনা সন্তোষজনকরূপে নিরূপণ করা যাইতে না পারে, তবে আদালত এই আজ্ঞা করিতে পারিবেন যে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে রাজস্ব কর্ম্মচারীকে আদেশ করেন, তিনি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৫ অধ্যায়মতে স্থানীয় তদন্ত লন।

(৩) এই ধারামত কোন প্রার্থনার উপর যে আজ্ঞা করা যায়, তাহা ডিক্রীর তুল্য ফলবৎ হইবে ও তাহার উপর ডিক্রীর ন্যায় আপীল হইতে পারিবে।

১৫শ অধ্যায়

বাকী খাজানার নিমিত্ত ডিক্রীমতে বিক্রয়ের বিধি।

দায় অসিদ্ধ করণ সম্বন্ধে ক্রেতার সাধারণ ক্ষমতার কথা।

১৭৫ ধারা। কোন হস্তান্তরযোগ্য ভোগ তালুকের বাকী খাজানার ডিক্রীজারীক্রমে বিক্রয় করা গেলে "সংরক্ষিত স্বার্থ" বলিয়া এই অধ্যায়ে যে স্বার্থ নির্দ্দেশ করা গেল সেই স্বার্থ বাদিয়া এবং "দায়" বলিয়া এই অধ্যায়ে যে স্বার্থ নির্দ্দেশ করা গেল, তাহা অসিদ্ধ করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়া, ক্রেতা ঐ ভোগ তালুক গ্রহণ করিবেন।

কিন্তু (ক) তদর্থে পরে যে স্থলের উল্লেখ করা গেল সেই স্থল না হইলে, এই অধ্যায়ের অর্থমত রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায় ঐরূপে অসিদ্ধ করা যাইবে না;

(খ) অসিদ্ধ করিবার ক্ষমতাক্রমে কেবল এই অধ্যায়ের আদেশমতে কার্য্য করিতে হইবে।

সংরক্ষিত স্বার্থের কথা।

১৭৬ ধারা। নিম্নলিখিত স্বার্থগুলি এই অধ্যায়ের অর্থমত সংরক্ষিত স্বার্থ বলিয়া গণ্য হইবে।—

(ক) যে কোন পেটাও তালুক চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে আছে, তাহা;

(খ) যে কোন পেটাও তালুক কোন চলিত কিয়ৎকালীন বন্দোবস্তের বন্দোবস্তী আনুষ্ঠানিক কার্য্যে ঐ বন্দোবস্তের মিয়াদ পর্য্যন্ত অবধারিত খাজানা দায়ী তালুক বলিয়া স্বীকৃত হইয়াছে, তাহা;

(গ) যে ভূমির উপর বাসগৃহ, কারখানা, কিম্বা অন্যরূপ স্থায়ী ইমারতাদি নির্ম্মিত হইয়াছে, কিম্বা স্থায়ী বাগান, ক্ষেত্র, পুষ্করিণী, খাল, ভজনালয়, শ্মশান বা গোরস্থান করা গিয়াছে, সেই ভূমির পাট্টাই স্বত্ব;

(ঘ) দখলী স্বত্ব;

(ঙ) যে সময়ে স্বত্ব দেওয়া যায়, সেই সময়ে যাহা ন্যায্য ও যুক্তিসিদ্ধ খাজানা ছিল, সেই খাজানা দিয়া ভোগ করিবার যে স্বত্ব দখলীয়ত্ববিশিষ্ট কোন রায়তকে দেওয়া যায়, সেই স্বত্ব ; এবং

(চ) যে ভূম্যধিকারীর পার্থনাতে যোত বিক্রয় হয় সেই ভূম্যধিকারী কিম্বা তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারী যাহা সৃষ্টি করিতে তাহাকে স্পষ্ট বাক্যে লিখিয়া অনুমতি দিয়াছেন, এরূপ কোন স্বত্ব বা স্বার্থ।

১৭৭ ধারা। এই অধ্যায়ের কার্য্যপক্ষে,

"দায়" ও "রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়" শব্দের অর্থ।

(ক) কোন প্রজাস্বত্ব সম্বন্ধে "দায়" শব্দ ব্যবহৃত হইলে, প্রজা আপন যোতের উপর কিম্বা আপন স্বার্থ সঙ্কোচ করিয়া যে কোন দায়বা, পোটা আয়ত্ব, স্বাচ্ছন্দ-ভোগস্বত্ব বা অন্য স্বত্ব বা স্বার্থ সৃষ্টি করিয়া থাকেন, ও যাহা পূর্ব্ব ধারার অর্থমত সংরক্ষিত স্বার্থ নহে, তাহা বুঝাইবে।

খ) দেয় বাকী খাজানার ডিক্রী জারীক্রমে যে যোত বিক্রয় হইয়াছে বা হইতে পারে, সেই যোত সম্বন্ধে "রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়" এই শব্দ ব্যবহৃত হইলে, রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনমতে যে কোন লিখন পত্র রেজিষ্টরী করা গিয়াছে, এবং যাহার নকল বাকী খাজানা পাওনা হইবার পূর্ব্বে বন্ধকী দিনমা থাকিতে পঞ্চাশিলিখিত বিধানমতে ভূম্যধিকারীর উপর জারী করা গিয়া ছে সেই লিখনপত্রক্রমে যে কোন দায় সৃষ্টি করা হইয়া থাকে, সেই দায় বুঝাইবে।

১৭৮ ধারা। কোন যোতের নীলাম হইবার প্রার্থনাপত্রের কথা।

কোন যোত বাকী খাজানার নিমিত্ত ডিক্রী হইলে, এবং ডিক্রীদার দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৩৫ ধারামতে ডিক্রী জারীক্রমে উক্ত যোত বিক্রয় ও নীলাম করার প্রার্থনা করিলে, উক্ত যোতের বার্ষিক খাজানার বর্দ্ধনাধীন ও উক্ত যোত চিরস্থায়ী তালুক হইলে, ৩য় ধারামতে রক্ষিত রেজিষ্টরের যে অংশ ঐ তালুক সম্বন্ধীয় হয়, সেই অংশের নকল দাখিল করিবেন।

১৭৯ ধারা। (১) পূর্ব্ব ধারামত কোন প্রার্থনাপত্রক্রমে কোন যোতের নীলাম হইবার আজ্ঞা হইলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৮৭ ধারামতে যে ঘোষণাপত্র দেওয়া যায়, তাহাতে উক্ত ধারার উল্লিখিত বিশেষ কথা লিখিবার ও নির্দ্দেশ করিবার অতিরিক্ত এই২ কথা লিখিত হইবে,—

নীলাম হইবার বিজ্ঞাপনসূচক ঘোষণাপত্রের কথা।

(ক) তালুক হইলে, যে টাকা ডাক হয়, তাহাতে যদি ডিক্রীর টাকা ও খরচা দিতে কুলায়, তবে উক্ত দায় প্রথমে রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায় সহিত নীলামে চড়ান যাইবে, এবং উক্ত দায় সহিত বিক্রীত হইবে ; নতুবা ডিক্রীদার ইচ্ছা করিলে পরে কোন দিনে সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত ঐ তালুক নীলাম করা যাইবে, ঐ দিনের নোটিস খোরিদ দিতে হইবে ; এবং

(খ) দখলীস্বত্ববিশিষ্ট যোত হইলে, সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত উক্ত যোত বিক্রীত হইবে।

(২) উক্ত আইনের ২৮৯ ধারার নির্দ্দিষ্ট প্রকারে ঐ ঘোষণা করা যাইবে। তদ্ভিন্ন স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে উক্ত ঘোষণাপত্রে প্রকাশ করা যাইবে।

১৮০ ধারা। (১) কোন তালুক নীলাম হইবার বিজ্ঞাপন পূর্ব্ব ধারামতে দেওয়া গেলে, উহা রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়সহিত নীলামে চড়ান যাইবে, এবং নীলামের খরচা সমেত ডিক্রী ও খরচার টাকা দিতে কুলায়, তত টাকা ডাক হইলে, উক্ত তালুক ঐরূপ দায়সহিত বিক্রয় করা যাইবে।

রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়সহিত তালুক বিক্রয়ের ও তাহার ফলের কথা।

(২) এই ধারামতে নীলামকরিবার উক্ত তালুকের উপর রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায় ভিন্ন যে কোন দায় থাকে, তাহা ১৮২ ধারার নির্দ্দিষ্ট প্রকারে অসিদ্ধ করিতে পারিবেন, প্রকারান্তরে নহে।

১৮১ ধারা। (১) পূর্ব্ব ধারামতে যে কোন তালুক নীলামে চড়ান যায়, তাহাতে নির্দ্দিষ্ট মত টাকা পরস্তু ডাক হয়, তাহাতে পূর্ব্বোক্ত ডিক্রীর ও খরচার টাকা দিতে যদি না কুলায় এবং তদ্ভিন্ন যদি ডিক্রীদার সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত ঐ তালুক বিক্রয় করিতে চাহেন, তবে নীলামকারী সম্পত্তি নীলাম স্থগিত রাখিয়া দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৮৯ ধারামতে ঘোষণা করিবেন। সেই ঘোষণাপত্রে এই কথা লিখিবেন যে নীলাম স্থগিত করার তারিখ অবধি পনের দিনের কম না হয়, ও ত্রিশ দিনের অধিক না হয়, ঐ ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট প্রকার ভবিষ্যৎ কোন দিন সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত ঐ তালুক নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে। সেই দিন সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত উক্ত তালুক নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে।

সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত তালুক বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।

(২) এই ধারামত নীলামকরিবার ১৮২ ধারার নির্দ্দিষ্ট প্রকারে উক্ত তালুকের কোন দায় অসিদ্ধ করিতে পারিবেন, প্রকারান্তরে নহে।

১৮২ ধারা। যে যোতের অবধারিত খাজানা বা খাজানার হার পাওয়া যায়, তাহা তালুক হইলে, তৎপ্রতি পূর্ব্ব কএক ধারার বিধান বর্ত্তিবার কথা।

অবধারিত খাজানার যোতের প্রতি পূর্ব্ব কএক ধারার বিধান বর্ত্তিবার কথা।

১৮৩ ধারা। (১) ১৭৯ ধারামতে কোন দখলীস্বত্ব বিশিষ্ট যোতের নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া গেলে, সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত উক্ত নীলামে বিক্রয় করা যাইবে।

সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।

(২) এই পরিচ্ছেদের নীলামকরিবার ১৮২ ধারার নির্দ্দিষ্ট প্রকারে উক্ত যোতের কোন দায় অসিদ্ধ করিতে পারিবেন, প্রকারান্তরে নহে।

পূর্ব্ব কএক ধারামতে দায় অসিদ্ধ করিবার কার্য্য প্রণালীর কথা।

১৮৪ ধারা। (১) কোন খরিদার পূর্ব্ব কএক ধারামতে কোন দায় অসিদ্ধ করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়া ঐ দায় অসিদ্ধ করিতে চাহিলে তিনি যে তারিখে প্রথমে উক্ত দায়ের সংবাদ পান, সেই তারিখ অবধি এক বৎসরের মধ্যে কালেক্টরের নিকট লিখিয়া দরখাস্ত দিয়া এই প্রার্থনা জানাইতে পারিবেন, যে উক্ত কালেক্টর ঐ দায় অসিদ্ধ করা হইয়াছে, এই মর্ম্মের নোটিস দায়-ধারীর উপর জারী করিবেন।

(২) এতদর্থে রেবিনিউ বোর্ড যে ফী ধার্য্য করেন, উক্ত নোটিস জারী করিবার নিমিত্ত সেই ফী ঐরূপ প্রত্যেক দরখাস্তের সঙ্গে দিতে হইবে।

(৩) কোন নোটিস জারী করিবার দরখাস্ত এই ধারার নির্দ্দিষ্টমতে কোন কালেক্টরের নিকট করা গেলে তিনি তদনুসারে নোটিস জারী করাইবেন, এবং যে তারিখে ঐ নোটিস জারী হয়, সেই তারিখ অবধি উক্ত দায় অসিদ্ধ করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে

দখলীস্বত্ববিশিষ্ট যোত পূর্ব্ব কএক ধারামতে তালুক বলিয়া গণ্য হয় এরূপ আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

১৮৫ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এই আজ্ঞা করিতে পারিবেন, যে কোন স্থানের অন্তর্গত দখলী-স্বত্ববিশিষ্ট যোতের কিম্বা বিশেষ কোন শ্রেণীর দখলী-স্বত্ববিশিষ্ট যোতের দেনা খাজানার ডিক্রীজারীক্রমে তাহা নীলামে চড়ান গেলে, সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত নীলামে চড়াইবার পূর্ব্বে রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়-সম্বলিত নীলামে চড়ান যাইবে এবং ঐরূপ বিজ্ঞাপন দিয়া উক্তরূপ কোন আজ্ঞা রহিত করিতে পারিবেন।

(২) কোন স্থান সম্বন্ধে এইরূপ কোন আজ্ঞা প্রবল থাকিলে, ঐ স্থানের অন্তর্গত সমুদয় দখলী স্বত্ববিশিষ্ট যোত কিম্বা, স্থল বিশেষে, উক্ত বিশেষ শ্রেণীর দখলী-স্বত্ববিশিষ্ট যোত এই অধ্যায়ের পূর্ব্ব কএক ধারামত নীলামের কার্য্যপক্ষে সর্ব্বতোভাবে তালুকের ন্যায় গণ্য হইবে।

বিক্রয়োৎপন্ন টাকা লইয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ক বিধির কথা।

১৮৬ ধারা। (১) এই অধ্যায়মত বিক্রয়োৎপন্ন টাকা প্রয়োগ সময়ে দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালীবিষয়ক আইনের ২৯৪ ধারার নির্দ্দিষ্ট বিধির পরিবর্ত্তে নিম্নলিখিত বিধি পালন করিতে হইবে, অর্থাৎ,

(ক) ঐ যোত বিক্রয় করাইতে ডিক্রীদারের যে খরচ হইল, তাঁহাকে প্রথমতঃ সেই খরচের টাকা দেওয়া যাইবে।

(খ) তাহার পর যে ডিক্রী জারী করাতে নীলাম হয়, সেই ডিক্রীক্রমে ডিক্রীদারের যত টাকা পাওনা হয়, তাঁহাকে সেই টাকা দেওয়া যাইবে।

(গ) এই সমস্ত টাকা শোধ হইয়াও উদ্বৃত্ত থাকিলে, মোকদ্দমা উপস্থিত করিবার তারিখ অবধি নীলামের তারিখ পর্য্যন্ত কিম্বা মোকদ্দমার চূড়ান্ত ডিক্রী হইবার তারিখ অবধি ছয় মাসের অনধিক কাল পর্য্যন্ত উক্ত যোত সম্বন্ধে যে কোন খাজানা ডিক্রীদারের পাওনা হইয়া থাকে, ঐ উদ্বৃত্ত টাকাহইতে তাঁহাকে সেই খাজানা দেওয়া যাইবে।

(ঘ) (গ) প্রকরণের লিখিত খাজানা দিবার পরও উদ্বৃত্ত থাকিলে, তাহা নীলাম দৃঢ় করণাবধি দুই মাস অতীত হইলে, ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে।

(২) ডিক্রীমত খাতক (গ) প্রকরণমত খাজানা বলিয়া ডিক্রীদারের কোন টাকা পাইবার স্বত্ব সম্বন্ধে বিবাদ উত্থাপন করিলে, আদালত ঐ বিবাদের নিষ্পত্তি করিবেন, এবং ঐ নিষ্পত্তি ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

খরচা সমেত ডিক্রীর টাকা আদালতে দেওয়া গেলেই কিম্বা ডিক্রীদার শোধ হইয়াছে স্বীকার করিলেই, যোত ক্রোক হইতে মুক্ত হইবার কথা।

১৮৭ ধারা। (১) কোন যোতের দেনা বাকী খাজানার ডিক্রীজারীক্রমে ঐ যোত ক্রোক করা গেলে, তৎ সম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২৭৮ অবধি ২৮৩ পর্য্যন্ত ধারা খাটিবে না।

(২) ঐরূপ কোন ডিক্রীজারীক্রমে কোন যোত নীলাম হইবার আজ্ঞা করা গেলে, যদি নীলাম খরিদারের ডাক গ্রাহ্য হইবার পূর্ব্বে ডিক্রীমত খরচা ও নীলাম করিবার খরচা সমেত ডিক্রীর টাকা আদালতে দেওয়া না যায়, কিম্বা আদালতের বাহিরে ডিক্রীর টাকা শোধ করা হইয়াছে, এই হেতু দেখাইয়া যদি ডিক্রীদার উক্ত যোত মুক্ত করণার্থ দরখাস্ত না করেন, তবে উক্ত যোত ক্রোক হইতে মুক্ত হইবে না।

(৩) এই অধ্যায়মতে কোন যোত নীলাম করা গেলে, ঐ নীলাম অসিদ্ধ করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে কোন ব্যক্তির যে স্বত্ব থাকে, এই ধারার কোন কথাক্রমে তাহার বিঘ্ন হইবে না।

নীলাম নিবারণার্থ আদালতে টাকা দেওয়া গেলে, তাহা কোন্ কোন্ স্থলে উক্ত যোতের বন্ধকী ধন হইবার কথা।

১৮৮ ধারা। (১) এই অধ্যায়মতে যে কোন যোত নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া যায়, সেই যোতে যদি, কোন ব্যক্তির এরূপ স্বার্থ থাকে যাহা ঐরূপ নীলাম হইলে অসিদ্ধ হইতে পারে, তবে তিনি নীলাম বন্ধ করণার্থ আবশ্যক টাকা আদালতে দিলে,

(ক) ঐরূপে তিনি যে টাকা দেন, তাহা শতকরা ১২৲ টাকা সুদ সহিত ঋণ বলিয়া গণ্য হইবে, এবং তজ্জন্য উক্ত যোত তাঁহার নিকট বন্ধক আছে বলিয়া জ্ঞান হইবে;

(খ) তাঁহার বন্ধক বাকী খাজানার দায় ছাড়া উক্ত যোতের উপর আর যে কোন দায় থাকে, তদপেক্ষা অগ্রগণ্যতা প্রাপ্ত হইবে; এবং

(গ) যাবৎ উক্ত ঋণ পাওনা সুদসমেত শোধ করা না হয়, তাবৎ তিনি বন্ধকগ্রহীতাস্বরূপ উক্ত যোতের দখল লইতে ও উহা দখলে রাখিতে স্বত্ববান হইবেন।

(২) ঐরূপ কোন ব্যক্তির অন্য যে কোন প্রতিকার পাইবার স্বত্ব থাকে, এই ধারার কোন কথাক্রমে তাহার বিঘ্ন হইবে না;

অধস্তন প্রজা আদালতে টাকা দিলে তাহা খাজানা হইতে কাটিয়া লইতে পারিবার কথা।

১৮৯ ধারা। বাকীদার উর্দ্ধতন প্রজার বিরুদ্ধে ডিক্রী-জারীক্রমে এই অধ্যায়মতে কোন যোত নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া গেলে, এবং নীলাম হইলে যে অধস্তন প্রজার স্বার্থ অসিদ্ধ হইতে পারে, সেই অধস্তন প্রজা নীলাম নিবারণার্থ আদালতে টাকা দিলে, তাহার নিমিত্ত আইনে অন্য যে প্রতিকারের বিধান থাকে, তদতিরিক্ত তাঁহার নিজ ভূম্যধিকারীকে তাঁহার যে খাজানা দিতে হয়, তাহা হইতে তিনি ঐরূপে প্রদত্ত টাকার সমুদয় বা কোন অংশ কাটিয়া লইতে পারিবেন; এবং উক্ত ভূম্যধিকারী বাকীদার না হইলে, তিনিও ঐরূপে তাঁহার নিজ ভূম্যধিকারীকে দেয় খাজানা হইতে ঐরূপ কর্ত্তিত টাকা কাটিয়া লইতে পারিবেন; এবং যাবৎ বাকীদার পর্য্যন্ত না পঁহুছে তাবৎ এইরূপ চলিবে।

নীলামে ডিক্রীদারের ক্রয় করিতে পারিবার ও ডিক্রীদার খাতকের না পারিবার কথা।

১৯০ ধারা। (১) দেওয়ানী মোকদ্দমার কার্য্য-প্রণালী বিষয়ক আইনের ২৯৪ ধারায় প্রকারান্তরের বিধান থাকিলেও যে ডিক্রীজারীক্রমে এই অধ্যায়মতে কোন যোত নীলাম হয়, সেই ডিক্রীদার আদালতের অনুমতি বিনা ঐ যোত ডাকিতে বা ক্রয় করিতে পারিবেন।

(২) ঐরূপে যে যোত নীলাম হয়, ডিক্রীদার খাতক তাহা ডাকিবেন না বা ক্রয় করিবেন না।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৩ ও ৩২৬ ধারার কার্য্য না হইবার কথা।

১৯১ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৩ ও ৩২৬ ধারা এই অধ্যায়মত কোন নীলাম সম্বন্ধে খাটিবে না।

দায়গ্রস্তিকারী কোন২ নিদর্শনপত্র রেজিষ্টরী করিবার কথা।

১৯২ ধারা। ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের চতুর্থ ভাগে প্রকারান্তরের বিধান থাকিলেও, হস্তান্তরযোগ্য কোন যোতের উপর যাহাতে দায় সৃষ্টি হয়, এরূপ কোন নিদর্শনপত্র এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে সম্পাদিত হইয়া থাকিলে, এবং উক্ত রেজিষ্টরী আইনের ১৭ ধারামতে তাহা রেজিষ্টরী করা আবশ্যক না হইলে, যদি তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি এক বৎসরের মধ্যে উপযুক্ত কার্য্যকারকের নিকট রেজিষ্টরী করণার্থ উপস্থিত করা যায়, তবে তাহা উক্ত আইনমতে রেজিষ্টরী করিবার নিমিত্ত গৃহীত হইবে।

ভূম্যধিকারীকে দায়ের নোটিস দিবার কথা।

১৯৩ ধারা। কোন হস্তান্তরযোগ্য যোতের প্রজার সম্পাদিত যে নিদর্শনপত্রক্রমে উক্ত যোতের উপর কোন দায় সৃষ্টি হয়, কোন কার্য্যকারক এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে বা পরে সেই নিদর্শনপত্র রেজিষ্টরী করিলে, উক্ত প্রজার প্রার্থনামতে কিম্বা যে ব্যক্তির অনুকূলে ঐ দায় সৃষ্টি হয়, সেই ব্যক্তির প্রার্থনামতে এবং স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে যে কী ধার্য্য করেন, তাহা তাঁহার স্থানে পাইলে, ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের সপ্তম ভাগে সমন জারী করিবার যে প্রণালী নির্দ্দিষ্ট আছে, সেই প্রণালীতে ভূম্যধিকারীর উপর উক্ত নিদর্শনপত্রের নকল জারী করাইয়া তাঁহাকে উক্ত দায়ের নোটিস দিবেন।

১৬ শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্ত সরাসরী নীলামের বিধি

পত্তনী তালুক নীলামের কথা।

ভূস্বামীর সরাসরী নীলামদ্বারা পত্তনীদারের স্থানে বাকী খাজানা আদায়ের কথা।

১৯৪ ধারা। নিজ ভূস্বামীর স্থানে প্রাপ্ত পত্তনী তালুকের পাওনা খাজানা দিতে ত্রুটি হইলে, ভূস্বামী আদালতে অন্য যে প্রতিকার পাইতে পারেন, তদতিরিক্ত এই অধ্যায়ের নিম্নলিখিত কএক ধারায় যে বিধি আছে, তদনুসারে উক্ত তালুকের সরাসরী নীলাম হইবার নিমিত্ত প্রার্থনা করিতে পারিবেন।

বৎসরের প্রারম্ভে নীলামের দরখাস্ত করিবার কথা।

১৯৫ ধারা। (১) বৈশাখ মাসের ১ম দিনে, অর্থাৎ, যে বৎসরের খাজানা বাকী হয়, তাহার পরবৎসরের প্রারম্ভে, ভূস্বামী কালেক্টরের নিকট দরখাস্ত দিতে পারিবেন। পূর্ব্ব ধারায় যে২ তালুকের উল্লেখ হইল, তাহার সমুদয় বা কোন তালুক সম্বন্ধে অতীত বৎসরের হিসাবে ভূস্বামীর যত বাকী টাকা পাওনা থাকে, ঐ দরখাস্তে তাহা নির্দ্দেশ করিতে হইবে।

(২) তাহা হইলে ঐ দরখাস্ত কালেক্টরী কাছারীর কোন সুপ্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে, ও তৎসঙ্গে এই নোটিস থাকিবে যে, যে টাকার দাওয়া হয়, তাহা জ্যৈষ্ঠ মাসের ১ তারিখের পূর্ব্বে দেওয়া না গেলে, বাকীদারদের তালুক ঐ টাকা শোধ করণার্থ উক্ত তারিখে প্রকাশ্য নীলামে বিক্রয় করা যাইবে।

(৩) ভূস্বামী ঐরূপ আর এক খান নোটিস আপন সদর কাছারীতে লাগাইয়া দিবেন, এবং স্থলবিশেষে নোটিসের যে অংশ খাটে, সেই অংশের নকল বা উদ্ধৃতি লিপি পাঠাইয়া যে কাছারীতে ঐ তালুকের প্রধান কার্য্য চলে, সেই কাছারীতে কিম্বা বাকীদারের তালুকের জমীতে যে প্রধান নগর বা গ্রাম থাকে, তথায় উক্তরূপে প্রচার করাইবেন।

(৪) এই ধারামতে যে২ নিয়ম নির্দ্দিষ্ট হইল, তাহার পালন নিমিত্ত কেবল ভূস্বামী দায়ী থাকিবেন।

নোটিস জারী করিবার কথা।

১৯৬ ধারা। (১) মফস্বলে যে নোটিস পাঠাইবার আজ্ঞা হইল, তাহা এজন পেয়াদা যাইয়া জারী করিবে। ঐ পেয়াদা তন্নিমিত্ত উক্ত বাকীদারের কিম্বা তাহার কার্য্যাধ্যক্ষের রসীদ লইয়া আসিবে; অথবা উহা পাইতে না পারিলে, ঐ নোটিস ঐ স্থানে আনিয়া প্রচার করা হইয়াছে, ইহার সাক্ষ্যস্বরূপ তন্নিকটবর্ত্তী স্থানবাসী তিনজন গণ্যমান্য লোকের স্বাক্ষর লইয়া আসিবে।

(২) উক্ত গ্রামের লোকে স্বাক্ষ্যস্বরূপ আপনাদের নাম স্বাক্ষর করিতে আপত্তি বা অস্বীকার করিলে, উক্ত পেয়াদা নিকটস্থ মুনসেফের আফিসে কিম্বা মুনসেফ না থাকিলে, নিকটস্থ পোলীস থানায় যাইবে, এবং ঐ নোটিস যে যথাবিধি প্রচারিত হইয়াছে, এবিষয়ে তথায় ইচ্ছাপূর্ব্বক শপথ করিবে। এই মর্ম্মের এক সর্টিফিকেটে উক্ত কার্য্যকারকেরা স্বাক্ষর ও মোহর করিয়া ঐ পেয়াদাকে দিবেন।

(৩) উক্ত রসীদের বা সার্টিফিকেটের মর্ম্ম বুঝিয়া যদি দেখা যায় যে, বৈশাখ মাসের ১৫ তারিখের পূর্ব্বে কোন সময়ে নোটিস প্রচার করা হইয়াছে, তবে নির্দ্দিষ্ট তারিখে নীলাম চালাইবার পক্ষে উহাই যথেষ্ট হইবে।

বৎসরের মাঝখানে নীলামের দরখাস্তের কথা

১৯৭ ধারা। বৎসরের মাঝখানে কার্ত্তিক মাসের ১ তারিখে ভূস্বামী আশ্বিন মাসের শেষপর্য্যন্ত চলিত সনের খাজানার হিসাবে যে বাকী টাকা পাওনা থাকে, তাহার সুদসমেত ঐরূপ দরখাস্ত করিতে পারিবেন, এবং বাকীদারের তালুক বিক্রয় হইবার কথা উল্লেখ করিতে পারিবেন। যত টাকা বাকী থাকিবার ইস্তাহার দেওয়া যায়, যদি অগ্রহায়ণ মাসের ১ তারিখের পূর্ব্বে তৎসমস্ত দেওয়া না যায়, অথবা কার্ত্তিক মাসের তমসুকে ঐ টাকার মধ্যে এত দেওয়া না হয়, যাহাতে উক্ত বৎসরের প্রারম্ভবধি কার্ত্তিক মাসের শেষ দিন পর্য্যন্ত কিস্তিবন্দী অনুসারে ভূস্বামীর মোট তলবের চারি আনার কম বাকী থাকে, তবে উক্ত তারিখে নীলাম হইবে।

তালুকদার তলবসম্বন্ধে আপত্তি করিলে কার্য্যপ্রণালীর কথা।

১৯৮ ধারা। (১) কোন তালুকদারের নিকট বাকী খাজানা পাওনা আছে বলিয়া কথিত হইলে, তৎসম্বন্ধে পূর্ব্ব কএক ধারামতে নোটিস দেওয়া গেলে, উক্ত তালুক নীলামের নিমিত্ত ঐ নোটিসে যে তারিখ ধার্য্য পাবে, সেই তারিখের পূর্ব্বে কোন সময়ে তালুকদার তলবের সমস্ত বা কোন অংশ সম্বন্ধে আপত্তি করিয়া কালেক্টরের নিকট দরখাস্ত দিতে পারিবেন।

(২) কালেক্টর (১) প্রকরণমতে দরখাস্ত পাইলে, ভূস্বামীর নিকট সমন দিবেন, তাহাতে সমনের নির্দ্দিষ্ট সময়ে ও তারিখে উপস্থিত হইতে এবং নীলাম কেন স্থগিত রাখা যাইবে না, অথবা কল বিশেষে কেন তলবের টাকা কম না যাইবে, ইহার কারণ দেখাইতে ভূস্বামীর প্রতি আদেশ থাকিবে, এবং কালেক্টর সাধ্য হইলে উভয় পক্ষের কথা কিম্বা তন্মধ্যে যাঁহার উপস্থিত থাকেন, তাঁহাদের কথা শুনিবেন, ও তাঁহাদের মধ্যে যে বিষয়ের বিবাদ থাকে, নীলামের নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বে তাহার মীমাংসা করিবেন।

(৩) নীলামের নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে যদি কালেক্টর এইরূপ বিস্তারিত করেন যে, বাকীর দাওয়া হয় নাই, তাহার কোন অংশ পাওনা নয়, তবে তিনি ভূস্বামীর দরখাস্ত নামঞ্জুর করিবেন।

(৪) যদি উক্ত সময়ের পূর্ব্বে তিনি নিষ্পত্তি করেন যে, সমস্ত বাকীর দাওয়া ভিত্তিহীন বা অংশ বিশেষ পাওনা নয়, তবে তিনি তদনুসারে তলব কমাইয়া দিবেন; এবং তাঁহার নিষ্পত্তি এই অধ্যায়মত কার্য্যানুষ্ঠান পক্ষে চূড়ান্ত হইবে।

(৫) যে সকল স্থলের বিধান (৩) ও (৪) প্রকরণ নাই, সেই সকল স্থলে তালুকদারের দরখাস্ত নামঞ্জুর করা যাইবে; কিন্তু নীলাম অসিদ্ধ করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে তাঁহার যে স্বত্ব থাকে, ঐরূপ নামঞ্জুর করাতে সেই স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

বাকী টাকা আমানত করা না গেলে তালুক নীলাম হইবার কথা।

১৯৯ ধারা। পূর্ব্ব ধারার বিধানের স্থল না হইলে, যে তালুক সম্বন্ধে পূর্ব্ব কএক ধারামতে নোটিস দেওয়া গিয়াছে, সেই তালুক নোটিসের নির্দ্দিষ্ট তারিখে নীলাম করা যাইবে; কিন্তু পূর্ব্ব দিনের সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে তলবের টাকা অথবা পূর্ব্ব ধারামতে ঐ টাকা কমান গেলে, সেই কমান টাকা ভূমধিকারীকে দিবার নিমিত্ত বাকীদার বা অন্য কোন ব্যক্তি কালেক্টরী কাছারীতে আমানত করিলে, নীলাম হইবে না।

নীলাম হইলে, যে ক্রম মানিতে হইবে তাহার কথা।

২০০ ধারা। (১) পূর্ব্বে কাছারীতে যে নোটিস লাগাইয়া দেওয়া যায়, নীলামের সময়ে তাহা লাগাইয়া ফেলিতে হইবে, এবং লাটগুলি নোটিসে যে ক্রম লেখা থাকে, সেই ক্রমানুসারে পরপর ডাকা যাইবে।

(২) যে প্রত্যেক লাট সম্বন্ধে ইস্তাহার দেওয়া যায় তাহার বাকীর নিমিত্তে নীলামের তারিখ পর্য্যন্ত যে টাকা দেওয়া হইয়াছে, তাহার বিশেষ বিবরণপত্রের সহিত ও মকঃসলে যে নোটিস প্রচার করিবার আদেশ দেওয়া যায়, তাহার রসীদ বা সার্টিফিকেট সহিত ভূস্বামীর পক্ষীয় এক ব্যক্তি নীলামে উপস্থিত থাকিবেন।

(৩) যে বচনা ত্র দাখিল করা যায়, যাবৎ তাহা দেওয়া না হয় ও তাহা হইতে উক্ত বৎসরের বাকী থাকা নিরূপণ করা না হয় এবং যাবৎ নোটিস বিলির রসীদ পাঠক না হয়, তাবৎ কোন লাট নীলামে চড়ান যাইবে না। যে প্রত্যেক লাটের নীলাম হয়, তৎসম্বন্ধে স্বতন্ত্র রুবকারী করিয়া সেই রুবকারীতে এই সকল নিয়ম পালিত হইবার কথা লিখিত হইবে।

(৪) কার্ত্তিক মাসের প্রথম দিনে যে দরখাস্ত দেওয়া যায় সেই দরখাস্তমতে নীলাম হইলে, নীলামের তারিখ পর্য্যন্ত তলবের চারি আনার অধিক বাকী আছে, ইহা দেখিতে পাইবার নিমিত্ত বাকীদারের কিস্তিবন্দীও দাখিল করিতে হইবে; এবং ইহা নির্ণয় করা না গেলে, নীলাম হইবে না।

(৫) এইরূপে যে সকল কাগপত্র দেখাইতে হইবে, তাহার শুদ্ধতা ও অনন্যতা সম্বন্ধে কেবল ভূস্বামী দায়ী থাকিবেন; এবং যে কার্য্যকারক নীলাম করেন, তিনি নীলাম নাদা ও প্রকাশ্যরূপে হওয়া ছাড়া এবং তাঁহার উপদেশার্থে এই অধ্যায়ে যে বিধি নির্দ্দেশ করা গেল তাহা পালিত হওয়া ছাড়া অন্য কোন বিষয়ে দায়ী থাকিবেন না।

নীলামের কার্য্য যেরূপে চালাইতে হইবে তাহার কথা।

২০১ ধারা। (১) এই অধ্যায়মতে তালুকের সমস্ত নীলাম সরকারী কাছারীতে হইবে।

(২) যে ব্যক্তির সর্ব্বাপেক্ষা উচ্চ ডাক হয়, তুমি তাঁহার নিকট বিক্রয় করা যাইবে, এবং বাকীদার ছাড়া প্রত্যেক ব্যক্তি অবাধে ডাকিতে পারিবেন।

(৩) লাটের ডাক মঞ্জুর হইবামাত্র ক্রয়ের টাকার শতকরা ১৫ টাকা দিতে হইবে।

(৪) যে কার্য্যকারক নীলামের কার্য্য চালান, তাঁহার স্বচ্ছোদমতে যাবৎ প্রত্যয় না জন্মে যে, যত টাকা আমানত করিতে হইবে তাহা তদর্থে হাতে আছে কিম্বা দুই ঘন্টার মধ্যে দাখিল করা যাইবে, তাবৎ তিনি কোন ডাক গ্রাহ্য করিতে কিম্বা যিনি ডাকেন এরূপ কোন ব্যক্তির নামে কোন লাট ফেলিতে অস্বীকার করিতে পারিবেন।

(৫) নীলাম হইবার পর দুই ঘন্টার মধ্যে শতকরা পনের টাকা নগদ দেওয়া না গেলে কিম্বা তত্তুল্য মূল্যের গবর্ণমেণ্ট সিকুরিটী দাখিল করা না গেলে, উক্ত লাট ঐ দিনেই পুনর্ব্বার নীলাম করা যাইবে।

(৬) ক্রয়ের টাকার অবশিষ্টাংশ তন্তুম দিবসের দুই প্রহরের মধ্যে দেওয়া না গেলে, জিলার সদর মোকামের বাজারে ঢেঁড়রা পিটিয়া নীলাম ঘোষণা করিয়া পর দিবসে অর্থাৎ প্রথম নীলাম অবধি নবম দিবসে পুনর্ব্বার নীলাম হইবার নোটিস দেওয়া যাইবে।

(৭) তাহা হইলে উক্ত লাট প্রথম খরিদারের ঝুঁকিতে নির্দ্দিষ্ট সময়ে পুনর্ব্বার নীলাম করা যাইবে। প্রথম খরিদার যতবারী পনের টাকা হিসাবে অগ্রিম যে টাকা দিয়াছিলেন তাহা দণ্ড হইবে এবং দ্বিতীয় বারে নীলাম করিয়া যে টাকা উৎপন্ন হয় তাহা পূর্ব্ব নীলামের টাকা অপেক্ষা যত টাকা কম হউক তত টাকার জন্য তিনি দায়ী থাকিবেন। দেওয়ানী আদালতের ডিক্রী জারী করিবার যে প্রণালী আছে সেই প্রণালীতে এ টাকা আদায় করা যাবে।

আমানত করা যে টাকা দণ্ড হয়, তাহা হইতে খরচ দেওয়া যাইবে; এবং তাহা উদ্ধৃত থাকে তাহা গবর্ণমেণ্টে জমা দেওয়া যাইবে।

২০১ ধারা। (১) এই অধ্যায়মতে কোন তালুকের খরিদার ক্রয়ের সমস্ত টাকা দিলে, কালেক্টর তাঁহাকে ঐ টাকা দিবার সার্টিফিকেট দিবেন।

খরিদারকে সার্টিফিকেট দিবার কথা।

(২) তাহা হইলে তালুকদার কিম্বা তাঁহার স্বার্থগত পূর্ব্বা ধিকারীদের মধ্যে কেহ কিম্বা তাঁহার বা তাঁহাদের অধীন কোন দাওয়াদার ঐ তালুকের উপর যে সকল দায়, দাবী, মেটাও প্রজাস্বত্ব আচ্ছন্দভোগ স্বত্ব এবং অন্যান্য স্বত্ব বা স্বার্থ সৃষ্টি করিয়াছেন, তাহা অসিদ্ধ করণার্থ ১৮৯ ধারায় যে প্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে, সেই প্রণালীমত তাহা অসিদ্ধ করিবার ক্ষমতা সহিত খরিদার ঐ উক্ত তালুক প্রাপ্ত হইবেন। নিম্নলিখিত কয়েকটী স্বত্বসম্বন্ধে এ বিধি খাটিবে না—

দখলী স্বত্ব

(ক) যে সময়ে স্বত্ব দেওয়া যায়, সেই সময়ে যদি ন্যায্য ও যুক্তিসিদ্ধ খাজানা ছিল, সেই খাজানা দিয়া ভোগ করিবার যে স্বত্ব দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তকে দেওয়া যায়, সেই স্বত্ব; কিম্বা

(গ) যে লিখিত নিদর্শনপত্রক্রমে তালুকের সৃষ্টি হয়, তাহাতে স্পষ্ট বাক্যে যে ক্ষমতা প্রদত্ত হয়, সেই ক্ষমতাক্রমে সৃষ্ট কোন স্বত্ব বা স্বার্থ।

২০৩ ধারা। এই অধ্যায়মত কোন তালুকের খরিদার তৎসম্বন্ধে পূর্ব্ব ধারামত সার্টিফিকেট পাইলে, এবং ৩য় অধ্যায়মতে তাঁহার প্রতি তালুক হস্তান্তর হইবার কথা রেজিষ্টরী করা গেলে, তাঁহাকে তালুক দখল দিবার নিমিত্ত তিনি কালেক্টরের নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে কালেক্টর তাঁহাকে তালুকের দখল দেওয়াইবেন; এবং ডিক্রীজারীক্রমে নীলাম হইলে যে দেওয়ানী আদালত খরিদারকে দখল দেন, সেই আদালতের প্রতি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে যে ক্ষমতা অর্পিত হইয়াছে, কালেক্টর সেই সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

খরিদারকে দখল দিবার কথা।

২০৪ ধারা। এই অধ্যায়মতে কোন তালুক নীলাম হইবার ইস্তাহার দেওয়া গেলে যদি কোন ব্যক্তির ঐ তালুকে এরূপ স্বার্থ থাকে যাহা নীলাম হইলে অসিদ্ধ হইতে পারে এবং তিনি নীলাম নিবারণার্থ ১৯৯ ধারামতে তা ন্যূনটাকা কালেক্টরী কাছারীতে আমানত করেন, তবে ২০৫ ধারার বিধান করিবে; এবং যদি ঐ ব্যক্তি তালুকদারের দখলের প্রজা হন, তবে ১৫ অধ্যায়মতে যে নোটিস নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া যায়, উক্ত তালুক সেই নোটিস হইলে এবং নীলাম নিবারণার্থে উক্ত টাকা আদালতে দেওয়া গেলে, ২০৯ ধারার বিধান সেরূপে হইবে, সেইরূপ করিবে

নীলাম বন্ধ করিতে যে ব্যক্তির স্বার্থ থাকে সেই ব্যক্তির আমানত করিবার কথা।

২০৫ ধারা। (১) এই অধ্যায়ের বিধানের কার্য্য কোন তালুক নীলাম করা গেলে

নীলামের মোকদ্দমার কথা।

নিষ্পন্নক্রম সিদ্ধ না হইলে তাহাতে যে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হন, তিনি নীলাম অসিদ্ধ করিবার নিমিত্ত ও তাহাতে তাঁহার যে কোন ক্ষতি হয় তাহার ক্ষতিপূরণ পাইবার নিমিত্ত, যে তারিখে নীলাম হয় তাহার বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(২) তালুকের খরিদারকে মোকদ্দমার এক পক্ষ করিতে হইবে; এবং নীলাম অসিদ্ধ হইলে যাঁহারা যে কোন হিস্যায়, তাঁহারা তিন মোকদ্দমার ডিক্রীর স্থানে ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।

নীলাম অসিদ্ধ করিতে যে ব্যক্তি স্বার্থ অসিদ্ধ হইলে ক্ষতিপূরণ পাইবার মোকদ্দমার কথা।

২০৬ ধারা। এই অধ্যায়ের [illegible] নিমিত্ত নীলামের তারিখ [illegible] ধারের বিরুদ্ধে [illegible]

কিন্তু বাকীদারের অধস্তন কোন প্রজার স্থানে নীলামের সময়ে কোন বাকী খাজানা পাওনা থাকিলে, তিনি এইরূপ কোন মোকদ্দমা চালাইতে পারিবেন না।

নীলামের উৎপন্ন টাকা লইয়া যাহা২ করিতে হইবে, তাহার কথা।

২০৭ ধারা। (১) এই অধ্যায়মত নীলামের উৎপন্ন টাকা লইয়া নিম্নলিখিতমতে কার্য্য করিতে হইবে, যথা,—

(ক) এই অধ্যায়ের বিধান ফলবৎ করণার্থ যে কোন অতিরিক্ত সেরেস্তা রাখা আবশ্যক হয়, তাহার খরচ কুলাইবার নিমিত্ত শতকরা এক টাকা করিয়া বিক্রয়োৎপন্ন টাকা হইতে প্রথমতঃ কাটিয়া লইয়া গবর্ণমেণ্টের হিসাবে জমা দেওয়া যাইবে।

(খ) যে বাকী খাজানার নিমিত্ত নীলাম হইয়াছে তাহা (সুদসমেত ও তালুক নীলাম করাইতে যে সকল খরচ পড়িয়াছে তাহা সমেত) ইহার পর ভূম্যধিকারীকে দেওয়া যাইবে।

(গ) (ক) ও (খ) প্রকরণের নির্দ্দিষ্ট টাকা দেওয়া গেলে পর উদ্বর্ত্ত থাকিলে, যে কার্য্যকারক নীলাম কার্য্য চালান, তিনি তাহা অবিলম্বে কালেক্টর সাহেবের খাজানাখানায় পাঠাইবেন। ২০৬ ধারামতে যাঁহারা ক্ষতিপূরণের ডিক্রী পান, তাঁহাদের দাওয়া শোধ করিবার নিমিত্ত ঐ উদ্বর্ত্ত টাকা নীলামের তারিখ অবধি দুই মাস গত না হওয়া পর্য্যন্ত উক্ত খাজানাখানায় আমানত করিয়া রাখিতে হইবে, এবং উক্ত কালের মধ্যে ঐ ধারামতে মোকদ্দমা উপস্থিত করা গেলে, যাবৎ ঐ সকল মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি না হয়, তাবৎ উক্ত টাকা আমানত রাখিতে হইবে।

(ঘ) যে উদ্বর্ত্ত টাকা (গ) প্রকরণমতে রাখা যায়, তাহা হইতে প্রথমতঃ ২০৬ ধারামতে বাকীদারের বিরুদ্ধে ডিক্রী হইয়া থাকিলে, ঐ ডিক্রীর টাকা দিতে হইবে। উদ্বর্ত্ত টাকা হইতে ডিক্রীর টাকা সম্পূর্ণরূপে দিতে না কুলাইলে, যাহার যত টাকার ডিক্রী থাকে, তদনুসারে ডিক্রীদারদের মধ্যে ঐ টাকা হারহারীমতে বণ্টন করিয়া দেওয়া যাইবে।

(ঙ) উক্ত উদ্বর্ত্ত টাকার কিছু অবশিষ্ট থাকিলে, তাহা বাকীদারকে দেওয়া যাইবে।

(২) যে টাকা (গ) প্রকরণমতে আমানত রাখা যায়, যে কোন ব্যক্তির তাহাতে স্বার্থ থাকে, তিনি আমানতী টাকার পরিবর্ত্তে যাহার সুদ চলে, এরূপ গবর্ণমেণ্ট সিক্যুরিটী রাখিয়া উক্ত টাকা সমস্ত কিম্বা তাহার কোন অংশ ফিরাইয়া লইতে পারিবেন। শেষ যে গবর্ণমেণ্ট প্রেজেণ্ট পাওয়া যায়, তাহাতে যে ডিস্কৌণ্টের বা প্রিমিয়মের হার দেখা যায়, সেই হারে উক্ত সিক্যুরিটী লওয়া যাইবে।

রবিবার ও বন্ধের দিন বিষয়ক বিধানের কথা।

২০৮ ধারা। এই অধ্যায়ের নির্দ্দিষ্ট কোন দিন রবিবার বা বন্ধের দিন হইলে, ঐ দিনে এই অধ্যায়মতে যাহা কিছু করিবার আদেশ বা অনুমতি থাকে, তাহা তাহার পরদিন রবিবার বা বন্ধের দিন না হইলে করা যাইতে পারিবে।

অন্যান্য তালুক নীলামের কথা।

অন্যান্য রেজিষ্টরী করা তালুক সম্বন্ধে এই অধ্যায় পরিবর্ত্তিত হইয়া খাটিবার কথা।

২০৯ ধারা। এই অধ্যায়ের পূর্ব্ব কএক ধারামতে যে সকল তালুক নীলাম করা যাইতে পারে, তদ্ভিন্ন কোন তালুক সরকারী রেজিষ্টরে রেজিষ্টরী করিবার বিধান আইনে করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে সময়ে২ যেরূপ পরিবর্ত্তন নির্দ্দেশ করেন, সেইরূপ পরিবর্ত্তন সহকারে ঐ সকল ধারা উক্তরূপে রেজিষ্টরী করা তালুক সম্বন্ধে খাটিবে।

১৭শ অধ্যায়।

চুক্তি ও দেশাচার বিষয়ক বিধি।

চুক্তির বিরুদ্ধে যে২ বিধান ফলবৎ হইবে তাহার কথা।

২১০ ধারা। প্রকারান্তরের চুক্তি থাকিলেও নিম্নলিখিত বিষয় সম্বন্ধে এই আইনের বিধান ফলবৎ হইবে, যথা,—

(ক) বাসেন্দা রায়তের ও দখলীস্বত্ববিশিষ্ট রায়তের স্বত্ব লাভ (২৪, ২৫ ও ২৬ ধারা)।

(খ) ৩১ ধারার নির্দ্দিষ্ট দখলী স্বত্বের অনুষঙ্গ।

(গ) ৫১ ধারামতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা কমাইবার দাওয়া করিবার স্বত্ব।

(ঘ) ৫৩ ধারামতে ফসলী খাজানা পরিবর্ত্তনের দাওয়া করিতে ভূম্যধিকারীর বা প্রজার স্বত্ব।

(ঙ) নির্দ্দিষ্ট হেতু বিনা দখলীস্বত্বশূন্য রায়তকে ও কোফা রায়তকে উচ্ছেদ করণ বিষয়ে আইনমতে প্রদত্ত সংরক্ষণ (৫৮, ৫৯, ৬০, ও ৬১ ধারা)।

(চ) খোতের ভূমি কমিয়া যাওয়াতে প্রজার খাজানা কমাইবার স্বত্ব (৬৬ ধারা)।

(ছ) রায়তের উৎকর্ষসাধন করিবার ও তজ্জন্য ক্ষতিপূরণের দাওয়া করিবার স্বত্ব (৮৮, ৮৯, ৯০, ও ৯১ ধারা)।

(জ) ডিক্রীজারীক্রমে না হইলে, উচ্ছেদ বিষয়ে সমুদয় প্রজাকে প্রদত্ত সংরক্ষণ (২৮ ধারা)।

কায়েমী মকররী পাট্টার কথা।

২১১ ধারা। যে স্থানের চিরস্থায়ী বন্দোবস্ত হইয়াছে, সেই স্থানে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে যে কোন বিষয়ের, সেই নিয়মানুসারে কায়েমী মকররী পাট্টা দিতে ভূম্যধিকারীর বাধা হইবে, এই আইনের কোন কথাক্রমে এরূপ জ্ঞান করিতে হইবে না।

কৃষিকার্য্যোপযোগীকরণের চুক্তির কথা।

২১২ ধারা। এই আইনের কোন কথাক্রমে পতিত ভূমি কৃষিকার্য্যোপযোগী করণার্থ কোন চুক্তির ব্যাঘাত হইবে না।

চর ও দেয়াড়া জমীর কথা।

২১৩ ধারা। (১) এই আইনে প্রকারান্তরের কথা থাকিলেও, যে প্রকারের জমী চর বা দেয়াড়া নামে খ্যাত, অর্থাৎ সামান্যতঃ বন্যা দ্বারা যে ভূমির উৎকর্ষ বা অপকর্ষ সাধন হইতে পারে, যে রায়ত সেই ভূমি ভোগ করে, সেই রায়ত তাহা ক্রমাগত বার বৎসর ভোগ না করিলে ঐ ভূমিতে দখলী স্বত্ব লাভ করিবে না, এবং যাবৎ ঐ দখলীস্বত্ব লাভ না করে, তাবৎ তাহার ও ভূম্যধিকারীর মধ্যে যে খাজানা দিবার নিয়ম হয়, তাহার যোগের নিমিত্ত সেই খাজানা দিতে দায়ী থাকিবে।

(২) কিন্তু ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে আদালত নির্দ্দেশ করিতে পারিবেন যে কোন জমী এই ধারার অন্তর্গত চর বা দেয়াড়া জমী বলিয়া আর গণ্য হইবে না। তাহা হইলে, এই আইনের সমুদয় বিধান উক্ত জমী সম্বন্ধে খাটিবে।

উঠবন্দী ও হালহাসিলী প্রণালীর কথা।

২১৪ ধারা। "উঠবন্দী" প্রণালী ও "হাল হাসিলী" প্রণালী নামে খ্যাত প্রণালীমতে কোন ভূমি ভোগ করা গেলে, দেশাচারানুগত বা প্রকারান্তরের যে সকল নিয়মে ঐ ভূমি ভোগ হয়, এই আইনের কোন কথাক্রমে সেই সকল নিয়মের কোন ব্যাঘাত হইবে না।

চাকরাণ তালুক সম্বন্ধে না খাটিবার কথা।

২১৫ ধারা। এই আইনের কোন কথায় কোন ঘাটওয়ালী বা অন্য চাকরাণ তালুকের কোন অঙ্গের ব্যাঘাত হইবে না, বিশেষতঃ এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে চাকরাণ তালুক হস্তান্তর করিতে বা উইলক্রমে দান করিতে পারা যাইত না, তাহা হস্তান্তর করিবার বা উইলক্রমে দান করিবার স্বত্ব প্রদত্ত হইবে না।

বাস্তু ভূমির কথা।

২১৬ ধারা। কোন রায়ত রায়তস্বরূপ আপন ভোগের অংশ না হইয়া বাস্তুভূমি ভোগ করিলে, ঐ বাস্তুভূমির প্রজাস্বত্বের অনুষঙ্গ দেশাচার দ্বারা নিয়মিত হইবে।

দেশাচার সংরক্ষণের কথা।

২১৭ ধারা। কোন দেশাচার বা দেশাচারানুগত স্বত্ব এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হইলে অথবা এই আইনের বিধানক্রমে স্পষ্টতঃ বা আবশ্যক অনুমানানুসারে পরিবর্ত্তিত বা রহিত না হইলে, এই আইনের কোন কথায় তাহার কোন ব্যতিক্রম হইবে না।

উদাহরণ।

কোর্ফা রায়ত কোনং অবস্থায় দখলীস্বত্ব প্রাপ্ত হয় এই দেশাচার এই আইনের বিধানের সহিত অসঙ্গত নহে, এবং এই আইনের বিধান দ্বারা স্পষ্টতঃ বা আবশ্যক অনুমানানুসারে পরিবর্ত্তিত বা রহিত করা যায় নাই; সুতরাং উক্ত দেশাচার কোন স্থানে থাকিলে, এই আইন দ্বারা তাহার কোন ব্যতিক্রম হইবে না।

১৮শ অধ্যায়।

মিয়াদ বা তামাদি বিষয়ক বিধি।

৪ তফসীলভুক্ত মোকদ্দমা, আপীল এবং প্রার্থনা বা দরখাস্তের মিয়াদের কথা।

২১৮ ধারা। (১) এই আইনের ৪র্থ তফসীলের নির্দ্দিষ্ট মোকদ্দমা, আপীল এবং প্রার্থনা বা দরখাস্ত তদ্বিষয়ক ঐ তফসীলের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উপস্থিত করিতে ও করিতে হইবে; এবং ঐরূপ মিয়াদ কালের পর উক্তরূপ যে প্রত্যেক মোকদ্দমা বা আপীল উপস্থিত করা যায়, এবং প্রার্থনা বা দরখাস্ত করা যায়, তাহা মিয়াদ উত্তীর্ণ হইবার কথা না তোলা গেলেও অগ্রাহ্য হইবে।

(২) এই আইন প্রচলিত হইবার সময়ের অব্যবহিত পূর্ব্বে যে মোকদ্দমা বা আপীল কিম্বা প্রার্থনা বা দরখাস্ত উপস্থিত করিলে মিয়াদ উত্তীর্ণ হওয়া প্রযুক্ত বারিত হইত, এই ধারার কোন কথাক্রমে সেই মোকদ্দমা বা আপীল কিম্বা প্রার্থনা বা দরখাস্ত করিবার স্বত্ব পুনরুজ্জীবিত হইবে না।

ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক আইনের কিয়দংশ ঐ মোকদ্দমা প্রভৃতিতে না খাটিবার কথা।

২১৯ ধারা। ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৭, ৮ ও ৯ ধারা ২১৮ ধারায় লিখিত মোকদ্দমার বা প্রার্থনা সম্বন্ধে খাটিবে না।

১৯শ অধ্যায়।

অতিরিক্ত বিধি।

দণ্ডের কথা।

কসলে বে আইনীমতে হস্তক্ষেপ করিলে দণ্ডের কথা।

২২০ ধারা। (১) এই আইন অনুসারে কিম্বা অন্য যে কোন আইন বলবৎকালে বলবৎ থাকে, সেই আইন অনুসারে না হইয়া, যদি কোন ব্যক্তি

(ক) কোন প্রজার যোতের ফসল ক্রোক করে কিম্বা ক্রোক করিবার উদ্যোগ করে, কিম্বা

(খ) এই আইনমতে নিয়মিতরূপে যে ক্রোক করা যায়, তাহার বাধা দেয়, কিম্বা এই আইনমতে নিয়মিতরূপে যে কোন সম্পত্তি ক্রোক করা যায়, তাহা বলপূর্ব্বক বা গোপনে স্থানান্তর করে, কিম্বা

(গ) প্রজার অনুমতি বা সম্মতি ব্যতিরেকে কোন যোতের ফসল কাটিতে, সংগ্রহ করিতে, সঞ্চিত করিতে, স্থানান্তর করিতে কিম্বা প্রকারান্তরে তাহা লইয়া যাইতে বাধা করিতে বাধা দেয়, বা দিবার উদ্যোগ করে,

তবে তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমতে অপরাধজনক অনধিকার প্রবেশ করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

(২) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমতে যে কোন ব্যক্তি (১) প্রকারের লিখিত কোন কার্য্য করিতে সহায়তা করেন, তিনি উক্ত আইনের অর্থমতে অপরাধী ভাবে অনধিকার প্রবেশ কার্য্যের সহায়তা করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

ভূম্যধিকারীদের কর্ম্মকারক ও প্রতিনিধিদের কথা।

২২১ ধারা। (১) কোন আদালতে বা অন্য কর্ত্তৃপক্ষের নিকটে এই আইনমতে কোন ভূম্যধিকারীর উপস্থিত হইবার, প্রার্থনা করিবার বা কোন কার্য্য করিবার আদেশ বা অনুমতি থাকিলে, উক্ত আদালত বা কর্ত্তৃপক্ষ প্রকারান্তরের আজ্ঞা না করিলে, ভূম্যধিকারীর স্বাক্ষরিত ক্ষমতাপত্রক্রমে এতদর্থে ক্ষমতাপ্রাপ্ত ভূম্যধিকারীর কর্ম্মকারকও ঐ সকল কর্ম্ম করিতে পারিবেন।

ভূম্যধিকারীর কর্ম্মকারক দ্বারা কার্য্য করিবার কথা।

(২) এই আইনে যে প্রত্যেক নোটিস ভূম্যধিকারীর উপর জারী করিবার বা তাঁহাকে দিবার আদেশ আছে, তাহার জারী স্বীকার করিতে বা তাহা লইতে পূর্ব্বোক্তমতে ক্ষমতাপ্রাপ্ত ভূম্যধিকারীর কর্ম্মকারকের উপর তাহা জারী করা গেলে, কিম্বা তাঁহাকে দেওয়া গেলে, তদ্দ্বারা নিজ ভূম্যধিকারীর উপর তাহা জারী বা দেওয়া যাইত কিম্বা তাঁহাকে দেওয়া যাইত, তাহা হইলে যেরূপ ফল হইত, এই আইনের কার্য্যার্থে সেইরূপ ফল হইবে।

(৩) কর্ম্মকারক নিয়োগ করিবার কিম্বা তাহার ক্ষমতা দিবার নিদর্শনপত্র দ্বারা যে প্রত্যেক দলীল এই আইনের আদেশমতে ভূম্যধিকারীকর্ত্তৃক স্বাক্ষরিত বা সার্টিফিকেটযুক্ত হওয়া আবশ্যক, তাহা এতদ্দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মকারকের দ্বারা স্বাক্ষরিত বা সার্টিফিকেটযুক্ত হইতে পারিবে।

একজন ভূম্যধিকারীর দুই বা ততোধিক ব্যক্তি একজনী ভূম্যধিকারী হইলে, তাহারা কিছু করিতে এই আইনমতে ভূম্যধিকারীর প্রতি আদেশ বা অনুমতি করিয়াছে, তাহা তাঁহারা উভয়ে বা সকলে একত্র হইয়া করিবেন কিম্বা তাঁহাদের উভয়ের বা সকলের পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মকারক করিবেন।

রাজস্ব কর্ম্মচারীদের ক্ষমতার কথা।

২২৩ ধারা। রাজস্ব কর্ম্মচারীদের উপর এই আইনের দ্বারা বা এই আইনমতে কোন কর্ম্মের ভার অর্পিত হয়, সেই সেই সম্পাদনার্থে তাঁহারা এই আইনের যে সাহায্য লওয়া আবশ্যক করিতে হয়, তাহার নিমিত্ত করণার্থ স্থানীয় গবর্ণমেণ্টের সময়ের ও জেলার গেজেটে বিজ্ঞাপন দিয়া এই আইনমতে বিধি প্রণয়ন করিতে পারিবেন, এবং ঐ বিধি দ্বারা কোন কর্ম্মচারীকে

(ক) মোকদ্দমার বিচারকালে কোন দেওয়ানী আদালত যে কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন এরূপ কোন ক্ষমতা, ও

(খ) কোন ভূমিতে প্রবেশ করিবার এবং তাহা জরীপ ও চিহ্নিত করিবার ও তাহার মানচিত্র করিবার ক্ষমতা, ও

(গ) জমীর শক্তি বুঝিয়া দেখিবার নিমিত্ত কোন ভূমির ফসল কাটিবার ও বাড়িবার ও উৎপন্ন শস্যাদি ওজন করিবার ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

বিধির কথা।

২২৪ ধারা। (১) এই আইনের কোন ধারামতে বিধি প্রণয়ন করিবার ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক কর্ত্তৃপক্ষ উক্ত বিধি করিবার পূর্ব্বে প্রস্তাবিত বিধির পাণ্ডুলেখ, যে ব্যক্তিদের তদ্দ্বারা স্পৃষ্ট হইবার সম্ভব বলা, তাঁহাদের অবগতি নিমিত্ত প্রকাশ করিবেন।

বিধি প্রণয়ন, প্রকাশ ও দৃঢ় করিবার কার্য্যপ্রণালীর কথা।

(২) স্থানীয় গবর্ণমেণ্টের বা হাই কোর্টের প্রণীত বিধি হইলে, উক্ত গবর্ণমেণ্টের বা কোর্টের বিবেচনায় সম্পর্কযুক্ত ব্যক্তিদিগকে সন্ধান দিবার পক্ষে যাহা উপযুক্তবোধ হয়, সেই প্রকারে ঐ বিধি প্রকাশ করা যাইবে; অন্য কোন কর্ত্তৃপক্ষের প্রণীত বিধি হইলে তাহা নিম্নে প্রকারে প্রকাশ করা যাইবে। কিন্তু ঐরূপ প্রত্যেক পাণ্ডুলেখের ও চূড়ান্ত প্রকাশ করা যাইবে।

(৩) উক্ত পাণ্ডুলেখের সহিত একটী নোটিস প্রকাশ করিতে হইবে। প্রকাশ করণের তারিখের পর এক মাস অতীত হইবার পূর্ব্বে কোন উক্ত পাণ্ডুলেখ এরূপে প্রকাশ করা যাইবে না এবং ঐ তারিখের পর বিবেচনা করিবার জন্য ঐ নোটিসে সেই তারিখ নির্দ্দিষ্ট থাকিবে।

(৪) ঐ নির্দ্দিষ্ট তারিখের পর যাহা চূড়ান্ত পাণ্ডুলেখ, সম্বন্ধে কোন বিধি করিবার কোন আদেশ বা স্থাপন করিবার, উক্ত কর্ত্তৃপক্ষ তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিবেন।

(৫) এই আইনমতে প্রণীত হইয়াছে বলিয়া কোন বিধি রাজকীয় গেজেটে প্রকাশ করা গেলে, ঐ প্রকাশ করণই উক্ত বিধি যথাবিষয়ে প্রীত হইবার সদ্ধান্ত হইবে।

এই আইনের কোন কোন বিধি হইতে উৎপন্ন কার্য্যের বিবরণের কথা।

২২৫ ধারা। যে সময়ের নিমিত্ত বন্দোবস্ত করা হয় তাহার কোন তালুকে অধিগৃহীত ভূমি সেই তালুকের মধ্যে থাকিলে এই আইনের কোন কথা মতে পরিবর্ত্তিত বা ভূম্যধিকারীর বন্দোবস্তের মিয়াদ ফুরাইলে, খাজানা বৃদ্ধির বাধা হইবে না। কিন্তু কোন রাজস্ব-উপায় বন্দোবস্তের

স্থানে চূড়ান্ত বন্দোবস্ত করিবার, বা বন্দোবস্ত দৃঢ় করিবার ক্ষমতা পাইয়া বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত মধ্যে; বন্দোবস্তের [illegible] অতীত হইবার পর [illegible] কাল না দিয়া [illegible] করিবার [illegible] স্বীকার করিয়া থাকিলে, স্বত্ব কথা।

যাবজ্জীবনস্থায়ী বন্দোবস্ত হইলে খাজানা পরিবর্তন করিতে পারিবার কথা।

১১৬ ধারা। যাহা চিরস্থায়ী বন্দোবস্তী ভুমির অন্তর্গত নহে, এরূপ কোন ভুমি কেবল খাজানার কিম্বা অবধারিত খাজানায় ভোগ করিবার স্বত্ব [illegible] [illegible] লেখাপড়া [illegible] দিয়া ভুমি[illegible] কারীগণকে পাট্টা দিলে কিম্বা অন্য কোন চুক্তি করিলে, [illegible] পাট্টা বা চুক্তি [illegible] বলবৎ থাকিবে

(ক) ভুমির রাজস্ব উক্ত চুক্তির [illegible] প্রথম দেয় হইবার [illegible] কিম্বা

(খ) [illegible] ভুমির রাজস্ব [illegible] দেয় হইয়া থাকিলেও ভুমির রাজস্বের নূতন বন্দোবস্ত হইলে।

[illegible] পাট্টার মধ্যে চুক্তি [illegible] কারণের [illegible] [illegible] ভুমির [illegible] প্রকার [illegible] মতে [illegible] এই [illegible] বিধান অনুসারে [illegible] উপযুক্ত ও ন্যায্য খাজানা [illegible] [illegible] হইবে।

খাজনা [illegible] কথা।

চাকরান জমি সম্বন্ধে কথা।

১১৭ ধারা। [illegible] খাজানা [illegible] [illegible] [illegible] এই আইনের [illegible] [illegible] [illegible] কোন [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]।

বলবৎ আইনের [illegible] কথা।

১১৮ ধারা। এই আইনের [illegible] —

[illegible] এই আইনের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] করা যায় নাই, [illegible] আইনের [illegible] [illegible] [illegible] কারিগণের [illegible] ও কার্য্যের,

[illegible] [illegible]

(গ) [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] আইনের [illegible]।

(ঙ) এই আইনের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] হইবে না।

প্রথম তফসীল।

(৩ ধারা দেখ।)

যে আইন রহিত হইল

বঙ্গদেশের ৫ নং আইন।

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	[illegible] বা [illegible]
১৭৯৩ সালের ৮ আইন।	সুবেবাংলা, বেহার ও উড়িষ্যার [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] ১৭৯০ সালের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] ও [illegible] আইন	[illegible] ও [illegible] ধারা
১৮০৫ সালের ১২ আইন।	এইক্ষণে [illegible] [illegible] [illegible] [illegible] ও [illegible] [illegible] বন্দোবস্ত ও [illegible] [illegible] আইন	৪ ধারা
১৮১১ সালের ৫ আইন।	ভূমির [illegible] তহসীল [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] নির্দিষ্ট আইন	৩, ৪, ৫ ও ১১ [illegible] ২৭ ধারা
১৮১২ সালের ৫ আইন	ইংরেজী ১৭৯২ সালের ৭ আইন [illegible] [illegible] [illegible] ও ইংরেজী ১৭৯৩ সালের [illegible] [illegible] ও [illegible] ১৭৯৫ সালের [illegible] [illegible] ও [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] হইল।	[illegible]
১৮১৯ সালের ৮ আইন।	কোন [illegible]	[illegible]

১ম তকসীল—(চলিতেছে।)

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেল।
১৮২০ সালের ১ আইন।	যদি জমীদারের বাকী তাহার তালুকদারের শিরে পড়ে ও সে নিমিত্তে জমীদারী তালুক নীলাম করাইবার ক্ষমতা পায়, তবে সেই নীলাম ইং ১৭৯৯ সালের ৮ আইনের নীলামের মতে হইবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৫ সালের ১১ আইন।	চরের কি কোন নদী কি সমুদ্র স্থান ত্যাগ করণ প্রযুক্ত যে ভূমি পাওয়া যায় সেই ভূমির দাওয়ার নিষ্পত্তি যেরূপ হুকুমেতে দৃষ্টি রাখিয়া করিতে হইবেক সেইরূপ হুকুম প্রকাশ করিবার নিমিত্তে আইন।	৪ ধারার ১ প্রকরণে "এবং এরূপ হওয়া জমি যদি কোন প্রধান দখীলকারের পেটার কোন দখীলকারের দখলের ভূমিতে সংলগ্ন হয়" এই কথা ভিন্ন প্রকরণের শেষ পর্য্যন্ত।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইন।

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেলে।
১৮৫০ সালের ২৫ আইন।	১৮১৯ সালের ৮ আইন ও ১৮৪৬ সালের ৪ আইন অনুসারে যে ভূমির নীলাম সম্পূর্ণ না হয় তাহাতে বাকীর টাকা সরকারে জব্দ করণের আইন।	যে পর্য্যন্ত রহিত হয় নাই সেই পর্য্যন্ত।
১৮৫০ সালের ৩৩ আইন।	বাঙ্গলাদেশে পত্তনী তালুকের নীলামের নিমিত্তে যে দাঁড়ার আবশ্যক আছে তাহা শুধরিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৫৩ সালের ৬ আইন।	মালগুজারীর বাকীর বিষয়ের সরাসরী মোকদ্দমা এবং পত্তনী তালুক ও বিক্রয়যোগ্য অন্যান্য অধিকারের নীলাম এবং খাজানার বিষয়ের সরাসরী ডিক্রীজারী করণার্থে ভূমির নীলামের বিষয়ি আইন।	সম্পূর্ণ আইন।
১৮৫৯ সালের ১০ আইন।	ফোর্ট উইলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলাদেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইন।	সম্পূর্ণ আইন।

বঙ্গদেশের মন্ত্রিসভার প্রণীত আইন।

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেল।
১৮৫২ সালের ৮ আইন।	১৮১৯ সালের ১০ আইন (অর্থাৎ ফোর্টউইলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশের মধ্যে খাজানা আদায় করণের আইন সংশোধন করিবার আইন) সংশোধন করণের আইন।	সম্পূর্ণ আইন
১৮৬১ সালের ৮ আইন।	জমাপত্রের কিম্বা প্রচলিত দেস্তুরের বলে যেং পেটাস্ত তালুক বিক্রয়দ্বারা কি প্রকারান্তরে হস্তান্তরীকৃত হইতে পারে তৎসম্পর্কীয় বাকী খাজানা আদায় করণোপলক্ষে তাহা বিক্রয় করিবার ব্যবস্থা সংশোধনার্থ আইন।	সম্পূর্ণ আইন
১৮৬৮ সালের ৪ আইন।	মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৬৯ সালের ৬ আইনের ব্যাখ্যা ও সংশোধন করিবার এবং কোন বিচার স্থগিত করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৬৯ সালের ৮ আইন।	ভূম্যধিকারী ও প্রজার মধ্যে যে মোকদ্দমা হয় তাহার কার্য্যপ্রণালী সংশোধন করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৭৯ সালের ৮ আইন	বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্দ্ধারিত ও সীমাবদ্ধ করিবার নিমিত্ত আইন	সম্পূর্ণ আইন।

দ্বিতীয় তকসীল।

(৩ (১৬) ধার দেখ।)

১৮১৯ সালের ৮ আইনের তর্জ্জুমা হইতে উদ্ধৃত।

"দশসালা বন্দোবস্তের তালুকদারেরা আপনাদিগের ইজারা ইত্যাদি দিতে উচ্চাধুরূপ ক্ষমতা আছে দেখিয়া নূতন করাদারদের সৃষ্টি করিয়াছে ও প্রকাশ তাহা বর্দ্ধমানের রাজার জমীদারীতে প্রকাশ হইয়াছে এক্ষণে অন্য স্থানেও হইতেছে ও এ অধিকারের প্রকাশ এই যে জমীদার কোন ব্যক্তিকে ইস্তমরারি জমা তালুক দেয় ও তাহার মুনফা যে ব্যক্তি তাহা লয় তাহার ও তাহার উত্তরাধিকারিদিগের পাওন সরকারের নিমিত্তে ধরিয়া দেয় ও তালুকদারের স্থানে সাল জামিন ও কেলাফে জামিন পাওয়া ও পাওয়ার ক্ষমতা আপনি রাখে কেন না যদি তালুকদারকে জামিন হইতে মাফ করে তবে তাহার পরে ঐ তালুক বিক্রয়াদির দ্বারা যে ব্যক্তির হাতে যায় সে এড়াইতে পারে না বরং তাহার স্থানে লইতে পারে ও ইহা এইক্ষণকার রেওয়াজ অর্থাৎ চলনমতে জানা গেল।

"তাহার দস্তাবেজেতে নিয়মের মধ্যে ইহা লেখা থাকে যে বাকী পড়িলে সে নিমিত্তে জমীদার তাহা বিক্রয় করাইতে পারিবেক ও যদি বিক্রয়ের পর বাকীর সংখ্যা মত ডাক না হয় তবে যাহা বাকী থাকে তাহা তালুকদারের শিরে থাকিবেক যে সে নিমিত্তে তাহার মাল আসবাব বিক্রয় হইতে পারে।

"ঐ সকল এলাকা অর্থাৎ অধিকারকে পত্তন তালুক বলে ও তাহা পত্তনিয়া অনেক লোক ঐ সকল নিয়ম ও নির্দ্ধারে তাহা অন্য লোককে দেয় ও তাহারা দরপত্তনীদার কহলায় ও দরপত্তনীদার অন্যকে দেয় ও ক্রমে এইমত। ও ইহারদিগের প্রত্যেকের দস্তাবেজ এক মজমুনে হয়।"

কবজের পাঠ

১। নম্বর

২। সাল

৩। গ্রামের নাম ——— থানা ———

৪। প্রজার নাম

৫। তাহার জোতের বিবরণ (পরিমাণ, খাজানা প্রভৃতি)

নগদী বিঘা ——— টাকা ———

ভাওলী বিঘা ——— মণ ——— বা টাকা ———

সায়ের { বনকর ——— টাকা।
জলকর ——— টাকা।
ফলকর ——— টাকা।

গবর্ণমেণ্টের কর ... { পথকর
পূর্ত্তকার্য্যের কর

৬। যাহার মারফতে দেওয়া গেল ———

৭। দিবার তারিখ ———

৮। যত টাকা দেওয়া গেল (পৃষ্ঠে বিবরণ) ——— টাকা।

৯। তুস্বামীর বা ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকের স্বাক্ষর

কবজের পাঠ।

১। নম্বর

২। সাল

৩। গ্রামের নাম ——— থানা ———

৪। প্রজার নাম

৫। তাহার জোতের বিবরণ (পরিমাণ, খাজানা প্রভৃতি) ———

নগদী বিঘা ——— টাকা ———

ভাওলী বিঘা ——— মণ ——— বা টাকা

সায়ের { বনকর ——— টাকা।
জলকর ——— টাকা।
ফলকর ——— টাকা।

গবর্ণমেণ্টের কর ... { পথকর
পূর্ত্তকার্য্যের কর

৬। যাহার মারফতে দেওয়া গেল ———

৭। দিবার তারিখ ———

৮। যত টাকা দেওয়া গেল (পৃষ্ঠে বিবরণ) ——— টাকা

৯। তুস্বামীর বা ক্ষমতা প্রাপ্ত কর্ম্মকারকের স্বাক্ষর

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের আইনের ৬৯ ধারায় নিম্নলিখিত বিধান আছে।—

"৬৯ ধারা। (১) কোন প্রজা খাজানার হিসাবে কোন টাকা দিলে, সে বৎসরে কিম্বা যে বৎসরের যে কিস্তিতে উহা জমা দিতে চাহেন, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন এবং তদনুসারে ঐ টাকা জমা দিতে হইবে।"

টাকা যেরূপে জমা দিতে হইবে তাহার কথা।

"(২) প্রজা এরূপ কোন নির্দ্দেশ না করিলে, ভূম্যধিকারী যে বৎসরের যে কিস্তি উচিত বোধ করেন, সেই বৎসরে সেই কিস্তির হিসাবে ঐ টাকা জমা দিতে পারিবেন।"

তৃতীয় তক্‌সীল।—কবজ ও হিসাবের পাঠ।

হিসাবের পাঠ।

১। সাল

২। প্রজার নাম

৩। ঘোতের বিবরণ (পরিমাণ, খাজানা প্রভৃতি)

	বিঘা	হার	টাকা।
নগদী			
গবর্ণমেণ্টের কর			
	বিঘা	মণ	টাকা।
ভাওলী			
জলকর	...		
বনকর	...		
স্থলকর	...		
		মণ	টাকা।
৪। বৎসরের তলব	...		
৫। পূর্ব্বে বৎসরের বাকী (বকেয়া)	...		
			টাকা।
৬। মোট তলব (হাল ও বকেয়া)	...		
৭। প্রত্যেকের হিসাবে দেওয়া গেল { হাল তলব	...		
বকেয়া তলব	...		
		মণ	
৮। শস্য দেওয়া গেল	...		
			টাকা।

৯। বৎসরের শেষে বাকী

১০। ভূস্বামীর স্বাক্ষর

হিসাবের পাঠ।

১। সাল

২। প্রজার নাম

৩। ঘোতের বিবরণ (পরিমাণ, খাজানা প্রভৃতি)

	বিঘা	হার	টাকা।
নগদী			
গবর্ণমেণ্টের কর			
	বিঘা	মণ	টাকা
ভাওলী			
জলকর	...		
বনকর	...		
স্থলকর			
		মণ	টাকা।
৪। বৎসরের তলব	...		
৫। পূর্ব্বে বৎসরের বাকী (বকেয়া)	...		
			টাকা।
৬। মোট তলব (হাল ও বকেয়া)	...		
৭। প্রত্যেকের হিসাবে দেওয়া গেল { হাল তলব	...		
বকেয়া তলব	...		
		মণ	
৮। শস্য দেওয়া গেল	...		
			টাকা

৯। বৎসরের শেষে বাকী

১০। ভূস্বামীর স্বাক্ষর

চতুর্থ তফসীল।

(২১৮ ধারা দেখ।)

১ খণ্ড।—মোকদ্দমার মিয়াদ।

মোকদ্দমার বর্ণনা।	মিয়াদ।	যে অবধি মিয়াদ চলে।
১। যে নিয়ম সম্বন্ধে এরূপ এক বৎসর স্পষ্ট বিধানাত্মক চুক্তি আছে যে ঐ নিয়মভঙ্গের দণ্ডস্বরূপ উচ্ছেদ করা যাইবে, সেই নিয়মভঙ্গ হেতু তালুকদার বা রায়তকে উচ্ছেদ করিবার মোকদ্দমা		নিয়ম ভঙ্গের তারিখ অবধি।
২। বাকী খাজানা আদায়ের মোকদ্দমা	ছয় মাস	আমানতের তারিখ অবধি।
ক ৭৫ ধারামতে ঐ যোতের খাজানার নিমিত্ত আমানৎ করিবার পূর্ব্বে বাকী পড়িয়া থাকিলে		
(খ) অন্যস্থলে	তিন বৎসর	বাঙ্গালা সন যে স্থানে চলিত আছে সেই স্থানে বাঙ্গালা সনের শেষ যে দিনে বাকী পড়ে সেই দিন অবধি এবং আমলী ও ফসলী সন যে স্থানে চলিত আছে সেই স্থানে ঐ সনের শেষ যে দিনে বাকী পড়ে সেই দিন অবধি।
৩। বাকী নজরানাবিশিষ্ট দুই বৎসর রায়তস্বরূপ ভূমির বন্দোবস্ত করিলে, ঐ ভূমির দখল ফিরিয়া পাইবার মোকদ্দমা।		যে দখল হইবার তারিখ অবধি।

২ খণ্ড।—আপীলের মিয়াদ।

আপীলের বর্ণনা।	মিয়াদ।	যে অবধি মিয়াদ চলে।
৪। এই আইনমত কোন ডিক্রী বা আজ্ঞার উপর জিলার জজ বা বিশেষ জজ সাহেবের আদালতে আপীল হইলে	ত্রিশ দিন	যে ডিক্রী কি আজ্ঞার উপর আপীল হয় তাহার তারিখ অবধি।
৫। এই আইনমত কালেক্টরের কোন আজ্ঞার উপর কমিশনর সাহেবের নিকট আপীল হইলে	ত্রিশ দিন	যে আজ্ঞার উপর আপীল হয় তাহার তারিখ অবধি

৩ খণ্ড।—প্রার্থনাপত্রের মিয়াদ।

প্রার্থনাপত্রের বর্ণনা।	মিয়াদ।	যে অবধি মিয়াদ চলে।
৬। যে স্থলে ডক্রীমত খাতক ছলে বা বলে ডিক্রী জারী হইতে দেন নাই সেই স্থলে ভিন্ন এই আইনমত কিম্বা এই আইনদ্বারা রহিত করা কোন আইনমত ডিক্রী বা আজ্ঞা জারী করিবার প্রার্থনাপত্র, যদি ডিক্রীর টাকার উপর ডিক্রীর পর যে সুদ জন্মে তাহা বাদে কিন্তু ঐ ডিক্রী জারী করিবার খরচা সমেত ৫০০৲ শতের অধিক টাকার নিমিত্ত ডিক্রী না হয়।	তিন বৎসর	(১) ডিক্রীর বা আজ্ঞার তারিখ অবধি, কিম্বা (২) আপীল করা গেলে আপীল আদালতের চূড়ান্ত ডিক্রীর বা আজ্ঞার তারিখ অবধি কিম্বা (৩) বিচার সমাপন করা গেলে সম্পাদন করিবার নিষ্পত্তি হইবার তারিখ অবধি

ভিন্ন ভিন্ন মত।

বঙ্গদেশের প্রজাস্বত্ববিষয়ক আইনের পাণ্ডুলিপি সম্বন্ধীয় সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের রিপোর্ট হইতে আমার মত ভিন্ন।

১৮৮৩ সালের ২১ নবেম্বর অবধি কমিটীর অধিবেশন আরম্ভ হয় এবং ১৮৮৪ সালের ১৩ মার্চ্চে উহার কার্য্য শেষ হয়। প্রথমতঃ সপ্তাহে দুইবার মাত্র কমিটীর অধিবেশন হইত। কোন বিষয়ে সংশোধনের প্রস্তাব করিতে হইলে সভ্যদিগকে ৪৮ ঘণ্টার পূর্ব্বে সংবাদ দিতে হইত। ২৬ জানুয়ারি তারিখে স্থির হয় যে সপ্তাহে তিন দিন ২ টা অবধি ৫ টা পর্য্যন্ত কমিটীর অধিবেশন হইবে, সংশোধন প্রস্তাবের সংবাদ অধিবেশনের পূর্ব্ব দিন সেক্রেটরীর নিকট প্রেরণ করিতে হইবে। অধিবেশনের দিন প্রাতে সংশোধনের প্রস্তাব মেম্বরগণের নিকট প্রেরিত হইত। এইরূপ নূতন বন্দোবস্ত প্রস্তাব করার কারণ এই যে, তখনও কমিটীর হাতে অনেক কার্য্য বাকী ছিল ও বিশেষ সিমলা গমনের সময় উপস্থিত প্রায় হইয়াছিল। এই বন্দোবস্তে মেম্বরদিগের নিজেরও যে অসুবিধা হইয়াছিল তাহা অগ্রাহ্য করিলেও এবং তাঁহারা এই কার্য্যে সমস্ত সময়ক্ষেপ করিয়াছেন স্বীকার করিলেও সংশোধনের জন্য প্রস্তুত হইতে তাঁহাদের ১০ ঘণ্টা এবং উহার বিশেষ আলোচনার্থ ৬ ঘণ্টা সময়ও প্রায় থাকিত না, আমি একথা না বলিয়া থাকিতে পারিতেছি না। এরূপ বন্দোবস্তে মেম্বরদিগের প্রত্যেকের প্রতিই অন্যায় করা হইয়াছিল। আমার মত অবস্থার লোকের প্রতি আরও অবিচার হইয়াছিল, কারণ আমি যাঁহাদের অভিপ্রায় ব্যক্ত করি বলিয়া লোকের বিশ্বাস, আমি তাঁহাদের সহিত পরামর্শ করিবার সময় পাইতাম না। ইহাতে যে কেবল মেম্বরদিগের প্রতিই অবিচার হইয়াছিল এমন নহে, যে সকল গুরুতর বিষয় লইয়া বাদানুবাদ তাহার প্রতিও বিশেষ অবিচার হইয়াছিল। আমি কর্ত্তব্য বিবেচনায় এবিষয়ে প্রতিবাদ করিয়াছিলাম, কিন্তু আমার প্রতিবাদ ফলোপধায়ক হয় নাই। ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে কমিটীর নিকট যে সকল বিষয় উপস্থিত করা হইয়াছিল এরূপ অবস্থায় যত দূর সম্ভব তাঁহারা সকল বিষয়েই বিশেষ মনোযোগ দিয়া কার্য্য করিয়াছেন, বা আমার প্রতি যত দূর সম্ভব শিষ্টতা ও সম্মান প্রদর্শন করিয়াছেন, কিন্তু শেষাশেষি গুরুতর প্রশ্ন সমূহের মীমাংসায় অত্যন্ত ত্বরা করা হইয়াছিল। এরূপ ত্বরা অপরিহার্য্য হইলেও ইহা একান্ত দুঃখের বিষয় সন্দেহ নাই।

ব্যবস্থাপক সভার বিধি অনুসারে কমিটীর এই পাণ্ডুলিপি সম্বন্ধীয় বিষয়ে সাক্ষীর এজাহার গ্রহণের ক্ষমতা থাকিলে ভাল হইত। কমিটী যে এই ক্ষমতার আবশ্যকতা বিশেষরূপে অনুভব করিয়াছিলেন সে বিষয়ে আমার কিছুমাত্র সন্দেহ নাই। পদ্ধতিসিদ্ধ না হইলেও মাননীয় শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের পরামর্শমতে পেটা ও বিলি সম্বন্ধে কমিটীতে কয়েকজন বহুদর্শী জমীদারের সাক্ষ্য গ্রহণ করা হইয়াছিল।

কমিটীর হস্তে পড়িয়া বিলের অনেক গুরুতর পরিবর্ত্তন হইয়াছে। কিন্তু উহার মূল সূত্র অপরিবর্ত্তিত রহিয়াছে। কোন২ বিষয়ে মূল পাণ্ডুলিপি অপেক্ষা জমীদারদিগের অবস্থা অধিকতর মন্দ করা হইয়াছে। কয়েকটী ক্ষুদ্র২ বিষয়ে জমীদার ও রায়ত উভয়ের প্রতিই অপক্ষপাতে সুবিচার করা হইয়াছে। বর্ত্তমান আইনে যেরূপ আছে তাহা অপেক্ষা মধ্যবর্ত্তী ভূম্যধিকারীগণের বিলক্ষণই লাভ হইয়াছে। কিন্তু প্রকৃতপক্ষে যে ভূমকর্ষক, যাহার জন্য কমিটী এত চিন্তিত ভাব প্রকাশ করিয়াছেন, আমার ভয় হয় যে ফলে তাহার অবস্থা বর্ত্তমান অপেক্ষা মন্দ দাঁড়াইবে। আমি এখন সমস্ত পাণ্ডুলিপির বিচার করিতে ইচ্ছা করি না এবং তজ্জন্য এই সকল বিষয়ের বিস্তৃত কথায় প্রবেশ করিব না।

এই পাণ্ডুলিপির বিরুদ্ধে আমার আপত্তির প্রধান কারণ এই২ :—

১ম।—ইহা বর্ত্তমান ও প্রাচীন ভূমিসংক্রান্ত আইনের বিরোধী। ইহা একদিকে কতকগুলি স্বত্ব অপহরণ করিতেছে ও অপরদিকে উক্ত আইনের বিপরীতচারী কতকগুলি স্বত্ব প্রদান করিতেছে। ২য়।—ইহাতে যে গুরুতর আইন সমূহের যেরূপ ব্যাখ্যা কল্পনা করা হইয়াছে তাহা আদালতের মীমাংসার বিরোধী, এবং প্রমাণরহিত ঘটনা ও বিবরণ সমূহকে প্রমাণ বলিয়া গ্রাহ্য করা হইয়াছে। ৩য়।—খাজানা আদায় ও খাজানার বন্দোবস্ত সম্বন্ধীয় কার্য্যপ্রণালীর সরলতাসাধনরূপ যে মুখ্য উদ্দেশ্য তাহা এতদ্দ্বারা সুসিদ্ধ হইবে না। ৪র্থ।—ইহাতে ভূম্যধিকারী ও প্রজাপুঞ্জের মধ্যে বিবাদ ও বিসম্বাদ উৎপাদিত হইবার ও মোকদ্দমায় মোকদ্দমায় দেশ প্লাবিত করিবার সম্ভাবনা। তাহাতে কৃষক সম্প্রদায়ের শান্তি ও মঙ্গলের হানি হইবে। ৫ম।—ইহাতে বহুসংখ্যক কৃষক প্রজাকে কৃষাণ (কৃষিশ্রমজীবী) করিয়া তুলিবে। ৬ষ্ঠ।—জমীদার ও প্রজার চুক্তি সম্বন্ধে স্বাধীনতা উঠাইয়া দেওয়ায় ও জমীদারী কার্য্যনির্ব্বাহ ও রায়তদের কার্য্য সম্বন্ধে আদালত ও রাজস্বসংক্রান্ত কার্য্যকারককে মধ্যস্থ ও জিজ্ঞাসার স্থল করায় ইহাতে কৃষক সম্প্রদায়ের উন্নতির নিদানভূত আত্মনির্ভর শক্তিকে অকর্ম্মণ্য করা হইবে, ও উহার মেরুদণ্ড বিচ্ছিন্ন করা হইবে, অর্থনীতি সম্বন্ধীয় নিয়মাবলীর অনাদর পদে২ ব্যাঘাত করা হইবে। গবর্ণমেণ্টের পিতৃস্থানীয় ভাব বদ্ধমূলকরা হইবে ও প্রায় প্রতিপদে মোকদ্দমারূপ গুরুতর অনিষ্টের উৎপাদনকরা হইবে। গত বৎসর যখন এই পাণ্ডুলিপি উপস্থিত করা হয় তখন আমি এই সকল আপত্তি উত্থাপন করিয়াছিলাম এবং এক্ষণে দুঃখসহকারে প্রকাশ করিতেছি যে সিলেক্ট কমিটী যে সকল পরিবর্ত্তন করিয়াছেন তাহাতে ইহার একটীরও খণ্ডন হয় নাই।

এই পাণ্ডুলিপিতে আমার যে সকল আপত্তি আছে তাহাদের উল্লেখ করিতেছি বলিয়া আমি ইহার অধ্যায়ে অধ্যায়ে বিচার করিব অথবা ইহার সমস্ত অংশ বিশেষরূপে পর্য্যালোচনা করিব এরূপ প্রস্তাব করিতেছি না। আমি কেবল পাণ্ডুলিপির মূল সূত্র ও কতকটী প্রধান বিশেষ স্থলের আলোচনা করিতে চাহি।

তালুকদার।

যাঁহারা প্রকৃতে তালুকদার বলিয়া গণ্য তদতিরিক্ত দুই নূতন শ্রেণীর তালুকদার সন্নিবেশিত করা হইয়াছে যথা, (১ম) দখলীস্বত্ববিশিষ্ট যে সকল রায়ত তাহাদের যোতের অর্দ্ধেকের অধিক অংশ কোর্ফা বিলি করে (৩৭ ধারা) এবং (২য়) যে সকল রায়তের যোতের পরিমাণ ১০০ বিঘার অধিক এবং যাহাদের যোতের সমস্ত বা কিয়দংশ কোর্ফা বিলি করা আছে। এরূপ স্থলে বিপরীত প্রমাণ না পাইলে প্রজাকে তালুকদার বলিয়া গণ্য করিয়া লইতে হইবে। (৫ ধারা ৫ প্রকরণ)। প্রথমোক্ত ব্যক্তির নাম রূপান্তরিত তালুকদার হইবে। খাজানাবৃদ্ধির দায়িত্ব ভিন্ন তালুকদার পদের সমস্ত আনুষঙ্গিক স্বত্ব তাহাতে বর্ত্তিবে। শেষোক্ত শ্রেণীর প্রজা তালুকদারদিগের সমস্ত স্বত্ব ও অধিকার প্রাপ্ত হইবে। প্রথম শ্রেণী সম্বন্ধে কোন্ বিচারে যে দখলী-স্বত্ববিশিষ্ট রায়তকে এই পাণ্ডুলিপি অনুসারে অগ্রে ক্রয় করিবার স্বত্ব ও ক্রোকের দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল, এবং দখলীস্বত্ববিশিষ্ট রায়ত ইচ্ছা করিয়া অর্দ্ধেকের অধিক ভূমি কোর্ফা বিলি করিয়াছেন বলিয়া প্রজা সম্বন্ধে জমীদারের ক্ষমতা হ্রাস করা হইল, তাহা আমি বুঝিয়া উঠিতে পারিলাম না। ১০০ বিঘার অতিরিক্ত পরিমাণ যোতের দখলীস্বত্ববিশিষ্ট রায়তকে তালুকদার রূপে পরিণত করা আমার মতে আরো অন্যায় হইয়াছে। তালুকদারের পদবীর কতকগুলি বিশেষ অধিকার আছে, উহা দখলীস্বত্ববিশিষ্ট প্রজার নাই। ঐ সকল অধিকারের জন্য সাধারণতঃ জমীদারকে বিলক্ষণ দুপয়সা দেওয়া হয়। প্রায় দেখিতে পাওয়া যায় যে, তালুক চুক্তির শর্ত্ত অনুসারে উত্তরাধিকারযোগ্য ও হস্তান্তরযোগ্য চিরস্থায়ী যোত, এবং উপস্থিত পাণ্ডুলিপি অনুসারে উহার খাজানার হার সুলভ হইবে, ও উহা অগ্রক্রয় স্বত্ব ও ক্রোকের দায় হইতে অব্যাহতি পাইবে। ব্যবস্থাপক সভার হুকুম অনুসারে ১০০ বিঘার যোতদারকে তালুকদাররূপে গণ্য করা কখনই এদেশের প্রাচীন ও বর্ত্তমান ভূমি-সংক্রান্ত আইনের অনুযায়ী বলিয়া কেহ তর্ক করিতে পারেন না। এই বিষয়ে ভূস্বামী শ্রেণীর স্বত্বের উপর সাক্ষাৎসম্বন্ধে হস্তক্ষেপ করা হইয়াছে।

তালুকদারদিগের খাজানা বৃদ্ধি সম্বন্ধে, ১৮১২ সালের ৫ আইনের ৮ ধারায় যে হারে নীলাম খরিদার তাহার কারবে তৎসম্বন্ধে এই নিয়ম আছে। "মফঃসলী কোন তালুকদারের ভূমির খাজানার হার তাহারই মত অন্য ভূমির খাজানার হারেতে ধরা গেলে সে তালুকের জমার বন্দোবস্ত এই হিসাবে হইবেক এতাবতা ভূমির উৎপন্নের মুখে শতকরা ১০ দশ টাকা করিয়া তালুকদারের নামকরা ও তালুক বুঝিয়া তহশীলের খরচা যত উচিত হয় তাহা মিনাহা করিয়া যাহা বাকী থাকে তাহা ঐ মফঃসলী তালুকের জমা ঠাহরিবেক"। ১৮৫৯ সালের ১০ আইনে এই ধারা রহিত করা হইয়াছে, কিন্তু উহাতে তালুকদার ও পেটাও তালুকদারদিগের খাজানাবৃদ্ধির সীমা ও কারণ সম্বন্ধে কোন কথারই উল্লেখ নাই। কিন্তু আদালতের মীমাংসা অনুসারে নিকট-বর্ত্তী তৎসদৃশ তালুকের অধিকারী কর্ত্তৃক প্রদেয় চলিত হারের সীমা পর্য্যন্ত অথবা যে স্থলে চলিত হার সহজে নির্ণয় করিতে পারা যায় না সেস্থলে আদায়ের খরচা বাদ দিয়া মোট আদায়ের শতকরা দশ টাকা অতিক্রম করিয়া না যায় এরূপ সীমা পর্য্যন্ত বৃদ্ধি করা যাইতে পারে (কীল্ড সাহেবের ডাইজেস্ট দেখ)। আদালতের এই মীমাংসা এই পাণ্ডুলিপিতে সন্নিবেশিত করা হইয়াছে, কিন্তু পরিবর্ত্তনও অনেক করা হইয়াছে. যথা, "চলিত হারের" পরিবর্ত্তে "দেশাচারানুগত হার" লেখা হইয়াছে কিন্তু শেষোক্ত হার নির্ণয় করা প্রথমোক্তটী নির্ণয় করা অপেক্ষা অধিক কঠিন। আদালতের মীমাংসায় তালুকদারের লাভ আদায়ের শতকরা দশ টাকার অতিরিক্ত না হয়; কিন্তু পাণ্ডুলিপি অনুসারে তাঁহার লভ্য শতকরা ১২½ টাকার ন্যূন হইবে না। ঐ শতকরা দশটাকা আবার আদায়ের নহে। আদায় বলিতে গেলে আমার মতে প্রকৃত প্রস্তাবে আদায়ের টাকা বুঝায়। সে আদায়ের শতকরা দশ টাকা তালুকদারের লভ্য নহে, সে টাকা জমা হইতে কোন খরচা নহে আবার তাহার উপর আদায়ের যুঁকি বাদ দিলে যাহা অবশিষ্ট থাকে তাহার শতকরা দশটাকা অপেক্ষা তালুকদারের লাভ ন্যূন হইবে না। এস্থলে আমার বক্তব্য এই যে, কোন দেশের রাজস্ব সংক্রান্ত আইনে যে আদায়ের যুঁকির জন্য বাদ পড়ে একথা আজিও আমার কর্ণগোচর হয় নাই। পাব্লিক ওয়ার্ক সেস ও রোড সেসের হিসাবে প্রজাদের নিকট হইতে অনাদায়ী টাকার জন্য জমীদার শতকরা কিছুমাত্র বাদ পান না। অথচ সে টাকা দেওয়ার দায়ী তাঁহারা নহেন। তাঁহারা বিনা ভোগে গবর্ণমেণ্টের জন্য টাকা আদায় করেন মাত্র। এইরূপে দৃষ্ট হইবে যে বর্ত্তমান আইনমতে তালুকদারের যে অবস্থা আছে, তাহার সহিত তুলনা করিলে তাহাদের অবস্থা এই পাণ্ডুলিপিতে কত ভাল করিয়া দেওয়া হইল। কিন্তু এখনও সব হয় নাই। বর্ত্তমান আইন অনুসারে তালুকদারের খাজানা যুক্তিসঙ্গতরূপে বৃদ্ধি করা যাইতে পারে কিন্তু উপস্থিত পাণ্ডুলিপি অনুসারে তাহাদের খাজানা পূর্ব্ববর্ত্তী খাজানা অপেক্ষা দ্বিগুণের অধিক বর্দ্ধিত করা যাইতে পারিবে না। বর্ত্তমান আইন অনুসারে যাহা বৃদ্ধি হইবে তাহা একেবারেই দিতে হইবে। কিন্তু পাণ্ডুলিপি অনুসারে আদালত আদেশ দিতে পারেন যে অল্পে অল্পে বৃদ্ধি হইবে এবং সমস্ত বৃদ্ধি পাঁচ বৎসরে দিতে হইবে। বর্ত্তমান আইন অনুসারে খাজানা বৃদ্ধির কালের সীমা নির্দ্দিষ্ট নাই, কিন্তু পাণ্ডুলিপিতে দশ বৎসর সীমা নির্দ্দিষ্ট হইয়াছে। শেষোক্ত তিনটী বিধান উল্লেখের কারণ এই যে, উহাদ্বারা দৃষ্ট হইবে যে যে জমীদার ভূমির স্বামী এবং যে দারুণ সূর্য্যাস্ত আইনমতে গবর্ণমেণ্টের রাজস্বের জন্য দায়ী তাহার বিষয়ে কিছুমাত্র বিবেচনা করা হয় নাই; কিন্তু যে তালুকদারকে লোকে কোন কাজের নয় বলিয়া জানে তাহার প্রতি কত মমতা প্রদর্শন করা হইয়াছে। পেটাও বিলি হস্তান্তর করার এ উপায় কখনই প্রশস্ত নহে।

অবধারিত হারের রায়ত।

১৮৫৯ সালের ১০ আইনে সর্ব্ব প্রথমে এই মর্ম্মের একটী আইনসঙ্গত অনুমান সন্নিবিষ্ট হয় যে কোন মোকদ্দমা আরম্ভ হইবার বিংশতি বৎসর পূর্ব্ব অবধি যদি কোন প্রজার খাজানা অপরিবর্ত্তিত থাকে, তবে চিরস্থায়ী বন্দোবস্ত অবধি সেই হারে খাজানা দিয়া ভূমি ভোগ করিয়া আসিতেছে বলিয়া অনুমান করিতে

হইবে। ১৮১৯ সালের ১০ আইন পাস করার সময় এরূপ অনুমানের যতই প্রয়োজন হইয়া থাকুক না কেন, এখন যে সে প্রয়োজন নাই একথা কেহই অস্বীকার করিতে পারিবেন না। রায়তদিগের বুদ্ধি ও স্বাধীন কর্ম্মক্ষমতা বৃদ্ধি হইয়াছে এবং দেশের অনেক অংশে ছাপান দাখিলা দিবার প্রথা প্রচলিত হইয়া উঠিয়াছে। এজন্য ১৮১৯ সালে তাহাদিগকে খাজানা বৃদ্ধির দায় হইতে রক্ষা করা যে পরিমাণে আবশ্যক বিবেচনা করা হইয়াছিল এক্ষণে সে পরিমাণে আবশ্যক নাই। আর একদিকে দেখিতে গেলে এই বিধান দ্বারা জমীদারের সর্ব্বনাশ হইয়াছে। মান্যবর শ্রীযুত রেনল্ডস্ সাহেব খাজানা কমিশ্যনের পাণ্ডুলিপিসম্বন্ধে যে মন্তব্য প্রকাশ করিয়াছিলেন তাহাতে এবিষয়ের বিশেষ উল্লেখ ছিল। তিনি অনেক লোকের মত সংগ্রহ করিয়াছিলেন; তাঁহারা সকলেই বলিয়াছেন যে "ইহাদ্বারা জমীদারের উপর অসঙ্গত প্রমাণের ভার অর্পিত হইয়াছে" এবং "নীলাম খরিদারের পক্ষে ইহাতে অত্যন্ত কষ্ট হইয়াছে, কারণ অনেক স্থলে সে পূর্ব্ববর্ত্তী জমীদারের জমীদারি কাগজপত্রের দখল পায় না।" শ্রীযুত রেনলড্স সাহেব বলিয়াছেন যে পুরিয়ার কালেক্টর বিশেষ দক্ষতা সহকারে এইমত সমর্থন করিয়াছেন কারণ উক্ত কালেক্টরের বিশ্বাস এই যে "সমস্ত বঙ্গদেশে এমন মহাল অতি অল্পই আছে এই অনুমান দ্বারা যাহার তুল্যাধীর স্বত্বের ক্ষতি করা হয় নাই" এই অনুমান প্রথা একবারে রহিত না করিয়া শ্রীযুত রেনলড্স সাহেব অনুরোধ করিয়াছিলেন যে আইনে এই অনুমান প্রথা প্রবর্ত্তিত হইবার পূর্ব্ববর্ত্তী বিংশতি বৎসর সমান হারে খাজানা প্রদানের প্রমাণ দেওয়া স্থলেই এই অনুমানের কার্য্য সীমাবদ্ধ হওয়া উচিত। তিনি নীলাম খরিদারদের সপক্ষে আরও এই সুবিধা করিয়া দিতে চাহিয়াছিলেন যে এই অনুমান তাহাদের বিরুদ্ধে উত্থাপিত হইতে পারিবে না। এইরূপ অনুরোধ করার সময় শ্রীযুত রেনলড্স্ সাহেব বলিয়াছিলেন যে "ব্যবস্থাপক সভা কি নিয়ম অনুসারে কার্য্য করিবেন তাহা নির্ণয় করিবার সময় ১৮১৯ সালে যে অনুমান প্রথা প্রবর্ত্তিত হইয়াছিল কার্য্যতঃ তাহার কি ফল দাঁড়াইয়াছে প্রধানতঃ তদ্বিষয়েরই বিবেচনা করা উচিত"। এঅনুমান দ্বারা কি জমিদারের পক্ষ হইতে কোন অসঙ্গত দাবী সাব্যস্তকরণতঃ নিরস্ত করা হইয়াছে; না ন্যায়ানুসারে প্রজার যেরূপ অবস্থায় থাকিবার স্বত্ব ছিল না তাহাকে সেই স্বত্ব প্রদান করা হইয়াছে? অনেকেরই বিশ্বাস যে এই প্রশ্নের কেবল একমাত্র উত্তর হইতে পারে। যে সকল স্থলে মোকদ্দমাতে এই অনুমানের কথা উত্থাপিত হইয়া সফল হইয়াছে, তাহার অধিকাংশস্থলেই যে প্রজার ভোগ প্রকৃত প্রস্তাবে ১১৯৯ সালের পরে আরম্ভ হইয়াছে তাহাকে, যাহারা চিরস্থায়ী বন্দোবস্তের তারিখ হইতে ভূমিভোগ করিয়া আসিতেছে, কেবল মাত্র তাহাদেরই জন্য অভিপ্রেত অধিকার সকল প্রদান করা হইয়াছে। যদি যথার্থই এইরূপ দাঁড়াইয়া থাকে, যেরূপে ঐ নিয়ম পরিবর্ত্তিত করিবার প্রস্তাব এক্ষণে হইল, তাহা করা অবিচার বোধ হয় না।

শ্রীযুত রেনলড্স্ সাহেব তাঁহারমত পরিবর্ত্তন করিয়াছেন, ইহাতে আমি অত্যন্ত দুঃখিত হইয়াছি কিন্তু তথাপি তাঁহার মত পূর্ব্বেও যেমত ন্যায় ও বিচার সঙ্গত ছিল এখনও তেমনিই আছে। ঐ মতের উপর নির্ভর করিয়া শ্রীযুক্ত রেনলড্স্ সাহেব পূর্ব্বে যেরূপ প্রস্তাব করিয়াছিলেন আমি তদনুযায়ী আইন সংশোধনের কথা উত্থাপন করি। কিন্তু কমিটীর অধিকাংশসভ্য আমার প্রস্তাব গ্রাহ্য করেন নাই, ইহা অপেক্ষা আরও পরিবর্ত্তিত করিয়া এক প্রস্তাব উপস্থিত করা হয়, উহাতে উপস্থিত পাণ্ডুলিপি পাস হওয়ার তারিখের পূর্ব্ব হইতে ঐ বিংশতি বৎসর গণনা করিবার কথা হয়, কিন্তু অধিকাংশ সভ্য তাহাও অগ্রাহ্য করিয়াছেন। পাণ্ডুলিপিতে নির্দ্দিষ্ট হারে ভূমি ভোগের আনুষঙ্গিক নিম্নলিখিত স্বত্ব সমূহের উল্লেখ আছে।

২৩ ধারা।—অবধারিত খাজানায় বা অবধারিত খাজানার হারে যে রায়ত ভূমি ভোগ করে,

(ক) কোন তালুকদার যে যে বিধানের নিয়মাধীন থাকেন যোতের হস্তান্তর ও উত্তরাধিকার সম্বন্ধে তাহারও সেই সেই বিধানের নিয়মাধীন থাকিতে হইবে, এবং

(খ) তাহার সহিত তদীয় ভূম্যধিকারীর যে চুক্তি থাকে সেই চুক্তির শর্ত্তমতে এই আইন সঙ্গত যে নিয়ম ভঙ্গ করিলে, তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, সে সেই নিয়ম ভঙ্গ করিয়াছে এই হেতু ভিন্ন অন্য কারণে তদীয় ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

এই বিধানের সহিত পূর্ব্বোল্লিখিত বিংশতি বৎসর সম্বন্ধীয় অনুমান একত্র করিলে, আমার মনে সন্দেহ এই ধারণা হয় যে, ইহাদ্বারা অনুমানের ফল পাইতে অধিকারী হউক আর নাই হউক প্রজারা আপনাদিগকে অবধারিত হারধারী রায়ত বলিয়া প্রকাশ করিতে প্রলোভিত হইবে, এবং এইরূপে জমীদারকে তাহার যথার্থ স্বত্ব হইতে বঞ্চিত করিবে। জমীদার সক্ষম হইলেও মোকদ্দমায় খরচান্ত ও জ্বালাতন না হইয়া আপন স্বত্বরক্ষা করিতে পারিবেন না।

অনুমানের এই ব্যবস্থা প্রবর্ত্তিত করায় ব্যবস্থাপক সভার অভিপ্রায় এই ছিল যে, উহাদ্বারা যে সকল জমীদারের কিছুতেই সঙ্কোচনাই তাহারা যেন আপন ইচ্ছামতে, চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে ভূমি ভোগকারী রায়তদিগের খাজানা বাড়াইয়া লইতে পারে। কিন্তু আজিও যদি এই বিধান বলবৎ রাখা যায়, তাহা হইলে এক ঝাপটে সমস্ত দখলীস্বত্ববিশিষ্ট রায়তকে মোকররীদার বা চিরস্থায়ী তালুকদাররূপে পরিণত করিবে। ভাল ও মন্দ জমীদারের প্রতি এই আইনের ফল আশ্চর্য্যরূপে পৃথক হইবে। যে স্থলে জমীদার মোকদ্দমা করিতে অনিচ্ছা, সহিষ্ণুতা অথবা দয়াপ্রকাশ বশতঃ বৎসর ধরিয়া খাজানা বৃদ্ধি করেন নাই, তাঁহার যে রায়তেরা যত্নপূর্ব্বক দাখিলা গুলি রক্ষা করিয়াছে তাহারা অনায়াসেই আপনাদের দাবী প্রমাণ করিয়া দিবে। অপরদিকে যে জমীদার কখনও এরূপ আস্থা ও সদ্ভাব প্রদর্শন করেন নাই এবং সময়ে২ খাজানা বৃদ্ধি করিয়া প্রজাকে জ্বালাতন করিতে ও উত্যক্ত করিতে সঙ্কুচিত হন নাই তাহার নিশ্চয়ই বিলক্ষণ সুবিধা হইবে! ফল এই হইবে যে ভাল জমিদারের ক্ষতি হইবে ও মন্দ জমীদারের লাভ হইবে।

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত।

সকলেই জানে যে ১৮১৯ সালের ১০ আইন হইতেই বর্ত্তমান কালের দখলীস্বত্ববিশিষ্ট রায়তের উৎপত্তি। কিন্তু আমি এবিষয়ের বাদানুবাদ পুনরুদ্ভাবিত করিতে ইচ্ছা করি না। দ্বাদশ বৎসরের নিয়ম ২৫ বৎসরের উপর চলিয়া আসিতেছে এবং এক্ষণে তাহা লইয়া নাড়া চাড়া করা ভাল দেখায় না। এবিষয়ে এক্ষণে যে আইন আছে তাহার এক মাত্র দোষ এই যে জমীদার ইচ্ছা করিলে রায়তকে এক ক্ষেত্র হইতে অন্য ক্ষেত্রে উঠাইয়া দিয়া তাহার দখলীস্বত্ব উৎপাদনের ব্যাঘাত করিতে পারেন। সকলেই স্বীকার করেন যে এরূপ প্রথা বাঙ্গালায় প্রচলিত নাই। কিন্তু শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব, ক্রমাগত দ্বাদশ বৎসর অধিকারের সপক্ষে আপন মত দৃঢ়তা সহকারে ব্যক্ত করিয়া নিম্নলিখিত পরিবর্ত্তন করার জন্য অনুরোধ করিয়াছেন। তাঁহার অভিপ্রায় যে এইরূপ বিধান হয় "কোন বাসেন্দা রায়ত যে ভূমি অধিকার করে অথবা যাহার জন্য খাজানা দেয় তাহাতে তাহার দখলীস্বত্ব জন্মিবে, যে নিজে অথবা যাহার পূর্ব্ব পুরুষ কোন গ্রাম বা মহালে ১২ বৎসর কোন ভূমি অধিকার করিয়াছে সেই বাসেন্দা রায়ত হইবে"। আমি এই বিধান যে সুবিচারসঙ্গত তাহা কখনই স্বীকার করিতে পারি না। একজন লোক যে বিনা স্বত্বে ভূমি অধিকার করে, সে কোন মহালের কোন অংশে বার বৎসর ধরিয়া ভূমি ভোগ করিয়া আসিতেছে বলিয়াই যে সেই কারণ বশতঃই সমস্ত মহাল মধ্যে দখলীস্বত্ববিশিষ্ট অর্থাৎ বিশেষ অধিকারপ্রাপ্ত রায়ত হইয়া ভূমি ভোগে স্বত্ববান হইবে, এনিয়ম যে নির্দ্দোষ এবং বিচারসঙ্গত এরূপ আমি কখনই বিবেচনা করিতে পারি না। যদি দেশের কোন অংশে জমিদার রায়তকে এক খণ্ড ভূমি হইতে অন্য খণ্ডে সরাইয়া দিয়া দখলীস্বত্ব উৎপন্ন হওয়া রহিত করিয়া থাকেন, তাহা হইলে তিনি আইন সঙ্গতরূপেই কার্য্য করিয়াছেন একথা কেহই অস্বীকার করিতে পারিবেন না। কোন ব্যবসাদার যদি তামাদি আইনমতে যে সময় অতীত হইয়া গেলে তাহার দাবীতে তামাদি ঘটনা হইবে তাহার পূর্ব্বেই দেনাদারের নামে নালিশ করে, সে অন্যায় করিয়াছে মনে করাও যেরূপ যুক্তিবিরুদ্ধ এরূপ জমিদার অন্যায় করিয়াছেন বলাও ঠিক সেইরূপ। যদি এক খণ্ড ভূমি হইতে অন্য খণ্ডে প্রেরণ নিবারণ করা এত আবশ্যক বলিয়া বোধ হয়, তাহা হইলে গুরুতর দণ্ড বিধান দ্বারা এরূপ কার্য্যের শাস্তি বিধান করিলে আমার মতে ভাল হইত। কিন্তু কমিটী স্থির করিলেন যে যখন মহামহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব এবিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি করিয়া দিয়াছেন, তখন একথা পুনরুত্থাপন করিতে তাঁহারা সমর্থ নহেন। কিন্তু এস্থলে আমি একথা না বলিয়া থাকিতে পারিতেছি না যে কমিটী শ্রীযুত ষ্টেট সেক্রেটরীর মীমাংসায় যাহা বলে তাহা অতিক্রম করিয়াগিয়াছেন। প্রথম পাণ্ডুলিপিতে বাসেন্দা রায়তের অবস্থা সম্বন্ধে নিম্নলিখিত বিধান ছিল।—

৪৫ ধারা।—এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে বা পরে যদি কোন ব্যক্তি ক্রমাগত বার বৎসর কাল কোন গ্রামের বা মহালের অন্তর্গত রায়তী জমী রায়তস্বরূপ ভোগ করিয়া থাকে তবে বিপরীত ভাবের চুক্তি থাকিলেও এবং ঐবার মধ্যে ভিন্ন২ সময়ে সেই ব্যক্তি যে ভূমি এরূপে ভোগ করে তাহা ভিন্ন হইলেও ঐব্যক্তি উক্ত কাল অতীত হইলে পর ঐ গ্রামের ও মহালের বাসেন্দা রায়ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আবার

৪৭ ধারা।—কোন গ্রামের বা মহালের কোন বাসেন্দা রায়ত ১৮৮০ সালের মার্চ্চ মাসের ২ তারিখের পর উক্ত গ্রামের বা মহালের অন্তর্গত কোন রায়তী জমী রায়তস্বরূপ ভোগ করিলে বিপরীত ভাবের চুক্তি সত্ত্বেও যৎকালে যে আইন বলবৎ থাকে সেই আইনমতে উক্ত ভূমিতে দখলীস্বত্ব প্রাপ্ত হয় বা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

বাঙ্গালা গবর্ণমেণ্টের প্রস্তাব অনুসারে কমিটী বাসেন্দা রায়ত সম্বন্ধীয় মত বিলক্ষণরূপে বিস্তার করিয়াছেন এবং উহার সপক্ষে এক নূতন আইনসঙ্গত অনুমানের সৃষ্টি করিয়াছেন যথা:—

২৫ ধারা:—(১) কোন গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত উক্ত গ্রামে বা মহালে রায়তস্বরূপ যে সকল ভূমি ভোগ করে, সেই সকল ভূমিতে সে দখলী স্বত্ব প্রাপ্ত হইবে।

(২) কোন গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখ অবধি এই আইন প্রচলিত হইবার সময় পর্য্যন্ত উক্ত গ্রামের বা মহালের অন্তর্গত কোন ভূমি রায়তস্বরূপ ভোগ করিলে, তৎকালে যে আইন বলবৎ থাকে সেই আইনমতে উক্ত ভূমিতে দখলী স্বত্ব প্রাপ্ত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

২৬ ধারা—(১) এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে বা পরে যদি কোন ব্যক্তি ক্রমাগত বার বৎসর কাল কোন গ্রামের বা মহালের অন্তর্গত জমী রায়তরূপে পাট্টাক্রমে বা প্রকারান্তরে ভোগ করিয়া থাকে, তবে ঐ ব্যক্তি উক্ত কাল অতীত হইলে পর ঐ গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) যদি এই আইনমত কোন কার্য্য অনুষ্ঠানে ইহা প্রমাণিত বা স্বীকৃত হয় যে কোন ব্যক্তি রায়তস্বরূপ ভূমি ভোগ করে, তবে যাবৎ বিপরীত কথা প্রমাণ বা স্বীকার করা না হয়, তাবৎ এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তির ও সে যে ভূম্যধিকারীর অধীনে ভূমি ভোগ করে সেই ভূম্যধিকারীর মধ্যে এই অনুমান হইবে যে, সে ঐ ভূমি বা তাহার কোন অংশ রায়তস্বরূপ বার বৎসরকাল ভোগ করিয়াছে।

(৩) কোন ব্যক্তি যে বিশেষ ভূমি ভোগ করে তাহা ভিন্ন২ সময়ে ভিন্ন২ হইলেও, এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তি ক্রমাগত কোন গ্রামে বা মহালে ভূমি ভোগ করিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৪) কোন ব্যক্তি যে ব্যক্তির উত্তরাধিকারী, সেই ব্যক্তি রায়তস্বরূপ যে জমী ভোগ করিয়া থাকে প্রথমোক্ত ব্যক্তি এই ধারার কার্য্যপক্ষে সেই জমী রায়তস্বরূপ ভোগ করিয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) কোন জমী দুই বা তদধিক অংশীদার রায়তী ভোগস্বরূপ ভোগ করিলে, এই ধারার কার্য্যপক্ষে ঐ জমী ঐরূপ প্রত্যেক অংশীদার রায়তস্বরূপ ভোগ করিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(৬) কোন ব্যক্তি কোন গ্রামে বা মহালে যতকাল রায়তস্বরূপ জমী ভোগ করে ততকাল ও তাহার পর এক বৎসর উক্ত গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত থাকিবে।

(৭) যদি কোন রায়ত ২৬ ধারামতে পুনরায় ভূমির দখল পায়, তবে সে এক বৎসরের অধিক কাল বেদখল থাকিলেও বাসেন্দা রায়ত রহিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

আমার নিবেদন এই যে এই সমস্ত বিধান শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের মীমাংসার অতিরিক্ত। ২৫ ধারার (২) প্রকরণে যেরূপ বিহিত হইয়াছে কোন স্থলেই সেরূপ দখলের সময় বার বৎসর হইতে কমান শ্রীযুত ষ্টেট-সেক্রেটরী সাহেবের অভিপ্রায় নহে; এবং কোন স্থলেই বিরুদ্ধ প্রমাণ না দিতে পারিলে প্রত্যেক রায়তকেই দখলীস্বত্ববিশিষ্ট বাসেন্দা রায়ত বলিয়া গণ্য করিতে হইবে তিনি এরূপ আইনসঙ্গত অনুমানের সপক্ষে মত প্রদান করেন নাই। দৃষ্ট হইবে যে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের অভিপ্রায় এই যে "বাসেন্দা রায়ত" দখলীস্বত্ববিশিষ্ট রায়ত বলিয়া গণ্য হয়, কিন্তু পূর্ব্ব উদ্ধৃত বিধান সকলে "বাস" কে দখলীস্বত্ব উৎপত্তির কারণ বলিয়া গণ্য করা হয় নাই। দ্বিতীয়তঃ শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব, দুই বা তদধিক অংশীদারের দখলকে তাহাদের প্রত্যেকের দখলীস্বত্ব উৎপত্তির প্রমাণ বলিয়া উল্লেখ করেন নাই। তৃতীয়তঃ তিনি কোন স্থলেই বলেন নাই যে যদি বাসেন্দা রায়ত তাহার ভোগ ছাড়িয়া দেয় ও খাজানা না দেয় তথাপি তাহাকে তৎপরবর্ত্তী এক বৎসরের জন্য বাসেন্দা রায়ত বলিয়া গণ্য করিতে হইবে, বরঞ্চ তিনি খাজানা দেওয়াকেই উক্ত স্বত্বের অপরিহার্য্য কারণ বলিয়া প্রকাশ করিয়াছেন। চতুর্থতঃ শ্রীযুত ষ্টেটসেক্রেটরী সাহেব কোনস্থলেই এরূপ কথা বলেন নাই যে যদি কোন রায়ত একবার ভূমি পরিত্যাগ করে এবং পরে ক্ষতিপূরণ দিয়া আবার সেই ভূমির অধিকার পুনঃ গ্রহণ করে তাহা হইলে যদিও সে এক বৎসরের অধিক কাল অধিকারচ্যুত ছিল তথাপি সে বাসেন্দা রায়ত বলিয়া গণ্য হইতে থাকিবে। আমি পুনরায় বলিতেছি যে, এই সমস্ত প্রস্তাব শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের মীমাংসার অতিরিক্ত এবং বাস্তবিক জমীদারের ভূস্বামীস্বত্বের উপর হস্তক্ষেপ।

দৃষ্ট হইবে যে রায়তরূপে ভূমিভোগকারী কোন ব্যক্তির সেই ভূমিতে যদি ভূস্বামী বা তালুকদাররূপে একযোগে কোন স্বার্থ থাকে, তাহা হইলে তাহার দখলীস্বত্বের উৎপত্তির কোন বাধা হইবে না এবং ইজারদার হইলেও পরে সে যে জমীর ইজারা লইয়াছে তাহাতে তাহার দখলীস্বত্ব লোপ পাইবে না। কিন্তু জমীদার যদি দখলীস্বত্ববিশিষ্ট ভোগ প্রাপ্ত হন, তাহা হইলে তাহাতে দখলীস্বত্ব বিলুপ্ত হইবে (২৮ ধারা)। তালুকদারকে ও ইজারদারকে যে স্বত্ব প্রদান করা হইল, কোন্ নিয়মে তাহা জমীদারকে দেওয়া হইল না, তাহা আমি পরিষ্কার করিয়া বুঝিতে পারিলাম না। তালুকদার ও চিরস্থায়ী স্বত্ববান হইতে পারেন। কেবল মাত্র জমীদার জমীদার হইয়াছেন এই অপরাধে সাধারণ খরিদারের যে স্বত্ব থাকে তাহা পাইবেন না, ইহা আশ্চর্য্য ও যুক্তির অগম্য বলিয়া বোধ হয়।

এই বিষয়ে আমি সাহসপূর্ব্বক রেবেনিউ বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়ার সাহেবের নিম্নলিখিত মন্তব্য পাঠ করিতে অনুরোধ করিতে পারি। বাঙ্গালায় ডাম্পিয়ার সাহেবকে সকলেই রাজস্ববিষয়ে উচ্চদরের প্রামাণিক ব্যক্তি বলিয়া মনে করেন এবং উক্ত সাহেব এরূপ সম্মানের সম্পূর্ণরূপে উপযুক্ত। তিনি বলেন "কোন নির্দ্দিষ্ট ভূমিতে দখলীস্বত্বনামে খ্যাত কতকগুলি স্বত্ব পৃথিবীর যে কেহ ক্রয় বা অন্যোপায়ে অর্জ্জন করিতে ও ভোগ করিয়া আসিতে পারে, কেবল এক ব্যক্তি পারে না। দূরবর্ত্তী কৃষি-কর্ম্ম বর্জ্জিত যে কোন মহাজন, যে মহালের ভূমি তাহার পার্শ্ববর্ত্তী মহালের জমীদার, যদি জমী তালুক ভুক্ত হয় তাহা হইলে মহালের জমীদার বাসেন্দাই হউক বা অনুপস্থিতই হউক, সেই মহালেই হউক অথবা অন্য যে কোন মহালেই হউক অবাসেন্দা তালুকদার, এ জমী সর্ব্ববিম্নবর্ত্তী যে পেটাও তালুকের অন্তর্ভুক্ত তদুপরিস্থিত যে কোন তালুকের অধিকারী এরূপস্বত্ব অর্জ্জন করিতে ও ভোগ করিতে পারিবেন। কেবল একজন মাত্র ব্যক্তি সর্ব্বশেষে যাহার উপর উক্ত স্বত্ব বর্ত্তিয়াছে তাহার নিকট ক্রয় করিলেও উহা ভোগ করিতে পারিবেন না। তিনি ভূস্বামিকারী অর্থাৎ লক্ষণ অনুসারে "যে এক বা বহু ব্যক্তির অব্যবহিত অধীনে কোন প্রজা ভূমি ভোগ করে," অথবা ১৪ দফার শেষের দিকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে প্রস্তাব করিয়াছেন তদনুসারে ভূস্বামীর "যে চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগকরে"। এই মন্তব্যের যথার্থতা এত বিশদ যে আমার আর ইহার টীকা টিপ্পণী করা আবশ্যক বোধ হয় না।

দখলীস্বত্ববিশিষ্ট ভোগের হস্তান্তর ও অগ্রক্রয় স্বত্ব।

দখলীস্বত্ববিশিষ্ট ভোগের হস্তান্তরযোগ্যতা বিষয় তন্ন তন্ন করিয়া বিচার করা হইয়াছে। অতএব আমি ইহার বিরুদ্ধে তর্কাবলীর পুনরাবৃত্তি করিতে চাহি না, কারণ সকলেই তাহা জানে। এই মাত্র বলিলেই যথেষ্ট হইবে যে ইহাতে জমীদার ও রায়ত উভয়েরই অনিষ্ট হইবে। জমীদারের একটী মূল্যবান স্বত্ব অন্যায়রূপে কাড়িয়া লওয়া হইবে এবং তাহাদের মহালে শত্রুপক্ষীয় লোকের প্রবেশ দ্বার মুক্ত হইবে। রায়তের যেরূপ অবস্থা তাহাতে যে ভোগের উপর তাহাদের গ্রাসাচ্ছাদন নির্ভর করে তাহা অল্প দিবসের মধ্যেই বিক্রয় করিয়া তাহারা মজুরের অবস্থায় উপনীত হইবে। চিরস্থায়ী বন্দোবস্তের আইনেই বল আর ১৮১৯ সালের ১০ আইনেই বল দখলী-স্বত্ববিশিষ্ট ভোগ কখনই হস্তান্তরযোগ্য ছিল না। বঙ্গদেশের গবর্ণমেণ্ট যখন প্রথমে দখলীস্বত্ববিশিষ্ট ভোগ হস্তান্তরযোগ্য করিবার প্রস্তাব করেন, তখন ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাহা অনুমোদন করেন নাই। এই বিষয়ে মত-

প্রদানার্থে ব্রিটিষ ইণ্ডিয়ান আসোসিয়েশনকে আহ্বান করা হয় এবং উক্ত আসোসিয়েশন খাজানার ডিক্রীর টাকা শোধ করণার্থে দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় আইনসঙ্গত করার প্রস্তাবে সম্মত হন এবং উপদেশ দেন জমীদার এই উপায় অবলম্বন করিলে যে দখলীস্বত্ববিশিষ্ট যোত একবার বিক্রয় হইলে তাহা হস্তান্তরযোগ্য তালুক হইল বলিয়া প্রকাশ থাকিবে। তৎকালীন লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কার্য্যতঃ এই পরামর্শ গ্রহণ করিয়াছিলেন, কারণ সেক্রেটরী রেনল্ড্স সাহেব ১৮৭৮ সালের ২রা ফেব্রুয়ারি তারিখের এক পত্রে লিখিয়াছেন।

"শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কিঞ্চিৎপরিমাণে অনিচ্ছাপূর্ব্বকই আপোষ বিক্রয়ের জন্য একরারে দখলীস্বত্ব সাধারণতঃ হস্তান্তরযোগ্য করিবার প্রস্তাব উঠাইয়া লইতেছেন। রেবিনিউ বোর্ডের পত্রের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলেই দৃষ্ট হইবে যে বহুসংখ্যক লোকের মতই এই প্রস্তাবের অনুকূল এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সন্তোষজনক প্রমাণ পাইয়াছেন যে সময়ে সময়ে যেরূপ আশঙ্কা হয় হস্তান্তর দ্বারা সেরূপ মন্দ ফল উৎপন্ন হইত না, এবং যাহাদের ভূমিতে স্বত্বাধিকার উৎপন্ন হওয়া অভিপ্রেত নয় এরূপ লোকের হস্তেও ভূমি হস্তান্তরিত হইয়া আসিত না। তাঁহার বিশ্বাস এই যে এরূপ হস্তান্তর স্বত্ব দ্বারা জমীদার ও রায়ত উভয়েরই বিশেষ উপকার হইত। কিন্তু দেখা যাইতেছে যে জমীদার শ্রেণী সাধারণতঃ হস্তান্তর ক্ষমতা প্রদানের অত্যন্ত বিরোধী, এবং মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পাণ্ডুলিপিতে এরূপ বিধানের ব্যবস্থা করার ঔচিত্য বিষয় বিশেষ সন্দেহ প্রকাশ করিয়াছেন। এই জন্য পাণ্ডুলিপিতে জমীদারের অনুরোধক্রমে আদালতের ডিক্রীজারী-মতে দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় সিদ্ধ করিবার প্রস্তাব আছে। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিশ্বাস এই যে এবিষয়ে কোন আপত্তি হইবে না।"

তাহার পর বঙ্গদেশের গবর্ণমেণ্টের মত পরিবর্ত্তন হইয়াছে এবং জমীদারের ১৮৭৮ সালে যে স্বত্ব ছাড়িয়া দিতেছিলেন তাহা বৃথা হইল। উপস্থিত পাণ্ডুলিপিতে দখলীস্বত্ববিশিষ্ট যোতের হস্তান্তরযোগ্যতা অগ্রক্রয়স্বত্ব বিষয়ক একটী নিয়মের অধীনে ব্যাপক ও একান্তসিদ্ধ করিয়া দেওয়া হইয়াছে। এ পাণ্ডুলিপিতে এমন কিছুই নাই যাহাতে সর্ব্বগ্রাসী ভূমিব্যবসায়ী বা দাঁওঅন্বেষী লোকের জমীদারের ক্ষতি করিয়া ভূমি ক্রয় বিক্রয় বন্ধ করিতে পারে। জমীদারকে যে পূর্ব্বক্রয়ের স্বত্ব প্রদান করা হইয়াছে আমার ভয় হয় যে কার্য্যকালে তাহা সারবস্তু না হইয়া ছায়া বলিয়া প্রতিপন্ন হইবে। প্রথমতঃ জমীদার যে জমীর চুম্বানী ও যাহা আইন অনুসারে কখনই হস্তান্তরযোগ্য ছিল না তাহার জন্য তাঁহার মূল্য দিতে হইবে। তাহার পর অন্যান্য খরিদারের সঙ্গে ডাবাডাকি করিতে হইবে এবং যদি মূল্য সম্বন্ধে রায়তের সঙ্গে তাঁহার না বনিয়া উঠে তাহা হইলে তাঁহাকে খরচান্ত করিয়া সালিশীর জন্য আদালতকে জানাইতে হইবে এবং আদালত বিচারে যেরূপ নিষ্পত্তি করিয়া দেন তাঁহাকে সেই মূল্য দিতে হইবে। যদি কোন জমীদারের অনেক সংখ্যক রায়ত বিদ্রোহী হয় ও তাহাদের যোত বিক্রয় করিবে বলিয়া ভয় দেখায়, তাহাহইলে জমীদারের যদি সমস্ত যোত কিনিবার মত তাওয়ারতরা টাকা না থাকে, তাহা হইলে ঐ সমস্ত যোত দুষমন লোকের হস্তগত হইয়া কোন ক্রমেই রহিত হইতে পারে না; অতএব রায়তদের অভিপ্রায় মন্দ হইলে দখলীস্বত্বের হস্তান্তরযোগ্যতা স্বীকার হওয়াতে তাহারা কার্য্যতঃ জমীদারকে সম্পূর্ণরূপে উৎসন্ন করিয়া দিতে পারে। এস্থলে আর একটী বিষয় বিশেষরূপে দেখিতে হইবে। জমীদারকে খরচপত্র করিয়া আদালতের সমস্ত নিয়ম পালন করিয়া মূল্য সম্বন্ধে আদালতের নিষ্পত্তি গ্রহণ করিতে হইবে, কিন্তু রায়ত সে মীমাংসায় বাধ্য নহে, কারণ ৩২ ধারার ৪ প্রকরণে বলে যে যখন জমীদার রায়তকে মূল্য গ্রহণ করিতে বলেন "রায়ত হয় ঐ ভূমি বিক্রয় করিতে বিরত হইবেন, নয় ঐ মূল্যে উক্ত ভূম্যধিকারীর নিকট ঐ স্বত্ব বিক্রয় করিবেন।" অতএব জমীদারকে সম্পূর্ণরূপে রায়তের দয়ার উপর নির্ভর করিতে হইবে।

পূর্ব্বক্রয়ের স্বত্ব যদিও কার্য্যতঃ সম্পূর্ণরূপে অসার, সংশোধিত পাণ্ডুলিপিতে আবার কৌশল করিয়া সমস্ত সম্পন্ন রায়তকে এই বিধানের অধীনতা হইতে মুক্ত করিয়া দিয়াছে। কারণ পাণ্ডুলিপি অনুসারে পূর্ব্বক্রয়স্বত্বের নিয়ম তালুকদারের প্রতি ও যে সকল দখলীস্বত্ববিশিষ্ট রায়ত যোতের অর্দ্ধেকের অধিক কোর্ফাবিলি করিয়া অথবা ১০০ বিঘার অধিক পরিমাণ জমী যোত রাখিয়া তাহার কিয়দংশ কোর্ফা বিলি করিয়া তজ্জন্য তালুকদার-রূপে পরিণত হইয়াছে তাহাদের প্রতি বর্ত্তিবে না।

খাজানা বৃদ্ধি।

তালুকদারদিগের খাজানা বৃদ্ধির কথা আমি পূর্ব্বেই উল্লেখ করিয়াছি। জমীদারের ক্ষতি করিয়া তাহা-দিগের অনেক সুবিধা করিয়া দেওয়া হইয়াছে। এক্ষণে তাহাদের যে সুখের অবস্থা হইয়াছে তাহা চিরস্থায়ী বন্দোবস্তের আইন অথবা ১৮৫৯ সালের ১০ আইনমতে কখনই হয় নাই। দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের খাজানাবৃদ্ধি সম্বন্ধে আমি দেখিতেছি যে এক্ষণে খাজানা বৃদ্ধি করা একপ্রকার স্থগিত হইয়া রহিয়াছে, এবং এই সম্বন্ধে জমীদারদিগের সুবিধা করিয়া দেওয়ার নূতন ব্যবস্থাপনের প্রধান উদ্দেশ্য তাহাও সকলে স্বীকার করিয়া থাকেন। কিন্তু আমার বোধ হইতেছে যে কমিটী যে সকল পরিবর্ত্তন করিয়াছেন তাহাতে জমী-দারদিগের প্রতি সুবিচার না হইয়া এখন যে অবস্থা আছে সেই অবস্থা বদ্ধমূল হইবার অধিকতর সম্ভাবনা। প্রথমতঃ বর্ত্তমান আইন অনুসারে জমীদার ও রায়তের, আদালতের বাহিরে খাজানা বৃদ্ধি সম্বন্ধে চুক্তি করিবার সম্পূর্ণ স্বাধীনতা আছে। কিন্তু উপস্থিত পাণ্ডুলিপিতে সে স্বাধীনতা একেবারে লোপ করা হই-য়াছে। ইহাতে বিধান আছে যে, যেখানে ইচ্ছামত বন্দোবস্ত হইবে সে স্থলে চারি আনার অধিক বৃদ্ধি হইতে পারিবে না অর্থাৎ টাকায় দুই আনার অধিক বৃদ্ধি হইলে অন্ততঃ সাত বৎসর সময়ের জন্য এবং টাকায় দুই আনার অধিক ও চারি আনার অনধিক বৃদ্ধি হইলে অন্ততঃ পনর বৎসর সময়ের জন্য বৃদ্ধি হইবে। আদালতের বাহিরে

খাজানা নির্ণয় বিষয়ে এইরূপে জমীদারের উপর বিষম অক্ষমতা আরোপ করা হইল। যে স্থলে মোকদ্দমা দ্বারা খাজানা বৃদ্ধি করিবার চেষ্টা হয়, সে স্থলে যে সকল কারণে খাজানা বৃদ্ধির জন্য দরখাস্ত হইতে পারে তাহা এইরূপে প্রদর্শিত হইয়াছে।

(ক) দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত যে প্রচলিত হারে খাজানা দিয়া থাকে উক্ত রায়ত তদপেক্ষা কম হারে খাজানা দেয়।

(খ) সেই স্থানে বা চলিত বাজারে প্রধান প্রধান খাদ্য শস্যের গড়মূল্য বৃদ্ধি হইয়াছে।

(গ) ভূম্যধিকারীর দ্বারা বা তাঁহার খরচে যে উৎকর্ষসাধন হয় তাহাতে রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(ঘ) রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকাশক্তি বন্যা দ্বারা বর্দ্ধিত হইয়াছে।

আমি বেশ বলিতে পারি যে, সংশোধিত কারণাবলীতে খাজানা বৃদ্ধি সমস্যাপূরণের বিশেষ সাহায্য হইবে না। প্রথম কারণ "প্রচলিতহার" পরিষ্কার বুঝা যায় না এবং এখন এবিষয়ে যে সকল সন্দেহ ও গোলযোগ আছে তাহার কিছুই দূর হয় নাই। এই বিষয় বিশদ করার জন্যে চেষ্টা করা হয় কিন্তু বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাহার বিরোধী হন। আমার ভয় এই যে দ্বিতীয় কারণ অলীক বলিয়া প্রতিপন্ন হইবে। কারণ গবর্ণমেণ্ট কর্ম্মকারকেরা যে মূল্যের তালিকা প্রস্তুত করিয়া দেন তাহার উপর কিছু মাত্র বিশ্বাস করা যায় না। জানিয়াশুনিয়াও গড় মূল্য নিরূপণার্থ বিশ্বাসযোগ্য প্রমাণ পাওয়া যে নিতান্ত সুকঠিন, বিশেষ "সেই স্থানে বা চলিত বাজারে", কমিটী তাহা অস্বীকার করিতে পারেন না। চলিত বাজারকে নির্ণয় করিয়া দিবে? পরে যে সকল শর্ত্ত উল্লিখিত হইয়াছে তাহাতে তৃতীয় কারণ কার্য্যতঃ অকিঞ্চিৎকর বলিয়া প্রতিপন্ন হইবে। চতুর্থ কারণ অনুসারে যদি সুন্দররূপেও কার্য্য হয় তথাপি উহা কদাচ কখন প্রয়োগে আসিবে।

যে সকল নিয়মে রাজস্ব কার্য্যকারক কর্ত্তৃক খাজানা বৃদ্ধি সম্বন্ধে তদারক হইবার বিধান আছে তাহাতে কার্য্যতঃ সমস্ত ব্যাপারই রাজস্ব কার্য্যকারকের বিবেচনামত সম্পন্ন হইবে। উদাহরণ, প্রচলিত হার নির্ণয়জন্য রাজস্বকার্য্যকারকের উপর তত্তৎস্থানে তদারকের উপদেশ আছে কিন্তু কি সূত্র ধরিয়া প্রচলিত হার নির্ণয় করিবেন তাহার কিছুই বলিয়া দেওয়া হয় নাই। ফল এই হইবে যে ভিন্ন ভিন্ন কার্য্যকারক ভিন্ন ভিন্ন রীতিতে কার্য্য করিবেন। মূল্য বৃদ্ধিহেতুক খাজানা বৃদ্ধি করিবার এই বিধান আছে।—

(ক) স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে নিয়মিত সময়ান্তরে যে মূল্যের তালিকা প্রকাশ করা যায় আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন, এবং মোকদ্দমা উপস্থিত হইবার অব্যবহিত পূর্ব্ববর্ত্তী পাঁচ বৎসরের গড় মূল্য অন্য যে পাঁচ বৎসর তুলনার নিমিত্ত লওয়া ন্যায্য ও কার্য্যকর বোধ হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত মিলাইয়া দেখিবেন।

(খ) আদালত এরূপে খাজানা বৃদ্ধি করিবেন না যে বর্দ্ধিত খাজানা সাবেক খাজানা অপেক্ষা টাকায় চারি-আনার অধিক হয়।

(গ) তুলনার নিমিত্ত পূর্ব্বের যে পাঁচ বৎসর লওয়া হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত শেষ পাঁচ-বৎসরের গড় মূল্যের যে অনুপাত থাকে, পূর্ব্বোক্ত নিয়মানীনে ও ৫৮ ধারার নিয়মাধীনে সাবেক খাজানার সহিত বর্দ্ধিত খাজানার সেই অনুপাত থাকিবে।

এই সকল বিধান অনুসারে কার্য্যকরণ বিষয়ে মূল্যের তালিকা উপর অনেকটা নির্ভর করিতে হইবে, কিন্তু আমি পূর্ব্বে বলিয়াছি গবর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতা গেজেটে প্রকাশিত তালিকার উপর কিছুমাত্র বিশ্বাস করিতে পারা যায় না। পোলীসে উক্তবিবরণ সংগ্রহ করে এবং পোলীস যে এবিষয়ে বড় সতর্ক হইবে তাহার আশা করা যায় না। প্রায় সময়েই যে খোকে ও খুচরা বিক্রয়ের দর মিশ্রিত করা হইয়া থাকে সে কথা না ধরিলেও কোন দায়িত্ব-বিশিষ্ট লেখেস্তার তাহার পরীক্ষা করিয়া লওয়া হয় না এবং উহা হইতে ন্যায্যরূপ গড় হিসাব করা যায় না। যদি বিশেষ যত্নপূর্ব্বক তালিকা প্রস্তুত করা না হয়, (একথা শুদ্ধ ভবিষ্যৎ তালিকা প্রতিই বর্ত্তিবে) এই সকল তালিকা বিচারালয়ে প্রকৃষ্ট ও সিদ্ধ প্রমাণ বলিয়া গ্রাহ্য হইতে পারে না এবং হওয়াও উচিত নহে। আবার এ প্রশ্ন আসিতেছে—পুরাণ মূল্যের তালিকা কিরূপে প্রস্তুত হইবে?

আমরা দেখিতে হইবে যে সমস্ত শস্যের মূল্য বাঙ্গালার চাউলের এবং বেহারে ভুট্টা, যব ও গমের মূল্যে পরিণত করিতে হইবে। প্রধান খাদ্য শস্যের নামোল্লেখ করার ভার স্থানীয় গবর্ণমেণ্টের হস্তে সমর্পিত হইল। উক্ত গবর্ণমেণ্ট বিবেচনামত সময়ে ২ অন্যান্য শস্যের নাম উল্লেখ করিতে পারেন। তামাক, ইক্ষু, তুঁত, আলু, পাট প্রভৃতি মূল্যবান উৎপন্ন দ্রব্যের বিষয় কোন বিশেষ বন্দোবস্ত করা হয় নাই। স্পষ্টই দেখা যাইতেছে যে ইংলণ্ডের চাইলস কমুটেশন আক্ট যে মূল সূত্রে গ্রথিত এ নিয়মও সেই সূত্রানুযায়ী। কিন্তু আমি সাহস করিয়া নিবেদন করিতে পারি যে বিলাতের চাইলের সহিত বাঙ্গালার খাজানার কোন সৌসাদৃশ্য নাই, কারণ প্রথমোক্তটী ফসলের নির্দ্দিষ্ট অর্থাৎ ন্যূনম অংশ, আর শেষোক্তটী উৎপন্নের অংশ মূলক হইলেওএক্ষণে পুরাতন ভিত্তি হইতে অনেক দূরে আসিয়া পড়িয়াছে। ইংরেজী চাইলের কখন বৃদ্ধি হয় না কিন্তু আইনেই বাঙ্গালার টাকায় দেয়

খাজানা বৃদ্ধিযোগ্য বলিয়া প্রকাশ করিতেছে। এস্থলে জিজ্ঞাসা করা যাইতে পারে যে যে মূল সূত্র টাইদকে টাকায় পরিণত করারসময় সুবিচার সঙ্গত বলিয়া গৃহীত হয়, টাকায় দেয় খাজানা বৃদ্ধি বিষয়ে সেই মূল সূত্র কি প্রকৃষ্ট ও সুবিচার সঙ্গত হইবে? আমি যতদূর বুঝিতে পারি, বর্ত্তমান আইনমতে এই সূত্র ধরিয়া কার্য্য করা যেরূপ কঠিন পরেও তাহা অপেক্ষা কোনমতেই সহজ হইবে না। ভূম্যধিকারী কর্ত্তৃক উৎকর্ষসাধনহেতুক খাজানা বৃদ্ধি সম্বন্ধে ও বিশেষ বিধি দ্বারা কার্য্যক্ষেত্র এত সঙ্কীর্ণ করা হইয়াছে যে আমার ভয় হয় উহার সহিত দেশের আর্থিক অবস্থার সামঞ্জস্য রক্ষা হইবে না। এই কারণবশতঃ বৃদ্ধির আজ্ঞা দিবার সময় সে সকল অবস্থার বিষয় বিবেচনা করিতে হইবে তাহার উল্লেখ করিবার পর ৪১ ধারায় বলে যে আদালত দেখিবেন ঐ ভূমি উচ্চহার খাজানা দিতে সক্ষম হইবে কি না? যখন সকল বিষয়ই অনিশ্চিত, তখন কোন বুদ্ধিমান্ জমীদার উৎকর্ষসাধন করিতে অগ্রসর হইবে? টাকা দিয়া তাহাতে লাভ হইবে কি না ঠিক বুঝিতে না পারিলে কেহই টাকা বাহির করিবে না। এই সম্বন্ধে আরও দুইটী কথা আছে। বঙ্গদেশের গবর্ণমেণ্টের সহিত ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশনের পত্র লেখালেখিদ্বারা পূর্ব্বে এই স্থির হইয়াছিল যে কোন স্থানেই বর্ত্তমান খাজানা দ্বিগুণের অধিক বৃদ্ধি হইতে পারিবে না এবং একবার বৃদ্ধি হইলে তাহা দশ বৎসর বলবৎ থাকিবে। প্রথমকার পাণ্ডুলিপিতে এই সকল নিয়ম অন্তর্ভুক্ত হইয়াছিল। কিন্তু বঙ্গদেশের বর্ত্তমান গবর্ণমেণ্টের পরামর্শমতে উভয় নিয়মই পরিবর্ত্তিত হইয়াছে। এক্ষণে এইরূপ প্রকাশ করা হইয়াছে যে যেস্থলে প্রচলিত হার অপেক্ষা ন্যূনতা বশতঃ বৃদ্ধির চেষ্টা হয় সেস্থলে খাজানা টাকায় আটআনার অথবা শত করা পঞ্চাশ টাকার অধিক বৃদ্ধি হইবে না, এবং যে স্থলে মূল্য বৃদ্ধি বশতঃ খাজানা বৃদ্ধির চেষ্টা হয় সে স্থলে বর্দ্ধিত খাজানা পূর্ব্বতন খাজানা হইতে টাকায় চারিআনা অথবা শত করা পঁচিশ টাকা অপেক্ষা অধিক হইবে না, আর খাজানা বৃদ্ধি হইলে তাহা পনের বৎসর চলিবে। এতদ্দ্বারা দৃষ্ট হইবে, যে গবর্ণমেণ্টের মীমাংসা কখনই চূড়ান্ত হয় না। জমীদারেরা যতই অধিক ছাড়িয়া দিতেছেন ততই তাঁহাদের নিকট অধিক দাবী করা হইতেছে।

সহজেই বুঝা যায় যে যেস্থলে প্রচলিত হার অপেক্ষা বর্ত্তমান খাজানার ন্যূনতা বশতঃ বৃদ্ধি করিবার চেষ্টা হয় সে স্থলে উক্ত খাজানা প্রচলিত হারের সীমা পর্য্যন্ত বর্দ্ধিত হওয়াই উচিত। কেন যে এরূপ স্থলেও শত-করা পঞ্চাশ টাকা উর্দ্ধতন সীমা নির্দ্দিষ্ট হইবে তাহা বুঝা যাইতেছে না। আবার যে স্থলে মূল্য বৃদ্ধি বশতঃ খাজানা বৃদ্ধির জন্য চেষ্টা করা হয় এবং অনুপাত ধরিয়া বৃদ্ধি দিতে হইবে, সেস্থলে শতকরা পঁচিশ টাকা উর্দ্ধতন সীমা নির্দ্দেশ করা সুবিচার সঙ্গত নহে।

শস্যে দেয় খাজানা টাকায় পরিবর্ত্তন।

পাণ্ডুলিপির এই অংশ বাঙ্গালা অপেক্ষা বেহারেই অধিক খাটে; এবং আমার মান্যবর সহযোগী মহিমান্বিত দ্বারভঙ্গার মহারাজা নিশ্চয়ই এই বিষয়ের সমালোচনা করিবেন, অতএব আমার এবিষয়ে অধিক না বলিলেও চলে। যাহাই হউক আমার কথা এই যে মূল সূত্র ধরিয়া পরিবর্ত্তনকার্য্য সম্পাদনের উপদেশ হইয়াছে তদ্দ্বারা বর্ত্তমান খাজানা কম হইবারই সম্ভাবনা। ঐ দুইটী সূত্র এই—

(ক) দখলী স্বত্ব বিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধা বিশিষ্ট ভূমির নির্দ্দিষ্ট গড়ে যে মুদ্রারূপ খাজানা দিয়া থাকে,

(খ) পূর্ব্ব দশ বৎসরে ভূম্যধিকারী প্রকৃত প্রস্তাবে যে খাজানা পাইয়া থাকেন তাহার গড় মূল্য।

এস্থলে আমার বলা উচিত যে যখন পাণ্ডুলিপি উত্থাপিত হইয়াছিল, তখন বর্ত্তমান খাজানা কমান হইবে না এইরূপ স্পষ্ট আশ্বাস দেওয়া হইয়াছিল।

দখলীস্বত্বশূন্য রায়ত।

চিরস্থায়ী বন্দোবস্তের আইন এবং ১৮৫৯ সালের ১০ আইন এ উভয় মতেই দখলীস্বত্বশূন্য রায়তের সহিত কারবারে জমিদারের স স্বাধীনতা প্রদান করা হইয়াছিল। দখলীস্বত্বহীন প্রজা ইচ্ছাধীন প্রজা ভিন্ন আর কিছুই নহে। কিন্তু এই পাণ্ডুলিপিতে ভূম্যধিকারী ও দখলীস্বত্বহীন প্রজার সম্বন্ধ বহুল পরিমাণে পরিবর্ত্তিত হইতেছে। যদি দখলীস্বত্বহীন প্রজা কোনমতে একখণ্ড ভূমির উপর এক মুঠা বীজ ছড়াইবার যোগাড় করিতে পারে, তাহা হইলে কিছুতেই তাহার দখলীস্বত্বলাভ বন্ধ করিতে পারিবে না এবং পূর্ব্বে যেরূপ বলিয়াছি বাসেন্দা রায়ত সম্বন্ধে যে আইনসঙ্গত অনুমান আছে সে তাহার সম্পূর্ণ ফল লাভ করিবে। সে যখন প্রথম আসিবে তখন জমিদারের সহিত তাহার যেরূপ খাজানা দিবার কথা থাকিবে সে তাহাই দিতে বাধ্য হইবে। কিন্তু রেজিষ্টরী করা নিয়মপত্র ব্যতীত খাজানা বৃদ্ধি হইতে পারিবে না। বরং যখন জমিদার রায়তকে এরূপ নিয়মপত্র দিতে যাইবেন সে উহা অস্বীকার করিতে পারে। তাহা হইলে জমিদারকে প্রজা দূর করিবার জন্য মোকদ্দমা রুজু করিতে বাধ্য হইতে হইবে। আদালত তখন ঐ ভোগের কি খাজানা প্রকৃষ্ট ও সুবিচারসঙ্গত তাহা স্থির করিয়া দিবেন, এবং আদালতের হুকুমমত জমিদার প্রজাকে পাঁচবৎসরের জন্য পাট্টা দিতে বাধ্য হইবেন; এবং যদি এই পাট্টার মিয়াদ অতীত হইবার পূর্ব্বেই রায়তের দখলীস্বত্ব জন্মে তাহা হইলে সে দখলীস্বত্ববিশিষ্ট প্রজার সমস্ত স্বত্ব অধিকার পাইতে স্বত্ববান হইবে। এইরূপে দখলীস্বত্বহীন প্রজা নাম মাত্রেই পর্য্যবসিত হইবে। এই শ্রেণীর রায়তের সহিত আপনার ইচ্ছামত কারবার করিবার জমিদারের এক্ষণে যে স্বত্ব ছিল তাহা সম্পূর্ণরূপে কাড়িয়া লওয়া হইল। চুক্তিসম্বন্ধে স্বাধীনতা অবৈধ করা হইল। জমিদারকে আদালতের আজ্ঞাক্রমে পাঁচ বৎসরের জন্য পাট্টা দিতে বাধ্য করা হইল। এস্থলে আমার বলা উচিত যে বিচারাধীন পাট্টা দেওয়ার প্রথা প্রচলিত করণহেতুকই প্রজার উচ্ছেদের ক্ষতিপূরণ সম্বন্ধীয়

প্রথমবার বিধান সকল ছাড়িয়া দেওয়া হইয়াছে। এই সকল বিধানে এদেশে অজ্ঞাত কতকগুলি নূতন তাঁতের সূত্র অন্তর্নিহিত ছিল। এপাণ্ডুলিপিতে সেগুলি থাকিলে নূতন বিবাদের মূল হইত। কিন্তু তাহার পরিবর্ত্তে বিচারাধীন পাঁচ বৎসরের পাট্টা প্রবর্ত্তিত করায় জমিদারের প্রতি বিশেষ অবিচার করা হইয়াছে। যে বিষয়ে জমিদারেরা চিরকাল সম্পূর্ণরূপ স্বাধীনভাবে কার্য্য করিয়া আসিয়াছেন, সেই বিষয়েই আদালত তাঁহাদের হস্ত পদ বন্ধন করিয়া দিলেন। আর যে রায়তের সুবিধার জন্য বিচারাধীন পাট্টার হুকুম দেওয়া হইল সে অত্যন্ত দুর্বৃত্ত ও গোলযোগকারী হইতে পারে। সে মন্দ পরামর্শ দিয়া চতুষ্পার্শ্ববর্ত্তী প্রজার পালকে ক্ষেপাইয়া দিতে পারে এবং অত্যন্ত ক্ষতিকারক বলিয়া প্রতিপন্ন হইতে পারে। হয়ত জমিদার অন্য প্রজার সহিত ভূমির বন্দোবস্ত করিলে উহা অপেক্ষা বেশী খাজানা পাইতে পারিতেন এবং হয়ত খাজানা আদায়ের ভাল প্রতিভাব্য পাইতে পারিতেন। কিন্তু বিচারাধীন পাট্টায় তাঁহার সুবিধা বা স্বাধীনতা রহিল না। দখলীস্বত্বহীন রায়ত সম্বন্ধীয় বিধান সকলে জমিদারের ভূস্বামী স্বত্বের প্রতি আরো এক বিষয়ে আক্রমণ করা হইয়াছে একথা আমি না ভাবিয়া থাকিতে পারিতেছি না। যে শ্রেণীর রায়তের সুবিধার জন্য এরূপ আক্রমণ হইতেছে জমির উপর তাহার কিছু মাত্র মায়ানাই সুতরাং জমিদারের অনুগ্রহ পাইতে তাহাদের কিছু মাত্র ধর্ম্মতঃ দাবী নাই।

কোর্ফা বিলি ও কোর্ফা রায়ত।

যে পাণ্ডুলিপি প্রথম উপস্থিত করা হয় তাহার এক প্রধান দোষ এই যে, যদিও উহাতে জমিদারের স্বত্ব ও অধিকার বিশেষ রূপে খর্ব্ব করা হইল, তথাপি যে প্রকৃত প্রস্তাবে ভূমিকর্ষক, যাহার পরিশ্রমেই দেশে ধনাগম হয় ও সাধারণের প্রতিনিধিস্বরূপ গবর্ণমেণ্ট ও ভূস্বামী ও পেটাও ভূস্বামীর দল আহার প্রাপ্ত হন, তাহার কার্য্যতঃ অল্পই উপকার না হয়। মধ্যবর্ত্তী লোকের অবস্থা বিশেষরূপে উন্নত করা হইল। কিন্তু কোর্ফা রায়ত যে প্রায়ই প্রকৃত প্রস্তাবে ভূমি কর্ষণ করে, তাহাকে সম্পূর্ণরূপে মধ্যবর্ত্তি লোকের দয়ার উপর ফেলিয়া দেওয়া হইল।

এই বিধানে যেরূপ ইতর বিশেষ করা হয় কমিশনর তাহা সম্পূর্ণরূপে বুঝিয়াছিলেন, এবং তাঁহারা কোর্ফা রায়তের অবস্থার উন্নতি করিবার জন্য নানাবিধ উপায়ের প্রস্তাব করিয়াছেন। তদনুসারে এই পাণ্ডুলিপিতে কোর্ফা বিলি নিয়মিত করিবার প্রস্তাব হইয়াছে। কিন্তু আমার সন্দেহ এই যে এসকল বিধান কার্য্যে পরিণত হইবে না। প্রথমতঃ যদি দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তাহার ষোতের অর্দ্ধেকের অধিক কোর্ফা বিলি করে সে, উহা রেজিষ্টরী হইবামাত্র, তালুকদাররূপে পরিণত হইবে। তালুকদারের অবস্থা বিশেষরূপ সুবিধাজনক। অতএব ইহাতে কোর্ফা বিলি বন্ধ হওয়া দূর থাকুক বরং উহার প্রশ্রয় দেওয়া হইবে। দ্বিতীয়তঃ যদি কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কোর্ফা বিলি করে, তাহা হইলে কোর্ফা পাট্টা সাত বৎসরের অধিক কালের জন্য সিদ্ধ হইবে না, এবং উহা ভূতকালেও কদাচ হইবে। যে কোর্ফা পাট্টা নিয়াছে তাহার অবশ্য ইহাতে কোন ক্ষতি নাই। কারণ পাট্টার মিয়াদ যত অল্প হইবে তাহার লাভ তত অধিক হইবে। তৃতীয়তঃ কোর্ফা রায়তের ভূম্যধিকারী রেজিষ্টরী করা পাট্টা ছলে নিজে যাহা দিয়া থাকেন তাহার উপর শতকরা ৫০ টাকার অধিক খাজানা আদায় করিতে পারিবেন না এবং অনেক স্থলে শতকরা ২৫ টাকার অধিক পাইবেন না। আমি বুঝিতে পারিতেছি না যে স্থলে পরস্বহরণসংখ্যক মধ্যবর্ত্তী লোক আছেন, (বাকরগঞ্জে পরঃ ১৩ শ্রেণীর মধ্যবর্ত্তী লোক আছে,) সেই স্থলে কিরূপে এই বিধিমতে কার্য্য চলিবে। প্রত্যেক মধ্যবর্ত্তীই কি কোর্ফার রায়তের নিকট হইতে তিনি আপন ভূম্যধিকারীকে যাহা দিয়া থাকেন তাহা অপেক্ষা শতকরা ৫০ টাকার অধিক খাজানা দাবী করিতে স্বত্ববান হইবেন? তাহা হইলে এই দলের সর্ব্ব শেষ ব্যক্তির, যে ব্যক্তি স্বহস্তে চাস করে তাহার, দশা কি হইবে? চতুর্থতঃ ভূম্যধিকারী কোর্ফা রায়তকে কৃষি সম্বৎসরের শেষে কিম্বা ঐ বৎসর শেষ হইবার ছয়মাস পূর্ব্বে উঠিয়া যাইবার লিখিত নোটিস দান ভিন্ন রায়তকে উঠাইয়া দিতে পারিবেন না। আমার ধারণা এই যে উর্দ্ধতন রায়ত অর্দ্ধেকের অধিক ভূমি কোর্ফা বিলি করিয়াছে কিনা তাহাই লইয়া উর্দ্ধতন রায়তের সহিত কোর্ফা রায়তের সর্ব্বদা বিবাদ হইবে। ফল এই হইবে যে হয় কোর্ফা রায়ত নিঃশব্দে অত্যাচার সহ্য করিয়া যাইবে, না হয় সর্ব্বদা মোকদ্দমা মামলা হইবে। আর আমি যত দূর বিচার করিতে পারি তাহাতে যে সকলস্থলে উর্দ্ধতন রায়ত তাহার ষোতের অর্দ্ধেকের অধিক ভূমি কোর্ফা বিলি করিবে কেবল সেই সকল স্থলেই ৬২ ধারানতে খাজানার সীমা নির্দ্ধারণ কার্য্যকর হইবে। এই জন্য সে রায়ত আইনের হস্ত হইতে মুক্ত হইবার অভিপ্রায়ে আপনাকে সাবধানে এই সীমার মধ্যে রাখিবে। আরও উর্দ্ধতন রায়ত যদি আইন লঙ্ঘন করে, তাহাহইলে তাহাকে আদালতে আনয় কাহারও স্বার্থ নাই, কারণ আইন লঙ্ঘন করিলে কোনরূপ শাস্তিরই বিধান নাই। উর্দ্ধতন রায়ত যে রায়ত তাঁহার নিজের শর্ত্তমত জমী লইতে স্বীকার না করিবে, সেইরূপ রায়তকে ভূমি না দেওয়াই স্থির করিয়া রাখিবে, এবং যখন কোন কোর্ফা রায়ত ঐ শর্ত্ত স্বীকার করে সে আর আইনপ্রদত্ত উপকারের প্রত্যাশী হইবে না। তৃতীয় ব্যক্তি আর একজন রায়ত পূর্ব্বের নির্দ্দীত শর্ত্তে জমী লইতে ইচ্ছা করিতে পারে, কিন্তু যদি উর্দ্ধতন রায়ত তাহাকে প্রদানই না করিল তবে সে দাঁড়ায় কিসের জোরে। অতএব কোর্ফা বিলি নিয়মনার্থ বিধান সমূহ হয় অকার্য্যকর হইবে, না হয় অশেষপ্রকার মোকদ্দমা মামলা উৎপাদন করিবে।

উৎকর্ষসাধন।

উৎকর্ষসাধন অধ্যায়ে ভূম্যধিকারী ও প্রজা এ উভয়ের সম্বন্ধ বিষয়ে যে পরিবর্ত্তন প্রবর্ত্তিত করা হইয়াছে তাহা না বর্ত্তমান আইনের অনুযায়ী না দেশাচারের অনুযায়ী। বর্ত্তমান সময়ে ভূম্যধিকারীরাই প্রায় ভূমির উৎকর্ষসাধন করিয়া থাকেন। প্রজারা ভূমির উৎকর্ষসাধন করিতে গেলে তাহাদিগকে ভূম্যধিকারীর সম্মতি ও অনুমোদন গ্রহণ করিতে হয়। কিন্তু এই অধ্যায়ে বলিতেছে যে ১। যে রায়ত অবধারিত খাজানায় ভূমিভোগ

করে সে আপন ভোগ সম্বন্ধে কোন রূপ উৎকর্ষসাধন করিতে চাহিলে ভূম্যধিকারী তাহাকে বাধা দিতে পারিবেন না। (২) যে স্থলে রায়তের দখলীস্বত্ব আছে সে স্থলে সেই ভূম্যধিকারীর অধীনে অন্য এক বা তদধিক ভোগ সম্বন্ধে কোন ক্ষতি হইবার সম্ভাবনা না থাকিলে উক্ত রায়তের উৎকর্ষসাধন করিতে অগ্র স্বত্ব থাকিবে। (৩) যে স্থলে দখলীস্বত্বশূন্য রায়ত আপন ভোগে কোনরূপ উৎকর্ষসাধন করিতে ইচ্ছা করে সে উপযুক্ত সময়ের মধ্যে তাহা করিয়া দিবার জন্য ভূম্যধিকারীর উপর এক নোটিস দিবে। যদি ভূম্যধিকারী তাহার অনুরোধ রক্ষা করিতে না পারেন অথবা অমনোযোগ করেন তাহা হইলে রায়ত নিজেই উৎকর্ষসাধন করিয়া লইবে। এই বিধান সমূহের মর্ম্ম এই যে উহাতে ভূম্যধিকারীর ভূস্বামী স্বত্ব অস্বীকার করিয়া ভূমিতে উৎকর্ষসাধন করিবার স্বত্ব কাহার এবিষয়ের মীমাংসারভার কালেক্টরের হস্তে অর্পণ করা হইয়াছে। যদি রায়তকে ভূমির উৎকর্ষসাধন বিষয়ে উৎসাহ দেওয়া রাজনীতিসিদ্ধ হয়, তাহা হইলে প্রথম কল্পে ভূম্যধিকারীকেই উক্ত উৎকর্ষসাধনের ভার দেওয়া উচিত। অর্থ নীতি-মতে দেখিতে গেলে ভূম্যধিকারীর অনেক মূলধন থাকায় তিনিই উৎকর্ষসাধনে অধিকতর সমর্থ। কিন্তু এ বিষয়ে তাঁহার কিছুমাত্র সুবিধা করিয়া দেওয়া হইল না। তিনি উৎকর্ষসাধনের জন্য যে টাকা খরচ করিবেন, খাজানা বৃদ্ধি করিয়া তাহার দুনাফা তুলিয়া লইবেন এ আশ্বাসও তাঁহাকে দেওয়া হয় নাই, কারণ খাজানা বৃদ্ধি দেওয়া না দেওয়া আদালতের বিবেচনার উপর নির্ভর করিবে, এবং আদালত যদি দেখেন যে এ ভূমি খাজানা বৃদ্ধি দিতে সমর্থ তবেই বৃদ্ধির আদেশ করিবেন। আমার আশঙ্কা হয় এই সকল নিয়মের অপরিহার্য্য ফল এই হইবে যে উৎকর্ষসাধন করা একেবারে বন্ধ হইয়া যাইবে। যাহাদের উৎকর্ষসাধন করিবার সামর্থ্য নাই তাহাদের নিকট উৎকর্ষসাধনের আশা করা, ও যাহাদের সামর্থ্য আছে তাহাদের প্রতিবন্ধক দেওয়া যে কিরূপ পাকা রাজনীতি তাহা আমার বুদ্ধির অগম্য। আমি প্রস্তাব করিয়াছিলাম যে কৃষি বিষয়ে পরীক্ষা, আদর্শক্ষেত্র প্রভৃতির জন্য ভূমি গ্রহণ বিষয়ে ভূম্যধিকারীর সুবিধা করিয়া দেওয়া হয়, কিন্তু আমার প্রস্তাব গ্রহণ করা হয় নাই। আমাকে ভূমি গ্রহণ বিষয়ক আইনের সংশোধন চেষ্টা দেখিতে বলা হয়।

অবিভক্ত সম্পত্তির তত্ত্বাবধারণ।

পাণ্ডুলিপিতে জিলার জজকে ক্ষমতা দেওয়া হইয়াছে যে কালেক্টর অথবা স্বার্থবান যে কোন ব্যক্তি, ভূমিতে তাহার স্বত্ব না থাকিলেও, আবেদন করিলে যদি তাঁহার বোধ হয় যে সাধারণের অসুবিধা বা ব্যক্তি বিশেষের স্বত্বের হানি হইতেছে বা হইবার সম্ভাবনা, কোন মহাল বা তালুকের সহাধিকারীদিগকে উহার তত্ত্বাবধারণের স্বত্বহইতে বঞ্চিত করিতে পারিবেন। আমি শেষ বিষয়ের কথাই প্রথম বলিব। সহাধিকারীগণের মধ্যে বিবাদ থাকিলে অথবা সাধারণ কার্য্যাধ্যক্ষ না থাকিলে রায়তদিগের কষ্ট ও বিরক্তি হইতে পারে এ কথা আমি স্বীকার করি, কিন্তু কমিটী খাজানা আদালতের বিধান করিয়া এ অসুবিধার প্রতিবিধান করিয়াছেন। ৭৩ ধারার (গ) প্রকরণে বলে যে যে স্থলে অনেক গুলি অংশীদারকে একযোগে খাজানা দিতে হয় এবং তাহাদিগের পক্ষ হইতে খাজানা গ্রহণের ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি নিযুক্ত না থাকায় প্রজা টাকার জন্য উক্ত সহাধিকারীদিগের একযোগে রসীদ পাইতে না পারে সে স্থলে উক্ত প্রজা খাজানা আমানত করিয়া দিতে পারিবে। আরও যদি সহাধিকারীরা একযোগে অথবা সাধারণ কার্য্যাধ্যক্ষের দ্বারা দরখাস্ত বা মোকদ্দমা রুজু না করে তাহা হইলে সহাধিকারীরা প্রজাকে দরখাস্ত অথবা বর্দ্ধিত খাজানার জন্য মোকদ্দমা করিতে পারিবে না। এতদ্দ্বারা দৃষ্ট হইবে যে এই পাণ্ডুলিপি দ্বারা অবিভক্ত মহালের রায়তদিগের সমস্ত যুক্তিযুক্ত কষ্টের কারণ সম্পূর্ণরূপে দূরীকৃত হইয়াছে। অবিভক্ত ভাবে কোন মহালের তত্ত্বাবধারণ হইলে সাধারণের যে কি ক্ষতি হইতে পারে তাহা আমি পরিষ্কাররূপে বুঝিতে পারিতেছি না। দৃষ্টান্তস্বরূপ বলিতেছি, যদি সহাধিকারীরা রাজস্ব দিতে ত্রুটি করে তাহাদের মহাল নীলাম হইতে পারিবে। যদি তাহারা আইন অতিক্রম করে অথবা সরকারী আদেশমত কার্য্য করিতে অপারগ হয়, তাহা হইলে তাহাদের দণ্ডিতের কথা বঙ্গদেশের ডেজিডরী বিষয়ক আইনের কার্য্য দৃষ্টে অনুমান করা যাইতে পারে এবং তাহাদের শাস্তিও হইতে পারে। এজন্য কালেক্টর অথবা জজ সাধারণের অসুবিধা হইতেছে মনে করিলেই সহাধিকারীরা আপন সম্পত্তির তত্ত্বাবধারণ করিতে কেনই বঞ্চিত হইবেন। পরিষ্কার বুঝা যায় না। আমার নিবেদন এই যে যে সকল কারণের কথনই অস্তিত্ব নাই, তাহারই তান করিয়া ভূস্বামী ও ধনীদিগের সম্পত্তির তত্ত্বাবধানের ভার অন্যের প্রতি অর্পণ করা, উহাদিগের পরিশ্রম ও উৎকর্ষ সাধনের উত্তেজক কারণ অপনোদন করা প্রকৃষ্ট রাজনীতির একান্ত বিরোধী।

স্বত্বের লিপি, খাজানার বন্দোবস্ত, ও হালের তালিকা।

ভূস্বামীর নিজ জমী লিপিবদ্ধ করণ।

ভারতবর্ষের যে সকল ভাগে নির্দ্দিষ্ট সংখ্যক বৎসরান্তে ভূমির বন্দোবস্ত হয় তথায় অধুনা যে ভাবে ভূমির ব্যবস্থা হইয়া থাকে, উপরি উক্ত বিষয় সম্পর্কীয় অধ্যায়গুলিও সেই ভাবে লিখিত হইয়াছে। কিন্তু বাঙ্গালার ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের স্বত্ব ও স্বার্থ প্রায়ই উত্তমরূপে নির্দ্দিষ্ট আছে, এবং এই অধ্যায় সকলের বিষয় সম্বন্ধে যে যে স্থলে প্রজা ও ভূম্যধিকারীতে বিবাদ হইবার সম্ভাবনা, সেই সেই স্থলে সম্পর্কবিশিষ্ট সম্প্রদায়ের নিজ নিজ স্বার্থের উপর আইনের কার্য্য নির্ভর করিতে দেওয়াই সহজজ্ঞানসম্মত। কিন্তু এই সকল অধ্যায়ের মর্ম্ম এই যে, একদিকে ভূম্যধিকারী ও প্রজা উভয়কেই, তাহাদের জন্য বিহিত উপায় অবলম্বন করিতে স্বাধীনত দেওয়া হইয়াছে, অপরদিকে স্থানীয় গবর্ণমেণ্টকে নিজের ইচ্ছামত সেই উপায় অবলম্বন করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। এই সকল অধ্যায়ে যে সকল বিধান আছে তাহাদের কার্য্য চলিতে আরম্ভ হইলে, আমার ভয় হয় যে দেশ মোকদ্দমা সাগরে ডুবিয়া যাইবে, ভূম্যধিকারী ও প্রজার কুপ্রবৃত্তি সমূহ উত্তেজিত হইবে, মিথ্যা সাক্ষ্য ও জাল করণের দ্বার প্রকাশ্যরূপে উদ্ঘাটিত হইবে, অধীনস্থ আমলারা অশেষরূপে অত্যন্ত জঘন্য হইয়া যাইবে,

এবং কৃষিজীবিরা ক্ষতি, ব্যয় ও বিপদের সাগরে পতিত হইবে। রাজস্ববিষয়ক জরীপে এই শিক্ষাই প্রদান করিয়াছিল। যখন লোকে নিজেই এ সকল বিধান বলবৎ করার জন্য আবেদন করিবে, তখন ইহা দেখিয়া লওয়া তাহাদেরই কাজ, কিন্তু লোকের কোনরূপ আবেদন ব্যতিরেকে কেন যে গবর্ণমেণ্ট দেশের লোকের উপরি-উক্ত অনিষ্ট সাধন করিবেন আমি তাহার যুক্তিযুক্ত ও সিদ্ধ প্রমাণ দেখিতে পাইতেছি না। আগামী দুই তিন পুরুষ মধ্যে উদ্দিষ্ট কার্য্য সমাধা হইবে না এবং এই সমস্ত সময় ধরিয়া পূর্ব্বোল্লিখিত ক্ষত বর্দ্ধিত হইতে থাকিবে। যে স্থলে রাজস্ব সংক্রান্ত বা সরাসরি বিক্রয়ে নীলাম খরিদার নিজের অবগতির জন্য অবাবদীর কাগজ পায় না; স্বত্বের লিপি শুদ্ধ যদি সেই স্থলের জন্য প্রস্তুত হয়, যেস্থলে রায়তেরা ধর্ম্ম ঘট করিয়া খাজানা দিতে অস্বীকার করে এবং যে স্থলে রায়তদের কর্ত্তৃক অত্যাচার হইবার সম্ভাবনা, যদি কেবল সেই সকল স্থলের জন্য খাজানার বন্দোবস্ত হয়; যেস্থলে জমীদারেরা নিজে আবেদন করে যদি কেবল সেই স্থলের জন্যই জমীদারের নিজ জমীর রেজিষ্টরী করা হয়; সেই সকল স্থলে পক্ষগণের দরখাস্তমত উহা ন্যায্য ও যুক্তিযুক্ত হইবে। কিন্তু গবর্ণমেণ্টের হস্তে জমীর বিবেচনার ভার দিয়া এই সকল অন্যায়ের লক্ষ্য বিষয় যে রূপ বিস্তৃত করা হইয়াছে, তাহার সেরূপ কোন আবশ্যকতাই নাই এবং ইহাদ্বারা এত অনিষ্ট সংঘটিত হইবে যে উহাতে কৃষক সম্প্রদায়ের শান্তি, সুখ, ও প্রকৃত স্বার্থের বিলক্ষণ ক্ষতি হইবে। হারের তালিকা সম্বন্ধে এই বলা যাইতে পারে যে, এবিষয়ে যে অনুসন্ধান করা গিয়াছে তাহাতে স্পষ্ট বুঝা গিয়াছে যে দেশের অধিকাংশ স্থলেই উহা নির্ণয় করা অসাধ্য। ঐতিহাসিক, ব্যক্তিগত, অর্থশাস্ত্রসম্মত ও সামাজিক কারণ বশতঃ একই গ্রামের মধ্যে এত বিভিন্ন বিভিন্ন প্রকার হার প্রচলিত আছে, কোন কোন গ্রামে শত শত প্রকার হার আছে, যে মনুষ্যের হার বা এক সমান হার বা পূর্ব্বে যাহাকে পরগণা হার বলিত কোন নির্দ্দিষ্ট ভূখণ্ডের জন্যে তাহা নির্ণয় করা আশাতীত। প্রজা ও ভূম্যধিকারী কাহারই একার্য্য দ্বারা কিছুমাত্র উপকার প্রাপ্ত হইবার সম্ভাবনা নাই, তথাপি স্থানীয় গবর্ণমেণ্ট বিশেষ ভূখণ্ডের জন্য হারের তালিকা প্রস্তুত করার ও ভূম্যধিকারী এবং প্রজার উপর দিয়া তাহার খরচ উঠাইয়া লইবার ক্ষমতা গ্রহণ করিয়াছেন। এইরূপে ভূম্যধিকারী ও প্রজা কোন রূপ আবেদন না করিলেও স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত সম্বন্ধীয় বিধান সকল বলবৎ করিবার খরচ ভূম্যধিকারী ও প্রজার ঘাড়ে চাপান হইবে। যে কার্য্যপ্রণালী অবলম্বনকরিলে ভূমিবিশিষ্ট শ্রেণীর উপকার অপেক্ষা অপকার হইবার অধিক সম্ভাবনা, এইরূপে তাহার জন্য ভূমির উপর নূতন কর বসান হইবে।

খামার নামে অভিহিত ভূম্যধিকারীর নিজ জমী লিপিবদ্ধকরণ সম্বন্ধে আমার বক্তব্য এই যে উহার যে লক্ষণ নির্দ্দেশ করা হইয়াছে তাহা চিরস্থায়ী বন্দোবস্তের আইনে নির্দ্দিষ্ট লক্ষণের সম্পূর্ণ বিরোধী, এবং উহাদ্বারা সমস্ত পতিত ভূমি লক্ষণবহির্ভূত করা হইয়াছে। ১৩৮ ধারায় বলে,

১৩৮ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী নিম্নলিখিত জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করিবেন।

(ক) যে জমী খামার, জেরাত, সের, নিজ, নিজযোত বা কামাত বলিয়া ভূস্বামী নিজে আপন সরঞ্জাম দ্বারা বা আপন চাকর দ্বারা বা বেতনভোগী মজুর দ্বারা এই আইন বিধিবদ্ধ হইবার অব্যবহিত পূর্ব্বে ক্রমাগত বার বৎসর চাষ করিয়াছেন বলিয়া প্রমাণ হয়, সেই জমী; এবং

(খ) যে আবাদী জমী গ্রাম্যাচারক্রমে ভূস্বামীর খামার, জেরাত, সের, নিজ, নিজযোত বা কামাত জমা বলিয়া স্বীকৃত হয়, সেই জমী।

(২) অন্য কোন জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপি বদ্ধ করা উচিত কিনা, ইহা নিরূপণ করিতে হইলে, উক্ত কর্ম্মচারী দেশাচারের প্রতি এবং ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখের পূর্ব্বে ভূস্বামীর নিজ জমী বলিয়া বিশেষ করিয়া ঐ জমী জমা দেওয়া হইয়াছিল কিনা, এই কথার প্রতি দৃষ্টি রাখিবেন; কিন্তু যাবৎ বিপরীত দর্শান না যায়, তাবৎ উক্ত জমী ভূস্বামীর নিজজমী নহে, এই রূপ অনুমান করিবেন।

(৩) জমী ভূস্বামীর নিজ জমী কি না, এবিষয়ে দেওয়ানী আদালতে কোন প্রশ্ন উত্থিত হইলে, রাজস্ব কর্ম্মচারীদের কার্য্য পদ্ধতি প্রদর্শনার্থ এই ধারায় যে বিধি নির্দ্দিষ্ট হইল, উক্ত আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

১৭৯৩ সালের ৮ আইনের ৫৭ ধারায় খামার ভূমির নিম্নলিখিত বিবরণ আছে।—

১৭৯৩ সালের ৮ আইনের ৫৭ ধারা। জানিবেক যে সুবে বেহারের মধ্যের মালিকানা জমীর এবং সুবে বাঙ্গালা ও মেদিনীপুরের জমিদার ও তালুকদার ও অন্য ভূম্যধিকারীদিগের নিজের মালকার ও খামার ও নিজ যোত ওগয়রহ ভূমিউপরের লিখিত [সাধারণ রাজস্ব হইতে লাখেরাজ ভূমির বহিষ্করণ] দাড়া সকলের বাহির আছে ইত্যাদি।

আইনের ভাষার সহিত পাণ্ডুলিপির ভাষা তুলনা করিয়া দেখিলে দৃষ্ট হইবে পুরাতন আইনানুসারে জমীদারের খামার জমীতে ক্রমাগত বার বৎসর ধরিয়া চাষকরার শর্ত্ত নির্দ্দিষ্ট ছিলনা। পতিত ভূমিসম্বন্ধে একথা সকলেই জানে যে চিরস্থায়ী বন্দোবস্তের শুকতর খাজনা ধার্য্য করায় জমীদারের যে অপরিহার্য্য ক্ষতি হইয়াছিল তাহারই পুরণার্থ উহা জমীদারকে প্রদত্ত হইয়াছিল।

ক্রোক।

খাজানা আদায়ের সম্বন্ধে ক্রোকের আইনের সহায়তা অত্যন্ত প্রয়োজনীয় ও কার্য্যকর বলিয়া সাধারণতঃ লোকের বিশ্বাস। আমি জানি বেহারে ইহার সহায়তা অধিক পরিমাণে গৃহীত হয়। কিন্তু এ ক্রোক আইনের সার এই যে ইহাদ্বারা শীঘ্র ও অব্যর্থ প্রতীকার হয় কিন্তু ভূম্যধিকারীর শিরে সমস্ত দায়িত্ব অর্পিত থাকে ক্ষমতার অপব্যবহার করিলে তাঁহাকে বিলক্ষণ দণ্ড ভোগ করিতে হয়। পাণ্ডুলিপি অনুসারে ক্রোক আদালতে

দ্বারা করিতে হইবে, উহার প্রতিপদে নানাপ্রকার নিষেধাত্মক নিয়ম আছে, আদালতের হুকুম জারী হইবার সময় হয়ত মাঠ হইতে শস্য অন্যত্র নীত হইয়া গিয়াছে। ইহার কার্য্য প্রণালী এত বিস্তৃত হইয়া পড়িয়াছে যে উহা দ্বারা আর শীঘ্র প্রতীকার পাওয়া অসম্ভব। সত্বর প্রতীকারই ক্রোক আইনের মর্ম্ম হওয়া উচিত। আবার ক্রোক করিতে গেলে ভূম্যধিকারীর এত ব্যয় করিতে ও এত বিরক্ত হইতে হইবে যে তিনি অগত্যা এই উপায় সম্পূর্ণরূপে পরিত্যাগ করিতে বাধ্য হইবেন। আমার এইরূপ বোধ হইতেছে যে এই পাণ্ডুলিপিতে যেরূপ ক্রোকী আইনের বিধান হইয়াছে, তাহা সম্পূর্ণরূপে অকার্য্যকর হইয়া থাকিবে। এবং তাহাতে এক্ষণে শীঘ্র খাজানা আদায় করিবার বিষয়ে জমীদারের যে একমাত্র সুবিধা আছে, তাহা তাঁহার নিকট হইতে কাড়িয়া লওয়া হইবে।

আদালতের কার্য্য প্রণালী।

গবর্ণমেণ্ট যে খাজানা আদায়ের প্রণালীর সরলতাসাধন করিবেন বলিয়া পুনঃ২ প্রতিজ্ঞা করিয়াছেন, তাহা আমার বার২ বলিবার প্রয়োজন নাই। চিরস্থায়ী বন্দোবস্তের সময় অবধি আজি পর্য্যন্ত এবিষয়ে আপনাদের কর্ত্তব্য গবর্ণমেণ্ট স্বীকার করিয়া আসিয়াছেন। আর উপরুক্ত পাণ্ডুলিপির প্রথম সূচনা হইতে খাজানা আদায় প্রণালীর সরলতাসাধন ইহার একটি মুখ্য উদ্দেশ্য বলিয়া প্রকাশ করা হইয়াছে। এবিষয়ে বাদানুবাদের সময় কমিটীও ইহা সম্পূর্ণরূপে স্বীকার করিয়াছেন। কিন্তু আমি বলিতে বাধ্য হইতেছি যে এই সকল বাদানুবাদের ফল কার্য্যতঃ আমাদিগকে নিরাশ করিয়াছে। আমি এবিষয়ে ত্রিবিধ উপায় অবলম্বন করিতে পরামর্শ দিয়াছিলাম।

(১) পত্তনী কার্য্যপ্রণালী (২) গবর্ণমেণ্ট ও রাজানুপালিত মহালে এক্ষণে যে কার্য্যপ্রণালী চলে তাহা ও

(৩) বর্ত্তমান কার্য্যপ্রণালীর পরিবর্ত্তন। আমি নিম্নে তৃতীয় উপায়ের বিস্তারিত বিবরণ দিতেছি।—

বাকী খাজানার জন্য মোকদ্দমা রুজু করিতে হইলে জমীদার বা খাজানাগ্রহীতা জমা ওয়াশীল বাকীর কাগজ, দাখিলার মুড়ি প্রভৃতি আবশ্যক কাগজ দাখিল করিয়া এবং আবশ্যকমত প্রমাণ দিয়া আপাততঃ মোকদ্দমা খাড়া করিবেন।

তাহার পর আদালত সমন বাহির করিবেন। সমন জারী হইলে জারী হয় নাই বলিয়া সচরাচর যে আপত্তি হইয়া থাকে, তাহা দূর করিবার জন্য আমি নিম্নলিখিত মর্ম্মের একটী বিধান করিতে পরামর্শ দিই—।

"সাধারণতঃ সমন যে ব্যক্তির নামে হয় নিজ তাঁহাকে দিয়া অথবা রেজিষ্টরী চিঠি দ্বারা পাঠাইয়া জারী করা হইবে। যদি কোনকারণ বশতঃ নিজ প্রতিবাদীর উপর সমন জারী হইতে না পারে, তাহা হইলে যে গ্রামে ঐ ভূমি অবস্থিত সেই গ্রামে উক্ত ব্যক্তির নিবাসস্থানে অথবা তাহার পাঁচ মাইলের মধ্যে উহা লট্‌কাইয়া দিতে হইবে। ঐ ভূমির মালকাছারীতে, অথবা যে ভূমির জন্য বাকী খাজানা পাওনা, অথবা তদুপরিস্থিত অন্য কোন সদরজায়গায় অথবা গ্রামের চৌকি বা চৌপালে, অথবা যে গ্রামে ঐজমী অবস্থিত তাহার জন্য কোন সুকাপ্রশস্থানে লট্‌কাইয়া দিয়া নোটিস জারী করা যাইতে পারে। যেখানে সমন হয় গ্রামের চৌকিদার গ্রামের মণ্ডল, নাহয় গ্রামের দুইজন সম্ভ্রান্ত অধিবাসী, নাহয় গ্রাম্য সব-রেজিষ্ট্রারের নিকট হইতে জারী হইবার সাক্ষ্য লইতে হইবে।"

অপব্যবহার বন্ধ করিবার জন্য প্রত্যেক স্থলেই উপরি উক্ত কার্য্য প্রণালীরজন্যতঃ দুইটি অবলম্বন করিতে হইবে। এরূপ সতর্কতার সহিত কার্য্য করিলে সমন জারী হয় নাই, এ আপত্তি যে মোকদ্দমার একতরফা বিচার হইয়া গিয়াছে, তাহার পুনর্ব্বিচার বা পুনরান্দোলনের যুক্তিযুক্ত কারণ বলিয়া আদালতে গ্রাহ্য হইবে না।

সমনে এরূপ এক নোটিস থাকিবে যে যদি জারীর তারিখ হইতে এক সপ্তাহ মধ্যে প্রতিবাদী হাজির না হয়, তাহা হইলে দাবীর টাকার জন্য আদালত ডিক্রী দিবেন এবং তৎক্ষণাৎ জারীর হুকুম দিবেন। আদালত প্রতিবাদী যে তারিখে হাজির হয়, তাহার আট দিনের মধ্যে উহার এজাহার লইবেন এবং বাদীকে নির্দ্দিষ্ট দিনের নোটিস দিবেন। প্রতিবাদীকে তাহার উত্তর সমর্থনের জন্য যে দিবসে তাহার এজাহার হইবে সেই দিবসে তাহার সমস্ত দলীলপত্রাদি দাখিল করিতে এবং সাক্ষী আনিতে বলিয়া দেওয়া হইবে। যদি মোকদ্দমার অবস্থা এমন হয় যে উহা তৎক্ষণাৎ নিষ্পত্তি করা যাইতে পারে, আদালত তাহাই করিবেন; অথবা যদি মোকদ্দমার প্রতিবাদ হয়, তাহা হইলে উভয় পক্ষের সমক্ষে সেই দিবসই ইস্যু ধার্য্য করিবেন; এবং মোকদ্দমার শুনানি ও চূড়ান্ত নিষ্পত্তির জন্য আর এক দিন ধার্য্য করিয়া দিবেন। ঐ দিন প্রতিবাদির এজাহারের দিন হইতে এক পক্ষের অতিরিক্ত না হয়।

জারীর সম্বন্ধে কথা এই যে যদি বাকীদার, তালুকদার বা দখলীস্বত্ববিশিষ্ট রায়ত হয়, তাহা হইলে ডিক্রী জারীক্রমে তাহার তালুক বা ভোগ বিক্রয় হইবে। যদি সে দখলীস্বত্বশূন্য রায়ত হয়, তাহা হইলে তাহাকে ভোগ হইতে উচ্ছেদ করা যাইবে।

ডিক্রীর টাকা আমানত করিয়া না দিলে আপীল গ্রাহ্য হইবে না।

খাজানাগ্রহীতা রীতিমত প্রতিভাব্যাদিলে আমানতের টাকা বাহির করিয়া লইবার অনুমতি প্রাপ্ত হইবে।

কমিটীতে আমার অনেক মহামান্য সহযোগীর আমার পরামর্শসহ উপায়ে সহানুভূতি আছে বলিয়া বোধ হইল, কিন্তু আমার এমনি দুর্ভাগ্য, যে অধিকাংশ সভ্য আমার মত গ্রহণ করিতে পারিলেন না। তাঁহারা বলেন—

আমাদিগকে ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে খাজানা সংক্রান্ত মোকদ্দমার কার্য্যপদ্ধতির স্বল্পতর ও সরলতর পরিবার অভিপ্রায়ে যে সমস্ত প্রস্তাব করা গিয়াছে তাহা, বিশেষ চিন্তাশীলতা সহকারে বিবেচনা করিয়া আমরা উক্ত উদ্দেশ্য সাধনপক্ষে যাহাতে সুবিচারের ব্যাঘাত ঘটিবার সম্ভাবনা থাকিবে না এমন কোন উৎকৃষ্ট উপায়ই উদ্ভাবন করিতে পারিলাম না। বিশেষতঃ আমরা সমন জারীকরণকার্য্যে ও ঐ কার্য্যের প্রমাণ সহজতর করিতে উৎসুক হইলেও সমনজারী হইয়াছে ইহা সম্পূর্ণরূপে প্রমাণিত না হইলে অনুপস্থিত প্রতিবাদীর বিরুদ্ধে আইনঘটিত কোন অনুমান করিতে দিতে অনিচ্ছুক।

যাহাই হউক, কমিটী নিম্নলিখিত নূতন বিধান প্রবর্ত্তিত করিয়াছেন।—

পরন্তু খাজানাসংক্রান্ত মোকদ্দমায় ভূম্যধিকারীর স্বত্বঘটিত কোন কথা উত্থাপিত হইয়া যে জটিলতা ও বিলম্ব ঘটে তাহা যতদূর সাধ্য পরিহার কল্পার্থে আমরা ১৬৪ ধারায় একটি গুরুতর পরিবর্ত্তন করিয়াছি। ঐ ধারার আদেশ এই যে যদি প্রজা স্বীকার করে যে খাজানার নিমিত্ত তাহার স্থানে টাকা পাওনা আছে কিন্তু এই উত্তর দেয় যে ঐ খাজানা বাদীর নিকট নহে, অন্য কোন ব্যক্তির নিকট দিতে হইবে, তাহা হইলে সে ঐ খাজানা আদালতে দিবে। স্বত্বঘটিত যে কথা লইয়া বিবাদ তাহা খাজানার মোকদ্দমা হইতে স্বতন্ত্র ও পৃথকভাবে উত্থাপন করিতে বাধ্য করাই আমাদের উদ্দেশ্য। অতএব আমরা এই বিধান করিয়াছি যে ঐরূপে টাকা দেওয়া গেলে আদালত ঐ টাকা দিবার নোটিস ঐ তৃতীয় ব্যক্তির উপর জারী করাইবেন; ঐ তৃতীয় ব্যক্তি তিন মাসের মধ্যে বাদীর বিরুদ্ধে স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত করিয়া ঐ টাকা প্রদান নিষেধ করণার্থে আজ্ঞা না পাইলে বাদীর প্রার্থনামতে ঐ টাকা তাঁহাকে বাহির করিয়া দেওয়া যাইবে।

এ ক্ষুদ্র জনের মতে যে রায়ত আপন ভূম্যধিকারীর স্বত্ব অস্বীকার করে আদালতে তাহার কথা অপ্রমাণ হইলে, সে রায়তের স্বত্ব বাজেয়াপ্ত হইয়া যাইবে, এইটি প্রকাশ করিলে প্রতিকারের পথ আরও অধিক পরিমাণে পরিষ্কার হইত, আমি ইহা কমিটীকে দেখাইয়াও দিয়াছিলাম। কমিটী যে পরিবর্ত্তন প্রস্তাব করিয়াছেন তাহাতে চক্রের মধ্যে চক্র, বাকী খাজানার মোকদ্দমার মধ্যে স্বত্বের মোকদ্দমা, বর্দ্ধিত হইবে মাত্র খাজানা আদায় সহজ হওয়া দূরে থাকুক তাহার বিলক্ষণ বিলম্ব পড়িয়া যাইবে।

বিচারের সাধারণতঃ যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট আছে, খাজানার মোকদ্দমায় ব্যবহার করিবার সময়, আবশ্যক হইলে সে প্রণালীর পরিবর্ত্তন করিবার ক্ষমতা কমিটী হাই কোর্টকে দিবার প্রস্তাব করিয়াছেন। আমার বোধ হয় এরূপ করাও যাহা, এবিষয়ের মীমাংসার ভার পরিহার করাও তাহাই। যে ব্যবস্থাপক সভা কার্য্যপ্রণালী বিষয়ক আইন বিধিবদ্ধ করিয়াছেন, নিশ্চয়ই সেই ব্যবস্থাপক সভা খাজানার মোকদ্দমার বিচারের শীঘ্রত্ব সম্পাদনের জন্য উহার পরিবর্ত্তন করিতেও সমর্থ।

আমার ভরসা আছে যখন আগামি নবেম্বরে কমিটীর অধিবেশন হইবে, তখন সভ্যেরা খাজানা আদায়ের বর্ত্তমান কার্য্যপ্রণালীকে সরল ও অধিক পরিমাণে কার্য্যকর করিবার কোন না কোন উপায় উদ্ভাবন করিতে সমর্থ হইবেন। ইহা না থাকাই ভূম্যধিকারীদিগের বিশেষ কষ্টের কারণ এবং ইহা না থাকাতেই রাজস্ব ও সেস সম্বন্ধে গবর্ণমেণ্টের দাবির টাকা দিতে অনেক সময়ে তাঁহারা বিলক্ষণ ক্ষতিগ্রস্ত হন। যদি খাজানার আইন সম্বন্ধে কোনবিষয়ে সকলের মত একরূপ, তবে সে এই বিষয়, এবং যখন সমস্ত আইন উলট পালট হইয়া যাইতেছে খনও যদি, ভূম্যধিকারীদিগকে তাঁহাদের যথার্থ পাওনা আদায়ের বিশেষ সাহায্য না করা হয়, তাহা হইলে বিলক্ষণ নিন্দা হইবে।

চুক্তির স্বাধীনতা।

পাণ্ডুলিপি অনুসারে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে চুক্তির স্বাধীনতা কার্য্যতঃ রহিত করা হইয়াছে। যে সকল বিষয় চুক্তির বাহির করিয়া দেওয়া হইয়াছে, কমিটী তাহা এইরূপে নির্দ্দেশ করিয়াছেন।—

(ক) বাসেন্দা রায়তের ও দখলী স্বত্ববিশিষ্ট রায়তের স্বত্ব লাভ ২৪, ২৫ ও ২৬ ধারা।
(খ) ৩১ ধারার নির্দ্দিষ্ট দখলী স্বত্বের অনুষঙ্গ।
(গ) ৫১ ধারামতে দখলী স্বত্ববিশিষ্ট রায়তের খাজানা কমাইবার দাওয়া করিবার স্বত্ব।
(ঘ) ৫৩ ধারা মতে কমলী খাজানা পরিবর্ত্তনের দাওয়া করিতে ভূম্যধিকারীর বা প্রজার স্বত্ব।
(ঙ) নির্দ্দিষ্ট হেতু ভিন্ন দখলীস্বত্বশূন্য রায়তকে ও কোর্ফা রায়তকে উচ্ছেদ করণ বিষয়ে আইনমতে প্রদত্ত সংরক্ষণ ৫৮, ৫৯, ৬০ ও ৬৩ ধারা।
(চ) মোতের ভূমি ফিরিয়া যাওয়াতে প্রজার খাজানা কমাইবারস্বত্ব (৬৬ ধারা)।
(ছ) রায়তের উৎকর্ষসাধন করিবার ও তজ্জন্য ক্ষতি পূরণের দাওয়া করিবার স্বত্ব (৮৮, ৮৯, ৯০ ও ৯৩ ধারা)।
(জ) ডিক্রীজারী ক্রমে না হইলে, উচ্ছেদ বিষয়ে সমুদয় প্রজাকে প্রদত্ত সংরক্ষণ (৯৮ ধারা)।

পাণ্ডুলিপি উত্থাপনের সময় আমি যে মন্তব্য প্রকাশ করিয়াছিলাম, তাহাতে আমি এই অবতরিকার প্রস্তাবের বিলক্ষণ প্রতিবাদ করিয়াছিলাম, চিরস্থায়ী বন্দোবস্তের আইন সমূহে যে কেবল চুক্তির স্বাধীনতা স্বীকার করা হইয়াছে এরূপ নহে, প্রকাশ্য ভাবে উহার উৎসাহ দেওয়া হইয়াছে, ১৮৫৯ সালের ১০ আইনেও ঠিক তাহাই করা হইয়াছে। আমি কিছুতেই বুঝিয়া উঠিতে পারিতেছি না যে, যে রায়ত আপনার বাড়ী ঘর ক্ষেত

খোসা বিক্রয় বা বন্ধক দিবার সময়, তাহার ক্ষেত্রের উৎপন্ন বিক্রয় করিবার সময়, মজুর নিযোগ করিবার সময় এবং জীবনের প্রতিদিন প্রয়োজনীয় সহস্র অন্য কার্য্য করিবার সময় স্বাধীন বলিয়া গণ্য হয়, কেবল আপন ভূম্যধিকারীর সহিত চুক্তি করিবার সময় তাহাকে কেন অসমর্থ বলিয়া মনে করিতে হইবে। আমি বিশেষ করিয়া এই বিষয় পুনর্ব্বার বিবেচনা করিতে বলি।

দেওয়ানী আদালত ও রাজস্ব কর্ম্মচারী।

এই পাণ্ডুলিপি অনুসারে দেওয়ানী আদালত ও রাজস্ব কর্ম্মচারী এই উভয়ের মধ্যে বিচারাধিপত্য বিভাগ হইয়াছে। বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুরোধে, রাজস্ব কর্ম্মচারীর উপর যে বিস্তৃত ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তাহার অভিপ্রায় স্পষ্টই এই যে ভারতবর্ষের উত্তরাংশে যেরূপ সব একসমান করিবার প্রণালী চলিতেছে, এবং যাহাদ্বারা ঐ অঞ্চলে মূলধনের কার্য্য প্রায় বন্ধ হইয়াছে এবং পরিশ্রমের প্রস্রবণ শুকাইয়া আসিয়াছে, বাঙ্গালায়ও ভূমিবন্দোবস্তের সেই প্রণালী প্রবর্ত্তিত করা হয়, আমারও এই বোধ। কিন্তু আমি ভরসা করি যে আমার বোধ ভ্রমাত্মক বলিয়া প্রমাণ হইবে। শস্যে দেয় খাজানা মুদ্রারূপে পরিবর্ত্তনেই হউক, স্বত্বের লিপি অথবা খাজানার বন্দোবস্তেই হউক, হারের তালিকা প্রস্তুত বিষয়েই হউক, ভূম্যধিকারী ও প্রজার মধ্যে চুক্তির তত্ত্বাবধারণেই হউক, কর্ষিত মাপের কাটি নির্দ্দেশ করণেই হউক, মূল্যের তালিকা প্রস্তুত করণেই হউক, অথবা অন্য কোন বিষয়েই হউক, আমি যে বিষয়ই দেখিতে যাই দেখি যে রাজস্ব কর্ম্মচারীকেই স্থিরবিন্দু করা হইয়াছে, পাণ্ডুলিপিরূপ অট্টালিকার অধিকাংশ সেই স্থিরবিন্দুর উপর নির্ভর করিতেছে। যদি রাজস্ব কর্ম্মচারীকে কার্য্য নির্ব্বাহক অথবা শাসন কার্য্য সম্বন্ধীয় কার্য্যকারক করা হইত, তাহা হইলে আমার আপত্তি ছিল না, কিন্তু তাঁহাকে বিচারের ক্ষমতা দেওয়া হইয়াছে, এবিষয়ে বিলক্ষণ আপত্তি আছে। যে প্রণালীতে বিচারসম্বন্ধীয় কার্য্যকারককে শাসন কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের ইঙ্গিতমতে চলিতে হয়, সে প্রণালীতে সুবিচারের যত ক্ষতি হইবার সম্ভাবনা, এত আর কিছুতেই নয়। এই বিষয়ে ১৭৯৩ খৃঃ অব্দের দ্বিতীয় আইনের হেতুবাদে লর্ড কর্ণওয়ালিস যে উদার ও সমীচীনমত প্রকাশ করিয়াছেন, আমি তাহা উদ্ধৃত করিয়া দিতেছি।

"যে ভূমির রাজস্বের ও তাহা উসুলের বিষয় সরকারের সহিত ভূম্যধিকারিদিগের যে বাদানুবাদ এবং যাবতীয় ভূম্যধিকারী ও তাহাদিগের প্রজাবর্গের সঙ্গে যে সকল দাওয়া ও বিরোধের মোকদ্দমা অদ্যাবধি মাল আদালতে উপস্থিত হইতেছে ও তাহার বিচারের ভার যাহা কালেক্টর সাহেবদিগের প্রতি আছে তদনুসারে তাঁহারা অনেক মতে মাল আদালতে বসিয়া যে সকল মোকদ্দমার বিচার করেন্ ও তাঁহাদিগের কৃত নিষ্পত্তি সমস্ত মোকদ্দমার আপীল বোর্ড রেবিনিউতে ও তথা হইতে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের হজুরে মাসের কৌন্সেলে হয় এই দুই ভার অর্থাৎ আদালত ও তহসীল কালেক্টর সাহেবদিগের জিম্মা থাকিলে মাল আদালতের সেরেস্তায় দীপ্তিমান এই সকল কারণ দৃষ্টে এই ক্ষণে ভূম্যধিকারিদিগের সম্পর্কে সরকারের হস্তে যে সকল হক অর্থাৎ যে সকল বস্তুতে স্বত্ব আছে তাহা স্থিরতার বিষয়ে নিশ্চিন্তই মনস্থির রাখিবেক না করণ এই যে মাল আদালতে উপস্থিত হওয়া মোকদ্দমা কখন বিরুদ্ধমতে ও কখন যথার্থ ক্রমে ও কখন উভয়ের অপ্রত্যক্ষে এতাবতা বিনা হাজিরীতে নিষ্পত্তি হইত এবং কালেক্টর সাহেবদিগের তহসীলের কার্য্যের নিরবকাশেও মাল আদালতের উপস্থিত অনেক মোকদ্দমাই যবস্থ থাকিত। আর ইহাও সুন্দর জানা আছে যে কখন কালেক্টর সাহেবের নিগ হইতে ভূমির রাজস্ব ধার্য্য ও তহসীলের মোকদ্দমার আইনের অন্যথার হুকুম হইলে অন্যায়গ্রস্তের আপা ভরসার স্থান ছিল না যে বিপক্ষ হইতে যে পীড়া পাইয়া থাকে ও কালেক্টর সাহেব মাল আদালতে বসিয়া যে হুকুম দেন তাহাতে যে অন্যায়গ্রস্ত হইয়া থাকে তাহার সংশোধন সেই কালেক্টর সাহেবের কৃত বিচারে দেওয়ানী আদালত হইতে হয়। আর তদনুসারে কালেক্টর সাহেবের নিগ হইতে তহসীলের কার্য্যের বাহুল্য জন্য ভূম্যধিকারীদিগের সহিত তাহাদিগের তাবের প্রজা বর্গের বিবাদের যথার্থ বিচার হইতে পারিত না অতএব চাসের আধিক্যজন্য উচিত যে উপরের লিখিত সমস্ত উদ্যোগ ছাড়া ভূমির অধিকারিত্ব ও তৎসম্বন্ধিত সকল স্বত্বের স্থৈর্য্য কারণ উদ্যোগান্তর করা যায়। দেশাধিপতির কর্ত্তব্য এই যে ভূম্যধিকারীদিগের সম্বন্ধে যে সকল স্বত্ব ও উপায় রাখিয়াছেন তাহা অন্যথা করণের শক্তি ত্যাগ করেন এবং আদালতের সমস্ত কার্য্যের কর্ত্তৃত্বভার কালেক্টর সাহেবদিগের প্রতি না থাকে এবং যে কালে সরকারের পাওনা মালগুজারীর আপত্তি উপস্থিত হয় তাহা যে সকল আদালতের জজ সাহেবদিগের যে প্রকারে আদালতের শক্তি সমর্পণ হয় সে সকল আদালতে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর কৌন্সেলের হজুরের আইনের মতে উপস্থিত করিবার যোগ্য হইলে করা যায় যে তাহাতে কোনক্রমে জজ সাহেবদিগের স্বেচ্ছাধিকার থাকে না বরং সরকারের সহিত ভূম্যধিকারীদিগের ও ভূম্যধিকারী প্রভৃতির সঙ্গে তাহাদিগের তাবের প্রজাবর্গাদির বিরোধের বিচার ও নিষ্পত্তি যথার্থক্রমে ও বিনা পক্ষপাতে করিতে মনোনিবেশ রাখেন এবং ইহাও কর্ত্তব্য যে কালেক্টর সাহেবেরা আপনাদিগের অর্পিত হারৎ কর্ম্মের বিচার ও নিষ্পত্তির বিষয়ে যে শক্তি রাখেন তাহা না করিতে পারেন ও করিলে তাহার অওয়াব আদালতে দেন এবং সরকারেরও প্রকৃত প্রাপ্তব্য ছাড়া কাহার স্থানে কিছু অতিরিক্ত চাহিলে কিম্বা ঐ হজুরের আইন অতিক্রম করিয়া তাহা লইতে লাগিলে আদালত দ্বারে উপস্থিত হইবার যোগ্য হন। এমত হইলে যে শক্তিক্রমে ভূম্যধিকারিদিগের স্বত্বের অন্যথা কিম্বা ভূমির মধ্যাদার হানি হইতে পারে তাহা না হইতে পারিয়া অন্য সমস্ত বস্তু হইতে ভূমির অধিকারিত্ব উৎকৃষ্ট হইবেক এবং যে চাসের আধিক্যে সকলের কল্যাণ ও দেশের সৌন্দর্য্য অতিশয় হয় তন্নিমিত্ত সকল লোকেই শ্রম ও চেষ্টা যথোচিত করিবেক।"

১৭৯৩ সালে গবর্ণমেণ্ট যে সকল উদার ভাব প্রকাশ করিয়াছিলেন, তাহা ১৮৮৬ সালে দশগুণ অধিক খাটো পত্তনী তালুক।

জমীদারেরা এই পাণ্ডুলিপিতে পত্তনী আইনের সন্নিবেশ সম্বন্ধে আপত্তি করেন। এরূপ করিবার যে কারণ নাই তাহা নহে। তাঁহাদের মত এই যে গত পঁয়ষটি বৎসর ধরিয়া ঐ আইনের প্রত্যেক কথা কর্ত্তৃপক্ষকর্ত্তৃক এক প্রকার অর্থ লাভ করিয়াছে ও সেই অর্থেই চলিয়া আসিতেছে; জমীদার, পত্তনীদার, আদালত ও আমলা সকলেই উহা বেশ বুঝে; উহার ভাষায় আধুনিকত্ব সম্পাদন করিতে গেলে যাইট বৎসরের অতিরিক্ত কালের স্মৃতি ও পরম্পরাগত কথা লোপ হইবে, অতএব হাত না দিলে ভাল, এই বচনানুসারে পত্তনী আইনের বাক্য ও ব্যাখ্য যেভাবে আছে সেইভাবে থাকিতে দেওয়াই সর্ব্বতোভাবে উচিত। আমিও এই মতের অনুমোদন করি এবং আমার ইচ্ছা যে পত্তনী অধ্যায় এই পাণ্ডুলিপির বাহির করিয়া দেওয়া হয়।

যে সকল সূত্র ধরিয়া এই পাণ্ডুলিপি প্রধানতঃ উল্লিখিত হইয়াছে তাহার পর আমার প্রধান প্রধান আপত্তিগুলি আমি তাড়াতাড়ী লিখিয়া ফেলিলাম। বিশেষবিষয় সম্বন্ধে আপত্তি করিবার সময় আমার নাই। আগামী নবেম্বরে যখন কমিটির অধিবেশন হইবে, তখন আমি সেই সকল আপত্তি উত্থাপিত করিবার বাসনা রহিল।

১৮৮৫ সাল ১৪ মার্চ্চ।

কৃষ্ণদাস পাল।

প্রস্তাবিত প্রজাস্বত্ববিষয়ক পাণ্ডুলিপির কতকগুলি বিধানের উপর সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের সিদ্ধান্ত হইতে ভিন্ন মতের মন্তব্য লিপি।

১। সংশোধিত পাণ্ডুলিপির ৪র্থ অধ্যায়ে বিধান আছে, যে রায়ত অবধারিত হারে খাজানা দিয়া ভূমি ভোগ করে সে,

(ক) কোন তালুকদার যে যে বিধানের নিয়মাধীন থাকেন, যোতের হস্তান্তর ও উত্তরাধিকার ইত্যাদি সম্বন্ধে সেই সেই বিধানের নিয়মাধীন থাকিবে, এবং

(খ) তাহার সহিত তদীয় ভূম্যধিকারীর লিখিত যে চুক্তি থাকে সেই চুক্তির শর্ত্ত ক্রমে এই আইনসম্মত যে নিয়ম ভঙ্গ করিলে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে সেই নিয়ম ভঙ্গ করিলেই উচ্ছেদের দায়ী হইবে।

যে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত অবধারিত হারে খাজানা দিয়া ভূমি ভোগ করিতেছে বলিয়া দাবী করে তাহাকে তাহার যোত সম্বন্ধে সাধারণ দখলীস্বত্ববিশিষ্ট রায়ত অপেক্ষা অনেক সুবিধাজনক অবস্থায় স্থাপিত করা হইয়াছে, যেহেতু

(ক) উক্ত রায়ত যদি তৃতীয় ব্যক্তিকে নিজ যোত হস্তান্তর করে, তাহা হইলে ভূম্যধিকারী পূর্ব্বে ক্রয় করিতে অসমর্থ হইবেন;

(খ) যদি সে নিজ জমী এরূপে ব্যবহার করে যে উহা প্রজাস্বত্বের কার্য্যের সম্পূর্ণরূপ অনুপযোগী হয় তাহা হইলেও দখল হইতে উচ্ছেদের দায়ী হইবে না।

কমিটীর অধিকাংশ সভ্যের মত এই যে, যে দখলী স্বত্ববিশিষ্ট যোতের খাজানা অবধারিত, তাহার অনুষঙ্গ সাধারণ দখলীস্বত্ববিশিষ্ট যোতের অনুষঙ্গ হইতে স্বতন্ত্র হইবে। এবিষয়ে আমার মত অন্যরূপ

যদি একস্থলে জমীদারকে অগ্রক্রয় স্বত্ব দেওয়া হয়, তাহা হইলে অপর স্থলে ও তাহাকে ঐ স্বত্ব দেওয়া উচিত। যদি একস্থলে ভূমিকে প্রজার কার্য্যের অনুপযুক্ত করায় রায়তের উচ্ছেদের ব্যবস্থা হয় অপরস্থলেও সে উচ্ছেদের দায়ী হইবে।

একস্থলে এরূপ হইবার অনুকূলে যত তর্ক উত্থাপিত করা যায় অন্য স্থলেও তাহা সমানরূপে খাটে।

আমার বোধ হইতেছে অগ্রক্রয় স্বত্ব মহম্মদীয় আইনের শাখা। বেহারের হিন্দুরা পূর্ব্ব ক্রয়ের স্বত্বের দাবি করিলে, উহার ব্যবস্থা দেশাচারমত হইয়া থাকে।

আমার বোধ হয় যে কোন ব্যক্তি ভূম্যধিকারীর অনিষ্ট করিবার অভিপ্রায়ে দখলীস্বত্ব খরিদ করিতে পারে তাহার হস্ত হইতে ভূম্যধিকারীকে আত্মরক্ষার উপায় করিয়া দিবার অভিপ্রায়ে এই সর্ব্বপ্রথম ইংরাজী আইন অনুসারে পূর্ব্বক্রয়ের স্বত্ব এই পাণ্ডুলিপির বিধানে সন্নিবিষ্ট হইল।

একস্থলে শত্রুপক্ষীয় ক্রেতা ভূম্যধিকারীকে যেরূপ ভয়ানক অসুবিধায় ফেলিতে পারে, অপর স্থলেও সেইরূপ ক্ষেত্র নষ্ট করা সম্বন্ধেও সেইরূপ। একস্থলে তাহার পক্ষে এইস্বত্ব যেরূপ অনর্থক হইবে অপর স্থলে ও সেই রূপ অনর্থক হইবে।

এই সকল বিধান ৮ অধ্যায়ের সহিত যোগ হইলে ফল এই হইবে, ভূম্যধিকারী উৎসন্ন যাইবে।

যখনই ভূম্যধিকারী পূর্ব্ব ক্রয়ের স্বত্ব অনুসারে কার্য্য করিতে ইচ্ছা করিবেন, তখনই অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব খাড়া করা হইবে।

যখনই কোন রায়ত অবধারিত হারের যোত বলিয়া আপন যোত হস্তান্তর করিতে যাইবে অথবা যদিন ভূম্যধিকারী পূর্ব্বে ক্রয় করিতে ইচ্ছা না করেন, হস্তান্তরগ্রহীতা পূর্ব্বেই পূর্ব্বক্রয় স্বত্বের ভয় করিয়া যখনই আইনের চক্ষে ধূলি দিবার চেষ্টা করে তখনই ভূম্যধিকারীকে বাধ্য হইয়া হস্তান্তরে আপত্তি করিতে হইবে। কারণ ভয় আছে যে যদি তিনি তৎক্ষণাৎ আপত্তি না করেন, তাহা হইলে সেই না করার হস্তান্তরগ্রহীতার অবধারিতহারে চিরদিনের জন্য ভূমি ভোগের স্বত্ব স্বীকার বলিয়া গৃহীত হইবে।

যদি কমিটী আমার সংশোধন গ্রহণ করিবার উপায় দেখিতে পাইতেন এবং এই অধ্যায়ের বাধ্য যোতরায়ত পাট্টাধীন যোতে অথবা যে সকল রায়তের স্বত্ব আদালতের ডিক্রীদ্বারা নির্দ্দিষ্ট হইয়াছে তাহাদেরই মধ্যে সীমাবদ্ধ করিতেন, তাহা হইলে যদিও ভূম্যধিকারিদিগের স্বত্ব সম্পূর্ণরূপে তাহাদিগকে প্রত্যর্পণ করা হইত না, তথাপি অনুমান খাড়া করিয়া আইনের চক্ষে ধূলি প্রদান করিবার চেষ্টায় লোকের উৎসাহ দেওয়ার যে হানির ফল উৎপন্ন হইতেছে তাহার পরিহার করা যাইতে পারিত।

২। ৫ম অধ্যায়—কোর্ফা বিলির নিয়ম।

কোর্ফাবিলি সম্বন্ধে কিরূপ ব্যবস্থা হইলে ভাল হয়, সে বিষয়ে কমিটীর অধিকাংশ সভ্যের মত হইতে সকল বিষয়েই আমার মত বিভিন্ন।

কোর্ফাবিলি বিষয়ে উৎসাহ দেওয়া হইবে না কেবল এই উদ্দেশে কোর্ফাবিলি সম্বন্ধে বাধাজনক নিয়ম বিধানের কোন আবশ্যকতা আছে বলিয়া আমার বোধ হয় না।

আমার বিশ্বাস এই যে যে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কোর্ফাবিলি করে তাহাকে তালুকদাররূপে পরিণত করিলে ভূম্যধিকারীদিগের বিশিষ্ট স্বার্থের হানি হইবে।

আমার বিশ্বাস এই যে, কতকটা দখলীস্বত্ববিশিষ্ট রায়তকে রক্ষা করিবার জন্য, বিশেষতঃ রায়তদিগের মধ্যে অতি দরিদ্র শ্রেণী অর্থাৎ রায়তের রায়তদিগকে রক্ষা করিবার জন্য, এই প্রণালীকে তত্ত্বাবধারণাধীনে আনিবার আবশ্যকতা আছে।

কোর্কা বিলির ক্ষমতা রায়তের পক্ষে একান্ত আবশ্যক। বোধ হয় হস্তান্তরের ক্ষমতা অপেক্ষা ইহা তাহাদের পক্ষে অধিকতর প্রয়োজনীয়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত হঠাৎ দেনার জড়াইয়া পড়িলে ইহাদ্বারা সে সেই দায় হইতে উদ্ধার পাইতে পারে।

যে সকল মজুর পরিবারের প্রতিপালনের সাহায্যার্থ অন্য কোন উপায়ে ভূমি সংগ্রহ করিতে পারে না, এই নিয়ম দ্বারা তাহারা ভূমি অর্জ্জন করিতে পারে।

ইহা আইনসঙ্গত। এতদিন কোর্কা বিলি সম্বন্ধে কোন প্রকার বাধাজনক নিয়ম ছিলনা। আর যতই কেন বাধাজনক নিয়ম হউক না, কেহই কোর্কা বিলি পরিত্যাগ করিবে না।

যতদিন পর্য্যন্ত, যে সকল লোকের ভূমি আছে তাহাদের অপেক্ষা দরিদ্র আর এক শ্রেণীর লোক ভূমি পাইবার জন্য হা করিয়া থাকিবে, যতদিন যাহারা এক্ষণে ভূমি ভোগ করিতেছে তাহাদের অপেক্ষা ভালরূপ ব্যবহার করিতে পারে এরূপ এক শ্রেণীর লোক থাকিবে, যতদিন ফলভোগবন্ধক হইতে কোর্কা পাট্টার বিভিন্নতা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট করিয়া না দেওয়া হইবে, ততদিন কোর্কা বিলি চলিতে থাকিবে।

কোর্কাপাট্টাধারীদিগকে রক্ষা করিতে হইবে, এবং এখনও যখন সময় আছে এপ্রণালীকে কোন না কোন রূপ তত্ত্বাবধানে আনিতে হইবে।

এবিষয় শীঘ্রই এমত ভাবে গবর্ণমেণ্টের গোচরে আসিয়া উপস্থিত হইতে পারে যে ইহার মীমাংসা পরিহার করা অসম্ভব হইয়া উঠিবে।

৯। ৫ম অধ্যায়—খাজানা বৃদ্ধি।

সিলেক্ট কমিটীর নিকট রিপোর্টের জন্য যে প্রস্তাবিত পাণ্ডুলিপি প্রদত্ত হইয়াছিল, তাহার বিধান অনুসারে বর্দ্ধিত খাজানা ভূমি হইতে মোট উৎপন্ন প্রধান শস্যের মূল্যের এক পঞ্চমাংশের অধিক না হইলে পূর্ব্বহারের উপর টাকায় ছয়আনা পর্য্যন্ত বর্দ্ধিত খাজানা গ্রহণের জন্য ভূম্যধিকারী প্রজার সহিত ঘরাও বন্দোবস্ত করিয়া লইতে পারিতেন।

জমির জন্য যে হার প্রদত্ত হয় তাহা নিকটস্থ স্থানের প্রচলিত হার অপেক্ষা কম এই কারণে, প্রজার দ্বারা না হইয়া ভূমির উৎপাদিকা শক্তি বর্দ্ধিত হইয়াছে এই কারণে, চিরস্থায়ীরূপে মূল্যের বৃদ্ধি হইয়াছে এই কারণে মোকদ্দমা করিয়া জমীদার খাজানা বাড়াইয়া লইতে পারিতেন। কিন্তু তাঁহার এই নিয়ম মানিতে হইত যে বর্দ্ধিত খাজানা উৎপন্ন প্রধান শস্যের মূল্যের এক পঞ্চমাংশের অতিরিক্ত না হয় এবং কোন স্থলেই পূর্ব্বতন খাজানার দ্বিগুণের অধিক না হয়।

ইচ্ছাপূর্ব্বক খাজানা বৃদ্ধি ও মোকদ্দমা করিয়া খাজানা বৃদ্ধি উভয় স্থলেই বর্দ্ধিত খাজানা দশ বৎসরের মত ঠিক থাকিবার কথা ছিল। সিলেক্ট কমিটীর সংশোধিত পাণ্ডুলিপি অনুসারে চুক্তিমত খাজানা বৃদ্ধি কোন স্থলেই টাকায় চারি আনার অধিক হইবে না।

দুই আনার কম বা দুই আনা পর্য্যন্ত হইলে উহা সাত বৎসর পর্য্যন্ত ঠিক থাকিবে, দুই আনার অধিক হইলে পনের বৎসর পর্য্যন্ত।

কোন ভোগের খাজানা নিকটস্থ স্থানের প্রচলিত হার অপেক্ষা অল্প এই কারণবশতঃ আদালতের সাহায্যে খাজানা বৃদ্ধি হইলে উহা পূর্ব্বতন হারের উপর শত করা পঞ্চাশ টাকা পর্য্যন্ত বৃদ্ধি হইতে পারে, এবং মূল্যের চিরস্থায়ী বৃদ্ধিবশতঃ হইলে শত করা পঁচিশ টাকা পর্য্যন্ত হইতে পারে।

যে স্থলে কোন মোকদ্দমার দোষগুণ দেখিয়া বিচার হয় তাহাতে বৃদ্ধি হউক আর নাই হউক হার পনের বৎসর পর্য্যন্ত ঠিক থাকিবে।

উভয় স্থলেই পঞ্চমাংশরূপ সীমা পরিত্যক্ত হইয়াছে।

আমি স্বীকার করি আইনমত খাজানা বৃদ্ধি করা বর্ত্তমান আইনের অপেক্ষা অনেক সহজ ব্যাপার হইয়াছে, কিন্তু আমার বিনীতভাবে নিবেদন এই যে, সীমা নির্দ্দেশ করা অসম্ভব সকলই এই কথা স্বীকার করায় খাজানা বৃদ্ধির সীমা পরিত্যাগ করা হইয়াছে, কিন্তু তাই বলিয়া সীমা সঙ্কোচ ও সময় বৃদ্ধি করিয়া কমিটীর অধিকাংশ সভ্য খাজানাবৃদ্ধির উপর যে বাধা জনক নিয়ম স্থাপন করা আবশ্যক বিবেচনা করিয়াছেন, তাহার উপযুক্ত কারণ নাই।

ইহা অবশ্যই ধরিয়া লইতে হইবে যে, যে প্রজাদিগকে ভোগ করিবার স্বত্ব স্থায়ীরূপে দেওয়া হইয়াছে তাহারা যখন জানে যে, ভূম্যধিকারী আদালতে গেলেই অনেক উচ্চহারে ডিক্রী পাইতে পারেন, তখন তাহারা আদালতের বাহিরে অনায়াসেই খাজানা বৃদ্ধি দিতে স্বীকৃত হইবে।

প্রজা ও জমিদার নিজে নিজে যে সকল বিষয়ে অনেকাংশে উৎকৃষ্টতর ব্যবস্থা করিয়া লইতে পারে, যে রাজনীতিতে সেই সকল বিষয়ের জন্য তাহাদিগকে আদালতে পাঠাইয়া দেয় আমি সে রাজনীতি অনুমোদন করি না।

ইচ্ছাপূর্ব্বক খাজানা বৃদ্ধিস্থলে কেবল এই কথা বলার আবশ্যক ছিল যে চুক্তিমত খাজানা বৃদ্ধি রেজিষ্টরী করা করারপত্র দ্বারা করিতে হইবে এবং ইহা দেখিতে হইবে যে প্রজা তাহাতে স্বীকৃত হইতে গিয়া স্বাধীনভাবে কার্য্য করিয়াছে।

মোট টাকার একটা সীমা নির্দ্দিষ্ট করিবার আবশ্যকতা ছিল। সময়ের বিষয় চুক্তির উপর নির্ভর করিলেই হইত।

উভয় স্থলেই পঞ্চদশ বৎসর সীমা নির্দ্দেশ করায় ভূম্যধিকারী তাঁহার যত পাওনা তাহার এক কড়া ও আদায় করিয়া লইতে ছাড়িবেন না। আমরা রক্ষা করিবার কোন পথ রাখি নাই।

এস্থলে কমিটীর প্রতি সুবিচারের জন্য একথা বলা আবশ্যক যে নিকটস্থ স্থানে প্রচলিত খাজানা অপেক্ষা অল্প হারে যোত ভোগ করণ হেতুক খাজানা বৃদ্ধির যে স্বচ্ছামত সীমা নির্দ্দিষ্ট হইয়াছে তাহা উঠাইয়া লওয়া কেবল মাত্র আমারই অভিপ্রায় ছিল। কিন্তু আমি এখনও বিবেচনা করি যে এবিষয় আদালতের বিবেচনার উপর ফেলিয়া রাখিলেই ভাল হইত।

ক্রমে ক্রমে পাঁচ বৎসর ধরিয়া খাজানা বৃদ্ধি করিয়া দিবার ক্ষমতা আদালতকে দেওয়া হইয়াছে। এ উভয় বিষয়েই আদালতের হস্ত পদ বন্ধন না করাই উচিত ছিল।

৪। ৮ম অধ্যায়।—দখলী স্বত্ববিশিষ্ট রায়তদিগের অবধারিত হারে ভূমি ভোগ করিবার স্বত্বের কথা।

৯ ধারা (১) ঐ ,, (২) ঐ ,, (৩) } চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে যে রায়তের খাজানা পরিবর্ত্তিত হয় নাই, চিরকালের জন্য সেই খাজানায় সেই রায়ত ভূমি ভোগ করিতে পারিবে প্রথমটীর এই মর্ম্ম।

দ্বিতীয়টীর মর্ম্ম এই যে, বিপক্ষ প্রমাণ না পাওয়া গেলে যে রায়ত মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্ববর্ত্তী বিশ বৎসর ধরিয়া এক খাজানায় ভূমি ভোগ করিয়া আসিতেছে, সে চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে ঐ খাজানায় ভোগ করিয়া আসিতেছে এই অনুমান হইবে।

তৃতীয়টী দ্বারা ঐ নিয়ম মুদ্রাঙ্কণে পরিণত খাজানাতে ও খাটিবে।

এই পাণ্ডুলিপির উপর অন্যান্য কাগজের সহিত আমি যে মন্তব্য দাখিল করিয়াছিলাম, তাহাতে আমি এই সকল ধারার বিধান পাণ্ডুলিপিতে যেরূপ ছিল তাহা হইতে আমার ভিন্নমত লিখিয়া রাখিয়া ছিলাম এক্ষণে যেসকল পরিবর্ত্তন হইয়াছে তাহা পাঠের পরিবর্ত্তনমাত্র, সারতঃ কিছুই নহে।

কমিটীতে এই বিষয় বাদানুবাদের সময় ১৮৫৯ সালের ১০ আইনে এই সকল কথা কেন গৃহীত হইয়াছিল তৎসমর্থনার্থ একটীও যুক্তি বা চেষ্টা করা হয় নাই। উহা দ্বারা চিরস্থায়ী বন্দোবস্তের শর্ত্তের অতিক্রম করা হইয়াছে; এ উক্তির প্রত্যুত্তর দেওয়া হয় নাই। এবং এমন কোন কথাই বলা হয় নাই যাহাতে আমি আমার মন্তব্যে যে মত প্রকাশ করিয়াছি তাহা পরিবর্ত্তন করিতে প্রবৃত্ত হই।

উপস্থিত পাণ্ডুলিপিতে উহা রাখিবার ওজর এই যে উহা বর্ত্তমান আইন, বর্ত্তমান আইন পরিবর্ত্তনার্থ কমিটীকে প্রবৃত্ত করিতে পারে এমন কোন যুক্তিপরম্পরা প্রদর্শিত হয় নাই এবং কখন কেমন করিয়া ও কি কি শর্ত্তে রায়তকে ভূমির দখল দেওয়া হইয়াছিল একথা প্রমাণ করা ভূম্যধিকারীর পক্ষে যত কঠিন রায়তের পক্ষে অবধারিত হারেভূমি ভোগের স্বত্ব প্রমাণ করা তাহা অপেক্ষা অনেক অধিক পরিমাণে কঠিন।

আমরা দেখাইয়াছিলাম যে চিরস্থায়ী বন্দোবস্ত ও তাহার আনুষঙ্গিক আইনাবলীর কখনই এমন অভিপ্রায় ছিলনা যে মোকররিদার ও ইস্তমরারদার ভিন্ন অন্য কোন রায়ত অবধারিত ও অপরিবর্ত্তনীয় হারে চির দিনের জন্য ভূমি ভোগ করে।

দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের মধ্যে কোন শ্রেণী যে বিশেষ অধিকার প্রাপ্ত হয়, ঐ সকল আইনের কখনই এরূপ অভিপ্রায় ছিল না।

১৮৫৯ সালের ১০ আইন দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের মধ্যে বিশেষ অধিকার বিশিষ্ট একটী শ্রেণীর সৃষ্টি করিয়া জমীদারদিগের ভূস্বামীস্বত্বের উপর হস্তক্ষেপ করিয়াছে এবং রায়তগণকে চিরদিনের জন্য অবধারিত খাজানায় ভূমি ভোগের স্বত্ব প্রদান করিয়া ভূস্বামীদিগকে আপন আপন মহালে বাৎসরিক বৃত্তিভোগী করিয়া তুলিয়াছে।

কোন নির্দ্দিষ্ট তারিখের পরিবর্ত্তে মোকদ্দমা রুজু হইবার পূর্ব্ববর্ত্তী ২০ বৎসর হইতে অনুমান চলিবে এইরূপ প্রকাশ করায় ইহাদ্বারা ক্রমাগতই নূতন স্বত্ব জন্মাইয়া দিতেছে।

এই অধিকার অত্যন্ত প্রয়োজনীয়, ভবিষ্যতে এ অধিকার অর্জ্জন করা রায়তের স্বার্থ, এবং উহার অর্জ্জনে বাধা দেওয়া জমীদারের স্বার্থ, অতএব উহাকে বর্ত্তমান আকারে পাণ্ডুলিপিতে সন্নিবেশিত করায়, উভয়ের স্বার্থেরই বিশেষ ক্ষতি হইতেছে। ইহাতে ক্রমাগতই বিবাদ বাধিতেছে।

আমি ১৮৫৯ সালের ১০ আইন বিধিবদ্ধ করা সুবিচার সঙ্গত হয় নাই স্বীকার করিলেও বর্ত্তমান আইনের কার্য্য চলন দ্বারা যে সকল স্বত্ব জন্মিয়াছে তাহা উচ্ছেদ করাও অন্যায় ও কষ্টজনক হইবে স্বীকার করি।

যে সকল রায়ত এইরূপে স্বত্ব অর্জ্জন করিয়া ফেলিয়াছে তাহাদের উপর কোনরূপ অবিচার না হয়, সেই জন্য আমি বলিয়াছিলাম যে উক্ত আইন প্রবর্ত্তিত হইবার পূর্ব্ববর্ত্তী ২০ বৎসর হইতে এই অনুমানের কার্য্য চলিবে, এক্ষণকার ন্যায় মোকদ্দমা রুজু করিবার ২০ বৎসর পূর্ব্ব হইতে নহে। আমার বিনীত ভাবে নিবেদন এই যে যদি কমিটী আমার পরামর্শ গ্রহণ করিতেন, যে সকল রায়ত অবধারিত হারে ভূমি

ভোগের স্বত্ব অর্জ্জন করিয়া ফেলিয়াছে, তাহাদেরও স্বত্ব স্থির থাকিত এবং জমীদারদিগের প্রতিও প্রথম কিস্তি সুবিচার প্রদত্ত হইত। ভবিষ্যতে ভূম্যধিকারী ও প্রজার স্বত্ব নির্দ্দেশ করিয়া দিবার জন্য যে পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইতেছে স্বীকার করা যায়; অতীত কালের আইন দ্বারা রায়তের যে সকল স্বত্ব লোপ করা হইয়াছে বলিয়া অনুমিত হইয়াছে অথবা নিজের অসাবধানতা ও নিজের কার্য্য দ্বারা যে সকল স্বত্ব রায়েয়াগু হইয়াছে সেই সকল স্বত্ব পুনঃ প্রদানের জন্য যে পাণ্ডুলিপি পাস করা হইতেছে, সেই পাণ্ডুলিপিতে অতীতকালে শিথিল ভাবে আইন করার দোষে ভূম্যধিকারী যে সকল স্বত্বে বঞ্চিত হইয়াছেন তাহাও তাঁহাকে প্রত্যর্পণ করা সুবিচার সঙ্গত।

অতীত কাল তিনি যাহাতে বঞ্চিত হইয়াছেন তাহা প্রত্যর্পণ করা যদি একান্ত অসম্ভব হয় ভবিষ্যতে যাহাতে তাঁহার রক্ষা হয় তাহাও অন্ততঃ করা উচিত।

চিরস্থায়ী বন্দোবস্তের শর্ত্তমতে কেবল মাত্র মোকররিদার ও ইস্তমরারিদার অবধারিত হারে ভূমি ভোগের অনুমতি পায়, দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তাহা পায় নাই।

১৮১৯ সালের ১০ আইনের পূর্ব্বে অবধারিত হারে বা খাজানায় ভূমি ভোগ করিবার স্বত্বের দাবী করিলে দশ সালা বন্দোবস্তের বার বৎসর পূর্ব্ব পর্য্যন্ত তাহার স্বত্ব সাব্যস্ত করিতে বাধ্য হইতে হইত। অন্যথা তাহার স্বত্ব সম্পূর্ণ হইত না। অর্থাৎ, চিরস্থায়ী বন্দোবস্ত যাহা কিছু আছে তাহার উপর উহার স্বত্ব নির্ভর করিত না কিন্তু উক্ত বন্দোবস্তের পূর্ব্বে জমীদারের কার্য্যের উপর নির্ভর করিত।

চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে ভূমিকর্ষকেরা তিন শ্রেণীতে বিভক্ত ছিল। মোকররীদার বা তালুকদার বা মোদ্দা রায়ত, ইহাদের দখলজন্য স্বত্ব জন্মিয়াছিল, আর পাইকস্ত রায়ত বা ইচ্ছাধীন প্রজা। ৬৬ বৎসরের মধ্যে ১৮৫৯ সালের ১০ আইনেই সর্ব্ব প্রথম পাইকস্ত রায়তকে দখলীস্বত্ব দিবার চেষ্টা করা হয়। অন্ততঃ তাহাদের বেলা চিরস্থায়ী বন্দোবস্তের শর্ত্তে এমন কোন কথা পাওয়া যায় না যাহার উপর তাহাদের অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব স্থাপিত হইতে পারে। ভূম্যধিকারীকে অনুমান খণ্ডনের আজ্ঞা করা উচিত নহে। স্বত্ব প্রমাণের ভার রায়তের উপর নিক্ষেপ করা কর্ত্তব্য।

চিরস্থায়ী বন্দোবস্তের সময় এবং ১৮৫৯ সালের ১০ আইনের পূর্ব্বে খাজানা দেওয়া সম্বন্ধে যত রায়তের দখলীস্বত্ব ছিল সকলের উপরই এক প্রকার ব্যবহার করা হইত অর্থাৎ সকলেই প্রচলিত হার দিবে তাহা স্থির করা হইত।

১৮৫৯ সালের ১০ আইন পাসের সম্বন্ধে যত কাগজপত্র প্রকাশ হইয়াছে তাহাতে দৃষ্টি করিয়া কিসের জন্য ঐ আইনে এই সকল বিধান নিবদ্ধ হইয়াছিল তাহা বুঝিয়া উঠা কঠিন।

১৮৫৭ সালে যে খসড়া পাণ্ডুলিপি প্রকাশিত হয় তাহাতে "যে সকল বংশানুক্রমিক রায়ত অবধারিত হারে খাজানা দিয়া ভূমি ভোগ করে তাহারা ঐ হারে পাট্টা পাইতে স্বত্ববান হইবে" লেখা আছে। কিন্তু পরে ১৮৫৯ সালের ১০ আইনে যে ২০ বৎসরের অনুমানের কথা বিধিবদ্ধ হইয়াছে তাহার কোন উল্লেখই নাই।

যদি ১৮৫৭ সালের পাণ্ডুলিপি সংশোধিত না হইত, তাহা হইলে অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব প্রমাণের ভার আজিও অধিকারি রায়তের উপরই অর্পিত থাকিত।

উক্ত খসড়া আইনের যত সমালোচনা প্রকাশিত হইয়াছে, তাহার মধ্যে শ্রীযুত স্যোন্স সাহেবই রায়তের অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব বিষয়ে পূর্ণমাত্রায় বাদানুবাদ করিয়াছেন। তাঁহার মতে উক্ত স্বত্ব এই উচ্চতর ও সুগমতর যুক্তির উপর স্থাপিত যে "চিরস্থায়ী বন্দোবস্ত জমিদারের পক্ষেই চিরস্থায়ী প্রজার পক্ষে অস্থায়ী" এরূপ একতরফা বন্দোবস্ত নহে কিন্তু ১৭৯৩ সালের ৮ আইনের ৫ ও ৬০ ধারার বিধান হইতেই এইরূপ অনুমান করার উদ্ভব হইয়াছিল। এই সকল ধারা খুলিয়া দেখিলেই দেখা যাইবে যে প্রথমটী তালুক সম্বন্ধীয় ও দ্বিতীয়টীর কায্য চলন হইতে বেহার যুক্ত হইয়াছিল।

আমার নিবেদন এই যে, যদি কেবল মাত্র বর্ত্তমান আইন বলিয়াই আমরা ভূম্যধিকারীর বিরুদ্ধে বর্ত্তমান আইন রক্ষা করি তাহা হইলে রায়তের উপকারার্থ আমরা অনেক স্থলে যেরূপ গিয়াছি সেরূপ বর্ত্তমান আইন ছাড়াইয়া যাওয়া কোনমতেই উচিত হয় নাই।

অনেক সময়ে যে বলা হয় যে অনুমান খণ্ডন করা ভূম্যধিকারীর পক্ষে সহজ কিন্তু রায়তের পক্ষে স্বত্বসাব্যস্ত করা সহজ নহে তাহার সম্বন্ধে আমি এই মাত্র বলিতে চাই যে যে সকল লোক এই কথা বলে ভূম্যধিকারীর পক্ষে এরূপ করা যে কত শক্ত তাহার কোন জ্ঞানই নাই। কোন নির্দ্দিষ্ট সংখ্যক রায়তের পক্ষে ভূম্যধিকারীর হস্তাক্ষর প্রমাণ করা অতি সহজ কিন্তু ভূম্যধিকারীর পক্ষে যে সকল লোক লিখিতে জানে না তাহাদের দেওয়া দলীল প্রমাণ করা বড় সহজ ব্যাপার নহে। যত পুরাণ আইন আছে সকলেই ভূম্যধিকারীর পক্ষে রায়তের অনুকূলে দলীল লিখিয়া দেওয়া অবশ্য কর্ত্তব্য বলিয়া দিয়াছে। কিন্তু কোন আইনেই ভূম্যধিকারীর অনুকূলে দলীল লিখিয়া দেওয়া রায়তের পক্ষে অবশ্য কর্ত্তব্য করিয়া দেয় নাই।

বর্ত্তমান আইনে যেস্থলে এক টাকায় খাজানা দেওয়া হইতেছে সেই সকল স্থলের জন্যই বিধান আছে, কিন্তু উপস্থিত পাণ্ডুলিপিতে তার এক পদ অধিক অগ্রসর হওয়ার প্রস্তাব হইয়াছে, ঐ নিয়ম মুদ্রারূপ পরিণত খাজানায়ও খাটাইবার অভিপ্রায় হইয়াছে।

যদিও কমিটীতে আমিই একাকী এই বিষয়ে ভিন্নমত হইয়াছিলাম এবং আমার এই অবস্থা অত বাঞ্ছনীয় হয় নাই, তথাপিও এই প্রকরণ বিধিবদ্ধ হওয়ার বিরুদ্ধে প্রতিবাদ করিবার অনুমতি প্রার্থনা করি।

আমাদের যত দূর বিধিবদ্ধ করা উচিত আমরা এবিষয়ে তাহা অপেক্ষা অনেক অধিক দূর গিয়া পড়িয়াছি। এপ্রকরণ বিধিবদ্ধ করাও যাহা আর যেসকল রায়ত শস্যে খাজানা দিত ও এক্ষণে টাকায় খাজানা দেয়, তাহাদিগকে ভবিষ্যতে অবধারিত ও অপরিবর্ত্তনীয় হারে খাজানা দিয়া ভূমিভোগের স্বত্ব দেওয়া ও ঠিক তাহাই।

বর্ত্তমান আইনেই ত এই সকল বিধান ভূম্যধিকারীর পক্ষে অত্যন্ত কষ্টকর হইয়া উঠিয়াছে, ভবিষ্যতে উহা আর দশগুণ অধিক কষ্টকর হইয়া উঠিবে।

যখন পাট্টা কবুলিয়ত পরস্পর দেওয়া আর আবশ্যক রহিল না তখন রায়ত যা করে ভবিষ্যতে তাহাই হইবে।

স্বত্বের লিপি প্রস্তুতকরণ ও হারের বন্দোবস্ত করণের অধ্যায় অনুসারে স্থানীয় গবর্ণমেণ্টের উপর যে সকল ক্ষমতা অর্পিত হইয়াছে তাহা ভবিষ্যতে অত্যন্ত কার্য্যকর হইবে সত্য, কিন্তু এই সকল বিধান অপরিবর্ত্তিত থাকিলে আদালত সকল মোকদ্দমায় মোকদ্দমায় প্লাবিত হইয়া যাইবে ও জমীদারেরা উচ্ছন্ন যাইবে।

ভবিষ্যতে যে সকল খাজানা মুদ্রারূপে পরিণত হইবে তাহাতেই এই সকল বিধান সীমাবদ্ধ করিয়া এবং যে তারিখ হইতে অনুমানের কাল গণনা করিতে হইবে সেই তারিখ নির্দ্দেশ করিয়া দিলেই ইহাদের কুফলের অল্পতা সাধন করা যাইতে পারে।

হস্তান্তর ও অগ্রক্রয় সংক্রান্ত প্রকরণের উপর এই সকল বিধানের কার্য্যের কথা পূর্ব্বেই বলা হইয়াছে।

৫। ৯ম অধ্যায়। যোতের অবান্তর বিভাগ।

পাণ্ডুলিপিতে বলে যে দখলীস্বত্ববিশিষ্ট যোত ভবিষ্যতে হস্তান্তরযোগ্য হইবে এবং পূর্ণ যোতই হস্তান্তর যোগ্য হইবে বলিয়া প্রকাশ করিয়া ন্যায্য কার্য্যই করা হইয়াছে।

কোন যোতের কিয়দংশের হস্তান্তর ভূম্যধিকারীর বিরুদ্ধে অসিদ্ধ বলিয়া প্রকাশ করা হইয়াছে।

এত দিন পর্য্যন্ত হস্তান্তরকরণের স্বত্ব দখলীস্বত্ববিশিষ্টযোতের অনুষঙ্গের মধ্যে ছিল না, অসংখ্য স্থলে আবাদত ভূমিভোগের স্বত্ব প্রচলিত হইলেও ভূম্যধিকারীর ইচ্ছার বিরুদ্ধে হস্তান্তরগ্রহীতাকে তাহা প্রদান করিতে অস্বীকার করিয়াছেন। হস্তান্তরগ্রহীতার স্বত্বের অনিশ্চয়তা সত্ত্বেও আমরা দেখিতে পাই, যে এপ্রদেশের প্রতি জিলায় এই দখলীস্বত্ব ইচ্ছামত বিক্রয় হইতেছে ও আদালতের ডিক্রীমত বিক্রয় হইতেছে।

কোন২ জেলায় ইহা এরূপ অবধারিত হইয়াছে, আইনবিরুদ্ধ হইলেও ইহা এত বহুল পরিমাণে চলিতেছে যে দেশাচার এক্ষণে আইনকে অতিক্রম করিয়াছে।

আইনবিরুদ্ধ হইলে ও দেশাচাররূপে প্রচলিত হইতেছে দেখিয়া গবর্ণমেণ্ট ইহাকে সিদ্ধ বলিয়া প্রকাশ করিতে বাধ্য হইতেছেন।

এক্ষণে পূর্ণ যোতের হস্তান্তর আইনসম্মত করার প্রস্তাব হইয়াছে, কিন্তু যোতের কিয়দংশের হস্তান্তর ভূম্যধিকারীর বিরুদ্ধ হইলে আইনবিরুদ্ধ বলিয়া প্রকাশ করিবার প্রস্তাব হইয়াছে।

যোতের কিয়দংশ হস্তান্তর আইনসঙ্গত করার ফল মন্দ হইবে। ভূম্যধিকারীর পক্ষেও মন্দ হইবেই, রায়তের পক্ষে তারও মন্দ হইবে। কিন্তু রায়তের কার্য্য ভূম্যধিকারীর বিরুদ্ধে অসিদ্ধ এবং তাহার নিজের বিরুদ্ধে সিদ্ধ প্রকাশ করিলে ক্রমে যেন একটী অবস্থা আসিয়া উপস্থিত হইবে যে এক্ষণে গবর্ণমেণ্ট যে কার্য্যপ্রণালীর নিন্দা করিতেছেন পরিণামে তাহাতে হস্তক্ষেপ করিতে ও তাহা আইনসঙ্গত বলিয়া প্রকাশ করিতে বাধ্য হইবেন।

ভূম্যধিকারীর বিরুদ্ধে অসিদ্ধ ও রায়তের বিরুদ্ধে সিদ্ধ হইতে দেওয়ায় রায়তের হস্তান্তর করিতে কোন বাধা হইবে না, কেবলমাত্র যোতের বাজার দর অত্যন্ত কমিয়া যাইবে।

রায়তের যেমন টানাটানি হইলে ভূম্যধিকারীর বিরুদ্ধে ইহা অসিদ্ধ এই কারণ বশতঃ হয়ত সে অর্দ্ধেক মূল্যে তাহার যোতের একর খণ্ড বিক্রয় করিতে থাকিবে।

রায়তের খণ্ডশঃ যোত বিক্রয় বন্ধ করার তিন উপায় আছে, যথা,—

যোতের কিয়দংশের হস্তান্তর ভূম্যধিকারী ও রায়ত উভয়েরই বিরুদ্ধে অসিদ্ধ বলিয়া প্রকাশ করা।

ভূম্যধিকারীকে এইরূপ হস্তান্তর উক্ত অংশের ইস্তফা বলিয়া গণ্য করিতে অনুমতি দেওয়া।

ভূম্যধিকারী ও রায়তের মধ্যে যে করার আছে তাহার শর্ত্ত অনুসারে যেরূপ শর্ত্ত ভঙ্গ করিলে তাহাকে সেই যোত হইতে উচ্ছেদ করা যাইতে পারে এরূপ শর্ত্ত ভঙ্গ করিয়াছে বলিয়া গণ্য করা।

শেষোক্তটী অত্যন্ত কার্য্যকর বলিয়া আমি উহারই অনুকূলে যুক্তি বিন্যাস করিয়াছিলাম।

৬। ১০ম অধ্যায়।

এই অধ্যায় অনুসারে স্থানীয় গবর্ণমেণ্ট ভূম্যধিকারীর অনুরোধে, বহুসংখ্যক রায়তের অনুরোধে, অথবা বিবাদ নিবারণের জন্য সমস্ত মহালের খাজানার বন্দোবস্ত করিয়া দিবার আজ্ঞা দিতে পারেন।

এই অধ্যায় যেরূপ আছে তদনুসারে মহালের জমাবন্দী স্থির বা নিশ্চয় করার পর তাহা পনের বৎসর সময়ের জন্য ঠিক থাকিবে। কিন্তু কিছুতেই ভূম্যধিকারীর খাজানা বৃদ্ধি করিবার দরখাস্ত বন্ধ করিবে না।

১। যেস্থলে ভূম্যধিকারী খাজানা বৃদ্ধির জন্য দরখাস্ত করেন ও বৃদ্ধির অনুমতি হয়, তথায় ইহা খাটিবে।

২। যেস্থলে আবেদন অগ্রাহ্য হয়, তথায় ইহা খাটিবে।

৩। যেস্থলে ভূম্যধিকারীর আবেদনের স্বত্ব আছে অথচ আবেদন করেন নাই তথায় ইহা খাটিবে।

৪। যেস্থলে কিয়ৎসংখ্যক রায়তের অনুরোধে বন্দোবস্ত হইল তথায় ইহা খাটিবে।

৫। ইহাতে যেসকল রায়ত দরখাস্তের পক্ষ নহে এরূপ সকল রায়তের খাজানা বৃদ্ধি করিতে হয় জমীদার বাধ্য হইবেন, না হয়, পনের বৎসর বৃদ্ধি করিতে অসমর্থ হইয়া থাকিবেন।

৬। ইহা দখলীস্বত্ববিশিষ্ট ও দখলীস্বত্বশূন্য উভয়প্রকার রায়তের পক্ষেই খাটিবে। অতএব ইহার এই ফল হইবে যে সমস্ত দখলীস্বত্বহীন রায়ত দখলীস্বত্ব প্রাপ্ত হইবে।

৭। ইহাতে রায়তদের যেসকল স্বত্ব নাই তাহা অর্জ্জন করিতে পারিবে বলিয়া বন্দোবস্তের দাবী করিতে তাহাদিগকে প্রবৃত্তি দিবে। ইহার এদিক ওদিক হইতে দিবে না।

পাণ্ডুলিপিতে যেরূপ সময় ছিল তাহাই থাকা উচিত অর্থাৎ দশ বৎসর হওয়া উচিত।

যে সকল স্থলে ভূম্যধিকারী খাজানা বৃদ্ধির জন্য প্রার্থনা করেন অথবা দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের খাজানা সম্বন্ধে কোন বিবাদ থাকে এই অধ্যায় সেই স্থলেই খাটা উচিত।

ইহার দ্বারায় দখলীস্বত্বহীন রায়তের দখলীস্বত্ব অর্জ্জনের উপায় করিয়া দেওয়া উচিত নয়। দিলে একটী অত্যন্ত প্রয়োজনীয় অধ্যায় নানাবিধ অত্যাচারের যন্ত্র হইয়া দাঁড়াইবে।

৭। ১৮শ অধ্যায়—দায়।

অবশেষে যে বিষয়ে আমি কমিটীর সিদ্ধান্ত হইতে আমার মত ভিন্ন বলিয়া লিপিবদ্ধ করিতে অনুমতি প্রার্থনা করি, তাহা ব্যবসাদারের পক্ষে এবং রায়তের পক্ষেও বিশেষ প্রয়োজনীয়।

পাণ্ডুলিপিতে প্রকাশ যে যখন বাকী খাজানার জন্য আদালতের ডিক্রী অনুসারে কোন তালুক বিক্রয় হয়, তখন প্রথমতঃ উহা রেজিষ্টরী করা দায় সম্বলিত বিক্রীত হইবে। কিন্তু ইহাতে দখলী যোত দায়মুক্ত করিয়া, বিক্রীত হইতে দিতেছে।

একথা অবশ্যই স্বীকার্য্য যে, যে ব্যক্তি দখলী স্বত্ববিশিষ্ট যোতে কোন রূপ দাবী থাকিবার দাওয়া করে, পাণ্ডুলিপিতে তাহাকে পাওনা বাকী খাজানা প্রদান করিয়া এবং তদ্দ্বারা প্রথম বন্ধক স্বত্ব লাভ করিয়া আপন স্বার্থ রক্ষা করিবার অনুমতি আছে। কিন্তু ইহাতে সেই স্বার্থ সম্পূর্ণভাবে রক্ষা হইবে না।

তালুকদার ও দখলী স্বত্ববিশিষ্ট যোতদারের মধ্যে কোন প্রভেদ রাখা উচিত কমিটীর এইরূপ বিবেচনা। আমি এবিষয়ে তাঁহাদের সহিত একমত নহি।

অবধারিত হারে ভূমিভোগী রায়তেরা তালুকদারদিগের সহিত একপ্রকার বিধানের অধীন হওয়ায়, যোতবন্দ মার উৎসাহ দেওয়া হইবে।

বিক্রয়ের পর অবধারিত হারে ভূমি ভোগের অনুমান খাড়া করিয়া দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় নামঞ্জুর করিবার চেষ্টা হইবে।

যে যোত বিক্রয়ার্থ আনীত হইয়াছে তাহা সাধারণ দখলীস্বত্ববিশিষ্ট যোত বা অবধারিত হারের দখলীস্বত্ববিশিষ্ট যোত এবিষয়ে তদারক করা আদালতের, ডিক্রীদারের, দেনাদারের, বা ক্রেতার কাহার কর্ত্তব্য হইবে, অথবা যদি কোন ক্ষতি হয়, কে ক্ষতির জন্য দায়ী হইবে, পরিষ্কার বুঝা যায় না।

যে দায় রক্ষা করিতে হইবে তাহা সমস্ত যোতে বর্ত্তিবে, কেবল মাত্র এক অংশে বর্ত্তিবে না, ইহাই প্রকাশ করা আবশ্যক ছিল, কিন্তু ইহার অধিক কিছুই আবশ্যক ছিল না।

দখলীস্বত্ববিশিষ্ট প্রজাকে এবিষয়ে রক্ষা না করায়, তাহার বাজার সম্ভ্রমের ক্ষতি করা হইয়াছে। যে স্থলে সে অল্প সুদে টাকা ধার করিতে পারিত, সে স্থলে তাহাকে অধিক সুদ দিতে হইবে।

টি, এম, গিবন।

প্রস্তাবিত প্রজাস্বত্ববিষয়ক পাণ্ডুলিপির কতকগুলি বিধানের উপর সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের সিদ্ধান্তহইতে ভিন্নমতের মন্তব্যলিপি।

পাণ্ডুলিপির বিধানসকল এক্ষণে যেরূপ সংশোধিত হইয়াছে, সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের ন্যায় আমিও সাধারণতঃ তাহা গ্রহণ করিতে প্রস্তুত ; কিন্তু আমার এ কথা বলা আবশ্যক যে আমার বিবেচনায় কয়েকটী বিষয় প্রজার স্বার্থ উপযুক্তরূপে রক্ষিত হইয়াছে বলিয়া বোধ হয় না। পাণ্ডুলিপিতে খাজানাবৃদ্ধির যথেষ্ট সুবিধা করিয়া দিয়াছে, বিশেষতঃ পূর্ব্বে যে নিয়মে উৎপন্ন দ্রব্যের মূল্যবৃদ্ধির প্রমাণের আবশ্যকতা ছিল, তাহার পরিবর্ত্তে কেবলমাত্র দরবৃদ্ধি প্রযুক্ত বৃদ্ধি প্রস্তাব করায় আরও সুবিধা হইয়াছে। ভূম্যধিকারীর অনেক বিষয়ে সুবিধা করিয়া দিলেও আদিম বিলের ৭৫ (ঘ) * ধারার শাসনটী তুলিয়া লওয়া হইয়াছে। রায়তের দেয় খাজানার হার প্রচলিত হার অপেক্ষা ন্যূন এই কথা খাজানাবৃদ্ধির একটি হেতু বলিয়া রাখা হইয়াছে ; এবং বাসেন্দা রায়ত ভিন্ন অন্য রায়তকে যখন প্রথম ভূমির দখল দেওয়া হয়, তখন ভূম্যধিকারী কত খাজানার দাবী করিবেন তাহার কোন সীমা নির্দ্দেশ করা হয় নাই, বাসেন্দ রায়তের সম্বন্ধেও ভূম্যধিকারী পূর্ব্বতন খাজানার শতকরা পঁচিশ টাকা বৃদ্ধি দাবী করিতে পারেন। প্রজা জমী না ছাড়িয়া যতদূর পর্য্যন্ত খাজানা বৃদ্ধি দিতে পারে তাহার চরম সীমা পর্য্যন্ত খাজানা বাড়াইয়া লইতে পারেন এমন বিষম শক্তি এই সকল ধারায় ভূম্যধিকারীর হস্তে অর্পণ করা হইয়াছে। কারণ, কৃষিযোগ্য নিশ্চয়ই কোন না কোন সময়ে ভূম্যধিকারীর হাতে পড়িবে এবং যখন তিনি এই সকল খোত বিলি করিবার সময় অবাধে যত ইচ্ছা খাজানা লইতে পারেন, স্পষ্টই বোধ হইতেছে তখন প্রচলিত হার ক্রমেই বাড়িয়া যাইবে, এবং এই হার দ্বারা যে কেবল নূতন বন্দোবস্ত রায়তদিগেরই খাজানা নিয়মিত হইবে এরূপ নহে, সাধারণ প্রজা সম্প্রদায় মাত্রেরই খাজানা নিয়মিত হইবে। এই কারণ বশতঃ প্রচলিত হার খাজানা বৃদ্ধির কারণ বলিয়া রাখায় ভবিষ্যতে বিলক্ষণ বিপদ হইবার সম্ভাবনা আছে বলিয়া আমার বোধ হয় এবং উহা পাণ্ডুলিপি হইতে উঠাইয়া লওয়া হয় দেখিলে আমি অত্যন্ত আনন্দিত হইব।

এইরূপ আমার বিবেচনায় যেস্থলে ভূম্যধিকারী শস্যরূপে দেয় খাজানা মুদ্রারূপ খাজানায় পরিণত করিবার আবেদন করেন সেস্থলে প্রজার স্বার্থ ৫৩ ধারায় উপযুক্তরূপে রক্ষিত হয় নাই। এই ধারায় এইরূপ বিধান থাকা উচিত যে কোন স্থলেই মুদ্রারূপ খাজানা ভূম্যধিকারীর পথকর রিটর্ণে ঐ খোতের যে খাজানার উল্লেখ আছে তাহা অপেক্ষা অধিক হইবে না। দ্বিতীয়তঃ, ভূম্যধিকারী দশ বৎসর ধরিয়া যে খাজানা লইয়া আসিতেছেন তাহার গড় মূল্য ধরিয়া যদি মুদ্রারূপ খাজানা স্থির হয়, তাহা হইলে চাষকার্য্যের সমস্ত ঝুঁকি প্রজা গ্রহণ করে এবিবেচনায় তাহা হইতে বিলক্ষণ বাদ দেওয়া উচিত। খাজানার কমিশনে যে খসড়া পাণ্ডুলিপি প্রস্তুত করেন ও বঙ্গদেশের গবর্ণমেণ্ট যে পাণ্ডুলিপি অর্পণ করেন, তাহাতে এরূপ বাদ দিবার বিধান করা হইয়াছিল।

আমার বোধহয় পরিত্যাগ করণ বিষয়ক পাণ্ডুলিপির ৯১ ধারায় যেরূপে কথা যোজনা করা হইয়াছে, তাহাতে অপব্যবহারের দ্বার বিলক্ষণরূপে উদ্ঘাটিত হইবে। যখন রায়ত পরিত্যাগ করিয়াছে এই গুজরে ভূম্যধিকারী তাহাকে তাহার খোত হইতে বঞ্চিত করা হয়, তখন তাহাকে দখল পুনঃ প্রাপ্তির জন্য মোকদ্দমা রুজু করিবার ক্ষমতা দেওয়ার ফল অতি অল্প হইবে। যদি এই ধারার কোন প্রয়োজন থাকে, তবে উহার কার্য্যচলন দখলীস্বত্বশূন্য রায়তের দখলস্থ খোতে সীমাবদ্ধ রাখা কর্ত্তব্য। দখলীস্বত্ববিশিষ্ট খোতে উহা বিস্তার করার অতি অল্পমাত্রও কারণ নাই, কারণ এই সকল স্থলে বাকী খাজানার নিমিত্ত খোত বিক্রয়ের ক্ষমতা দ্বারা ভূম্যধিকারীর খাজানা সম্পূর্ণরূপে রক্ষিত হইয়াছে।

১৮৮৫ সাল ১৭ মার্চ্চ। এচ, জে, রেনল্ড্‌স।

---

* এই ধারাতে প্রকাশ করে যে, "রায়তেরা ফসলের সময় যে মূল্যে বিক্রয় করে সেই মূল্য ধরিয়া প্রধান শস্যযোগে উৎপন্ন মোট উৎপন্নের আনুমানিক গড় বার্ষিক মূল্য যতদূর, বর্দ্ধিত খাজানা কোন স্থলে তাহার পঞ্চমাংশের অধিক হইবে না।

প্রস্তাবিত বঙ্গদেশীয় প্রজাস্বত্ববিষয়ক আইনের পাণ্ডুলিপি সম্বন্ধে সিলেক্ট কমিটীর অধিকাংশ ব্যক্তি যে নিষ্পত্তি করিয়াছেন, তাহা হইতে ভিন্নমতাত্মকলিপি।

পাণ্ডুলিপির মূলসূত্র।

এই পাণ্ডুলিপি সম্বন্ধে আমার ভিন্নমত এই প্রশস্ত হেতুমূলে স্থাপন করিতে চাই যে, বঙ্গদেশের ভূমি সংক্রান্ত আইন এক্ষণে যেরূপ ভিত্তির উপর সংস্থাপিত আছে, এই পাণ্ডুলিপি দ্বারা তদপেক্ষা দৃঢ়তর, ন্যায্যতর, কিম্বা অধিকতর সন্তোষজনক ভিত্তির উপর স্থাপিত হইতেছে না এবং ইহাতে দুর্বৎসর সহ্য করিতে সক্ষম এরূপ সঙ্গতিপন্ন কৃষকদের হস্তে ভূমির চাষকার্য্য রক্ষিত হইবে না, অথবা ধনসঞ্চয়, বিশ্বস্ততার সুন্দররূপ বৃদ্ধি ও কোন কৃষিকার্য্য সংক্রান্ত উৎকর্ষসাধনের উন্নতি বিষয়ে সহায়তা হইবে না। আর যে অভিপ্রায়েই লর্ড হার্টিংটন সাহেবেরমতে এইরূপ পাণ্ডুলিপি উপস্থিত করণের ন্যায্যত প্রতিপাদন করা যায়, এই পাণ্ডুলিপিতে কেবল যে সেই২ অভিপ্রায় সাধন হইতেছে না এরূপ নহে, ইহাতে বঙ্গদেশের প্রাচীন দেশাচার ও বর্ত্তমান আইন হইতেও অধিক দূরে ও সম্পূর্ণরূপ নূতন পথে যাইতে হইতেছে। উক্ত কর্ত্তৃপক্ষ প্রকৃত রাজনীতিজ্ঞতার সংস্কার বশতঃ এরূপ প্রণালী অবলম্বন করা পরামর্শসিদ্ধনহে বলিয়া নিন্দা করিয়াছেন।

১৮৮২ সালের ১৭ আগষ্টের বিজ্ঞাপনীর ২১ প্রকরণ।

১৮৮২ সালের ১৭ আগষ্টের বিজ্ঞাপনীর ৯ প্রকরণ।

ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত বর্ত্তমান আইন কি২ মূলসূত্র অবলম্বন করিয়া গবর্ণমেণ্ট পরিবর্ত্তন করিবার প্রস্তাব করেন, ইহা বুঝা আমি কঠিন দেখিতেছি, অভিপ্রায় ও হেতুবাদ বর্ণনাপত্র প্রত্যেক পাণ্ডুলিপির সঙ্গে মন্ত্রিসভার সভ্যদের নিকট পাঠাইবার রীতি আছে, তাহাতে লিখিত আছে যে, ১৮৫৯ সালের ১০ আইন যদিও উপকার করিয়াছে স্বীকার করা যায়, তথাপি কোন২ গুরুতর বিষয়ে উহা এতদূর নিষ্ফল হইয়াছে যে বেআরে প্রতিযোগিতার অভাবে রায়তদের স্থানে খাজানা লওয়া হইয়াছে ও জমীদারের কর্ত্তৃক অত্যাচার ঘটিয়াছে, এবং পূর্ব্ব বাঙ্গালার জমীদারেরা আইনমতে যে খাজানা বৃদ্ধি করিবার অধিকারী, সেই খাজানা বৃদ্ধি পাইতে পারেন নাই, এবং আপনং বৈধখাজানা আদায় করাও তাঁহাদের পক্ষে কঠিন হইয়া উঠিয়াছে। ইহা হইতে আমরা এই কথা সংগ্রহ করিতে পারি, একপক্ষে রায়তদের রক্ষা করা ও অপর পক্ষে জমীদারদের বৈধ খাজানা আদায় করিবার ও তাহা আপনমতে বৃদ্ধি করিবার সুবিধ করিয়া দেওয়া পাণ্ডুলিপির প্রধান উদ্দেশ্য।

শ্রীযুত ইলবার্ট সাহেব যেরূপ বলেন, ১৮৫৯ সালের ১০ আইনের ফল প্রকৃত প্রস্তাবে সেইরূপ হইয়াছে ইহা যদি দেখান যাইতে পারে। কিন্তু আমি সেবার সম্বন্ধে নির্দ্বন্দ্বসহকারে একথা অস্বীকার করি, এবং আমি এস্থলে বিশেষ করিয়া উল্লেখ করিতেছি যে, ইহার কোন প্রমাণ দেওয়া হয় নাই। তাহা হইলে প্রস্তাবিত পাণ্ডুলিপির নামে যেই উদ্দেশ্য আছে বলিয়া, দেখা যায়, আমি পূর্ব্বে বলিয়াছি, সেই২ উদ্দেশ্য সাধনার্থ যেই ন্যায্য উপায় অবলম্বিত হইত, কোন ভূম্যধিকারী বা রায়ত তৎসম্বন্ধে কোন আপত্তি করিতে পারিতেন না এবং জমীদারদের নানা আবেদনপত্রের কোনখানীতেই এই সকল বিষয়ে যে কিছুমাত্র আপত্তি উত্থাপিত হইয়াছে ইহা আমি দেখিতেছি না। পাণ্ডুলিপিতে যদি এই সকল উদ্দেশ্যেরপ্রতি দৃষ্টি থাকিত, তাহা হইলে সর্ব্বপ্রকারে ভাল হইত, কিন্তু এই সকল উদ্দেশ্য সম্পূর্ণরূপে ছাড়িয়া দিয়া উক্ত পাণ্ডুলিপির মধ্যে অত্যন্ত বিপ্লবজনকভাবের প্রকরণ পরম্পরা সন্নিবিষ্ট হইয়াছে, তাহাতে দৃঢ়রূপে সংরক্ষিত স্বত্বের প্রতি আক্রমণ হইয়াছে, ও ভূম্যধিকারীদের মনে বহু পরিমাণে অশান্তি ও অবিশ্বাস জন্মিয়াছে। সত্যবটে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এমন কথা কখন বলেন নাই যে, তাঁহারা ভূম্যধিকারীদিগকে তাঁহাদের নির্দ্ধারিত স্বত্বে বঞ্চিত করিতে চাহেন। প্রত্যুত তাঁহারা নিয়ত নির্দ্দেশ করিয়াছেন যে, চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে ভূম্যধিকারীদিগকে যেই নির্দ্ধারিত স্বত্ব প্রতিজ্ঞাপূর্ব্বক দেওয়া যায়, তাঁহারা কোনরূপে সেই স্বত্বের প্রতি আক্রমণ করিতে চাহেন না। কিন্তু এই পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলে, কার্য্যতঃ ঐ নির্দ্দেশ বাক্য ব্যর্থ করা হইবে।

ক্ষতিপূরণ না দিয়া এক শ্রেণীকে তদীয় নির্দ্ধারিত স্বত্বে বঞ্চিত করিয়া অন্য শ্রেণীকে সেই স্বত্ব দেওয়া যাহার উদ্দেশ্য এরূপ ব্যবস্থা আমার বিবেচনায় অদ্যাপি ভারতবর্ষে বিধিবদ্ধ হয় নাই, এবং আমি বিবেচনা করি যে এরূপ ব্যবস্থা কখনও বিধিবদ্ধ হইবার সম্ভাবনা নাই। এরূপ মত ইংলণ্ডে কোন২ উন্নত চিন্তাশীল ব্যক্তি সমর্থন করিয়াছেন, কিন্তু ভারতবর্ষে এই পাণ্ডুলিপি প্রকাশ হইবার পূর্ব্বে এরূপ কোন মতের কথা শুনা যায় নাই এবং ইংলণ্ডেও অগ্রগণ্য চিন্তাশীল ব্যক্তিবর্গের মধ্যে এবিষয়ে বিলক্ষণ মতভেদ আছে।

আমি পূর্ব্বেই বলিয়াছি, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যদিও একথা কখনও সরকারী কাগজপত্রে বলেন নাই যে, তাঁহারা চিরস্থায়ী বন্দোবস্ত রহিত করিতে চাহেন; এবং যদিও ষ্টেট সেক্রেটরী সাহেব তাঁহার পত্রে বিশেষরূপে স্পষ্ট করিয়া বলিয়াছেন যে, যাহাতে সমাজের কোন শ্রেণীর নির্দ্ধারিত স্বত্বের উপর আক্রমণ হইবার সম্ভাবনা তিনি তদ্রূপ ব্যবস্থাপনের বিরোধী, তথাপি খাজানা সংক্রান্ত প্রস্তাবিত পাণ্ডুলিপিহইতে যত অসন্তোষ ও অবিশ্বাস জন্মিয়াছে, লোকের স্বত্বসম্পর্কীয় কোন পাণ্ডুলিপিহইতে ভারতবর্ষে পূর্ব্বে কখনও তত জন্মে নাই। মনে এইরূপ ভাব জন্মিবার কারণ এইযে যদিও গবর্ণমেণ্ট মুখে এইরূপ কথা বলিতেছেন, তথাপি প্রস্তাবিত পাণ্ডুলিপির অধিকাংশ প্রকরণই বিপ্লবজনক এবং আমরা যেই সূত্রানুসারে ব্যবস্থাপনকার্য্য করি বলিয়া অনুমান হয়, সাক্ষাৎসম্বন্ধে সেই২ সূত্রের বিরুদ্ধ। আমি যে ভাবের উল্লেখ করিতেছি, ১৮৮৩ সালের ৫ জানুয়ারি তারিখে বঙ্গদেশের গবর্ণমেণ্ট এক স্মারকলিপি প্রকাশ করায়, সেই ভাব সম্প্রতি অত্যন্ত বর্দ্ধিত ও বলবৎ হইয়াছে।

আমি এই স্মারকলিপি হইতে একটি অংশ বিশেষ উদ্ধৃত করিলাম। ইহাতে যে মূলসূত্র গ্রথিত আছে, তাহাতে আমার বোধ হয় পাণ্ডুলিপিতে যে কোন ব্যক্তির স্বার্থ থাকে তাহার মনেই সহজে অবিশ্বাস ও অসন্তোষ জন্মিতে পারে। উক্ত অংশটি এইরূপ।—

"এই নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বিবেচনা করেন যে, যদিও [illegible] আপনার পক্ষে ইতিহাস থাকা ভাল তথাপি এই প্রশ্নের নিষ্পত্তি ঐতিহাসিক গবেষণা অপেক্ষা [illegible] বর্ত্তমানের প্রয়োজনের কথায় উপর অধিক নির্ভর করে। এজন্য তিনি এই পাণ্ডুলিপিতে যে সকল প্রস্তাব আছে তাহার ঐতিহাসিক সমর্থন অপেক্ষা কার্য্যকর ভাবের প্রতি অধিক মনোযোগ দিয়াছেন।

জমিদারস্বরূপ আমাদের স্বত্ব চিরস্থায়ী বন্দোবস্তের সময় স্পষ্ট করিয়া নির্দ্দিষ্ট ও রেজেষ্টরীকৃত লিপিবদ্ধ হইয়াছে, ইহার প্রতি বোধ হয় যেন দৃষ্টি না করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এস্থলে ভারতঃ ধরিয়া লইয়াছেন যে আমাদের স্বত্ব, ও আমি অনুমান করি রায়তদের স্বত্বও, ঐতিহাসিক গবেষণার কুজ্ঝটিকায় আচ্ছন্ন দৃষ্ট হয়, সুতরাং ঐ সকল স্বত্ব সম্পর্কে যে সকল বর্ত্তমান অভাব কথিত হয়, তজ্জন্য এরূপ বিধি করা উচিত যাহা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অতীত প্রতিজ্ঞানুসারে প্রণীত নহে কোন বর্ত্তমান স্থানীয় গবর্ণমেণ্টের মতানুসারে প্রণীত। এই হেতুতে বোধ হয় তিনি কেহ যাহা বর্ত্তমান প্রয়োজন জ্ঞান করেন তদনুসারে গঠিত মতের পক্ষপাতী হইয়াছেন, এবং জমীদারদের নির্দ্ধারিত স্বত্বে অবহেলা করিয়াছেন।

পক্ষান্তর, আমরা জমিদারেরা বলি যে এই পাণ্ডুলিপিতে যাহাদের অত্যন্ত অধিক স্বার্থ আছে, আমরা তদ্রূপ এক শ্রেণী; এবং স্বভাবতঃ আমাদের স্বত্ব বিষয়ে কেবল সম্পূর্ণরূপে অনুসন্ধান পাওয়া উচিত এরূপ নয় এই স্বত্বরক্ষা করাও উচিত

কেহ বিবেচনা করিতে পারেন, যদিও আমি ইহা এক মুহূর্ত্তের জন্যও স্বীকার করি না, যে ভূম্যধিকারীর স্বার্থ জনসাধারণের স্বার্থের বিরুদ্ধ। যদি তাহাই হয়, সাহসপূর্ব্বক এবিষয়ে হস্তক্ষেপ করা উচিত, এবং ভূম্যধিকারীদিগকে "উপযুক্ত ক্ষতিপূরণ" দিয়া তাহাদিগকে স্বত্ব ত্যাগ করিবার আজ্ঞা করা উচিত। কিন্তু বঙ্গদেশের গবর্ণমেণ্টের গত সেপ্টেম্বর মাসের যে পত্রে ভূম্যধিকারীদের স্বত্ব সম্বন্ধীয় প্রশ্নের ভাল করিয়া বিচার করা হয় নাই এমন বোধ হইতেছে, এবং যাহাতে সিলেক্ট কমিটী বিবেচনা করিবার বিশেষ পরামর্শ দেওয়া হইয়াছিল, সেই পত্র যে অবকাশ অনুসন্ধান ও বিবেচনা করিয়া উক্ত কমিটীর সম্মুখে উপস্থিত করা হইয়াছিল এবং ঐ কমিটীর সাহেবেরা যে সুদক্ষ মন্তব্য লিপিতে ভূম্যধিকারের সমুদয় আইন সম্বন্ধীয় ভ্রমের সম্পূর্ণরূপ খণ্ডন করিয়াছেন, তাহা যে অদ্যাপি সরকারী কাগজপত্রে সাহেব প্রকাশিত হয় নাই, ইহা জমিদারদের পক্ষে কোন ক্রমে ভাল বলা যায় না।

এই পাণ্ডুলিপি কাউন্সিলের কর্ম্মচারীদের হস্তে হইতে যখন রচিত হয় তখনি বঙ্গদেশের জমিদারেরা একস্বরে ইহার বিরুদ্ধে আপত্তি করিয়াছিলেন। ঢাকা ও বঙ্গদেশের প্রায় প্রত্যেক জিলায় সভা হইয়াছিল। এই সকল সভায় পাণ্ডুলিপির কতক প্রকরণ লিখিত উত্তর লেখা রূপ করা হইয়াছিল, এবং সাধারণতঃ বোধ হইয়াছিল, যে পাণ্ডুলিপি যে বর্ত্তমান দেশাচার ও বঙ্গদেশে ভূমি সংক্রান্ত পুরাতন আইনের উপর অনর্থক হস্তক্ষেপ করা হইয়াছে। ৫ মার্চ্চ মাসে যখন লর্ড লিটন প্রসাদ মন্ত্রিসভায় বলেন যে "এরূপ পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলে লোকের বিশ্বাস ও প্রতারিত হইবে" তখন তিনি ভূম্যধিকারীদের মনের ভাব পরিষ্কাররূপে ব্যক্ত করিয়াছিলেন।

এই প্রকার মত আমি কেবল আর এই কয়েকটি কথা লিখিতে চাই যে, দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সহিত যে দিন কোন নূতন জমীর বন্দোবস্ত হয় সেই দিনেই তাহাদিগকে দখলীস্বত্ব দিবার প্রস্তাব, জমিদারদের পক্ষে ভুল, সুবিধা করিয়া লওয়া নিষ্করীন চুক্তির স্বত্ব সম্বন্ধে রায়তদের আপত্তি প্রথম হইবার নিষেধকে সময় বৃদ্ধির প্রস্তাব, এবং খুদকাস্তদিগকে রায়তী হারে খাজনা দিতে পাণ্ডুলিপির একটি মূল উদ্দেশ্য সেই পাণ্ডুলিপির প্রথম হইবার পরেরও দুই বৎসর যাবৎ বাকী থাকা খাজনা বন্ধিত করিবার প্রস্তাব এই পাণ্ডুলিপির এই সকল বিধি সুদ্ধ কেবল যে বর্ত্তমান আইন ও দেশাচার হইতে অনর্থক বিচ্যুত হইতেছে তাহা নয় জমীদারদের নির্দ্ধারিত স্বত্বের হ্রাস করা হইতেছে, জমীদারদের বিরুদ্ধে প্রমাণ জ্ঞান হইবে। একটি প্রশ্ন বলিয়া রেখিতে গেলে বঙ্গদেশের ও বেহারের জমীদারেরা কখনও মহাজন ও ব্যবসায়ীর ন্যায় অর্থ লইয়া ব্যবসা করেন নাই। তাহারা কখনও কখনও ঋণ দিয়াছেন বটে, কিন্তু ঋণদান তাহাদের ব্যবসা নহে। তাহারা ঋণ দিয়া সুদ লইবার কথা ঠিক এরূপ ভাবে ভাবেন না যেরূপ ভাবে মহাজনেরা ভাবিয়া থাকে। তাহারা ঋণ দিয়া সুদ লইবার কথা ঠিক এরূপ ভাবে ভাবেন না যেরূপ ভাবে মহাজনেরা ভাবিয়া থাকে। তাহারা ঋণ দিয়া সুদ লইবার কথা ঠিক এরূপ ভাবে ভাবেন না যেরূপ ভাবে মহাজনেরা ভাবিয়া থাকে।

এরূপ অবস্থায় পাঠকেরা বোধ হয় কিয়দংশ ধৈর্য্য করিয়া বঙ্গদেশের গবর্ণমেণ্টের মতপরিবর্ত্তন প্রকাশ করিয়া স্মারকলিপি প্রকাশ করায় জমীদারদের পক্ষে কিরূপ অসুবিধা হইয়াছে তাহা বিবেচনা করিবেন। এতদ্ভিন্ন তাঁহাদের এইরূপ বিশ্বাস হইতেছে যে, বঙ্গদেশের গবর্ণমেণ্ট ঐ পত্র লেখাপড়ির মাসের পরে যে মত প্রকাশ করিয়াছেন তাহার মত অবলম্বন করিয়া পূর্ব্বে জমীদারদের অনুকূল যে সম্পূর্ণ পরিবর্ত্তন ঘটিয়াছে।

আমি জিজ্ঞাসা করি যে ইহা কি সম্ভব যে [illegible] তাহারা এমন কি [illegible] তাহারা [illegible] তাহাদের [illegible] হইয়াছেন। বঙ্গদেশের [illegible] মত তাঁহাদিগকে একপ অযুক্ত ও বিরোধী [illegible] বাস্তবিক [illegible] অর্থাৎ [illegible] তাহা হয়, তবে [illegible] আমাদের নিকট কি এমন [illegible] কিছু [illegible]

প্রজাদের ভূমি পরিবর্ত্তন করা বঙ্গদেশের জমীদারদের সাধারণ রীতি ও একপ কোন রীতিনীতি ঘটিত বিবরণ আছে কি যাহাতে দেখান যায় যে দখলীস্বত্বশূন্য রায়তদের প্রতি একটি অত্যাচার হইয়া থাকে, যে তজ্জন্য আমাদের ব্যবস্থাপক সভায় উপস্থিত জনা কতিপয় বিল [illegible] গ্রহণ করা আবশ্যক হয়, যদিও এইসকল এদেশের লোকের পক্ষে সম্পূর্ণরূপে নূতন ও প্রাচীন আইন প্রণেতারা ইহার কথা স্বপ্নেও ভাবেন নাই। বস্তুতঃ ইহার কি কোন প্রমাণ আছে যে, কেবল প্রজাদের [illegible] থাকা [illegible] ও অত্যাচার [illegible], যে তজ্জন্য ভূস্বামীদের স্বত্ব নষ্ট করা আবশ্যক?

অনেক রাজকর্ম্মচারীর মত প্রকাশ করা হইয়াছে, কিন্তু বঙ্গদেশের গবর্ণমেণ্টের উল্লিখিত পত্রে যেরূপ [illegible] আছে, জমিদারেরা বাস্তবিক সেইরূপ অত্যাচারী ইহা দেখাইবার রীতিনীতি ঘটিত বিবরণ প্রায় [illegible] প্রকাশিত হয় নাই। আর আমি জিজ্ঞাসা করিতে চাই, এমন কোন পুরাতন আইন কি আছে যাহাতে দেখা যায় যে, প্রাচীন দেশাচারমতে গ্রামের সমুদয় জমীতে রায়তদের দখলীস্বত্ব থাকিত এবং জমীদারদের নিজের [illegible] ভূমি চাষ করিতেন তদ্ভিন্ন কোন ভূমিতে তাঁহাদের ভূস্বামীর স্বত্ব ছিল না।

সিলেক্ট কমিটীর হস্ত হইতে প্রস্তাবিত পাণ্ডুলিপি যে আকারে বাহির হইয়াছে তৎসম্বন্ধীয় [illegible] বিষয়ে আমার মতভেদ ঘটিয়াছে, এক্ষণে ভিন্ন ভিন্ন দফাদিতে যে যে [illegible] নির্দ্ধারিত করিয়াছেন তাহা বিশেষ নির্দ্দিষ্ট করিতেছি।

চিরস্থায়ী বন্দোবস্ত।

খাজানা সংক্রান্ত পাণ্ডুলিপির বাঙ্গালানুবাদে এবং [illegible] সরকারী কাগজপত্রে একথা নিরত প্রকাশ আছে যে চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে জমীদারদিগকে বা রায়তদিগকে যে স্বত্ব প্রতিজ্ঞাপূর্ব্বক নিশ্চয় করিয়া দেওয়া হয় তাহার কোন স্বত্ব ভঙ্গ করা গবর্ণমেণ্টের উদ্দেশ্য নহে। সুতরাং এবিষয়ে জমীদার ও রায়ত উভয়পক্ষের [illegible] একমত। এক্ষণে এই প্রশ্নের নিষ্পত্তি করিতে হইবে এই সকল স্বত্ব কি? কিন্তু এবিষয়ে অনেক মতভেদ আছে, যদিও আমি বুঝিতে পারি না যে, এরূপ সুনির্দ্দিষ্ট বিষয়ে কেমন করিয়া কোন মতভেদ ঘটিতে পারে। চিরস্থায়ী বন্দোবস্ত সংক্রান্ত আইনের ভাষা অতি স্পষ্ট, এবং তাহাতে স্পষ্ট করিয়া লেখা আছে যে জমীদারেরা [illegible] "ভূমির মালিক" এবং কেহ কেহ যেরূপ কল্পনা করেন বোধ হয় সেরূপ খাজানা সংগ্রাহক মাত্র নহেন।

[illegible] কেহ কেহ আছেন যাঁহারা [illegible] ছাড়িয়া যান ও বলেন যে চিরস্থায়ী বন্দোবস্তের সময়ের পূর্ব্বে জমীদার শ্রেণী ছিল না, এই সময়ের পূর্ব্বে তাঁহারা কেবল গবর্ণমেণ্টের খাজানা আদায় করিতেন। এই সকল কথার উত্তরস্বরূপ আমি [illegible] প্রমাণ করিবার নিমিত্ত [illegible] [illegible] ঐ [illegible] [illegible] [illegible] যে চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্বে [illegible] কোন [illegible] গবর্ণমেণ্ট [illegible] ছিল।

চিরস্থায়ী বন্দোবস্তক্রমে জমীদারদের প্রতি যে স্বত্ব [illegible] হইয়াছে, তৎসম্বন্ধে ঐ [illegible] আইন হইতে একটী [illegible] উদ্ধৃত করা [illegible] [illegible] [illegible]।—

[illegible]

[illegible] [illegible] লিখিয়াছেন।—

[illegible]

চিরস্থায়ী বন্দোবস্তের [illegible] [illegible] [illegible] "ভূমির মালিক" বলেন। [illegible] [illegible] [illegible] বলেন।

[illegible]

[illegible]

কাংপকাল চালস গ্রাণ্ট সাহেব আমাদের সঙ্গে ছিলেন। সমুদয় বিষয় পুঙ্খানুপুঙ্খরূপে মনোযোগপূর্ব্বক বিবেচনা করিয়া লিট সাহেব সম্পূর্ণরূপে আমাদিগের সহিত একমত হইলেন, দেখিয়া আমি সন্তুষ্ট হইলাম। এই নিমিত্ত আমাদের যেরূপ ধারণা হই য়াছিল, তদনুসারে বিজ্ঞাপনী স্থির করিয়া কোর্ট অব ডিরেক্টরদের নিকট পাঠাইয়া দিলাম।

রায়তদের স্বত্বসম্বন্ধে আমি এইমাত্র বলিতে পারি যে, এক্ষণে তাহাদিগকে যেরূপ স্বত্ব দিবার প্রস্তাব হই-তেছে, তাহা চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে তাহারা যেরূপ স্বত্বভোগ করিত, সেইরূপ স্বত্ব হইতে অত্যন্ত বিভিন্ন, বস্তুতঃ যথার্থ কথা বলিতে গেলে, ভূমিতে তাহাদের কোন মালিকীস্বত্ব ছিল না। তাহারা আপনার যোত হস্তান্তর করিতে পারিত না, এবং তাহাদের এমন কিছু নাই, যাহাতে দেখায় যে, জমীদারের সম্মতি বিনা অবধারিত হারে রায়তের ভূমি ভোগ করিবার স্বত্ব ছিল। এতদ্ব্যতীত এমন কিছু পাওয়া যায় না, যাহাতে দেখা যায় যে, বঙ্গ-দেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী যে চাউল, গম বা অন্য সস্তা শস্য খাদ্যকে কেবল মাত্র "প্রধান শস্য" বলিয়া সংজ্ঞিত নির্দ্দেশ করিয়াছেন, তাহার মূল্য দ্বারা খাজানার হার নিয়মিত হইত।

আমি এস্থলে এই বিষয়ে সার জন শোরের লেখা হইতে একটী অংশ উদ্ধৃত করিব।—

"কিন্তু ইহা সাধারণতঃ জানা আছে যে, রায়তেরা বহুকাল দখল করিলে ভূমিতে দখলীস্বত্বপ্রাপ্ত হয় ও তাহাদিগকে উঠাইয়া দেওয়া যাইতে পারে না। কিন্তু এই স্বত্বক্রমে তাহারা ভূমি বিক্রয় করিবার, কিম্বা বন্ধক দিবার ক্ষমতাপ্রাপ্ত হয় না, সুতরাং এই পরি-মাণে উক্ত স্বত্ব মালিকীস্বত্ব হইতে স্বতন্ত্র। যথেচ্ছাচারী রাজার অধীন অন্যান্য স্বত্বের ন্যায় এই স্বত্বও অনিশ্চিত। জমীদার-দের স্থানে জোর করিয়া বৃদ্ধি লওয়া গেলে রায়তদের স্থানে ঐ বৃদ্ধি চাহিবার স্বত্বক্রমে তাঁহারা কার্য্য করিয়াছেন। ভূমির মালিকত্ব কেবল জমীদারদের প্রতি ন্যস্ত আছে, ইহা যদি আমরা স্বীকার করি, তাহা হইলে রায়তেরা ঐ স্বত্ব ভূস্বামীর স্থানে প্রাপ্ত না হইলে, রায়তদের অনুকূলে আমরা এইরূপ কোন স্বত্ব স্বীকার করিতে পারি না।

"বঙ্গদেশের যে কোন জিলায় বিধি লঙ্ঘন করিয়া অন্যায় খাজানা গ্রহণ করা না হয়, তথায় ভূমির খাজানা আদায় যারানুসারে নিয়মিত হইয়াছে, এবং কোনং জিলায় প্রত্যেক গ্রামের স্বতন্ত্র হার আছে। বিঘা প্রতি ভূমির উৎপন্ন ধরিয়া এই সকল হার স্থির হয়। কোনং ভূমিতে বৎসরে দুই ফসল, কোনং ভূমিতে তিন ফসল জন্মে। তুলাগাছ, পান, তামাক ও আখ প্রভৃতি অধিকতরলাভ জনক দ্রব্য হইলে, সেই পরিমাণে ভূমির মূল্য বৃদ্ধি হয়। এই সকল হার ভূমি মাপ করিয়া অবশ্য স্থির করা হইয়া থাকিবে। এবং তোড়ল মলের বন্দোবস্ত এই সকল হারের মূল হইতে পারে। কালক্রমে ঐ আসলের উপর অব ওয়াব যোগ করা হয়, পরে মূল্য নির্দ্ধারণের মধ্যে ধরিয়া লওয়া হয়। পরে যেরূপ মাপ হইয়াছে, তদনুসারে হার ভেদ হইয়াছে। জমী মাপ করা গেলে সাধারণতঃ কিঞ্চিৎ বৃদ্ধির সহিত চলিত হার দৃঢ় করা হয়।"

এই স্থলে প্রধান শস্য বলিতে কেবল চাউল, গম ও অন্য সস্তা খাদ্য শস্য বুঝিতে হইবে, প্রধান শস্য শব্দের এইরূপ অর্থ করা হয় না। পক্ষান্তরে এইরূপ দেখা যাইতেছে যে তৎকালে তামাক, তুলা প্রভৃতি অধিকতর মূল্যবান্ উৎপন্ন দ্রব্যের মূল্য বিবেচনাধীনে লওয়া হইত।

এই বিষয় সমাপ্ত করিবার পূর্বে আমি আর একজন উচ্চ কর্ম্মচারীর লেখা হইতে একটী স্থল উদ্ধৃত করিলাম। তিনি চিরস্থায়ী বন্দোবস্তের অব্যবহিত পরেই জীবিত ছিলেন। আমি লর্ড মেটকাফের উল্লেখ করিতেছি, ইহা সুবিদিত যে তিনি চিরস্থায়ী বন্দোবস্তের প্রশংসাকারী ছিলেন না। আমি নিম্নে যে স্থল উদ্ধৃত করিলাম, তাহা হইতে ইহা স্পষ্ট বুঝা যাইবে। কিন্তু তাঁহার মত এই যে, চিরস্থায়ী বন্দোবস্তদ্বারা জমীদারদিগকে ভূমিতে মালিকী-স্বত্ব দেওয়া হয়।—

"আমরা আইনেরদ্বারা যে সকল ভূস্বামীর সৃষ্টি করিয়াছি, আমি তাঁহাদের সপক্ষ নহি, ইহা বলিবার প্রয়োজন নাই। আমি বিবেচনা করি, তাঁহাদিগকে সৃষ্টি করা একটী বিষম ভ্রান্তি হইয়াছে ও তাহাতে কোন উপকার হয় নাই। কিন্তু তাঁহাদিগকে সৃষ্টি করিয়া ও তাঁহাদিগকে ভূস্বামী বলিয়া নির্দ্দেশ করিয়া আমি বিবেচনা করি আমরা গবর্ণমেণ্টের রাজস্ব রক্ষাকরণানন্তর যে সকল মালিকী স্বত্ব দিবার ক্ষমতা আমাদের ছিল, অর্থাৎ, যে সকল স্বত্ব পূর্ব্বে কাহারও ছিল না, সেই সকল আমরা তাঁহাদিগকে দিয়াছি। পূর্ব্ব হইতে অন্যের যে স্বামিত্ব ছিল, আমাদের নূতন সৃষ্ট ভূস্বামীদিগকে দিবার নিমিত্ত সেই স্বামিত্ব নষ্ট করিবার স্বত্ব আমাদের ছিল না। যাহা পূর্ব্বে অন্যের ছিল এরূপ একটী ক্ষেত্রও তাঁহাদিগকে আইনতঃ বা ন্যায়তঃরূপে দিতে আমাদের ক্ষমতা ছিল না, কিন্তু তাঁহাদের জমীদারীর অন্তর্গত প্রত্যেক কেসে গবর্ণমেণ্টে যে স্বত্ব ছিল, তাঁহাদিগকে সেই স্বত্ব দিতে পারিতাম ও দিয়াছিলাম এবং স্থায়ী বন্দোবস্তক্রমে যাহাতে অন্যের স্বামিত্ব বা দখল ছিলনা, সেই সকল ভূমিতে ও আমরা সম্পূর্ণ স্বামিত্ব প্রদান করিয়াছিলাম এই রূপ করাতে পুরাতন চাষীমালীক ও দখলীকারদের যে সকল স্বত্ব ছিল, যদি ও আমরা সেই সকল স্বত্ব রক্ষা করিতে স্বত্ববান ও বাধ্য ও যদিও উহা রক্ষা না করাতে আমাদের আপনা আপনি লজ্জিত হওয়া উচিত। তথাপি আমাদের ঐ ভূস্বামীর নিজ সম্পত্তি বলিয়া যে ভূমি নির্দ্দেশ করিয়া দিয়াছে, সেই ভূমিতে তিনি যে চাষী বসাইয়াছেন, সেই চাষী ও ভূস্বামী পরস্পর যে নিয়ম করিয়া লেন, সেই নিয়মভঙ্গ করিয়া আমাদের মনোমত অন্য নিয়ম নির্দ্দেশ করিবার বিষয়ে তাঁহাদের মধ্যবর্ত্তী হইতে আমাদের কোন স্বত্ব নাই। * * * * * আমি আইনমত ভূস্বামীকে তাঁহার সমুদয় ন্যায্য স্বত্ব দিতে চাই। আমরা যখন ভূস্বামী দিগকে সৃষ্টি করিয়াছি, তখন তাঁহারা যে কেবল রাজস্বের শতকরা কিয়দংশ পাইবার অধিকারী থাকিবেন, তখন এরূপ অভিপ্রায় থাকা সম্ভবে না। এরূপ অভিপ্রায় ছিল যে, তাঁহারা প্রকৃত ভূস্বামী হইবেন এবং যে স্থলে অন্যের পুরুষানুক্রমে বিঘা, তথ সেই স্থলে তাঁহারা ভূস্বামী থাকিবেন ও তাঁহাদের ভূস্বামী থাকাই উচিত। কিন্তু যখন অন্যের স্বত্বহরণ করিবার ক্ষমতা, অথ আইনমত ক্ষমতা আমাদের ছিল না, তখন ঐ সকল স্বত্বের কিছুই আমরা ভূস্বামী দিগকে দিই নাই; এবং আমাদের সৃষ্ট ভূস্বামী দের বিরুদ্ধে পুরাতন ভূস্বামী দিগকে ও স্থায়ীস্বত্বভোগাধিকারীদিগকে রক্ষা করিতে বাধ্য।"

আইন ঘটিত এই রূপ বিবাদীয় প্রশ্ন সম্বন্ধে চাই কোর্টের জজদের, অ্যাডবোকেট জেনরল সাহেবের ও গবর্ণ মেণ্টের অন্য আইন সংক্রান্ত কর্ম্মচারীদের এবং দেশের প্রধান আইন ব্যবসায়ীদের মত জিজ্ঞাসা করিলে ভাল হইত। কিন্তু যে সকল সরকারী কাগজপত্র প্রকাশিত হইয়াছে, তাহাতে যেরূপ স্থিতিরীতি বিষয়ে, তদ্রূপ এই বিষয়েও বিশেষরূপ সম্বাদ ভাব দেখিতে পাই। চিরস্থায়ীবন্দোবস্ত জমীদারদের একটী প্রধান দাঁড়াইবার স্থল, এবং এই বিষয়েও আইন সংক্রান্ত যে সর্ব্বোৎকৃষ্টমত পাওয়া যাইতে পারে, সিলেক্ট কমিটীর তাহা পাওয়া নিতান্ত আবশ্যক ছিল। কিন্তু এরূপ কোনমত জিজ্ঞাসা করা হয় নাই।

পাণ্ডুলিপির ৩য় অধ্যায়।—তালুকদারদের সম্বন্ধীয় বিধি।

তালুকদারেরা রায়তি স্বার্থ হইতে স্বতন্ত্র ভূমিগত মালিকী স্বার্থের একাংশমাত্রে লিপ্ত। প্রকৃত তালুকদারদের জন্য এক্ষণে ব্যবস্থা করিবার আমি কোন বিশেষ প্রয়োজন দেখি না। তাঁহাদের স্বত্ব যথোচিত পরিমাণে নিশ্চিত; এবং একটি শ্রেণীস্বরূপ তাঁহারা অন্ততঃ আপনাদের স্বার্থের প্রতি দৃষ্টি রাখিতে সম্পূর্ণরূপে সক্ষম। তালুক ও পেচাও তালুক সম্বন্ধে ১৮৫৯ সালের বঙ্গীয় ৮ আইনের বিধান রীতিমত পুনর্গ্রহণ করণ আমি বুঝিতে পারিতাম; কিন্তু এই বিষয়ে মূল ব্যবস্থার পরিবর্ত্তনের উপযুক্ত কারণ বা আবশ্যকতা বুঝিতে পারিতেছি না। আমার মতে সমস্ত তৃতীয় অধ্যায়টি নূতন করিয়া লেখা উচিত, ১৮১১ সালের ৮ আইনের বিধান অখণ্ডাকারে রাখা উচিত, এবং বঙ্গদেশের ব্যবস্থাপক সভার প্রণীত ১৮৬৯ সালের ৮ আইনের প্রাসঙ্গিক বিধানগুলি শুদ্ধ তুলিয়া লওয়া উচিত।

দখলীস্বত্ববিশিষ্ট কোন কোন রায়তকে (অর্থাৎ যাহার কোন লিখিত করে ও যাহাদের দখলে একশত বিঘার অধিক জমা থাকে তাহা দণ্ডকে) তালুকদারের পদে, সাক্ষাৎ বা পরম্পরাভাবে উন্নীত করায়, আমার মানবর সহযোগীর বিস্তারিত ব্যাখ্যামতে মূল ব্যবস্থা যতটা পরিবর্ত্তনের অনাবশ্যকতা অতদূর বৃদ্ধি হইয়াছে।

পাণ্ডুলিপির ৪র্থ অধ্যায়।—যে রায়তেরা অবধারিত হারে ভূমি ভোগ করে তাহাদের সম্বন্ধীয় বিধি।

ভূমির উপর পরিমেয়ের নূতন কর নির্দ্ধারণ অবধি বাকী খাজানা আদায়ের সুবিধা করা হয় জমিদারেরা যত কেন আবশ্যক বিবেচনা করিয়া থাকুন না, এবং নানা অঞ্চলে খাজানা রুদ্ধ সম্বন্ধে অধিকতর সুবিধা করিয়া দেওয়া শ্রেণীবিশেষের ভূম্যধিকারিরা যত কেন আবশ্যক বোধ করুন না, আমি লিখিতে পারি বঙ্গদেশের ও বেহারের জমীদারেরা এবিষয়ে সম্পূর্ণরূপে একমত যে, প্রস্তাবিত ব্যবস্থা গ্রহণ করা অপেক্ষা তাহারা বরং বকেয়ার অসুবিধা ও কষ্ট ভোগ করিতেও সম্মত। কিন্তু যদি আইন পরিবর্ত্তন করিতে হয় তবে কথা পাকা ও বিচারসিদ্ধ যে ১৮৫৯ সালের ১০ আইনের নূতন যে যে বিধানে উক্ত ৯ ধারার কার্য্য হইয়াছে। জমীদারদের অন্যায়ে ক্ষতি করিয়াছে, সেই সেই বিধান পরিবর্ত্তিত বা রহিত করা উচিত। খাজনার একবার সাত বৎসর ভোগ করিলে প্রজার অনুকূলে যে অনুমান হয় তাহার উদ্দেশ্য প্রজাকে সিদ্ধ করিয়াছে বলা যাইতে পারে; কারণ যে কোন প্রজার ইচ্ছার প্রতি দৃষ্টি থাকে, সে গত পঁচিশ বৎসর বিবাদ করিয়া খাজনা লইতে ও তাহার রফাকরণার্থ যত্ন করিতে সুযোগ পাইয়াছে। অন্য কোন কারণ না থাকিলেও প্রজাদের হস্তান্তরে যদি আর এরূপ খাজনা বাড়িতে না দিলে এরূপ অনুমান হইতে সেই কাল বৃদ্ধি করিয়া দেওয়া উচিত হইত। কিন্তু ইহার পরিবর্ত্তনে এই কারণ অনাবশ্যক হইয়া উঠিয়াছে যে বর্ত্তমান আকারে এই অনুমান প্রকৃত জমীদারদের নিশ্চিত ও অনুচিত ক্ষতি হইতেছে।

১৮৫৯ সালের ১০ আইনের ৩৪ ধারা দেখ।

মানবর শ্রীযুক্ত রেনল্ডস সাহেব ১৮৮১ সালের ১৮ মে তারিখের ৯ নং মন্তব্যলিপিতে যে মত লিপিবদ্ধ করিয়াছেন, মানবর বিচারপতি হোল্‌মউড সাহেব তাহার লিখিত বিবরণে পূর্ব্বেই তাহাতে মতামত প্রকাশ করিয়াছেন। রেভিনিউ বোর্ডের পদত্যাগী মেম্বর ও খাজানা সম্বন্ধীয় কার্য্যকারী কমিশনর মহোদয় শ্রীযুক্ত ডাম্পিয়র সাহেবও তাঁহার ১৮৮১ সালের ১৯ মে তারিখের মন্তব্যে তদ্রূপ মত লিপিবদ্ধ করিয়াছেন; এবং সম্প্রতি মানবর শ্রীযুক্ত রেনল্ডস সাহেব আপন মত পরিবর্ত্তন করা উচিত বোধ করিয়াছেন, তথাপি তিনি ও ডাম্পিয়র সাহেব যে সকল যুক্তি উত্থাপন করেন তাহার খণ্ডন হয় নাই। এই রূপ আইনের অনুমানের প্রকৃত ফল বিবেচনা করিলে হয় নাই, কল্পনাত্মক হইয়াছে, অর্থাৎ যে সকল স্বত্ব আছে কিন্তু যাহার কোন প্রমাণ সম্ভব নহে। প্রমাণ পাওয়া যাইতে পারে না, কেবল তাহাই নাবস্ত না করিয়া অধিকাংশ স্থলে নূতন স্বত্ব সৃষ্টি করিয়াছে। মানবর শ্রীযুক্ত রেনল্ডস সাহেব এই যে হেতু উত্থাপন করেন কেবল যে তাহা নহে, যাহা ঐ ও ডাম্পিয়র সাহেব অনুমানে বর্ত্তমান থাকিতে বৃক্ষের দোষ দিয়াছেন তাহা নহে, তিনি সাধারণ রাজনীতি ঘটিত এই হেতু দিয়াছেন যে, কোন জমীদারী বিক্রয়ের নিকট হইতে কোন জমীদার কোন মতে খাইতে আরম্ভ করিলে জমীদারী লাগপত্তি পাওয়া যাবে না বলিয়া উক্ত অনুমান তাঁহা কার্য্যতঃ ইহাই নিষ্ফল করে যে, কোন প্রজা খাজানা বাকি তিন বিশ বৎসর ভূমি ভোগ করিলে তাহাদিগের স্থায়ী স্বত্ব প্রাপ্ত হবে।" শ্রীযুক্ত রেনল্ডস সাহেবের এই কারণ রাজনীতি ঘটিত হেতু বলিয়া এরূপ আর একটী যুক্তি দেখান যায় যে, চিরস্থায়ী বন্দোবস্ত করিয়া কিন্তু বঙ্গদেশে স্বত্ব পাকে চলিয়া যায়" এই ভয়ে অন্য বিধানানুসারে ভূম্যধিকারীদের বিশ বৎসর অন্তর খাজানা বৃদ্ধি করিবার যে ক্ষমতা উপস্থিত করিতে হয়।

বঙ্গদেশের ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধীয় আইনের প্রস্তাবিত সংশোধন সম্বন্ধে বঙ্গদেশের গবর্ণমেণ্টের রিপোর্ট ১৮৮১ সালের ৬১৩ পৃষ্ঠা।

বঙ্গদেশের ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধীয় আইনের প্রস্তাবিত সংশোধন সম্বন্ধে বঙ্গদেশের গবর্ণমেণ্টের 'রিপোর্টের ২ বাঙ্গালার ৪১০ পৃষ্ঠা'।

পাণ্ডুলিপির ৫ম অধ্যায়।—দখলীস্বত্ব বিশিষ্ট রায়তদের সম্বন্ধী বিধি।

এইবিষয়ের বিচার করিতে প্রবৃত্ত হইলে, প্রকৃত স্থায়ী ও মধ্যবর্ত্তী প্রজা যে ভূমির মধ্যে যে অংশ প্রভেদ আছে, ইহা আমরা বলেরা। অধিকাংশ স্থলে মধ্যবর্ত্তী প্রজা সাধারণ প্রজা হইতে অধিক খাজানা আদায় করিতে পারেন, তাহাতেই উহার উপস্বত্ব বৃদ্ধি হয়। কিন্তু চাষীকে নিষ্পীড়ন করিয়া মধ্যবর্ত্তী প্রজা সাধারণ আদায় করিতে পারেন, তাহাতেই উহার সমৃদ্ধি নিশ্চয় করে। সুতরাং মধ্যবর্ত্তী প্রজাসম্প্রদায়ের অস্তিত্ব [illegible] অসুবিধা বৃদ্ধি হয়। প্রাচীন দেশাচার কিম্বা [illegible] কেবল ভূমির স্বামীদের [illegible] ক্ষুদ্র ভূস্বামী হইয়া বসেন, ও আপনাদের [illegible]

অপব্যবহার সম্ভব, তৎসমুদয়ের সারসংগ্রহ দেখাইয়া থাকেন, তাঁহাদের প্রতি ঐরূপ দয়া দেখান হয় না। যদি আইনের মৌলিক পরিবর্ত্তন করিতে হয়, তবে আমাদের কৃষিপ্রণালী হইতে এই শ্রেণীর লোকদিগকে ছাড়িয়া দেওয়া উচিত; কারণ "দুর্ব্বৎসর সহ্য করিতে সক্ষম, এরূপ যে সঙ্গতিপন্ন কৃষকদল" সৃষ্টি করিবার ইচ্ছা আছে, তাহাদের উৎপত্তি সম্বন্ধে এই শ্রেণীর লোকেরাই বৃহত্তম প্রতিবন্ধক। কোনও বিশেষ স্থলে কোর্ফা বিলি সিদ্ধ হইতে দিবার আবশ্যকতা স্বীকার করিতে আমি বিলক্ষণ সম্মত আছি, কিন্তু সেই সীমার বাহিরে আমি যাইতে চাহি না। যে সকল স্থলে কৃষিকার্য্যার্থ ভূমির দখল দেওয়া যায়, সেই সকল স্থলে প্রজা নিজে বা বেতনভোগী মজুরের দ্বারা প্রকৃত প্রস্তাবে ভূমির চাষ করিবেন, দখলীস্বত্ব এইরূপ নিয়মাধীন থাকে, আমি এইরূপ ব্যবস্থা করিতে চাই এবং বাসেন্দা রায়ত ছাড়া অন্য কাহাকেও এইরূপে হস্তান্তর করিয়া দিবার অনুমতি দিতে চাহি না। আমি কমিটীতে যে সংশোধনের প্রস্তাব করি, তন্মধ্যে দুইটী এই বিষয় সম্বন্ধীয় ছিল। স্ত্রীলোক নাবালগ প্রভৃতির বেলা সমুদয় যোত কোর্ফা বিলি করিবার অনুমতি দান সূচক সংশোধনটী বিধিত হইয়াছে, কিন্তু কোন প্রকৃত বাসেন্দা কৃষককে এইরূপ হস্তান্তর করিয়া দিতে হইবে, এই মর্ম্মের অন্য সংশোধনটী গ্রাহ্য হয় নাই।

The Zemindari Settlement of Bengal নামক পুস্তকের ১ খণ্ডের ৩৫৫-৬০, ও ৮৩ ৯ পৃষ্ঠায় ইহার একটী সুন্দর উদাহরণ দুই হইবে, তাহাতে অনেক সরকারী ও বেসরকারী লেখা উদ্ধৃত হইয়াছে।

এই কথার উত্তম প্রমাণ আছে যে কোর্ফা বিলি করায় কৃষকের সর্ব্বনাশ হইয়াছে, এবং কৃষিসংক্রান্ত অবস্থা বর্ণিত গোলযোগ সম্বন্ধে মধ্যশ্রেণীর প্রজারা সর্ব্বাপেক্ষা দায়ী এবং যে রায়ত জমীদারের অব্যবহিত অধীনে আছে, তাহার অবস্থা কোর্ফা বা কলায়ত রায়তের অপেক্ষা অনেক ভাল। এইরূপ অবস্থায় দখলীস্বত্ববিশিষ্ট রায়তের দলকে তালুকদার ও খাজানা গ্রহীতার পদে উন্নীত করিলে, এবং কৃষক ছাড়া অন্য লোকদিগকে দখলক্রমে বা প্রকারান্তরে দখলীস্বত্ব লাভ করিবার সুবিধা করিয়া দিলে, বর্ত্তমান অসুবিধা অনর্থক বৃদ্ধি করা হইবে মাত্র। রায়ত কোন একখণ্ড ভূমিতে দখলীস্বত্ব লাভ করিতে না পারে, এই নিমিত্ত যে জমীদার তাহাকে ইচ্ছাপূর্ব্বক একজমী হইতে অন্য জমীতে চালান করে (আমি বলি এরূপ রীতি আছে এরূপ প্রমাণ নাই), সেইরূপ জমীদারের স্বেচ্ছাচার হইতে রায়তকে রক্ষা করা আবশ্যক, ইহা স্বীকার করিয়া লইয়া সিলেক্ট কমিটী রায়তের অনুকূলে এই অনুমান সৃষ্টি করিতে চাহেন যে যেহেতু এক্ষণে তাহারা ভূমি ভোগ করিতেছে, তাহারা অদ্য হইতে ১২ বৎসর ঐ ভূমি ভোগ করিয়া থাকিবে। এইরূপ অনুমান কৃষিয়া প্রকৃত লোকদের প্রকৃত অবস্থার বিরুদ্ধ; কারণ যাহার উপর জমীদারদের কোন ক্ষমতা নাই, এরূপ নানা হেতুবশতঃ ভূমির দখল দিনে পরিবর্ত্তন হইতেছে। এই প্রদেশে বৃহৎ নদীতীরস্থিত ভূমিখণ্ড আছে, যেখানে নিয়ত পলিমাটী ও পয়স্তী মাটী পড়িতেছে; এই প্রদেশের সীমাবদ্ধ স্থানে সর্ব্বত্র অদ্য পি জঙ্গল কাটিয়া ভূমি কৃষিকার্য্যোপযোগী করণের প্রক্রিয়া চলিতেছে; সমাধিত জিলা সমূহে ভূমির উপর লোক সংখ্যার চাপবশতঃ পতিত ও অনুর্ব্বর জমীর উপর চাষের আক্রমণ হইয়াছে ও হইতেছে; এরূপ বহুসংখ্যক পাইকস্ত কৃষক আছে বলিয়া প্রসিদ্ধ যাহারা কোন বিশেষ স্থানে বাসস্থাপী নাথাকিয়া সকল দিকে আপনাদের ভাগ্য পরীক্ষা করে। অনেকস্থলে ভূমির উৎপাদিকা শক্তি কমিয়া যাওয়ায় ও অন্য উপযুক্ত হেতুতে পুরাতন রায়তেরা ইচ্ছাপূর্ব্বক আপনাদের যোত ছাড়িয়া দেয়; এই সকল কথার প্রতি কিছু অনুমানে উপেক্ষা করা হইয়াছে। এই সকল কথা বিবেচনা করিয়া ইহা কি বলা যাইতে পারে যে, একজন অপক্ষপাতী ও যুক্তিযুক্ত বিচারক, মোকদ্দমার সম্ভাবিত অবস্থা সম্বন্ধে অন্য কোন প্রমাণ না পাইয়া, প্রজা অদ্য কোন ভূমি ভোগ করিতেছে, কেবল ইহা হইতে (এইরূপ অনুমান করিতে তাঁহাকে বাধ্য বিবেচনা করা দূরে থাকুক,) এইরূপ অনুমান করিতে পারিতেন যে উক্ত প্রজা উক্ত সমস্ত ভূমিখণ্ড কিম্বা অন্ততঃ তাহার কিয়দংশ গত বার বৎসর দখল করিয়াছে?

সকল রায়তের দখলীস্বত্ব আছে এই প্রস্তাবিত অনুমান সম্বন্ধে, আমি এখানে কতকটি স্থলের উল্লেখ করিব, যে সকল স্থলে রায়তের দখলীস্বত্ব না থাকিলেও জমীদারের বা ঠিকাদারের পক্ষে এরূপ অনুমান খণ্ডন করা আমি প্রকৃতপক্ষে অসম্ভব বলিয়া বিবেচনা করি —

১ম —কোন খাজানার রাজস্বের নিমিত্ত বলপূর্ব্বক নীলাম করা গেলে সম্পত্তি ক্রয় করিয়া যে স্থলে ভূম্যধিকারী দখল পায়, সেই সেই স্থলে যে রায়তীনে জমীদারের সম্পত্তি এইরূপে ক্রয় করা যায় সেই জমীদার প্রায়ই স্বভাবতঃ যেখানে কোন কর্ম্ম করিয়া থাকায় ও পূর্ব্বে সনে, কাগজপত্র দিতে অস্বীকার করে। এরূপ স্থলে জমীদার কিরূপে উক্ত অনুমান খণ্ডন করিবেন?

২য়—যে স্থলে একজন জমীদার কিম্বা একাধিক পত্তনীদার বা ঠিকাদারকে বিলি করিয়া দেওয়া যায় সেই স্থলে ঐ মহালের অন্য পত্তনী বা ঠিকা জমিতে রায়ত যে ভূমি ভোগ করিয়া আসিতেছে না, এই অনুমান একজন পত্তনীদার কিরূপে খণ্ডন করিবেন?

কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়তের যোতের পরিমাণ এক গণ্ডমাত্র হইলেও, সে নূতন জমি লইলে, যে দিন তাহার সহিত ঐ জমির বন্দোবস্ত হয়, সেই দিন তাহাতে দখলীস্বত্বপ্রাপ্ত হইবে, এই প্রস্তাবের প্রতিবাদে এক্ষণ আমার প্রবৃত্ত হইতে হইতেছে। একজন রায়ত ক্ষুদ্র এক খণ্ড ভূমি চাষ করিতে পারে বলিয়াই সে বৃহৎ ভূমিখণ্ড চাষ করিতে পারিবে, ইহা যুক্তিযুক্ত নহে। সে কেবল কোর্ফা বিলি বা বিক্রয় করিবার নিমিত্ত ভূমি লইতে পারে।

আবার "মহাল" শব্দ অত্যন্ত অনির্দ্দিষ্ট। মহাল শব্দে একটি ক্ষুদ্র ভূমিখণ্ড বুঝাইতে পারে, অথবা দেশের বৃহৎ খণ্ড বুঝাইতে পারে। "গ্রাম" শব্দ অধিকতর সুবিধাজনক। গ্রামের সুনির্দ্দিষ্ট সীমা আছে ও উহাতে বিশেষ স্থান বুঝায়।

দখলীস্বত্ব হস্তান্তর করিবার ও তাহা অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।

ইহা অতি স্পষ্টরূপে জানা যাইতেছে যে, এ দেশের ভূমি সংক্রান্ত প্রাচীন ব্যবহারক্রমে, কোন রায়ত বাসেন্দা হউক বা না হউক, তাহার রায়তি স্বার্থ বিক্রয় করিবার বা বন্ধক দিবার ক্ষমতা ছিল না। * দেশাচারক্রমে না হইলে ভূম্যধিকারীর ইচ্ছার বিরুদ্ধে দখলীস্বত্ব হস্তান্তর করা যাইতে পারে না এই কথা বলিয়া ব্যবস্থাপকেরা ও বিচারপতিরা এই নিয়ম মান্য করিয়াছেন। গবর্ণমেণ্টের পক্ষের কথা এই বলিয়া বোধ হয় যে, দেশাচার সর্ব্বত্র চলিয়াছে, কিন্তু যে স্থিতিরীতিগত বিবরণের দোহাই দেওয়া হয়, তাহা বাস্তবিক প্রাসঙ্গিক নহে, কারণ তাহাতে দেখায় না কত স্থলে হস্তান্তর হইবার পূর্ব্বে বা পরে জমীদার সম্মতি দিয়াছেন।

* "ইহা সাধারণতঃ জানা আছে যে, রায়তেরা বহু কাল দখল করিলে ভূমিতে দখলীস্বত্বপ্রাপ্ত হয় ও তাহাদিগকে উঠাইয়া দেওয়া যাইতে পারে না, কিন্তু এই স্বত্বক্রমে তাহারা ভূমি বিক্রয় করিবার বা বন্ধক দিবার ক্ষমতাপ্রাপ্ত হয় না।" শোর সাহেবের ১৭৮৯ সালের ২৮ জুনের মন্তব্যলিপি; হারিংটন সাহেবের Analysis নামক পুস্তকের ৩য় বালামের ৪০৩ পৃষ্ঠা।

এপ্রকারের কোন দেশাচার এরূপ প্রসিদ্ধ হইবে যে, সকল শ্রেণীর ও স্বার্থের সম্মতি জন্মাইয়া ইহা বিচারালয়ে প্রমাণ করিতে কিছুমাত্র কষ্ট হওয়া উচিত নহে। আর (১ম) হস্তান্তরযোগ্যতা সর্ব্বত্র স্বীকৃত হয়, ইহার বিশেষ ও উপযুক্ত প্রমাণ না থাকায়, এবং (২য়) যে দেশাচার প্রকৃত প্রস্তাবে প্রচলিত ও প্রবল আছে, তাহার প্রমাণ দিতে খরিদারদের অক্ষম বা হেতুক দেওয়ানী আদালতে অবিচার ঘটিবার বিশেষ কোন দৃষ্টান্ত না থাকায়, সর্ব্বত্র হস্তান্তরযোগ্যতার বিধান করা অনাবশ্যক বলিয়া আমি বিবেচনা করি। এক্ষণে যেরূপ কল্পনা হইতেছে, তদনুসারে সর্ব্বত্র দখলীস্বত্ব বিস্তার করা গেলে, ভূস্বামী ও প্রায় সমাজ উভয়েরই অপকার হইবে; কারণ, যে সকল শান্তি ও মৈত্রভাবাপন্ন রায়তদিগকে রাখা ভূস্বামীর স্বার্থ, আপন ভূমিতে তাহাদিগকে রাখিবার ক্ষমতা হইতে আর তাঁহারা থাকিতেছে না, এবং যে মহাজনেরা বা বিরোধী জমীদারেরা রায়তদের স্বত্ব ক্রয় করিতে পারে ও তাহাদের জমীতে ভিন্ন শ্রেণীর লোক বসাইয়া গ্রামে বিবাদ, আকর্ষণ ও সর্ব্বনাশ উপস্থিত করিতে পারে, সেই মহাজন বা জমীদারদের তাহা রায়তদের উচ্ছেদ হইবার দ্বার স্বরূপ হইতেছে।

আমি বলিতে চাই যে, এদেশের যে প্রাচীন দেশাচারক্রমে এরূপ লোক হস্তান্তর করিতে পারা যাইত না, তাহাতে তাহা সমাজে [illegible] মঙ্গল হইবার বিশেষরূপ সম্ভাবনা ছিল, কারণ, ঐ সমাজে তাহাদের স্বার্থ ছিল না, তাহাদের উপর অত্যাচার পূর্ব্বক প্রবেশ করা এবং সাধারণতঃ ঐ সমাজের ও ভূস্বামীদের বিরুদ্ধ স্বার্থ স্থাপন করিয়া গ্রামের শান্তি ও সমৃদ্ধি নষ্ট করা ঐ দেশাচারবলে বহুপরিমাণে নিবারিত হইত।

দক্ষিণাপথের রায়তদের মধ্যে হস্তান্তরকরণস্বত্ব স্বীকৃতহওয়াতে যে অনিষ্টজনক ফলন ফলিয়াছে; এবং যেসকল লোকদের হাতে সাঁওতালেরা পড়ে, প্রধানতঃ তাহাদের অত্যাচারহেতুক সাঁওতালদের মধ্যে যে বিদ্রোহভঙ্গ ঘটে আমার মতের প্রতিপোষকার্থে আমি তাহার উল্লেখ করিতে চাই; এবং এই আইন বিরুদ্ধ হইলে, আমরা নিজ ও অন্যের জমীদারীর রায়তদিগকে মহাজন ও অন্য ভূমিব্যবসায়ীদের কবলের উপর ফেলা যে ইহার স্বাভাবিক ফল হইবেক, তদ্বিরুদ্ধে আমি আপত্তি করিতেছি।

সত্য বটে, নূতন হস্তান্তরের প্রদানের ক্ষতিপূরণস্বরূপ ভূস্বামীকে অগ্রে ক্রয় করিবার স্বত্ব দিবার প্রস্তাব হইয়াছে, কিন্তু আমি জিজ্ঞাসা করিতে চাই, যাহা ভূস্বামীর নিজের আছে, তিনি কেন তাহা ক্রয় করিতে বাধ্য হইবেন, "অগ্রে ক্রয় করিবার প্রস্তাবিত সীমাবদ্ধ স্বত্ব ভূস্বামী অস্বীকার করিবেন এবং আমি প্রস্তাব করি যে, এইস্বত্ব যদি দেওয়াই হয়, তবে উত্তরাধিকার সূত্রে না হইয়া রায়তী স্বত্বের যে প্রত্যেক হস্তান্তর হয়, তাহাতেই এই স্বত্ব বর্ত্তাইয়া তাহা অধিকতর কার্য্যকর করা উচিত, এবং "তালুক" সম্বন্ধেও উক্ত স্বত্ব বর্ত্তাইতে পারিলে মধ্যবর্ত্তী প্রজাদের স্বার্থলোপ করিয়া এরূপ স্বত্ব কার্য্যকর করিবার বিধান করা হয়, ইহাতে সকল পক্ষের বিশেষ মঙ্গল। অগ্রে ক্রয় করিবার অধীন স্বত্বাধীনে মহাজনের তাহার নিকট বিক্রয় করিবার স্বত্ব অপেক্ষা প্রকৃত বাসেন্দা কৃষকদের নিকট স্বাধীন ভাবে বিক্রয় করিবার স্বত্ব আমার নিকট উৎকৃষ্টতর বোধ হয়। কেহ অনুমান করেন যে, দখলীস্বত্ব হস্তান্তরযোগ্য হইলে তাহা ধনীর লীলাস্বরূপের অপকারক হবে, কিন্তু আমি তাঁহাদের মতে নহি। অনেক লোককে জানি, যাঁহারা এই প্রস্তাবে বিরোধী, এবং বঙ্গদেশের নীলকরেরা সম্পূর্ণরূপেই তাহার বিরোধী।

আরও মূল রূপে পরিবর্তন করণ।

এই বিষয় বিবেচনা করার সময় আমি এই কথা প্রস্তাব করিতে ইচ্ছা করি যে আমার মহাল ভাবলী বা পয়স্তা খাজানা দেওয়া রীতি নহে; এবং আমার এমন বিবেচনাও হয় না যে উহা মুদ্রাঙ্কিত খাজানা দেওয়ার নাম ঐসকল অঞ্চলে জমীদার বা কৃষকের উপযোগী হইবে। কিন্তু বেহারে এমন অনেক স্থানে আছে যথায় অনেকই চলিত ও টাকায় খাজানা কদাচ কখন দেওয়া যায়। ঐ সকল স্থানের অবস্থা ভিন্নপ্রকার, এবং এই বিষয়ে যেরূপ কল্পনা হইতেছে তদ্রূপ সম্পূর্ণ পরিবর্ত্তন যদি সহসা প্রবর্ত্তিত করা যায়, তাহা হইলে সকল শ্রেণীরই বিশেষ কষ্ট হইবার সম্ভাবনা। এরূপ বিষয়ে সময়ের উপর নির্ভর করাই উচিত, অতীত কালের অভিজ্ঞতায় দৃষ্ট হইতেছে যে, সভ্যতা ও সমৃদ্ধির ক্রমশঃ উন্নতির সঙ্গেই শস্যরূপে দেয় খাজানা মুদ্রারূপে প্রায়ই পরিবর্ত্তিত হইয়া থাকে। অতএব হঠাৎ বলপূর্ব্বক এরূপ পরিবর্ত্তন প্রবর্ত্তিত করা আমি দোষের বিষয় বলি।

এবিষয়ে আমার নিজের বড় একটা ক্ষতিবৃদ্ধি নাই। কিন্তু আমার ইচ্ছা যে বেহারের জমীদারদিগের প্রতিনিধি স্বরূপ আমি তাঁহাদের মত প্রকাশ করি। আমার বিবেচনায় এই সকল মত বিশেষ বিবেচনা যোগ্য।

শস্যরূপে খাজানা দেওয়ার রীতিই নিঃসন্দেহ খাজনা দিবার আদিম উপায়; এবং বেহারের অনেক অংশে উহা যে আজিও রক্ষিত হইয়াছে তাহার কারণ এই যে লোকের বর্ত্তমান অবস্থায় উহাতে নানা প্রকারে সুবিধা হয় এবং সকলেই জানে এদেশের লোক পুরাণ রীতি অনুসারে কার্য্য করিতেই অধিক ভাল বাসে। আকবরের প্রধান হিন্দু রাজস্ব সচিব রাজা তোড়রমল রায়তের খাজানা মোট উৎপন্নের একচতুর্থাংশ বলিয়া নির্দ্দেশ করেন। আওজীব বৃদ্ধি করিয়া অর্দ্ধেক করিয়া তুলেন। জমীদারেরা বিচালির মূল্য নির্দ্ধারণ অত্যন্ত দুষ্কর বিবেচনা করিয়া শস্যরূপ উৎপন্নের ১/ ষোলভাগের নয় ভাগ খাজানা অবধারিত করেন এবং বিচালির সমস্ত মূল্য রায়তকে প্রদান করেন।

যেখানে দুর্ভিক্ষাদি উপস্থিত হইলে কৃষক সম্প্রদায়ের ব্যবসায়ান্তর অবলম্বনের কোন উপায় নাই, সেখানে অজন্মার সময় উৎপন্ন যতই কম হউক না কেন উহার এক অংশ রক্ষা করাই কৃষকের পক্ষে স্পষ্টই সুবিধা। আর একদিক দেখিতে গেলে যে প্রজা এক সমান মুদ্রারূপ খাজানা দিতে বাধ্য, সময়ে সময়ে তাহার সমস্ত উৎপন্নের মূল্য ভূম্যধিকারীর অবধারিত টাকার দাবীর সমান হয় না। এইরূপ বিবেচনা করিলে দৃষ্ট হইবে যে, যে কৃষক খাজানা শস্যে দেয় সে, যে মুদ্রারূপ খাজানা দেয়, তাহা অপেক্ষা দুর্ভিক্ষ অধিক সহ্য করিতে সমর্থ।

দৃষ্টান্তস্বরূপ এমন বৎসরও যাহাতে শস্য একেবারেই জন্মে নাই। ভাওলীদার আপন ভূম্যধিকারীকে সেবৎসর কিছুই দিবে না, যেহেতু তাঁহার সহিত ভাগ হয় এমন শস্যই নাই। কিন্তু শস্য উৎপন্ন হউক আর নাই হউক মুদ্রারূপ খাজানাদাতা সম্পূর্ণ বৎসরের খাজানা দিতে বাধ্য, তাহাকে হয় যে সময়ে তাহার বাজারসস্তা ও ভাস্তু কম সেই সময়ে জলা সুদে টাকা ধার করিতে বাধ্য হইতে হইবে, না হয় ভূম্যধিকারী মোকদ্দমা রুজুকরিলে তাহার খরচা ও সুদ দিতে হইবে। অতএব শস্যরূপে দেয় খাজানা পরিবর্ত্তনের বিধান বাঞ্ছনীয় নহে, কারণ উহাতে অকস্মাৎ দুর্ভিক্ষের সময় কৃষক সম্প্রদায়কে অত্যন্ত কষ্টে ফেলিবার সম্ভাবনা।

খাজানার দাবীর সময় সাধারণতঃ ফসলের সময়ের সঙ্গে এক হওয়ায় সচরাচরও দৃষ্ট হয়, যে সকল কৃষক মুদ্রারূপে খাজানা দেয়, অনেকস্থলে, যদিও এরূপ স্থল অতিবিরল, তাহাদিগকে অতি অল্পমূল্যে শস্য ছাড়িয়া দিতে বাধ্য হইতে হয়। এরূপ সময়ে ভাওলী প্রজাকে কোন প্রকার ক্ষতি স্বীকার করিতে হয় না।

আবার অনেক স্থলে বড় বড় চর আছে, তথায় প্রতি ফসলেই ভূমির উৎপাদিকা শক্তির বিলক্ষণ হ্রাস বৃদ্ধি হয়। এরূপ স্থলে জমীদার ও রায়ত উভয়ের পক্ষে ভাওলী প্রথায় খাজানার বন্দোবস্ত করায় সুবিধা ও সুবিচার হয়।

আরও ভাওলী প্রথানুসারে বন্দোবস্ত জমী ও রায়তের সহিত ভাগ করায় প্রতিবৎসরই ভূমির উৎপাদিকা শক্তি, পরিমাণ ও উৎপন্নের মূল্য বৃদ্ধির ফল পাইয়া থাকেন। যদি হ্রাস হয় তবে উভয়ের সে ক্ষতি ভাগ করিয়া লইতে হয়। এজন্য কোন পক্ষেরই বিশেষ অসন্তোষের বিশেষ কারণ থাকে না এবং জমীদারেরও খাজানার জন্য মোকদ্দমা রুজু করিবার বিশেষ আবশ্যকতাও থাকে না।

এই শস্য মুদ্রারূপে পরিবর্ত্তন সম্বন্ধে গেল। এই পরিবর্ত্তন কার্য্যে পরিণত করা সম্বন্ধে রাজস্ব কর্ম্মচারীই মুদ্রারূপে দেয় খাজানা অবধারিত করার ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন, এবং পাণ্ডুলিপিতে বিধান আছে যে এরূপ বন্দোবস্তের সময় তিনি নিকটস্থ স্থানে প্রচলিত মুদ্রারূপ খাজানা দেখিয়া ও গত দশ বৎসরে জমীদার প্রকৃত পক্ষে যে খাজানা পাইয়াছেন তাহার বড় মূল্য ধরিয়া কার্য্য করিবেন। এই সকল নিয়ম অত্যন্ত আলগা এবং ইহা সহজেই আশঙ্কা করিতে পারা যায় যে প্রত্যেক প্রস্তাবিত বিষয় কর্ম্মচারীর মত অত্যন্ত ভিন্ন। আমার বিবেচনায় এরূপ স্থলে প্রতি প্রস্তাবিত বিষয়ে দুজন কর্ম্মচারীকে তাঁহার নিজ মতলবমত মীমাংসার উপর নির্ভর করিতে দেওয়া উচিত নহে। এরূপ বিষয় ভূম্যধিকারী ও প্রজার ব্যক্তিগত চুক্তিও পরস্পরের সম্মতি অনুসারে হইলেই ভাল হয়। ভাওলীদারের পক্ষে একথাও বলা হইয়া থাকে যে শস্যরূপে খাজানা লওয়াই জমীদারের পক্ষে ভাল কারণ তাহা হইলে তাঁহাকে ফসলের সময়েই বিক্রয় করিতে হয় না। তিনি শস্য কিছু দিন ধরিয়া রাখিতে পারেন এবং সময় বুঝিয়া বৎসরের যে সময়ে শস্যের মূল্য অধিক হয় এরূপ সময়ে অনেক খাজানা শস্য বিক্রয় করিতে পারেন। সুতরাং এরূপ খাজানার পরিবর্ত্তনে কার্য্যতঃ জমীদারের অসুবিধা হইবে। আমার বোধ হয় না, যে এরূপ করা গবর্ণমেণ্টের যথার্থ অভিপ্রায়।

আমার ইচ্ছা আছে যে আমি শীঘ্রই এবিষয় সম্বন্ধে কতক গুলি ভিত্তিস্থাপক ঘটিত সংবাদ দিতে পারিব। ঐ গুলি এখনও আমি সম্পূর্ণ করিয়া উঠিতে পারি নাই। এই সম্বন্ধে দেশে এক কথা আছে। রায়তের স্বার্থের জন্য ভাওলী প্রথা [illegible] — যে স্থলে এ প্রথা প্রচলিত আছে সে স্থলে অনুসন্ধান করিবার জন্য, যাহাতে দুই পক্ষের সমান রক্ষা হয় যদিও সাক্ষাৎসম্বন্ধে তিনি ইহার উপায় করিতে পারেন না, তথাপি তাঁহাকে [illegible] দায়ী হইতে হইবে না। কিন্তু যে স্থলে টাকায় খাজানা দিতে হয়, সে স্থলে জমীদারকে সমস্ত ঝঞ্ঝাট ছাড়া। তুমির উৎপাদিকাশক্তি বৃদ্ধি করেন, রায়তকে খাজানা বৃদ্ধি দিতে হয় এবং খাজানার [illegible] আশা করিতে পারেন যে স্থানে দুর বাধ [illegible] মেরামতে যাহার খরচ জমীদারকে ও তাহাতে [illegible] দিতে হইবে।

খাজানা বৃদ্ধি।

এই বিষয়ে ও খাজানা আদায় বিষয়ে জমীদারদিগের আরও সুবিধা করিয়া দেওয়া পরামর্শসিদ্ধ বলিয়া বিবেচনা করা হইয়াছে। বর্ত্তমান আইনে কেবল তিনটী কারণ বশতঃ আদালতের দ্বারা খাজানা বৃদ্ধি করার অনুমতি আছে। তাহার মধ্যে প্রধান কারণ এই যে, রায়তের ব্যয় বা পরিশ্রম ব্যতীত উৎপন্নের মূল্য অথবা ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে। সকলে স্বীকার করিবেন যে এই সূত্র ধরিয়া বৃদ্ধি দেওয়া ন্যায্য, কিন্তু কার্য্যকালে দৃষ্ট হইয়াছে যে এরূপ "বৃদ্ধি" আদালতে প্রমাণ করা অত্যন্ত দুষ্কর, অতএব আদালত দ্বারা বৃদ্ধি এক প্রকার বন্ধই হইয়াছে। এই জন্য জমীদার যদিও চুক্তি দ্বারা খাজানা বৃদ্ধি করা অপেক্ষাকৃত সহজ ও অল্পব্যয়সাধ্য বিবেচনা করেন, কিন্তু এরূপ করাও কে সকলেই সহজ বলিয়া বোধ হয় না। কারণ জমীদার দেওয়ানী আদালত দ্বারা যে বৃদ্ধি পাইতে পারেন না, তাহা দিতে রায়তেরা কিছুতেই অনিচ্ছুক।

যাহাহউক, যে পর্য্যন্ত গবর্ণমেণ্ট গেজেটে প্রত্যেক জিলার খাদ্য শস্যের দশ বৎসরের মূল্যের তালিকা প্রকাশ করিতেছেন তদবধি মূল্য বৃদ্ধি জানার উত্তম উপায় হইয়া রহিয়াছে। এইজন্য আমি এই সকল মূল্যের তালিকাকে মূল্যবৃদ্ধির চূড়ান্ত প্রমাণ করার প্রস্তাবকে অতি উত্তম প্রস্তাব বলিয়া মনে করি। এবং এইরূপ করিলে জমীদার অনেকটা উপকার প্রাপ্ত হইবেন। বর্ত্তমান আইনের শব্দরচনা সাধারণতঃ রক্ষিত হয় এবং এক্ষণে খাজানা বৃদ্ধির কারণ যেরূপ নিয়মবদ্ধ করার প্রস্তাব হইয়াছে তাহা না হয় আমি এই মর্ম্মে প্রস্তাব করিতে ইচ্ছা করি।

এই পাণ্ডুলিপিতে যেরূপ কল্পনা করা হইয়াছে অনেকস্থলে তদ্ভিন্ন অন্য কারণেও ভূমির উৎকর্ষসাধন হইতে পারে। এরূপ স্থল অতি বিরল ও ব্যয়ও প্রমাণ করা দুষ্কর, কিন্তু তাই বলিয়া তাহাদের অতিরিক্ত বিষয়ে কোন বিধান না করার কোন কারণ নাই।

এই বৃদ্ধি সম্বন্ধে প্রধান শস্যের লক্ষণ, কেবলমাত্র সুবস্ত খাদ্য শস্যে সীমাবদ্ধ থাকা আমার মতে উচিত নহে।

দেশের কোনরূপ শস্যের পরিবর্ত্তন হইলে জমীদাররা তাহার উপকার ভোগ করিবে এরূপ সমস্ত পুরাণ আইন এক বাক্যে প্রকাশ করিয়াছে। সর জন শোর সাহেব বলিয়াছেন যে চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্বেও এইরূপ দেশাচার প্রচলিত ছিল। বর্ত্তমান সময়েও যে সকল অঞ্চলে শস্যরূপ খাজানা দেওয়া হইয়া থাকে, তাহা যে কেবল খাদ্য শস্যের উৎপন্ন নির্ণয় করা হয় এরূপ নহে, ইক্ষু, তামাক, পান এবং অন্যান্য প্রকার শস্য ও যাচাই করা হয়। অন্যান্য জিলাতেও যে সকল জমীতে খাদ্য শস্য উৎপন্ন হয় ও যে সকল জমীতে অধিক মূল্য শস্য উৎপন্ন হয় তাহাদের খাজানার হার সম্বন্ধে বিশেষ প্রভেদ দৃষ্ট হয়।

অতএব এই বিধানে আবার নূতন করিয়া পুরাতন আইন ও দেশের সর্ব্ববাদিসম্মত দেশাচার পরিত্যাগ করিয়া যাওয়া হইল।

বিবাদীয় স্থলে পুরাতন আইনে আদালতের উপর খাজানার ন্যায্য ও উপযুক্ত হার নির্দ্ধারণের যে ভার ছিল তাহার উপর আর এরূপ কিছু বেশী করিবার আবশ্যকতা দেখিতে পাওয়া এবং খাজানাবৃদ্ধির হার সীমাবদ্ধ করিবার কোন আবশ্যকতা দেখিতে পাই না। প্রত্যেক স্থলে দেওয়ানী আদালতকে যেরূপ অনুসন্ধান লইতে হইত, তাহাতে কোন্ হার ন্যায্য ও উপযুক্ত হইবে আদালত তাহা জানিবার বিলক্ষণ সুবিধা হইত। এই জন্য ইহার ক্ষমতা হ্রাস করার উপযুক্ত কারণ আছে বলিয়া বোধ হয় না, এবং ইচ্ছতর হার দেওয়া উচিত আদালতের অন্তরোধমত এই বিশ্বাস জন্মিলেও টাকায় চারিআনার উচ্চতর হার দেওয়া বন্ধ করিবার উপযুক্ত কারণ আছে বলিয়া বোধ হয় না।

ঘরাও খাজানাবৃদ্ধি সম্বন্ধে আমার বক্তব্য এই যে, এরূপ স্থলে কোন্ বিচারে স্বাধীনভাবে চুক্তি পরিহার করা হইল, তাহা আমি বুঝিতে অক্ষম। ঘরাও বন্দোবস্ত দ্বারা খাজানা বৃদ্ধি পাওয়া জমীদারের পক্ষে সহজ ব্যাপার নহে। এরূপ স্থলে ভবিষ্যৎ বিবাদের জন্য কোনরূপ ছিদ্র থাকিবে এবং রায়ত যে চুক্তি পূর্ব্বেই স্বাক্ষর করিয়াছে কবুলিয়ৎ রেজিষ্টরী করার সময় তদনুযায়ী দায়িত্ব সম্বন্ধে গোলযোগ উৎপাদনের সুযোগ পাইবে, এরূপ করা কখনই বাঞ্ছনীয় নহে।

পাণ্ডুলিপির ৯ম অধ্যায়।—এজমালী সম্পত্তির তত্ত্বাবধান।

মন্ত্রিসভায় উত্থাপিত আদিম পাণ্ডুলিপির অভিপ্রায় ও হেতুর বর্ণনার ২৭ দফা হইতে এবং তাহাতে উল্লিখিত উদ্ধৃত অংশ সকল হইতে আমি জানিতে পারিয়াছি যে লোকের সংস্কার জন্মিয়াছে যে এজমালী মালিকদের কার্য্যাধ্যক্ষ নিয়োগের বিধান করা বিশেষ প্রয়োজনীয় এবং ১৮২৯ সালের ৫ আইনের কিয়দংশ ১৮৭৪ সালে রহিত করায় বর্ত্তমান আইন অর্থাৎ ১৮১২ সালের ৫ আইনের ২৬ ধারা অনুসারে কার্য্য করা দুষ্কর হইয়াছে বলিয়া এবিষয়ে আইন প্রণয়ন করা আবশ্যক হইয়াছে। পুরাণ আইনে যে স্থলে এজমালী ভূস্বামী আছে ও যেস্থলে এরূপ এজমালী ভূস্বামিদের ব্যবহারে শান্তিভঙ্গের আশঙ্কা আছে, সেস্থলে ঐ সম্পত্তির জন্য কার্য্যাধ্যক্ষ নিয়োগের ক্ষমতা গবর্ণমেণ্টকে দেওয়া আছে। এই সকল আইন ফৌজদারী কার্য্যপ্রণালী বিষয়ক আইন বিধিবদ্ধ হইবার অনেক পূর্ব্বে পাস হইয়াছিল। উক্ত কার্য্যপ্রণালীবিষয়ক আইনে শান্তিভঙ্গ শুদ্ধ কেবল ফৌজদারী অপরাধ বলিয়া সাব্যস্ত হইয়াছে। অতএব শান্তিভঙ্গ একণে কেবল ফৌজদারী ও দেওয়ানী অপরাধ সাব্যস্ত করা আর আবশ্যক বলিয়া বোধ হয় নাই। এই জন্য অপ্রচলিত আইন বলিয়া ১৮৭৪ সালে এই সকল আইন রহিত করা হয়। অতএব এই সকল কার্য্যপ্রণালী পুনরুজ্জীবিত করার পূর্ব্বে সরকারী কার্য্যকারকেরা ও অভিযোক্তাগণ প্রকৃতপক্ষে অতদূর ১৮১২ ও ১৮২৯ সালের আইনের সহায়তা গ্রহণ করিতেন এবং তাহার কিরূপ ফল হইয়াছে এবিষয় অনুসন্ধান করার বিশেষ কারণ আছে। আমি এবিষয়ে কমিটীতে একটী নির্দ্দিষ্ট প্রশ্ন করিয়াছিলাম; কিন্তু আমি এই মাত্র উত্তর পাইয়াছিলাম যে এবিষয়ে সংবাদ অনুসন্ধান করা যাইবে এবং

তদাবধি এবিষয়ে আর আমি কিছুই শুনি নাই। আমার সামান্য বুদ্ধিতে এই বোধ হয় যে যখন একটা আইন অপ্রচলিত বলিয়া যথাবিহিত প্রকারে রহিত করা হইল, তখন উহা পুনর্জ্জীবিত করণের প্রস্তাব করার পূর্ব্বে ইহার স্থিতিরীতি বিষয়ক সংবাদ সংগ্রহ ও প্রকাশ করা আবশ্যক। আইন বিধিবদ্ধ করার প্রস্তাবের পূর্ব্বে কেবল মাত্র অনুমান বা সাধারণ সংস্কারের উপর নির্ভর করা উচিত নহে। উত্তমরূপে প্রমাণ করা ও শ্রেণীবদ্ধ করা ঘটনাবলিই কেবল আইন প্রণয়ন ন্যায্য বলিয়া প্রতিপন্ন করিতে পারে।

আমি এই কথা না বলিয়া এবিষয় ত্যাগ করিয়া যাইতে পারিতেছি না যে জমিদার ও সামাবাদের বহুল প্রচারের সহিত রায়তদিগের উপকারার্থ গবর্ণমেণ্টের পিতৃস্থানীয় ভার রক্ষা করার কোন আবশ্যকতা নাই। অতএব যদি এই সকল বিধান পুনঃপ্রবর্ত্তিত করা হয়, তাহা হইলে মহাল ও তালুকের তত্ত্বাবধায়কগণ এমন কি পাণ্ডুলিপির স্পষ্ট মুতন তালুকদারেরাও আপনাদের সমস্ত সম্পত্তির সম্পূর্ণ তত্ত্বাবধারণের ভার আপীলশূন্য ভাবে জিলার জজের হস্তে সমর্পণ করিবার প্রস্তাবে নিশ্চয়ই অসন্তুষ্ট হইবেন। এরূপ স্থলে জজসাহেবের ভুল সিদ্ধান্ত করার সম্ভাবনা কি এত অল্প যে তাঁহার সিদ্ধান্তই চূড়ান্ত হইবে? অথবা জজস্বরূপ তাঁহার অন্যান্য যে নানা মোকদ্দমার নিষ্পত্তি করিতে হয় এবং যাহাতে আইনে তাঁহার বিচার চূড়ান্ত বলিয়া স্বীকার না করিয়া হাই কোর্টে আপীলের বিধান করা হইয়াছে, তাহাতে তাঁহার আজ্ঞা দ্বারা যেরূপ অনিষ্ট হইতে পারে, এস্থলে কি তদপেক্ষা কম অনিষ্ট হইবার সম্ভাবনা আছে?

যখন এই বিষয়েই বলিতেছি তখন আমি বোধ হয় একথা বলিতে পারি যে তত্ত্বাবধারণের ব্যয় ও তত্ত্বাবধারকের ক্ষমতা সম্বন্ধে আমি কতকগুলি নিয়ম প্রস্তাব করিয়াছিলাম। আমি আরও প্রস্তাব করিয়াছিলাম যে কোন স্থলেই তত্ত্বাবধারণের খরচ মহালের মোট আয়ের শতকরা ১২ টাকার অধিক হইবে না। আমার এরূপ প্রস্তাব করিবার কারণ এই যে কোন কোন স্থলে গবর্ণমেণ্টের অধীন কোর্টঅবওয়ার্ডসের তত্ত্বাবধারণের ব্যয় মোট আয়ের শতকরা ২০ টাকার অধিক হইয়াছে।

"দেশখণ্ডে দেশখণ্ডে হার ভিন্ন ভিন্ন, রাজশাহী ও কুচবিহারে শতকরা ১৫ টাকা হইতে (এই সকল স্থলে তত্ত্বাবধারণ প্রণালীর পুনঃ গঠনের জন্য বিশেষরূপে বলা হইয়াছে এবং সেইরূপ কার্য্যও আরম্ভ হইয়াছে) উড়িষ্যার শতকরা ৫১ টাকা।" [বঙ্গদেশের বার্ষিক বিজ্ঞাপনী, ১৮৭৯-৮০ সাল, ৪৪ ও ৪৫ পৃষ্ঠা]"

এতদ্ভিন্ন আমি এই মর্ম্মে আর এক প্রস্তাব করিয়াছিলাম যে সকল বা অন্ততঃ একজন ভূস্বামী আবেদন না করিলে শান্তিভঙ্গহেতু কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা হইবে না। আমার এরূপ প্রস্তাব করার কারণ এই যে আমি বিবেচনা করিয়াছিলাম যে এরূপ নিয়ম স্থাপিত না করিলে আমাদের নিশ্চয়ই দেখা উচিত যে সমস্ত এজমালী মহালে ও যেস্থলে রায়তেরা জমীদারকে বিরক্ত করিবার জন্য শান্তিভঙ্গ অপরাধে ফৌজদারী মোকদ্দমা রুজু করিয়া হারিয়া গিয়াছে সেই সকল স্থলে প্রজারা এজমালী কার্য্যাধ্যক্ষ প্রাপ্তির জন্য আবেদন করে। এরূপ বিষয়ে দেওয়ানী আদালত অপেক্ষা ফৌজদারী আদালত সুচারু রূপে কার্য্য করিতে পারে, কারণ শান্তিভঙ্গ নিবারণার্থ ফৌজদারী আদালতের উপর যেরূপ ক্ষমতা দেওয়া আছে তাহা দেওয়ানী আদালতের উপর এক্ষণে যেরূপ ক্ষমতা দিবার প্রস্তাব হইতেছে তাহা অপেক্ষা অনেক অধিক পরিমাণে কার্য্যকর।

সিলেক্ট কমিটীতে আমার তৃতীয় প্রস্তাব এই ছিল যে কার্য্যাধ্যক্ষ সমস্ত এজমালী ভূস্বামীদিগের সম্মতি ব্যতিরেকে কোনমতে খাজানা কম করিবার ক্ষমতা প্রাপ্ত হইবেন না। আমার মত এই যে, গ্রামে কার্য্যাধ্যক্ষের স্বার্থ কিয়ৎকালের নিমিত্ত মাত্র, যে গবর্ণমেণ্ট কার্য্যকারক তাঁহার তত্ত্বাবধারণ করিবেন তাঁহার কার্য্য এত অধিক যে এবিষয়ের তত্ত্বাবধারণে মনোযোগ দিবার তাঁহার যথেষ্ট সময় থাকিবে না। সুতরাং প্রস্তাবিত পাণ্ডুলিপি অনুসারে রায়তের খাজানা কমাইয়া দিয়া জমীদারকে বাৎসরিক আয় হইতে বঞ্চিত করিবার ও উক্ত রায়তদিগের নিকট কমিশন স্বরূপ উৎকোচ গ্রহণ করিয়া নিজ উদর পূর্ণ করিবার পক্ষে কার্য্যাধ্যক্ষের চমৎকার সুবিধা হইবে। কেবল আমার মত যে এরূপ তাহা নহে, যাঁহারা কিঞ্চিত যত্ন করিয়া এবিষয়ে আলোচনা করিয়াছেন, ভূমি সম্পত্তির তত্ত্বাবধারণে যাঁহাদের কিছুমাত্র অভিজ্ঞতা আছে এবং যাঁহারা এবিষয়ে রাজপুরুষদিগের মত গ্রহণ করিতে বাধ্য হন নাই, তাঁহারাও আমার সহিত একমত হইবেন। এরূপস্থলে গবর্ণমেণ্ট কিরূপ লোকের মধ্য হইতে কার্য্যাধ্যক্ষ সংগ্রহ করিতে পারেন? এরূপ চাকরীর যেরূপ বেতন তাহাতে গবর্ণমেণ্ট যে শ্রেণী হইতে আমীন ও পুলিস ইনিস্পেক্টর নিযুক্ত করেন সেই শ্রেণীহইতেই কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন। আর কে না জানে যে আমীন ও পুলিস ইনিস্পেক্টরই এদেশের একটী প্রধান বালাই! এরূপ চাকরীতে যেরূপ অল্প বেতন হইবার সম্ভাবনা, তাহাতে গবর্ণমেণ্ট কার্য্যাধ্যক্ষ করিবার জন্য উচ্চ শ্রেণীর দেশীয় ভদ্রলোক পাইবেন এরূপ ভরসা একেবারেই নাই। সাধারণতঃ এজমালী ভূস্বামীদের আয় অতি অল্প; আর আজি কালি শান্তিভঙ্গ অপরাধের ফৌজদারী দণ্ড এত অধিক যে গবর্ণমেণ্ট যে বহুসংখ্যক মহালের জন্য এক জন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিয়া তাঁহাকে উপযুক্তরূপ অধিক পরিমাণে বেতন দিবেন এবং সর্ব্বদা বিশ্বাসী লোক নিযুক্ত হয় এরূপ বন্দোবস্ত করিবেন, তাহা সম্ভব নহে।

কার্য্যাধ্যক্ষের ক্ষমতা ও তাঁহার সেরেস্তার খরচ সম্বন্ধে নিয়ম প্রণয়ন বিষয়ে আমি যে সকল জমীদারের সহিত পরামর্শ করিয়াছি, তাঁহাদের সকলেরই মত যে এরূপ নিয়ম অত্যন্ত আবশ্যক। কিন্তু এ বিষয়ে আমি যত প্রস্তাবই করিয়াছি, সিলেক্ট কমিটীতে তাহার এই মাত্র উত্তর পাইয়াছি যে হাই কোর্টকে এ সম্বন্ধে নিয়ম প্রণয়নার্থ অনুরোধ করা হইবে। কিন্তু আমরা জমীদার, আমরা বলি যে কার্য্যাধ্যক্ষের ক্ষমতা অনির্ণীত থাকা উচিত নহে এবং ব্যবস্থাপকসভার স্পষ্টরূপে তাহা নির্দ্দিষ্ট করিয়া দেওয়া উচিত। যদি সত্য সত্যই এরূপ বিবেচনা করা

হইয়া থাকে যে হাই কোর্ট ব্যবস্থাপক সভা হইতে এবিষয়ে অধিক অভিজ্ঞ, তাহা হইলে চিরস্থায়ী বন্দোবস্তে প্রতিজ্ঞা পূর্ব্বক নিশ্চয়রূপে জমীদারদিগকে প্রদত্ত আইনসঙ্গত স্বত্ব সম্বন্ধীয় ইহা অপেক্ষা গুরুতর বিষয় সকলে হাই কোর্টের সঙ্গে মন্ত্রণা করা হয় নাই কেন ?

পাণ্ডুলিপির ১২ অধ্যায়।—স্বত্বের লিপি।

বলা হইয়াছে যে কোন কোন মহালে জমীদারেরা উপযুক্ত কাগজপত্র রাখে না। যদি এই রূপ হয়, তাহা হইলে এরূপ জমীদারীতে জরীপ ও স্বত্বের তালরূপ লিপি আবশ্যক হইতে পারে। কিন্তু তাই বলিয়া যে সকল মহালে কাগজপত্র নির্দ্দোষ এবং যেখানে সম্পর্ক বিশিষ্ট সকল লোকেই তাহাদের যেরূপ কাগজপত্র আছে তাহাতে সন্তুষ্ট, সেখানেও কেন যে জমীদার ও প্রজাকে জরীপের হাঙ্গাম সহ্য করিতে হইবে তাহার কোন কারণ দৃষ্ট হয় না।

মাপের প্রাচীন প্রণালীমতে সকল জমীদারই নিয়মিত সময়ান্তরে তাঁহাদের মহালের মাপকরেন এবং তাঁহাদের এক প্রকার না এক প্রকারের মোটা মোটি মাপের কাগজ আছে; অনেকে আবার ইহা অপেক্ষাও অধিক করেন, ইঁহারা যে আপন মহালের কেবল মাপ করেন তাহা নহে, গবর্ণমেণ্ট মহালের যেরূপ নকশা প্রস্তুত হয় প্রায় সেইরূপেই নকশা প্রস্তুত করিয়া রাখেন। তাঁহাদের কাগজপত্রে রায়তের খোতের সূক্ষ্ম পরিমাণ ও ঠিক আয়গা ও জমীর গুণ ও দের খাজানার হার দেখাইয়া দেয়।

অতি অল্পসংখ্যক জমীদার আবার ইহা অপেক্ষাও অধিক করেন। তাঁহারা প্রত্যেক রায়তকে তাঁহার ক্ষেতের বিশেষ বিবরণ ইত্যাদি বুঝাইয়া দিয়া খাতাবহীতে তাহাদিগকে স্বাক্ষর করাইয়া লন। জমীদারের পক্ষে ইহা বড় সহজ ব্যাপার নহে। খাস মহালে গবর্ণমেণ্ট বন্দোবস্ত কার্য্যকারকের যেরূপ হাজির করণের ক্ষমতা আছে, তাঁহার সে ক্ষমতা নাই; সুতরাং তাঁহাকে বিস্তর ব্যয় করিতে হয় ও সুতরাং তাঁহার কষ্টের ইয়ত্তা থাকে না।

এরূপ অবস্থায় কি বলা যাইতে পারে যে, সমস্ত দেশটা জরীপ করার আবশ্যকতা আছে? অন্ততঃ যে সকল জমীদারের নির্দ্দোষ কাগজপত্র আছে তাহাদিগকে আমার বিবেচনায় অব্যাহতি দেওয়া উচিত।

আমার প্রস্তাব এই যে যদি জরীপ করিতে হয় যে সকল গ্রামে জমীদার ও রায়ত উভয়েই জরীপ হওয়া ইচ্ছা করে এমন সব গ্রামেই উহাতে হাত দেওয়া উচিত; কি বিচারে যে যাহারা ইচ্ছা করে না তাহাদের শিরেও জরীপের খরচা চাপান হয় আমি তাহা বুঝিতে পারিনা। জরীপে তাহাদের উপকার না হইয়া অনন্ত মামলা মোকদ্দমার উৎপত্তি হইবে।

১৮৭৬ সালে জমীদারদিগকে স্বত্ব রেজিষ্টরী করিতে বাধ্য করার জন্য আইন পাস হয়। ইহাতে যে কি পরিমাণে মোকদ্দমার উৎপত্তি হয় তাহা আমরা সকলেই জানি। যেসকল লোকের কিছুমাত্র স্বত্ব ছিল না তাহারা ও কোন না কোন রূপ স্বত্ব সাব্যস্ত করাইবার জন্য অগ্রসর হইল, তাহার ফল এই হইয়াছে যে যদিও এই আইন পাস হওয়ার পর আট বৎসর অতীত হইয়া গিয়াছে, তথাপি অনেক মোকদ্দমার এখনও নিষ্পত্তি হয় নাই, এমন অনেক জমীদার আছেন যাঁহাদের সম্পত্তিতে যতদূর সম্ভব উৎকৃষ্ট স্বত্ব থাকিলেও এরূপ মোকদ্দমায় দুষ্পরিহার্য্য চিন্তার উপর অনর্থক অনেক খরচপত্র করিতে হইয়াছে।

জমীদারেরা সমস্ত অধিবাসীর শতকরা এক জন ও নহে, তাহাদের স্বত্ব রেজিষ্টরী করিতে গিয়াই এই হইল।

যদি এত অল্পসংখ্যক লোকের স্বত্ব রেজিষ্টরী করিতে আট বৎসর কালও অল্প সময় বলিয়া গণ্য হইল, তাহাহইলে প্রজার স্বত্ব রেজিষ্টরী করিতে কি তাহার দশগুণ অধিক সময় লাগিবে না? বাঙ্গালা ও বেহারের প্রায় সমস্ত অধিবাসীত প্রজা। এবিষয়ে যেরূপ অনুসন্ধানের প্রয়োজন তাহাতে যে দীর্ঘসময় লাগিবে এই সমস্ত সময় ধরিয়া মোকদ্দমা, ব্যয়, হয়রাণ ও দুশ্চিন্তায় কি সকল শ্রেণীর লোকেরই ক্ষতি হইবে না?

এই সকল কারণে আমার বোধ হয়, যে সকল গ্রামে সম্পর্কবিশিষ্টলোকে গবর্ণমেণ্টের নিকট জরীপের প্রার্থনা করে তদ্ভিন্ন অন্য গ্রামে জরীপ প্রবর্ত্তিত করা অনাবশ্যক।

জমীদারের রেজিষ্টরী।—খামার বা নিজজমী।

আমার সুযোগ্য সহযোগী রায় কৃষ্ণদাস পাল বাহাদুর তাঁহার মতভেদপ্রকাশকালে এরূপ দক্ষতা সহকারে এই বিষয়ে লিখিয়াছেন যে তাহাতে আমার আর অধিক কিছু বলিবার আবশ্যকতা নাই। আমি কেবলমাত্র বলিব যে এবিষয়ে তাঁহার সহিত আমার মত সম্পূর্ণরূপে এক।

পাণ্ডুলিপির ১৩ অধ্যায়।—ক্রোক ও খাজানা আদায়।

চারিদিক হইতে সকলেই স্বীকার করিয়াছেন যে খাজানা আদায়ের পক্ষে এখন জমিদারদিগের যে উপায় আছে তাহা অপেক্ষা শীঘ্রকর ও অব্যর্থ উপায় হওয়া আবশ্যক এবং যে স্থলে প্রজারা ধর্ম্মঘট করিয়া খাজানা দেওয়া বন্ধ করে সে স্থলে বর্ত্তমান আইন সম্পূর্ণরূপে অকার্য্যকর। স্যর জেমস কেয়ার্ডের ন্যায় প্রধান প্রামাণিক ব্যক্তি ও যে সকল মহালে "খাজানা দিব না" বলিয়া চীৎকার একবার উঠে, তথায় জমীদারের বিদ্রাটের কথা স্বীকার করিয়াছেন, এমন কি বঙ্গদেশের গবর্ণমেণ্টের গত জানুয়ারী মাসের মন্তব্যলিপিতেও একরূপ এবিভ্রাটের কথা স্বীকার করা হইয়াছে।

এই জন্য আমরা (জমিদারবর্গ) স্বভাবতঃই ভরসা করিয়াছিলাম যে এই উদ্দেশ্যে আমাদিগকে খাজানা আদায়ের পক্ষে অধিকতর সুবিধা করিয়া দেওয়া হইবে। কিন্তু আমরা এবিষয়ে অত্যন্ত নিরাশ হইয়াছি, এবং যদি এই পাণ্ডুলিপি এখন যে ভাবে আছে এই ভাবেই পাস হয়, তাহা হইলে এখনকার অপেক্ষা আমাদের অবস্থা

খারাপ হইয়া পড়িবে। কারণ আমাদের আইনসঙ্গত খাজানা আদায়ের সরাসরি ও ব্যয়শূন্য উপায় বিধান না করিয়া ইহা দ্বারা কার্য্যতঃ যে ক্রোক একমাত্র নিশ্চিত, সুবিচার সঙ্গত ও ব্যয়শূন্য কার্য্যপ্রণালী আমাদের এখনও আছে, তাহা রহিত করা হইতেছে।

বর্ত্তমান আইনে বিধান আছে যে রায়তের খাজানা বাকী পড়িলে জমিদার নিজের লোকের দ্বারা তাহাদের বাকী খাজানার বিবরণ লিখিয়া নোটিস জারী করিয়া শস্য ক্রোক করিতে পারেন। দেশের প্রান্তবর্ত্তী যে সকল স্থানের প্রজাবর্গের মধ্যে অনেকেই ইংরাজ রাজের অধীন নহে এবং এজন্য সহজেই ইংরাজদের দেওয়ানী আদালতের বিচারাধিপত্য অতিক্রম করিতে পারে এবং পূর্ণিয়া জিলার অন্তর্গত কুশী দিয়াড়ার মত বিস্তীর্ণ যে সকল বিস্তীর্ণ ভূখণ্ডের প্রজারা অর্দ্ধ যাযাবর অবস্থায় থাকে এবং এক ফসলের অধিক কাল এক জায়গায় বাস করে না তথায় এই এক মাত্র প্রণালী সম্ভবপর।

এরূপস্থলে এক দিনের বিলম্বে বিস্তর হানি হয়, যদি রায়তেরা খাজানা দিতে অস্বীকার করে, তাহা হইলে শস্য পাকিবামাত্র ক্রোক করিতে হইবে এবং খাজানা না দিয়া শস্য কাটিবার উপযুক্ত সময় তাহাদিগকে দেওয়া উচিত নহে, যেহেতু ফসল কাটিয়া ফেলিবা মাত্র তাহারা চিরদিনের মত গ্রাম ত্যাগ করিয়া যায়।

যাহা হউক, এই পাণ্ডুলিপিতে প্রস্তাব হইয়াছে ভবিষ্যতে ভূমাধিকারীগণের প্রত্যেক স্থলে দেওয়ানী আদালতে আবেদন করা আবশ্যক এবং শস্য আদালতের সহায়তা ভিন্ন ক্রোক হইবে না। ইহাতে আদালতের কর্ম্মচারীর ক্রোক করণার্থ সেইস্থানে পঁহুছিবার পূর্ব্বে রায়তকে ফসল কাটিয়া লইয়া পলায়ন করিবার যথেষ্ট সময় দেওয়া হইবে, এরূপ কার্য্যপ্রণালীতে যে জমীদারের উপর কেবল কোর্টফী ও অন্যান্য যে সকল আদালতের লোক নিয়োগ করিতেই হইবে, তাহার জন্য নূতন ও অতিরিক্ত খরচার ভার চাপান হইবে এরূপ নহে, ইহাতে আরও ফল এই হইবে যে এই যে সকল অর্দ্ধযাযাবর প্রজা শস্য কর্ত্তন হইবা মাত্র গ্রাম ত্যাগকরিয়া যায়, তাহাদের নিকট খাজানা আদায় করিবার জমীদারের কোন ক্ষমতা থা কবে না। দেওয়ানী মোকদ্দমাকরুকগাই তাহার একমাত্র প্রতিকারের উপায় থাকিবে. কিন্তু যে রায়তের বিরুদ্ধে মোকদ্দমা করিতে হইবে তিনি হয়ত সে কোথায় থাকে তাহাও জানেন না এবং যদি তাহার নামে ডিক্রী পাইতে সমর্থ হন সে ডিক্রী জারী করা প্রায় অসম্ভব হইবে।

আমার বিশেষরূপে লিপিবদ্ধ করিবার কথা এই যে, অত্যন্ত আবশ্যক বলিয়া স্বীকৃত হওয়াতে জমীদারের খাজানা আদায়ের অধিকতর সুবিধা করিয়া দেওয়াই যে পাণ্ডুলিপির একটি প্রকাশ্য উদ্দেশ্য, সিলেক্ট কমিটীর হাত দিয়া সেই পাণ্ডুলিপি এমন আকারে বাহির হইল যে ওরূপ করা দূরে থাকুক এখনও যে কষ্ট আছে তাহা বর্দ্ধিত করা হইয়াছে এবং এখন যে একটু উপায় আছে তাহাও লোপ করা হইতেছে ইহা আমার অত্যন্ত আশ্চর্য্য বোধ হয়।

জমীদারেরাই তাহাদের অংশের গবর্ণমেণ্টের রাজস্ব প্রদানের জন্য দায়ী। তাহারা রায়তের নিকট ঐ রাজস্ব আদায় করিয়া থাকে। তাহারা যে শুদ্ধ গবর্ণমেণ্টের রাজস্ব আদায় করে এরূপ নহে। সংপ্রতি তাহাদিগকে রায়তদের নিকট হইতে রায়তের দেয় কোন কোন গবর্ণমেণ্টের কর আদায় করিতে হইতেছে. এবং যদি গবর্ণমেণ্টের রাজস্ব দিবার জন্য অবধারিত দিবসের সূর্য্যাস্তের পূর্ব্বে তাহারা গবর্ণমেণ্টের পাওনা না দিয়া থাকে, তাহা হইলে তাহারা সরাসরি নীলামের দায়ী হইবে এবং তাহাদের সম্পত্তি হইতে বিদূরিত হইবে। অথচ গবর্ণমেণ্টকে দিতে এক দিনের অন্যথা হইলে যাহার জন্য এত গুরুতর শাস্তি অবশ্য ভোগ করিতে হইবে রায়তদের নিকট হইতে তাহা নিশ্চয় রূপে পাইবার কোন উপায় করিয়া দেওয়া হইবে না।

এক্ষণে আইনের যে অবস্থা তাহার কার্য্য প্রকৃত প্রস্তাবে এইরূপ হইতেছে; বর্ত্তমান আইনে দোষ আছে বলিয়া ভূস্বামী তাহার রায়তের নিকট হইতে আইনমত খাজানা আদায় করিতে অসমর্থ হওয়াতে তাহার নিজের কিছুমাত্র দোষ না থাকিলেও তাহার পিতৃপুরুষাগত সম্পত্তি বিক্রীত ও সে উহা হইতে বহিষ্কৃত হইতেপারে। অথচ আমি পূর্ব্বে দেখাইয়া দিয়াছি যে প্রস্তাবিত পাণ্ডুলিপি আইনের সেই দোষ বর্দ্ধিত করিয়া দিতেছে।

যে আইনে গবর্ণমেণ্টের রাজস্বের অতি অল্প অংশমাত্র বাকী পড়ায় বড় বড় মহাল বিক্রীত হওয়ার বিধান করিতেছে সে আইনের আবশ্যকতা ও সুবিচার বিষয়ে আমার এক মুহূর্ত্তের জন্যও প্রতিবাদ করিবার ইচ্ছা নাই, আমি কেবল এইমাত্র দেখাইয়া দিতে ইচ্ছাকরি যে গবর্ণমেণ্ট যখন নিজের জন্যে সরাসরি বিক্রয়ের ক্ষমতা রাখিয়া দিয়াছেন, তখন জমীদারকে রায়তের নিকট খাজানা আদায়ের জন্য সরাসরি ক্ষমতা দিতে অস্বীকার করায় জমীদারেরা গবর্ণমেণ্টের সুবিচারের অভাব হইয়াছে বলিয়া মনে করে।

নিজের মহাল অর্থাৎ খাসমহালের জন্য নিজের মত বিশেষ আইন রাখায়, গবর্ণমেণ্ট নিজেই খাজানা আদায় সম্বন্ধে দেওয়ানী আদালতের অকার্য্যকরতা স্বীকার করেন; আর যদি গবর্ণমেণ্টের পক্ষে এইরূপ নিয়মই প্রয়োজন হয়, তাহা হইলে নিশ্চয়ই সেইরূপ নিয়ম আমাদের পক্ষেও প্রয়োজন। আমার একান্ত ভরসা যে এবিষয়ে চূড়ান্ত নিষ্পত্তি হইবার পূর্ব্বে বিশেষ মনোযোগের সহিত এবিষয়ের পর্য্যবেক্ষণ করা কর্ত্তব্য, কারণ ইহাতে বেহারস্থ জমীদারবর্গের অধিকাংশেরই ক্ষতি হইবার সম্ভাবনা।

১৭ শ অধ্যায়।—চুক্তির স্বাধীনতা।

জমীদার ও রায়তের মধ্যে চুক্তির স্বাধীনতা উঠাইয়া দিবার ও অধুনা বর্ত্তমান সমস্ত চুক্তি খণ্ডন করিয়া দিবার চেষ্টার আমি সম্পূর্ণ বিরোধী, একথা আমি বিশেষ করিয়া বলিতে ইচ্ছা করি। বর্ত্তমান চুক্তি যখন করা হয়, তখন গবর্ণমেণ্টের কথার ঠিক আছে বলিয়া চুক্তিকারীদের বিশ্বাস ছিল এবং গবর্ণমেণ্টও বিশেষরূপে এই সকল চুক্তি আইনসঙ্গত করিয়া এবিষয়ে উৎসাহ প্রদান করিয়াছিলেন।

আমি বিশেষ করিয়া বলিতে চাহি যে এই সকল চুক্তি হইতে যে অনিষ্ট উৎপন্ন হইতেছে বলা হয়, তাহার কিছুমাত্র প্রমাণ দেখান হয় নাই; অথবা জমীদারেরা যে এইরূপ চুক্তির দ্বারা অসন্দিহান কৃষক-কুলের ক্ষতি করিয়াছেন তাহারও কোন প্রমাণ নাই। অতএব যতক্ষণ এরূপ অনিষ্ট যে অত্যন্ত অধিক হইয়াছে, গবিসয়ে চূড়ান্ত প্রমাণ না দেওয়া হয়, ততক্ষণ পরস্পরের সম্মতি ক্রমে ও গবর্ণমেণ্টের অনুমোদন অনুসারে বর্ত্তমান যে বন্দোবস্ত ন্যায্যরূপে উৎপন্ন হইয়াছে, তাহার এরূপ ভয়ানক ভাঙ্গাচুরা করা না হয়।

জমীদার ও রায়তের মধ্যে যত চুক্তি হইয়াছে তাহার সমস্তেই রাজস্বের ক্ষতি হইতেছে এই সিদ্ধান্তটী করিয়া লইয়াই ও তাহাকে স্বতঃসিদ্ধ করিয়াই আরম্ভ হইয়াছে বলিয়া বোধ হয়, কিন্তু এরূপ সিদ্ধান্ত সম্পূর্ণরূপ ভ্রমাত্মক কারণ অনেক স্থলে চুক্তি দ্বারা স্পষ্টরূপেই রায়তের সুবিধা হয়। রায়ত জমীদারের যে সকল কাজ করায় অনেক উপকার প্রাপ্ত হয়। এরূপ চুক্তিতে সম্ভবমত কোন আপত্তি থাকিতে পারে না, কিন্তু তথাপি এগুলিও বন্ধ করা হইবে।

উপসংহার কালে এই সিলেক্ট কমিটীর মীমাংসায় আমার যে বিশেষ আপত্তি আছে, তাহা আমি লিপিবদ্ধ করিতে ইচ্ছা করি; কারণ আমার বিবেচনায় এরূপ গুরুতর বিষয়ে যাহাদ্বারা নানা সিদ্ধান্ত করিয়া উঠা যায় আমরা এরূপ উপযুক্ত উপকরণ পাই নাই।

যে সকল কারণের কথা বলা হইল, যাহার জন্য কেবল যে গবর্ণমেণ্টের প্রতিজ্ঞা ভঙ্গ ও ভূস্বামিত্বের হানি করণরূপ উৎকট উপায় অবলম্বন করাই আবশ্যক তাহা নহে, যাহার জন্য এমন এক অসম্পূর্ণ আইনের অবতারণা করা হইল যে গবর্ণমেণ্টের আইনের সভাসদ উহা উত্থাপিত করার সময় নিজেই স্বীকার করিলেন যে ইহাতে যে বর্ত্তমান কৃষক শ্রেণীর উপকারার্থে বিশেষ করিয়া এই আইন পাস করা হইবে তাহাদের লোপ হইবার এবং কয়েক বৎসরের মধ্যে কোন আইন দ্বারা রক্ষিত নহে এরূপ এক নূতন কৃষক সম্প্রদায়ের উৎপত্তি হইবার ও আবার তৎকালীন ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের এই পাণ্ডুলিপি দ্বারা উৎপাদিত অনিষ্ট সমূহের প্রতিকারার্থ আর এক বার সমস্ত দেশটাকে আন্দোলন ও কষ্টে নিমজ্জিত করিতে হইবার সম্ভাবনা, সেই সকল কারণের অস্তিত্ব সম্বন্ধে আমাদের নিকট পরিষ্কার প্রমাণ দেওয়া উচিত ছিল।

আমি নির্ব্বন্ধ সহকারে বলিতে চাহি যে যদি ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধ নির্ণয় ও তৎবিষয়ের সুব্যবস্থা করণার্থ পাণ্ডুলিপি আবশ্যক বলিয়া বোধ হয়, তাহা হইলে ঐ পাণ্ডুলিপি এরূপ ভাবে কল্পনা করিতে হইবে ও এরূপে প্রস্তুত করিতে হইবে যে ভবিষ্যতে গোলযোগ উৎপন্ন না করিয়া চিরকালের মত এবিষয় মীমাংসা করিয়া দেয়

আরও আমার মত এই যে অধিকাংশ বিষয়ে প্রমাণ গ্রহণ ব্যতিরেকে সিলেক্ট কমিটীতে প্রস্তাবিত পাণ্ডুলিপি সম্বন্ধে রীতিমত বিচার করা অসম্ভব হইয়াছিল। প্রমাণ না দেওয়ায় এবং স্থিতিরীতি বিষয়ক যথার্থ সংবাদ আমাদের নিকট না দেওয়ায়, ও ঐ সকল সংবাদের পরীক্ষা না হওয়ায়, আমাদের বাদানুবাদ সন্তোষজনক হয় নাই এবং যে মীমাংসায় উপনীত হওয়া গিয়াছে তাহা উপযুক্ত প্রমাণের উপর স্থাপিত নহে।

১৮৮৪ সাল ১ আপ্রেল। ঘারভঙ্গা।

সনন্দের অনুবাদ।

মোহর।

সুবে বেহারের বর্ত্তমান ও ভবিষ্যতের সমস্ত আমল, জায়গীরদার, ক্রোড়ী কার্য্যকারক ও নিজামগণ বিদিত হউন। সমস্ত লোক যাঁহার আজ্ঞাকারী সেই বাদশাহের আজ্ঞাক্রমে উক্ত বেহার সুবার অন্তর্গত মুঙ্গের সরকারের ধরমপুর পরগনা ও ত্রিহুত সরকারের বেলাউ পরগনা আনুষঙ্গিক ইনাম রসুম প্রভৃতি স্বত্বের সহিত রাজা মধু সিংহকে দৃঢ়তর করিয়া দেওয়া গেল। (রাজা মধু সিংহের জমীদারী উত্তরাধিকারসূত্রে তিনি প্রাপ্ত হওয়ায়, উহা ঐরূপ হইয়াছে বলিয়া প্রকাশ করা গেল।) নিজামতের কারপরদাজ ও কার্য্যকারকগণ ঐ রাজাকে তাঁহার রাজভক্তি যতদিন থাকে চিরস্থায়ী জমীদার স্বীকার করে, তাঁহাকে জমীদারী স্বত্বে বজায় রাখে তাঁহার সমস্ত তলবে টাকা আদায় করিয়া দেওয়া এবং যদি তিনি রাজভক্ত ও রায়তের হিতৈষী হন তবে ইহাঁর পরামর্শ লইয়া কার্য্য করে, ইহা আবশ্যক। আরও এই মহামান্য সনন্দের অনুগামী হইয়া তাহারা ইহার আজ্ঞানুসারে ঠিক ঠিক কার্য্য করিবে এবং বৎসরান্তর নবীকৃত সনন্দ দাখিল করার জন্য আহ্বান করিবে না।

অভিষেকের ৪২ বৎসরের ২৯ শাওয়াল

ডি. ফিট্‌জপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A. AND B.L.,
Bengali Translator.

B 284--1-5-84--1,000

Numb. 2336 [২৩৩৬]. [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

SERAMPORE PUBLIC LIBRARY

TUESDAY, MAY 6, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ৬ মে।

CONTENTS.

	Page.
Part I.—Resolutions, Orders, and Notifications of the Government of India... ...	57—59
Part II.—Resolutions, Orders, and Notifications of the Lieut.-Governor of Bengal ...	431—449
Part III.—Acts of the Legislative Council of India	*Nil.*
Part IV.—Bills of the Legislative Council of India	*Nil.*
Part V.—Acts of the Bengal Council	*Nil.*
Part VI.—Bills of the Bengal Council	*Nil.*
Part VII.—Circular Orders of the High Court and Board of Revenue	*Nil.*
Part VIII.—Advertisements	451—457
Supplement	*Nil.*

নির্ঘণ্ট।

	পৃষ্ঠা।
প্রথম খণ্ড।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	৫৭—৫৯
দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	৪৩১—৪৪৯
তৃতীয় খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	নাই।
চতুর্থ খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	নাই।
পঞ্চম খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	নাই।
ষষ্ঠ খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	নাই।
সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র	নাই।
অষ্টম খণ্ড।—ইশ্‌তিহার প্রভৃতি	৪৫১—৪৫৭
পরিশিষ্ট গবর্ণমেণ্ট গেজেট	নাই।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATION.—JUDICIAL.

Simla, the 24th April 1884.

No. 553.—The Honorable W. Macpherson, c.s., took his seat as Officiating Judge of the High Court of Judicature at Fort Willam in Bengal, on the forenoon of the 8th instant.

১ খণ্ড।—উত্তরসীমা বাগমতী নদী, (বকলাণ্ড বলে,) পূর্ব্বসীমা সেখ নবি, মসম্মৎ রাজুয়ারি, সেখ শরফুদ্দীন ও সেখ মন্দির যোত, দক্ষিণ সীমা উক্ত নদী, পশ্চিমসীমা মন্দি, সেখ শরফুদ্দীন, নান্কু মিশ্রা, মোসাহেব চৌধুরী, খলাযেৎ চৌধুরী, মহম্মদসালা চৌধুরী ও মহম্মদসাহ চৌধুরীর যোত।

২ খণ্ড। উত্তর, পূর্ব্ব ও দক্ষিণসীমা বাগমতী নদী, এবং পশ্চিম সীমা পতিত জমি, ঐ জমির একাংশ প্রয়োজনীয় ভূমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

১৮৩ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ দ্বারভঙ্গা জিলার অন্তর্গত খারসার পরগনার জগদীশপুর গ্রামে ত্রিহুত স্টেট রেলওয়ের বিলাসপুর ষ্টেশনের নিকট রক্ষাকারি কার্য্যস্বরূপ বাগমতী নদীর জল স্রোত ফিরাইবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত জগদীশপুর গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ২৪/৪।১ ছটাক পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা মধুকর, ভোলা, রূপণ, গোধন, ঝুমক, কেশওয়ার সিংহ, বাবু লাল সিংহ, বশিদ মিঞা, গোবিন্দ সিংহ, ওরামনাথ সিংহের যোত এবং সরকারী পথ, পূর্ব্ব সীমা বাগমতী নদী, দক্ষিণ সীমা ভাগজু সিংহ, ঘোঘান, বাবু লাল সিংহ, চাঁদ সিংহ, রামলাল সিংহ, গোবিন্দ সিংহ, সাহদাওন সিংহের যোত ও সরকারী পথ, পশ্চিম সীমা উপরোক্ত নদী।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

১৮৪ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাটনা জিলার অন্তর্গত ঘায়াসপুর পরগনার মোকামা গ্রামে মোকামা ষ্টেশনে লোকোমটিব সাইডিঙ্গ এবং টর্ণটেবলের সংযোগ ও তৎপরিবর্ত্তন করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নিম্নলিখিত ভূমি খণ্ডের প্রয়োজন।

১ নং খণ্ড।—স্থানীয় মাপের ৭৮১ কাঠা পরিমিত, তাহার উত্তর ও পূর্ব্ব সীমা ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানির জমি, দক্ষিণ সীমা কাশী সিংহ, তুলসী সিংহ ও জুমন সিংহ প্রভৃতির নিকটবর্ত্তী জমি, এবং পশ্চিম সীমা তালেবর সিংহ, টহল সিংহ ও নীলকমল মিত্রের জমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৬ মে।]

CIVIL BUILDINGS.

The 28th April 1884.

No. 185.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a burial ground in the village of Bania Khamar, pergunnah Khalispur, in the district of Khoolna, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 2 beegahs 5 cottahs 4 chittacks of standard measurement, bounded on the north by the newly-planted garden of Haran Das, on the east by the house of Machim Shaikh, on the south by the land of Machim Shaikh and Kasi Nath Kundu, and on the west by the Bania Khamar Road, is required within the aforesaid village of Bania Khamar.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 186.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the purpose of making the boundary of the Government estate English Bazar, as well as the premises of the Government circuit-house, permanently compact and uniform, it is hereby declared that for the above purpose a piece of land measuring 2 beegahs, more or less, of standard measurement, and situated in mouzah Mukdompore, mehal Khana Alampore, pergunnah Bhatiagopalpore, zillah Maldah, bounded on the north by the Government compound land, on the south by the Government compound wall and the Government English School Street, on the west by the Mukdompore Street, and on the east by the school tank is required within the aforesaid mouzah Mukdompore.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

The 29th April 1884.

No. 187.—*Notification.*—Mr. J. R. Swinden, Assistant Engineer, first grade, is appointed, as a temporary measure, to hold charge of the Buxar Division, during the absence on privilege leave, of Mr. J. P. Scotland, with effect from the forenoon of the 10th instant.

No. 188.—*Notification.*—The Lieutenant-Governor has been pleased to make the following promotions and reversions in the Engineer Establishment of the Public Works Department :—

Name	From	To	Date.	Nature of promotion.
Mr. A. J. Oldham ...	Executive Engineer, fourth grade.	Executive Engineer, third grade.	14th March 1884	*Sub. pro tem.*
,, J. A. Price ...	Ditto ...	Ditto ...	16th ditto	*Ditto.*
,, A. E. Behrmann...	Ditt (temporary	Assistant Engineer, first grade.	27th February 1881	Reversion.
,, A. E. Behrmann...	Assistant Engineer, first grade.	Executive Engineer, fourth grade.	14th March 1884	Temporary.
,, A. E. Behrmann...	Executive Engineer, fourth grade (temporary rank).	Assistant Engineer, first grade.	9th April 1881	Reversion.
,, J. R. Swinden ...	Assistant Engineer, first grade.	Executive Engineer, fourth grade.	10th April 1884	Temporary.

No. 189.—The following transfers are made in the interests of the public service :—

Name.	Rank.	From	To
Mr. J. T. Boase	Assistant Engineer, first grade.	Dacca Division ...	Sone Circle.
Baboo Aughore Nath Mookerjee	Ditto ...	Burdwan Division...	Dacca Division.

No. 191.—*Transfer.*—Mr. C. A. White, Assistant Engineer, second grade, is transferred in the interests of the public service from the Hazaribagh to the Arrah Division.

G. F. E. S. NEILL, *Major*, M.S.C.,
Under-Secy to the Govt. of Bengal, P. W. D.

[*Government Gazette 6th May* 1884.]

সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৮৪ সাল ২৮ আপ্রিল।

১৮৫ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ খুলনা জিলার অন্তর্গত খালিসপুর পরগনার বানিয়া খামার গ্রামে কবর স্থানের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বানিয়া খামার গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ২।০। ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা স্থতন রোপিত হরদাসের বাগান, পূর্ব্ব সীমা মচিম সেখের বাড়ী, দক্ষিণ সীমা মচিম সেখ ও কাশীনাথ কুণ্ডুর জমি, এবং পশ্চিম সীমা বানিয়া খামার পথ।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

১৮৬ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ইংরাজ বাজার গবর্ণমেণ্ট ইষ্টেটের ও গবর্ণমেণ্টের-দাওরাঘরের সীমা স্থায়িরূপে দৃঢ় ও একিরূপ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মালদহ জিলার অন্তর্গত ভাটিয়া গোপালপুর পরগনার মহলখানা আলমপুরের মকদুমপুর মৌজায় স্থিত কষ্টিমতে ন্যূনাধিক ২/ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা গবর্ণমেণ্টের ছাতার জমি, দক্ষিণ সীমা গবর্ণমেণ্টের ছাতার প্রাচীর ও গবর্ণমেণ্টের হংরেজা স্কুল ষ্ট্রীট, পশ্চিম সীমা মকদমপুর ষ্ট্রীট, ও পূর্ব্ব সীমা স্কুলের পুষ্করিণী।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

১৮৮৪ সাল ২৯ আপ্রিল।

১৮৭ নম্বর।—বিজ্ঞাপন।—শ্রীযুত জে, পি, স্কট্‌লাণ্ড সাহেবের অনুগ্রহের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়ার শ্রীযুত জে, আর, স্থইণ্ডেন সাহেব এই মাসের ১০ তারিখের পূর্ব্বাহ্ণ অবধি কিয়ৎকালের নিমিত্তে হুগলী খণ্ডের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৮ নম্বর।—বিজ্ঞাপন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ইঞ্জিনিয়র সিরিশ্‌তার নিম্নলিখিত পদবৃদ্ধি ও পদে প্রত্যাগমনের আজ্ঞা করিলেন।—

নাম।	যে পদ হইতে।	যে পদে।	তারিখ।	পদ বৃদ্ধির ভাব।
শ্রীযুত এ, জে, ওলডহাম সাহেব	চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র	তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র	১৮৮৪ সাল ১৪ মার্চ্চ	কিয়ৎকালীন স্থায়ী।
,, জে, এ, প্রাইস সাহেব	ঐ ...	ঐ	ঐ ১৩ মার্চ্চ।	ঐ
,, এ, ই, বেরুমবু সাহেব	কিয়ৎকালীন ঐ ..	প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র	১৮৮৪ সাল ২৭ ফেব্রুয়ারি	পদে প্রত্যাগমন।
,, এ, ই, বেরুমবু সাহেব	প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র	চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র।	১৮৮৪ সাল ১৪ মার্চ্চ	কিয়ৎকালীন।
,, এ, ই, বেরুমবু সাহেব	কিয়ৎকালীন চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র	প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র	১৮৮৪ সাল ৯ আপ্রিল	পদে প্রত্যাগমন।
,, জে, আর, স্থইণ্ডেন সাহেব	প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র	চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র	১৮৮৪ সাল ১০ আপ্রিল	কিয়ৎকালীন।

১৮৯ নম্বর।—রাজকার্য্যের স্বার্থের নিমিত্ত নিম্নলিখিত স্থানান্তরে প্রেরণ করা গেল।

নাম।	পদ।	যে স্থান হইতে।	যে স্থানে।
শ্রীযুত জে, টি, বোয়াস সাহেব ...	প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র ...	ঢাকা খণ্ড ...	সেণ্ট্রল সর্কেল।
,, বাবু অঘোরনাথ মুখোপাধ্যায় ...	ঐ	বর্দ্ধমান খণ্ড ...	ঢাকা খণ্ডে।

১৯১ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, এ, ওয়াইট সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে হাজারীবাগ খণ্ড হইতে আরা খণ্ডে প্রেরিত হইলেন।

জি, এফ, ই, এস, নীল, মেজর, এম, এস, সি।
পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৬ মে।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 6, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ৬ মে।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইস্তিহার প্রভৃতি।

জিলা চট্টগ্রাম।—ইস্তাহারনামা কাছারি কালেক্টরি।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ১ আইনের বিধানমতে ১৮৭৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত তালুকাদি ১৮৮১ সালের ২৫ ডেক্রেম্বর সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকীপড়া রাজস্ব ও সেছেছের ও পবলিক ওয়ার্ক সেস আদায়ের নিমিত্তে ১৮৮২ ইং ৯ জুন মোতাবেক ১২৯১ বাঙ্গালা ২৮ জ্যৈষ্ঠ রোজ সোমবার জিলা চট্টগ্রামের কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক। ইতি সন ১৮৮২ ইং তারিখ।

কক্সবাজার সব-ডিবিসনের এলাকাধীন।

তৌজির নম্বর।	তালুকের নাম।	মালিকের নাম।	সদর জমা।		বাকী।		মোট।	মন্তব্য
			রাজস্ব।	সেছ।	রাজস্ব।	সেছ।		
২৩। ২৫।	মৌজে ইননী থানে টেকনাফ তালুক নছরত আলি সাং	খোদ	৮৯৷৷০	২৸৬	৪৩৮।৬	০	৪৩৮৷৷৮	সম্পূর্ণ তালুকা নিলাম হইবে।
৪৫ ১৩৬।	মৌং টেকনাফ থানে টেকনাফ তাং শ্রীমতী খাউ সাং	খোদ ...	১২১৭৲	৭৯/০	৬।৩৲	২৬।/৬	৬৩৯।/৬	ঐ
১১২ ১৩৮	মৌং রাজারকুল থানে রাম্ভু তালুক সেরস্ত খাঁ ...	সেওয়ান বিবি ও নবুল আলি সাং	১১০১৷৷৬	১৫৮।/	৩০৩।/৬	৪৫/৬	৩৪৭।৶	ঐ
২০৪ ৪১৯	মৌং মিঠাছরি থানে রাম্ভু ইজারা শ্রীমতী লতিফা খাতুন নাবালেগের পক্ষে আছাদ আলি খাঁ।	সাং আহার আলি খাঁ।	১১৮৩।৵০	১১৩/৬	৪২০৲	৩৭৷৷৵৬	৪২৭৷৷৶৬	ঐ
২৯৯ ২৮৬	মৌং বারপাকিয়া থানে চকরিয়া তাং বিবি ইসপ্রাক ...	সাং সেওয়ান আলি সদাগর।	৬৮৭৷৷/৩	২৯৪৸/	৪৩০৲	১৯৬৷৷	৬২৬৷৷০	ঐ
৩৩৪ ১৪৬০	মৌং পেকুয়া থানে চকরিয়া তালুক ফজল আলি ...	খোদ ...	২৫১২৲	১০৯।৵৬	২০৪২৲	৭২৸/	২১১৬৶০	ঐ

C. A. SAMUELLS, *Offg. Collector, Chittagong.*

জিলা ময়মনসিং।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে ১৮৬৮ সালের ৭ আইনের বিধানমতে জেলা ময়মনসিংহের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮৪ সালের ১২ জানুয়ারি তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮৩ সাল ২১ মেং মোং ১২৯১ সালের ৯ জ্যৈষ্ঠ বুধবার তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে ধরা যাইবে। ইতি ১৮৮৪। ৭ এপ্রিল।

নং তৌজি	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকী।	কৈফিয়ৎ
২৬ নং	পং নশিরজীদাল জমিদারি হিস্যা ।১০ আনা ময় বেজ:বেতা তালুক ১৮৫৯ সালের ১১ আইনমতে খারিজ বাদে এজমালি।	গোবিন্দচন্দ্র চৌধুরী গিরিজামোহন চৌধুরী গয়রহ।	৭১২৸৯	৮২৯৸৩৯	এজমালি মহাল নিলাম হইবেক।
	ঐ ঐ ১৮৭৯। ৭ আইনের ৭১ ধারামতে কি: চান্দীনারায়ণী ২৸৮৵৫ কাগ হিস্যা।	আনন্দচন্দ্র চক্রবর্ত্তী গয়রহ।	১৸৵০	•	•
	ঐ ঐ ঐ কি চান্দীনারায়ণী হিস্যা ২৸০৵৫। তৌল। তপে ঐ ঐ।	জয়চন্দ্র চক্রবর্ত্তী গয়রহ ...	৸০	•	•
১১৮ নং	তাং নেয়রাজআলী হিস্যা ৷৷০ আনা ১৮৫৯ সালের ১১ আইনমতে খারিজ বাদে এজমালি হিস্যা।	শ্রীনাথ চক্রবর্ত্তী ও হিমচন্দ্র চৌধুরী গয়রহ।	১২৭৸৵০	৪২৮৵	এজমালি মহাল নিলাম হইবেক।
	ঐ ১৮৭৯ সালের ১১ আইনের ১১ ধারামতে তমসুক মাফে ৩৩ মৌজার ।০ আনা হিস্যা।	যোগেশচন্দ্র চক্রবর্ত্তী ...	৩৪১৸৮৩	•	•
	ঐ ঐ ঐ ...	প্রসন্নময়ী চক্রবর্ত্তী ...	৫৪১৸৵২	•	•
	ঐ ঐ ঐ ...	ছাতুরাম দাস চক্রবর্ত্তী ...	৩১১৸৩	•	•
	ঐ ঐ ঐ তপে ঐ ঐ।	হরচন্দ্র চক্রবর্ত্তী ...	৩১১৸৵২	•	•
১২৪ নং	পাইন্দাং পরগণা হিস্যা ৬৵৩ কাঠা ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারামতে খারিজ বাদে এজমালি	মহিমাচন্দ্র রায় চৌধুরী ও নগেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী চৌধুরী গয়রহ।	১৩৩৫৸০	১২১৵৮	এজমালি মহাল নিলাম হইবেক
	ঐ ঐ ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারামতে চাকলে পাটুয়াভাঙ্গা ।০ আনা নগর হাজরাদির ৸১৬ গণ্ডা।	ঘনশ্যামকিশোর আচার্য্য চৌধুরী নাবালগ।	২৯৪৸৵০	•	•
	ঐ ঐ চাকলে পাটুয়াভাঙ্গা ৸৫ গণ্ডা ও নগর হাজরাদির ৵১৯ গণ্ডা ও বীর মজুমদার ৸৵০ আনা। তপে সাবেদা দরজিবাহুর মোতালক ১৫১ নং জমিদারি। তপে হাজরাদী।	হরকিশোর রায় চৌধুরী ...	১৬৬৸০	•	•
		সৈয়দ আবদুল্লা অধায়লপত্রে জামিনা আক্তর খাতুন।	২১৭৫৸৵০	১২।৵০	সম্পূর্ণ মহাল নিলাম হইবেক
৯১২৯ নং	তাং কৃষ্ণরাম দত্ত গয়রহ ১৮৫৯ সালের ১১ আইনমতে খারিজ বাদে এজমালি।	দীননাথ চক্রবর্ত্তী চৌধুরী গয়রহ।	৩৩৯৸৵৪	•	•
	ঐ ১৮৫৯ সালের ১১ আইনমতে খারিজ হিস্যা ৵১০ আনা।	বিশ্বেশ্বরী দাসী। ...	২৫০৸৵০	৪৷৷৷০	খারিজ হিস্যা নিলাম।
	ঐ ১৮৫৯ সালের ১১ আইনের ১০। ১১ ধারামতে খারিজ।	রামকিশোর গঙ্গোপাধ্যায় গয়রহ।	১০১৪।৵৭		

নং তৌজি।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকী।	কৈফিয়ৎ।
		দ্বিতীয় শ্রেণীর মহাল।			
৫০৭১ নং	তপে রণভাওয়াল। চর চারিপাড়া সুবর্ণপুর ওরফে কামারিয়া।	গিরিশচন্দ্র চক্রবর্ত্তী গয়রহ।	৭৪৭৸১০ পাই	১১৷৷৶০	সম্পূর্ণ মহাল মিলায় লইবেক।
৫০৮৫ নং	পং ময়মনসিংহ বীল ছলঙ্গী ...	রাজা হরিশ্চন্দ্র চৌধুরী গয়রহ।	৫৮৩৲	২০৷৷৶০	ঐ
৫১৭৪ নং	পং হুসেনশাহী চর ভেলুয়াবারি ...	দীননাথ চক্রবর্ত্তী চৌধুরী গয়রহ।	৮৭৪৲	২২৭৲	ঐ
৫২৪৯ নং	পরগনে পুখরিয়া চর পারহরা ...	রাজকথী দেবা চৌধুরাণী পতির নাম দুর্গাপ্রসাদ খাঁ ও মহারাণী শরতসুন্দরী দেবী গয়রহ।	৫১১৮৸০ মালিকানা ৬৫৮৲	১৪২৫৷০ মালিকানা ১৩৭৲	ঐ

G. E. MANISTY,
Offg. Collector.

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pounds* at a time, from the Superintendent, Botanical Garden, Calcutta, *for cash only*, at the following rates, per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin, *Rs.* 16, *ans.* 8.

The general public can be supplied by the Superintendent, Botanical Garden, *for cash only*, at the undernoted rates, per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20.

This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta.

Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারীগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪৷৷০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮৷৷০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬৷৷০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫৷৷০ টাকা; ৮ আউন্স টীন ১০৷৷০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায় উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ৷৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা, ডাকমাসুল দিতে হইবে।

[*Government Gazette, 6th May* 1884.]

জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহার দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে যে কোন ব্যক্তি নগদ মূল্য দিয়া ২৪৲ টাকায় এক পাউণ্ড হিসাবে পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকটে নগদ মূল্যে এবং প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও ৩২৲ টাকায় এক পাউণ্ড হিসাবে এই ঔষধ পাইতে পারিবেন। ইহার অতিরিক্ত ৸০ বার আনা ডাক মাসুল লাগিবে।

The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor

F. Max Müller, M.A. in two Volumes. *Price Rs.* 24; *packing and postage Re.* 1-12.

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his Country.—*Extract from Preface.*

Office of Supdt. Govt. Printing, No. 166, Dhurrumtolah Street, Calcutta.

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N. B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীযুতের বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট-কমিশনের মেম্বর, ইনর টেম্পালের শ্রীযুত সি, ডি, ফিল্‌ড, এম, এ, ও এল, এল, ডি, সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবনর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

এক২ খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট এক২ খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৬ মে।]

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the ***Bengali Gazette*** will henceforward be at the following rates, payable in advance :—

		Rs.	A.	P.	
	For the Mofussil.				
Entire Gazette		10	0	0	per annum.
Postage		2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal		4	0	0	„
Postage		1	0	0	„
For a single copy—					
Entire Gazette		0	4	0	
Postage		0	1	0	
Parts III, IV, V, and VI		0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage		0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে।

		টাকা	
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲	
ডাকমাসুল	„	২৷৷০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)		৪৲	
ডাকমাসুল	„	১৲	
সম্পূর্ণ এক খানি গেজেটের মূল্য		।০	
ডাকমাসুল		/০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		/০	৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা।
ডাকমাসুল		/০	

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য; কলিকাতায় কেবল ডাকমাসুল লাগিবে না।

ই, এম, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

[*Government Gazette, 6th May* 1884.]

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE

	Rs.
Full page, per issue	20
Half	10

Casual advertisements—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন যে সকল [illegible] সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে [illegible] উক্ত ছাপাখানায় ঐ সকল কর্ম্ম করাইতে চাহিলে তাহাদিগকে মূল্য দিতে হইবে, এতদ্ভিন্ন ঐ জ্ঞাপনও প্রকাশ করা যাইবে।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের একৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তক দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইস্তাহার ও বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ভাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি. ডব্লিউ. বলটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের অণ্ডর সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

	টাকা।
মন্তব্য।—কলিকাতা গেজেটে ইস্তাহার প্রকাশ করিবার হার এই।—	
পূর্ণ এক পৃষ্ঠা একবার প্রকাশ করিতে ...	২
অর্দ্ধ পৃষ্ঠা	১৷৷
কখনং ইস্তাহার প্রকাশ করিতে হইলে একং পঙ্‌ক্তি	৷৷৹

বিজ্ঞাপন।

ব্যবস্থাপকদিগকে বঙ্গদেশের ব্যবস্থা আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্যুপ্রেম কোর্ট হৌলহালের তাড়ায়ারস্থ বঙ্গদেশের গবর্ণমেণ্টের বিজ্ঞাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে দরখাস্ত দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্লেসে থাকার স্টেশ্ন কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮২। ২ ৫।]

কলিকাতা প্রেসিডেন্সী জেল কার্য্যালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মার্টন মুহস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 286—2-5-84—800

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল ৬ মে।

দ্বিতীয় খণ্ড।

Dated the 1st May 1884.

To—Calcutta. | From—Bombay.
To Bengal | From—General Secretary.

GOVERNMENT of India have sanctioned enforcement of B quarantine rules at Aden against vessels from Bombay. Letter follows.

A. P. MACDONNELL,
Offg. Secretary to the Govt. of Bengal.

১৮৮৪ সালের ১ মে।

বঙ্গদেশে, | বোম্বাই:
কলিকাতায়। | সাধারণ সেক্রেটরী সাহেবের টেলিগ্রাম।

বোম্বাই হইতে যে সকল জাহাজ আসিতেছে তাহাদের বিরুদ্ধে এডেন গবর্ণমেণ্ট এদেশে সেই সকল জাহাজের বিরুদ্ধে B চিহ্নিত কোয়ারেণ্টাইন নিয়ম প্রবর্ত্তন করিবার অনুমতি দিয়াছেন।

এ, পি, ম্যাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল, ৬ মে।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

সিলেক্ট কমিটী কর্ত্তৃক স্থিরীকৃত পাণ্ডুলিপি সমেত উক্ত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮৪ সালের ১৪ মার্চ তারিখে উপস্থিত করা হয়।—

সিলেক্ট কমিটীর নিম্নলিখিত ব্যক্তি আমাদিগের নিকট বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের পাণ্ডুলিপি বিবেচনার্থ অর্পিত হইয়াছিল। আমরা ঐ পাণ্ডুলিপি ও এতৎসংযুক্ত তফসীলের উল্লিখিত কাগজপত্রাদি বিবেচনা করিয়া প্রথমস্থলীয় রিপোর্ট প্রেরণ করিতেছি।

২। আমরা পাণ্ডুলিপিখানি সুচনা করিয়া গঠন করত এই সংশোধিত পাণ্ডুলিপির মধ্যে আমাদিগের অধিকাংশ ব্যক্তির মতে যে সকল পরিবর্ত্তন উপযুক্ত বোধ হইয়াছে তাহা সন্নিবেশ করিয়াছি। কিন্তু এমন অনেকগুলি বিষয় আছে যাহার সম্বন্ধে অধিকতর জ্ঞান থাকা আবশ্যক বলিয়া আমাদের বোধ হয়। আগামি নবেম্বর মাসে আমরা এই পাণ্ডুলিপি সংক্রান্ত কার্য্যে পুনর্ব্বার প্রবৃত্ত হইব। আমরা পাণ্ডুলিপি খানিকে যেরূপ পরিবর্ত্তিত করিয়াছি তাহা এই সময়ের মধ্যে অধিকতর সমালোচনের নিমিত্তে পুনঃ প্রকাশিত হয়, ইহাই আমাদিগের পরামর্শ।

৩। এই রিপোর্টখানি প্রথমস্থলীয় বলিয়া কমিটীর কয়েকজন সভ্য যত দিন এই পাণ্ডুলিপি সংক্রান্ত শেষ রিপোর্ট মন্ত্রিসভায় অর্পিত না হয় ততদিন কোন২ বিষয় সম্বন্ধে আপন২ মত প্রকাশ করিবেন না এই কথা লিপিবদ্ধ থাকে এইরূপ ইচ্ছা করেন। কমিটীর নিষ্পত্তি বলিয়া উল্লেখ করিলে সাধারণতঃ কমিটীর অধিকাংশ ব্যক্তির মত প্রকাশ করিতেছি এইরূপ বুঝিতে হইবে।

২য় অধ্যায়।

প্রজাদের শ্রেণী বিষয়ক বিধি।

৪। এই পাণ্ডুলিপি খানিতে যে ভিন্ন২ শ্রেণীর প্রজার কথা আছে তাহাদিগের বর্ণনা করিবার নিমিত্তেই এই অধ্যায়টি সন্নিবেশিত হইয়াছে। ইহাতে দৃষ্ট হইবে যে মূল পাণ্ডুলিপিতে অবধারিত খাজানায় ভূমিভোগকারি রায়তদিগকে যেরূপ তালুকদার শ্রেণীর অন্তর্গত অন্যতর শ্রেণী বলিয়া গণ্য করা গিয়াছিল তাহা না করিয়া এক্ষণে তাহাদিগকে স্বতন্ত্র শ্রেণীরূপে বিবেচনা করা গিয়াছে। ইহাও দেখা যাইবে যে "সামান্য রায়ত" এই কথার পরিবর্ত্তে "দখলীস্বত্বশূন্য রায়ত" এই কথা প্রয়োগ করা গিয়াছে. প্রথমোক্ত কথাটি ভ্রমাত্মক নাম বলিয়া ইহার প্রতি ন্যায্য আপত্তি উত্থাপিত হইয়াছে। পরিশেষে

ইহাও দ্রষ্টব্য যে সংশোধিত পাণ্ডুলিপির মধ্যে দখলীস্বত্ববিশিষ্ট যোতের অন্তর্গত নহে এরূপ বাস্তুভূমির রায়তদের উল্লেখমাত্র নাই। অধিকতর বিবেচনার পর পাণ্ডুলিপির মধ্যে এই শ্রেণীর প্রজাদিগের সম্বন্ধে কোন বিধান সন্নিবেশ করা বাঞ্ছনীয় বোধ হইলেও হইতে পারে; কিন্তু এই সকল প্রশ্নের মীমাংসা করিতে হইলে যত দূর সন্ধান জানা আবশ্যক আপাততঃ আমাদিগের তত দূর জানা নাই। স্পষ্টই দেখা যাইতেছে যে এতদ্দেশের ভিন্ন২ অংশে এই শ্রেণীর প্রজাদিগের যোত সম্বন্ধে নিয়মের এত দূর বিভিন্নতা আছে, যে মূল পাণ্ডুলিপির ৭ ম অধ্যায় রক্ষা করিতে হইলে তদন্তর্গত কএকটি বিষয়ের সংশোধন করা আবশ্যক হইত। কিন্তু অধিকতর সন্ধান না জানা পর্য্যন্ত আমরা কি আকারে ঐ সংশোধন করিতে হইবে ইহা বলিতে সমর্থ নহি। আমাদিগের ভরসা যে স্থানীয় গবর্ণমেণ্ট আবশ্যক সন্ধান জানাইবেন।

৫। তালুকদার ও রায়তদিগের মধ্যে প্রভেদবিষয়ক ধারাটিতে আমরা ঐ প্রত্যেক শ্রেণীর লক্ষণ নির্দ্দেশ না করিয়া বরং তাহাদিগের বর্ণনা করিতে যত্ন পাইয়াছি। যে সকল স্থল উক্ত উভয় শ্রেণীর মধ্যে প্রভেদসূচক সীমারেখার নিকটে অবস্থিত, সেই সকল স্থলে আদালতসমূহের পথ প্রদর্শনার্থে বিধি প্রণয়ন করা বিহিত ইহা স্বীকার করিলেও, আমাদিগের মত এই যে ইহার কোন শ্রেণীর দৃঢ় রূপে লক্ষণ নির্দ্দেশ করিবার চেষ্টা করিলে অসুবিধা দূর না হইয়া বরং তাহার সৃষ্টি হইবার সম্ভাবনা।

৩য় অধ্যায়।

তালুকদারদের সম্বন্ধীয় বিধি।

৬। অবধারিত হারে জমী ভোগ করিবার স্বত্ব বিষয়ক মূল পাণ্ডুলিপির (১৪—১৭) ধারাগুলিকে স্থানান্তরিত করিয়া সংশোধিত পাণ্ডুলিপির ৮ম অধ্যায়ের মধ্যে সন্নিবেশ করা গিয়াছে; ঐ অধ্যায়ের কথা বলিবার সময়ে তাহাদিগের বিশেষ উল্লেখ করা যাইবে। যে সকল জিলায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রচলিত আছে তদন্তর্গত স্থান সম্বন্ধে বিশেষ বিধান বিষয়ক মূল পাণ্ডুলিপির ২০ ধারাটিকে অতিরিক্ত বিধিবিষয়ক অধ্যায়ে স্থাপন করা গিয়াছে।

৭। চুক্তি কি দেশাচারক্রমে যে স্থলে তালুকের খাজানা বৃদ্ধির বিধান করা হয় নাই, আদালত সেই স্থলে যে বিধি অনুসারে খাজানা বৃদ্ধি করিবেন ৭ ধারার অন্তর্গত ৩ উপধারায় তাহা নির্দ্দিষ্ট হইয়াছে। আমরা এই উপধারার কোন পরিমাণে পরিবর্ত্তন করিয়াছি। এক্ষণে কেবল এই বিধান করা গেল, আদালত তালুকদারকে লভ্যের শতকরা দশভাগের কম দিবেন না এবং খাজানা নির্ণয় করিবার সময়ে যে অবস্থায় তালুকের সৃষ্টি হয়, তালুকের অধিকারী যে উৎকর্ষসাধন করিয়াছেন ও তদর্থক করিবার যে খরচ ও ঝুঁকি হয়, তাহার প্রতি দৃষ্টি রাখিবেন। বর্দ্ধিত খাজানা পূর্ব্বদেয় খাজানার দ্বিগুণের অধিক হইবে না এবং দশবৎসর অপরিবর্ত্তিত থাকিবে, এই বিধানটি আমরা স্পর্শ করি নাই।

৮। ৩৬ ধারায় পত্তনী তালুকের লক্ষণ নির্দ্দেশ করা হইয়াছিল, তাহা এক্ষণে উপক্রমণিকা অধ্যায়ের মধ্যে এবং সরাসরী নীলাম সাক্রান্ত ৪২ ধারাটি যে অধ্যায়ে ঐ বিষয়ের কথা আছে তাহার মধ্যে সন্নিবেশ করা গিয়াছে। এই দুইটি ধারাভিন্ন পত্তনী তালুক বিষয়ক মূল পাণ্ডুলিপির সমস্ত বিশেষ বিধানই এই অধ্যায়ের অন্তর্গত করা গেল।

৯। এই অধ্যায়ের অন্তর্গত তালুকের হস্তান্তর ও উত্তরাধিকার রেজিষ্টরীকরণ সংক্রান্ত পরিচ্ছেদে আমরা যে সকল পরিবর্ত্তন করিয়াছি তাহার মধ্যে নিম্নলিখিত কএকটী বিষয়ে কিছু বলা আবশ্যক বোধ হইতেছে।

(১) ১৫ ধারার (১) উপধারায় একটী নূতন বিধি যোগ করিয়া দেওয়া হইয়াছে। এই বিধিক্রমে ভূম্যধিকারী খাজানা বাকী থাকিলে তালুকের হস্তান্তর রেজিষ্টরী করিতে অসম্মত হইতে পারিবেন।

(২) মূল পাণ্ডুলিপির ২৭ (২) ধারার (খ) প্রকরণক্রমে রেজিষ্টরী করিবার প্রার্থনা করিতে বিলম্ব হইলে দণ্ডস্বরূপ যে অতিরিক্ত ফী দেয় হইত তাহা রহিত করা গিয়াছে এবং সে স্থলে তালুকদারকৃত কোন খাজানা দেয় না হয়। ১৫ (২) ধারা ।, তথায় ২৭ টাকা ফী দিতে হইবে ইহা নির্দ্দেশ করিয়া একটি প্রকরণ সন্নিবেশ করা হইয়াছে।

(৩) ১৬ ধারায় একটি উপধারা যোগ করা হইয়াছে। তাহার বিধান এই যে কোন ব্যক্তি হস্তান্তর কি উত্তরাধিকারক্রমে কোন তালুকের স্বত্ববান হইলে যাবৎ ঐ হস্তান্তর কি উত্তরাধিকার রেজিষ্টরী করা না হয় কিম্বা ভূম্যধিকারীর প্রতি তাহার নোটিস জারী করা না হয়, তাবৎ প্রথমোক্ত ব্যক্তি মোকদ্দমা, ডেক্রী বা অন্য কার্য্যানুষ্ঠান দ্বারা খাজানা আদায় করিতে পারিবে না।

(৪) এবং রেজিষ্টরী করিবার নকল প্রদান বিষয়ক ধারাটী (এক্ষণকার ২১ ধারা) সংশোধন করা গিয়াছে। স্থানীয় গবর্ণমেণ্ট এক আনার অনূন বা এক টাকার অনধিক যে ফী ধার্য্য করেন প্রত্যেক পৃষ্ঠা নকল দিবার জন্য সেই ফী দিতে হইবে।

৪র্থ অধ্যায়।

অবধারিত হারে যে রায়তেরা ভূমি ভোগ করে তাহাদের সম্বন্ধীয় বিধি।

১০। হস্তান্তর ও উত্তরাধিকার সম্বন্ধে আমরা তালুকদারদের প্রতি যেরূপ নিয়ম বর্ত্তে তাহা অবধারিত হারে ভূমিভোগকারী বাসেন্দা রায়তের প্রতিও বর্ত্তিবে ইহা বিধান করিয়া ঐ নিয়ম গুলির সমতা বিধান করিয়াছি। এই শ্রেণীর রায়তদিগকে (ক) রেজিষ্টরী করা পাট্টাক্রমে কি আদালত কর্ত্তৃক স্থিরীকৃত অধিকার বলে ভূমি ভোগকারী রায়ত এবং (খ) আইনবিহিত অনুমানক্রমে ভূমি ভোগকারী রায়ত এই দুই উপশ্রেণীতে বিভক্ত করিয়া প্রথমোক্ত শ্রেণীর রায়তদিগকে তালুকদারদের সহিত ও শেষোক্ত শ্রেণীর রায়তদিগকে দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সহিত সমান করিয়া দিবার প্রস্তাব করা হইয়াছিল। কিন্তু আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তিই এই প্রস্তাব গ্রহণ করিতে সমর্থ হইলেন না।

৫ম অধ্যায়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সম্বন্ধীয় বিধি।

১১। রায়তের স্বত্ব ও দখলীস্বত্ব লাভসম্বন্ধে এই অধ্যায়ের মূল নিয়ম গুলির কোন পরিবর্ত্তন করা হয় নাই। ক্ষুদ্র২ বিষয়ের পরিবর্ত্তনের মধ্যে আমাদের কেবল যে গুলির কথা বলা আবশ্যক তাহাই বলা যাইবে।

বর্দ্ধমানের মহারাজা প্রভৃতি ব্যক্তিদিগের যেরূপ সুবৃহৎ মহাল আছে, সেইরূপ একএকটি মহালের সমুদায় অংশেই বাসেন্দা রায়তের স্বত্ব প্রচলিত করিলে যে অসুবিধা ঘটিতে পারে, তৎ প্রতি আমাদিগের মনোযোগ আকৃষ্ট হইয়াছে। এইরূপ সকল বিশেষ স্থলে মহালের আয়তনের পরিবর্ত্তে রাজস্বসংক্রান্ত কি শাসন কার্য্যসম্বন্ধীয় কোনরূপ সুবিদিত বেশখণ্ড ধরিলে সুবিধা হইতে পারে বঙ্গদেশের গবর্ণমেণ্ট এমত বিবেচনা করেন কি না জানিতে বাঞ্ছা করি।

১২। এই অধ্যায়ের বিশেষ উদ্দেশ্য লাভ পক্ষে মহাল শব্দের অর্থ সম্বন্ধে "১৮৭৩ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি" কোন সময়ের মধ্যে বাটওয়ারা হইলে বাটওয়ারা হইয়াও মূল মহাল একই মহাল বলিয়া গণ্য হইবে, ২৭ ধারার (খ) প্রকরণের এই বিধানের প্রতি সাধারণের মনোযোগ আকর্ষণ করিতে ইচ্ছা করি। উল্লিখিত তারিখ স্থির করিবার কারণ এই যে, এ পর্য্যন্ত ঐ সময়াবধি বাটওয়ারা সম্বন্ধে সম্পূর্ণ কাগজপত্রাদি পাইবার যুক্তিসঙ্গতরূপ আশা আছে, এইরূপ বুঝা গিয়াছিল। কিন্তু ঠিক পূর্ব্ব কোনসময়ে ঐ তারিখ স্থির করা যাইবে তদ্বিষয়ে অধিকতর বিবেচনা আবশ্যক, সুতরাং যে একটি কথাতে ঐ সময় সূচিত হয় তাহার নিম্নে একটি রেখা টানিয়া দিতে হইবে আমরা এই আদেশ করিলাম।

১৩। বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুরোধক্রমে আমরা বাসেন্দা রায়তের লক্ষণ নির্দ্দেশক ২৬ ধারায় (২) সংখ্যক একটি উপধারা সংযোগ করিয়াছি। এই উপধারার বিধান এই যদি ইহা প্রমাণিত বা স্বীকৃত হয় যে কোন ব্যক্তি রায়তস্বরূপ ভূমিভোগ করে, তবে যাবৎ বিপরীত দর্শান না হয়, তাবৎ এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তির ও সে যে ভূম্যধিকারীর অধীনে ভূমিভোগ করে সেই ভূম্যধিকারীর মধ্যে এই অনুমান হইবে যে, সে ঐ ভূমি বা উহার কোন অংশ রায়তস্বরূপ বার বৎসর কাল ভোগ করিয়াছে। বঙ্গপ্রভৃতি দেশের বর্ত্তমান অবস্থা বিবেচনায় এইরূপ অনুমান করা যুক্তিসিদ্ধ বোধ হয়। ইহাতে মোকদ্দমার কার্য্যের সরলতা বিধান করিবে, অথচ কোন স্থলে ইহা ঠিক না খাটিলে ভূম্যধিকারী অনায়াসে ইহার খণ্ডন করিতে পারিবেন।

১৪। কোন ব্যক্তি একবৎসরের অনধিক কালের জন্য কোন গ্রাম কি মহালের অন্তর্গত কোন খোত হইতে বেদখল থাকিলেই যে বাসেন্দারায়তের স্বত্ব হারাইবে না আমরা মূল পাণ্ডুলিপির এই বিধানের [২৬ (৬) ধারা] মর্ম্ম অব্যাহত রাখিয়াছি এবং ইহাতে একটি [(৭) উপধারা] প্রকরণ যোগ করিয়াছি উপধারাটির মর্ম্ম এই ২৬ ধারাক্রমে [এই ধারার কথা পরে ৬১ দফায় দেখ] যদি সেই ব্যক্তি কোন জমীতে পুনর্ব্বার দখল প্রাপ্ত হয়, তবে একবৎসরের অধিক কাল বেদখল থাকিলেও বাসেন্দারায়তস্বরূপ গণ্য হইতে থাকিবে।

১৫। যে কারণে স্বত্বনির্ণয়ন বিষয়ক অধ্যায়টি পাণ্ডুলিপি হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে তাহা পরে বিবৃত হইবে। উক্ত অধ্যায়টি উঠাইয়া দেওয়াতে যাহাতে বুঝিবার ভুল না হয়, এই নিমিত্তে আমরা এই অধ্যায়ের মধ্যে একটি ধারা (২৮ ধারা) সন্নিবেশ করা বাঞ্ছনীয় বোধ করিলাম। এই ধারার বিধান এই যে দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তের ভূম্যধিকারী ক্রয় করিয়া বা প্রকারান্তরে উক্ত রায়তের স্বার্থপ্রাপ্ত হইলে দখলীস্বত্ব বিলুপ্ত হইবে, কিন্তু এই বিধানের কোন কথায় অপর কোন ব্যক্তির স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

১৬। মূল পাণ্ডুলিপির ৪৮ ধারায় ক্রমক্রমে দখলীস্বত্বলাভের বিধান ছিল, আমরা এই ধারাটি উঠাইয়া দিয়াছি, এবং ঐ পাণ্ডুলিপির ৫৯ ধারার ব্যাখ্যাত খামার শব্দের অর্থবোধে যে শ্রেণীর [illegible]

গণ্য তাহাতে দখলীস্বত্ব লাভ বিষয়ক ঐ ধারাটির পরিবর্ত্তে আর একটি ধারা (৩০ ধারা) দিয়াছি। শেষোক্ত ধারায় সামান্যতঃ এই বিধান করা গিয়াছে যে উক্ত সকল শ্রেণীর জমা মিয়াদী পাট্টাক্রমে কিম্বা সন বসন পাট্টাক্রমে ভোগ করা গেলে এই অধ্যায়ের কোন কথাক্রমে তাহাতে দখলীস্বত্ব জন্মিবে না।

১৭। যাহাতে ভূমি প্রজাস্বত্ব সংক্রান্ত কার্য্যের অনুপযোগী না হয় রায়ত এরূপে ভূমি ব্যবহার করিতে পারিবেন, আমরা ইহা নির্দ্দিষ্ট করিয়া বলিয়াছি [৩, ধারা, (ক) প্রকরণ] যে তিনি দেশাচারের বিরুদ্ধে ঐ ভূমিস্থিত বৃক্ষ কাটিতে পারিবেন না।

১৮। ভূম্যধিকারীর অগ্রে ক্রয় করিবার স্বত্বসম্বন্ধীয় পরিচ্ছেদটি এক্ষণে " হস্তান্তর বিষয়ে নিয়মের কথা " এই শীর্ষকের নিম্নে স্থাপিত হইল। আমরা এই পরিচ্ছেদে [৩২ (৪) ধারায়] বিধান করিয়াছি যে ভূম্যধিকারী দখলীস্বত্ব ক্রয় করিতে ইচ্ছা করিলে মূল্যস্থির হইবার কি আদালত কর্ত্তৃক ধার্য্য হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে রায়তকে ঐ মূল্য দিবার প্রস্তাব করিবেন। আমরা আরো এই ধারায় কএকটি কথা যোগ করিয়াছি, তৎক্রমে ভূম্যধিকারী ক্রয় করিবার দাওয়া করিলে রায়ত ইচ্ছা করিলে ঐ ভূমি নিজে রাখিতে পারিবেন।

১৯। আরো আমরা ঐ ধারায় (৫) সংখ্যক একটি উপধারা যোগ করিয়া বিধান করিয়াছি যে কোন রায়ত ঐ ধারার বিধান উল্লঙ্ঘন করিয়া বিক্রয় করিতে চেষ্টা পাইলে ভূম্যধিকারীর বিরুদ্ধে ঐ বিক্রয় ব্যর্থ হইবে।

২০। দখলীস্বত্ব উইলক্রমে দান করা গেলে মূল পাণ্ডুলিপির ৫৫ ধারাক্রমে ভূম্যধিকারীর প্রতি তাহা অগ্রে ক্রয় করিবার স্বত্ব প্রদত্ত হইয়াছিল। আমরা ঐ ধারাটি উঠাইয়া দিয়াছি।

২১। দখলীস্বত্ব দান সম্বন্ধে আমাদিগের বিশ্বাস এই যে অধিকাংশ স্থলেই এইরূপ দান উইলক্রমে করা হইবে অথবা প্রকৃত বিক্রয় দান বলিয়া কল্পনা করা হইবে। আমাদিগের বিবেচনায় কেবল শেষোক্ত শ্রেণীর দান সম্বন্ধেই ভূম্যধিকারিদিগের হিতার্থে কোন না কোন সংরক্ষণোপায়ের প্রয়োজন। রেজিষ্টরী করা দলীলক্রমে দান করিতে হইবে এবং ঐ দলীলের এক খণ্ড প্রতিলিপি অবিলম্বে ভূম্যধিকারীকে দিতে হইবে। তাহা হইলে দান প্রকৃত নহে বলিয়া তাহার বিশ্বাস করিবার কোন হেতু থাকিলে তিনি ঐ দানের প্রতিবাদ করিবার সুযোগ পাইবেন। আমাদিগের বিবেচনায় পূর্ব্বোক্তরূপ বিধান করিলে ভূম্যধিকারীর যথেষ্ট সংরক্ষণোপায় হইবে। পরন্তু আমরা পিতা বিষয়ে নিকট সম্পর্কের কোন ব্যক্তির প্রতি মুসলমান রায়ত কর্ত্তৃক দান স্থলে ঐ দান পূর্ব্বোক্ত বিধান হইতে মুক্ত করিয়াছি, কারণ তদ্রূপ দান সচরাচর উইলক্রমে দানের পরিবর্ত্তে করা হইয়া থাকে (৩৫ ধারা)।

২২। পরিশেষে বক্তব্য এই যে অগ্রে ক্রয় করিবার স্বত্ব আমরা কেবল ভূম্যধিকারী, চিরস্থায়ী তালুকদার ও তাঁহারা অন্য যে তালুকদারদিগকে ঐ স্বত্বানুযায়ি কার্য্য করিতে অনুমতি দেন তাঁহাদিগের প্রতিই প্রদান করিয়া একটি ধারা (৩৬) যোগ করিয়াছি। কারণ আমাদিগের বিবেচনায় ভূমিতে চিরস্থায়ী স্বার্থবিশিষ্ট উপরিস্থ ভূম্যধিকারীর বিনা অনুমতিতে কিয়ৎকালীন কোন তালুকদার পূর্ব্বোক্ত স্বত্বানুযায়ি কোন কার্য্য করিলে অনেক অসুবিধা ও গোলযোগ ঘটিতে পারে। ঐ অসুবিধা ও গোলযোগ পরিহার করা বাঞ্ছনীয়।

২৩। মূল পাণ্ডুলিপির ৫৬ ধারার প্রতি বিশেষ আপত্তি করা হইয়াছে। ইহার বিধান এই যে, ভূম্যধিকারী কোন ভূমিতে দখলীস্বত্ব লাভ করিলে পরে যদি কোন রায়ত ঐ ভূমি লয় তবে তাহাতে তাহার দখলীস্বত্ব জন্মিবে। আমরা এই ধারাটি উঠাইয়া দিয়াছি।

২৪। আমরা ৫৭ ধারাটিও উঠাইয়া দিয়াছি। ইহাতে এই বিধান ছিল যে, কোন ব্যক্তি উত্তরাধিকারক্রমে ভূমিতে দখলীস্বত্ব লাভ করিলে সে বাকেন্দা রায়তের স্বত্ব লাভ করিবে। আমাদিগের বিবেচনায় ২৬ (৪) ধারাক্রমে এই ধারার উদ্দেশ্য যথেষ্টরূপ সাধিত হইবে।

২৫। এই অধ্যায়ের পর পরিচ্ছেদের নাম " কোফাবিলি সম্বন্ধে নিয়মের কথা "। এই পরিচ্ছেদটি নূতন। কৃষক নহে এরূপ ব্যক্তিরা যাহাতে লাভাশয়ে দখলীস্বত্ব ক্রয় না করে এই উদ্দেশে এবং রায়তের কোফা রায়তকে রক্ষা করিবার নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্টের কৃত কএকটি প্রস্তাব অবলম্বন করিয়া ইহা প্রণীত হইয়াছে। আমাদিগের বক্তব্য এই যে এই স্থলে যে সকল বিধান সন্নিবেশিত হইল শেষোক্ত উদ্দেশ্যটি তদ্দ্বারা কেবল অংশতঃ সাধিত হইতে পারে। কোফা রায়তদের সম্বন্ধীয় ৭ম অধ্যায়ে এই উদ্দেশ্য সাধনার্থ অন্যান্য বিধান দৃষ্ট হইবে। এই বিষয়ের কথা সেইস্থলে বলা যাইবে।

২৬। ৫ম অধ্যায়ের এই পরিচ্ছেদের মধ্যে নিম্নলিখিত বিধানগুলিই প্রধান।

১ম।—কোন দখলীস্বত্বাধিষ্ঠিত রায়ত আপনার ভোগের যে অংশ কোফা বিলি করে, তাহা তদীয় ভোগের অর্দ্ধেকের অধিক হইলে, তালুকদারদের রেজিষ্টরী করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট বঙ্গদেশের ব্যবস্থাপক সভায় যে আইন উপস্থিত করিবার প্রস্তাব করেন, সেই আইনমতে ঐ রায়ত তালুকদার বলিয়া সরকারী রেজিষ্টরে আপনাকে রেজিষ্টরী করাইলে তালুকদার হইয়াছে বলিয়া গণ্য হইবে। ইহার ফল এই হইবে যে ঐ রায়তের কোফা রায়তেরাও বর্ত্তমান কিম্বা ভাবী দখলীস্বত্বের অধিকারী রায়ত বলিয়া গণ্য হইবে। (৩৭ ধারা)

২য়।—কোন রায়ত আপনার ঘোত কি ঘোতের কোন অংশ কোর্ফা বিলি করিলে ঐরূপ বিলি করিবার দরপাট্টা সাত বৎসরের অধিক কালের নিমিত্ত প্রবল থাকিবে না। (৩৮ ধারা)

এই বিধানগুলি উপর একটি বিধানের দ্বারা সংকোচিত হইয়াছে। শেষোক্ত বিধানের মধ্যে নিম্নলিখিত একটি প্রধান।

১ম।—কোন রায়ত বয়স হেতুক বা স্ত্রীলোক বলিয়া বা পীড়াবশতঃ বা দুর্ঘটনাক্রমে কি নির্দ্দিষ্ট কএকটি কারণে কিয়ৎকালের নিমিত্ত গৃহে উপস্থিত না থাকায় চাষ করিতে অক্ষম হইয়া আপন ঘোত কোর্ফাবিলি করিতে বাধ্য হইলে, তাহার ঐ কার্য্যের প্রতি উক্ত সকল বিধান বর্ত্তিবে না, ও

২য়।—যদি কোন রায়ত পূর্ব্বোক্তমতে তালুকদারে পরিবর্ত্তিত হয়, তবে ঐ ব্যক্তি দখলীস্বত্ব-বিশিষ্ট রায়ত থাকিলে, যে শর্ত্তে ও যে নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিত এক্ষণেও সেই শর্ত্তে ও নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবে। সুতরাং এই বিষয় সম্বন্ধে তাহার ভূম্যধিকারীর স্বত্ব অস্পষ্টই থাকিবে।

২৭। এই বিধান গুলি লইয়া বিলক্ষণ মতভেদ হইয়াছিল। এক পক্ষে ভূম্যধিকারীর সহিত ও অপর পক্ষে তাহার নিজের কোর্ফা প্রজার সহিত রায়তের যে সকল আইনবিহিত সম্বন্ধ আছে তাহার নিজের কৃত কার্য্যক্রমে ঐ সম্বন্ধের কোন পরিবর্ত্তন ঘটাইতে দিলে যে অসুবিধা হইবে আমরা তাহা অবগত আছি। এই পরিবর্ত্তন আবার যে নিয়ম অনুসরণ করিয়া সূচিত হওয়া আবশ্যক, তাহা সুনির্দ্দিষ্ট নহে এবং তাহা অবধারণ করা কঠিন। আবার কৃষকদিগের অবস্থা বিবেচনায় অনেক স্থলেই ঐ নিয়ম না খাটিবার বিধান আছে, সুতরাং বিষয়টি বিলক্ষণ জটিল হইয়া পড়িয়াছে। এই সকল আপত্তি সত্ত্বেও আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তিই কোর্ফা বিলি বিষয়ক প্রথাটি সীমাবদ্ধ করণোপলক্ষে নিম্ন-লিখিত উপায়াপেক্ষা কোন উৎকৃষ্টতর উপায় স্থির করিতে পারিলেন না। সকলেই স্বীকার করেন যে এই প্রথাটি এক কালে নিষেধ করা অসম্ভব। কোন রায়ত আপন ঘোত কোর্ফা বিলি করিলে যদি তাহার খাজানা বাকী পড়ে, তবে ঐ ঘোত তালুকের ন্যায় সদরী নীলামক্রমে বিক্রয় হইতে পারিবে এবং কোর্ফা প্রজারা দখলীস্বত্ব লাভ করিতে পারিবে এইরূপ বিধান করা গেল। কোর্ফা বিলি প্রথা একবার প্রচলিত হইলে তাহা ফলোপধায়ীরূপে নিবারণ করা যে অতীব কঠিন, এই সকল বিধান হইতে তাহার স্পষ্টই উপলব্ধি হইবে। ইহা দৃষ্ট হইবে যে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তালুকদাররূপে পরিবর্ত্তিত হইলেও দখলীস্বত্ববিশিষ্ট বলিয়া তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবে, কিন্তু অন্যান্য সকল বিষয়ে তালুকদার বলিয়া গণ্য হওয়াতে তালুকদারদের যেরূপ সদরীমতে নীলাম হইতে পারে ও তাহা-দের যেরূপ অন্য দায় ও স্বত্ব থাকে দখলীস্বত্ববিশিষ্ট রায়তদেরও তাহাই থাকিবে। ভূম্যধিকারী অগ্রক্রয় করিতে পারিবেন এই বিধান হইতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরাও তালুকদারদিগের ন্যায় মুক্ত থাকিবেন। কিন্তু যাহাতে ঐ রায়তের নাম রেজিষ্টরী করা না যায় এই সকল বিধানের মধ্যে কোনটিই বলবৎ হইবে না। আমাদিগের বিবেচনায় দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তালুকদাররূপে পরিবর্ত্তিত হইলে যে সকল জটিল সম্পর্ক সৃষ্ট হয় সামান্য খাজানার মোকদ্দমায় আদালতের প্রতি সেই সকল অবধারণ করিবার ভার অর্পণ করিলে অতীব কষ্টকর হইবে। কেবল স্থানীয় গবর্ণমেণ্টই ঐ সকল সম্পর্ক নির্ণয় করিয়া রেজিষ্টরী করিলে এই অসুবিধা দূর হইতে পারে। স্থানীয় গবর্ণমেণ্টও ইহা করিতে স্বীকৃত হইয়াছেন।

২৮। দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের খাজানা বৃদ্ধি বিষয়ক বিধানগুলির আমরা আকারগত ও বস্তুগত বহুল পরিবর্ত্তন করিয়াছি।

আমরা হারের তালিকা অনুসারে খাজানা বৃদ্ধি বিষয়ক বিধানগুলি স্থানান্তরিত করিয়া স্বতন্ত্র একটি অধ্যায়ের মধ্যে সন্নিবেশিত করিয়াছি। স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত বিষয়ক অধ্যায়ের পরে ঐ অধ্যায় স্থাপন করা গেল। চুক্তিক্রমে বা আদালতে মোকদ্দমা করিয়া সাধারণতঃ যে রূপে খাজানা বৃদ্ধি করা যায় এই স্থলে কেবল তাহারই কথা বলা যাইতেছে।

২৯। উপস্থিত সংশোধিত পাণ্ডুলিপি অনুসারে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা চুক্তি সত্ত্বেও ঐ চুক্তি রেজিষ্টরী করা না হইলে বৃদ্ধি করিতে পারা যায় না। ৪১ ধারাক্রমে নিম্নলিখিত বিধিগুলি তদ্রূপ চুক্তির প্রতি বর্ত্তিবে।—

(১)—খাজানা এরূপে বৃদ্ধি করিতে হইবে না যে তাহা রায়তের পূর্ব্ব দেয় খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অর্থাৎ শতকরা ২৫ টাকার অধিক হয়।

(২)—চুক্তিপত্রে অন্যূন সাত বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(৩)—বর্দ্ধিত খাজানা পূর্ব্বের বা সাবেক খাজানা অপেক্ষা টাকায় দুই আনার অর্থাৎ শতকরা ১২।৷০ টাকার অধিক হইলে, চুক্তিপত্রে অন্যূন পনের বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(৪)—রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ এই ধারামত চুক্তিপত্র রেজিষ্টরী করিবার পূর্ব্বে চুক্তি এই আইনের বিধানসম্মত ও রায়ত স্বাধীনভাবে তাহা করিতেছে এইরূ কথা জানিয়া লইবেন। ইহা স্পষ্ট হইবে যে ধারাটি সংশোধন করায় এক্ষণে এই দাঁড়াইয়াছে যে রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষকে চুক্তি অনুমোদন করিবার ও তাহা উচিত ও ন্যায্য ইহা বুঝিয়া লইবার পরিবর্ত্তে এক্ষণে কেবল ইহাই বুঝিয়া লইতে হইবে যে চুক্তি এই আইনের বিধানসম্মত।

৩০। ৪২ ধারায় এই বিধান করা গিয়াছে যে জমী মুক্তারূপ খাজানা দিয়া কোন প্রজা পূর্ব্বে ভোগ করিতেন, তাহা যে গ্রামের বা মহালের অন্তর্গত তথাকার কোন বাসেন্দা রায়তকে বিলি করা গেলে, খাজানা বৃদ্ধি করিয়া দিবার রেজিষ্টরী করা চুক্তিপত্রক্রমে না হইলে, পূর্ব্ব প্রজা যে খাজানা দিতেন উক্ত রায়ত ঐ জমীর জন্য তদপেক্ষা উচ্চতর খাজানা দিতে বাধ্য হইবেন না এবং তদ্রূপ প্রত্যেক চুক্তির প্রতি পূর্ব্বোল্লিখিত বিধি বর্ত্তিবে।

৩১। মোকদ্দমাক্রমে খাজানা বৃদ্ধি বিষয়ে আমাদের উদ্দেশ্য এই ভূম্যধিকারী ও প্রজা উভয়ের প্রতি বস্তুতঃই ন্যায্য হয় এইরূপ কতকগুলি বিধি প্রণয়ন করিয়া একটি কার্য্যপদ্ধতি নির্দ্দেশ করিতে হইবে যাহাতে বিচার্য্য বিষয় সম্বন্ধে বহুবিস্তৃত ও সুকঠিন সন্ধান জানিবার প্রয়োজন হইবে না। এই প্রয়োজন থাকাতেই খাজানাবৃদ্ধিসংক্রান্ত বর্ত্তমান আইনটি ভূম্যধিকারীদিগের হস্তে অকর্ম্মণ্য যন্ত্র স্বরূপ হইয়া দাঁড়িয়াছে।

এই অভিপ্রায়ে যে হেতুতে খাজানাবৃদ্ধিসংক্রান্ত মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে, তাহা নিম্নে উল্লেখ করিলাম (৩৩ ধারা)।—

(ক)—দখলীস্বত্ববিশিষ্ট রায়তের নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধা বিশিষ্ট ভূমির নিমিত্ত যে হারে খাজানা দিয়া থাকে উক্ত রায়ত তদপেক্ষা কম হারে খাজানা দেয়।

(খ)—সেই স্থানে বা নিকটস্থ বাজারে প্রধান প্রধান খাদ্য শস্যের গড় মূল্য বৃদ্ধি হইয়াছে।

(গ)—ভূমির উর্ব্বরতা বা উৎপাদিকা শক্তি বৃদ্ধির ব্যয়ে যে উৎকর্ষসাধন হয় তাহাতে রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(ঘ)—রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বন্যা দ্বারা বর্দ্ধিত হইয়াছে।

৩২। অনুসন্ধানকালে জানা যাওয়া গিয়াছিল যে বঙ্গদেশের গবর্ণমেণ্ট কেবল বিশেষ বিশেষ স্থানের নিম্নিখিত হারের প্রাদেশিক ভূমির [illegible] করিতে পারেন। ভূমির উৎপাদিকা শক্তি সম্বন্ধে যে সংবাদ সংগৃহীত হইতে পারিলে ঐ শক্তি বৃদ্ধি হইয়াছে বলিয়া আদালত খাজানাবৃদ্ধিসংক্রান্ত বিধি খাটাইতে পারেন আদালতের নিকট সেই সংবাদ উপস্থিত করণার্থ আমাদিগের নিকট অন্য কোন সাধারণ উপায়ের উল্লেখ করা হয় নাই। খাজানাবৃদ্ধির আইনসম্মত এই হেতুটি এক কালে ত্যাগ করণ প্রতি জমীদারেরা আপত্তি করেন, এবং ইহা পূর্ব্বপ্রচলিত আইনের অন্যতম বিধান ছিল বলিয়া রক্ষিত হইল। এই হেতুতে খাজানা বৃদ্ধি করিতে হইলে যে স্থলে ভূম্যধিকারীকৃত উৎকর্ষ-সাধন বশতঃ উৎপাদিকা শক্তির বৃদ্ধি হয়, যে অনুসন্ধান ও রেজিষ্টরী করণকার্য্যের বিধান পরে করা গিয়াছে তদ্দ্বারা ঐ খাজানা বৃদ্ধি করণ পক্ষে যথেষ্ট সহায়তা হইবে। কিন্তু বন্যা দ্বারা উৎপাদিকা শক্তির বৃদ্ধি হইয়াছে এই হেতুতে খাজানা বৃদ্ধি করিতে হইলে, আমাদিগের আশঙ্কা এই প্রতারণাকাল যে অসুবিধা বশতঃ অর্থাৎ ভূমির উৎপাদিকা শক্তি পূর্ব্বে কিরূপ ছিল তাহার প্রমাণাভাবে খাজানাবৃদ্ধির এই হেতুটি কার্য্যকর হইত না, এইক্ষণেও সেই অসুবিধা বিদ্যমান থাকিবে।

৩৩। পক্ষান্তরে মূল্যবৃদ্ধির হেতুতে খাজানা বৃদ্ধি করিতে হইলে স্থানীয় গবর্ণমেণ্ট মূল্যের প্রামাণিক তালিকা প্রস্তুত করিলে, ঐ কার্য্যের বিশেষ সহায়তা হইবে। এস্থলে ইহা বলা উচিত [illegible] যে ভূমির খাজানা লইয়া বিবাদ তাহাতে যে বিশেষ কোন [illegible] সাধারণতঃ বৃদ্ধি কি হ্রাস সূচিত হইতেছে ইহাই [illegible] আইন সংগ্রহ পুস্তকের ২৫০ ও তৎপরবর্ত্তী [illegible] যে নিয়ম ধরিয়া উৎপন্ন শস্যের দশমাংশের [illegible] মূল্যের তালিকা লইয়া সেই নিয়মে কার্য্য

[illegible] অনুপাতের বিধি অনুসারে কার্য্য করিতে হইলে [illegible] বৃদ্ধি হইয়াছে বলিয়া কতক টাকা ছাড়িয়া দেওয়া উচিত। [illegible] ভার খাজানাবৃদ্ধিসংক্রান্ত অন্য যে সকল নিয়ম [illegible] ধারার প্রতি, অর্পণ করিলাম। ঐ ধারার বিধান এই— যাহা মোকদ্দমায় [illegible]। আমাদের বোধ হয় আদালত কোন মোকদ্দমায় রূপ খাজানা বৃদ্ধির ডিক্রী দিবেন না। কিন্তু এই অধ্যায়ে যে সকল পরিবর্ত্তন করা গিয়াছে তাহা [illegible] কর্ত্তৃক সমাদৃত হইলে এই নিয়ম অধিকতররূপে বিবেচিত হইবে।

৩৫। ভূমির উৎপাদিকা শক্তির বৃদ্ধি হইবার হেতুতে খাজানা বৃদ্ধি করণ পক্ষে যে অসুবিধা অনুভূত হয়, বর্দ্ধিত খাজানা গত বাৎসরিক মোট উৎপন্নের এক পঞ্চমাংশের অধিক হইবে না এই প্রস্তাবেও সেই অসুবিধা সমভাবে অনুভূত হয়। কমিটীর অধিকাংশ ব্যক্তিরই মত এই যে প্রত্যেক স্থলেই গত বাৎসরিক মোট উৎপন্ন অর্থাৎ প্রধান প্রধান খাদ্য শস্যের পরিমাণ অবধারণ করা একরূপ অসম্ভব। এই প্রস্তাবটির মূল নিয়মের প্রতিও গুরুতর আপত্তি উত্থাপিত হইয়াছে। আমরা এই কারণে মূল পাণ্ডুলিপির ৭৫ (ঘ) ধারার পূর্ব্বোক্ত তাবের বিধানটি উঠাইয়া দিয়াছি ও তৎপরিবর্ত্তে মূল পাণ্ডুলিপির অন্তর্গত আর একটি নিয়মের দৃঢ়তা বৃদ্ধি করিয়াছি। পূর্ব্বোক্ত প্রথম হেতুতে খাজানা বৃদ্ধি করিলে টাকাপ্রতি আট আনার অর্থাৎ শতকরা ৫০ টাকার অধিক বৃদ্ধি করা যাইতে পারা যাইবে না; ২য় কিম্বা ৩য় হেতুতে খাজানাবৃদ্ধি করিলে টাকা প্রতি চারি আনার অর্থাৎ শতকরা ২৫ টাকার অধিক বৃদ্ধি করা যাইতে পারিবে না; এবং (৪৮ ধারা) আদালত কোন স্থলেই অনুপযুক্ত বা অন্যায় বোধ হইলে, খাজানাবৃদ্ধির ডিক্রী দিবেন না, আমরা এই সকল বিধান করিলাম।

৩৬। একই শ্রেণীর দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা প্রচলিত যে হারে খাজানা দেয় সেই হারের সীমা পর্য্যন্তই খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে, এই সম্বন্ধে আমরা উত্তর পশ্চিম প্রদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ২০ ধারা অবলম্বন করিয়া ৪৪ ধারায় এক টি প্রকরণ (গ) সংযোগ করিয়াছি। এই প্রকরণে, যেই স্থলে দেশাচারমতে রায়তের জাতির বিষয় বিবেচনা করা আবশ্যক, সেই২ স্থলের বিধান করা হইয়াছে।

৩৭। ভূম্যধিকারীকৃত উৎকর্ষসাধন হেতুতে খাজানা বৃদ্ধি সম্বন্ধে আমরা দৃঢ় ও অলঙ্ঘ্য কোন বিধি প্রণয়ন না করিয়া কেবল এই মাত্র বিধান করিলাম যে [৪৬ (খ) ধারা] কতদূর পর্য্যন্ত খাজানা বৃদ্ধি করিতে দেওয়া যাইবে ইহা নিরূপণ করণার্থে আদালত নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন, অর্থাৎ—

(১) উক্ত উৎকর্ষসাধন দ্বারা ভূমির উৎপন্নের মূল্য যতদূর বৃদ্ধি হইয়াছে;

(২) উৎকর্ষসাধন করিতে কত খরচ পড়িয়াছে;

(৩) উৎকর্ষসাধন কার্য্যে লাগাইতে হইলে চাষ করিতে কত খরচ পড়ে;

(৪) উক্ত ভূমির বর্ত্তমান খাজানা কত ও উচ্চতর খাজানা দিবার কিরূপ শক্তি আছে।

বহুকাল পূর্ব্বের কথা লইয়া কষ্টকর অনুসন্ধান পরিহারার্থে আমরা [৪৬ (ক) ধারায়] বিধান করিয়াছি যে উৎকর্ষসাধন রেজিষ্টরী করা না গেলে অর্থাৎ ৯ম অধ্যায়ের নির্দ্দিষ্ট বিধি অনুসারে রেজিষ্টরী করা না গেলে, আদালত খাজানাবৃদ্ধি দিবেন না। উক্ত বিধি সকল এরূপ ভাবে প্রণীত হইয়াছে দৃষ্ট হইবে যে তৎক্রমে আবশ্যক সকল সংবাদই উপযুক্তমতে লিপিবদ্ধ করিতে হইবে।

৩৮। বন্যাদ্বারা ভূমির উৎপাদিকা শক্তির বৃদ্ধি হেতুতে খাজানাবৃদ্ধি সম্বন্ধে খাজানা সংক্রান্ত কমিশ্যন যে মূলবিধির প্রস্তাব করেন, তাহাই অবলম্বন করিয়া আমাদিগের গৃহীত বিধিটি প্রণীত হইয়াছে। ঐ বিধির মর্ম্ম এই যে [৪৭ (গ) ধারা] ভূম্যধিকারী ভূমির উৎপন্নের নিট বৃদ্ধির মূল্যের অর্দ্ধেকের অধিক পাইবেন না।

৩৯। ক্রমাগত খাজানাবৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব সীমাবদ্ধ করণ বিষয়ক মূল পাণ্ডুলিপির ৭৮ ধারাটি (৫০ ধারা) এক্ষণে প্রচলিত হার অপেক্ষা কমহারে খাজানা দেওয়া হইতেছে কিম্বা মূল্য বৃদ্ধি হইয়াছে এইরূপ স্থলে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহার প্রতিই বর্ত্তিবে; পরন্তু ঐ নিয়মটি এক্ষণে খাজানাবৃদ্ধির যে মোকদ্দমা দোষ গুণ বিচারের পর ডিসমিস হইয়াছে ও যে মোকদ্দমায় খাজানা বৃদ্ধির ডিক্রী দেওয়া হইয়াছে এই উভয়ের প্রতি বর্ত্তিবে, ও একবার খাজানাবৃদ্ধি করা গেলে পনের বৎসর গত না হইলে আবার খাজানাবৃদ্ধি করা যাইতে পারিবে না। পূর্ব্বে দশ বৎসর গত হইলেই খাজানাবৃদ্ধি করা যাইতে পারিত।

৪০। যে২ হেতুতে খাজানা কমাইবার নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে সংশোধিত পাণ্ডুলিপিতে (৫১ ধারা) তাহা নিম্নলিখিতরূপে নির্দ্দিষ্ট হইয়াছে —অর্থাৎ

(ক)—যোতের জমী রায়তের দোষ বিনা একেবারে জমা হইয়া বা ঐ রূপ অন্য কোন দুর্ঘটনা ঘটিয়া স্থায়িরূপে অপকৃষ্ট [illegible]

(খ)—ঐ স্থানে প্রধান খাদ্য শস্যের [illegible]

ইহার প্রত্যেক স্থলেই [illegible] ঐ জমীর [illegible] ৩ ভাগ দূর পর্য্যন্ত কমাইবার আজ্ঞা দিতে পারিবেন।

৪১। মূল্যের প্রামাণিক তালিকা প্রস্তুত করণ সম্বন্ধীয় সংশোধিত পাণ্ডুলিপির ৫২ ধারাটী মূল পাণ্ডুলিপির অন্তর্গত উক্ত বিষয় সংক্রান্ত [illegible] কেবল একটি পরিবর্ত্তনের কথা বলা আবশ্যক, অর্থাৎ এই মূতন [illegible] গবর্ণমেণ্ট পূর্ব্ব ও বর্ত্তমান উভয় কালের নিমিত্তই মূল্যের তালিকা প্রস্তুত করিবার [illegible] হইয়াছেন। বঙ্গদেশের গবর্ণমেণ্ট গত পাঁচ বৎসর নিয়মিতরূপে যে মূল্যের তালিকা প্রকাশ করিয়া আসিতেছেন, তাহা অবলম্বন করিয়া উক্ত মূল্যের তালিকা প্রস্তুত করা যাইতে পারে। এই তালিকা [illegible] কোন স্থানের শস্যাদির মূল্য সম্বন্ধে [illegible] প্রদান করিতে পারিলে, মূল্যবৃদ্ধির হেতুতে খাজানা বৃদ্ধি করণ সময়ে আদালতের কার্য্যের বিশিষ্টরূপ সরলতা সাধিত হইবে।

৪২। পশুচারণ ভূমির খাজানা বৃদ্ধি বিষয়ক মূল পাণ্ডুলিপির ৮০ ধারাটি উঠাইয়া দেওয়া গেল, কারণ পশুচারণের নিমিত্তে প্রজাবিশেষকে ভূমি খাজানা করিয়া দেওয়া অতীব বিরল, সুতরাং এই বিষয়ে বিধির প্রয়োজন নাই।

৪৩। দখলীস্বত্ববিশিষ্ট প্রজা শস্যরূপে বা ফসল অনুসারে যে খাজানা দিবেন তাহার সীমা নির্দ্দেশকারী মূল পাণ্ডুলিপির ৮১ ধারাটিও উঠাইয়া দেওয়া গেল; কারণ, এবিষয়ে স্থানীয় রীতি অতিশয় জটিল দৃষ্ট হইল। ফসল বিভাগ করিবার পূর্ব্বে নানা উপলক্ষ করিয়া উহা হইতে সচরাচর অনেক অংশ বাদ দেওয়া হইয়া থাকে। এরূপ স্থলে কোন দৃঢ় ও অলঙ্ঘ্য বিধি নির্দ্দেশ করিলে আদালতের ভ্রান্তি ঘটিয়া অনিষ্ট হইবারই সম্ভাবনা।

৪৪। শস্যরূপে দেয় খাজানা রূপান্তরিত করণ বিষয়ক (৫৩) ধারাটি মধ্য প্রদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৩ সালের আইনের ১৬ ধারা অবলম্বনে পুনর্গঠিত হইয়াছে। এক্ষণে ইহা যেরূপ দাঁড়াইয়াছে তাহাতে ভূম্যধিকারী কিম্বা প্রজার মধ্যে যে কেহ নির্দ্দিষ্ট কএক জন কর্ত্তৃপক্ষের নিকট খাজানা রূপান্তরিত হইবার প্রার্থনা করিতে পারিবেন এবং উক্ত যে কর্ত্তৃপক্ষের নিকট ঐ প্রার্থনা করা যায় তিনি তাহার প্রতিবাদ করা গেলে তাহা অগ্রাহ্য করিতে পারিবেন। আরও মুদ্রাযোগে কত খাজানা দিতে হইবে ইহা নির্ণয় করণার্থে পুরাতন ধারা অপেক্ষা নূতন ধারায় বিবেচনামত কার্য্য করিবার অধিকতর অবসর প্রদান করা হইয়াছে। ইহাতে কেবল এই বিধান করা গিয়াছে যে ঐ খাজানা নির্ণয় করণকালীন পূর্ব্বোক্ত কর্ত্তৃপক্ষ নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন, অর্থাৎ,

(ক) দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত গড়ে যে মুদ্রারূপ খাজানা দিয়া থাকে, তাহার প্রতি ও

(খ) পূর্ব্ব দশ বৎসরে ভূম্যধিকারী প্রকৃত প্রস্তাবে যে খাজানা পাইয়া থাকেন তাহার গড় মূল্যের প্রতি।

৬ষ্ঠ অধ্যায়।

দখলীস্বত্বশূন্য রায়তদের সম্বন্ধীয় বিধি।

৪৫। মূল পাণ্ডুলিপির ৮৯ ধারায় এই বিধান ছিল, ঐ পাণ্ডুলিপির অভিহিত "সামান্য রায়ত" অর্থাৎ দখলীস্বত্বশূন্য রায়ত তদীয় ভূম্যধিকারীর সহিত কৃত নিয়মানুসারে সময়ের যে খাজানা ধার্য্য হয় ১১৯ ধারার বিধান অর্থাৎ তাহার দেয় অত্যুচ্চ খাজানা মোট উৎপন্নের গড় বার্ষিক মূল্যের পাঁচ আনার অধিক হইবে না এই বিধান প্রবল মানিয়া সেই খাজানা দিবে। আমরা যে কারণে দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরদের খাজানা বৃদ্ধি স্থলে এইপ্রকার অত্যুচ্চ খাজানা ধার্য্য করিবার প্রস্তাব ত্যাগ করিয়াছি, এই স্থলেও সেই কারণে তদ্রূপ প্রস্তাব ত্যাগ করিবার মানস করি। দখলীস্বত্বশূন্য রায়তের খাজানা ধার্য্য করিবার চুক্তি সম্বন্ধে অন্য কোন নিয়ম করা কর্ত্তব্য কি না এক্ষণে ইহাই কথা হইতেছে। আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তিই এরূপ কোন নিয়ম নির্দ্দেশ করিতে অনিচ্ছুক। অতএব সংশোধিত পাণ্ডুলিপিক্রমে ভূম্যধিকারী ও রায়ত উভয়েই এই বিষয়ে স্বাধীন রহিলেন। কেবলমাত্র (৫৭ ধারায়) এই বিধান করা গেল কোন দখলীস্বত্বশূন্য রায়তকে ভূমির দখল দেওয়া গেলে রেজিষ্টরী করা নিয়মপত্র ভিন্ন কিম্বা এই অধ্যায়ের যে কএকটি ধারার কথা শীঘ্রই বলা যাইবে তদুল্লিখিত প্রকারে না হইলে ঐ রায়তের খাজানা বৃদ্ধি করা যাইবে না।

৪৬। যেহেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদ করা যাইতে পারে তদ্বিষয়ক ৫৮ ধারায় আমরা একটি প্রকরণ সংযোগ করিয়াছি। ঐ প্রকরণানুসারে উক্ত রায়তকে প্রথমবার রেজিষ্টরী করা পাট্টাক্রমে ভূমির দখল দেওয়া গেলে পাট্টার মিয়াদ অতীত হইয়াছে এইহেতু ধরিয়া উচ্ছেদ করা যাইতে পারিবে। কিন্তু আমরা পরবর্ত্তী (৫৯) ধারায় বিধান করিয়াছি যে মিয়াদ অতীত হইবার অন্যূন ছয় মাস থাকিতে রায়তের উপর উঠিয়া যাইবার নোটিস জারী করা না গেলে পাট্টার মিয়াদ অতীত হইয়াছে এইহেতু ধরিয়া উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা যাইবে না, এবং মিয়াদ অতীত হইবার ছয় মাসের পর উপস্থিত করা যাইবে না।

৪৭। আমরা দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদের নিমিত্ত ক্ষতিপূরণ দিবার বিধান সম্বন্ধীয় প্রকরণটি উঠাইয়া দিতে স্থির করিয়াছি এবং তৎপরিবর্ত্তে (৬০ ধারায়) এই বিধান করিয়াছি যে বর্দ্ধিত খাজানা দিতে অসম্মত এইহেতু ধরিয়া দখলীস্বত্বশূন্য কোন রায়তের নামে উচ্ছেদ করণার্থ মোকদ্দমা উপস্থিত করা গেলে আদালত উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিবেন। ঐ রায়তের পাঁচবৎসর কাল উক্ত খাজানায় ভূমি ভোগ করিবার অধিকার থাকিবে এবং তাহার পর প্রথম পাট্টার মিয়াদ অতীত হইলে যেং নিয়মে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিত ইতিমধ্যে তাহার দখলীস্বত্ব না জন্মিলে সেইং নিয়মে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিবে।

৭ম অধ্যায়।

কোর্ফা রায়তদের সম্বন্ধীয় বিধি।

৪৮। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপন ভোগের জন্যে কোর্ফা বিলি করাতে তালুকদারকে পরিত্যাগ করিলে, তাহার কোর্ফা প্রজারা রায়তদের সত্ত্ব ও বিধি ভোগ করিবার অধিকারী হইবে ৬০। পূর্ব্বের (২৮ ও ২৭ ধারায়) পাতুলিপির অন্তর্গত এই নূতন বিধানের উদ্দেশ্য করিয়াছি যে কোর্ফা রায়তেরা এই বিধানের উপকারের অধিকারী নহে, উপস্থিত ক্রমানুক্রমে তাহাদের ঐ পরিমাণে রক্ষণোপায় সাধিত হইবে।

৬২ ধারা বিধান এই যে দুরাকৃপ খাজানা নির্দ্ধারণ করিলে কোর্ফা রায়ত তুলিয়া দিতে হইবে, তাহার তুলিয়া দিবে যে খাজনা দেন তাহার উপরে শতকরা ২৫ অধিক খাজানা দিতে পারিবে না, অর্থ ৎ,

(ক) রেজিষ্টরীকৃত পাট্টা বা নিবন্ধপত্রক্রমে কোর্ফা রায়তের খাজনা দেওয়া গেলে, শতকরা পঞ্চাশ টাকার, ও

(খ) অন্য কোন স্থলে, শতকরা পঁচিশ টাকার।

আর ৬৩ ধারায় এই বিধান করা গিয়াছে কোন কৃষি বৎসরের শেষ না হইলে এবং অন্ততঃ বৎসর পূর্ব্বে তাহার অন্যূন ছয় মাস মধ্যে নির্দ্দিষ্ট প্রকারে কোন কোর্ফা রায়তের উপর উঠিয়া যাইবার নোটিস জারী করা না গেলে পর তদীয় ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

৮ম অধ্যায়।

খাজানা বিষয়ক সাধারণ বিধান।

৪৯। এই অধ্যায়ের প্রথমেই তালুকদার ও রায়তদের অবধারিত হারে ভূমি ভোগ করণবিষয়ক স্বত্ব সম্বন্ধে বিধান আছে। এই বিধানগুলি তালুকদার সম্বন্ধীয় মূল অধ্যায়ের প্রথম ভাগ হইতে স্থানান্তরিত করা হইয়াছে। ইহার মধ্যে যে সকল পরিবর্ত্তন করা গিয়াছে তাহার একটির কথা এস্থলে বলা আবশ্যক। ৬৫ ধারার অন্তর্গত (২) উপধারায় একটি প্রকরণ সংযোজন করা গিয়াছে। ইহার বিধান এই যদি চিরস্থায়ী তালুকি অবধারিত হারে ভোগকর প্রজাস্বত্ব রেজিষ্টরী করিয়া হইবে বলিয়া পরে কোন আইন প্রণীত হয়, তবে যে সকল প্রজাস্বত্ব নির্দ্দিষ্ট সময়ের মধ্যে রেজিষ্টরী করা না হয়, তাহার প্রতি বিশ বৎসর ভোগ অতিশয় সুবিদিত অনুমানটি ব হইবে না। আমরা অবগত হইয়াছি স্থানীয় গবর্ণমেণ্টের বঙ্গদেশীয় ব্যবস্থাপকসভায় পূর্ব্বোক্ত তাবের রেজিষ্টরী করণ প্রথা প্রচলিত করণার্থে শীঘ্রই আইনের এক খানি পাণ্ডুলিপি উপস্থিত করিবার অভিপ্রায় আছে। যদি ঐ পাণ্ডুলিপি আইনে পরিণত হয়, তাহা হইলে ব্যবস্থা গ্রন্থে পূর্ব্বোক্ত অনুমানের কথাটি অপরিবর্জ্জিত থাকাতে ভূম্যধিকারীদের যে কষ্ট হয় বলিয়া তাঁহারা আক্ষেপ করিয়া থাকেন ঐ আইন ও পূর্ব্বোক্ত প্রকরণ যে অন্ততঃ অবধারিত হারে ভোগ প্রজাস্বত্বসম্বন্ধে সেই কষ্টের উপশমরূপ প্রতিকার হইবে। স্বত্বের লিপি প্রস্তুত হইবার পরে এ অনুমান আর খাটিবে না (পরবর্ত্তী ৭ ধারা দেখ)

৫০। কোন তালুকের অন্তর্গত ভূমির সর্ব্ব ভূমি ভোগযোগ্য হওয়াতে ঐ তালুকের খাজানায় টাকা ভোগ করিবার সময়ে পক্ষে আনোয়ের অবধারিত শতকরা ত্রিশ টাকা পরিমাণ দিতে হইবে বলিয়া পাণ্ডুলিপির ৬৯ ধারার অন্তর্গত দুই ও অন্যান্য বিশিষ্ট ভূমিভাবের ৬৬ (২) ধারা হইতে তাহারা ভিন্ন করা গিয়াছে। কেবল এই ধারা বিধি যে তালুকদার আপনার তালুকের খাজানা সম্বন্ধে সত্তর ভোগ পাইতে সত্বরে তাহার তদ্বিষয়ে দৃষ্টি রাখিবেন।

৫১। প্রজারা খাজানার হিসাব বিষয়ক (৬৮) ধারা হইতে মূল পাণ্ডুলিপির ৯৮ ধারা সমূলে কিঞ্চিৎ পরিমাণে পরিবর্ত্তিত বিধানে পরিণত করিয়া তাহাকে ৭০ ধারা করা গিয়াছে।

৫২। আমরা ৬৮ ধারার একটি প্রকরণ সংযোজন করিয়া রায়তের প্রতি এই সুবিধা করিয়াছি যে তাহারা পাটোয়ারে খাজানার হিসাব মত ছয় মাস খাজনা দিবার পর হিসাব প্রদর্শন করিতে পারিবেন। আমাদের বিবেচনায় ইহা দ্বারা এই প্রকরণটি কোন বে-আইনী জনক বোধ হইতে পারে।

৫৩। আমরা ৭০ ও ৭১ ধারার একত্রে যে খাজানার সম্বন্ধে যে সকল বিধান করিয়াছি তাহা সুবিধা করিয়া দিবার জন্যে পাকা। একটি স্থলে এই প্রকরণটি কোন বে-আইনী কার্য্য জনক বোধ হইলে তাহা সুবিধা বোধ হইলে তাহা বিলুপ্ত করিবার ক্ষমতা প্রদান করিলাম।

৫৪। আমরা ৭০ (৪) ধারায় মূল পাণ্ডুলিপির অন্তর্গত তুলা ভাবের [illegible] বিধানের দৃঢ়তা শিথিল করিয়া দিয়াছি। এক্ষণে এই বিধান করা গেল, যে প্রকৃত [illegible] আদেশপত্র সমস্ত বিশেষ কথা না থাকে তাহা যে তারিখে দেওয়া যায় সেই তারিখ [illegible] সমুদয় দাওয়ার সম্পূর্ণ নিষ্পত্তিপত্র বলিয়া গণ্য না হওয়া "বিপরীত লক্ষণ না দেখা [illegible] হইবে।

৫৫। খাজানা আদায়ের জন্য গেলে তাহা ফিরাইয়া লইবার প্রার্থনাপত্রে যাহাতে কোর্ট ফী না লাগে তাহা বিধান করিবার নিমিত্তে কেহ কেহ আমাদিগকে পরামর্শ দিয়াছেন। এইরূপ হওয়া আমরা বাঞ্ছনীয় বোধ করি; কিন্তু শাসনকার্য্যসংক্রান্ত কর্তৃপক্ষদিগের এই বিষয়ে ব্যবস্থা করিবার ক্ষমতা আছে বলিয়া তাঁহাদিগের হস্তেই ইহার ভার রাখা হইল।

৫৬। যে স্রোত হস্তান্তর করা যাইতে না পারে, খাজানা নিমিত্ত সেই স্রোত হইতে উচ্ছেদ করিবার বিধান বিষয়ক (৭৮) ধারার একটি উপধারা সংযোগ করিয়া আমরা, বিশেষ কারণ থাকিলে আদালত খাজানা দিবার নির্দ্দিষ্টকাল বাড়াইয়া দিতে পারিবেন, আদালতের প্রতি এই ক্ষমতা প্রদান করিলাম।

৫৭। তালুকী স্রোতের উৎপন্ন ফসল বিভাগ বা বাচাই করণার্থ কালেক্টর সাহেব কোন কর্ম্মচারী প্রেরণ করিতে পারিবেন, তাঁহার প্রতি আমরা এই ক্ষমতা প্রদান করিলাম। স্বার্থবিশিষ্ট অন্যতর পক্ষের প্রার্থনামতে এবং যে কোন স্থলে জিলার বা মহকুমার জিষ্ট্রেট সাহেবের মতে ঐরূপ কার্য্য করিলে শান্তিভঙ্গ নিবারিত হইবার সম্ভাবনা সেই স্থলে কালেক্টর সাহেব তাহা করিতে পারিবেন। [৮১ (১) ধারা]

৫৮। যে কর্ম্মচারীকে প্রেরণ করা যায় তাঁহার প্রদত্ত রিপোর্টের উপর কালেক্টর সাহেব সকল স্থলেই যে আজ্ঞা দান বোধ করেন সেই আজ্ঞা করিতে পারিবেন, তাঁহার প্রতি আমরা এই ক্ষমতা প্রদান করিয়া এই বিধান করিলাম যে পক্ষদের মধ্যে যে কোন বিষয়ের বিবাদ থাকে তাহা দেওয়ানী আদালতের নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করা উপযুক্ত বিবেচনা না করিলে তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে ও ডিক্রীর ন্যায় প্রবল করা যাইতে পারিবে। [৮১ (৪) ও (৫) ধারা] মূল পাণ্ডুলিপি ক্রমে পক্ষদিগকে প্রথম স্থলেই উপকার লাভার্থে দেওয়ানী আদালতে যাইতে হইত, এক্ষণে যে কার্য্যপদ্ধতি নির্দ্দিষ্ট হইল তাহা আমাদিগের বিবেচনায় অধিকতর সরল ও সুবিধাজনক।

৫৯। মূল পাণ্ডুলিপির ১১৭ ধারার পরিবর্ত্তে আমরা পার্শ্বলিখিত ধারাটি সন্নিবেশ করিয়াছি

শস্যের দখল সম্বন্ধে স্বত্ব ও দায়ের কথা।

৮৩ ধারা। (১) উৎপন্ন ফসল বাচাই করিয়া খাজানা লওয়া গেলে, সমস্ত ফসল দখলে রাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(২) উৎপন্ন ফসল বিভাগ করিয়া খাজানা লওয়া গেলে যাবৎ উহা বিভাগ করা যায়, তাবৎ সমস্ত ফসল দখলে রাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(৩) উভয় স্থলেই ভূম্যধিকারীর পক্ষে কোন ফসলের বিশেষ ব্যতিরেকে প্রজা কৃষি কার্য্যের নিয়মিতকালে ফসল কাটিয়া সংগ্রহ করিতে পারিবেন, কিন্তু যাহাতে যথাকালে উপযুক্ত বাচাই বা বিভাগ করিবার বাধা হয় এরূপ সময়ে বা এরূপ প্রকারে ফসলের কোন অংশ স্থানান্তর করিতে পারিবেন না।

(৪) যদি প্রজা ফসলের কোন অংশ এরূপ সময়ে বা এরূপ প্রকারে স্থানান্তর করেন, যাহাতে যথাকালে তাহার বাচাই বা বিভাগ করা বাধা হয়, তবে শস্য সংগ্রহের সময়ে নিকটস্থ সেই প্রকারের ভূমিতে সেই প্রকারের শস্য সর্ব্বাপেক্ষা যত পরিমাণে বড় যাচাই হয় ফসল তত হইয়াছিল বলিয়া, জ্ঞান করা যাইবে।

যেস্থলে উৎপন্ন বাচাই বা বিভাগ করিয়া খাজানা লওয়া যায়, সেস্থলে ফসলের দখল সম্বন্ধে ভূম্যধিকারী ও প্রজার স্বত্ব ও দায়ের বিষয়ে এই ধারায় সংক্ষেপে প্রকৃতিরূপ বিধান করা হইয়াছে।

মূল পাণ্ডুলিপির ১১৭ ধারার দত্ত বিষয়ক বিধানটি এইস্থলে গৃহীত হইল না, কারণ ১৯শ অধ্যায়ের (২২০ ধারা) মধ্যে দত্ত বিষয়ক সাধারণ যে প্রকরণ সন্নিবেশ করা গিয়াছে তাহাতেই উক্ত বিষয়ের যথেষ্ট বিধান হইবে।

৯ম অধ্যায়।

ভূম্যধিকারী ও প্রজা বিষয়ক বিবিধ বিধান।

৬০। আমরা একটি নূতন ধারা (৮৮) সন্নিবেশ করিয়া বিধান করিলাম যে, রায়ত অবধারিত খাজানার কিম্বা অবধারিত খাজানার হারে ভূমি ভোগ করিলে, তদীয় ভূম্যধিকারী তাহাকে কোন উৎকর্ষসাধন করিতে বাধা দিতে পারিবেন না।

৬১। আমরা ৮৯ (৩) ধারায় এবং [illegible] রায়ত ও তদীয় ভূম্যধিকারীর মধ্যে

(ক) রায়তের উৎকর্ষসাধন করিবার স্বত্ব সম্বন্ধে ও

(খ) কোন বিশেষ কার্য্য উৎকর্ষসাধন কি না এতৎ সম্বন্ধে,

কোন বিবাদ উপস্থিত হইলে কালেক্টর সাহেবের প্রতি তাহা চূড়ান্তরূপ নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিয়াছি।

৬১। উৎকর্ষসাধন ঘটিত বিবাদের সহজে নিষ্পত্তি হইতে পারিবার নিমিত্ত আমরা মধ্যপ্রদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৩ সালের আইনের ৮০ ধারা অবলম্বন করিয়া একটি ধারা (৯২) প্রণয়ন করিয়াছি। এই ধারা বিধান করে যে উৎকর্ষসাধন করা হইবার পূর্বে কোন ভূম্যধিকারী কি প্রজা যে উৎকর্ষসাধন করা হইবার প্রমাণ লিপিবদ্ধ করিয়া রাখিতে পারিলে কোন রাজস্ব সংক্রান্ত কর্মচারীর নিকট প্রার্থনা করিতে পারিবে, এবং কোন বিষয় এরূপ লিপিবদ্ধ করা হইলে পক্ষগণের মধ্যে পরে যে কোন আদালতে কোন মোকদ্দমা হয় তাহাতে ঐ লিপিবদ্ধ কথা প্রমাণ মধ্যে গ্রাহ্য হইতে পারিবে। ৩য় দফায় [illegible] ভূম্যধিকারী কর্তৃক উৎকর্ষসাধন রেজিষ্টারী করিবার বিধান করিয়াও আমরা একটি ধারা (৯১) প্রণয়ন করিলাম।

৬২। মূল পাণ্ডুলিপির ১৩২ (৪) ধারার বিধান এই ছিল, যদি ইহা দেখান না যায় যে ভূম্যধিকারী রায়তের উৎকর্ষসাধনে বাধা দিতে নিষেধ করিয়াছিলেন এবং রায়ত তাহা করিতে প্রস্তুত ছিলেন, তবে এরূপ উৎকর্ষসাধন করিলে রায়তের খাজানা বৃদ্ধি হইবে। প্রচলিত আইনের সময়ের পূর্বে রায়ত যে উৎকর্ষসাধন করেন তাহা এই আইন অনুসারে কোন ক্রমেই বৃদ্ধি হইবে না। এই ধারার পরিবর্তে আমরা একটি উপধারা (৯৩ (৪) ধারা) সন্নিবেশ করিয়াছি। করিয়াছি যে ১৮৮৩ সালের মার্চ মাসের ২ তারিখ অর্থাৎ উক্ত পাণ্ডুলিপি উপস্থিত করিবার তারিখ ও এই আইন প্রচলিত হইবার সময়ের মধ্যে রায়ত যে উৎকর্ষসাধন করেন, তাহা এই আইন অনুসারে কখনই বৃদ্ধি হইবে না বলিয়া জ্ঞান হইবে। ঐ পাণ্ডুলিপি উপস্থিত করিবার তারিখের পূর্বে কোন উৎকর্ষসাধন করা গেলে এই ধারা তাহার প্রতি ভূতকাল সম্পর্কে বর্ত্তিবার পক্ষে কোনে বাধা হইবে।

৬৩। উৎকর্ষসাধনের নিমিত্তে ক্ষতিপূরণস্বরূপ যে টাকা দেয় হয় তাহা নিরূপণকালে আদালত-কর্ত্তৃক যে বিষয় বিবেচিত হইবে, আমরা ৯৪ ধারায় কিয়ৎপরিমাণে তাহার সংখ্যা বৃদ্ধি করিয়া দিয়াছি। নূতন যে কথাগুলি সংযোগ করা গিয়াছে তাহার মধ্যে এইগুলি গুরুতর অর্থাৎ উৎকর্ষসাধনের ফল কত কাল স্থায়ী হইবার সম্ভাবনা তদ্বিবেচনায় ঐ উৎকর্ষসাধনের অবস্থার প্রতি এবং "ভূমি কৃষি কার্য্যোপযোগী করা গেলে, কিম্বা অসেচিত ভূমি সেচিত ভূমিতে পরিণত করা গেলে, রায়ত যত কাল অবশিষ্ট খাজানায় উৎকর্ষসাধনের লাভ ভোগ করিয়াছেন" সেই কালের প্রতি আদালতের দৃষ্টি রাখিতে হইবে।

৬৪। মধ্য প্রদেশের প্রজাস্বত্ববিষয়ক ১৮৮৩ সালের আইনের ৩৩ ধারা অবলম্বন করিয়া আমরা প্রজা কর্ত্তৃক ইস্তফা করণ বিষয়ক (৯৫) ধারাটি নূতন করিয়া প্রণয়ন করিয়াছি এবং কোন কোন জেলার এই বিষয়ে কতকগুলি স্থানীয় সংস্কার আছে বলিয়া তাহার দূরীকরণার্থে একটি উপধারা (৫) যোগ করিয়া স্পষ্টরূপে বিধান করিয়াছি যে কোন রায়ত আপন ভোগ ইস্তফা করিলে ভূম্যধিকারী ঐ ভোগে প্রবেশ করিয়া উহা কোন প্রজাকে জমা করিয়া দিতে কিম্বা নিজে চাস করণার্থ লইতে পারিবেন।

৬৫। আপাততঃ দেখিলে বোধ হয় যে রায়ত আপন ভোগ পরিত্যাগ করিয়াছে বলিয়া ঐ ভোগ যে পরিত্যাগ করিয়া দিয়াছে ইহা নির্বিঘ্ন রূপে প্রমাণ করিয়া লইতে পারা যায় কি না এবং উহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দেওয়া যায় কি না ভূম্যধিকারী ইহা নিশ্চয় বুঝিতে পারেন না। এইরূপস্থলে যে অসুবিধা অন্তর্ভূত হয় আমরা পার্শ্বলিখিত ধারা প্রণয়ন করিয়া তাহা নিরাকৃত করিবার চেষ্টা পাইয়াছি।

(১) কোন রায়ত আপন ভূম্যধিকারীকে নোটিস না দিয়া ও খাজানা যেমন দেয় তাহা কিম্বা তাহার কিয়দংশ না করিয়া যদি আপন খাটী ভোগ পরিত্যাগ করে, ও নিজে বা অন্য কোন ব্যক্তি দ্বারা আপন ভোগ জমা না করে তবে রায়ত যে কৃষি বৎসরে ঐরূপ ত্যাগ করিয়া যায়, ও চাস করিতে বিরত হয়, সেই কৃষি বৎসর অতীত হইবার পর যে কোন সময়ে ভূম্যধিকারী ঐ ভোগে প্রবেশ করিয়া তাহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দিতে পারিবেন, কিম্বা নিজে চাস করণার্থ লইতে পারিবেন।

(২) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন ভোগে প্রবেশ করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট যেমন করিতে বলেন তিনি তাহাই করিবেন। সেই প্রকারে নিষ্পত্তি করণোদ্দেশে নোটিস প্রচার করাইবেন। তাহাতে এই মর্ম্ম লেখা থাকিবে যে, তিনি ঠিক ভোগ পরিত্যক্ত হইয়াছে বলিয়া তাহাতে প্রবেশ করিয়াছেন।

(৩) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন ভোগে প্রবেশ করিলে, ঐ ভোগের প্রচার করিবার তারিখ অবধি দুই বৎসর কিম্বা দখলীকৃত ভূমি পতিত হইলে, ছয়মাস অতীত না হওয়া পর্য্যন্ত ঐ রায়ত যে কোন সময়ে উক্ত ভূমির দখল ফিরিয়া পাইবার লিখিত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে। তাহা হইলে যে সকল ব্যক্তি অন্তর্ভুক্ত হয় তাহাদের ক্ষতি পূরণ সম্বন্ধে আদালত যেরূপ (যদি কোন) শর্ত্ত ন্যায্য বোধ করেন, সেই শর্ত্তে দখল ফিরিয়া পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

৬৭। কোন ভূম্যধিকারী প্রজার সম্মতি বিনা লিখিত কাবুলিয়তের অনুমতি বিনা দশ বৎসরে একবারের অধিক ভূমি মাপ করিতে পারিবেন না এই বিষয়ঘটিত ৯৯ ধারায় আমরা নিম্নলিখিত স্থল বর্জ্জিত স্থল বলিয়া নির্দ্দেশ করিয়াছি, অর্থাৎ—

(ক) যে স্থলে ভোগের পরিমাণ, শিকস্তী কি পৈস্তীহেতুক বৎসর২ পরিবর্ত্তন হইতে পারে ও দেয় খাজানা ঐ পরিমাণের উপর নির্ভর করে।

(খ) যে স্থলে চাষের ভূমির পরিমাণ বৎসর২ পরিবর্ত্তন হইতে পারে এবং দেয় খাজানা চাষের ভূমির পরিমাণের উপর নির্ভর করে।

(গ) যে স্থলে ভূম্যধিকারী ইচ্ছাপূর্ব্বক হস্তান্তরক্রমে না হইয়া অন্যপ্রকারে খরিদ হন এবং খরিদক্রমে দখল করিবার তারিখ অবধি দুই বৎসরের অধিক কাল গত হয় নাই।

৬৮ মাপের পটি বিষয়ক ১০১ ধারায় আমরা একটি উপধারা সন্নিবেশ করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি স্থানীয় তদন্ত লইবার পর কোন স্থানে যে সেই মাপদণ্ড ব্যবহৃত করা যাইবে তাহা নির্দ্দেশ করিবার ক্ষমতা প্রদান করিয়াছি এবং ঐ ধারাতে যে নির্দ্দেশ করা যায় তাহা নিরাকৃত দর্শান হইলে শুদ্ধ বলিয়া অনুমান করিবার বিধান করিয়াছি। এই পরিবর্ত্তের দ্বারা চলিত ভাষাতে মূল পাণ্ডুলিপির ১৩০ ধারার আর প্রয়োজন থাকিতেছে না, অতএব ঐ ধারাটি আমরা উঠাইয়া দিলাম। ভূমি মাপক যন্ত্র বিষয়ক অন্যান্য যাবৎ গ্রন্থের লিপি স্থানীয় ১৮ম অধ্যায়ের মধ্যে দৃষ্ট হইবে।

৬৯। কোন মহাল কিম্বা তালুকের একাধিক শরিকের পক্ষে কার্য্য করণার্থে কার্য্যাধ্যক্ষ নিয়োগ বিষয় এই আইনের অন্তর্ভুক্ত পরিচ্ছেদের মধ্যে ৯৫টি ধারা (১০৯) সংযোগ করিয়া চাই কোর্টের প্রতি কার্য্যাধ্যক্ষদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দেশ করিয়া বিধি প্রণয়ন করিবার ক্ষমতা প্রদান করিয়াছি।

৭০। স্বত্বলিখনজন্য বিষয়ক ধারাটি আমরা ত্যাগ করিয়াছি। ঐ ধারাটি থাকিলে দখলীকৃত ভূম্যধিকারীর হস্তে রক্ষিত হওয়াতে উহাতে জমিদারি কোর্ট ওয়ার্ডের অনুধাবন পাওয়া হইতেছে, সুতরাং উপস্থিত পাণ্ডুলিপি প্রণেতৃগণের যাহা যে বিশেষ সুবিধা আপত্তিকারক বোধ হইয়াছিল তাহা রক্ষিত হইবে। উহাতে যে কোন ব্যক্তির ঐ ধারা ক্রমে সম্পাদিত স্বত্বলিখন আইনের জটিল ঘটনাবলীর প্রচুর ও যথেচ্ছ ক্ষমতা থাকে। এ জন্য তাহার প্রতারণার সহায়তা হইবার সম্ভাবনা। সুতরাং সাধারণ উদ্দেশ্য বিবেচনা করিলে ও ঐ ধারাটির প্রতি গুরুতর আপত্তি উত্থাপিত হইতে পারে।

আমাদিগের বিবেচনায় এই পাণ্ডুলিপির উপস্থিত প্রয়োজন দখলীসত্বসম্বন্ধীয় অধ্যায়ের মধ্যে সন্নিবেশিত ১৮৮ ধারার বিধান ক্রমে যথেষ্টরূপে সাধিত হইবে। এই ধারার কথা পূর্ব্বেই (১৫ দফাতে) আমরা বলিয়াছি। মাদ্রাজের জষ্টিস ঈয়ং ও লিণ্ডসে সাহেব এই বিষয়ে যে মত প্রকাশ করিয়াছেন তাহা উক্তরূপ বিবেচনা করিয়া এতদ্দেশ ক্লান্ত আনয়ন, বিষয় সম্বন্ধে আমাদিগের এই সংস্কার হইয়াছে যে স্বত্বলিখনজন্য প্রস্তাবিত প্রস্তাবটি কিয়ৎপরিমাণে উপস্থিত আইনের ন্যায্য অধিকারের বিরুদ্ধ।

১৮ম অধ্যায়।

স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত করিবার বিধি।

৭১। উপরি উক্ত দুই বিষয় লইয়া মূল পাণ্ডুলিপিতে যে দুইটী অধ্যায় ছিল তাহা এক অধ্যায়ের মধ্যে সংগ্রহ করা এবং সহজতর বিষয়টীর অর্থাৎ স্বত্বের লিপি বিষয়ক কথা প্রথমে বলা আমরা সুবিধা বোধ করিলাম।

৭২। স্বত্বের লিপি না থাকায় জন সাধারণের কখনও, বিশেষতঃ কোন মহাল কি তালুক নীলামক্রমে বলপূর্ব্বক বিক্রয় করা গেলে যে কিরূপ ভয়ানক অসুবিধা অনুভব করেন, আমাদিগের বোধ হয় যে ১১২ সংখ্যক নূতন ধারা দ্বারা তাহা সুবিধীকৃত হইবে। এই ধারাক্রমে বিশেষ একটী নিয়মানুসারে ভূস্বামী কি তালুকদারের আইনানুগত কার্য্য সংক্রান্ত কর্ম্মচারী স্বত্বের লিপি প্রস্তুত করিতে পারিবেন।

৭৩। ইহা হইতে যে স্বত্বের লিপি প্রস্তুত করিবার প্রণালী সম্বন্ধে একটী পরিবর্ত্তন করা গিয়াছে। মূল পাণ্ডুলিপির ১৩৫ অধ্যায়ের সকল ধারা ই, অর্থাৎ লিপিমধ্যে যে কথা ধরিতে হইবে তাহা লইয়া বিবাদ না, লিপি না থাকার, সম্ভাবনী কার্য্যে নিযুক্ত করিয়াছিল, সুতরাং সকল-অংশক এই সকল ধারা লিপির মধ্যে কোন কথা ধরা পেলেই তাহা ভ্রান্তিমাত্রই শুদ্ধ বলিয়া অনুমান করা যাইত, কিন্তু সম্ভাবনী আদালতে তাহার অন্যথার প্রতিবাদ করা যাইতে পারিত। পক্ষান্তরে আমরা যে পাণ্ডুলিপিতে যে কোন লিপি প্রস্তুত হইবার বিধান করিয়া আপত্তি উত্থাপন করিবার সুবিধা করিয়া দেওয়া গিয়াছে। লিপির মধ্যে কোন কথা ধরা গিয়া থাকিলে কিরূপে তাহার প্রস্তুত করা যেতে পারে ও তাহার বিধান করা হইয়াছে, তবে রাজস্বসংক্রান্ত কর্ম্মচারীকে দেওয়ানী আদালতের নিয়মিত কার্য্যপদ্ধতি অনুসারে ঐ বিধান সম্বন্ধে জানিতে হইবে এবং তাহার প্রতি [illegible] করিতে হইবে। বিশেষতে এই [illegible] করিবার নিমিত্ত নিযুক্ত [illegible] বিরুদ্ধে প্রথমতঃ তাহার নিকট আপীল হইতে পারিবে ও পরে দ্বিতীয় আপীল সম্বন্ধীয় সাধারণ নিয়মানুসারে তাহা কোর্টে আপীল হইতে পারিবে। সুতরাং লিপির বর্ণিত কোন কথা লইয়া বিবাদ হইলে, সকল স্থলেই বিবাদের বিষয়টি যে সকল কথা নিষ্পত্তি হইয়া গিয়াছে তাহার ন্যায় গণ্য হইবে। লিপি প্রকাশ করণের পর আপত্তি উত্থাপিত করণের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে যে স্থলে কোন আপত্তি উত্থাপিত করা না যায়, লিপির বর্ণিত কথা সেই স্থলে অবিসংবাদিত বলিয়া বিবেচিত করা যাইবে এবং মূল পাণ্ডুলিপির প্রস্তাবিত মতে যাবৎ বিপরীত দর্শান না যায় তাবৎ শুদ্ধ বলিয়া অনুমিত হইবে। উক্ত সকল কার্য্য এক বিভাগে সংঘটিত হইবে বিবেচনায় এবং স্বত্বের লিপি প্রস্তুত হইলে যে সকল সংশ্লিষ্ট প্রত্যেক ব্যক্তিই যে উহার সম্বন্ধে ঐ লিপির মধ্যে

যে কথা ধরা যায় তাহার যথার্থ ভাব হৃদয়ঙ্গম করিতে পারিবেন ইহা নিঃসন্দিগ্ধরূপে জানিতে পারিবার সম্ভাবনা নাই বলিয়া আমরা লিপির অন্তর্গত অবিসংবাদিত কথাগুলি যত দূর প্রামাণিক হইবে বলিয়া উল্লেখ করিয়াছি তদপেক্ষা অধিকতর প্রামাণিক বলিয়া নির্দ্দেশ করিতে সাহসী হইলাম না।

৭৪। যে কার্য্যকে "খাজানার বন্দোবস্ত" বলা হইয়াছে তাহাতে স্বত্বের লিপি প্রস্তুত করণ এবং দখলীস্বত্ববিশিষ্ট প্রজা ও তালুকদারেরা অবধারিত খাজানায় না হইয়া অন্যপ্রকারে ভূমি ভোগ করিলে ভূম্যধিকারী বা প্রজা উভয়ে সকল খাজানার বন্দোবস্ত করিয়া দিবার প্রার্থনা করেন সেই সকল খাজানার বন্দোবস্ত বুঝাইবে।

কোন যোতের খাজানার বন্দোবস্ত করা যাইতে পারে কি না এবং করা যাইতে পারিলে কত টাকায় তাহা নিরূপণ করিতে হইবে এইগুলি বড় জটিল ভাবের প্রশ্ন এবং দুইটি বিভিন্ন পদার্থের যুক্তির উপর স্থাপিত। প্রথমতঃ প্রজা সম্বন্ধের অস্তিত্ব, ভূমির পরিমাণ প্রভৃতি স্বত্ব ও যে নিয়মে তিনি ভূমি ভোগ করেন এইরূপ অনেক বিষয়ঘটিত প্রস্তাবের উপর পূর্ব্বোক্তপ্রশ্ন গুলির নিষ্পত্তি নির্ভর করে। ঐ প্রশ্নের মধ্যে আইনঘটিত এমন নানা কথা থাকিবার সম্ভাবনা যাহা সন্তোষজনক ভাবে নিষ্পত্তি করিতে হইলে পরিশেষে উচ্চতম বিচারালয়ে আপীল হইবার ব্যবস্থা থাকা প্রয়োজন। দ্বিতীয়তঃ ঐ প্রশ্নগুলির অর্থনীতিঘটিত অনেক বিষয়ের সহিত অর্থাৎ ভিন্ন ভিন্ন সময়ে প্রচলিত দর, ও এবং উৎপন্নবিভাগের ফল প্রভৃতি অনেক বিষয়ের সহিত ঘনিষ্ট সম্বন্ধ আছে। সকলেই স্বীকার করেন যে প্রথম স্থলেই হউক আর আপীল ক্রমেই হউক স্থানীয় তদন্ত না হইলে এবং বিচার্য্য বিষয়ে বিশেষ অভিজ্ঞতা ব্যতিরেকে এই সকল বিষয় লইয়া যথাযথ কার্য্য করা যাইতে পারে না। পূর্ব্বোক্ত দুইটি বিষয় স্বতন্ত্র করিয়া যাহাতে প্রত্যেকটি বিশেষ ব্যক্তি কর্তৃক চূড়ান্তরূপে নিষ্পত্তি হইবার প্রকৃষ্ট বিধান করা যাইতে পারে ইহাই আমাদিগের বিবেচনার স্থল হইয়াছিল। এই প্রশ্নের যে মীমাংসা মূল পাণ্ডুলিপিতে প্রস্তাবিত হইয়াছিল, তাহা ঐ পাণ্ডুলিপির ১৮০ ধারায় দৃষ্ট হইবে। স্বত্বের লিপি সংক্রান্ত কার্য্যপদ্ধতির মধ্যে যে পরিবর্ত্তনের পূর্ব্বেই উল্লেখ করা গিয়াছে তাহাতে এবং অনেক বিশেষতঃ রিপোর্ট ও স্থানীয় তদন্তকার্য্যপদ্ধতি সম্বন্ধে বিশেষজ্ঞ কর্ম্মচারী বিশেষ অভিজ্ঞতাপন্ন নিযুক্ত হইবেন পাণ্ডুলিপির উল্লিখিত এই বিধানক্রমে পূর্ব্বোক্ত প্রশ্নের অধিকতর সন্তোষজনক উত্তর পাইবার পক্ষে সহায়তা হইবে বোধ হয়। আমরা এক্ষণে এই প্রস্তাব করি যে, যে খাজনা বন্দোবস্ত করা যাইতে পারে কি বন্দোবস্ত করিবার প্রস্তাব করা যায় তৎসম্বন্ধে বিবাদ উপস্থিত হইলে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী স্বত্বের লিপির অন্তর্গত কোন কথা-ঘটিত বিবাদের নাম উক্ত বিবাদের নিষ্পত্তি করিবেন ও পরে ঐ সমস্ত বিষয়ের আপীল বিশেষ জজের নিকট হইতে পারিবে এবং স্বত্বের লিপির অন্তর্গত যে কথা বিবেচনায় খাজানার বন্দোবস্ত করা গিয়াছে তাই কোর্ট দ্বিতীয় আপীলে সেই কথা উপলক্ষে বিশেষ জজের নিষ্পত্তি অন্যথা না করিবে ঐ নিষ্পত্তির চূড়ান্ত হবে। এইস্থলে হাই কোর্ট নূতন করিয়া খাজানা নিরূপণ করিয়া দিতে পারিবেন, কিন্তু জমাবন্দীর লিখিত অন্যান্য খাজানাদৃষ্টে তাহা করিতে হইবে। অর্থাৎ খাজানা অত্যধিক বা অত্যল্প করিয়া ধার্য্য করা হইয়াছে কেবল এই হেতুতেই হাই কোর্টে দ্বিতীয় আপীল হইতে পারিবে না কিন্তু আইনঘটিত বিষয়ে বুঝিবার ভুল হইয়াছে বলিয়া, যথা বিশেষ জজ কোন যোতের মধ্যে প্রকৃতই যত জমা আছে তদপেক্ষা অধিক কি ন্যূন জমা আছে ধরিয়াছেন এই প্রকার হেতুতে দ্বিতীয় আপীল করা যাইতে পারিবে। দ্বিতীয় আপীল করা গেলে ও আপীলকারী কৃতকার্য্য হইলে, হাই কোর্ট খাজানার হার পরিবর্ত্তন না করিয়া স্থলবিশেষে খাজানা কমাইয়া কি বাড়াইয়া দিতে পারিবেন।

৭৫। আমরা ১২০ ধারায় বিধান করিয়াছি যে পূর্ব্ব কয়েকবার স্বত্বে কোন যোতের খাজানার টাকা ধার্য্য করিবার নিমিত্ত কোন ভূম্যধিকারীর প্রার্থনা করিবার পর খাজনে যোতের যে খাজানা তাঁহার প্রার্থনামতে ধার্য্য হয় তিনি তাহাই দিবেন, ভূম্যধিকারীর উৎপন্নসংক্রান্ত দিন, বৎসরের পরিমাণ বৃদ্ধিহেতুক না হইলে, পনের বৎসর কাল মধ্যে তাহা বৃদ্ধি করা যাইবে না।

৭৬। খরচ দিতে হইবার বিধান বিষয়ক ১২১ ধারাটি এক্ষণে স্বত্বের লিপি প্রস্তুত করণ ও খাজানার বন্দোবস্তকরণ এই উভয় বিষয়ের প্রতিই বর্ত্তান গেল।

৭৭। এই অধ্যায়ের আর একটি বিধানের অর্থাৎ ১২২ সংখ্যক নূতন ধারাটির বিধানের বিষয় কিছু বলা আবশ্যক। বিধানটি এই। কোন প্রকার স্বত্ব সম্বন্ধে বিশেষ কথা এই অধ্যায়-ক্রমে লিপিবদ্ধ করা গেলে অবধারিত খাজানায় বিশ বৎসর ভূমি ভোগ করিলে যে অনুমান করা গিয়া থাকে বলিয়া সকলেই অবগত আছেন তাহা আর খাটিবে না।

১১শ অধ্যায়।

জমার তালিকা বিষয়ক বিধি।

৭৮। এই অধ্যায়ের লিখিত বিষয় বিবেচনা করিবার সময়ে আমরা বঙ্গদেশের অবস্থামতের অভিপ্রায়ানুসারে কার্য্য করিয়াছি। যে সকল তদন্ত লওয়া হইয়াছে তদ্দৃষ্টে বোধ হয় যে খাজানার হারের মধ্যে বিলক্ষণ বিভিন্নতা আছে বলিয়া অনেক স্থলেই কোন বৃহৎ দেশখণ্ডে খাটিতে পারে হারের এমন সাধারণ তালিকা প্রস্তুত করা অসম্ভব। কিন্তু রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী কর্তৃক খাজানার সাধারণ

বন্দোবস্ত করণের প্রস্তাব অপেক্ষা তৎকর্ত্তৃক বিশেষ স্থানের নিমিত্ত হারের ঐরূপ তালিকা প্রস্তুত করিলে ভাল হয়, বঙ্গদেশের গবর্ণমেণ্ট এইরূপ বিবেচনা করেন। প্রথমোক্ত স্থলে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী স্বয়ং যে ভূমি লইয়া বিবাদ তথায় যাইয়া বিবাদের নিষ্পত্তি করিবেন। কিন্তু শেষোক্ত স্থলে তিনি কেবল যে সকল সাধারণ বৃত্তান্ত অনুসরণ করিয়া আদালতের কার্য্য করিতে হইবে সেই গুলিই নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিবেন। আদালতের সম্মুখে যে বিবাদের স্থল উপস্থিত করা যায় আদালত রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারীদের নিরূপিত সাধারণ বৃত্তান্ত গুলি সেই স্থলে খাটাইবেন। অতএব দুই একটি সামান্য পরিবর্ত্তন করিয়া আমরা এই কার্য্যপদ্ধতি অব্যাহত রাখিয়াছি। কিন্তু মূল পাণ্ডুলিপিতে ইহার যেরূপ গুরুত্ব ছিল এক্ষণে তাহা আর থাকিবে না।

১২শ অধ্যায়।

ভূস্বামীর নিজজমীর কথা লিপিবদ্ধ করিবার বিধি।

৭৯। খামার বা জেরাতভূমি সংক্রান্ত কঠিন প্রশ্নটির মীমাংসা করিতে গিয়া আমরা দুইটি বিভিন্ন কার্য্যপদ্ধতির বিধান করিয়াছি।—অর্থাৎ—

(ক) স্থানীয় গবর্ণমেণ্টের আদেশ ক্রমে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারি কর্ত্তৃক তদ্রূপ ভূমির জরীপ ও রেজিষ্টরী করণ;

(খ) স্বার্থযুক্ত ভূম্যধিকারি অথবা প্রজার প্রার্থনামতে তদন্ত লওন।

বহুবিস্তৃত দেশ সম্বন্ধেএই বিষয় টির বিশেষ গুরুত্ব আছে বলিয়া তথায় প্রথমোক্ত কার্য্যপদ্ধতি অনুসারে কার্য্য হইবে। শেষোক্ত পদ্ধতি কেবল বিশেষ কোন ভূমি খণ্ড লইয়া বিবাদ থাকিলে ঐবিবাদস্থলে খাটিবে। বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুরোধক্রমে দুই কার্য্যপদ্ধতিই সমভাবে দেশের যে কোন অংশে খাটাইতে পারা যাইবে এইরূপ বিধান করা গিয়াছে। এই শ্রেণীর ভূমির বর্ণনায় আমরা বঙ্গদেশ ও বেহারদেশের মধ্যে কোন প্রভেদ করি নাই। কিন্তু আমরা আদেশ করিয়াছি যে প্রত্যেক স্থলেই দেশাচারের প্রতি দৃষ্টি রাখিতে হইবে। কোন২ শ্রেণী ভূমির রাজস্বসংক্রান্ত কর্ম্মচারী ভূম্যধিকারীর নিজ জমী বলিয়া প্রমাণ লিপিবদ্ধ করিবেন ইহা বিধান করিলেও যে২ স্থল স্পষ্টতঃই পূর্ব্বোক্ত শ্রেণীর অন্তর্গত নহে সেই২ স্থলে কার্য্য কণার্থে কএকটি বিধি প্রণয়ন করিয়া তাঁহার সাহায্য করিবার চেষ্টা পাইয়াছি। যে ধারায় এই সকল বিধি আছে তাহা নিম্নে উদ্ধৃত হইল।

ভূস্বামীর নিজ জমী নির্ণয় করিবার বিধি।

১৩৮ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী নিম্নলিখিত জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করিবেন।—

(ক) যে জমী খামার, জেরাত, সের, নিজ, নিজযোত বা কামাত বলিয়া ভূস্বামী নিজে আপন সরঞ্জামদ্বারা বা আপন চাকর দ্বারা বা বেতনভোগী মজুরদ্বারা এই আইন বিধিবদ্ধ হইবার অব্যবহিত পূর্ব্বে ক্রমাগত বার বৎসর চাষ করিয়াছেন বলিয়া প্রমাণ হয় সেই জমী এবং

(খ) যে আবাদী জমী গ্রাম্যাচারক্রমে ভূস্বামীর খামার, জেরাত, সের, নিজ, নিজযোত বা কামাত জমী বলিয়া স্বীকৃত হয়, সেই জমী।

(২) অন্য কোন জমী ভূস্বামীর নিজজমী বলিয়া লিপিবদ্ধ করা উচিত কি না, ইহা নিরূপন করিতে হইলে, উক্ত কর্ম্মচারী দেশাচারের প্রতি এবং ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ১ তারিখের পূর্ব্বে ভূস্বামীর নিজ জমী বলিয়া বিশেষ করিয়া ঐ জমী জমা দেওয়া হইয়াছিল কি না এই কথার প্রতি দৃষ্টি রাখিবেন, কিন্তু যাবৎ বিপরীত দর্শান না যায়, তাবৎ উক্ত জমী ভূস্বামীর নিজ জমী নহে, এইরূপ অনুমান করিবেন।

(৩) জমী ভূস্বামীর নিজ জমী কি না, এবিষয়ে দেওয়ানী আদালতে কোন প্রশ্ন উত্থিত হইলে, রাজস্ব কর্ম্মচারীদের কার্য্যপদ্ধতি প্রদর্শনার্থ এই ধারায় যে বিধি নির্দ্দিষ্ট হইল, উক্ত আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

১৩শ অধ্যায়।

ক্রোক করিবার বিধি।

৮০। এই অধ্যায়গত যে ২ পরিবর্ত্তনের প্রতি আমাদিগের মতে মনোযোগ আকর্ষণ করা আবশ্যক তাহা এই ২।—

(ক) বাকী খাজানা আদায়ের নিমিত্ত মোকদ্দমা করিতে হইলে যে কোর্ট ফী দিতে হয় ক্রোকের দরখাস্তেও তাহাই দিতে হইবে, মূল পাণ্ডুলিপির ১৬৭ (২) সংখ্যক এই ধারাটি উঠাইয়া দেওয়া হইয়াছে।

(খ) উৎপন্নশস্য গোলাজাত করা গেলে তাহা ক্রোক করা যাইবে না।

(গ) যাবৎ ক্রোক করণের আদেশ প্রচার কি জারী করা না যায় উৎপন্ন শস্য স্থানান্তর করা যাইবে না, কোন২ স্থলে আদালতের প্রতি এইরূপ আজ্ঞা করিবার ক্ষমতা দেওয়া গেল; [১৪১ (৩) ও (৪) ধারা]

(খ) যে ফসল গোলাজাত করা যাইতে পারে, তাহা ক্ষেত্রে থাকিতে বিক্রয় করা যাইবে না, ১৪৭ ধারায় ইহার স্পষ্ট বিধান করা গিয়াছে।

(গ) কোন ব্যক্তির সপক্ষে মূল পাণ্ডুলিপির ১৮২ ধারামতে অপরাধ করা গেলে, বিশেষ ২ স্থলে ঐ ব্যক্তির অর্থদণ্ড হইতে পারিবে, এই বিষয়ের বিধান সংক্রান্ত ঐপাণ্ডুলিপির ১৮৬ ধারাটি ত্যাগ করা গিয়াছে।

(ঘ) পক্ষান্তরে, উক্ত অপরাধের সহায়তাকারিদের দণ্ড বিধানের নিমিত্ত ১৯ শ অধ্যায়ের প্রথম ধারায় স্পষ্ট বিধান করা গিয়াছে, এবং ১৫৮ ধারায় ইহা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট হইয়াছে যে এই অধ্যায়ের বলে কোন ব্যক্তির সম্পত্তি ক্রোক করা গেলে এবং ঐ স্থলে এই অধ্যায়ের বিধান ন্যায্যরূপে না বর্ত্তিলে তিনি যে ব্যক্তিরা তাঁহার বিরুদ্ধে আদালতকে চালিত করিয়াছিল তাহাদিগের বিরুদ্ধে মোকদ্দমা করিয়া উক্ত অনিষ্টের প্রতিকার করিতে পারিবেন।

(ঙ) মূল পাণ্ডুলিপির ১৮৭ ধারাক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট এই অধ্যায়ের কার্য্য স্থগিত রাখিতে পারিতেন; এই ধারাটি ত্যাগ করা গিয়াছে।

১৪শ অধ্যায়।

বিচার সম্পর্কীয় কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

৮১। মূল পাণ্ডুলিপির ১৯১ অবধি ১৯৭ পর্য্যন্ত ধারার নির্দ্দিষ্ট বিশেষ কার্য্যপদ্ধতির অধিকার হইতে আমরা দণ্ড বিধানের নিমিত্ত ও ভূমির দখল ফিরিয়া পাইবার নিমিত্ত মোকদ্দমা মুক্ত করিয়াছি।

৮২। রাজধানী নগরের ছোট আদালত সংক্রান্ত আইনের একটি ধারা অবলম্বন করিয়া আমরা এই অধ্যায়ের প্রথমেই ১৫৯ সংখ্যক একটি ধারা সন্নিবেশ করিয়াছি। এই ধারাক্রমে হাই কোর্ট স্থানীয় গবর্ণমেণ্টের সম্মতি লইয়া ভূম্যধিকারী ও প্রজার মধ্যে মোকদ্দমার দেওয়ানী কার্য্যবিধি আইনের কোন অংশ বর্ত্তিবে নাকি বিশেষ কোন নিয়মাধীনে বর্ত্তিবে ইহা প্রকাশ করণার্থ বিধি প্রণয়ন করিতে পারিবেন, হাই কোর্টের প্রতি এই ক্ষমতা প্রদান করা গিয়াছে। নূতন আইন অনুসারে আদালত সমূহে কিরূপ কার্য্য চলে এই বিষয়ে ভূয়োদর্শন লাভ হইলে, তাই কোর্টের প্রতি প্রদত্ত উক্ত ক্ষমতানুসারে এরূপ ভাবে কার্য্য করা যাইতে পারিবে, যাহাতে কার্য্যপদ্ধতির অধিকতর সরলতা সাধিত হইবে, ইহাই আমাদিগের বিশ্বাস।

৮৩। আমাদিগকে ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে খাজানা সংক্রান্ত মোকদ্দমার কার্য্য-পদ্ধতি স্বল্পতর ও সরলতার করিবার অভিপ্রায়ে যে নানাপ্রকার প্রস্তাব করা গিয়াছে, তাহা বিশেষ চিন্তাশীলতা সহকারে বিবেচনা করিয়া, আমরা উক্ত উদ্দেশ্য সাধনপক্ষে যাহাতে সুবিচারের ব্যাঘাত ঘটিবার সম্ভাবনা থাকিবে না এমন কোন উৎকৃষ্ট উপায়ই উদ্ভাবন করিতে পারিলাম না। বিশেষতঃ আমরা সমন জারীকরণকার্য্য ও ঐ কার্য্যের প্রমাণ সহজতর করিতে উৎসুক হইলেও সমনজারী হইয়াছে ইহা সম্পূর্ণরূপে প্রমাণিত না হইলে অনুপস্থিত প্রতিবাদির বিরুদ্ধে আইনঘটিত কোন অনুমান করিতে দিতে অনিচ্ছুক।

৮৪। পরন্তু খাজানা সংক্রান্ত মোকদ্দমায় ভূম্যধিকারীর স্বত্বঘটিত কোন কথা উত্থাপিত হইয়া যে জটিলতা ও বিলম্ব ঘটে, তাহা যতদূর সাধ্য পরিহার করণার্থে আমরা ১৬৪ ধারায় একটি গুরুতর পরি-বর্ত্তন করিয়াছি। ঐ ধারার আদেশ এই যে যদি প্রজা স্বীকার করে যে খাজানার নিমিত্ত তাহার স্থানে টাকা পাওনা আছে কিন্তু এই উত্তর দেয় যে ঐ খাজানা বাদীর নিকট নহে, অন্য কোন ব্যক্তির নিকট দিতে হইবে, তাহা হইলে সে ঐ খাজানা আদালতে দিবে। স্বত্বঘটিত যে কথা লইয়া বিবাদ তাহা খাজানার মোকদ্দমা হইতে স্বতন্ত্র ও পৃথক ভাবে উত্থাপন করিতে বাধ্য করাই আমাদের উদ্দেশ্য। অতএব আমরা এই বিধান করিয়াছি যে ঐরূপে টাকা দেওয়া গেলে আদালত ঐ টাকা দিবার নোটিস ঐ তৃতীয় ব্যক্তির উপর জারী করাইবেন। ঐ তৃতীয় ব্যক্তি তিন মাসের মধ্যে বাদীর বিরুদ্ধে স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত না করিয়া ঐ টাকা প্রদান নিষেধ করণার্থে আজ্ঞা না পাইলে বাদির প্রার্থনামতে ঐ টাকা তাহাকে বাহির করিয়া দেওয়া যাইবে।

৮৫। আমরা আরও ৬৫ সংখ্যক একটি ধারা সংযোগ করিয়া বিধান করিয়াছি যে যদি কোন খাজানার মোকদ্দমার প্রতিবাদী স্বীকার করে যে তাহার স্থানে বাদীর টাকা পাওনা আছে কিন্তু যত টাকা পাওনা তাহার সম্বন্ধে আপত্তি উত্থাপন করে, তবে আদালত সাধারণতঃ যত টাকা পাওনা বলিয়া স্বীকৃত হয় তত টাকা আদালতে দিতে আদেশ করিবেন।

৮৬। আমরা ১৭৩ ধারায় বিধান করিয়াছি যে বাদী কোন অনধিকার প্রবেশকারীকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করিলে বিকল্পে এইরূপ প্রতিকারের দাওয়া করিতে পারিবেন যে, প্রতি-বাদির দখলে যে ভূমি থাকে সেই ভূমির নিমিত্ত সে আদালতের নির্ণেয় উপযুক্ত ও ন্যায্য খাজানা দিতে দায়ী বলিয়া প্রকাশ করা যায়।

৮৭। মূল পাণ্ডুলিপির ২০৭ ধারার বিধানক্রমে ভূম্যধিকারী কিম্বা প্রজা ইহাদের মধ্যে অন্যতর ব্যক্তি প্রজাস্বত্বের ভাব ও অনুবন্ধ নিরূপণার্থে মোকদ্দমা উপস্থিত করিতে পারিতেন। ইহার পরিবর্ত্তে আমরা ১৭৪ ধারায়, পক্ষদিগের মধ্যে যে কেহ প্রার্থনাপত্র উপস্থিত করিতে পারিবেন, এই

অধিকতর সরল ও সুলভ কার্য্যপ্রণালী নির্দ্দেশ করিয়াছি। এবং যে আদালতের নিকট ঐ প্রার্থনা করা যায় সেই আদালতের প্রতি ক্ষমতা প্রদান করিয়াছি যে উচিত বোধ করিলে ঐ আদালত রাজস্ব কর্ম্মচারীর প্রতি কোন বিষয়ের স্থানীয় তদন্ত লইবার নিমিত্ত আদেশ করিতে পারিবেন।

১৬শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্তে সরাসরী নীলামের বিধি।

৮৮। আমরা ভূম্যধিকারীদের যেরূপ অভিপ্রায় বুঝিয়াছি তদনুসারে পত্তনী তালুকের নীলাম সংক্রান্ত আইনের বিধানগুলির কোন বস্তুগত পরিবর্ত্তন করি নাই, কেবল ভাষার লইয়া ও ক্ষুদ্র বিষয়ে কিছু পরিবর্ত্তন করিয়াছি, সংশোধিত বিধানগুলি একত্রে তফসীল হইতে স্থানান্তরিত করিয়া পাণ্ডুলিপির অন্তর্গত করা গেল। এ বিষয়ে আমরা যাহা করিয়াছি এই অধ্যায়ের প্রথম পরিচ্ছেদ হইয়াছে।

৮৯। এই অধ্যায়ের দ্বিতীয় পরিচ্ছেদে একটি মাত্র ধারা আছে। ঐ ধারার বিধান এই যে, পত্তনী তালুক ভিন্ন অন্য কোন তালুক সরকারী রোড সেস রেজিষ্টরী করিবার বিধান আইনে করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যেরূপ পরিবর্ত্তন নির্দ্দেশ করেন সেইরূপ পরিবর্ত্তন সহকারে এই অধ্যায়ের সকল বিধান উক্ত সকল তালুক সম্বন্ধে খাটিবে।

১৭শ অধ্যায়।

চুক্তি ও মেয়াদের বিষয়ক বিধি।

৯০। ভূম্যধিকারী ও প্রজার মধ্যে চুক্তির স্বাধীনতা কতদূর পর্য্যন্ত সীমাবদ্ধ করা উচিত এতৎসম্বন্ধীয় কতকগুলি বিষয় সম্পর্কে এই গুরুতর প্রশ্নটির মীমাংসা পাণ্ডুলিপির অন্তর্গত ঐ বিষয় সম্বন্ধীয় ধারায় দৃষ্ট হইবে (খাজানা ধার্য্য করণার্থ চুক্তির বিষয়ে পূর্ব্ববর্ত্তী ৩৩, ৩৪ দফা দেখ)। কিন্তু চুক্তিক্রমে আইনের বিধান হইতে চুক্তিকারক ব্যক্তিদের ক্ষমতা সংকোচ করণার্থে যে নিয়ম করা আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তির মতে আবশ্যক, আমরা তাহার অনেক স্থলেই এই অধ্যায়ের প্রথমে একটি ধারায় সংগ্রহ করা সুবিধাজনক বোধ করিলাম।

যে২ বিষয় চুক্তির সীমার বহির্ভূত করা গেল তাহা নিম্নে লিখা যাইতেছে।—

(ক) রায়তের ও দখলীস্বত্বশালী রায়তের স্বত্বলোপ (৫৪, ২১, ও ২১ ধারা)।

(খ) ৩১ ধারার নির্দ্দিষ্ট দখলীস্বত্বে হস্তক্ষেপ।

(গ) ৫১ ধারামতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা কমাইবার দাওয়া করিবার স্বত্ব।

(ঘ) ৫৩ ধারামতে কমলী খাজানা নিরূপণের দাওয়া করিতে ভূম্যধিকারীর বা প্রজার স্বত্ব।

(ঙ) নির্দ্দিষ্ট হেতু ব্যতিরেকে দখলীস্বত্বশূন্য রায়তকে ও কোফা রায়তকে উচ্ছেদ করণ বিষয়ে এই পাণ্ডুলিপিপত্রে প্রদত্ত সংরক্ষণ (৫৮, ৫৯, ৬০, ও ৬৩ ধা)।

(চ) রায়তের ভূমি হস্তান্তর করিবার অধিকার খাজানা কমাইবার স্বত্ব ৬৪ ধারা)।

(ছ) রায়তের উৎ সলামি করিবার ও তজ্জন্য ক্ষতিপূরণের দাওয়া করিবার স্বত্ব (৬৮, ৬৯, ৭০, ও ৭৩ ধারা)।

(জ) ডিক্রীজারীক্রমে না হইলে, উচ্ছেদ বিষয়ে সমুদয় প্রজার পুনরুজ্জীবন (৯৮ ধারা)।

৯১। আমরা পোতদারী টাকা বিষয়ে এবং সম্পর্কে উৎসাহ বিষয়ে করিবার জন্য এই অধ্যায়ে ২১১ সংখ্যক একটি নূতন ধারা নিবেশ করিয়া যে নিয়মে কারেমি যে মহালের চিরস্থায়ী বন্দোবস্ত হইয়াছে সেই মহালে ভূম্যধিকারী ও প্রজা পরস্পর যে কোন নিয়ম করে সেই নিয়মানুসারে কারেমী মকররী পাট্টা দিতে ভূম্যধিকারীকে বাধ্য করিবে। এই ধারার কোন কথাক্রমে এরূপ অর্থ করিতে হইবে না।

৯২। আমাদিগের বিবেচনার মধ্যে অনিবার্য্যই স্বীকার করা গিয়াছে যে ভূমি কৃষিকার্য্যোপযোগী করিবার নিমিত্ত যে পাট্টা দেওয়া হয় সেই পাট্টা ক্রমে ভোগকৃত ভূমি, চর ও দেয়াড়া ভূমি ও উচ্চবন্দী ও খাল সরিকী প্রভৃতি বিশেষ ভূমির বন্দোবস্তে বিশেষ বিধান আবশ্যক। উক্ত সকল প্রকারের ভূমি সম্বন্ধে যেরূপ বিশেষ বিধান করা আমাদিগের নিকট আবশ্যক বলিয়া বোধ হইল তাহা এই অধ্যায়ের পশ্চাৎলিখিত তিনটী ধারায় দৃষ্ট হইবে।

৯৩। ২১২ ধারার বিধান এই যে, এই আইনের কোন কথাক্রমে পতিত ভূমি কৃষিকার্য্যোপযোগী করণার্থ কোন চুক্তির ব্যাঘাত হইবে না।

৯৪। ২১৩ ধারায় এই বিধান করা গিয়াছে যে, যে রায়ত চর বা দেয়াড়া ভূমি ভোগ করে সে তাহা ক্রমাগত বারবৎসর ভোগ না করিলে ও ভূমিতে দখলীস্বত্ব লাভ করিবে না এবং যাবৎ ঐ দখলীস্বত্ব লাভ না করে তাবৎ তাহারও ভূম্যধিকারীর মধ্যে যে খাজানা দেওয়ার নিয়ম হয় সে সেই খাজানা দিতে দায়ী থাকিবে। কিন্তু আদালত অন্যের খাজনা প্রাপ্তিসম্বন্ধে নির্দ্দেশ করিতে পারিবেন যে কোন জমী এই ধারার অর্থমত চর বা দেয়াড়া জমী বলিয়া আর গণ্য হইবে না। তাহা হইলে এই আইনের সমুদয় বিধান উক্ত জমী সম্বন্ধে খাটিবে।

৯৫। পরিশেষে ২১৪ ধারায় এই বিধান করা গিয়াছে যে "চিরস্থায়ী" প্রণালী ও "কালচাসিলী" প্রণালী নামে খ্যাত জমীদারিতে কোন ভূমি ভোগ করা গেলে, সেই চিরস্থায়ীত্ব বা প্রকারান্তরের যে সকল বিষয়ে ঐ ভূমি ভোগ করা এই আইনের কোন কথাক্রমে সেই সকল বিষয়ের কোন ব্যাঘাত হইবে না।

৯৬। ৪ দফার পূর্ব্বেই বলা হইয়াছে, যে স্থলে কোন রায়ত রায়তস্বরূপ আপন ভোগের অংশ না হইয়া বাস্তুভূমি ভোগ করে সেই স্থলের বিধান বিষয়ক মূল পাণ্ডুলিপির ৭ম অধ্যায়টি আমরা ত্যাগ করিয়াছি। কিন্তু পাণ্ডুলিপির মধ্যে তদ্রূপ প্রজাস্বত্বের উল্লেখ না থাকিলে লোকের বুঝিবার ভুল হইতে পারে বলিয়া আমরা ২১৬ সংখ্যক একটি ধারা সন্নিবেশ করিয়া এইরূপ স্পষ্ট বিধান করা ভাল বোধ করিলাম যে পূর্ব্বোক্তরূপ প্রজাস্বত্বের অনুভোগ দেশাচার দ্বারা নিয়মিত হইবে।

১৮শ অধ্যায়।

নিয়াদ বা তামাদি বিষয়ক বিধি।

৯৭। দখলীস্বত্ব বিশিষ্ট রায়ত যে জমী তাহার আপন ভোগের অন্তর্গত সেই জমীর পুনর্ব্বার দখল পাইবার নিমিত্ত মোকদ্দমা করিলে ঐ মোকদ্দমা সম্বন্ধে নিয়াদের কাল যুক্তিসঙ্গতমত অল্প করিয়া ধার্য্য করা উচিত, আমরা এইরূপ বিবেচনা করি। মধ্য প্রদেশের প্রজাস্বত্ববিষয়ক ১৮৮১ সালের আইনের ৮১ ধারার প্রদর্শিত দৃষ্টান্ত অনুসরণ করিয়া আমরা যে তারিখে তদ্রূপ প্রজাকে উচ্ছেদ করা যায় তদবধি দুই বৎসর কাল নিয়াদের কাল ধার্য্য করিয়াছি। যে মোকদ্দমা পূর্ব্বেই তামাদি হইয়া গিয়াছে, যাহাতে তাহার হেতু পুনরুত্থাপিত না হয় এই জন্য একটী উপবিধি সংযোগ করিয়াছি।

১৯শ অধ্যায়।

অতিরিক্ত বিধি।

৯৮। আমরা ভূম্যধিকারীর প্রতি আপন কর্ম্মকারক দ্বারা কার্য্য করিবার ক্ষমতা প্রদান বিষয়ক ২২১ ধারার বিধান কিয়ৎ পরিমাণে প্রসারিত করিয়াছি এবং পাণ্ডুলিপির নির্দ্দিষ্ট "ভূম্যধিকারী" শব্দের লক্ষণ সত্ত্বেও কোন ২ ব্যক্তির এই বিষয়ে আপত্তি থাকাতে তাহা অপনোদন করণার্থে আমরা ২২২ সংখ্যক একটি ধারা সংযোগ করিয়া স্পষ্ট বিধান করিয়াছি যে দুই বা তদধিক ব্যক্তি এজমালী ভূম্যধিকারী হইলে, তাঁহারা উভয়ে বা সকলে একত্র হইয়া কার্য্য করিবেন কিম্বা তাঁহারা সকলে একত্র হইয়া যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তাহার দ্বারা কার্য্য করাইবেন।

৯৯। আমাদিগের বাদানুবাদ কালে এমন অনেক কথা উঠিয়াছিল যাহার সম্বন্ধে আমাদিগের প্রতীত হইল যে আমাদিগের নিকট অর্পিত কাগজপত্রাদিতে যে সংবাদ পাওয়া যায় তদপেক্ষা অধিকতর সংবাদ না থাকিলে আমরা ঐ কথাগুলির যথোপযুক্ত মীমাংসা করিতে সমর্থ হইব না। তাহার মধ্যে কতক গুলি কথা সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট ও হাই কোর্টের পরামর্শ প্রাপ্ত হইলে আমরা বিশেষ সন্তোষলাভ করিব।

প্রধান কথাগুলি এই ঃ—

(১) ভূম্যধিকারীকৃত উৎকর্ষসাধন উপলক্ষে জল সেচনের নিমিত্ত নালা কাটাইবার, জল বিতরণ করিবার ও ক্ষতিপূরণ দিবার ব্যবস্থা করণার্থে রাজস্ব কর্ম্মচারীর প্রতি ক্ষমতা প্রদান করা বাঞ্ছনীয় কি না, ও বাঞ্ছনীয় হইলে কিরূপ বিধান করিতে হইবে।

(২) খাজানাসংক্রান্ত মোকদ্দমার বিচার যাহাতে শীঘ্র হয় এই অভিপ্রায়ে বিধি প্রণয়ন করিয়া কি প্রকারান্তরে দেওয়ানী কার্য্যবিধি আইনের কোন পরিবর্ত্তন করা বাঞ্ছনীয় কি না, বিশেষতঃ যে স্থলে অধিকসংখ্যক রায়ত কোন ব্যক্তির অধীন না হইয়া ভূমি ভোগ করে সেই স্থলে ভূম্যধিকারীর প্রতি একই আবেদনপত্রক্রমে তাহাদের বিরুদ্ধে বাকী খাজানার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিবার ক্ষমতা প্রদান করা বাঞ্ছনীয় কি না।

(৩) একতরফা ডিক্রী দেওয়া গেলে, পুনর্ব্বার বিচার হইবার দাওয়া করিবার যে স্বত্ব আছে, তাহার সংকোচ করণার্থে অতিরিক্ত উৎপাদন না করিয়া কোন বিধান করা যাইতে পারে কি না। প্রতিবাদীর নিকট সমন পঁহুছে নাই কিম্বা কোন বিশিষ্ট হেতুবশতঃ প্রতিবাদী উপস্থিত হইতে পারে নাই কোন বিচারপতি সদ্বোধমতে ইহা বুঝিতে না পারিলে তিনি পুনর্ব্বার বিচার হইবার প্রার্থনা গ্রাহ্য করিতে বাধ্য নহেন আমরা ইহা অবগত আছি; কিন্তু আমাদিগের নিকট ইহা কথিত হইয়াছে যে উপযুক্তমতে সমনজারী অস্বীকার করাই এক্ষণে পদ্ধতি হইয়া দাঁড়াইয়াছে এবং আদালতও প্রতিবাদীকৃত পূর্ব্বোক্ত আপত্তি সত্যজ্ঞেই গ্রাহ্য করেন। বিলম্ব সংঘটন ও আপন প্রাপ্য আদায় করিতে গিয়া ভূম্যধিকারীকে অনর্থক ব্যয়গ্রস্ত করাই যে কার্য্যের উদ্দেশ্য, ইহাতে সেই কার্য্যেরই প্রশ্রয় দেওয়া হয়।

প্রতিবাদী ডিক্রীর টাকা আমানত না করিলে একতরফা মোকদ্দমার পুনর্ব্বার বিচার হইবে না আমাদিগের নিকট এই প্রস্তাব করা হইয়াছিল, কিন্তু আমাদিগের যে সংবাদ জানা ছিল তদ্দৃষ্টে ঐ প্রস্তাব গ্রাহ্য করিতে অনিচ্ছুক হইয়া আমরা এই অভিপ্রায় প্রকাশ করিলাম যে হাই কোর্টের মাননীয় জজ সাহেবদের বিবেচনার্থ প্রস্তাবটি অর্পিত হউক।

(৪) আমাদিগের নিকট প্রায় ঐরূপ ভাবের আর একটি প্রস্তাব করা হইয়াছে, প্রস্তাবটি এই—বাকীখাজানার মোকদ্দমায় প্রতিবাদীর বিরুদ্ধে ডিক্রী হইলে, তিনি ডিক্রীর টাকা আমানত না করিলে ঐ ডিক্রীর বিরুদ্ধে আপীল করিতে পাইবেন না। এই প্রস্তাব সম্বন্ধেও জজ সাহেবদের মত জানিতে পারিলে আমরা সন্তুষ্ট হইব।

(৫) যে সকল স্বাধীন তালুকের রাজস্ব গবর্ণমেণ্টের সহিত সাক্ষাৎসম্বন্ধে বন্দোবস্ত হইলেও ঐ তালুকের অধিকারীরা জমীদারের দ্বারা ঐ রাজস্ব দেন, সেই সকল তালুক সম্বন্ধে সরাসরী নীলাম সংক্রান্ত কার্য্যপ্রণালী খাটিতে পারে কি না এই বিষয়ে আমরা স্থানীয় গবর্ণমেণ্টের মত জানিতে বাঞ্ছা করি। স্পষ্টই দেখা যাইতেছে যে ঐ সকল তালুকের কথা সরকারী রেজিষ্টরে নাই। পত্তনী সম্বন্ধীয় সংশোধিত কার্য্যপ্রণালী উক্ত সকল তালুকের প্রতি বর্ত্তান কউক এইরূপ প্রস্তাব করা হইয়াছিল।

(৬) খাজানা মুক্ত তালুকের অধিকারীদের নিকট পথকর ও পবলিক ওর্কসকরের টাকা বাকী পড়িলে ঐ টাকা আদায় করণসম্বন্ধে পূর্ব্বোক্ত কার্য্যপ্রণালী বহাইবার নিমিত্ত ঐরূপ ভাবের একটি প্রস্তাব করা হইয়াছিল। এই বিষয়টিও আমরা স্থানীয় গবর্ণমেণ্টের পরামর্শের নিমিত্ত অপণ করিব স্থির করিয়াছি।

(৭) যেং নিয়মাধীনে বাস্তুভূমি ভোগ করা যায় তৎসম্বন্ধে অধিকতর সংবাদ লইবার আবশ্যকতার কথা পূর্ব্বেই বলা হইয়াছে। (পূর্ব্ববর্ত্তী ৪ দফা দেখ)

(৮) আমরা উচবন্দী ও চালকাসিলী জমা সম্বন্ধে দেশাচারানুগত নিয়মাদি রক্ষণ করিয়া তাহা বিশেষমতে বর্ত্তাইয়াছি। অন্য নামে খ্যাত তদ্রূপ জমা সম্বন্ধেও উক্ত সকল নিয়মাদি রক্ষণ করা উচিত কি না এবং চট্টগ্রাম খণ্ডে যে বিশেষ নিয়মে ভূমি ভোগ করা যায় তৎসম্বন্ধেও বিশেষমতে কোন দেশাচারাদি রক্ষণ করা আবশ্যক কি না ইহা জানিতে ইচ্ছা করি।

(৯) আর গুজাস্তা ও গোরং খোতের হস্তান্তরযোগ্য দখলীস্বত্বের ন্যায় অন্য কোন স্বত্ব অগ্রক্রয় করিবার স্বত্ব সম্বন্ধীয় ধারার বিধান হইতে মুক্ত করণার্থে বিশেষ করিয়া নির্দ্দেশ করিতে পারা যায় কি না ইহা জানিতে ইচ্ছা করি।

(১০) পরিশেষে গত বারৎসর কালের মধ্যে যে সকল মূল্যের তালিকা প্রকাশিত হইয়াছে সেই গুলির শুদ্ধতা সম্পর্কে উৎকর্ষসাধন করা যাইতে পারে কি না এবং প্রধানতঃ ঐ সকল মূল্যের উপর নির্ভর করিয়া খাজনা বৃদ্ধির নিয়ম করিলে কি ফল সম্ভাবনা এই বিষয়ে বঙ্গদেশের গবর্ণমেণ্টের পরামর্শ জানিতে ইচ্ছা করি।

১০০। মূল পাণ্ডুলিপির প্রকাশ করণ সম্বন্ধীয় ব্যবস্থাপক সভার আজ্ঞা নিম্নলিখিতরূপে পালিত হইয়াছে।—

ইংরেজী ভাষায়।

গেজেট।	তারিখ।
ইণ্ডিয়া গেজেট	১৮৮৩ সালের ৩, ১০, ও ১৭ মার্চ্চ।
কলিকাতা গেজেট	১৮৮৩ সালের ৭, ১৪, ও ২১ মার্চ্চ।

দেশীয় ভাষায়।

প্রদেশ।	ভাষা।	তারিখ।
বঙ্গদেশ	বাঙ্গালা	১৮৮৩ সাল ২৪ আপ্রিল।
	হিন্দী	১৮৮৩ সাল ৪ মে।
	উড়িয়া	১৮৮৩ সাল ১৭ মে।

১০১। পূর্ব্বেই বলিয়াছি সংশোধিত আকারে পাণ্ডুলিপির পুনর্ব্বার প্রকাশ করা উচিত ইহাই আমাদিগের মত।

এস, সি, বেলী।	টি, ডবলিউ, গিবন।*
হিবর্ট টমসন।	আমীর আলী।
সি, পি, ইলবার্ট।	ডবলিউ, ডব্লিউ, হণ্টর।
ডি, এল, পি, ইবাঙ্গা।	এচ, বেললডুস।*
জে ডবলিউ, কুইনটন।	

কমিটীর মন্তব্যের সহ এই রিপোর্টে যথাযথরূপে বর্ণিত হইয়াছে বলিয়া আমি ইহাতে স্বাক্ষর করিলাম, কিন্তু পাণ্ডুলিপির মূল নিয়মের ও তদন্তর্গত অনেক কথার প্রতি আমার আপত্তি আছে, সুতরাং ভিন্নমতসূচক একটি স্বতন্ত্র মন্তব্য লিখিলাম।

কৃষ্ণদাস পাল।

পাণ্ডুলিপির মূল নিয়ম সম্বন্ধের প্রতি আমার সম্পূর্ণ আপত্তি আছে। মাননীয় রায় শ্রীযুত কৃষ্ণদাস পাল যে নিয়মের উল্লেখ করিয়াছেন সেই নিয়মাধীনে ও টি টি অনুসারে এই রিপোর্টে আমি স্বাক্ষর করিতে বাধ্য ইহাই আমার বিশ্বাস বলিয়া এই রিপোর্টে স্বাক্ষর করিলাম।

দ্বারভঙ্গা।

১৮৮৪ সাল ১৭ই মার্চ্চ।

* কোন২ বিষয়ে আপত্তি থাকিল।

তকসীল।

রাজস্ব ও কৃষি সংক্রান্ত ডিপার্টমেণ্ট ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১ লা মে তারিখের ৪৮৪—১১৬ R. নং আফিসের স্মারকলিপি ও তৎসহিতপত্র [১ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১৩ই জুলাই তারিখের ১৮২৭—৬৪৮ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [২ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৮ই জুলাই তারিখের ১৮৭৬—১৬৯ L. R. নং পত্র ও তৎসহিত-পত্র [৩ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৩ সালের ২৪শে জুলাই তারিখের ১৯২৮—৬৯৪ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [৪ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৩ই আগষ্ট তারিখের ২১৭৯—৭৮৭ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [৫ নং কাগজ পত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ২৪শে আগষ্ট তারিখের ৫৮১ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [৬ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ৩রা সেপ্টেম্বর তারিখের ৬৮৩ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [৭ নং কাগজপত্র]।

দামোদর শ্রীযুত টি, এম, গিবন সাহেবের মন্তব্যাবলি [৮ নং কাগজপত্র]।

পূর্ব্ব বাঙ্গালার ভূম্যধিকারীদের ১৮৮৩ সালের ১৬ই সেপ্টেম্বর তারিখের আবেদন ও তৎসহিত মন্তব্যাবলি [৯ নং কাগজপত্র]।

দীঘাপতিয়ার রাজা প্রমথনাথ বাহাদুরের ১৮৮৩ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২১ নং পত্র [১০ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৫ই সেপ্টেম্বর তারিখের ৮২৭ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১১ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৩ সালের ২৭শে সেপ্টেম্বর তারিখের ৯৭২ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১২ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১লা অক্টোবর তারিখের ১০২১ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৩ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ৭ই অক্টোবর তারিখের ১০৮৩ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৪ নং কাগজ পত্র]।

রাজস্ব ও কৃষি সংক্রান্ত কার্য্য বিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১০ই অক্টোবর তারিখের ৯৬৩ R. নং আফিসের স্মারকলিপি ও তৎসহিতপত্র [১৫ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৫ই অক্টোবর তারিখের ১১১৭ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৬ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৩ই অক্টোবর তারিখের ১১৩০ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৭ নং কাগজপত্র]।

কলিকাতার শ্রীযুত বাবু কিশোরীলাল সরকারের ১৮৮৩ সালের ১৮ই অক্টোবর তারিখের পত্র [১৮ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ২৭শে অক্টোবর তারিখের ১২৯১ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৯ নং কাগজপত্র]।

কলিকাতার শ্রীযুত বাবু কিশোরীলাল সরকারের ১৮৮৩ সালের ৩ রা নবেম্বর তারিখের পত্র [২০ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১০ই নবেম্বর তারিখের ২৩২১—৪৩৭ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [২১ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৬ই নবেম্বর তারিখের ২৩৮৬—৮৬১ পত্র ও তৎসহিতপত্র [২২ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৭ই নবেম্বর তারিখের ২৩৯৫—৮৬৩ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [২৩ নং কাগজপত্র]।

উড়িষ্যার জনসাধারণ সভার কমিটীর ১৮৮৩ সালের ১লা নবেম্বর তারিখের আবেদনপত্র [২৪ নং কাগজপত্র]।

উত্তরপাড়ার শ্রীযুক্ত বাবু রাজকিশোর মুখোপাধ্যায়ের ১৮৮৩ সালের ১০ই নবেম্বর তারিখের পত্র ও তৎসহিতপত্র [২৫ নং কাগজপত্র]

ত্রিহুতের ভূম্যধিকারীদের সভার অবৈতনিক সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৩ই নবেম্বর তারিখের ১১ নং পত্র ও তৎসহিতপত্র [২৬ নং কাগজপত্র]

শ্রীযুক্ত বাবু কিশোরী লাল সরকারের ১৮৮৩ সালের ১৭ই নবেম্বর তারিখের পত্র [২৭ নং কাগজপত্র]।

বঙ্গ ও বেহারদেশের ভূম্যধিকারীদের সদর কমিটীর ১৮৮৩ সালের ২৭শে নবেম্বর তারিখের ১১৮ নং পত্র ও তৎসহিত পত্র [২৮ নং কাগজপত্র]।

রাজস্ব ও কৃষিসংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ৫ই ডিসেম্বর তারিখের ১০৬৪ নং পৃষ্ঠলিপি ও তৎসহিতপত্র [২৯ নং কাগজপত্র]।

ময়মনসিংহ জিলার অন্তর্গত সেরপুরের কএকজন জমিদার, তালুকদার, ও মধ্যবর্ত্তি ভূম্যধিকারিদের ১৮৮৩ সালের ১৬ই নবেম্বর তারিখের আবেদনপত্র [৩০ নং কাগজপত্র]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১২ ডিসেম্বর তারিখের ২৬৭০—৯৫ নং পত্র ও তৎসহিতপত্র [৩১ নং কাগজ পত্র]

ব্রিটিষ ইণ্ডিয়ান সভার সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৮ ডিসেম্বর তারিখের ১২৩ নং পত্র ও তৎসহিতপত্র [৩২ নং কাগজপত্র]।

রাজশাহীর ভূম্যধিকারীদের কমিটীর সেক্রেটরীর ১৮৮৩ সালের ডিসেম্বর তারিখের পত্র ও তৎসহিতপত্র [৩৩ নং কাগজপত্র]।

ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরীর ১৮৮৪ সালের ৫ই জানুয়ারি তারিখের ২ নং পৃষ্ঠলিপি ও তৎসহিতপত্র [৩৪ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৯শে ডিসেম্বর তারিখের ২৭৮৯—১০০১ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [৩৫ নং কাগজপত্র]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৪ সালের ১৬ জানুয়ারি তারিখের ১৮২—৪৫ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [৩৬ নং কাগজপত্র]

ভালাঙ্গা শাখা ইণ্ডিয়ান আসোসিয়েসনের ১৮৮৪ সালের ১৬ জানুয়ারি তারিখের সভার নির্দ্ধারণাবলি ৩৭ নং কাগজপত্র]।

ভাগলপুরের ভূম্যধিকারী সভার সেক্রেটরীর ১৮৮৪ সালের ৯ জানুয়ারি তারিখের ১০৬ নং পত্র ও তৎসহিতপত্র [৩৮ নং কাগজ পত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৪ সালের ২১ জানুয়ারি তারিখের ২২৭—৩৮ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [৩৯ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৪ সালের ৯ ফেব্রুয়ারি তারিখের ৫৪০—২৩১ L. R. নং পত্র ও তৎসহিত পত্র [৪০ নং কাগজপত্র]।

ত্রিহুতের ভূম্যধিকারীদের সভার অবৈতনিক সেক্রেটরীর ১৮৮৪ সালের ৯ ফেব্রুয়ারি তারিখের ৫ নং পত্র ও তৎসহিত পত্র [৪১ নং কাগজপত্র]

২ নম্বর।

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৪ সালের আইনের পাণ্ডুলিপি

সূচীপত্র।

১ম অধ্যায়।

উপক্রমণিকা।

ধারা।
১। সংক্ষেপ নাম।
আরম্ভ।
স্থানীয় ব্যাপ্তি।
২। রহিত হইবার কথা।
৩। অর্থকরণের কথা।

২য় অধ্যায়।

প্রজাদের শ্রেণী বিষয়ক বিধি।

৪। প্রজাদের শ্রেণী বিষয়ক কথা।
৫। তালুকদার ও রায়ত শব্দের অর্থ।

৩য় অধ্যায়।

তালুকদারদের সম্বন্ধীয় বিধি।

খাজানা বৃদ্ধি কথা

৬। চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে তালুক ভোগ হইয়া আসিতেছে, কোনং স্থলেমাত্র তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবার কথা।
৭। তালুকের খাজানা বৃদ্ধির সীমার কথা।
৮। বৃদ্ধি খাজানা সালেক খাজানার দ্বিগুণের অধিক না হইবার কথা
খাজানা ক্রমশঃ বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।
১০ খাজানা একবার বর্দ্ধিত হইলে দশ বৎসর পরিবর্ত্তিত হইতে না পারিবার কথা।

তালুকের অন্যান্য অনুষঙ্গের কথা।

১১। চিরস্থায়ী তালুকের হস্তান্তর ও উত্তরাধিকারিদের কথা।
১২। চিরস্থায়ী তালুকদারকে উচ্ছেদ করিতে না পারিবার কথা।

পত্তনী তালুকের কথা।

১৩। পত্তনীদারের পেটাও বিলি করিবার ক্ষমতার কথা।
১৪। পত্তনী তালুকের ভূম্যধিকারির হস্তান্তরক্রমে গ্রহীতার স্থানে আসিন চাহিবার স্বত্বের কথা।

রেজিষ্টরী করিবার কথা।

১৫। ইচ্ছাপূর্ব্বক হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিতে হইবার কথা।
১৬। খাজানার ডিক্রী ছাড়া অন্য ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।
ধারা।
১৭। খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।
১৮। রেজিষ্টরী না করিবার ফলের কথা।
১৯। ভূম্যধিকারীকে রেজিষ্টরী করিতে বাধ্য করিবার নিমিত্ত আদালতে প্রার্থনা করিবার কথা।
২০। রেজিষ্টরী করিতে বাধ্য করণার্থ ভূম্যধিকারীর প্রার্থনার কথা।
২১। ভূম্যধিকারীর রেজিষ্টরী বহীর লেখার নকল দিবার কথা।
২২। রেজিষ্টরী করণ সম্বন্ধে বিধিপ্রণয়ন করিতে পারিবার কথা।

৪র্থ অধ্যায়।

অবধারিত হারে যে রায়তেরা ভূমিভোগ করে তাহাদের সম্বন্ধীয় বিধি।

২৩। অবধারিত হারে ভূমি ভোগ করিবার অনুষঙ্গের কথা।

৫ম অধ্যায়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সম্বন্ধীয় বিধি।

সাধারণ।

২৪। বর্ত্তমান দখলীস্বত্ব চরিত থাকিবার কথা।
২৫। বাসেন্দা রায়তের দখলীস্বত্ব প্রাপ্ত হইবার কথা।
২৬। বাসেন্দা রায়ত শব্দের অর্থ।
২৭। গ্রাম ও মৌজা শব্দের অর্থকরণের কথা
২৮। ভূম্যধিকারী দখলীস্বত্ব প্রাপ্ত হইলে তাহার ফলের কথা।
২৯। এজমালী মালিক ও ইজারাদারদের সম্বন্ধে বিশেষ বিধানের কথা।
৩০। খামার জমী সংরক্ষণের কথা।
৩১। দখলীস্বত্বের অনুষঙ্গের কথা।

হস্তান্তর বিষয়ে নিয়মের কথা।

৩২। দখলীস্বত্ব ইচ্ছাপূর্ব্বক বিক্রয় করিলে ভূম্যধিকারির অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।
৩৩। ডিক্রীজারীক্রমে নীলাম হইলে ভূম্যধিকারীর অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।
৩৪। উদ্ধার করিবার স্বত্ব রহিত করা গেলে ভূম্যধিকারীর বন্ধকগ্রহীতার স্থান লইবার স্বত্বের কথা।
৩৫। দখলীস্বত্বদান বিষয়ে নিয়মের কথা।
৩৬। পূর্ব্ব কএক ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারী শব্দের অর্থের কথা।

কোর্কা বিলি সম্বন্ধে নিয়মের কথা।

৩৭। দখলীস্বত্ববিশিষ্ট যে রায়তেরা কোর্কা বিলি করে, তাহাদের তালুকদারে পরিবর্ত্তিত হইবার কথা।
৩৮। জরিপাটার কালের নিয়মের কথা।

ধারা।

খাজানা বৃদ্ধির কথা।
৩৯। উপযুক্ত ও ন্যায্য খাজানা বিষয়ক অনুমানের কথা।
৪০। মুদ্রারূপ খাজানা বৃদ্ধি বিষয়ে নিয়মের কথা।
৪১। রেজিষ্টরী করা চুক্তিক্রমে খাজানা বৃদ্ধি করিবার কথা।
৪২। পুনর্ব্বার বিলি করিবার বেলা খাজানা বৃদ্ধির কথা।
৪৩। মোকদ্দমার দ্বারা খাজানা বৃদ্ধি করিবার কথা।
৪৪। প্রচলিত হার ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।
৪৫। মূল্য বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।
৪৬। ভূম্যধিকারীর উৎকর্ষসাধন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি বিষয়ক বিধি।
৪৭। বনাজনিত উৎপাদিকাশক্তিবৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।
৪৮। খাজানা বৃদ্ধি উপযুক্ত ও ন্যায্যরূপ হইবার কথা।
৪৯। ক্রমে২ খাজানা বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।
৫০। ক্রমাগত খাজানা বৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব সীমাবদ্ধ করিবার কথা।
খাজানা কমাইবার কথা।
৫১। খাজানা কমাইবার কথা।
মূল্যের অর্থাৎ দরের তালিকার কথা।
৫২। প্রধান২ শস্যের মূল্যের তালিকার কথা।
খাজানা রূপান্তরিত করিবার কথা।
৫৩। শস্যরূপে দেয় খাজানা রূপান্তরিত করিবার কথা।
বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।
৫৪। বিধি করিবার ক্ষমতার কথা।

৬ষ্ঠ অধ্যায়।

দখলীস্বত্বশূন্য রায়তদের সম্বন্ধীয় বিধি।

৫৫। এই অধ্যায় খাটিবার কথা।
৫৬। দখলীস্বত্বশূন্য রায়তের প্রথমস্থলীয় খাজানার কথা।
৫৭। খাজানা বৃদ্ধির নিয়মের কথা।
৫৮। যে যে হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদ করা যাইতে পারিবে তাহার কথা।
৫৯। পাট্টার মিয়াদ অতীত হইবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।
৬০। খাজানা বৃদ্ধি দিতে অস্বীকার করিবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।
৬১। "দখল দেওয়া" শব্দের অর্থ।

৭ম অধ্যায়।

কোর্ফা রায়তদের সম্বন্ধীয় বিধি।

৬২। কোর্ফা রায়তের স্থানে যে খাজানা আদায় করিতে পারা যাইবে, তাহার সীমার কথা।
৬৩। কোর্ফা রায়তদিগকে উচ্ছেদ করিবার নিয়মের কথা।

ধারা।

৮ম অধ্যায়।

খাজানা বিষয়ক সাধারণ বিধান

খাজানার পরিমাণ সম্বন্ধে বিধি ও অনুমান।
৬৪। খাজানা অবধারিত থাকিবার সম্বন্ধে বিধি ও অনুমানের কথা।
৬৫। খাজানার পরিমাণ ও ভোগের নিয়ম সম্বন্ধে অনুমানের কথা।
পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।
৬৬। পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।
খাজানা দিবার কথা।
৬৭। খাজানার কিস্তির কথা।
৬৮। খাজানা দিবার সময় ও স্থানের কথা
৬৯। টাকা যেরূপে জমা দিতে হইবে, তাহার কথা।
কবজ ও হিসাবের কথা।
৭০। ভূম্যধিকারীকে টাকা দিলে প্রজার কবজ পাইবার স্বত্বের কথা।
৭১। বৎসরের শেষে প্রজার সম্পূর্ণ নিষ্কৃতি বা হিসাবের বিবরণপত্র পাইবার অধিকারের কথা।
৭২। কবজ ও হিসাবের বিবরণপত্র না দিলে এবং অনুলিপি না রাখিলে দণ্ডের কথা।
খাজানা আমানত করিবার কথা।
৭৩। রাজকীয় কার্য্যালয়ে খাজানা আমানত করিবার দরখাস্তের কথা।
৭৪। যে খাজানা আমানত করা যায় রাজকীয় কর্ম্মচারী তাহার রসীদ দিলে ঐ রসীদ নিষ্কৃতিপত্র হইবার কথা।
৭৫। আমানত পাইবার সোচিসের কথা।
৭৬। আমানতী টাকা দিবার বা ফিরাইয়া দিবার কথা।
বাকী খাজানার কথা।
৭৭। খাজানা হস্তান্তরযোগ্য যোতের প্রথম দায় হইবার কথা।
৭৮। যে যোত হস্তান্তর করা যাইতে না পারে সেই যোত হইতে উচ্ছেদ করিবার কথা।
৭৯। বাকী খাজানার সুদের কথা।
৮০। যুক্তিসিদ্ধ কারণ বিনা খাজানা না দেওয়া গেলে কিম্বা অন্যায়রূপে প্রতিবাদির নামে খাজানার মোকদ্দমা করা গেলে ক্ষতিপূরণের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।
কসলী বা ভাউলী খাজানার কথা।
৮১। কসল যাচাই বা বিভাগ করিবার নিমিত্ত আজ্ঞার কথা।
৮২। কর্ম্মচারী নিযুক্ত করা গেলে কার্য্যপ্রণালীর কথা।
৮৩। শস্যের দখল সম্বন্ধে স্বত্ব ও দায়ের কথা।

ধারা।
ভূম্যধিকারীর পরিবর্ত্তন হইলে খাজানার দায়ের কথা।
৮৪। হস্তান্তরের নোটিস না পাইয়া পূর্ব্ব ভূম্যধিকারীকে যে খাজানা দেওয়া যায় তজ্জন্য ভূম্যধিকারির স্বার্থগ্রহীতার নিকট প্রজার দায়ী না হইবার কথা।
আইনবিরুদ্ধ কর প্রভৃতির কথা।
৮৫। আবওয়াব প্রভৃতি আইনবিরুদ্ধ হইবার কথা।
৮৬। দেয় খাজানার অতিরিক্ত টাকা প্রজার স্থানে ভূম্যধিকারী অন্যায় করিয়া লইলে দণ্ডের কথা।

৯ম অধ্যায়।

ভূম্যধিকারী ও প্রজা বিষয়ক বিবিধ বিধান।

উৎকর্ষ সাধনের কথা।

৮৭। "উৎকর্ষসাধন" শব্দের অর্থ।
৮৮। অবধারিত হারে ভূমি ভোগ করা গেলে উৎকর্ষ সাধন করিবার স্বত্বের কথা।
৮৯। দখলীস্বত্বনিশিষ্ট ভোগ সম্বন্ধে উৎকর্ষসাধন করিবার স্বত্বের কথা।
৯০। দখলীস্বত্বশূন্য ভোগ সম্বন্ধে উৎকর্ষসাধন করিবার স্বত্বের কথা।
৯১। ভূম্যধিকারীর উৎকর্ষসাধন রেজিষ্টরী করিবার কথা।
৯২। উৎকর্ষসাধন সম্বন্ধে প্রমাণ লিপিবদ্ধ করিবার প্রার্থনার কথা।
৯৩। রায়তকে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ দিতে হইবার কথা।
৯৪। যে বিধিক্রমে ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয় করিতে হইবে, তাহার কথা।
ইস্তফা ও পরিত্যাগ করিবার কথা।
৯৫। ইস্তফা করিবার কথা।
৯৬। পরিত্যাগের কথা।
ভোগের অংশ করিবার কথা।
৯৭। ভোগের অংশ হস্তান্তরযোগ্য না হইবার কথা।
উচ্ছেদের কথা।
৯৮। ডিক্রীজারীক্রমে না হইলে উচ্ছেদ না হইবার কথা।
ভূমি মাপ করিবার কথা।
৯৯। ভূম্যধিকারির ভূমি মাপিবার স্বত্বের কথা।
১০০। প্রজা উপস্থিত হইয়া সীমা দেখাইয়া দিবে, আদালতের এরূপ আজ্ঞা করিতে পারিবার কথা।
১০১। মাপের কষ্টির কথা।
কার্য্যাধ্যক্ষদের কথা।
১০২। কেন সহাধিকারিগণ এক জন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন না ইহার কারণ দর্শাইবার নিমিত্ত তাঁহাদের উপর আদেশ করিতে পারিবার কথা।
১০৩। কারণ দর্শান না গেলে একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করণার্থ তাঁহাদিগকে আজ্ঞা দিতে পারিবার কথা।
১০৪। আজ্ঞা পালিত না হইলে কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার ক্ষমতার কথা।
ধারা।
১০৫। পূর্ব্ব ধারার (খ) প্রকরণমত সকল স্থলে কার্য্য করণার্থ কোন ব্যক্তিকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।
১০৬। কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইন কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবার কথা।
১০৭। কার্য্যাধ্যক্ষের প্রতি যে২ বিধান বর্ত্তিবে তাহার কথা।
১০৮। সহাধিকারীগণকে কার্য্যাধ্যক্ষতা ভার প্রত্যর্পণ করিবার ক্ষমতার কথা।
১০৯। বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১০ম অধ্যায়।

স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত করিবার বিধি।

স্বত্বের লিপির কথা।

১১০। স্বত্বের লিপি প্রস্তুত করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।
১১১। যে২ বিশেষ কথা লিপিবদ্ধ করিতে হইবে তাহার কথা।
১১২। ভূস্বামির বা তালুকদারের প্রার্থনামতে রাজস্ব কর্ম্মচারীর বিশেষ কথা লিপিবদ্ধ করিতে পারিবার কথা।
১১৩। লিপি প্রকাশ করিবার কথা।
১১৪। লিপির লেখাসম্বন্ধে বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।
১১৫। রাজস্ব কর্ম্মচারীদের নিষ্পত্তির উপর আপীলের কথা।
১১৬। ঐ লিপির যে লেখা সম্বন্ধে বিবাদ না থাকে তাহা অনুমানমত প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবার কথা।
খাজানা ধার্য্য হইবার বিধি।
১১৭। খাজানা ধার্য্য করণার্থ রাজস্ব কর্ম্মচারীদের প্রতি আজ্ঞা করিতে পারিবার কথা।
১১৮। খাজানা ধার্য্য করিবার কার্য্যপ্রণালীর কথা।
১১৯। যে সময়ে খাজানার পরিবর্ত্তন কলৎ হইবে তাহার কথা।
১২০। ধার্য্যকরা খাজানা যত কাল অপরিবর্ত্তিত থাকিবে তাহার কথা।
অতিরিক্ত বিধানের কথা।
১২১। এই অধ্যায়মত কার্য্যানুষ্ঠানে যে খরচ পড়ে তাহার কথা।
১২২। লিপি প্রস্তুত হইয়া থাকিলে অবধারিত খাজানাসম্বন্ধীয় অনুমান না খাটিবার কথা।

১১শ অধ্যায়।

হারের তালিকা বিষয়ক বিধি।

১২৩। তালিকা প্রস্তুত করিবার আদেশ দিতে পারিবার কথা
১২৪। তালিকায় যাহা লেখা থাকিবে তাহার কথা।
১২৫। যে বিধি অনুসারে খাজানার হার ধার্য্য করিতে হইবে তাহার কথা।
১২৬। তালিকার স্থানীয় প্রকাশ করণের কথা।
১২৭। রাজস্ব কর্ম্মচারীর আপত্তি নিষ্পত্তি করিতে পারিবার কথা।

ধারা।
১২৮। তালিকা ঊর্দ্ধতন রাজস্ব কর্ত্তৃপক্ষদের নিকট পাঠাইবার কথা।
১২৯। তাহা হইলে বেবিনিউ বোর্ডের কার্য্যপ্রণালীর কথা।
৩০। চূড়ান্ত অনুমোদনের পর তালিকা প্রকাশ করিবার কথা।
১৩১। তালিকা যত কাল প্রবল থাকিবে তাহার কথা।
১৩২। তালিকা সিদ্ধান্ত প্রমাণ হইবার কথা।
১৩৩। তালিকা প্রস্তুত করিতে যে খরচ পড়ে তাহা যেরূপে দিতে হইবে তাহার কথা।
১৩৪। যেখানে তালিকা প্রবল থাকে সেখানে খাজানাবৃদ্ধির মোকদ্দমার কথা।

১২শ অধ্যায়।

ভূস্বামীর নিজ জমী লিপিবদ্ধ করিবার বিধি।

১৩৫। ভূস্বামীর নিজ জমী জরীপ ও লিপিবদ্ধ করিবার আজ্ঞা দিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।
১৩৬। ভূস্বামীর বা প্রজার প্রার্থনামতে নিজ জমীর কথা লিপিবদ্ধ করিতে রাজস্ব কর্ম্মচারীর ক্ষমতার কথা।
১৩৭। নিজ জমী লিপিবদ্ধ করিবার কার্য্যপ্রণালীর কথা।
১৩৮। ভূস্বামীর নিজ জমী নির্ণয় করিবার বিধি।

১৩শ অধ্যায়।

ক্রোক করিবার বিধি।

১৩৯। যে স্থলে ক্রোকের দরখাস্ত করা যাইতে পারিবে তাহার কথা।
১৪০। যে পাঠে দরখাস্ত লিখিতে হইবে তাহার কথা।
১৪১। দরখাস্ত পাইলে কার্য্যপ্রণালীর কথা।
১৪২। ক্রোক করিবার আজ্ঞা জারী হইবার কথা।
১৪৩। জরীপ ও হিসাব জারী করিবার কথা।
১৪৪। শস্যাদি কর্ত্তন প্রভৃতি করিবার স্বত্বের কথা।
১৪৫। দাবী শোধ করা না গেলে নীলামের ঘোষণাপত্র প্রচার করিবার কথা।
১৪৬। নীলাম হইবার স্থানের কথা।
১৪৭। ক্ষেত্রস্থশস্যাদি বিক্রয় করিতে পারিবার কথা।
১৪৮। যে প্রকারে বিক্রয় করিতে হইবে তাহার কথা।
১৪৯। বিক্রয় স্থগিত রাখিবার কথা।
১৫০। ক্রয়ের টাকা দিবার কথা।
১৫১। ক্রেতাকে যে সার্টিফিকেট দেওয়া যাইবে তাহার কথা।
১৫২। নীলামের উৎপন্নটাকা যেরূপে প্রয়োগ করিতে হইবে তাহার কথা।
১৫৩। কোনও কর্ম্মচারীদের ক্রয় করিতে না পারিবার কথা।
১৫৪। নীলামের পূর্ব্বে দাবীর টাকা দেওয়া গেলে কার্য্যপ্রণালীর কথা।
১৫৫। পেটাও প্রজা আপন পাটাদাতার জন্য যে টাকা দেন, তাহা খাজানা হইতে কাটিয়া লইতে পারিবার কথা।
ধারা।
১৫৬। ঊর্দ্ধতন ও অধস্তন ভূম্যধিকারীর স্বত্বের মধ্যে বিরোধের কথা।
১৫৭। যে সম্পত্তি আটক আছে তাহা ক্রোক করিবার কথা।
১৫৮। অন্যায় ক্রোকের নিমিত্ত ক্ষতিপূরণের মোকদ্দমার কথা

১৪শ অধ্যায়।

বিচার সম্পর্কীয় কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

১৫৯। ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমায় বর্ত্তাইতে হইলে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন পরিবর্ত্তিত করিবার ক্ষমতার কথা।
১৬০। আইনমত আনুষ্ঠানিক কার্য্যে চিঠারাদিপত্যের কথা।
১৬১। নায়েব বা গোমস্তাদের স্বীকৃত মোক্তার হইবার কথা।
১৬২। মোকদ্দমার বিশেষ রেজিষ্টরের কথা।
১৬৩। খাজানার মোকদ্দমায় কার্য্যপ্রণালীর কথা।
১৬৪। তৃতীয় ব্যক্তির নিকট যে টাকা দেনা আছে স্বীকার করা যায়, তাহা আদালতে দিবার কথা।
১৬৫। ভূম্যধিকারীর পাওনা বলিয়া স্বীকৃত টাকা আদালতে দিবার কথা।
১৬৬। কিস্তিক্রমে টাকা দিবার বিধানের কথা।
১৬৭। আদালতের রসীদ দিবার কথা।
১৬৮। খাজানার মোকদ্দমায় আপীলের কথা।
১৬৯। খাজানাবৃদ্ধির ডিক্রী যে তারিখ অবধি কার্য্যকর হইবে তাহার কথা।
১৭০। সম্পত্তিরক্ষা হইবার প্রতিকারের কথা।
১৭১। যে রায়তদিগকে উচ্ছেদ করা যায় অথবা যাহাদের খাজনার্থে প্রস্তুত ভূমি সম্বন্ধে তাহাদের স্বত্বের কথা।
১৭২। উচ্ছেদ করিবার আনুষ্ঠানিক কার্য্যে পরস্পরের দাওয়ার নিষ্পত্তি হইবার কথা।
১৭৩। উচ্ছেদের বিকল্পে আদালতের ব্যাজ্য খাজানা ধার্য্য করিতে পারিবার কথা।
১৭৪। প্রজাস্বত্বের অনুষঙ্গ নিরূপণ করিবার প্রার্থনার কথা।

১৫শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্তে ডিক্রীমত বিক্রয়ের বিধি।

১৭৫। দায় অসিদ্ধ করণ সম্বন্ধে ক্রেতার সাধারণ ক্ষমতার কথা।
১৭৬। সংরক্ষিত স্বার্থের কথা।
১৭৭। "দায়" ও "রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়" শব্দের অর্থ।
১৭৮। জোতের নীলাম হইবার প্রার্থনাপত্রের কথা।
১৭৯। নীলাম হইবার বিজ্ঞাপনসূচক ঘোষণাপত্রের কথা।
১৮০। রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়সম্বলিত তালুক বিক্রয়ের ও তাহার ফলের কথা।
১৮১। সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত তালুক বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।

ধারা।
১৮২। অবধারিত হারের যোতের প্রতি পূর্ব্ব কএক ধারার বিধান বর্ত্তিবার কথা।
১৮৩। সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতা সহিত দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় করিবার ও তাহার ফলের কথা
১৮৪। পূর্ব্ব কএক ধারামতে দায় অসিদ্ধ করিবার কার্য্য প্রণালীর কথা।
১৮৫। দখলীস্বত্ববিশিষ্ট যোত পূর্ব্ব কএক ধারামতে তালুক বলিয়া গণ্য হয় এরূপ আজ্ঞা দিবার ক্ষমতার কথা।
১৮৬। বিক্রয়োৎপন্ন টাকা লইয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ক বিধির কথা।
১৮৭। খরচা সমেত ডিক্রীর টাকা আদালতে দেওয়া গেলেই কিম্বা ডিক্রীদার শোধ হইয়াছে স্বীকার করিলেই যোত ক্রোক হইতে মুক্ত হইবার কথা।
১৮৮। নীলাম নিবারণার্থ আদালতে টাকা দেওয়া গেলে, তাহা কোন২ স্থলে উক্ত যোতের বন্ধকী ঋণ হইবার কথা।
১৮৯। অধস্তন প্রজা আদালতে টাকা দিলে তাহা খাজানাহইতে কাটিয়া লইতে পারিবার কথা।
১৯০। নীলামে ডিক্রীদারের ডাকিতে পারিবার ও ডিক্রীমত খাতকের না পারিবার কথা।
১৯১। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৩ ও ৩২৬ ধারার কার্য্য না হইবার কথা।
১৯২। দায়সৃষ্টিকারী কোন২ নিদর্শনপত্র রেজিষ্টরী করিবার কথা।
১৯৩। ভূম্যাদি ক্রীকে দায়ের নোটিস দিবার কথা।

১৬শ অধ্যায়।
বাকী খাজানার নিমিত্ত স্থাবরসম্পত্তী নীলামের বিধি।
পত্তনী তালুক নীলামের কথা।
১৯৪। ভূস্বামীর স্থাবরসম্পত্তী নীলাম দ্বারা পত্তনীদারের স্থানে বাকী খাজানা আদায়ের কথা।
১৯৫। সংসরের প্রারম্ভে নীলামের দরখাস্ত করিবার কথা।
১৯৬। নোটিস জারী করিবার কথা।
১৯৭। বৎসরের মধ্যখানে নীলামের দরখাস্তের কথা।
১৯৮। তালুকদার ভূমিসম্বন্ধে আপত্তি করিলে কার্য্যপ্রণালীর কথা।
১৯৯। বাকীটাকা আদায় না হইলে তালুক নীলাম হইবার কথা।
২০০। নীলামে ক্রয়ে যে নিয়ম মানিতে হইবে তাহার কথা।
২০১। নীলামের কার্য্য যেরূপে চালাইতে হইবে তাহার কথা।
২০২। খরিদারের স্বত্বের কথা।
২০৩। খরিদারকে দখল দিবার কথা।
২০৪। নীলাম বন্ধ করিতে যে ব্যক্তির স্বার্থ থাকে সেই ব্যক্তির আদালতে কয়েদ টাকা আদায় করিবার কথা।
২০৫। নীলাম অসিদ্ধ করিবার মোকদ্দমার কথা।
২০৬। নীলাম হওয়াতে ব্যক্তির স্বার্থ অসিদ্ধ হইতে পারে তাহার ক্ষতিপূরণ পাইবার মোকদ্দমার কথা।
ধারা।
২০৭। নীলামের উৎপন্ন টাকা লইয়া যাহা২ করিতে হইবে তাহার কথা।
২০৮। রহিতের ও বন্ধের দিন বিষয়ক বিধানের কথা। অন্যান্য তালুক নীলামের কথা।
২০৯। অন্যান্য রেজিষ্টরীকরা তালুক সম্বন্ধে এই অধ্যায় পরিবর্ত্তিত হইয়া খাটিবার কথা।

১৭শ অধ্যায়।
চুক্তি ও দেশাচার বিষয়ক বিধি।
২১০। চুক্তির বিরুদ্ধ যে২ বিধান ফলবৎ হইবে তাহার কথা।
২১১। কায়েমী মকররী পাট্টার কথা।
২১২। কৃষিকার্য্যোপযোগী কএকের চুক্তির কথা।
২১৩। চর ও দেয়াড় জমীর কথা।
২১৪। উঠবন্দী ও হালসাবিলী প্রণালীর কথা।
২১৫। চাষরাণ তালুক সম্বন্ধে না খাটিবার কথা
২১৬। বাস্তুভূমির কথা।
২১৭। দেশাচার সংরক্ষণের কথা।

১৮শ অধ্যায়।
মিয়াদ বা তামাদি বিষয়ক বিধি।
২১৮। ৪ তফসীলমত মোকদ্দমা, আপীল এবং প্রার্থনা বা দরখাস্তের মিয়াদের কথা।
২১৯। ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক আইনের কিয়দংশ ঐ মোকদ্দমা প্রভৃতিতে না খাটিবার কথা।

১৯শ অধ্যায়।
অতিরিক্ত বিধি।
দণ্ডের কথা।
২২০। ফসলে বে-আইনমতে হস্তক্ষেপ করিলে দণ্ডের কথা।
ভূম্যধিকারীদের কর্ম্মকারক ও প্রতিনিধিদের কথা।
২২১। ভূম্যাদি দারীর কর্ম্মকারকদ্বারা কার্য্য করিবার কথা।
২২২। একমা ী ভূম্যধিদারীদের একত্রে বা সাধারণ কর্ম্মকারকের দ্বারা কার্য্য করিবার কথা।
খাজনা কর্ম্মচারিদের ক্ষমতার কথা।
২২৩। কর্ম্মচারীদের কার্য্যপ্রণালী ও ক্ষমতা সম্বন্ধীয় বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।
২২৪। বিধি প্রণয়ন, প্রকাশ ও দৃঢ় করিবার কার্য্যপ্রণালীর কথা
২২৫। যে জিলায় এক্তিয়ারী বন্দোবস্ত নাই সেই জিলায় যে ভূমি ভোগ হয় তৎসম্বন্ধে না খাটিবার কথা।
২২৬। রাজস্বের নূতন বন্দোবস্ত হইলে খাজানা পরিবর্ত্তন করিতে পারিবার কথা।
লাখেরাজ প্রভৃতি সম্বন্ধে কথা।
২২৭। খানকর ও কনকর প্রভৃতি স্বত্বের কথা।
বিশেষ আইন সংরক্ষণের কথা।
২২৮। বিশেষ আইন সংরক্ষণের কথা।

তফসীল।
প্রথম।—যে২ আইন রহিত হইল।
দ্বিতীয়।—১৮১৯ সালের ৮ আইনের যে২ ধারা হইতে উদ্ধৃত।
তৃতীয়।—কবুজ ও হিসাবের পাঠ
চতুর্থ।—মিয়াদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত ব্যবস্থা বিষয়ক কএকটী আইন সংশোধন ও সংগ্রহ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত ব্যবস্থা বিষয়ক কএকটী আইন সংশোধন ও সংগ্রহ করা বিহিত; অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

১ম অধ্যায়।

উপক্রমণিকা।

১ ধারা। সংক্ষেপ নাম। (১) এই আইন "বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৪ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

আরম্ভ। (২) স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক স্থানীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এতদর্থে যে তারিখ নিরূপণ করেন, সেই তারিখ অবধি এই আইন প্রবল হইবে। অতঃপর সেই তারিখ এই আইন প্রচলিত হইবার সময় বলিয়া খ্যাত হইবে।

স্থানীয় ব্যাপ্তি। (৩) কলিকাতা নগর ও উড়িষ্যা খণ্ড ছাড়া এবং তকসীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের আইনের প্রথম তকসীলের তৃতীয় খণ্ডের নির্দ্দিষ্ট তকসীলে লেখা প্রদেশ ছাড়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীনে যৎকালে যে যে দেশ থাকে, সেই সেই দেশে এই আইন আপন বলে বর্ত্তিবে; এবং স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক স্থানীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এই আইনের সমুদয় বা কোন অংশ উড়িষ্যা খণ্ডে বর্ত্তাইতে পারিবেন।

২ ধারা। রহিত হইবার কথা। (১) যে যে দেশে এই আইন আপন বলে বর্ত্তে, সেই সেই দেশে ইহার প্রথম তকসীলের নির্দ্দিষ্ট আইনগুলি রহিত হইল।

(২) যৎকালে এই আইন উড়িষ্যা খণ্ডে বর্ত্তমান নাই, তৎকালে ঐ সকল আইনের মধ্যে যে যে আইন উক্ত খণ্ডে প্রবল থাকে, অথবা এই আইনের কিয়দংশ মাত্র বর্ত্তমান গেলে, তন্মধ্যে যে যে আইন ঐ অংশের সহিত অসঙ্গত হয়, সেগুলি উক্ত খণ্ডে রহিত হইবে।

(৩) এই আইন দ্বারা যে কোন আইন রহিত করা যায়, কোন আইনে বা দলীলে সেই আইনের উল্লেখ থাকিলে, উহা এই আইনের বা তদ্বিষয়ক এই আইনের অংশবিশেষের উল্লেখ জ্ঞান করিয়া অর্থ করিতে হইবে।

(৪) এই আইন প্রচলিত হইবার সময়ে যে কোন স্বত্ব, অধিকার, বিষয় বা বস্তু প্রবল বা বিদ্যমান না থাকে, এই আইন দ্বারা কোন আইন রহিত হইল বলিয়া সেই স্বত্ব প্রভৃতি পুনর্জ্জীবিত হইবে না।

অর্থকরণের কথা। ৩ ধারা। বিষয় বিবেচনায় বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর বোধ না হইলে এই আইনে,

(১) প্রচলিত আইনক্রমে কোন জিলার কালেক্টর মালগুজারী ভূমির ও লাখেরাজ ভূমির যে যে সাধারণ রেজিস্টর প্রস্তুত করিয়া রাখেন, সেই রেজিস্টরের কোন রেজিস্টরে একই দফার মধ্যে যে ভূমি লেখা যায়, "মহাল" শব্দে সেই ভূমি বুঝাইবে।

কিন্তু ভূমি রেজিস্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের আইনের ৩ ধারার (২) প্রকরণের (গ) দফামতে কোন তালুক রেজিস্টরী করা গেলে, তাহা এই লক্ষণের মর্ম্মানুযায়ী মহাল বলিয়া গণ্য হইবে না।

(২) "ভূস্বামী বা জমীদার" শব্দে কোন মহালের মালিকস্বরূপ এক বা বহু ব্যক্তিকে বুঝাইবে।

(৩) যে কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তির অধীনে ভূমি ভোগ করে ও তাহার নিকট ঐ ভূমির নিমিত্ত খাজানা দিতে দায়ী কিম্বা বিশেষ চুক্তি না থাকিলে দায়ী থাকিত, "প্রজা" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

(৪) যে এক বা বহু ব্যক্তির অব্যবহিত অধীনে কোন প্রজা ভূমি ভোগ করেন, "ভূম্যধিকারী" শব্দে সেই এক বা বহু ব্যক্তিকে বুঝাইবে।

(৫) প্রজা যে ভূমি ভোগ করেন, তাহার ব্যবহার বা দখল নিমিত্ত আপন ভূম্যধিকারীকে মুদ্রা বা শস্য যোগে প্রজার যাহা কিছু দিতে বা অর্পণ করিতে হয়, "খাজানা" শব্দে তাহা বুঝাইবে।

(৬) খাজানা সম্বন্ধে "দেওয়া" "দিতে" ও "দেওন" ইত্যাদি শব্দ ব্যবহৃত হইলে, "অর্পণ করা," "অর্পণ করিতে," ও "অর্পণ করণ" ইত্যাদি বুঝাইবে।

(৭) এক পাট্টাক্রমে বা এক প্রস্থ নিয়মের অধীনে কোন ভূম্যধিকারীর কোন প্রজা যে বা যেং ভূমিখণ্ড ভোগ করেন, "যোত" শব্দে তাহা বুঝাইবে।

(৮) "কৃষি বৎসর" বলিতে যেখানে বাঙ্গালা সন চলিত আছে, সেখানে বৈশাখ মাসের প্রথম দিবসে যে বৎসর আরম্ভ হয়, সেই বৎসর বুঝাইবে: যেখানে ফসলী বা আমলী সন চলিত আছে, সেখানে আশ্বিন মাসের প্রথম দিবসে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসর বুঝাইবে; এবং যেখানে কৃষিকার্য্যের অন্য কোন সন চলিত থাকে, সেখানে সেই সন বুঝাইবে।

(৯) ১৭৯৩ সালে বাঙ্গালা বেহার ও উড়িষ্যার যে চিরস্থায়ী বন্দোবস্ত হয়, "চিরস্থায়ী বন্দোবস্ত" বলিতে তাহা বুঝাইবে।

(১০) "হস্তান্তর" শব্দে ইচ্ছাপূর্ব্বক কিম্বা ডিক্রীজারীক্রমে বিক্রয় ও বন্ধক ও দান বুঝাইবে।

(১১) "উত্তরাধিকার" শব্দে অকৃতচরমপত্র ও চরমপত্রানুযায়ী অর্থাৎ উইল বিনা ও উইলমত উভয় প্রকার উত্তরাধিকারই বুঝাইবে।

(১২) কোন ব্যক্তি আপনার নাম লিখিতে না পারাতে টেরাসহীকরিলে, 'স্বাক্ষরিত" শব্দে "চেরা সহী করা" বুঝাইবে। এই শব্দে পূর্ব্বোক্ত ব্যক্তির নামের "মোকরাক্ষিত" ও বুঝাইবে।

(১৩) "নির্দ্দিষ্ট" শব্দে রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক নির্দ্দিষ্ট বুঝাইবে।

(১৪) "কালেক্টর" শব্দে কোন জিলার কালেক্টর সাহেব কিম্বা এই আইনমত কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত অন্য কোন কার্য্যকারক বুঝাইবে।

(১২) এই আইনের কোন বিধানে "রাজস্ব কর্ম্মচারী" শব্দ থাকিলে, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত বিধানমত রাজস্ব কর্ম্মচারীর ক্ষমতানুসারে কার্য্য করিবার নিমিত্ত যে কর্ম্মচারীকে নিযুক্ত করেন উক্ত শব্দে সেই কর্ম্মচারী বুঝাইবে।

(১৩) "পত্তনী তালুক" শব্দে এই আইনের দ্বিতীয় তফসীলের বর্ণিত প্রকারের তালুক বুঝায়, এবং সেই তফসীলের উল্লিখিত দরপাত্তনী ও অন্যান্য তদ্রূপ তালুকও তদন্তর্গত।

২য় অধ্যায়।

প্রজাদের শ্রেণী বিষয়ক বিধি।

প্রজাদের শ্রেণী বিষয়ক কথা।

৪ ধারা। এই আইনের কার্য্যপক্ষে নিম্নলিখিত কএক শ্রেণীর প্রজা থাকিবে, যথা,—

(১) তালুকদার, পেটাও তালুকদারেরা ইহার অন্তর্গত;

(২) রায়ত; এবং

(৩) কোফা রায়ত, অর্থাৎ, যে প্রজারা সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে রায়তের অধীনে ভূমি ভোগ করে;

আর নিম্নলিখিত কএক শ্রেণীর রায়ত, যথা,—

(ক) যে রায়তেরা অবধারিত হারে ভূমি ভোগ করে,—যাহারা অবধারিত খাজানায় কিম্বা অবধারিত খাজানার হারে ভূমি ভোগ করে, এই কথায় তাহাদিগকে বুঝাইবে;

(খ) দখলীস্বত্ববিশিষ্ট রায়ত, অর্থাৎ, যে রায়তদের ভোগকৃত ভূমিতে দখলীস্বত্ব আছে; এবং

(গ) দখলীস্বত্বশূন্য রায়ত, অর্থাৎ যে রায়তদের ঐরূপ দখলী স্বত্ব নাই।

তালুকদার ও রায়ত শব্দের অর্থ।

৫ ধারা। (১) যে ব্যক্তি খাজানা আদায় করিবার স্বত্ব ভূস্বামির স্থানে বা অন্য কোন তালুকদারের স্থানে প্রাপ্ত হইয়াছেন, "তালুকদার" বলিতে মুখ্যতঃ সেই ব্যক্তিকে বুঝাইবে; এবং যাঁহারা ঐরূপ স্বত্ব পাইয়াছেন, তাঁহাদের স্বার্থগত উত্তরাধিকারীদিগকে ও যাঁহারা ৩৭ ধারামতে তালুকদার বলিয়া গণ্য হইবেন সেই ব্যক্তিদিগকেও বুঝাইবে।

(২) যে ব্যক্তি আপনি, বা আপনার পরিবারস্থ ব্যক্তিবর্গদ্বারা, বা বেতনভোগী চাকরদ্বারা কিম্বা অংশীদের সাহায্যে ভূমির চাষ করিবার নিমিত্ত ভূমি গ্রহণ করিয়াছেন, "রায়ত" শব্দে মুখ্যতঃ সেই ব্যক্তিকে বুঝাইবে; এবং যে ব্যক্তিরা ঐরূপে ভূমি গ্রহণ করেন তাঁহাদের স্বার্থগত উত্তরাধিকারীরাও ৩৭ ধারার নিয়মাধীনে ঐ শব্দে গণ্য হইবেন।

(৩) কোন ব্যক্তি কোন ভূস্বামীর বা তালুকদারের অব্যবহিত অধীনে ভূমি ভোগ না করিলে, তাহাকে রায়ত বলিয়া জ্ঞান করা যাইবে না।

(৪) কোন প্রজা তালুকদার কি রায়ত, ইহা নির্ণয় করিতে হইলে, আদালত নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,

(ক) দেশাচারের প্রতি;

(খ) যে রায়তেরা আপনাদের ভোগের অর্দ্ধেকের অধিক কোর্কা দিয়া করে, তাহাদের সম্বন্ধীয় ৩৭ ধারার বিধানের প্রতি; এবং

(গ) প্রথম প্রাপ্তির সময়ে প্রজাস্বত্বের তারের প্রতি, অর্থাৎ, ঐ স্বত্ব খাজানা আদায় করিবার বা ভূমি চাষ করিবার স্বত্ব ছিল, ইহার প্রতি।

(৫) কোন ভোগের পরিমাণ কষ্টিমত ১০০ বিঘার অধিক হইলে, এবং উহার সমস্ত বা কিয়দংশ পেটাও দিয়া করা গেলে, যাবৎ বিপরীত দর্শান না যায়, তাবৎ প্রজা তালুকদার বলিয়া অনুমান হইবে।

৩য় অধ্যায়।

তালুকদারদের সম্বন্ধীয় বিধি।

খাজানা বৃদ্ধির কথা।

চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে তালুক ভোগ হইয়া আসিতেছে, কোন অবস্থায় তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবার কথা।

৬ ধারা। (১) চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে তালুক ভোগ হইয়া আসিতেছে, নিম্নলিখিতরূপ প্রমাণ ব্যতিরেকে তাহার খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে না, অর্থাৎ,

(ক) যে ভূম্যধিকারীর অধীনে ঐ তালুক ভোগ করা যায়, তিনি দেশাচারক্রমে কিম্বা যে যে নিয়মের অধীনে ঐ তালুক ভোগ হয় তদনুসারে, তাহার খাজানা বৃদ্ধি করিতে স্বত্ববান, অথবা

(খ) ঐ তালুকদার আপনার খাজানা কমাইয়া লইয়া দায়ীকৃত বৃদ্ধি খাজানা দিতে দায়ী হইয়াছেন, এবং ভূমি হইতে ঐ খাজানা তোলা যাইতে পারে।

(২) শিকস্তী হওয়াতে কিম্বা রাজকীয় কার্য্যের নিমিত্ত বা কোম্পানির নিমিত্ত ভূমি গ্রহণ বিষয়ক যে আইন যৎকালে বলবৎ থাকে, সেই আইনের বিধানমতে ভূমি গৃহীত হওয়াতে কোন তালুকদারের খাজানা কমাইয়া দেওয়া গেলে, ঐ কমান এই ধারার মর্ম্মানুযায়ী কমান বলিয়া গণ্য হইবে না।

তালুকের খাজানাবৃদ্ধির সীমার কথা।

৭ ধারা। (১) যে স্থলে কোন তালুকদারের খাজানা বৃদ্ধি করা যাইতে পারে, সেই স্থলে উভয় পক্ষের মধ্যে কোন চুক্তি থাকিলে তাহা মানিয়া ঐ খাজানা নিকটস্থ তদ্রূপ তালুক যাঁহারা ভোগ করেন, তাঁহারা দেশাচারানুগত যে হারে খাজানা দেন সেই হার পর্য্যন্ত বৃদ্ধি করা যাইতে পারিবে।

(২) যেস্থলে তদ্রূপ দেশাচারানুগত হার নাই, সেই স্থলে উক্তরূপ চুক্তি মানিয়া আদালত যাহা উপযুক্ত ও ন্যায্য জ্ঞান করেন, সেই সীমা পর্য্যন্ত খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে।

(৩) যাহা উপযুক্ত ও ন্যায্য হয়, ইহা নির্ণয় করিবার সময়ে আদালত তালুকদারের মোট যত খাজানা পাওনা হয়, তাহা হইতে খাজানা আদায় করিবার খরচ বাদ দিলে যাহা অবশিষ্ট থাকে, তাঁহাকে তাহার শতকরা দশ ভাগের কম লভ্য দিবেন না, এবং নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,—

(ক) যে অবস্থায় তালুকের সৃষ্টি হয়, যথা, তালুকের অন্তর্গত ভূমি কিম্বা তাহার অধিকাংশ তালুকদারের কিম্বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারীদের দ্বারায় বা খরচে প্রথম চাষ করা হইয়াছিল কি না;

(খ) তালুকদার বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারীরা কোনরূপ উৎকর্ষসাধন করিয়াছেন কি না;

(গ) আদায় করিবার খরচ ও ঝুঁকি।

(৪) উক্ত তালুকদার আপন তালুকের অন্তর্গত ভূমির কোন অংশ আপনি দখল করিলে, অথবা ঐ ভূমির কোন অংশ খাজানামুক্ত করিয়া বা উপকারার্থ সামান্য খাজানায় দিলে, ঐ অংশের নিমিত্ত উপযুক্ত ও ন্যায্য খাজানা হিসাব করিয়া পূর্ব্বোক্ত মোট খাজানার মধ্যে ধরিতে হইবে।

বর্দ্ধিত খাজানা সাবেক খাজানার দ্বিগুণের অধিক না হইবার কথা।

৮ ধারা। যে স্থলে কোন তালুকদারের খাজানা বৃদ্ধি করা যাইতে পারে, সেই স্থলে পূর্ব্ব ধারামতে যে বর্দ্ধিত খাজানা ধার্য্য করা যায়, তাহা পূর্ব্বদেয় খাজানার দ্বিগুণের অধিক হইবে না।

খাজানা ক্রমশঃ বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

৯ ধারা। আদালত যদি বিবেচনা করেন যে একবারে খাজানা বৃদ্ধি করিলে কষ্ট হইবে, তবে আজ্ঞা করিতে পারিবেন, যে, খাজানা বৃদ্ধি ক্রমে ক্রমে করা যাইবে, অর্থাৎ যাবৎ খাজানা বৃদ্ধির উক্ত সীমায় উপস্থিত হওয়া না যায়, পাঁচ বৎসরের অনধিক কএক বৎসর ব্যাপিয়া ক্রমে বৎসর বৎসর খাজানা বৃদ্ধি হইবে।

খাজানা একবার বর্দ্ধিত হইলে দশ বৎসর পরিবর্ত্তিত হইতে না পারিবার কথা।

১০ ধারা। কোন তালুকদারের খাজানা আদালত দ্বারা কিম্বা চুক্তিক্রমে বৃদ্ধি করা গেলে, যে তারিখে বৃদ্ধি করা যায়, আদালত সেই তারিখের পর দশ বৎসর মধ্যে ঐ খাজানা আর বৃদ্ধি করিবেন না।

তালুকের অন্যান্য অনুষঙ্গের কথা।

[illegible] হস্তান্তর ও অন্যান্য ক্রিয়াদির কথা।

১১ ধারা। প্রত্যেক চিরস্থায়ী তালুক, রেজিষ্টরী করণ সম্বন্ধে এই আইনের বিধানানুসারে, অন্য স্থাবর সম্পত্তি যে প্রকারে ও পরিমাণে হস্তান্তর করা যাইতে পারে, সেই প্রকারে ও সেই পরিমাণে হস্তান্তর করা যাইতে পারিবে।

চিরস্থায়ী তালুকদার, রেজিষ্টরী না করিলে দায়ী হইবার কথা।

১২ ধারা। কোন চিরস্থায়ী তালুকদার ও তদীয় ভূম্যধিকারী এই উভয়ের মধ্যে যে চুক্তি থাকে তাহার হস্তান্তরে এই আইনের বিধান [illegible] করিলে [illegible] করিতে পারে, তিনি [illegible] করিবেন, তাহা [illegible] করিতে ক্ষমতাপন্ন ভূম্যধিকারী হইতে পারিবেন না।

পত্তনী তালুকের ভূম্যধিকারীর হস্তান্তরকরণ সম্বন্ধে অন্যান্য বিধি।

১৩ ধারা। পত্তনী তালুকদার এই আইনের বিধান মানিয়া আপনার তালুকের সমুদায় কিম্বা তাহার কোন অংশের স্বত্বগত নাম রেজিষ্টরী করিতে পারিবেন।

১৪ ধারা। (১) উক্তপ্রকারে কিম্বা ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা পত্তনী তালুক হস্তান্তর হইলে, ভূম্যধিকারী খাজানা, সিখায় ও তালুকের অন্যান্য বিষয় করিবার সম্বন্ধে উক্ত তালুকের বর্দ্ধিত বৎসরের খাজানা পরিমিত মাতব্বর জামিন হস্তান্তরক্রমে গ্রহীতার নিকট চাহিতে পারিবেন।

(২) ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর হইলে, যদি ভূম্যধিকারী এই ধারামতে ক্রেতার স্থানে জামিন চাহেন, এবং চাহিবার তারিখ অবধি এক মাস মধ্যে ঐ জামিন না দেওয়া হয়, তবে যত দিন জামিন দেওয়া না হয়, তত দিন ভূম্যধিকারী হস্তান্তরক্রমে গ্রহীতাকে বাদ রাখিয়া উক্ত তালুক ক্রোক করিয়া দখল করিতে পারিবেন।

(৩) এই ধারামত ক্রোক থাকিবার কালে ভূম্যধিকারী পেটাও তালুকদার কিম্বা রায়তদের স্থানে খাজানা আদায় করিতে পারিবেন, এবং তাহা হইতে ক্রোক করিবার খরচ, আদায়ের খরচ, ও আপনার পাওনা খাজানা বাটিয়া লওয়া অবশিষ্ট টাকা ক্রেতার পক্ষে লাভ স্বরূপ রাখিবেন।

(৪) এরূপে যে খাজানা আদায় হয়, তাহাতে ক্রোকের খরচ, আদায়ের খরচ এবং ভূম্যধিকারির প্রাপ্য খাজানা দিতে না কুলাইলে, যত টাকা ন্যূন হয় তজ্জন্য ক্রেতা দায়ী থাকিবেন, এবং ভূম্যধিকারী তাহা আদায় করিবার নিমিত্ত তাঁহার বিরুদ্ধে কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন।

(৫) এই ধারামতে কোন হস্তান্তরক্রমে গ্রহীতা যে জামিন দিবার প্রস্তাব করেন ভূম্যধিকারী তাহা অগ্রাহ্য করিলে, হস্তান্তরক্রমে গৃহীতা অগ্রাহ্য করিবার তারিখ অবধি তিন মাসের মধ্যে দেওয়ানী আদালতে উক্ত জামিন গ্রহণার্থ ভূম্যধিকারির প্রতি আদেশসূচক আজ্ঞা পাইবার প্রার্থনা করিতে পারিবেন এবং আদালত প্রস্তাবিত জামিন উপযুক্ত বলিয়া বুঝিলে এরূপ আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা তাহা না বুঝিলে প্রার্থনা অগ্রাহ্য করিবার আজ্ঞা করিতে পারিবেন।

(৬) এই ধারামত কোন আজ্ঞার উপর আপীল

[illegible] হস্তান্তর না হওয়ার কথা।

১৫ ধারা। (১) ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হওয়া কোন চিরস্থায়ী তালুকের [illegible] স্বত্ব বা উক্ত তালুকের উপর [illegible] হইবার ঘটিবে, হস্তান্তরকরণ ও হস্তান্তরক্রমে গ্রহীতা কিম্বা তাহার প্রতিনিধি ভূম্যধিকারী ব্যক্তি ভূম্যধিকারীর নিকটে যদি প্রার্থনা করেন, এবং প্রাপ্য খাজানা নির্দ্দিষ্ট করা দেন, তবে ভূম্যধিকারী পাওনা তালুক হইলে পুনঃ দাবার বিধান মানিয়া উক্ত হস্তান্তর [illegible] রেজিষ্টরী করিবেন।

কিন্তু কোন তালুকের খাজানা বাকী থাকিতে [illegible] যদি ইহাতে বোধ করেন, তবে তাহার হস্তান্তর রেজিষ্টরী করিতে অসম্মত হইতে পারিবেন।

(২) এই ধারামত প্রার্থনাপত্রে যে ফী দিতে হইবে তাহা নিম্নলিখিতরূপ হইবে, যথা,—

(ক) উক্ত তালুক সম্বন্ধে খাজানা দিতে হইলে উক্ত তালুকের বার্ষিক খাজানার উপর শতকরা দুই টাকা ফী দিতে হইবে। কিন্তু এরূপ কোন ফী ১ টাকার কম কিম্বা এক শত টাকার অধিক হইবে না।

(খ) উক্ত তালুক সম্বন্ধে খাজানা দিতে না হইলে, দুই টাকা ফী দিতে হইবে।

(৩) এই ধারামতে যে প্রার্থনা করা যায়, ভূম্যধিকারী তদনুসারে কার্য্য করিতে অসম্মত হইলে, তাঁহার অসম্মতির কারণের বর্ণনাপত্র লিখিয়া প্রার্থককে দিবেন; এবং তিনি তাহা না করিলে, দণ্ডস্বরূপ এক শত টাকার অনধিক যত টাকা আদালত উচিত বোধ করেন, তত টাকা তাঁহার স্থানে আদায় করিবার নিমিত্ত প্রার্থক মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

খাজানার ডিক্রী ভিন্ন অন্য ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।

১৬ ধারা। (১) কোন চিরস্থায়ী তালুক উহার নিজ বাকী খাজানার ডিক্রীভিন্ন অন্য ডিক্রীজারীক্রমে নীলাম করা গেলে, আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৩১২ ধারামতে নীলাম দৃঢ় করিবার পূর্ব্বে ক্রেতার প্রতি এই আদেশ করিতে পারিবেন যে, তিনি পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট রেজিষ্টরী করণের ফী এবং ভূম্যধিকারীর উপর নীলামের নোটিস জারী করণার্থ ২২ ধারামত বিধিক্রমে আর যে ফী নির্দ্দিষ্ট হয় তাহা আদালতে দাখিল করেন।

(২) নীলাম দৃঢ় করা গেলে, আদালত অবিলম্বে নীলামের নোটিস ভূম্যধিকারীর উপর জারী করাইবেন।

নোটিসে তাঁহার প্রতি উক্ত নীলাম রেজিষ্টরী করিবার আদেশ থাকিবে ও তাঁহাকে জানান হইবে যে রেজিষ্টরী করণের ফী পাওনা হইয়াছে, এবং রেজিষ্টরী করা হইলে চাহিবামাত্র তাঁহাকে দেওয়া হইবে; এবং উপযুক্ত কারণ না থাকিলে ভূম্যধিকারী অবিলম্বে উক্ত আদেশানুসারে কার্য্য করিবেন।

খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা সরাসরী হস্তান্তরিত হইলে রেজিষ্টরী করিবার কথা।

১৭ ধারা। কোন চিরস্থায়ী তালুক উহার নিজ বাকী খাজানার ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তরিত হইলে, ভূম্যধিকারী এতদর্থে তাঁহার নিকট কোন প্রার্থনা বা তাঁহার প্রতি কোন আদেশ করা না গেলেও ও কোন ফী দেওয়া না গেলেও, উক্ত হস্তান্তর রেজিষ্টরী করিবেন।

রেজিষ্টরী না করিবার ফলের কথা।

১৮ ধারা। (১) বাকী খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হইয়া, কোন চিরস্থায়ী তালুকের হস্তান্তর ঘটিলে, যাবৎ এই অধ্যায়মতে হস্তান্তর রেজিষ্টরী করা না যায়, তাবৎ ভূম্যধিকারী হস্তান্তরকর্ত্তাকে ও হস্তান্তরক্রমে গ্রহীতাকে হস্তান্তর হইবার পর যে খাজানা বাকী পড়ে, তজ্জন্য একত্র ও স্বতন্ত্র দায়ী করিতে পারিবেন।

(২) যাবৎ হস্তান্তর বা উত্তরাধিকার এই অধ্যায়মতে রেজিষ্টরী করা না হয়, কিম্বা ২২ ধারামত বিধির আদেশমতে ভূম্যধিকারীর উপর তাহার নোটিস জারী করা না হয়, তাবৎ যে ব্যক্তি হস্তান্তর বা উত্তরাধিকারক্রমে কোন চিরস্থায়ী তালুকের স্বত্ববান হন, তিনি তালুকের স্বরূপ তাঁহার যে খাজানা পাওনা হয়, মোকদ্দমা, ডোক বা অন্য কার্য্যানুষ্ঠান দ্বারা সেই খাজানা আদায় করিতে পারিবেন না।

ভূম্যধিকারীকে রেজিষ্টরী করিতে বাধ্য করিবার নিমিত্ত আদালতে প্রার্থনা করিবার কথা।

১৯ ধারা। (১) পূর্ব্ব কএক ধারামতে ভূম্যধিকারী যে হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিতে বাধ্য, তিনি এক মাস কাল তাহা রেজিষ্টরী করিতে অস্বীকার বা উপেক্ষা করিলে, হস্তান্তরকর্ত্তা বা হস্তান্তরক্রমে গ্রহীতা কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তি দেওয়ানী আদালতের নিকট বলপূর্ব্বক রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিতে পারিবেন।

(২) তাহা হইলে আদালত ভূম্যধিকারীকে এবং হস্তান্তরের এক পক্ষ প্রার্থনা করিলে হস্তান্তরের অন্য বা অন্যান্য পক্ষকেও নোটিস দিতে পারিবেন। ঐ নোটিসে তাঁহার বা তাঁহাদের প্রতি এই আদেশ থাকিবে যে, উক্ত হস্তান্তর বা উত্তরাধিকার কেন রেজিষ্টরী করা যাইবে না, নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে তাহার কারণ দর্শান।

(৩) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান না গেলে, আদালত ভূম্যধিকারীর প্রতি উক্ত হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন, এবং ঐরূপ আজ্ঞা করা গেলে, হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ন্যায় ফল হইবে।

(৪) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান গেলে, আদালত কোন আজ্ঞা করিতে অস্বীকার করিতে, কিম্বা মোকদ্দমার অবস্থা বিবেচনায় যেরূপ আজ্ঞা উচিত বোধ করেন সেইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

রেজিষ্টরী করিতে বাধ্য করণার্থ ভূম্যধিকারীর প্রার্থনার কথা।

২০ ধারা। (১) ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হইয়া পূর্ব্ব কএক ধারামতে যাহা রেজিষ্টরী হইবার যোগ্য এরূপ হস্তান্তর কিম্বা উত্তরাধিকার ঘটিলে, তাহা ঘটিবার পর ছয় মাসের মধ্যে যদি রেজিষ্টরী করিবার প্রার্থনা না করা যায়, তবে ভূম্যধিকারী হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার আজ্ঞা হইবার নিমিত্ত ও হস্তান্তরের পক্ষদিগকে কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তিকে ১৫ ধারার লিখিত ফী দিতে বাধ্য করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

(২) তাহা হইলে সেই আদালত উক্ত হস্তান্তরের পক্ষদিগকে কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তিকে নোটিস দিয়া এই আদেশ করিতে পারিবেন, যে কেন রেজিষ্টরী করা হইবে না ও তাঁহারা বা তিনি ফী দিবেন না নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে ইহার কারণ দর্শান।

(৩) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান না গেলে, আদালত আজ্ঞা করিয়া হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ক্ষমতা ভূম্যধিকারীকে দিতে এবং হস্তান্তর ক্রমে গ্রহীতার কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তির প্রতি উক্ত ফী দিবার আদেশ করিতে পারিবেন। এরূপ আজ্ঞা করা গেলে, হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ন্যায় ফল হইবে, এবং ঐরূপে যে আজ্ঞা করা যায়, তাহাতে ফী আদায় করিবার আদেশ যত দূর থাকে, তত দূর তাহা মোকদ্দমার ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

(৩) যে আদালতের বা কার্য্যকারকের আফিসে নোটিস দাখিল করা যায়, সেই আদালত বা কার্য্যকারক, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের বিধিক্রমে যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে ঐ নোটিস অবিলম্বে ভূম্যধিকারির উপর জারী করাইবেন।

(৪) নোটিস দাখিল করিবার তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে ভূম্যধিকারী রায়তের স্থানে দখলীস্বত্ব ক্রয় করিবার দাওয়া করিতে পারিবেন। ভূম্যধিকারী ও রায়ত একমত হইয়া যে মূল্য স্থির করেন সেই মূল্যে ঐ স্বত্ব ক্রয় করা যাইবে, অথবা তাঁহারা মূল্য বিষয়ে একমত হইতে না পারিলে উক্ত ছয় সপ্তাহের মধ্যে ভূম্যধিকারী এতদর্থে দেওয়ানী আদালতে যে প্রার্থনা করেন সেই প্রার্থনামতে উক্ত আদালত যে মূল্য ধার্য্য করেন সেই মূল্যে বিক্রয় করা যাইবে। ভূম্যধিকারী উক্তরূপ দাওয়া করিলে এবং মূল্য স্থির হইবার বা আদালত কর্ত্তৃক ধার্য্য হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে রায়তকে ঐ মূল্য দিতে চাহিলে, রায়ত হয় ঐ ভূমি বিক্রয় করিতে বিরত হইবেন, নয় ঐ মূল্যে উক্ত ভূম্যধিকারির নিকট ঐ স্বত্ব বিক্রয় করিবেন।

(৫) কোন রায়ত এই ধারার আদেশমত নোটিস দাখিল না করিয়া কিম্বা নোটিস দাখিল করিবার তারিখ অবধি ছয় সপ্তাহ কালের মধ্যে ভূম্যধিকারী ছাড়া অন্য কোন ব্যক্তির নিকট স্বীয় দখলীস্বত্ব বিক্রয় করিলে, ভূম্যধিকারীর বিরুদ্ধে ঐ বিক্রয় ব্যর্থ হইবে।

(৬) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট যতজন আসেসর উপযুক্ত বোধ করেন, এই ধারামত দখলী স্বত্বের মূল্য ধার্য্য করিবার নিমিত্ত তত জন আসেসর সঙ্গে লইতে দেওয়ানী আদালতের প্রতি ঐ বিধিতে আদেশ করিতে পারিবেন এবং ঐ আসেসরদের যোগ্যতা ও নির্ব্বাচনপ্রণালী নিরূপণ করিতে পারিবেন।

ডিক্রীজারীক্রমে নীলাম হইলে ভূম্যধিকারীর অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।

৩৩ ধারা। যদি ডিক্রীজারীক্রমে দখলী স্বত্ব নীলাম হয় এবং দুই বা তদধিক ব্যক্তি কোন ডাকে একই টাকা ডাকেন ও তন্মধ্যে এক জন ভূম্যধিকারী হন, তবে ঐ ডাক ভূম্যধিকারীর ডাক বলিয়া গণ্য হইবে।

উদ্ধার করিবার স্বত্ব রহিত করা গেলে ভূম্যধিকারীর বন্ধকগ্রহীতার স্থান লইবার স্বত্বের কথা।

৩৪ ধারা। (১) যদি রায়ত দখলীস্বত্ব বন্ধক দিয়া থাকে এবং সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ক ১৮৮২ সালের আইনের ৮৭ ধারামতে তৎসম্বন্ধে উদ্ধার করিবার স্বত্ব রহিত করণার্থ চূড়ান্ত আজ্ঞা পাইবার প্রার্থনা হয়, তবে আদালত উক্ত আজ্ঞা করিবার প্রস্তাব করিলে উক্ত প্রার্থনার নোটিস ভূম্যধিকারীর উপর জারী করাইবেন এবং নোটিস জারী করণাবধি এক মাস কাল উক্ত আজ্ঞা করা বন্ধ রাখিবেন।

(২) বন্ধক উদ্ধার করিতে যে টাকা আবশ্যক হয় ভূম্যধিকারী উক্ত একমাস কালের মধ্যে আদালতে সেই টাকা দিলে, আদালত সেই টাকা মোকদ্দমার বাদিকে দিবেন, ভূম্যধিকারিকে বাদির স্থানে দণ্ডায়মান হইবার অধিকারী বলিয়া প্রকাশ করিবেন এবং ভূম্যধিকারির অনুকূলে উদ্ধার করিবার স্বত্ব রহিত করণার্থ চূড়ান্ত আজ্ঞা করিবেন।

(৩) (২) প্রকরণমতে যে চূড়ান্ত আজ্ঞা করা যায়, তাহাতে ভূম্যধিকারী বন্ধকগ্রহীতা ও মোকদ্দমার বাদী থাকিলে, যেরূপ ফল হইত সেইরূপ ফল হইবে।

দখলী স্বত্বদানবিষয়ে নিয়মের কথা।

৩৫ ধারা। (১) রেজিষ্টরী করা নিদর্শনপত্রক্রমে দান করা না গেলে, ভূমিগত দখলীস্বত্বদান ভূম্যধিকারীর বিরুদ্ধে সিদ্ধ হইবে না।

(২) রেজিষ্টরী করণের নোটিস ভূম্যধিকারীর উপর জারী করিবার নিমিত্ত নির্দ্দিষ্ট ফী দেওয়া না গেলে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ ঐরূপ কোন নিদর্শনপত্র রেজিষ্টরী করিবেন না।

(৩) ঐরূপ কোন দান রেজিষ্টরী করা গেলে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ রেজিষ্টরী করণের নোটিস ভূম্যধিকারীর উপর অবিলম্বে জারী করিবেন।

(৪) মুসলমানকর্ত্তৃক দান করা গেলে, এই ধারার কোন কথা বিবাহবিধির নিষিদ্ধ সম্পর্কের মধ্যে কোন ব্যক্তিকে দান করিবার সম্বন্ধে খাটিবে না।

পূর্ব্ব কএক ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারী শব্দের অর্থের কথা।

৩৬ ধারা। পূর্ব্ব চারি ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারী শব্দে কেবল

(ক) যে ভূস্বামীর অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই ভূস্বামীকে, কিম্বা

(খ) যে চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই চিরস্থায়ী তালুকদারকে বুঝাইবে, অথবা

(গ) অন্য যে কোন তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই তালুকদারকে বুঝাইবে; কিন্তু একপক্ষে আবশ্যক যে, উক্ত তালুকদার ভূস্বামীর বা কোন চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে ভূমি ভোগ করেন, এবং উক্ত ভূস্বামীর কিম্বা স্থল বিশেষে চিরস্থায়ী তালুকদারের স্থানে ঐ ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারীর স্বত্বক্রমে কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রাপ্ত হন।

কোফা বিলি সম্বন্ধে নিয়মের কথা।

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কোফা বিলি করিলে তাহাদের তালুকদারের পরিবর্ত্তিত হইবার কথা।

৩৭ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপনার যোতের যে অংশ কোফা বিলি করে, তাহা তদীয় যোতের অর্দ্ধেকের অধিক হইলে, তালুকদারদের রেজিষ্টরী করিবার নিমিত্ত যে কোন আইন বিধিবদ্ধ হয়, সেই আইনমতে ঐ রায়ত তালুকদার বলিয়া সরকারী রেজিষ্টরে আপনাকে রেজিষ্টরী করাইলে, এই আইনের মর্ম্মানুযায়ী তালুকদার হইয়াছে বলিয়া গণ্য হইবে।

কিন্তু (ক) নাবালক, ভ্রূণশোক বলিয়া, পীড়াবশতঃ, দুর্ঘটনাক্রমে, কিম্বা সৈনিক বা গার্হস্থ্য চাকরীতে বা তীর্থযাত্রায় যাওয়াতে কিয়ৎকালের নিমিত্ত গৃহে উপস্থিত না থাকায়, যে কোন ব্যক্তি চাষ করিতে অক্ষম হইয়া আপনার অক্ষমতাকালের অনধিক কালের নিমিত্ত আপ-

(৩) এই ধারামতে যে প্রার্থনা করা যায়, ভূম্যধিকারী তদনুসারে কার্য্য করিতে অসম্মত হইলে, তাঁহার অসম্মতির কারণের বর্ণনাপত্র লিখিয়া প্রার্থককে দিবেন; এবং তিনি তাহা না করিলে, দণ্ডস্বরূপ এক শত টাকার অনধিক যত টাকা আদালত উচিত বোধ করেন, তত টাকা তাঁহার স্থানে আদায় করিবার নিমিত্ত প্রার্থক মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

খাজানার ডিক্রী ভিন্ন অন্য ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।

১৬ ধারা। (১) কোন চিরস্থায়ী তালুক উহার নিজ বাকী খাজানার ডিক্রীভিন্ন অন্য ডিক্রীজারীক্রমে নীলাম করা গেলে, আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৩১২ ধারামতে নীলাম দৃঢ় করিবার পূর্ব্বে ক্রেতার প্রতি এই আদেশ করিতে পারিবেন যে, তিনি পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট রেজিষ্টরী করণের ফী এবং ভূম্যধিকারীর উপর নীলামের নোটিস জারী করণার্থ ১২ ধারামত বিধিক্রমে আর যে ফী নির্দ্দিষ্ট হয় তাহা আদালতে দাখিল করেন।

(২) নীলাম দৃঢ় করা গেলে, আদালত অবিলম্বে নীলামের নোটিস ভূম্যধিকারীর উপর জারী করাইবেন।

নোটিসে তাঁহার প্রতি উক্ত নীলাম রেজিষ্টরী করিবার আদেশ থাকিবে ও তাঁহাকে জানান হইবে যে রেজিষ্টরী করণের ফী পাওয়া গিয়াছে, এবং রেজিষ্টরী করা হইলে চাহিবামাত্র তাঁহাকে দেওয়া হইবে; এবং উপযুক্ত কারণ না থাকিলে ভূম্যধিকারী অবিলম্বে উক্ত আদেশানুসারে কার্য্য করিবেন।

খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।

১৭ ধারা। কোন চিরস্থায়ী তালুক উহার নিজ বাকী খাজানার ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তরিত হইলে, ভূম্যধিকারী এতদর্থে তাঁহার নিকট কোন প্রার্থনা বা তাঁহার প্রতি কোন আদেশ করা না গেলেও, ও কোন ফী দেওয়া না গেলেও, উক্ত হস্তান্তর রেজিষ্টরী করিবেন।

রেজিষ্টরী না করিবার ফলের কথা।

১৮ ধারা। (১) বাকী খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হইয়া, কোন চিরস্থায়ী তালুকের হস্তান্তর ঘটিলে, যাবৎ এই অধ্যায়মতে হস্তান্তর রেজিষ্টরী করা না যায়, তাবৎ ভূম্যধিকারী হস্তান্তরকর্ত্তাকে ও হস্তান্তরক্রমে গ্রহীতাকে হস্তান্তর হইবার পর যে খাজানা বাকী পড়ে, তজ্জন্য একত্র ও স্বতন্ত্র দায়ী করিতে পারিবেন।

(২) যাবৎ হস্তান্তর বা উত্তরাধিকার এই অধ্যায়মতে রেজিষ্টরী করা না হয়, কিম্বা ২২ ধারামত বিধির আদেশমতে ভূম্যধিকারীর উপর তাহার নোটিস জারী করা না হয়, তাবৎ যে ব্যক্তি হস্তান্তর বা উত্তরাধিকারক্রমে কোন চিরস্থায়ী তালুকের স্বত্ববান হন, তিনি তালুকদারস্বরূপ তাঁহার যে খাজানা পাওনা হয়, মোকদ্দমা, ক্রোক বা অন্য কার্য্যানুষ্ঠান দ্বারা সেই খাজানা আদায় করিতে পারিবেন না।

ভূম্যধিকারীকে রেজিষ্টরী করিতে বাধ্য করিবার নিমিত্ত আদালতে প্রার্থনা করিবার কথা।

১৯ ধারা। (১) পূর্ব্বকএক ধারামতে ভূম্যধিকারী যে হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিতে বাধ্য, তিনি এক মাস কাল তাহা রেজিষ্টরী করিতে অস্বীকার বা উপেক্ষা করিলে, হস্তান্তরকর্ত্তা বা হস্তান্তরক্রমে গ্রহীতা কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তি দেওয়ানী আদালতের নিকট বলপূর্ব্বক রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিতে পারিবেন।

(২) তাহা হইলে আদালত ভূম্যধিকারীকে এবং হস্তান্তরের এক পক্ষ প্রার্থনা করিলে হস্তান্তরের অন্য বা অন্যান্য পক্ষকেও নোটিস দিতে পারিবেন। ঐ নোটিসে তাঁহার বা তাঁহাদের প্রতি এই আদেশ থাকিবে যে, উক্ত হস্তান্তর বা উত্তরাধিকার কেন রেজিষ্টরী করা যাইবে না, নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে তাহার কারণ দর্শান।

(৩) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান না গেলে, আদালত ভূম্যধিকারীর প্রতি উক্ত হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন, এবং ঐরূপ আজ্ঞা করা গেলে, হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ন্যায় ফল হইবে।

(৪) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান গেলে, আদালত কোন আজ্ঞা করিতে অস্বীকার করিতে, কিম্বা মোকদ্দমার অবস্থা বিবেচনায় যেরূপ আজ্ঞা উচিত বোধ করেন সেইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

রেজিষ্টরী করিতে বাধ্য ব্যক্তির প্রতি ভূম্যধিকারীর প্রার্থনার কথা।

২০ ধারা। (১) ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হইয়া পূর্ব্ব কএক ধারামতে যাহা রেজিষ্টরী হইবার যোগ্য এরূপ হস্তান্তর কিম্বা উত্তরাধিকার ঘটিলে, তাহা ঘটিবার পর ছয় মাসের মধ্যে যদি রেজিষ্টরী করিবার প্রার্থনা না করা যায়, তবে ভূম্যধিকারী হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার আজ্ঞা হইবার নিমিত্ত ও হস্তান্তরের পক্ষদিগকে কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তিকে ১৫ ধারার লিখিত ফী দিতে বাধ্য করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

(২) তাহা হইলে সেই আদালত উক্ত হস্তান্তরের পক্ষদিগকে কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তিকে নোটিস দিয়া এই আদেশ করিতে পারিবেন, যে কেন রেজিষ্টরী করা হইবে না ও তাহারা বা তিনি ফী দিবেন না নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে ইহার কারণ দর্শান।

(৩) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান না গেলে, আদালত আজ্ঞা করিয়া হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ক্ষমতা ভূম্যধিকারীকে দিতে এবং হস্তান্তর ক্রমে গ্রহীতার কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তির প্রতি উক্ত ফী দিবার আদেশ করিতে পারিবেন। ঐরূপ আজ্ঞা করা গেলে, হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ন্যায় ফল হইবে, এবং ঐরূপে যে আজ্ঞা করা যায়, তাহাতে ফী আদায় করিবার আদেশ যত দূর থাকে, তত দূর তাহা মোকদ্দমার ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

(৩) যে আদালতের বা কার্য্যকারকের আফিসে নোটিস দাখিল করা যায়, সেই আদালত বা কার্য্যকারক, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধিক্রমে যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে ঐ নোটিস অবিলম্বে ভূম্যধিকারির উপর জারী করাইবেন।

(৪) নোটিস দাখিল করিবার তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে ভূম্যধিকারী রায়তের স্থানে দখলীস্বত্ব ক্রয় করিবার দাওয়া করিতে পারিবেন। ভূম্যধিকারী ও রায়ত একমত হইয়া যে মূল্য স্থির করেন সেই মূল্যে ঐ স্বত্ব ক্রয় করা যাইবে, অথবা তাঁহারা মূল্য বিষয়ে একমত হইতে না পারিলে উক্ত ছয় সপ্তাহের মধ্যে ভূম্যধিকারী এতদর্থে দেওয়ানী আদালতে যে প্রার্থনা করেন সেই প্রার্থনামতে উক্ত আদালত যে মূল্য ধার্য্য করেন সেই মূল্যে বিক্রয় করা যাইবে। ভূম্যধিকারী উক্তরূপ দাওয়া করিলে এবং মূল্য স্থির হইবার বা আদালত কর্ত্তৃক ধার্য্য হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে রায়তকে ঐ মূল্য দিতে চাহিলে, রায়ত হয় ঐ ভূমি বিক্রয় করিতে বিরত হইবেন, নয় ঐ মূল্যে উক্ত ভূম্যধিকারির নিকট ঐ স্বত্ব বিক্রয় করিবেন।

(৫) কোন রায়ত এই ধারার আদেশমত নোটিস দাখিল না করিয়া কিম্বা নোটিস দাখিল করিবার তারিখ অবধি ছয় সপ্তাহ কালের মধ্যে ভূম্যধিকারী ছাড়া অন্য কোন ব্যক্তির নিকট স্বীয় দখলীস্বত্ব বিক্রয় করিলে ভূম্যধিকারীর বিরুদ্ধে ঐ বিক্রয় ব্যর্থ হইবে।

(৬) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট যতজন আসেসর উপযুক্ত বোধ করেন, এই ধারামত দখলী স্বত্বের মূল্য ধার্য্য করিবার নিমিত্ত তত জন আসেসর সঙ্গে লইতে দেওয়ানী আদালতের প্রতি ঐ বিধিতে আদেশ করিতে পারিবেন এবং ঐ আসেসরদের যোগ্যতা ও নির্ব্বাচনপ্রণালী নিরূপণ করিতে পারিবেন।

ডিক্রীজারীক্রমে নীলাম হইলে ভূম্যধিকারীর অগ্রক্রয় করিবার স্বত্বের কথা।

৩৩ ধারা। যদি ডিক্রীজারীক্রমে দখলী স্বত্ব নীলাম হয় এবং দুই বা তদধিক ব্যক্তি কোন ডাকে একই টাকা ডাকেন ও তন্মধ্যে এক জন ভূম্যধিকারী হন, তবে ঐ ডাক ভূম্যধিকারীর ডাক বলিয়া গণ্য হইবে।

উদ্ধার করিবার স্বত্ব রহিত করা গেলে ভূম্যধিকারীর বন্ধকগ্রহীতার স্থান লইবার স্বত্বের কথা।

৩৪ ধারা। (১) যদি রায়ত দখলীস্বত্ব বন্ধক দিয়া থাকে এবং সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ক ১৮৮২ সালের আইনের ৮৭ ধারামতে তৎসম্বন্ধে উদ্ধার করিবার স্বত্ব রহিত করণার্থ চূড়ান্ত আজ্ঞা পাইবার প্রার্থনা হয়, তবে আদালত উক্ত আজ্ঞা করিবার প্রস্তাব করিলে উক্ত প্রার্থনার নোটিস ভূম্যধিকারীর উপর জারী করাইবেন এবং নোটিস জারী করণাবধি এক মাস কাল উক্ত আজ্ঞা করা বন্ধ রাখিবেন।

(২) বন্ধক উদ্ধার করিতে যে টাকা আবশ্যক হয় ভূম্যধিকারী উক্ত এক মাস কালের মধ্যে আদালতে সেই টাকা দিলে, আদালত সেই টাকা মোকদ্দমার বাদিকে দিবেন, ভূম্যধিকারিকে বাদির স্থানে দণ্ডায়মান হইবার অধিকারী বলিয়া প্রকাশ করিবেন এবং ভূম্যধিকারির অনুকূলে উদ্ধার করিবার স্বত্ব রহিত করণার্থ চূড়ান্ত আজ্ঞা করিবেন।

(৩) (২) প্রকরণমতে যে চূড়ান্ত আজ্ঞা করা যায়, তাহাতে ভূম্যধিকারী বন্ধকগ্রহীতা ও মোকদ্দমার বাদী থাকিলে, যেরূপ ফল হইত সেইরূপ ফল হইবে।

দখলী স্বত্বদানবিষয়ে নিয়মের কথা।

৩৫ ধারা। (১) রেজিষ্টরী করা নিদর্শনপত্রক্রমে দান করা না গেলে, ভূমিগত দখলীস্বত্বদান ভূম্যধিকারীর বিরুদ্ধে সিদ্ধ হইবে না।

(২) রেজিষ্টরী করণের নোটিস ভূম্যধিকারীর উপর জারী করিবার নিমিত্ত নির্দ্দিষ্ট ফী দেওয়া না গেলে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ ঐরূপ কোন নিদর্শনপত্র রেজিষ্টরী করিবেন না।

(৩) ঐরূপ কোন দান রেজিষ্টরী করা গেলে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ রেজিষ্টরী করণের নোটিস ভূম্যধিকারীর উপর অবিলম্বে জারী করিবেন।

(৪) মুসলমানকর্ত্তৃক দান করা গেলে, এই ধারার কোন কথা বিবাহবিধয়ের নিষিদ্ধ সম্পর্কের মধ্যে কোন ব্যক্তিকে দান করিবার সম্বন্ধে খাটিবে না।

পূর্ব্ব ৩এক ধারার কার্য্যার্থে ভূম্যধিকারী শব্দের অর্থের কথা।

৩৬ ধারা। পূর্ব্ব চারি ধারার কার্য্যার্থে ভূম্যধিকারী শব্দে কেবল

(ক) যে ভূস্বামীর অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই ভূস্বামীকে, কিম্বা

(খ) যে চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই চিরস্থায়ী তালুকদারকে বুঝাইবে, অথবা

(গ) অন্য যে কোন তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই তালুকদারকে বুঝাইবে; কিন্তু এরূপস্থলে আবশ্যক যে উক্ত তালুকদার ভূস্বামীর বা কোন চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে ভূমি ভোগ করেন, এবং উক্ত ভূস্বামীর কিম্বা স্থল বিশেষে চিরস্থায়ী তালুকদারের স্থানে ৩২ ধারার কার্য্যার্থে ভূম্যধিকারীর স্বত্বক্রমে কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রাপ্ত হন।

কোফা বিলি সম্বন্ধে নিয়মের কথা।

দখলীস্বত্ববিশিষ্ট যে রায়তেরা কোফা বিলি করে, তাহাদের তালুকদারের পরিবর্ত্তিত হইবার কথা।

৩৭ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপনার যোতের যে অংশ কোফা বিলি করে, তাহা তদীয় যোতের অর্দ্ধেকের অধিক হইলে, তালুকদারদের রেজিষ্টরী করিবার নিমিত্ত যে কোন আইন বিধিবদ্ধ হয়, সেই আইনমতে ঐ রায়ত তালুকদার বলিয়া সরকারী রেজিষ্টরে আপনাকে রেজিষ্টরী করাইলে, এই আইনের মর্ম্মানুসারী তালুকদার হইয়াছে বলিয়া গণ্য হইবে।

কিন্তু (ক) বয়স হেতুক, স্ত্রীলোক বলিয়া, পীড়াবশতঃ, দুর্ঘটনাক্রমে, কিম্বা সৈনিক বা নাবিক চাকরীতে বা তীর্থযাত্রায় যাওয়াতে কিয়ৎকালের নিমিত্ত গৃহে উপস্থিত না থাকায়, যে কোন ব্যক্তি চাষ করিতে অক্ষম হইয়া আপনার অক্ষমতাকালের অনধিক কালের নিমিত্ত আপ-

নার যোত বা তাঁহার কোন অংশ কোর্ফা বিলি করে, তাহার সম্বন্ধে এই ধারার কোন কথা খাটিবে না।

(খ) যদি কোন ব্যক্তি এই ধারার বলে তালুকদারে পরিবর্ত্তিত হয়, তবে ঐ ব্যক্তি দখলীস্বত্ববিশিষ্ট রায়ত থাকিলে, যে শর্ত্তে ও যে নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিত, সেই শর্ত্তে ও সেই নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবে।

ব্যাখ্যা।—এই ধারার বলে যে কোন ব্যক্তি তালুকদারে পরিবর্ত্তিত হয়, তাহার যোতের কোর্ফা বিলি করা অংশ ঐ যোতের অর্দ্ধেকের অধিক আর না থাকিলে, সেই ব্যক্তি আবার রায়তে পরিবর্ত্তিত হয় না।

৩৮ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপনার যোত বা তাহার কোন অংশ কোর্ফা বিলি করিলে, ঐরূপ বিলি করিবার দরপাট্টা সাত বৎসরের অধিক কালের নিমিত্ত প্রবল থাকিবে না।

দরপাট্টার কালের নিয়মের কথা।

কিন্তু (ক) কোন রায়ত বয়সহেতুক স্ত্রীলোক বলিয়া, পীড়াবশতঃ, দুর্ঘটনাক্রমে, কিম্বা সৈনিক বা গার্হস্থ্য চাকরীতে কিম্বা তীর্থযাত্রায় যাওয়াতে কিয়ৎকালের নিমিত্ত গৃহে উপস্থিত না থাকায়, চাষ করিতে অক্ষম হইলে, আপনার অক্ষমতা কালের অনধিক কালের নিমিত্ত আপন যোত বা তাহার কোন অংশ কোর্ফা বিলি করিতে এই ধারার কোন কথাক্রমে তাহার কোন বাধা হইবে না, কিম্বা বাধা হইল বলিয়া জ্ঞান করা যাইবে না।

(খ) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে দরপাট্টা দেওয়া গেলে, এই ধারার কার্য্যপক্ষে এই আইন প্রচলিত হইবার সময়াবধি সাতবৎসর কাল গণনা করা যাইবে।

খাজানা বৃদ্ধির কথা।

৩৯ ধারা। যাবৎ বিপরীত প্রমাণ না হয়, দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তের যৎকালে যে খাজানা দিতে হয়, তাহা উপযুক্ত ও ন্যায্য বলিয়া অনুমান হইবে।

উপযুক্ত ও ন্যায্য খাজানা বিষয়ক অনুমানের কথা।

৪০ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত মুদ্রারূপ (নগদী) খাজানা দিলে, তাহার খাজানা এই আইনের বিধানমতে না হইলে, প্রকারান্তরে বৃদ্ধি করা যাইবে না।

মুদ্রারূপ খাজানা বৃদ্ধি বিষয়ে নিয়মের কথা।

৪১ ধারা। (১) কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়তের যে মুদ্রারূপে খাজানা দিতে হয়, তাহা রেজিষ্টরী করা চুক্তিক্রমে নিম্নলিখিত নিয়মাধীনে বৃদ্ধি করা যাইতে পারিবে।—

রেজিষ্টরী করা চুক্তিক্রমে খাজানা বৃদ্ধি করিবার কথা।

(ক) খাজানা এরূপে বৃদ্ধি করিতে হইবে না যে তাহা রায়তের পূর্ব্বদের খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অধিক হয়।

(খ) চুক্তিপত্রে অন্যূন সাত বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(গ) বর্দ্ধিত খাজানা পূর্ব্ব বা সাবেক খাজানা অপেক্ষা টাকায় দুই আনার অধিক হইলে, চুক্তিপত্রে অন্যূন পনের বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(২) চুক্তি এই আইনের বিধানসম্মত ও রায়ত তাহা করিতে সক্ষম ও সম্মত ও তাহার মর্ম্ম বুঝে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ এই ধারামত চুক্তিপত্র রেজিষ্টরী করিবার পূর্ব্বে এই কথা জানিয়া লইবেন।

৪২ ধারা। (১) যে জমী মুদ্রারূপ খাজানা দিয়া কোন প্রজা পূর্ব্বে ভোগ করিতেন, তাহা যে গ্রামের বা মহালের অন্তর্গত তথাকার কোন বাসেন্দা রায়তকে বিলি করা গেলে, খাজানা বৃদ্ধি করিয়া দিবার রেজিষ্টরী করা চুক্তিপত্রক্রমে না হইলে, পূর্ব্ব প্রজা যে খাজানা দিতেন, উক্ত রায়ত ঐ জমীর জন্য তদপেক্ষা উচ্চতর খাজানা দিতে বাধ্য হইবেন না।

পুনর্ব্বার বিলি করিবার বেলা খাজানা বৃদ্ধির কথা।

(২) এইরূপ প্রত্যেক চুক্তির প্রতি পূর্ব্বধারার বিধান বর্ত্তিবে।

৪৩ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত মুদ্রা যোগে খাজানা দিয়া যে যোত ভোগ করে, সেই যোতের ভূম্যধিকারী এই আইনের বিধানের নিয়মাধীনে নিম্নলিখিত এক বা অধিক হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, যথা,—

মোকদ্দমা দ্বারা খাজানা বৃদ্ধি করিবার কথা।

(ক) দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত যে প্রচলিত হারে খাজানা দিয়া থাকে, উক্ত রায়ত তদপেক্ষা কম হারে খাজানা দেয়।

(খ) সেইখানে বা চলিত বাজারে প্রধানং খাদ্য শস্যের গড় মূল্য বৃদ্ধি হইয়াছে।

(গ) ভূম্যধিকারির দ্বারা বা তাঁহার খরচে যে উৎকর্ষসাধন হয়, তাহাতে রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(ঘ) রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বন্যাদ্বারা বর্দ্ধিত হইয়াছে।

৪৪ ধারা। প্রচলিত হারের কমহারে খাজানা দেওয়া হয়, এইহেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,

প্রচলিত হার ধরিয়া খাজানাবৃদ্ধিসম্বন্ধীয় বিধি।

(ক) বর্দ্ধিত খাজানা সাবেক খাজানা অপেক্ষা টাকায় আট আনার অধিক হইবে না।

(খ) যদি আদালতের বিবেচনায় স্থানীয় তদন্ত ব্যতিরেকে খাজানার প্রচলিত হার সন্তোষজনকরূপে জানা যাইতে না পারে, তবে তদর্থে বিধি করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট যে রাজস্ব কর্ম্মচারীকে ক্ষমতা দেন, তথাপি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩৫ অধ্যায়মতে স্থানীয় তদন্ত লওয়া হয় আদালত এইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

(গ) কোন রায়তের যে হারে খাজানা দিতে হইবে, এই ধারামতে তাহা নির্ণয় করিতে হইলে, যদি ইহা প্রমাণ না হয় যে, হার নির্ণয় করিবার সময়ে দেশাচার-ক্রমে জাতি বিচার করা হয়, তবে তাহার জাতিবিষয়ে বিবেচনা করিতে হইবে না; এবং যদি দেখা যায় যে, দেশাচারক্রমে কোন প্রকারের রায়তেরা অনুকূল হারে খাজানা দিয়া ভূমি ভোগ করে, তবে দেশাচার অনুসারে খাজানার হার নির্ণয় করা যাইবে।

(ঘ) খাজানার প্রচলিত হার নির্ণয় করিতে হইলে, ভূম্যধিকারীর উৎকর্ষসাধন হেতুক যত টাকা খাজানা বৃদ্ধি করিবার অনুমতি দেওয়া যায়, তাহা বিবেচনাধীনে লইতে হইবে না।

৪৫ ধারা। মূল্য বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,—

মূল্য বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধিসম্বন্ধীয় বিধি।

(ক) স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে নিয়মিত সময়ান্তরে যে মূল্যের তালিকা প্রকাশ করা যায়, আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন, এবং মোকদ্দমা উপস্থিত করিবার অব্যবহিত পূর্ব্ববর্ত্তী পাঁচ বৎসরের গড় মূল্য, অন্য যে পাঁচ বৎসর তুলনার নিমিত্ত লওয়া ন্যায্য ও কার্য্যকর বোধ হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত মিলাইয়া দেখিবেন।

(খ) আদালত এরূপে খাজানা বৃদ্ধি করিবেন না যে, বর্দ্ধিত খাজানা সাবেক খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অধিক হয়।

(গ) তুলনার নিমিত্ত পূর্ব্বের যে পাঁচ বৎসর লওয়া হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত শেষ পাঁচ বৎসরের গড় মূল্যের যে অনুপাত থাকে, পূর্ব্বোক্ত নিয়মাধীনে ও ৪৮ ধারার নিয়মাধীনে সাবেক খাজানার সহিত বর্দ্ধিত খাজানার সেই অনুপাত থাকিবে।

৪৬ ধারা। ভূম্যধিকারীর উৎকর্ষসাধন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,—

ভূম্যধিকারীর উৎকর্ষসাধন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি বিষয়ক বিধি।

(ক) এই আইন অনুসারে উৎকর্ষসাধন রেজিষ্টরী করা না গেলে, আদালত খাজানা বৃদ্ধি দিবেন না।

(খ) যে পরিমাণে খাজানা বৃদ্ধি করা যাইবে, তাহা নির্ণয় করিবার সময়ে আদালত নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,—

(১) উক্ত উৎকর্ষসাধনদ্বারা যতদূর ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে বা হইবার সম্ভাবনা;

(২) উৎকর্ষসাধন করিতে কত খরচ পড়িয়াছে;

(৩) ঐ উৎকর্ষসাধন কার্য্যে লাগাইতে হইলে, চাষ করিতে কত খরচ পড়ে, এবং

(৪) উক্ত ভূমির বর্ত্তমান খাজানা কত ও উচ্চতর খাজানা দিবার কিরূপ শক্তি আছে।

(গ) আদালত নিয়মাধীনে ডিক্রী করিতে পারিবেন, এবং নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উৎকর্ষসাধন হইতে আনুমানিক ফল না ফলিলে, ডিক্রী পুনরালোচনা ও পুনর্ব্বিবেচনা সাপেক্ষ রাখিতে পারিবেন।

৪৭ ধারা। বন্যাজনিত উৎপাদিকা শক্তি বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,

বন্যাজনিত উৎপাদিকা শক্তি বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।

(ক) যে বৃদ্ধি কিয়ৎকালীন বা নৈমিত্তিক মাত্র, আদালত তাহা বিবেচনা করিবেন না।

(খ) বর্দ্ধিত খাজানা সাবেক খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অধিক হইবে না।

(গ) আদালত যাহা উপযুক্ত ও ন্যায্য বিবেচনা করেন, সেই পরিমাণে খাজানা বৃদ্ধি করিতে পারিবেন, কিন্তু তাহা এরূপে বৃদ্ধি করিবেন না, যাহাতে ভূমির উৎপন্নের নিট বৃদ্ধির মূল্যের অর্দ্ধেকের অধিক ভূম্যধিকারীকে দেওয়া হয়।

৪৮ ধারা। যাহা মোকদ্দমার অবস্থা বিবেচনায় অনুপযুক্ত বা অন্যায় বোধ হয়, আদালত কোন মোকদ্দমায় এরূপ খাজানাবৃদ্ধির ডিক্রী দিবেন না,

খাজানাবৃদ্ধি উপযুক্ত ও ন্যায্যরূপ হইবার কথা।

৪৯ ধারা। যে আদালত খাজানাবৃদ্ধির ডিক্রী করেন, সেই আদালত যদি বিবেচনা করেন যে পূর্ণ পরিমাণে অবিলম্বে ডিক্রী প্রবল করিলে রায়তের কষ্ট হইবে, তবে আজ্ঞা করিতে পারিবেন যে ঐ বৃদ্ধি ক্রমে২ করা যাইবে, অর্থাৎ, যত দূর খাজানা বৃদ্ধি করিবার ডিক্রী হয়, বৎসর২ ক্রমে২ খাজানা বৃদ্ধি করিয়া পাঁচ বৎসরের অনধিক কএক বৎসরে ততদূর বৃদ্ধি করা যাইবে।

ক্রমে২ খাজানা বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

৫০ ধারা। (১) প্রচলিত হার অপেক্ষা কম হারে খাজানা দেওয়া হইতেছে, এই-হেতু ধরিয়া, কিম্বা মূল্য বৃদ্ধিহেতু ধরিয়া কোন ভোগের খাজানা বৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করা গেলে, যদি মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্ববর্ত্তী পনের বৎসরের মধ্যে ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখের পর চুক্তিক্রমে ঐ ভোগের খাজানা বৃদ্ধি করা গিয়া থাকে, কিম্বা যদি উক্ত পনের বৎসরের মধ্যে ৫৩ ধারামতে খাজানার রূপপরিবর্ত্তন করা গিয়া থাকে, অথবা এই আইনমতে কিম্বা এই আইন দ্বারা রহিত করা কোন আইনমতে পূর্ব্বোক্ত কোন হেতু বা তত্তুল্য কোন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি করিবার কিম্বা দোষ গুণ বিবেচনা করিয়া মোকদ্দমা ডিসমিস করিবার ডিক্রী হইয়া থাকে, তবে ঐ মোকদ্দমা গ্রাহ্য হইবে না,

ক্রমাগত খাজানাবৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব সীমাবদ্ধ করিবার কথা।

(২) এই ধারার কোন কথাক্রমে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩৭৩ ধারার বিধানের কোন বিঘ্ন হইবে না।

খাজানা কমাইবার কথা।

৫১ ধারা। (১) মুদ্রারূপ খাজানা দিয়া ভোগকারী কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত নিম্নলিখিত হেতু ধরিয়া আপনার খাজানা কমাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং ভোগের ভূমী কম হইয়া গেলে, পরে যে বিধান করা গিয়াছে, সেই বিধানের ন্যূন ছাড়া প্রকারান্তরে পারিবেন না, অর্থাৎ,

খাজানা কমাইবার কথা।

(ক) যোতের জমী রায়তের দোষ ব্যতিরেকে বালি জমা হইয়া বা ঐরূপ অন্য কোন দুর্ঘটনা ঘটিয়া স্থায়িরূপে অপকৃষ্ট হইয়া গিয়াছে, কিম্বা

(খ) ঐ স্থানে বা চলিত বাজারে প্রধান২ খাদ্য শস্যের গড় মূল্য কমিয়া গিয়াছে।

(২) এই ধারামতে কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, আদালত যত দূর উপযুক্ত বা ন্যায্য বোধ করেন, তত দূর খাজানা কমাইবার আজ্ঞা করিতে পারিবেন।

মূল্যের অর্থাৎ দরের তালিকার কথা।

৫২ ধারা। (১) স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ যে যে স্থান নির্দ্দেশ করেন, সেই২ স্থানে যে২ প্রধান খাদ্য শস্য জন্মে, প্রত্যেক জিলার কালেক্টর সাহেব স্থানীয় গবর্ণমেন্ট এতদর্থে বৎসরের যে বা যে২ সময় ধার্য্য করেন, সেই বা সেই২ সময়ে সেই২ শস্যের ফসলের সময়ের বাজার দরের তালিকা প্রস্তুত করিবেন, এবং অনুমোদন বা সংশোধন নিমিত্ত তাহা রেবিনিউ বোর্ডে পাঠাইবেন।

প্রধান২ শস্যের মূল্যের তালিকার কথা।

(২) কালেক্টর সাহেব স্থানীয় গবর্ণমেন্টের আদেশ পাইলে, ঐ গবর্ণমেন্ট অতীত যে কাল উপযুক্ত বোধ করেন, সেই কাল সম্বন্ধে কোন স্থানের ঐরূপ মূল্যের তালিকা প্রস্তুত করিতে পারিবেন, এবং ঐরূপে যে তালিকা প্রস্তুত করেন, তাহা অনুমোদন বা সংশোধন নিমিত্ত রেবিনিউ বোর্ডে পাঠাইবেন।

(৩) উক্ত মূল্যের তালিকা রেবিনিউ বোর্ড কর্ত্তৃক অনুমোদিত বা সংশোধিত হইলে রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

(৪) ঐরূপ কোন মূল্যের তালিকা উক্তরূপে প্রকাশ করা গেলে, উহা যে সময় সম্বন্ধীয় হয়, সেই সময়ে উক্ত স্থানে প্রচলিত মূল্যের সম্বন্ধে এই অধ্যায়মত কোন আনুষ্ঠানিক কার্য্যে সিদ্ধান্ত প্রমাণ হইবে।

(৫) কালেক্টর সাহেব এই ধারামতে কোন মূল্যের তালিকা রেবিনিউ বোর্ডে পাঠাইবার ১৫ দিন পূর্ব্বে উহা যে স্থান সম্বন্ধীয় হয়, সেই স্থানের মধ্যে সচরাচর নোটিস যেরূপে প্রকাশ করা যায়, সেইরূপে ঐ তালিকা প্রকাশ করিবেন, এবং ঐ স্থানের অন্তর্গত কোন ভূমির ভূম্যধিকারী বা প্রজা উক্ত ১৫ দিনের মধ্যে ঐ তালিকার বিরুদ্ধে কালেক্টর সাহেবের নিকট লিখিয়া কোন আপত্তি দিলে, তিনি তাহা ঐ তালিকার সহিত রেবিনিউ বোর্ডে পাঠাইবেন।

খাজানা রূপান্তরিত করিবার কথা।

৫৩ ধারা। (১) কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কোন যোতের নিমিত্ত শস্যরূপে কিম্বা শস্যের কিয়দংশের আনুমানিক মূল্য ধরিয়া কিম্বা শস্যভেদে ভিন্ন২ হারে অথবা কিয়ৎপরিমাণে এইরূপ এক প্রণালীতে ও কিয়ৎপরিমাণে অন্য প্রণালীতে খাজানা দিলে, রায়ত বা তদ্ভীয় ভূম্যধিকারী ঐ খাজানা মুদ্রারূপ খাজানায় পরিবর্ত্তিত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

শস্যরূপে দেয় খাজানা রূপান্তরিত করিবার কথা।

(২) এই প্রার্থনা কালেক্টর সাহেবের বা মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট, কিম্বা ১০ অধ্যায়মতে যে কোন কর্ম্মচারী খাজানার বন্দোবস্ত করেন, তাঁহার নিকট, কিম্বা এতদর্থে স্থানীয় গবর্ণমেন্টের স্থানে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্ম্মচারীর নিকট, করা যাইতে পারিবে।

(৩) ঐ প্রার্থনাপত্র পাইলে যত টাকা মুদ্রারূপ খাজানা দিতে হইবে, উক্ত কর্ম্মচারী তাহা নির্ণয় করিতে পারিবেন এবং এই আজ্ঞা করিবেন। যে, রায়ত শস্যরূপে বা পূর্ব্বোক্তরূপ অন্য প্রকারে আপনার খাজানা না দিয়া ঐরূপ নির্ণীত টাকা দিবেন।

(৪) উহা নির্ণয় করিবার সময়ে উক্ত কর্ম্মচারী এই২ বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,

(ক) দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত গড়ে যে মুদ্রারূপ খাজানা দিয়া থাকে, তাহার প্রতি ও

(খ) পূর্ব্ব দশ২ৎসরে ভূম্যধিকারী প্রকৃত প্রস্তাবে যে খাজানা পাইয়া থাকেন, তাহার গড় মূল্যের প্রতি।

(৫) ঐ আজ্ঞা লিখিয়া করিতে হইবে, এবং উহা যে২ হেতু ধরিয়া করা যায়, ও যে সময়াবধি উহা ফলবৎ হইবে, উহাতে তাহা লেখা থাকিবে; এবং রাজস্ব কর্ম্মচারীরা অন্য যে২ আজ্ঞা করেন, তাহার উপর যে প্রকারে আপীল হইতে পারে, ঐ আজ্ঞার উপরও সেই প্রকারে আপীল হইতে পারে।

(৬) কেহ প্রার্থনাপত্রের বিরোধী হইলে, উক্ত কর্ম্মচারী হেতু লিপিবদ্ধ করিয়া প্রার্থনা মঞ্জুর করিতে অস্বীকার করিতে পারিবেন।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৫৪ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্ত্তৃত্বাধীনে নিম্নলিখিত বিষয়ের বিধি প্রণয়ন করিতে পারিবেন, অর্থাৎ,

বিধি করিবার ক্ষমতার কথা।

(ক) যে কর্ম্মচারীরা ৫২ ধারামত মূল্যের তালিকা প্রস্তুত করিতে নিযুক্ত থাকেন, তাঁহাদের কার্য্যপদ্ধতি প্রদর্শন করিবার বিধি;

(খ) কোন স্থানে এই অধ্যায়ের কার্য্যপক্ষে কোন্২ খাদ্য শস্য প্রধান শস্য বলিয়া গণ্য হইবে, ইহা স্থির করিবার বিধি; এবং

(গ) ৪১ ও ৪২ ধারামতে যে কার্য্যকারকেরা চুক্তি রেজিষ্টরী করেন, তাঁহাদের কার্য্যপদ্ধতি প্রদর্শন করিবার বিধি।

৬ষ্ঠ অধ্যায়।

দখলীস্বত্ব শূন্য রায়তদের সম্বন্ধীয় বিধি।

৫৫ ধারা। যে রায়তদের দখলীস্বত্ব না থাকে, ও দখলীস্বত্বশূন্য রায়ত বলিয়া এই আইনে যাহাদের উল্লেখ আছে, এই অধ্যায় তাহাদের সম্বন্ধে খাটিবে।

এই অধ্যায় খাটিবার কথা।

৫৭ ধারা। কোন দখলীস্বত্বশূন্য রায়তকে ভূমির দখল দেওয়া গেলে, তাহাকে দখল দিবার সময়ে তাহার সহিত ভূম্যধিকারীর যে খাজানার নিয়ম হয়, তাহার সেই খাজানা দিতে হইবে।

দখলীস্বত্বশূন্য রায়তের প্রথমস্থলীয় খাজানার কথা।

৫৮ ধারা। রেজিষ্টরী করা নিয়মপত্র কিম্বা ৬০ ধারামত নিয়মপত্র ক্রমে না হইলে, কোন দখলীস্বত্বশূন্য রায়তের খাজানা বৃদ্ধি করা যাইবে না।

খাজানা বৃদ্ধির নিয়মের কথা।

৫৮ ধারা। কোন দখলীস্বত্বশূন্য রায়তকে নিম্নলিখিত এক বা অধিক হেতু ধরিয়া উচ্ছেদ করা যাইতে পারে, প্রকারান্তরে নহে।—

যে যে হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদ করা যাইতে পারিবে তাহার কথা।

(ক) সে বাকী খাজানা দেয় নাই, এই হেতু ধরিয়া।

(খ) উক্ত রায়ত ভূমি এইরূপে ব্যবহার করিয়াছে, যাহাতে উহা প্রজাস্বত্বসম্বন্ধীয় কার্য্যের অনুপযোগী হয়, অথবা সে এই আইনসঙ্গত এরূপ কোন নিয়ম ভঙ্গ করিয়াছে, যাহা ভঙ্গ করিলে তাহার ও তদীয় ভূম্যধিকারির মধ্যে যে চুক্তি থাকে তাহার শর্ত্ত অনুসারে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, এই হেতু ধরিয়া।

(গ) রেজিষ্টরী করা পাট্টাক্রমে তাহাকে ভূমির দখল দেওয়া গেলে, পাট্টার মিয়াদ অতীত হইয়াছে, এই হেতু ধরিয়া।

(ঘ) ৬০ ধারামতে ন্যায্য ও উপযুক্ত বলিয়া যে খাজানা ধার্য্য হইয়াছে, উক্ত রায়ত সেই খাজানা দিবার নিয়ম করিতে অস্বীকার করিয়াছে, কিম্বা ঐ খাজানা দিয়া যে মিয়াদ পর্য্যন্ত সে ভূমি ভোগ করিতে স্বত্ববান, সেই মিয়াদ অতীত হইয়াছে, এই হেতু ধরিয়া।

৫৯ ধারা। মিয়াদ অতীত হইবার অনূন ছয় মাস থাকিতে, রায়তের উপর উঠিয়া যাইবার নোটিস জারী করা না গেলে, পাট্টার মিয়াদ অতীত হইয়াছে, এই হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তের বিরুদ্ধে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা যাইবে না, এবং মিয়াদ অতীত হইবার ছয় মাসের পর উপস্থিত করা যাইবে না।

পাট্টার মিয়াদ অতীত হইবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।

৬০ ধারা। (১) ভূম্যধিকারী বাজ্ঞত খাজানা নিবার নিয়মপত্র রায়তের নিকট অর্পণ না করিলে, এবং রায়ত মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্ব তিন মাসের মধ্যে ঐ নিয়মপত্র সম্পাদন করিতে অস্বীকৃত না করিলে, খাজানা বৃদ্ধি দিতে অস্বীকার করিবার হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তের বিরুদ্ধে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

খাজানা বৃদ্ধি দিতে অস্বীকার করিবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।

(২) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন রায়তের নিকট কোন নিয়মপত্র অর্পণ করিতে চাহিলে, উক্ত রায়তের উপর জারী করিবার নিমিত্ত এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে আদালত বা কার্য্যকারককে নিযুক্ত করেন, সেই আদালতের বা কার্য্যকারকের আফিসে ঐ নিয়মপত্র দাখিল করিতে পারিবেন। উক্ত আদালত বা কার্য্যকারক অবিলম্বে নির্দ্দিষ্ট প্রকারে ঐ রায়তের উপর তাহা জারী করাইবেন; এবং তাহা ঐ রূপে জারী করা গেলে, এই ধারার কার্য্যপক্ষে তাহা অর্পণ করা গিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৩) যে রায়তের উপর (২) প্রকরণমতে কোন নিয়মপত্র জারী করা যায়, সেই রায়ত যদি তাহা সম্পাদন করে, এবং যে আফিস হইতে উহা দেওয়া হইয়াছিল, জারী করিবার তারিখ অবধি এক মাসের মধ্যে সেই আফিসে দাখিল করে, তবে পরবর্ত্তী কৃষিবৎসরের প্রারম্ভাবধি ঐ নিয়মপত্র ফলবৎ হইবে।

(৪) কোন রায়ত (৩) প্রকরণমতে কোন নিয়মপত্র সম্পাদন করিয়া দাখিল করিলে, যে আদালতের বা কার্য্যকারকের আফিসে উহা ঐ রূপে দাখিল করা যায়, সেই আদালত বা কার্য্যকারক উহা উক্ত রূপে সম্পাদিত হইয়া দাখিল হইবার নোটিস নির্দ্দিষ্ট প্রকারে ভূম্যধিকারীর উপর অবিলম্বে জারী করাইবেন।

(৫) রায়ত (৩) প্রকরণমতে নিয়মপত্র সম্পাদন করিয়া দাখিল না করিলে, সে এই ধারার কার্য্যপক্ষে উহা সম্পাদন করিতে অস্বীকার করিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৬) এই ধারামতে কোন রায়তের নিকট যে নিয়মপত্র অর্পণ করা যায়, সে যদি তাহা সম্পাদন করিতে অস্বীকার করে, এবং তজ্জন্য ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করেন, তবে ঐ মোকদ্দমায় যে খাজানা উপযুক্ত ও ন্যায্য হয়, আদালত তাহা নির্ণয় করিবেন।

(৭) ঐ রূপে যে খাজানা নির্ণীত হয়, রায়ত তাহা দিতে সম্মত হইলে, সম্মতির তারিখ অবধি পাঁচ বৎসর কাল ঐ খাজানা দিয়া আপন যোত দখল করিয়া থাকিতে স্বত্ববান্ থাকিবে; কিন্তু উক্তকাল গত হইলে, যদি সে দখলীস্বত্ব প্রাপ্ত না হইয়া থাকে, তবে পূর্ব্বধারার লিখিত নিয়মানুসারে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিবে।

(৮) এরূপে যে খাজানা নির্ণীত হয়, রায়ত তাহা দিতে সম্মত না হইলে, আদালত উচ্ছেদ করিবার ডিক্রী দিতে পারিবেন।

(৯) যে খাজানা উপযুক্ত ও ন্যায্য, ইহা নির্ণয় করিতে হইলে, আদালত নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত রায়তেরা যে খাজানা দেয়, তৎপ্রতি দৃষ্টি রাখিবেন, কিন্তু সাবেক খাজানার উপর টাকায় আটআনার অধিক বৃদ্ধি দিবেন না।

(১০) এই ধারামতে উচ্ছেদের ডিক্রী করা গেলে সে কৃষি বৎসরে ঐ ডিক্রী হয়, সেই বৎসরের শেষ অবধি তাহা ফলবৎ হইবে।

৬১ ধারা। কোন রায়তের দখলে ভূমি থাকিলে, ঐ দখল চলিবার নিমিত্ত পাট্টা লিখিয়া দেওয়া গেলে, যদিও তাহাকে দখল দেওয়া গেল, পাট্টায় এই মর্ম্মের কথা লেখা থাকে, তথাপি এই

"দখল দেওয়া" শব্দের অর্থ।

অধ্যায়ের কার্য্যপক্ষে ঐ পাট্টাক্রমে তাহাকে দখল দেওয়া গেল বলিয়া জ্ঞান করা যাইবে না।

৭ম অধ্যায়।

কোর্ফা রায়তদের সম্বন্ধীয় বিধি।

৬২ ধারা। মুদ্রারূপ খাজানা দিয়া যে কোন কোর্ফা রায়ত ভূমি ভোগ করে, তাহার ভূম্যধিকারী নিজে যে খাজানা দেন, তাহার উপর নিম্নলিখিত শতকরার অর্থাৎ,

কোর্ফা রায়তের স্থানে যে খাজানা আদায় করিতে পারা যাইবে, তাহার সীমার কথা।

(ক) রেজিষ্টরী করা পাট্টা বা নিয়মপত্রক্রমে কোর্ফা রায়তের দেয় খাজানা দেওয়া গেলে, শতকরা পঞ্চাশ টাকার; ও

(খ) অন্য কোন স্থলে, শতকরা পঁচিশ টাকার অধিক খাজানা আদায় করিতে পারিবেন না,।

৬৩ ধারা। কোন কৃষি বৎসরের শেষে না হইলে এবং উক্ত বৎসর গত হইবার অন্যূন ছয়মাস থাকিতে নির্দ্দিষ্ট প্রকারে কোন কোর্ফা রায়তের উপর উঠিয়া যাইবার নিমিত্ত নোটিস জারী করা না গেলে পর, তদীয় ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

কোর্ফা রায়তদিগকে উচ্ছেদ করিবার নিয়মের কথা।

৮ম অধ্যায়।

খাজানা বিষয়ক সাধারণ বিধান।

খাজানার পরিমাণ সম্বন্ধে বিধি ও অনুমান।

৬৪ ধারা। (১) কোন তালুকদার বা রায়ত ও তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারীরা চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যাহার পরিবর্ত্তন হয় নাই এরূপ খাজানায় বা খাজানার হারে ভূমি ভোগ করিয়া থাকিলে, যোতের পরিমাণ পরিবর্ত্তন হইয়াছে এই হেতু বিনা ঐ খাজানা বা খাজানার হার বৃদ্ধি হইতে পারিবে না।

খাজানা অবধারিত থাকিবার সম্বন্ধে বিধি ও অনুমানের কথা।

(২) কোন তালুকদার বা রায়ত ও তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারীরা যাহা মোকদ্দমা বা আনুষ্ঠানিক কার্য্যে উপস্থিত হইবার অব্যবহিত পূর্ব্ববর্ত্তী বিশবৎসর মধ্যে পরিবর্ত্তিত হয় নাই এরূপ খাজানায় বা খাজানার হারে ভূমি ভোগ করিয়া আসিতেছেন, এই আইনমত কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে ইহার প্রমাণ হইলে, যাবৎ বিপরীত দর্শান না যায়, এইরূপ অনুমান হইবে যে চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি ঐ খাজানায় বা খাজানার হারে তাঁহারা উক্ত ভূমি ভোগ করিয়া আসিতেছেন।

কিন্তু যদি কোন আইনে বা তৎক্রমে এইরূপ আদেশ থাকে যে, স্থানবিশেষে অবধারিত খাজানায় বা অবধারিত খাজানার হারে প্রজাস্বত্ব বা কোন শ্রেণীর প্রজাস্বত্ব থাকিলে, তাহা উক্ত আইনের দ্বারা বা তৎক্রমে নির্দ্দিষ্ট তারিখে বা তৎপূর্ব্বে রেজিষ্টরী করিতে হইবে, তবে ঐ স্থানে যে কোন প্রজাস্বত্ব বা স্থল বিশেষে উক্ত শ্রেণীর যে কোন প্রজাস্বত্ব রেজিষ্টরী করা হয় নাই, তৎসম্বন্ধে ঐ তারিখের পর পূর্ব্বোক্ত অনুমান খাটিবে না।

(৩) কোন রায়ত ভূমির উৎপন্নের অবধারিত অংশ বা অবধারিত অংশের মূল্য খাজানাস্বরূপ দিয়া থাকিলে, যে টাকা দেওয়া যায় তাহা বৎসর বৎসর বিভিন্ন হইয়াছে বলিয়া, কিম্বা রায়ত ও ভূম্যধিকারী উভয়ের সম্মতিক্রমে উক্ত খাজানার পরিবর্ত্তে অবধারিত টাকা খাজানাস্বরূপ ধার্য্য করা গিয়াছে বলিয়া কেবল এই কারণে ঐ খাজানা বা খাজানার হার পরিবর্ত্তিত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে না।

(৪) কোন ভূমি অন্য যে ভূমির সহিত একযোগে কোন যোতের অংশ ছিল, সেই ভূমি হইতে পৃথক করা গেলে, অথবা অন্য ভূমির সহিত মিশাইয়া এক যোত করা গেলে, রায়তের ভোগকৃত ভূমিসম্বন্ধে এই ধারার কার্য্য হইবার কোন বিঘ্ন হইবে না।

(৫) কএক বৎসর মিয়াদে ভূমি ভোগ হইলে কিম্বা ভূম্যধিকারীর ইচ্ছামতে প্রজাস্বত্ব শেষ হইতে পারিলে, এই ধারার কোন কথা তৎপ্রতি বর্ত্তিবে না।

৬৫ ধারা। কোনপ্রকার খাজানার পরিমাণসম্বন্ধে কিম্বা কোন কৃষি বৎসরে সে যেরূপ নিয়মে ভূমিভোগ করে, তৎসম্বন্ধে কোন প্রশ্ন উত্থিত হইলে, অব্যবহিত পূর্ব্ববর্ত্তী কৃষি বৎসরে যে খাজানা দিয়া যেরূপ নিয়মে সে ভূমি ভোগ করিয়াছে, বিপরীত দর্শান না গেলে, সেই খাজানা দিয়া সেইরূপ নিয়মে সে ভূমি ভোগ করে এইরূপ অনুমান হইবে।

খাজানার পরিমাণ ও ভোগের নিয়ম সম্বন্ধে অনুমানের কথা।

পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।

৬৬ ধারা। (১) প্রত্যেক প্রজা

(ক) পূর্ব্বে যৎপরিমাণ ভূমির জন্য খাজানা দিয়াছেন, মাপ করিয়া তদধিক যত ভূমি থাকা প্রমাণ হয়, তত ভূমির জন্য তাঁহার অতিরিক্ত খাজানা দিতে হইবে, এবং

পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।

(খ) শিকস্তীক্রমে বা প্রকারান্তরে যোতের পরিমাণ কম হইলে, উক্ত প্রজা খাজানা কমাইতে স্বত্ববান হইবেন; কিন্তু যদি প্রমাণ হয়, যে নষ্ট ভূমি পৈবস্তীক্রমে বা প্রকারান্তরে তাঁহার যোতে যোজিত হইয়াছিল, এবং এরূপ যোগ হওয়াতে খাজানা বৃদ্ধি করা যায় নাই, তবে এই বিধি খাটিবে না।

(২) খাজানার যে টাকা যোগ করিতে হইবে, তাহা নির্ণয় করিতে হইলে, আদালত নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত সেই শ্রেণীর প্রজাদের যে হারে খাজানা দিতে হয়, তাহার প্রতি এবং তালুকদারের বেলা তিনি আপনার তালুকের খাজানা সম্বন্ধে যত লভ্য পাইতে স্বত্ববান্ তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

(৩) যোতের মোট বার্ষিক মূল্যের যত হ্রাস ঘটে, তাহা পূর্ব্বকার মোট বার্ষিক মূল্যের যে অংশ হয়, খাজানার যত টাকা কমাইতে হইবে, তাহা পূর্ব্বদেয় খাজানার সেই অংশ হইবে, কিম্বা নষ্ট ভূমির বার্ষিক মূল্যের সন্তোষজনক প্রমাণ পাওয়া না গেলে, যে পরিমাণ হ্রাস হয়, তাহা যোতের পূর্ব্ব পরিমাণের যে অংশ খাজানার যত টাকা কম করিতে হইবে, তাহা পূর্ব্বদেয় খাজানার সেই অংশ হইবে।

খাজানা দিবার কথা।

খাজানার কিস্তির কথা।

৬৭ ধারা। (১) তালুকদার ও তদীয় ভূম্যধিকারিদিগের মধ্যে যেরূপ নিয়ম থাকে, তদ্রূপ কিস্তিক্রমে তদ্রূপ তারিখে তালুকদারের দেয় মুদ্রারূপ খাজানা দেওয়া যাইবে; নিয়ম না থাকিলে, দেশাচারমত কিস্তিক্রমে ও তারিখে দেওয়া যাইবে; এবং নিয়ম কিম্বা দেশাচার না থাকিলে, স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে কোন স্থানের নিমিত্ত যে২ কিস্তি ও তারিখ নির্দ্দিষ্ট করেন, সেই২ কিস্তিক্রমে সেই২ তারিখে দেওয়া যাইবে।

(২) কোন রায়তের বা কোফা রায়তের যে মুদ্রারূপ খাজানা দিতে হয়, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে বার্ষিক খাজানার অংশস্বরূপ যে২ কিস্তি ও বৎসরে চারির অনধিক যে২ তারিখ নির্দ্দেশ করেন, সেই২ কিস্তিক্রমে ও সেই২ তারিখে সেই খাজানা নিয়মক্রমে কিম্বা নিয়ম না থাকিলে দেশাচারক্রমে যে বিধি নির্দ্দিষ্ট হয়, সেই বিধির বিধানাধীনে দেওয়া যাইবে।

(৩) এই ধারামতে বিধি প্রণয়ন করিতে হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট প্রচলিত দেশাচার, ফসলের সময় এবং ভূমির রাজস্ব দিতে হইবার সময় বিবেচনা করিয়া দেখিবেন।

(৪) এই ধারামতে যে কোন বিধি প্রণয়ন করিতে হইবে, তাহা যে কৃষি বৎসরে ফলবৎ হইবে সেই কৃষি বৎসর আরম্ভ হইবার পূর্ব্বে অন্যূন তিন মাস থাকিতে নির্দ্দিষ্ট প্রকারে প্রকাশ করা যাইবে।

খাজানা দিবা সময় ও স্থানের কথা।

৬৮ ধারা। (১) প্রত্যেক কিস্তি যে তারিখে দেয় হয়, সেই তারিখের সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে প্রজা ঐ কিস্তির টাকা দিবেন।

(২) এই আইনমতে যে স্থলে প্রজা আপন খাজানা আমানত করিতে পারে, সেই২ স্থল ছাড়া ভূম্যধিকারীর গ্রাম্য কাছারীতে কিম্বা তদর্থে ভূম্যধিকারী অন্য যে সুবিধামত স্থান নিরূপণ করেন, সেই স্থানে খাজানা দেওয়া যাইবে।

কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট প্রজাকে পোস্টাল মণিঅর্ডরক্রমে খাজানা দিবার ক্ষমতা দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

(৩) খাজানার কোন কিস্তি বা কিস্তির অংশ যে সময়ে দেয় হয়, সেই সময়ে বা তৎপূর্ব্বে যথাবিধি দেওয়া না গেলে, তাহা বাকী খাজানা বলিয়া গণ হইবে।

টাকা যেরূপে জমা দিতে হইবে, তাহার কথা।

৬৯ ধারা। (১) কোন প্রজা খাজানার হিসাবে কোন টাকা দিলে, যে বৎসরে কিম্বা যে বৎসরের যে কিস্তিতে উহা জমা দিতে চাহেন, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন, এবং তদনুসারে ঐ টাকা জমা দিতে হইবে।

(২) প্রজা ঐরূপ কোন নির্দ্দেশ না করিলে, ভূম্যধিকারী যে বৎসরের যে কিস্তি উচিত বোধ করেন, সেই বৎসরের সেই কিস্তির হিসাবে টাকা জমা দিতে পারিবেন।

কবজ ও হিসাবের কথা

ভূম্যধিকারীকে টাকা দিলে প্রজার কবজ পাইবার হকের কথা।

৭০ ধারা। (১) কোন প্রজা আপন ভূম্যধিকারীকে খাজানার হিসাবে টাকা দিলে যত টাকা দেন, উক্ত ভূম্যধিকারীর স্বাক্ষরিত তত টাকার লিখিত কবজ উক্ত ভূম্যধিকারীর স্থানে তৎক্ষণাৎ পাইতে তাঁহার স্বত্ব আছে।

(২) ভূম্যধিকারী উক্ত কবজের অনুলিপি প্রস্তুত করিয়া রাখিবেন।

(৩) এই আইনের ৩য় তফসীলে কবজের যে পাঠ দেওয়া গেল, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ সাধারণতঃ কিম্বা বিশেষ কোন স্থানের কিম্বা বিশেষ কোন শ্রেণীর মোকদ্দমার নিমিত্ত অন্য যে পাঠ নির্দ্দেশ করেন, সেই পাঠে যে২ বিশেষ কথা লিখিত থাকে, কবজে ও অনুলিপিতে সেই২ বিশেষ কথা লেখা থাকিবে।

(৪) যে প্রত্যেক কবজে সারতঃ এই ধারার আদেশমত সমস্ত বিশেষ কথা না থাকে, বিপরীত দর্শান না গেলে, তাহা যে তারিখে দেওয়া যায়, সেই তারিখ পর্য্যন্ত খাজানার সমুদয় দাওয়ার সম্পূর্ণ নিষ্কৃতিপত্র বলিয়া অনুমান হইবে।

বৎসরের শেষে প্রজার সম্পূর্ণ নিষ্কৃতি বা হিসাবের বিবরণপত্র পাইবার অধিকারের কথা।

৭১ ধারা। (১) কৃষি বৎসরের শেষ পর্য্যন্ত প্রজার যত খাজানা দিতে হইবে, তৎসমস্ত দেওয়া হইয়াছে বলিয়া ভূম্যধিকারী স্বীকার করিলে, ঐ বৎসর অবসান হইবার তিন মাসের মধ্যে ঐ প্রজা বিনা খরচে আপন ভূম্যধিকারীর স্থানে উক্ত ভূম্যধিকারির স্বাক্ষরিত পূর্ণনিষ্কৃতিপত্রস্বরূপ কবজ পাইবার অধিকারী হইবেন।

(২) ভূম্যধিকারী ঐ কথা স্বীকার না করিলে, প্রজা চারিআনা ফী দিলে ঐ বৎসর শেষ হইবার পর তিন মাস মধ্যে এই আইনের তৃতীয় তফসীলের পাঠে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ সাধারণতঃ কিম্বা বিশেষ কোন স্থানের কিম্বা বিশেষ কোন শ্রেণীর মোকদ্দমার নিমিত্ত অন্য যে পাঠ নির্দ্দেশ করেন, সেই পাঠে যে২ বিশেষ কথা লিখিত থাকে, তৎসম্বলিত হিসাবের বিবরণপত্র পাইবার অধিকারী হইবেন।

(৩) ভূম্যধিকারী উক্ত বিবরণপত্রের অনুলিপি প্রস্তুত করিয়া রাখিবেন, তাহাতেও ঐরূপ বিশেষ কথা লেখা থাকিবে।

কবজ ও হিসাবের বিবরণপত্র না দিলে এবং অনুলিপি না রাখিলে দণ্ডের কথা।

৭২ ধারা। (১) প্রজা কোন খাজানা দিলে, যদি ভূম্যধিকারী তাঁহাকে ৭০ ধারার নির্দ্দিষ্ট বিশেষ কথা সম্বলিত কবজ দিতে অস্বীকার বা উপেক্ষা করেন, তবে প্রজা খাজানা দিবার তারিখ অবধি ছয় মাসের মধ্যে খাজানার পরিমাণের বা মূল্যের দ্বিগুণের অনধিক আদালত যাহা উচিত বোধ করেন সেইরূপ দণ্ডের টাকা উক্ত ভূম্যধিকারীর স্থানে আদায় করিবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(২) যদি ভূম্যধিকারী প্রস্তাব দাওয়ামতে ৭১ ধারার নির্দ্দিষ্ট কোন বৎসরের সম্পূর্ণ নিষ্কৃতিপত্ররূপ কবজ বা হিসাবের বিবরণপত্র দিতে অস্বীকার বা উপেক্ষা করেন, তবে যে বৎসরের কবজ বা হিসাব দেওয়া উচিত ছিল, সেই বৎসর প্রজা ভূম্যধিকারীকে যে সমস্ত খাজানা দিয়া থাকেন, তাহার মোট পরিমাণের বা মূল্যের দ্বিগুণের অনধিক আদালত যত টাকা উচিত বোধ করেন, তত দণ্ডের টাকা উক্ত ভূম্যধিকারীর স্থানে আদায় করিবার নিমিত্ত উক্ত প্রজা পরবর্ত্তী কৃষি বৎসরের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(৩) কোন ভূম্যধিকারী উক্ত কোন ধারার আদেশমত কবজের বা বিবরণপত্রের অনুলিপি বা প্রতিলিপি প্রস্তুত করিয়া না রাখিলে, তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

খাজানা আমানত করিবার কথা।

রাজকীয় কার্য্যালয়ে খাজানা আমানত করিবার দরখাস্তের কথা।

৭৩ ধারা। (১) নিম্ন লিখিত কোন স্থলে, অর্থাৎ,

(ক) যে স্থলে প্রজা খাজানার নিমিত্ত টাকা দিবার প্রস্তাব করেন এবং ভূম্যধিকারী তাহা লইতে বা তজ্জন্য কবজ দিতে অস্বীকার করেন;

(খ) যে স্থলে খাজানার টাকা দিতে বাধ্য প্রজা এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে তাঁহার খাজানা যে ব্যক্তিকে দেয়, তিনি বিবাদ বা বিদ্বেষ বশতঃ তাহা লইতে বা তন্নিমিত্ত কবজ দিতে ইচ্ছুক হইবেন না;

(গ) যে স্থলে ঐ টাকা সহাংশীদারদিগকে সংসৃষ্টভাবে দিতে হয়, এবং প্রজা তন্নিমিত্ত সহাংশীদারদের সংসৃষ্ট কবজ পাইতে না পারেন, এবং কোন ব্যক্তি তাঁহাদের পক্ষে খাজানা লইবার ক্ষমতাপ্রাপ্ত না হইয়া থাকেন; কিম্বা

(ঘ) যে স্থলে কোন ব্যক্তি ঐ খাজানা পাইবার স্বত্বাধিকারী এবিষয়ে প্রজার প্রকৃত সন্দেহ থাকে;

সেই স্থলে

যেস্থানের মধ্যে থাকে, সেই স্থানের নিমিত্ত এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েহ যে কর্ম্মচারিকে নিযুক্ত করেন, প্রজা তৎকালীন পাওনা সমুদয় টাকা তাঁহার আফিসে আমানত করিবার অনুমতি পাইবার নিমিত্ত লিখিত দরখাস্ত দাখিল করিতে পারিবেন।

(২) যে যে হেতুতে দরখাস্ত করা যায়, ঐ দরখাস্তে তাহার বর্ণনা থাকিবে এবং (ঘ) স্থলে যে ব্যক্তিকে শেষবার খাজানা দেওয়া হয়, তাঁহার নাম, ও এক্ষণে যে বা যেং ব্যক্তি দাওয়া করিতেছেন, তাঁহার বা তাঁহাদের নাম দিতে হইবে। তাহাতে প্রজা স্বাক্ষর করিবেন, অথবা মোকদ্দমার বৃত্তান্ত তিনি স্বয়ং না জানিলে, যিনি জানেন এরূপ কোন ব্যক্তি তাহাতে স্বাক্ষর করিবেন, এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়েহ বিধিক্রমে আট আনার অনধিক যে ফী দিবার আজ্ঞা করেন, সেই ফী তৎসঙ্গে পাঠাইতে হইবে।

যে খাজানা আমানত করা যায় রাজকীয় কর্ম্মচারী তাহার রসীদ দিলে ঐ রসীদ সিদ্ধ নিষ্কৃতিপত্র হইবার কথা।

৭৪ ধারা। (১) যে কর্ম্মচারির নিকট পূর্ব্বধারামত দরখাস্ত করা যায় যদি তাঁহার বোধ হয় যে দরখাস্তকারী উক্ত ধারামতে খাজানা আমানত করিবার অধিকারী, তবে খাজানা লইয়া তন্নিমিত্ত আপন সরকারী মোহরযুক্ত রসীদ দিবেন।

(২) উক্ত কর্ম্মচারী উচিত বোধ করিলে, খাজানা লইবার পূর্ব্বে, পূর্ব্বধারার আদেশমত বর্ণনায় যে ব্যক্তি স্বাক্ষর করিয়াছে, তাহার পরীক্ষা করিতে পারিবেন।

(৩) এই ধারামতে যে রসীদ দেওয়া যায় তাহা প্রজার দেয় যে খাজানা পূর্ব্বোক্তরূপে আমানত করা যায় তৎসম্বন্ধে নিষ্কৃতিপত্রস্বরূপ কার্য্যকর হইবে। উক্ত খাজানা

পূর্ব্ব ধারার (ক) প্রকরণের স্থল হইলে যে ব্যক্তির নিকট খাজানা দিবার প্রস্তাব করা যায় সেই ব্যক্তি,

উক্ত ধারার (খ) প্রকরণের স্থল হইলে যাঁহাকে খাজানা দিতে হইবে বলিয়া দরখাস্তে নাম লেখা থাকে সেই ব্যক্তি,

উক্ত ধারার (গ) প্রকরণের স্থল হইলে সংসৃষ্টভাবে সহাংশীদারেরা, এবং

উক্ত ধারার (ঘ) প্রকরণের স্থল হইলে খাজানা পাইবার স্বত্বাধিকারী ব্যক্তি,

গ্রহণ করিলে যে প্রকারে ও যে পরিমাণে হইত, সেই প্রকারে ও সেই পরিমাণে উক্ত রসীদ কার্য্যকর হইবে।

আমানত পাইবার নোটিসের কথা।

৭৫ ধারা। (১) যে কর্ম্মচারী আমানত লন তিনি তাহা প্রাপ্ত হইবার নোটিস আপন আফিসের কোন সুপ্রকাশ স্থানে অবিলম্বে লাগাইয়া দিবেন। ঐ নোটিসে সমুদয় প্রয়োজনীয় বৃত্তান্তের বর্ণনা থাকিবে।

(২) পূর্ব্বোক্তমতে যে তারিখে নোটিস লাগাইয়া দেওয়া যায় সেই তারিখের পর পনের দিনের মধ্যে পরবর্ত্তী ধারামতে আমানতের টাকা কাহাকেও দেওয়া না গেলে, যে প্রত্যেক ব্যক্তির ঐ টাকা পাইবার দাওয়া বা অধিকার আছে বলিয়া উক্ত কর্ম্মচারী বিশ্বাস করিবার কারণ দেখেন, সেই প্রত্যেক ব্যক্তির উপর বিনা খরচায় আমানত পাইবার নোটিস জারী করাইবেন।

আমানতী টাকা দিবার বা ফিরাইয়া দিবার কথা।

৭৬ ধারা। (১) যে কোন ব্যক্তি উক্ত কর্ম্মচারির বিবেচনায় আমানতের টাকা পাইবার অধিকারী বলিয়া বোধ হয়, তিনি তাহাকে ঐ টাকা দিতে পারিবেন, অথবা উচিত বোধ করিলে যে ব্যক্তির ঐরূপ অধিকার থাকে তৎসম্বন্ধে দেওয়ানী আদালতের নিষ্পত্তির অপেক্ষায় ঐ টাকা রাখিতে পারিবেন।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট আদেশ করিলে, পোষ্টাল মণিঅর্ডর করিয়া ঐ টাকা দেওয়া যাইতে পারিবে।

(৩) যে তারিখে কোন আমানত করা যায় সেই তারিখ অবধি তিন বৎসর অতীত হইবার পূর্ব্বে এই ধারামতে কোন টাকা দেওয়া না গেলে, যদি আমানতকারী প্রার্থনা করেন ও যে কর্ম্মচারির নিকট খাজানা আমানত করা যায় তাঁহার দত্ত রসীদ ফিরাইয়া দেন, তবে দেওয়ানী আদালতের বিপরীত ভাবের আজ্ঞা না থাকিলে আমানতী টাকা আমানতকারীকে ফিরাইয়া দেওয়া যাইতে পারিবে।

(৪) পূর্ব্ব কএক ধারামতে আমানত গ্রহণকারী কোন কর্ম্মচারী যাহা কিছু করেন, তৎসম্বন্ধে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের

বিরুদ্ধে কিম্বা গবর্ণমেণ্টের কোন কর্ম্মচারির বিরুদ্ধে কোন মোকদ্দমা বা অন্য আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করা যাইবে না ; কিন্তু এই ধারামতে ঐরূপ কোন আদালতের টাকা যে কোন ব্যক্তিকে দেওয়া যায় ঐ টাকা পাইবার স্বত্বাধিকারী কোন ব্যক্তির তাঁহার স্থানে ঐ টাকা আদায় করিবার কোন বাধা এই ধারার কোন কথাক্রমে হইবে না।

বাকী খাজানার কথা।

খাজানা হস্তান্তরযোগ্য যোতের প্রথম দায় হইবার কথা।

৭৭ ধারা। (১) কোন হস্তান্তরযোগ্য যোতের খাজানা উহার প্রথম দায়ের মধ্যে গণ্য হইবে।

(২) ভূম্যধিকারী ভিন্ন অন্য কোন ব্যক্তি টাকার ডিক্রী পাইয়া ঐ ডিক্রী জারীক্রমে প্রজার স্বত্ব, অধিকার ও স্বার্থ নীলাম করিলে, উক্ত প্রজার স্থানে ভূম্যধিকারির যে খাজানা পাওনা থাকে, উক্ত নীলামের উৎপন্ন টাকা হইতে ভূম্যধিকারী প্রথমে তাহা পাইবার অধিকারী হইবেন। কিন্তু (১) প্রকরণমতে ভূম্যধিকারীর যে দাবী থাকে, এই স্বত্বক্রমে তাহার কোন বিঘ্ন হইবে না।

যে যোত হস্তান্তর করা যাইতে না পারে সেই যোত হইতে উচ্ছেদ করিবার কথা।

৭৮ ধারা। (১) যে কোন যোত হস্তান্তর করা যাইতে না পারে তৎসম্বন্ধে যেখানে বাঙ্গালা সন চলিত থাকে সেখানে ঐ সনের শেষে, কিম্বা যে খানে ফসলী বা আমলী সন চলিত থাকে সেখানে জ্যৈষ্ঠ মাসের শেষে বাকী খাজানা পাওনা থাকিলে, ভূম্যধিকারী উক্ত বাকী খাজানা আদায় করিবার ডিক্রী পাইয়া থাকুন বা না থাকুন এবং কোন চুক্তির শর্ত্তক্রমে উক্ত প্রজাকে বাকী খাজানা নিমিত্ত উচ্ছেদ করিতে স্বত্ববান হউন বা না হউন, তাহাকে উচ্ছেদ করিবার মোদ্দকমা উপস্থিত করিতে পারিবেন।

(২) ঐরূপ কোন মোকদ্দমায় বাদির পক্ষে ডিক্রী দেওয়া গেলে তাহাতে বাকী খাজানার টাকা ও তদুপরি সুদ পাওনা হইবে ঐ সুদ নির্দ্দিষ্ট থাকিবে, এবং ডিক্রীর তারিখ অবধি পনের দিনের মধ্যে, কিম্বা পঞ্চদশ দিনে আদালত বন্ধ থাকিলে আদালত যে দিনে পুনর্ব্বার খোলে সেই দিনে উক্ত টাকা ও মোকদ্দমার খরচা আদালতে দেওয়া গেলে, ডিক্রী জারী করা যাইবে না।

(৩) বিশেষ কারণ থাকিলে, আদালত এই ধারার লিখিত পনের দিন কাল বাড়াইয়া দিতে পারিবেন।

বাকী খাজানার সুদের কথা।

৭৯ ধারা। বাকী খাজানার সুদের হার ধার্য্য করিবার সময়ে আদালত প্রচলিত প্রথার ও পক্ষদের মধ্যে কোন নিয়ম হইয়া থাকিলে তৎপ্রতি দৃষ্টি রাখিবেন ; কিন্তু যে কৃষি বৎসরে বাকী পড়ে, সেই বৎসরের অবসানাবধি মোকদ্দমা উপস্থিত করণ পর্য্যন্ত সামান্যতঃ বৎসর শতকরা বার টাকা হারে সুদের ডিক্রী দিবেন।

যুক্তিসিদ্ধ কারণ বিনা খাজানা না দেওয়া গেলে কিম্বা অন্যায়রূপে প্রতিবাদির নামে খাজানার মোকদ্দমা করা গেলে, হানিপূরণের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৮০ ধারা। (১) বাকী খাজানা আদায়ের নিমিত্ত আনীত কোন মোকদ্দমায় যদি আদালতের বোধ হয় যে প্রতিবাদী যুক্তিসিদ্ধ বা সম্ভাবিত কারণ বিনা তাহার দেয় খাজানা দিতে উপেক্ষা বা অস্বীকার করিয়াছে, তবে খাজানা ও খরচা বলিয়া যত টাকা ডিক্রী হয় তদতিরিক্ত আদালত যত টাকা খাজানার ডিক্রী হয় তাহার শতকরা ২৫ টাকার অনধিক যত হানিপূরণ উপযুক্ত বোধ করেন বাদির তত হানিপূরণের টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

কিন্তু এই ধারামতে হানিপূরণের আজ্ঞা হইলে, সুদের ডিক্রী হইবে না।

(২) বাকী খাজানা আদায়ের নিমিত্ত আনীত কোন মোকদ্দমায় যদি আদালতের বোধ হয় যে বাদী যুক্তিসিদ্ধ বা সম্ভাবিত কারণ বিনা মোকদ্দমা উপস্থিত করিয়াছে, তবে বাদী যে মোট টাকার দাওয়া করে তাহার শতকরা পঁচিশ টাকার অনধিক যত টাকা আদালত উপযুক্ত বোধ করেন তত টাকা হানিপূরণ-স্বরূপ প্রতিবাদীর পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

ফসলী বা ভাওলীখাজানার কথা।

ফসল যাচাই বা বিভাগ করিবার নিমিত্ত আজ্ঞার কথা।

৮১ ধারা। যে স্থলে উৎপন্ন যাচাই বা বিভাগ করিয়া খাজানা লওয়া যায়,

(ক) সেই স্থলে যাচাই বা বিভাগ করিবার উপযুক্ত সময়ে যদি ভূম্যধিকারী বা প্রজা স্বয়ং বা কর্ম্মকারক দ্বারা উপস্থিত হইতে উপেক্ষা করেন, কিম্বা

(খ) উৎপন্ন ফসলের পরিমাণ বা মূল্য বা বিভাগ বিষয়ে বিবাদ হয়,

তবে কালেক্টর কোন পক্ষের প্রার্থনামতে এবং কালেক্টর খরচ বলিয়া যত টাকা দিবার আজ্ঞা করেন উক্ত পক্ষ সেই টাকা আমানত করিলে, ঐ ফসল যাচাই বা বিভাগ করিবার নিমিত্ত যে কর্ম্মচারিকে উপযুক্ত বিবেচনা করেন তাঁহাকে নিযুক্ত করিতে পারিবেন।

(২) যে কোন স্থলে জিলার বা মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের মতে ঐরূপ আজ্ঞা করিলে শান্তিভঙ্গ নিবারিত হইবার সম্ভাবনা, সেই স্থলে কালেক্টর সাহেব ঐরূপ প্রার্থনা না হইলেও উক্তরূপ আজ্ঞা করিতে পারিবেন।

(৩) কোন কালেক্টর এই ধারামতে কোন আজ্ঞা করিলে, যাবৎ যাচাই বা বিভাগ না হয়, তাবৎ আজ্ঞাদ্বারা ফসল স্থানান্তর করা নিষেধ করিতে পারিবেন।

কর্ম্মচারী নিযুক্ত করা গেলে, কার্য্যপ্রণালীর কথা।

৮২ ধারা। (১) কালেক্টর পূর্ব্ব ধারামতে কোন কর্ম্মচারীকে নিযুক্ত করিলে, আপন বিবেচনামতে উক্ত কর্ম্মচারীর প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে তিনি অন্য কোন ব্যক্তিদিগকে আসেসরস্বরূপ আপনার সহিত লন এবং আসেসর লওয়া গেলে উক্ত আসেসরদের সংখ্যা, যোগ্যতা ও নির্ব্বাচন প্রণালী সম্বন্ধে এবং যাচাই বা বিভাগ করণ কালে যে কার্য্যপ্রণালী অবলম্বন

করিতে হইবে তৎসম্বন্ধে তাঁহাকে আদেশ দিতে পারিবেন; এবং উক্ত কর্ম্মচারী সেই আদেশ অনুসারে কার্য্য করিবেন

(২) উক্ত কর্ম্মচারী যাচাই বা বিভাগ করিবার পূর্ব্বে যে সময়ে ও স্থানে যাচাই বা বিভাগ করা যাইবে তাহার নোটিস ভূম্যধিকারীকে ও প্রজাকে দিবেন, কিন্তু ভূম্যধিকারী বা প্রজা নিজে বা কর্ম্মকারকদ্বারা উপস্থিত না হইলে, তিনি এক তরফা কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন।

(৩) উক্ত কর্ম্মচারী যাচাই বা বিভাগ করিলে, আপন কার্য্যানুষ্ঠানের রিপোর্ট কালেক্টরের নিকট পাঠাইবেন।

(৪) কালেক্টর উক্ত রিপোর্ট বিবেচনা করিয়া দেখিবেন এবং উভয় পক্ষকে তাহাদের কথা শুনিবার সুযোগ দিয়া কোন তদন্ত আবশ্যক বোধ করিলে সেই তদন্তের পর উক্ত রিপোর্টের উপর যে আজ্ঞা ন্যায্য বোধ করেন সেই আজ্ঞা করিবেন।

(৫) কালেক্টর উচিত বোধ করিলে, পক্ষদের মধ্যে যে কোন বিষয়ে বিবাদ থাকে, তাহা দেওয়ানী আদালতের নিষ্পত্তি নিমিত্ত অর্পণ করিতে পারিবেন; কিন্তু উক্তরূপ নিয়ম সাপেক্ষ থাকিয়া, তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে ও ডিক্রীর ন্যায় প্রবল করা যাইতে পারিবে।

(৬) উক্ত কর্ম্মচারী যাচাই অর্থাৎ দানাবন্দী করিলে, দানাবন্দী বা যাচাইর কাগজপত্র জিলার কালেক্টর সাহেবের কাছারীতে রক্ষিত হইবে।

শস্যের দখল সম্বন্ধে স্বত্ব ও দায়ের কথা।

৮৩ ধারা। (১) উৎপন্ন ফসল যাচাই করিয়া খাজানা লওয়া গেলে, সমস্ত ফসল দখলেরাশিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(২) উৎপন্ন ফসল বিভাগ করিয়া খাজানা লওয়া গেলে, যাবৎ উহা বিভাগ করা না হয়, তাবৎ সমস্ত ফসল দখলে রাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(৩) উভয় স্থলেই ভূম্যধিকারির পক্ষে কোন হস্তক্ষেপ ব্যতিরেকে প্রজা কৃষিকার্য্যের নিয়মিত কালে ফসল কাটিয়া সংগ্রহ করিতে পারিবেন, কিন্তু যাহাতে যথাকালে উপযুক্ত যাচাই বা বিভাগ করিবার বাধা হয় এরূপ সময়ে বা এরূপ প্রকারে ফসলের কোন অংশ স্থানান্তর করিতে পারিবেন না।

(৪) যদি প্রজা ফসলের কোন অংশ এরূপ সময়ে বা এরূপ প্রকারে স্থানান্তর করেন, যাহাতে যথাকালে তাহার যাচাই বা বিভাগ করিবার বাধা হয়, তবে শস্য-সংগ্রহের সময়ে নিকটস্থ সেই প্রকারের ভূমিতে সেই প্রকারের শস্য সর্ব্বাপেক্ষা পূর্ণ পরিমাণে যত যাচাই হয়, ফসল তত হইয়াছিল বলিয়া জ্ঞান করা যাইবে।

ভূম্যধিকারির পরিবর্ত্তনহইলে খাজানার দায়ের কথা।

৮৪ ধারা। (১) কোন প্রজার ভূম্যধিকারির স্বার্থ হস্তান্তর করা গেলে, হস্তান্তর হইবার পর যে খাজানা পাওনা হয়, তাহা যে ভূম্যধিকারীর স্বার্থ হস্তান্তরিত হয়, সেই ভূম্যধিকারীকে দেওয়া গেলে, যদি হস্তান্তরক্রমে গ্রহীতা প্রজাকে হস্তান্তর হইবার নোটিস না দিয়া থাকেন, তবে ঐ প্রজা উক্ত খাজানার নিমিত্ত হস্তান্তরক্রমে গ্রহীতার নিকট দায়ী হইবে না।

হস্তান্তরের নোটিস না পাইয়া পূর্ব্ব ভূম্যধিকারীকে যে খাজনা দেওয়া যায়, তজ্জন্য ভূম্যধিকারির স্বার্থগ্রহীতার নিকট প্রজার দায়ী না হইবার কথা।

(২) যে ভূম্যধিকারির স্বার্থ হস্তান্তরিত হয়, তাঁহাকে একাধিক প্রজা খাজানা দিলে, যদি হস্তান্তরক্রমে গ্রহীতা নির্দ্দিষ্ট প্রকারে প্রজাদের নিকট এক সাধারণ নোটিস প্রচার করেন, তাহা এই ধারার কার্য্যপক্ষে উপযুক্ত নোটিস হইবে।

আইনবিরুদ্ধ কর প্রভৃতির কথা।

৮৫ ধারা। প্রকৃত খাজানার অতিরিক্ত আবওয়াব মাথট কিম্বা তদ্রূপ অন্য নাম দিয়া প্রজাদের উপর যে কোন কর ধার্য্য করা যায়, তাহা আইনবিরুদ্ধ হইবে, এবং ঐরূপ কর দিবার সমুদয় শর্ত ও নিয়ম অসিদ্ধ হইবে।

আবওয়াব প্রভৃতি আইনবিরুদ্ধ হইবার কথা।

৮৬ ধারা। প্রচলিত কোন বিশেষ আইনক্রমে না হইলে, আইনমতে যে খাজানা দেয়, তদতিরিক্ত প্রজার স্থানে কোন টাকা বা তাহার ভূমির উৎপন্নের কোন অংশ ভূম্যধিকারী অন্যায় করিয়া লইলে দণ্ডের কথা।

সেই খাজানার অতিরিক্ত টাকা প্রজার স্থানে ভূম্যধিকারী অন্যায় করিয়া লইলে দণ্ডের কথা।

কোন প্রজা ঐরূপে গৃহীত টাকার বা উৎপন্নের মূল্যের অতিরিক্ত পাঁচ শত টাকার অনধিক তাদালত দণ্ডস্বরূপ যত টাকা উচিত বোধ করেন, তত টাকা, কিম্বা যাহা ঐরূপে অন্যায় করিয়া লওয়া যায়, তাহার পরিমাণের বা মূল্যের দ্বিগুণ পাঁচ শত টাকার অধিক হইলে, সেই পরিমাণের বা মূল্যের দ্বিগুণের অনধিক টাকা ভূম্যধিকারির নিকট পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

৯ম অধ্যায়।

ভূম্যধিকারী ও প্রজা বিষয়ক বিবিধ বিধান।

উৎকর্ষসাধনের কথা।

৮৭ ধারা। (১) এই আইনের কার্য্যপক্ষে কোন রায়তের ভোগের সম্বন্ধে "উৎকর্ষসাধন" শব্দ ব্যবহৃত হইলে যে কোন কার্য্য দ্বারা ভোগের জমাই মূল্য বৃদ্ধি হয়, যাহা উক্ত ভোগের উপযোগী এবং উহা যে উদ্দেশ্যে জমা দেওয়া যায়, সেই উদ্দেশ্য-সম্মত, এবং যাহা ভোগের উপর করা না গেলেও সাক্ষাৎসম্বন্ধে উহার উপকারার্থ করা যায়, কিম্বা করিবার পর সাক্ষাৎসম্বন্ধে ঐ ভোগের উপকারজনক করা যায়, সেই কার্য্য বুঝাইবে।

উৎকর্ষসাধন শব্দের অর্থ।

(২) বিপরীত দর্শান না গেলে, নিম্নলিখিত কার্য্য গুলি এই ধারার মর্ম্মানুযায়ী উৎকর্ষ সাধন বলিয়া অনুমান হইবে,

(ক) কৃষিকার্য্যের নিমিত্ত কিম্বা কৃষিকার্য্যে নিযুক্ত মনুষ্যের ও গবাদির ব্যবহার নিমিত্ত জলসঞ্চয়, যোগান বা বিতরণ করণার্থ কূপ ও পুষ্করিণী প্রভৃতি খনন;

(খ) জলসেচনার্থে ভূমি প্রস্তুত করণ;

(গ) যে ভূমি কৃষিকার্য্যার্থ ব্যবহৃত হয়, কিম্বা যে পতিত ভূমি আবাদ করা যাইতে পারে, তাহার জল-নিঃসরণ কিম্বা নদী বা অন্য জল হইতে উদ্ধার করণ, কিম্বা জলপ্লাবন হইতে রক্ষা করণ, কিম্বা জলজনিত ক্ষয় বা অন্য হানি নিবারণ;

(ঘ) কৃষিকার্য্যার্থ ভূমির আবাদ বা পরিষ্কার করণ কিম্বা তাহা ঘেরা বা তাহার স্থায়ী উৎকর্ষসাধন;

(ঙ) পূর্ব্বোক্ত কোন কার্য্য নূতন করিয়া বা পুনর্ব্বার করা, অথবা তাহার পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন করা; ও

(চ) আবশ্যক বাহিরের ঘর সমেত রায়ত ও তদীয় পরিবারের উপযোগী বাসগৃহ নির্ম্মাণ।

(৩) কিন্তু রায়ত কোন যোতে যে কার্য্য করেন, তদ্দ্বারা স্বীয় ভূম্যধিকারীর মহালের বা তালুকের মূল্য বিশেষরূপে কম হইয়া পড়িলে, ঐ কার্য্য এই আইনের অভিপ্রায়মত উৎকর্ষসাধন বলিয়া গণ্য হইবে না।

অবধারিত হারে ভূমি-ভোগ করা গেলে উৎকর্ষ-সাধন করিবার স্বত্বের কথা।

৮৮ ধারা। রায়ত অনধারিত খাজনায় কিম্বা অবধারিত খাজনার হারে ভূমিভোগ করিলে, তদীয় ভূম্যধিকারী তাহার যোতের সম্বন্ধে কোন উৎকর্ষসাধন করিতে তাহাকে ভূম্যধিকারীস্বরূপ বাধা দিতে পারিবেন না।

দখলীস্বত্ববিশিষ্ট যোত সম্বন্ধে উৎকর্ষসাধন করিবার স্বত্বের কথা।

৮৯ ধারা। (১) কোন রায়তের যোতে তাহার দখলীস্বত্ব থাকিলে, রায়ত বা ভূম্যধিকারী নিজে উৎকর্ষ-সাধন করিতে সমর্থ আছেন, এই হেতু বিনা রায়ত বা ভূম্যধিকারীস্বরূপ উক্ত যোত সম্বন্ধে উৎকর্ষসাধন করিতে অপর পক্ষকে বাধা দিতে পারিবেন না।

(২) যদি রায়ত ও ভূম্যধিকারী উভয়েই একই উৎকর্ষসাধন করিতে চাহেন, তবে উক্ত ভূম্যধিকারীর অধীন অন্য এক বা অধিক যোত তদ্দ্বারা ক্ষুণ্ণ না হইলে, রায়তের উৎকর্ষসাধন করিবার অগ্র স্বত্ব থাকিবে।

(৩) রায়ত ও তাহার ভূম্যধিকারীর মধ্যে
(ক) উৎকর্ষসাধন করিবার স্বত্বসম্বন্ধে, কিম্বা
(খ) কোন বিশেষকার্য্য উৎকর্ষসাধন কিনা, এতৎসম্বন্ধে বিবাদ উত্থিত হইলে,

কালেক্টর সাহেব কোন পক্ষের প্রার্থনামতে সেই বিবাদের নিষ্পত্তি করিতে পারিবেন, এবং তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

দখলীস্বত্বশূন্য যোত সম্বন্ধে উৎকর্ষ সাধন করিবার স্বত্বের কথা।

৯০ ধারা। (১) দখলীস্বত্বশূন্য কোন রায়ত আপনার ও স্বীয় পরিবারের নিমিত্ত আবশ্যক বাহিরের ঘর সমেত উপযুক্ত বাসগৃহ প্রস্তুত করিতে পারিবেন, কিন্তু উক্তমতে কিম্বা পশ্চাল্লিখিত বিধানমতে না হইলে আপনার যোতসম্বন্ধে স্বীয় ভূম্যধিকারীর অনুমতি না লইয়া অন্য কোন উৎকর্ষসাধন করিতে পারিবেন না।

(২) স্বীয় ভূম্যধিকারীর অনুমতির প্রয়োজন না থাকিলে, যে দখলীস্বত্বশূন্য রায়ত আপন যোত সম্বন্ধে যে উৎকর্ষসাধন করিতে পারিতেন তিনি উক্ত উৎকর্ষসাধন করিতে চাহিলে, যুক্তিসিদ্ধ সময়ের মধ্যে ঐ উৎকর্ষসাধন করিবার নিমিত্ত ভূম্যধিকারীর প্রতি আদেশ করিয়া তাঁহাকে অনুরোধপত্র দিতে বা দেওয়াইতে পারিবেন, এবং ভূম্যধিকারী ঐ অনুরোধ পালন করিতে অক্ষম হইলে, বা উপেক্ষা করিলে, আপনি ঐ উৎকর্ষসাধন করিতে পারিবেন।

ভূম্যধিকারীর উৎকর্ষ-সাধন রেজিষ্টরী করিবার কথা।

৯১ ধারা। (১) কোন ভূম্যধিকারী আইনমতে যে উৎকর্ষসাধন করেন, কিম্বা যাহা আইনমতে তাঁহার খরচে করা যায়, কিম্বা যাহা করিতে তিনি প্রজাকে সাহায্য করিয়াছেন, তিনি সেই উৎকর্ষসাধন স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত রাজস্ব কর্ম্মচারীর নিকট প্রার্থনা করিয়া রেজিষ্টরী করাইতে পারিবেন।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যেরূপ আদেশ করেন, প্রার্থনাপত্র সেইরূপ পাঠে লিখিতে হইবে, ও তাহাতে সেরূপ সন্ধান থাকিলে, ও সেই প্রকারে স্থানীয় তদন্তের দ্বারা বা অন্যোপায়ে তাহার সত্যতা নির্ণয় করা যাইবে।

(৩) যে কর্ম্মচারী প্রার্থনাপত্র প্রাপ্ত হন, তিনি,

(ক) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে উৎকর্ষ সাধন হইলে, এই আইন প্রচলিত হইবার সময়াবধি,

(খ) এই আইন প্রচলিত হইবার পর উৎকর্ষ-সাধন হইলে, উক্ত কার্য্য সম্পন্ন হইবার তারিখ অবধি,

১২ বার মাসের মধ্যে প্রার্থনা করা না গেলে, তাহা অগ্রাহ্য করিতে পারিবেন।

উৎকর্ষ সাধন সম্বন্ধে প্রমাণ লিপিবদ্ধ করিবার প্রার্থনার কথা।

৯২ ধারা। (১) কোন যোতের ভূম্যধিকারী বা প্রজা তৎসম্বন্ধে যে উৎকর্ষসাধন করা যায় তাহার প্রমাণ লিপিবদ্ধ করিয়া রাখিতে চাহিলে, কোন রাজস্ব কর্ম্মচারীর নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে যদি তিনি এরূপ বিবেচনা না করেন যে, ঐ প্রার্থনা করিবার যুক্তিসিদ্ধ কারণ নাই, অথবা এরূপ দেখা না যায় যে, ঐ বিষয় কোন দেওয়ানী আদালতে তদন্তাধীনে রহিয়াছে, তবে উক্ত কর্ম্মচারী উভয় পক্ষের সমক্ষে প্রমাণ লিপিবদ্ধ করিবেন।

(২) এই ধারামতে কোন বিষয় লিপিবদ্ধ করা গেলে, ভূম্যধিকারী ও প্রজার মধ্যে কিম্বা তাঁহাদের অধীন দাওয়াদার ব্যক্তিদের মধ্যে পরে যে কোন আনুষ্ঠানিক কার্য্য হয়, তাহাতে ঐ লিপিবদ্ধ কথা প্রমাণ মধ্যে গ্রাহ্য হইতে পারিবে।

রায়তকে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ দিতে হইবার কথা।

৯৩ ধারা। (১) যে কোন রায়তকে তদীয় যোত হইতে উচ্ছেদ করা যায়, সেই রায়ত বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারী এই আইন অনুসারে যে সকল উৎকর্ষসাধন করিয়াছেন, তজ্জন্য পূর্ব্বে ক্ষতিপূরণ দেওয়া না হইয়া থাকিলে, উক্ত রায়ত ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।

(২) কোন আদালত কোন রায়তকে উচ্ছেদ করিবার ডিক্রী বা আজ্ঞা করিলে, যদি এই ধারামতে উক্ত রায়তকে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ দেয় হয়, তবে ঐ ক্ষতিপূরণের টাকা নিরূপণ করিবেন, এবং রায়তের ঐ টাকা পাইবার নিয়মাধীনে উচ্ছেদ করিবার ডিক্রী বা আজ্ঞা করিবেন।

(৩) যেস্থলে কোন বিশেষ সুবিধা পাইবেন বলিয়া রায়ত ক্ষতিপূরণবিনা উৎকর্ষসাধন করিতে চুক্তি করিয়া, বা পাট্টা লইয়া তদনুসারে উৎকর্ষসাধন করিয়াছেন, এবং উক্ত সুবিধা প্রাপ্ত হইয়াছেন, সেই স্থলে এই ধারামতে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ পাইবার দাওয়া করা যাইতে পারিবে না।

(৪) ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ১ তারিখ ও এই আইন প্রচলিত হইবার সময়ের মধ্যে রায়ত যে উৎকর্ষসাধন করেন, তাহা এই আইন অনুসারে করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(৫) কোন উৎকর্ষসাধনের নিমিত্ত এই ধারামতে যে ক্ষতিপূরণের আজ্ঞা করিতে হইবে, সেই ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয়ার্থ স্থানীয় গবর্ণমেণ্ট যত জন আসেসর উপযুক্ত বোধ করেন, তত জন আসেসর আপন সঙ্গে লইবার নিমিত্ত আদালতের প্রতি আজ্ঞা করিয়া এবং আসেসরদের যোগ্যতা ও নির্ব্বাচনপ্রণালী স্থির করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

যে বিধিক্রমে ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয় করিতে হইবে, তাহার কথা।

৯৪ ধারা। (১) উৎকর্ষসাধনের নিমিত্ত পূর্ব্ব ধারামতে যে ক্ষতিপূরণ দিবার আজ্ঞা করিতে হইবে, তাহার পরিমাণ নির্ণয় করিতে হইলে, এই বিষয়ের প্রতি দৃষ্টি রাখিতে হইবে,—

(ক) যোতের জমার মূল্য বা উৎপন্ন বা উৎপন্নের মূল্য উৎকর্ষসাধন দ্বারা যে পরিমাণে বর্দ্ধিত হইয়াছে, সেই পরিমাণের প্রতি;

(খ) উৎকর্ষসাধনের অবস্থার প্রতি ও তাহার ফল যত কাল স্থায়ী হইবার সম্ভাবনা তাহার প্রতি;

(গ) উক্ত উৎকর্ষসাধন করিতে যে পরিশ্রম ও মূলধন লাগে তৎপ্রতি;

(ঘ) ঐ উৎকর্ষসাধন উপলক্ষে ভূম্যধিকারী কোনরূপে খাজানা হ্রাস বা ক্ষমা করিলে বা রায়তকে অন্য কোন সুবিধা করিয়া দিলে, তৎপ্রতি; এবং

(ঙ) ভূমি কৃষিকার্য্যোপযোগী করা গেলে, কিম্বা অসেচিত ভূমি সেচিত ভূমিতে পরিণত করা গেলে, রায়ত যতকাল অবর্দ্ধিত খাজানায় উৎকর্ষসাধনের লাভ ভোগ করিয়াছেন, সেই কালের প্রতি।

(২) ক্ষতিপূরণের পরিমাণ নির্দ্ধারিত হইলে, ভূম্যধিকারী ও রায়ত উচিত বোধ করিলে, এইরূপ সম্মতি দিতে পারিবেন যে সম্পূর্ণরূপে মুদ্রাযোগে প্রদত্ত না হইয়া, উহা সম্পূর্ণরূপে বা অংশতঃ অন্য কোনরূপে প্রদত্ত হইবে।

ইস্তফা ও পরিত্যাগ করিবার কথা।

ইস্তফা করিবার কথা।

৯৫ ধারা। (১) কোন রায়ত পাট্টা বা অন্য নিয়মপত্রক্রমে অবধারিত কালের নিমিত্ত বাধ্য না থাকিলে, কোন কৃষি বৎসরের শেষে আপন যোতের স্বত্ব ও স্বার্থ ইস্তফা করিতে পারিবে।

(২) কিন্তু ইস্তফা করিলেও যদি সে ইস্তফা করিবার অনূন তিন মাস থাকিতে ইস্তফা করিবার আপন অভিপ্রায়ের লিখিত নোটিস আপন ভূম্যধিকারীকে না দিয়া থাকে, তবে ইস্তফা করিবার তারিখের পরবর্ত্তি কৃষি বৎসরের নিমিত্ত ঐ রায়ত উক্ত যোতের খাজানা দিতে দায়ী থাকিবে।

(৩) নিম্নলিখিত স্থলে যাবৎ বিপরীত দর্শান না যায়, উক্ত নোটিস ঐরূপে দেওয়া হইয়াছিল, এই ধারার কার্য্যার্থে আদালত এই অনুমান করিবেন, অর্থাৎ,

(ক) যদি রায়ত ইস্তফা করিবার পরবর্ত্তী কৃষি বৎসরে সেই ভূম্যধিকারীর স্থানে সেই গ্রামে নূতন যোত লয়;

(খ) যে কৃষি বৎসরের শেষে ইস্তফা করা হয়, সেই বৎসর শেষ হইবার অন্যূন তিন মাস থাকিতে যদি রায়ত ইস্তফা করা যোত যে গ্রামে থাকে, সেই গ্রামে আর বাস না করে;

(গ) যদি ইস্তফা করিবার পরবর্ত্তী কৃষি বৎসরের কোন সময়ে ভূম্যধিকারী নিজে অন্য কোন প্রজাকে ঐ যোত বা উহার কোন অংশ জমা করিয়া দেন কিম্বা চাষ করেন।

(৪) রায়ত উচিত বোধ করিলে, উক্ত যোত বা তাহার কোন অংশ যে আদালতের বিচারাধীন স্থানে থাকে, সেই আদালতের দ্বারা নোটিস জারী করাইতে পারিবেন।

(৫) কোন রায়ত আপন যোত ইস্তফা করিলে ভূম্যধিকারী ঐ যোতে প্রবেশ করিয়া উহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দিতে কিম্বা নিজে চাষ করণার্থ লইতে পারিবেন।

পরিত্যাগের কথা।

৯৬ ধারা। (১) কোন রায়ত আপন ভূম্যধিকারীকে নোটিস না দিয়া ও খাজানা যেমন দেনা হয়, তাহা দিবার বন্দোবস্ত না করিয়া যদি আপন বাটী ত্যাগ করে, ও নিজে বা অন্য কোন ব্যক্তিদ্বারা আপন যোত আর চাষ না করে, তবে রায়ত যে কৃষিবৎসর ঐরূপ ত্যাগ করিয়া যায় ও চাষ করিতে বিরত হয়, সেই কৃষি বৎসর অতীত হইবার পর যে কোন সময়ে ভূম্যধিকারী ঐ যোতে প্রবেশ করিয়া তাহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দিতে পারিবেন, কিম্বা নিজে চাষ করণার্থ লইতে পারিবেন।

(২) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন যোতে প্রবেশ করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে নির্দ্দিষ্ট পাঠে নোটিস প্রচার করাইবেন। তাহাতে এই কথা লেখা থাকিবে যে, তিনি উক্ত যোত পরিত্যক্ত জ্ঞান করিয়া তাহাতে প্রবেশ করিয়াছেন।

(৩) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন যোতে প্রবেশ করিলে, ঐ নোটিস প্রচার করিবার তারিখ অবধি দুই বৎসর কিম্বা, দখলীস্বত্বশূন্য রায়ত হইলে, ছয় মাস অতীত না হওয়া পর্য্যন্ত ঐ রায়ত যে কোন সময়ে উক্ত ভূমির দখল ফিরিয়া পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে। তাহা হইলে যে সকল ব্যক্তি ক্ষতিগ্রস্ত হয়, তাহাদের ক্ষতিপূরণ সম্বন্ধে আদালত যেরূপ (যদি কোন) শর্ত্ত নির্দ্দেশ করেন, সেই শর্ত্তে দখল ফিরিয়া পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

যোতের অংশ করিবার কথা।

যোতের অংশ হস্তান্তর-যোগ্য না হইবার কথা।

৯৭ ধারা। যে প্রজার যোত হস্তান্তরযোগ্য, এই আইনের কোন ক্রমে সেই প্রজা ভূম্যধিকারীর সম্মতি বিনা আপনার যোতের অন্তর্গত ভূমির কিয়দংশমাত্র এরূপে হস্তান্তর বা উইল করিতে পারিবেন না, যাহাতে হস্তান্তর বা উইলক্রমে গ্রহীতা ঐ অংশ পৃথক যোতস্বরূপ উক্ত ভূম্যধিকারীর নিকট ভোগ করিতে পারেন।

উচ্ছেদের কথা।

ডিক্রী জারীক্রমে না হইলে উচ্ছেদ না হইবার কথা।

৯৮ ধারা। ডিক্রী জারীক্রমে না হইলে কোন প্রজাকে তদীয় যোত হইতে উচ্ছেদ করা যাইবে না।

ভূমি মাপ করিবার কথা।

ভূম্যধিকারির ভূমি মাপিবার স্বত্বের কথা।

৯৯ ধারা। (১) ভূম্যধিকারী এই ধারার ও কোন চুক্তি থাকিলে, তাহার বিধান মানিয়া স্বয়ং কিম্বা এতদর্থে তাঁহার স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি দ্বারা আপন মহালের বা তালুকের অন্তর্গত সমুদয় ভূমিতে প্রবেশ করিয়া তাহা মাপ করিতে পারিবেন।

(২) কোন ভূম্যধিকারী প্রজার সম্মতি বিনা, কিম্বা কালেক্টর সাহেবের লিখিত অনুমতি বিনা দশ বৎসরে একবারের অধিক ভূমি মাপ করিতে পারিবেন না। কেবল নিম্নলিখিত স্থলে এই নিয়ম খাটিবে না, যথা—

(ক) যে স্থলে যোতের পরিমাণ, শিকস্তী পৈরস্তী হেতুক বৎসরে পরিবর্ত্তন হইতে পারে ও দেয় খাজানা ঐ পরিমাণের উপর নির্ভর করে।

(খ) যেস্থলে বৎসরে চাষের ভূমির পরিমাণ পরিবর্ত্তন হইতে পারে, এবং দেয় খাজানা চাষের ভূমির পরিমাণের উপর নির্ভর করে।

(গ) যে স্থলে ভূম্যধিকারী ইচ্ছাপূর্ব্বক হস্তান্তরক্রমে না হইয়া অন্য প্রকারে খরিদার হন, এবং খরিদক্রমে দখল করিবার তারিখ অবধি দুই বৎসরের অধিক কাল গত হয় নাই।

(৩) উক্ত দশ বৎসর শেষ মাপের তারিখ অবধি গণনা করা যাইবে, ঐ মাপ এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বেই হইয়া থাকুক বা পরেই হইয়া থাকুক।

প্রজা উপস্থিত হইয়া সীমা দেখাইয়া দিবে, আদালতের এরূপ আজ্ঞা করিতে পারিবার কথা।

১০০ ধারা। (১) কোন ভূম্যধিকারী পূর্ব্বধারামতে যে ভূমি মাপ করিতে পারেন তাহা মাপ করিতে চাহিলে ভূম্যধিকারীর প্রার্থনামতে দেওয়ানী আদালত এই আজ্ঞা করিতে পারিবেন যে প্রজা উপস্থিত থাকিয়া উক্ত ভূমির সীমা দেখাইয়া দিবে।

(২) যদি প্রজা উক্ত আজ্ঞামতে কার্য্য করিতে অস্বীকার বা উপেক্ষা করে, তবে যে সময়ে উপস্থিত থাকিবার জন্য প্রজার প্রতি আজ্ঞা হয়, সেই সময়ে ভূম্যধিকারীর আদেশমতে ভূমির সীমার ও মাপের যে মানচিত্র বা অন্য কাগজপত্র প্রস্তুত করা যায়, তাহা বিপরীত দর্শান না গেলে, পরিশুদ্ধ বলিয়া অনুমান হইবে।

মাপের কষ্টর কথা।

১০১ ধারা। (১) কোন ভূম্যধিকারী ও প্রজার মধ্যে কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে কোন দেওয়ানী আদালতের বা রাজস্ব কর্ম্মচারীর আজ্ঞাক্রমে ভূমির যে মাপ হয়, তাহা যে মাপে কষ্টিমত এক বিঘাতে ১৪,৪০০ বর্গ ফুট হয়, সেই গবর্ণমেণ্টের মাপ অনুসারে হইবে।

(২) উভয় পক্ষের স্বত্ব ভিন্নরূপ কোন স্থানীয় মাপ অনুসারে নিয়মিত হইলে, গবর্ণমেণ্টের মাপ উক্ত মোকদ্দমার কার্য্যপক্ষে স্থানীয় মাপে পরিণত করা যাইবে।

(৩) কোন স্থানে যে বা যেরূপ মানদণ্ড ব্যবহৃত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট স্থানীয় তদন্ত লইবার পর তাহা নির্দ্দেশ করিয়া বিধিপ্রণয়ন করিতে পারিবেন, এবং এরূপে যে নির্দ্দেশ করা যায় তাহা বিপরীত দর্শান না গেলে, শুদ্ধ বলিয়া অনুমান হইবে।

কার্য্যাধ্যক্ষদের কথা।

কেন সহাধিকারিগণ এক জন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন না ইহার কারণ দর্শাইবার নিমিত্ত তাঁহাদের উপর আদেশ করিতে পারিবার কথা।

১০২ ধারা। কোন মহালের বা তালুকের সহাধিকারিগণ যদি তাহার কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে একমত না হন, এবং সেই কারণে

ক) সাধারণের অসুবিধা কিম্বা

(খ) ব্যক্তিবিশেষের স্বত্বের হানি হয় বা হইবার সম্ভাবনা হয়,

তবে জিলার জজ সাহেব (ক) চিহ্নিত স্থলে কালেক্টরের এবং (খ) চিহ্নিত স্থলে ঐ মহালে বা তালুকে যাহার কোন স্বার্থ থাকে, এরূপ কোন ব্যক্তির প্রার্থনামতে কেন উক্ত সহাধিকারিগণ এক জন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন না, ইহার কারণ দর্শাইবার আদেশসূচক নোটিস তাঁহাদের সকলের উপর জারী করিবার আজ্ঞা করিতে পারিবেন।

কিন্তু কোন মহালের বা তালুকের সহাধিকারী যে স্বার্থের দাওয়া করেন, প্রকৃত প্রস্তাবে সেই স্বার্থ তাঁহার দখলে না থাকিলে, এবং তিনি কোন মহালের সহাধিকারী হইলে তাঁহার নাম ও স্বার্থের পরিমাণ ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৯ সালের আইনমতে রেজিষ্টরী করা না হইয়া থাকিলে, তিনি এই ধারামতে প্রার্থনা করিতে পারিবেন না।

কারণ দর্শান না গেলে একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করণার্থ তাঁহাদিগকে আজ্ঞা দিতে পারিবার কথা।

১০৩ ধারা। যদি পূর্ব্ব ধারামত নোটিস জারী হইবার পর এক মাসের মধ্যে উক্ত সহাধিকারিগণ পূর্ব্বোক্তরূপ কারণ দেখাইতে না পারেন, তবে জিলার জজ সাহেব তাঁহাদিগকে একজন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার আদেশসূচক আজ্ঞা দিতে পারিবেন; এবং ঐ আজ্ঞা দিবার পূর্ব্বে যে কোন সহাধিকারী উপস্থিত হন নাই, ঐ আজ্ঞার নকল তাঁহার উপর জারী করা যাইবে।

আজ্ঞা পালিত না হইলে কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

১০৪ ধারা। পূর্ব্ব ধারামত আজ্ঞা হইবার পর এক মাসের অন্যূন যে সময় জিলার জজ সাহেব এতদর্থে ধার্য্য করিয়া দেন, সেই সময়ের মধ্যে অথবা উক্ত ধারার আদেশমতে উক্ত আজ্ঞা জারী করা হইয়া থাকিলে, ঐরূপ জারী করিবার পর ঐরূপ সময়ের মধ্যে যদি সহাধিকারীগণ একজন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত না করেন, এবং জিলার জজ সাহেবের অবগতি নিমিত্ত ঐ নিয়োগের সম্বাদ না দেন, তবে যুক্তিসিদ্ধ সময়ের মধ্যে সন্তোষজনক বন্দোবস্ত হইবার সম্ভাবনা আছে, জিলার জজ সাহেবকে ইহা বুঝাইয়া দেওয়া না গেলে, তিনি

(ক) যে স্থলে কোর্ট অব ওয়ার্ডস উক্ত মহালের বা তালুকের কার্য্যাধ্যক্ষতা ভার লইতে সম্মত হন, সেই স্থলে কোর্ট অব ওয়ার্ডস দ্বারা ঐ মহালের বা তালুকের কার্য্যাধ্যক্ষতা করিবার আদেশ দিতে পারিবেন; কিম্বা

(খ) যে কোন স্থলে একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন।

পূর্ব্ব ধারার (খ) প্রকরণমত সকল স্থলে কার্য্য করণার্থ কোন ব্যক্তিকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

১০৫ ধারা। কোন স্থানের অন্তর্গত যে সকল মহালের ও তালুকের নিমিত্ত পূর্ব্ব ধারার (খ) প্রকরণমতে এক জন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা আবশ্যক হয়, সেই সকল মহালের ও তালুকের কার্য্যাধ্যক্ষতা করণার্থ উক্ত স্থানের নিমিত্ত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্টগবর্ণর সাহেব এক ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন; এবং কোন ব্যক্তিকে ঐরূপে নিযুক্ত করা গেলে, জিলার জজ সাহেব উক্ত প্রকরণমতে অন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করিবেন না। কিন্তু কোন মহালসম্বন্ধে যদি জজ সাহেব সহাধিকারিগণের এক জনকে কার্য্যাধ্যক্ষস্বরূপ নিযুক্ত করা উচিত বোধ করেন, তবে এই বিধি খাটিবে না।

কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইন কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবার কথা।

১০৬ ধারা। যে কোন স্থলে কোর্ট অব ওয়ার্ডস ১০৪ ধারামতে কোন মহালের বা তালুকের কার্য্যাধ্যক্ষতা ভার গ্রহণ করেন, সেই স্থলে কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইনের যে সমস্ত বিধান স্থাবর সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা সম্পর্কীয় হয়, সেই সমস্ত বিধান উক্ত কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবে।

কার্য্যাধ্যক্ষের প্রতি যে বিধান বর্ত্তিবে তাহার কথা।

১০৭ ধারা। (১) জিলার জজ সাহেব সময়ে২ যেরূপ আদেশ করেন, ১০৪ ধারার (খ) প্রকরণমতে নিযুক্ত কার্য্যাধ্যক্ষ পারিশ্রমিকস্বরূপ সেইরূপ অবধারিত বেতন কিম্বা কার্য্যাধ্যক্ষরূপে তিনি যে টাকা আদায় করেন, সেই টাকার সেইরূপ শতকরা প্রাপ্ত হইবেন।

(২) জিলার জজ সাহেব যেরূপ জামিন দিবার আদেশ করেন, উক্ত কার্য্যাধ্যক্ষ যথাবিধি আপনার কর্ত্তব্য সম্পাদন করিবার সেইরূপ জামিন দিবেন।

(৩) তিনি নিযুক্ত না হইলে, সহাধিকারীরা সংসক্তভাবে যে সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিতেন, তিনি জিলার জজ সাহেবের কর্ত্তৃত্বাধীনে কার্য্যাধ্যক্ষতা নিমিত্ত সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন, এবং সহাধিকারীরা ঐরূপ কোন ক্ষমতানুসারে কার্য্য করিবেন না।

(৪) তিনি জিলার জজ সাহেবের আজ্ঞানুসারে লভ্য লইয়া কার্য্য করিবেন ও তাহা বণ্টন করিয়া দিবেন।

(৫) তিনি রীতিমত হিসাব রাখিবেন, এবং সহাধিকারীদিগকে বা তাঁহাদের কোন জনকে উক্ত হিসাব দেখিতে ও উহার নকল লইতে দিবেন।

(৬) উক্ত জিলার জজ সাহেব যে সময়ের ও যে পাঠের আজ্ঞা করেন, তিনি সেই সময়ে ও সেই পাঠে আপনার হিসাব পাস করিবেন।

(৭) ভূস্বামীরা ১১২ ধারামতে যে কোন প্রার্থনা করিতে পারিতেন, তিনি সেই প্রার্থনা করিতে পারিবেন।

(৮) জিলার জজ সাহেবের আজ্ঞাক্রমে তাঁহাকে পদচ্যুত করা যাইতে পারিবে, প্রকারান্তরে নহে।

সহাধিকারিগণকে কার্য্যাধ্যক্ষ ভার প্রত্যর্পণ করিবার ক্ষমতার কথা।

১০৮ ধারা। কোন মহাল বা তালুক কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতাধীনে স্থাপন করা গেলে, কিম্বা ১০৪ ধারামতে তন্নিমিত্ত একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা গেলে, যদি জিলার জজ সাহেবের এইরূপ সদ্বোধ জন্মে, যে সাধারণের অসুবিধা বা ব্যক্তিবিশেষের স্বত্বের হানি বিনা সহাধিকারিদের দ্বারা কার্য্যাধ্যক্ষতা চলিবে, তবে তিনি যে কোন সময়ে সহাধিকারিদিগকে উক্ত মহালের বা তালুকের কার্য্যাধ্যক্ষতা ভার প্রত্যর্পণ করিবার আদেশ করিতে পারিবেন।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১০৯ ধারা। হাই কোর্ট সময়ে২ পূর্ব্ব একাদশ ধারামত কার্য্যাধ্যক্ষদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দেশ করিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

১০ম অধ্যায়।

স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত করিবার বিধি।

স্বত্বের লিপির কথা।

স্বত্বের লিপি প্রস্তুত করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

১১০ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন স্থলে মন্ত্রিসভাবিস্থিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক এবং পশ্চাল্লিখিত কোন স্থলে উচিত বোধ করিলে ঐরূপ অনুমতি গ্রহণ না করিয়া এইরূপ আজ্ঞা করিতে পারিবেন, যে সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত রাজস্ব কর্ম্মচারি কর্ত্তৃক কোন স্থানের সমুদয় প্রজাদের বা কোন শ্রেণীর প্রজাদের স্বত্বের লিপি প্রস্তুত করা যাইবে।

(২) নিম্নলিখিত স্থলে মন্ত্রিসভাবিস্থিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি পূর্ব্ব গ্রহণ না করিয়া এই ধারামতে আজ্ঞা করা যাইতে পারিবে, অর্থাৎ—

(ক) যে স্থলে ভূম্যধিকারী কিম্বা ভূম্যধিকারীদের বা প্রজাদের অনেকাংশ লোকে উক্ত আজ্ঞা পাইবার প্রার্থনা করেন, এবং খরচ দিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের আদেশমত টাকা আমানত করেন, সেই স্থলে;

(খ) যে স্থলে ঐরূপ লিপি প্রস্তুত করিলে, সাধারণতঃ প্রজা ও ভূম্যধিকারীদের মধ্যে যে বিবাদ আছে, বা হইবার সম্ভাবনা, তাহার নিষ্পত্তি বা নিবারণ হইতে পারে, সেই স্থলে; এবং

(গ) যে স্থলে গবর্ণমেণ্ট বা কোর্ট অব ওয়ার্ডস যাহার মালিক বা কার্য্যাধ্যক্ষ, এরূপ কোন মহালের বা তালুকের মধ্যে, উক্ত স্থান অন্তর্ভুক্ত থাকে, সেই স্থলে।

(৩) এই ধারামত কোন আজ্ঞার বিজ্ঞাপন রাজকীয় গেজেটে দেওয়া গেলে, তাহাই উক্ত আজ্ঞা যথাবিধি হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

যে২ বিশেষ কথা লিপিবদ্ধ করিতে হইবে, তাহার কথা।

১১১ ধারা। পূর্ব্ব ধারামতে কোন আজ্ঞা করা গেলে যে যে বিশেষ কথা লিপিবদ্ধ করিতে হইবে, উক্ত আজ্ঞায় তাহা নির্দ্দেশ করা যাইবে, ও নিম্নলিখিত সমুদয় বা কতকগুলি তন্মধ্যে থাকিতে পারিবে, অর্থাৎ,—

(ক) প্রত্যেক প্রজার নাম;

(খ) তিনি যে শ্রেণীর প্রজা, অর্থাৎ, তিনি তালুকদার কি অবধারিত হারে ভূমি ভোগকারি রায়ত কি দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কি দখলীস্বত্বশূন্য রায়ত কি কোর্ফা রায়ত;

(গ) তিনি যে ভূমি ভোগ করেন, তাহার অবস্থান, পরিমাণ ও সীমা;

(ঘ) তদীয় ভূম্যধিকারির নাম;

(ঙ) দেয় খাজানা;

(চ) চুক্তিক্রমে কি আদালতের আজ্ঞাক্রমে কি প্রকারান্তরে হউক যে প্রকারে উক্ত খাজানা ধার্য্য হইয়া থাকে তাহা।

(ছ) খাজানা ক্রমশঃ বৃদ্ধি হইয়া থাকিলে, যে সময়ে ও যে ক্রমে বৃদ্ধি হয় তাহা।

(জ) কোন বিশেষ নিয়মে প্রজা ভূমি ভোগ করিলে তাহা।

ভূস্বামীর বা তালুকদারের প্রার্থনামতে রাজস্ব কর্ম্মচারীর বিশেষকথা লিপিবদ্ধ করিতে পারিবার কথা।

১১২ ধারা। ভূস্বামী বা তালুকদার প্রার্থনা করিলে ও যত টাকা খরচ দিবার আদেশ হয় তাহা আমানত করিলে, এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে বিধি প্রণয়ন করেন সেই বিধি মানিয়া ও তদনুসারে কোন রাজস্ব কর্ম্মচারী কোন মহাল বা তালুক বা তাহার কোন অংশ সম্বন্ধে পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট বিশেষ কথা নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিতে পারিবেন।

লিপি প্রকাশ করিবার কথা।

১১৩ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী ঐ লিপি সম্পূর্ণ করিলে স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারে ও যত কাল প্রকাশ করিবার আদেশ দেন, সেই প্রকারে ও ততকাল ঐ লিপির পাণ্ডুলেখ্য ঐ স্থানে প্রকাশ করাইবেন, এবং উক্ত কালমধ্যে ঐ লিপির কোন লেখা সম্বন্ধে যে কোন আপত্তি করা যায়, তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিয়া দেখিবেন।

(২) উক্ত কাল অতীত হইলে, রাজস্ব কর্ম্মচারী উক্ত লিপি চূড়ান্তরূপে স্থির করিয়া ফেলিবেন ও স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারে প্রকাশ করিবার আদেশ করেন, সেই প্রকারে উহা ঐ স্থানে প্রকাশ করাইবেন; এবং উক্ত লিপি যে এই অধ্যায়মতে যথাবিধি প্রস্তুত করা গিয়াছে ঐরূপ প্রকাশকরণই তাহার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

লিপির শুদ্ধতা সম্বন্ধে বিবাদ হইলে তাহার প্রণালীর কথা।

১১৪ ধারা। পূর্ব্ব ধারামতে উক্ত লিপি চূড়ান্তরূপে প্রকাশ করিবার পূর্ব্বে কোন সময়ে রাজস্ব কর্ম্মচারী তাহাতে কোন কথা লিখিবার প্রস্তাব করিলে বা লিখিলে যদি তাহার শুদ্ধতাসম্বন্ধে বিবাদ উত্থিত হয়, তবে রাজস্ব কর্ম্মচারী ঐ বিবাদ শ্রবণ করিয়া নিষ্পত্তি করিবেন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনে মোকদ্দমার বিচার করিবার যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট আছে, এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বিধি মানিয়া উক্ত কার্য্যপক্ষে সেই কার্য্যপ্রণালী অবলম্বন করিবেন, এবং তাঁহার নিষ্পত্তি ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

রাজস্ব কর্ম্মচারীদের নিষ্পত্তির উপর আপীলের কথা।

১১৫ ধারা। (১) পূর্ব্ব ধারামত রাজস্ব কর্ম্মচারীদের নিষ্পত্তির উপর আপীল শুনিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট এক বা একাধিক ব্যক্তিকে বিশেষ জজ বলিয়া নিযুক্ত করিবেন।

(২) পূর্ব্ব ধারামত রাজস্ব কর্ম্মচারীর নিষ্পত্তির উপর বিশেষ জজের নিকট আপীল হইতে পারিবে; এবং আপীলসম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে যে সকল বিধান আছে, তাহা উক্ত আপীলসম্বন্ধে যতদূর খাটিতে পারে খাটিবে।

(৩) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪২ অধ্যায়ের প্রথম ধারার অর্থমতে বিশেষ জজ হাই কোর্টের অধীন আদালত হইলে যেরূপ হইত, উক্ত অধ্যায়ের বিধানের নিয়মাধীনে তাঁহার নিষ্পত্তির উপর হাই কোর্টে সেইরূপ আপীল হইতে পারিবে।

ঐ লিপির যে লেখা সম্বন্ধে বিবাদ না থাকে তাহা অনুমানমত প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবার কথা।

১১৬ ধারা। (১) এই অধ্যায়মতে যে লিপি প্রস্তুত করা যায় তাহাতে যে যে লেখা সম্বন্ধে বিবাদ আছে ও যে যে লেখা সম্বন্ধে বিবাদ নাই, ইহা পৃথক করিয়া নির্দ্দেশ করিতে হইবে।

(২) উক্ত লিপির যে লেখা সম্বন্ধে বিবাদ নাই তাহা বিপরীত দর্শান না গেলে শুদ্ধ বলিয়া অনুমান হইবে।

খাজানা ধার্য্য হইবার বিধি।

খাজানা ধার্য্য করণার্থ রাজস্ব কর্ম্মচারীদের প্রতি আজ্ঞা করিতে পারিবার কথা।

১১৭ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে, পশ্চাল্লিখিত কোন স্থলে এইরূপ আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন, যে কোন স্থানের অন্তর্গত সমুদয় প্রজার বা কোন শ্রেণীর প্রজার খাজানা, স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে রাজস্ব কর্ম্মচারীদিগকে নিযুক্ত করেন, তাঁহাদের দ্বারা ধার্য্য হইবে।

কিন্তু ঐরূপ আজ্ঞা করা বাঞ্ছনীয়, স্থানীয় তদন্ত লইয়া স্থানীয় গবর্ণমেণ্টের এইরূপ প্রত্যয় না জন্মিলে, উক্ত গবর্ণমেণ্ট ঐরূপ আজ্ঞা করিবেন না।

১। নিম্নলিখিত স্থলে এই ধারামতে আজ্ঞা করা যাইতে পারিবে, অর্থাৎ,

(ক) যে কোন স্থলে স্বত্বের লিপি প্রস্তুত করিতে এই অধ্যায়মতে কোন রাজস্ব কর্ম্মচারীর প্রতি আদেশ করা যায়, এবং

(খ) যে স্থলে কোন স্থান সম্বন্ধে রাজস্ব ধার্য্য হইতেছে।

(৩) এই ধারামতে রাজকীয় গেজেটে কোন আজ্ঞার বিজ্ঞাপন দেওয়া গেলে উক্ত বিজ্ঞাপনই উক্ত আজ্ঞা যথাবিধি হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে, এবং কোন আজ্ঞা ঐরূপে বিজ্ঞাপিত হইলে, তাহা যতকাল ঐরূপে বিজ্ঞাপিত আজ্ঞাক্রমে রহিত না হয়, ততকাল প্রবল থাকিবে।

(৪) কোন প্রজাদের সম্বন্ধে এই ধারামত আজ্ঞা প্রবল থাকিতে, কোন দেওয়ানী আদালত এই আইনমতে উক্ত প্রজাদের কাহারও খাজানা বৃদ্ধি বা কম করিবার মোকদ্দমা গ্রহণ করিবেন না।

খাজানা ধার্য্য করিবার কার্য্যপ্রণালীর কথা।

১১৮ ধারা। (১) কোন রাজস্ব কর্ম্মচারী এই অধ্যায়মতে খাজানা ধার্য্য করিবার আজ্ঞা প্রাপ্ত হইলে, ১১১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ কথা ও স্থানীয় গবর্ণমেণ্ট অন্য কোন কথা নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিবার আদেশ দিলে সেই সব কথা নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিবেন।

(২) (১) প্রকরণমত লিপিতে উক্ত কর্ম্মচারী কোন কথা লিখিয়া থাকিলে বা লিখিবার প্রস্তাব করিলে, তাহার শুদ্ধতা সম্বন্ধে, পশ্চাল্লিখিত বিধানমতে জমাবন্দী চূড়ান্তরূপে প্রকাশ করিবার পূর্ব্বে কোন সময়ে বিবাদ উত্থিত হইলে, ১১৪ ও ১১৫ ধারার বিধান খাটিবে।

(৩) যে তালুকের খাজানা পরিবর্ত্তিত হইতে পারে সেই তালুক হইলে, কিম্বা দখলীস্বত্ববিশিষ্ট রায়তের ভোগ হইলে, ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে উক্ত কর্ম্মচারী তৎসম্বন্ধে উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিবেন।

(৪) যাবৎ বিপরীত দর্শান না যায় এই কার্য্যের নিমিত্ত তিনি বর্ত্তমান খাজানা উপযুক্ত ও ন্যায্য বলিয়া অনুমান করিবেন, এবং খাজানা ধার্য্য করিবার নিমিত্ত দেওয়ানী আদালতের উপদেশার্থ এই আইনে যে সকল বিধি নির্দ্দিষ্ট হইল, তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

(৫) (৩) ও (৪) প্রকরণমত সমুদয় আনুষ্ঠানিক কার্য্যে উক্ত কর্ম্মচারী, এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বিধি মানিয়া, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের নির্দ্দিষ্ট প্রণালী অবলম্বন করিবেন এবং ঐরূপ প্রত্যেক আনুষ্ঠানিক কার্য্যে তাঁহার নিষ্পত্তি ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

(৬) ঐরূপ প্রত্যেক নিষ্পত্তির উপর ১১৯ ধারামতে নিযুক্ত বিশেষ জজের নিকট আপীল হইতে পারিবে। তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে, কিন্তু তাহা এই নিয়মের অধীন থাকিবে যে, এই ধারার (২) প্রকরণমত দ্বিতীয় আপীলে যদি হাই কোর্ট, যে সকল বিশেষ কথা ধরিয়া কোন ভোগের খাজানা ধার্য্য হইয়াছে, তন্মধ্যে কোন কথা সম্বন্ধে বিশেষ জজের নিষ্পত্তি পরিবর্ত্তন করেন, তবে উক্ত কোর্ট ঐ ভোগের নিমিত্ত নূতন খাজানা ধার্য্য করিতে পারিবেন, কিন্তু তাহা ধার্য্য করিবার কালে একই জমাবন্দীর মধ্যে সেই শ্রেণীর অন্যান্য ভোগের যেরূপ খাজানা এই ধারামতে নির্ণীত বা ধার্য্য হইয়া থাকে, তাহা দেখিয়া চলিবেন।

(৭) রাজস্ব কর্ম্মচারী যে সকল বিশেষ কথা লিখিতে ও যে খাজানা ধার্য্য করিতে আদেশ প্রাপ্ত হন সেই সকল বিশেষ কথা ও খাজানা লিখিলে ও ধার্য্য করিলে, তিনি এক বা একাধিক জমাবন্দীর পাণ্ডুলেখা প্রস্তুত করিবেন। তিনি যে যে বিশেষ কথা লিপিবদ্ধ করেন ও খাজানা ধার্য্য করিলে যত টাকা খাজানা ধার্য্য করেন তাহা উক্ত জমাবন্দীতে দেখাইতে হইবে।

(৮) জমাবন্দী ১১৩ ধারার মর্ম্মানুযায়ী লিপি হইলে, ১১৩ ধারা তৎসম্বন্ধে যেরূপ খাটিত, এই ধারামত প্রত্যেক জমাবন্দী সম্বন্ধেও সেইরূপ খাটিবে এবং এই ধারার (১) প্রকরণমতে ঐরূপ কোন জমাবন্দীতে যে সকল কথা লেখা যায় তৎসম্বন্ধে ১১৬ ধারা খাটিবে।

যে সময়ে খাজানার পরিবর্ত্তন করা গেলে, জমাবন্দী চূড়ান্তরূপে প্রকাশ করিবার পরবর্ত্তী কৃষিবৎসরের প্রারম্ভাবধি ঐ পরিবর্ত্তন ফলবৎ হইবে তাহার কথা।

১১৯ ধারা। পূর্ব্ব ধারামতে কোন খাজানা পরিবর্ত্তন করা গেলে, জমাবন্দী চূড়ান্তরূপে প্রকাশ করিবার পরবর্ত্তী কৃষিবৎসরের প্রারম্ভাবধি ঐ পরিবর্ত্তন ফলবৎ হইবে।

ধার্য্যকরা খাজানা যতকাল অপরিবর্ত্তিত থাকিবে, তাহার কথা।

১২০ ধারা। ১১৮ ধারার (৩) প্রকরণমতে কোন ভোগের খাজানার টাকা ধার্য্য করাইবার নিমিত্ত কোন ভূম্যধিকারীর প্রার্থনা করিবার স্বত্ব থাকিলে, ভূম্যধিকারীর উৎকর্ষসাধন কিম্বা ভোগের পরিমাণ পরিবর্ত্তন হেতুক

না হইলে এই অধ্যায়মতে যোতের যে খাজানা নির্ণীত বা ধার্য্য হয়, তাহা জমাবন্দী চূড়ান্তরূপে প্রকাশ করিবার তারিখ অবধি পনের বৎসর কাল মধ্যে বৃদ্ধি করা যাইবে না।

অতিরিক্ত বিধানের কথা।

এই অধ্যায়মত কার্য্যানুষ্ঠানে যে খরচ পড়ে তাহার কথা।

১২১ ধারা। একজন ভূম্যধিকারীর, কিম্বা অনেক ভূম্যধিকারীর ও প্রজার প্রার্থনামতে, কিম্বা প্রজা ও ভূম্যধিকারীদের মধ্যে গুরুতর বিবাদ নিষ্পত্তি বা নিবারণ করিবার উদ্দেশে, এই অধ্যায়মতে কোন আজ্ঞা করা গেলে, কেবল এই অধ্যায়ের বিধান সফল করিতে নিযুক্ত সমুদয় কর্ম্মচারীদের বেতন এবং যে সকল কর্ম্মচারীরা আপন রাজকীয় কর্ম্মাতিরিক্ত উক্ত বিধান সফল করিতে নিযুক্ত থাকেন তাঁহাদের বেতনের যে অংশ স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ ধার্য্য করেন, সেই অংশ সমেত উক্ত বিধান কোন স্থানে সফল করিতে গবর্ণমেণ্টের যে সমুদয় খরচ পড়ে, তাহা ঐ স্থানের যে ভূম্যধিকারী ও প্রজাদের খাজানা এই অধ্যায়মতে ধার্য্য বা নির্ণীত হয়, তাঁহারা স্থানীয় গবর্ণমেণ্ট প্রত্যেক স্থলে সমুদয় ভাবগতিক বিবেচনায় যেরূপ হারহারীমতে স্থির করিয়া দেন, সেইরূপ হারহারীমতে দিবেন; এবং কোন ব্যক্তির ঐরূপ খরচের যে হারহারীমত অংশ দিতে হয়, তাহা তাঁহার দেনা বাকী রাজস্বের ন্যায় তাঁহার স্থানে আদায় করা যাইতে পারিবে।

লিপি প্রস্তুত হইলে খাজানা সম্বন্ধীয় অনুমান বা খাটিবার কথা।

১২২ ধারা। কোন প্রজাস্বত্ব সম্বন্ধে ১২১ ধারার (খ) প্রকরণের লিখিত বিশেষ কথা এই অধ্যায়মতে লিপিবদ্ধ করা গেলে পর ৬৪ ধারামত অনুমান তৎসম্বন্ধে খাটিবে না।

১১ শ অধ্যায়

হারের তালিকাবিষয়ক বিধি।

তালিকা প্রস্তুত করিবার আদেশ দিতে পারিবার কথা।

১২৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া কোন রাজস্ব কর্ম্মচারীকে এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত আসেসরদের সাহায্যে কোন স্থানের জন্য এইরূপ একটী তালিকা প্রস্তুত করিবার উপায় অবলম্বন করিতে আদেশ দিতে পারিবেন, যাহাতে উক্ত স্থানের অন্তর্গত প্রত্যেক শ্রেণীর ভূমির নিমিত্ত উপযুক্ত ও ন্যায্যমতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের দেয় খাজানার হার দেখান যাইবে।

তালিকায় যাহা লেখা থাকিবে তাহার কথা।

১২৪ ধারা। উক্ত তালিকায় এই এই কথা লেখা থাকিবে,—

(খ) ঐরূপ প্রত্যেক শ্রেণীর ভূমি যে দখলীস্বত্ব বিশিষ্ট রায়তেরা ভোগ করে, উপযুক্ত ও ন্যায্যমতে তাহাদের দেয় খাজানার হার।

যে বিধি অনুসারে খাজানার হার ধার্য্য করিতে হইবে তাহার কথা।

১২৫ ধারা। ১২৪ ধারামতে কোন শ্রেণীর ভূমির খাজানার হার ধার্য্য করিবার সময়ে নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিতে হইবে,।-

(ক) তালিকা প্রস্তুত করিবার সময়ে উক্ত শ্রেণীর ভূমির জন্য দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা সাধারণতঃ যে হারে খাজানা দিয়া থাকে, তৎপ্রতি;

(খ) যে সময়ে হার ধার্য্য হয় সেই সময়ে ঐ স্থানে বা চলিত বাজারে প্রধান২ খাদ্য শস্যের গড়ে যে মূল্য ছিল, অথবা উক্ত সময় কিম্বা সেই সময়ের গড় মূল্য সহজে জানা যাইতে না পারিলে, অন্য যে সময় তুলনার নিমিত্ত লওয়া ন্যায্য ও কার্য্যকর বোধ হয়, সেই সময়ে যে গড় মূল্য ছিল, তাহার প্রতি;

(গ) যে সময়ে তালিকা প্রস্তুত করা যায় সেই সময়ে ঐ স্থানে বা চলিত বাজারে প্রধান২ খাদ্য শস্যের গড়ে যে মূল্য থাকে তাহার প্রতি; এবং

(ঘ) নিম্নলিখিত বিধির প্রতি, অর্থাৎ, যদি প্রধান২ খাদ্য শস্যের গড় মূল্য বৃদ্ধিহেতুক কোন শ্রেণীর ভূমির খাজানার হার বৃদ্ধি করা যায়, তবে পূর্ব্ব গড় মূল্যের সহিত বর্দ্ধিত গড় মূল্যের যে অনুপাত থাকে, পুরাতন হারের সহিত নূতন হারের তদপেক্ষা উচ্চতর অনুপাত থাকিবে না, এই বিধির প্রতি।

কিন্তু কোন শ্রেণীর ভূমির নিমিত্ত ধার্য্য করা হার বর্ত্তমান হার অপেক্ষা টাকায় চারি আনার অধিক হইবে না।

তালিকার স্থানীয় প্রকাশ করণের কথা।

১২৬ ধারা। উক্ত রাজস্ব কর্ম্মচারী ঐ তালিকা প্রস্তুত করিলে, উহা যে স্থান সম্পর্কীয় হয়, সেই স্থানের প্রচলিত দেশীয় ভাষায় তিনি, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে উক্ত স্থানে ঐ তালিকা প্রকাশ করিবেন।

রাজস্ব কর্ম্মচারীর আপত্তি নিষ্পত্তি করিতে পারিবার কথা।

১২৭ ধারা। তালিকার কোন লেখাসম্বন্ধে কোন ব্যক্তির আপত্তি থাকিলে তিনি ঐরূপ প্রকাশ করিবার পর এক মাস মধ্যে উক্ত রাজস্ব কর্ম্মচারীর নিকট দরখাস্ত করিতে পারিবেন; এবং রাজস্ব কর্ম্মচারী আসেসরদের সাহায্যে ঐরূপ আপত্তি বিবেচনা করিয়া দেখিবেন এবং তালিকা পরিবর্ত্তন বা সংশোধন করিতে পারিবেন।

তালিকা উর্দ্ধতন রাজস্ব কর্ত্তৃপক্ষদের নিকট পাঠাইবার কথা।

১২৮ ধারা। উক্ত এক মাস কালের মধ্যে আপত্তি করা না গেলে অথবা আপত্তি করা গেলেও তাহার নিষ্পত্তি হইলে পর, রাজস্ব কর্ম্মচারী খণ্ডের কমিশনর সাহেবের দ্বারা রেবিনিউ বোর্ডে উক্ত তালিকা অনুমোদনের নিমিত্ত পাঠাইবেন, এবং তৎসঙ্গে আপনার কার্য্যবিবরণ, প্রত্যেক বিষয়ে তিনি যে নিষ্পত্তি করেন তাহার হেতু লিখিয়া রিপোর্ট ও যে২ আপত্তির দরখাস্ত পাওয়া গিয়া থাকে তাহাও পাঠাইবেন।

ও তদ্রূপ অন্যান্য বিষয় বিবেচনায় যে কএক শ্রেণীর ভূমির জন্য ভিন্ন ভিন্ন খাজানার হার ধার্য্য করা আবশ্যক হয় তাহা; এবং

তাহা হইলে রেবিনিউ বোর্ডের কার্য্যপ্রণালীর কথা।

১২৯ ধারা। রেবিনিউ বোর্ড যে প্রকারে উচিত বোধ করেন, পূর্ব্ব ধারামতে প্রেরিত তালিকা সেই প্রকারে সংশোধন করিতে পারিবেন এবং তৎসঙ্গে যে কোন আপত্তি পাঠান যায় বা পরে যে কোন আপত্তি করা যায়, তাহা সম্পূর্ণরূপে বা অংশতঃ গ্রাহ্য করিতে পারিবেন, অথবা অতিরিক্ত অনুসন্ধানের নিমিত্ত মোকদ্দমা ফিরাইয়া দিতে পারিবেন।

চূড়ান্ত অনুমোদনের পর তালিকা প্রকাশ করিবার কথা।

১৩০ ধারা। বোর্ড হারের তালিকা অনুমোদন করিলে, উহা স্থানীয় গবর্ণমেণ্টে প্রেরিত হইবে। উক্ত গবর্ণমেণ্ট যে কোন লিখিত আপত্তি প্রাপ্ত হন, তাহা বিবেচনা করিয়া দেখিলে পর, যে কোন রূপে উচিত বোধ করেন, উহা সংশোধন করিতে পারিবেন, এবং উচিত বোধ করিলে এইরূপ আদেশ দিতে পারিবেন, যে উক্ত তালিকা বা সংশোধিত তালিকা যে স্থানে রহিবে সেই স্থানের নির্দ্দেশ সহিত রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

তালিকা যত কাল প্রবল থাকিবে তাহার কথা।

১৩১ ধারা। কোন স্থান সংক্রান্ত তালিকা পূর্ব্ব ধারামতে যে তারিখে ঐরূপে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রবল হইবে, এবং প্রকাশ করিবার সময়ে স্থানীয় গবর্ণমেণ্ট পনের বৎসরের অনূন বা ত্রিশ বৎসরের অনধিক যত কাল প্রবল থাকিবার আদেশ করেন, তত কাল প্রবল থাকিবে।

তালিকা সিদ্ধান্ত প্রমাণ হইবার কথা।

১৩২ ধারা। ১৩০ ধারামতে তালিকা প্রকাশ করা গেলে তাহা এই আইনমত তাহার কার্য্যে নিম্নলিখিত বিষয়ের সিদ্ধান্ত প্রমাণস্বরূপ হইবে, অর্থাৎ,—

(১) তালিকা প্রস্তুত করিবার কার্য্য এই আইন অনুসারে যথানিয়মে করা হইয়াছে; এবং

(২) এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, প্রত্যেক শ্রেণীর ভূমির নিমিত্ত তালিকায় যে হার দৃষ্ট হয়, তাহা উক্ত তালিকা যে স্থানে রহে, সেই স্থানের অন্তর্গত ঐ শ্রেণীর ভূমির জন্য দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের দেয় উপযুক্ত ও ন্যায্য হার।

তালিকা প্রস্তুত করিতে যে খরচ পড়ে তাহা যেরূপে দিতে হইবে তাহার কথা।

১৩৩ ধারা। কোন স্থানের নিমিত্ত হারের তালিকামাত্র প্রস্তুত করিতে নিযুক্ত সমুদয় কর্ম্মচারীদের বেতন এবং যে সকল কর্ম্মচারীরা তদ্ভিন্ন সরকারী কর্ম্মাতিরিক্ত উহা প্রস্তুত করিতে নিযুক্ত থাকেন তাঁহাদের বেতনের যেরূপ অংশ স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ নিরূপণ করেন, সেইরূপ অংশ সমেত ঐ তালিকা প্রস্তুত করিতে গবর্ণমেণ্টের যে খরচ পড়ে, তাহা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যেরূপ হারবারীমতে স্থির করিয়া দেন, সেইরূপ হারবারীমতে উক্ত স্থানের দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা ও ভূম্যধিকারীরা দিবেন; এবং কোন ব্যক্তির উক্ত খরচের হারবারীমত যে অংশ দিতে হইবে, তাহা তাঁহার দেনা বাকী ভূমির রাজস্বের ন্যায় তাঁহার স্থানে আদায় করা যাইতে পারিবে।

যেখানে তালিকা প্রবল থাকে সেখানে খাজানা বৃদ্ধির মোকদ্দমার কথা।

১৩৪ ধারা। পূর্ব্ব কএক ধারামতে কোন স্থানে কোন তালিকা প্রবল থাকিলে, উক্ত স্থানের অন্তর্গত যে কোন দখলী স্বত্ববিশিষ্ট রায়ত মুদ্রারূপ খাজানা দিয়া ভোগ করে, সেই ভোগের ভূম্যধিকারী তৎকালে দেয় খাজানা এই বলিয়া বৃদ্ধি করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, যে তালিকার নির্দ্দিষ্ট হারে যে খাজানা দেয় হয় উহা তদপেক্ষা কম। তাহা হইলে আদালত তালিকার নির্দ্দিষ্ট হারানুসারে খাজানা বৃদ্ধি করিবেন। কিন্তু

১ম।—রায়ত কিম্বা তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারী ভূমি ভোগ করিতে আরম্ভ করিবার পরে ভূমিতে বা ভূমিসম্বন্ধে যে পরিবর্ত্তন সঙ্ঘটিত হইয়াছে, তন্নিমিত্ত যদি ভোগের অন্তর্গত কোন ভূমির খাজানা এই ধারামতে উচ্চতর হারে ধার্য্য করিতে হয়, এবং উক্ত পরিবর্ত্তন না ঘটিলে যদি তাহা এই ধারামতে নিম্নতর হারে ধার্য্য করা যাইত, তবে নিম্নলিখিত বিধি খাটিবে, যথা,—

(ক) যদি কেবল রায়তের বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারির পরিশ্রমে বা খরচে ঐ পরিবর্ত্তন ঘটিয়া থাকে, তবে আদালত নিম্নতর হারে ঐ ভূমির খাজানা ধার্য্য করিবেন;

(খ) যদি অংশতঃ ভূম্যধিকারির কিম্বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারির পরিশ্রমে বা খরচে, এবং অংশতঃ রায়তের কিম্বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারির পরিশ্রমে বা খরচে ঐ পরিবর্ত্তন ঘটিয়া থাকে, তবে আদালত মোকদ্দমার সমুদয় তাৎপর্য্যিক বিবেচনা যাহা উপযুক্ত ও ন্যায্য বিবেচনা করেন, উচ্চতর হার ও নিম্নতর হারের মধ্যবর্ত্তী এরূপ হারে উক্ত ভূমির খাজানা ধার্য্য করিবেন; এবং

(গ) ভূম্যধিকারির বা রায়তের কিম্বা তাঁহাদের কাহারও স্বার্থগত পূর্ব্বাধিকারির পরিশ্রমে বা খরচে উক্ত পরিবর্ত্তন ঘটিয়াছে, যদি ইহার প্রমাণ না হয়, তবে আদালত উচ্চতর ও নিম্নতর হারের অন্তরের অর্দ্ধেকের সহিত নিম্নতর হার যোগ করিয়া সেই হারে উক্ত ভূমির খাজানা ধার্য্য করিবেন।

২য়।—এই ধারামতে যে হার খাটে, চুক্তি বা দেশাচারক্রমে কিম্বা কোন ন্যায্য কারণে রায়ত তদপেক্ষা নিম্নতর হারে ভোগ করিবার অধিকারী ইহা প্রমাণ করিলে, আদালত নিম্নতর হারে খাজানা ধার্য্য করিবেন।

৩য়।—এই ধারামতে খাজানাবৃদ্ধির যে সকল ডিক্রী হয়, তৎপ্রতি ৪৯ ধারা বর্ত্তিবে; এবং খাজানা প্রচলিত হার অপেক্ষা কম এই হেতু কিম্বা মূল বৃদ্ধি হেতু ধরিয়া ৫ অধ্যায়মত খাজানাবৃদ্ধির মোকদ্দমা হইলে যেরূপ হইত, সেইরূপ এই ধারামত সমুদয় খাজানাবৃদ্ধির মোকদ্দমার প্রতি ৫০ ধারা বর্ত্তিবে।

উদাহরণ।

(ক) কোন২ প্রকারের ভূমির জন্য তালিকায় এইরূপ হার লিখিত আছে,—

কূপ হইতে ভূমিতে জলসেচন করা গেলে ... একর প্রতি ৪ টাকা।

ঐরূপে জলসেচন করা না গেলে... একর প্রতি ২ টাকা।

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আমন্দ, বলরাম, চন্দ্র ও দীনবাথের ষোড, ঐপ্রকারের ভূমি। ঐ২ ষোড়ের অন্তর্গত কূপ হইতে ভাগাতে জলসেচন হয়।

আমন্দের ষোড়ের কূপ পুরাতন, প্রজাস্বত্বসৃষ্টির পূর্ব্ব হইতে আছে। বলরামের ষোড়ের কূপ প্রজাস্বত্বসৃষ্টি হইবারপর ভূম্যধিকারী প্রস্তুত করাইয়াছেন। চন্দ্রের ষোড়ের কূপ রায়ত প্রস্তুত করাইয়াছেন। দীনবাথের ষোড়ের কূপ ভূম্যধিকারী ও রায়ত প্রত্যেক পরিশ্রম ও খরচপত্রার কিয়দংশ দিয়া প্রস্তুত করাইয়াছেন। আমন্দ ও বলরামের ষোড়ের খাজানা একর প্রতি ৪৲ টাকা হারে, চন্দ্রের ষোড়ের খাজানা একর প্রতি ২৲ টাকা হারে, এবং দীনবাথের ষোড়ের খাজানা ২৲ টাকা ও ৪৲ টাকা এই উভয়ের মধ্যবর্ত্তী যে হার আদালত উপযুক্ত ও ন্যায্য বিবেচনা করেন, সেই হারে ধার্য্য করিতে হইবে।

(খ) কোন এক প্রকারের ভূমির নিম্নে তালিকায় যে হার লিখিত আছে, তাহা নিম্নলিখিতরূপ ;—

কোন নদীর শাখা হইতে উক্ত ভূমিতে

জল সেচন করা গেলে ...একর প্রতি ৪৲ টাকা

ঐরূপে জল সেচন করা না গেলে ... একর প্রতি ২৲ টাকা

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত ঈশান ও যদবের ষোড়ের ভূমি উক্ত প্রকারের, এবং তাহাতে চল্লিশ বৎসর পূর্ব্বে ঐ রূপ জল সেচন করা যাইত না, কিন্তু ঐ সময়ে নিকটস্থ একটী নদীর গতি পরিবর্ত্তন হওয়াতে ঐ ষোড়ের পার্শ্বে নূতন একটী নদীর খাত হয়। ঈশান পঞ্চাশ বৎসর আপনার ষোড় দখল করিতেছেন, যাদব ত্রিশ বৎসর মাত্র, ঈশানের ষোড়ের খাজানা ৩৲ টাকা হারে এবং যাদবের ষোড়ের খাজানা ৪৲ টাকা হারে ধার্য্য করিতে হইবে।

১২শ অধ্যায়।

ভূস্বামীর নিজ জমী লিপিবদ্ধ করিবার বিধি

ভূস্বামীর নিজ জমী জরীপ ও লিপিবদ্ধ করিবার আজ্ঞা দিতে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে এইরূপ আদেশ-সূচক আজ্ঞা করিতে পারিবেন যে, কোন নির্দ্দিষ্ট স্থানে ৩০ ধারা মর্ম্মানুযায়ী ভূস্বামীর নিজ জমী বলিয়া যে সকল জমী থাকে, কোন রাজস্ব কর্ম্মচারী তাহা জরীপ করিয়া লিপিবদ্ধ করেন।

১৩৫ ধারা।

ভূস্বামীর নিজ জমী জরীপ ও লিপিবদ্ধ করিবার আজ্ঞা দিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

১৩৬ ধারা। ভূস্বামীর নিজ জমী বলিয়া যে সকল জমী কথিত হইলে, উক্ত জমীর ভূস্বামীর বা কোন প্রজার প্রার্থনা-মতে ও খরচের যত টাকা আবশ্যক হয়, তিনি সেই টাকা আদালতে জমা করিলে, কোন রাজস্ব কর্ম্মচারী এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে বিধি প্রণয়ন করেন, সেই বিধি মানিয়া ও তদনুসারে উক্ত জমী ভূস্বামীর নিজ জমী কি না, ইহা নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিতে পারিবেন।

ভূস্বামী বা প্রজার প্রার্থনামতে নিজ জমীর কথা লিপিবদ্ধ করিতে রাজস্ব কর্ম্মচারীর ক্ষমতার কথা।

১৩৭ ধারা। কোন রাজস্ব কর্ম্মচারী পূর্ব্ব দুই ধারার কোন ধারামতে কার্য্যানুষ্ঠান করিলে, ১১৩, ১১৪, ১১৫ ও ১১৬ ধারার বিধান বর্ত্তিবে।

নিজ জমী লিপিবদ্ধ করিবার কার্য্যপ্রণালীর কথা।

১৩৮ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী নিম্নলিখিত জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করিবেন।—

ভূস্বামীর নিজ জমী নির্ণয় করিবার বিধি।

(ক) যে জমী খামার, জেরাত, সের, নিজ, নিজ ষোত বা কামাত বলিয়া ভূস্বামী নিজে আপন সরঞ্জাম দ্বারা বা আপন চাকর দ্বারা বা দেহলভোগী মজুর দ্বারা এই আইন বিধিবদ্ধ হইবার অব্যবহিত পূর্ব্বে ক্রমাগত বার বৎসর চাষ করিয়াছেন বলিয়া প্রমাণ হয়, সেই জমী, এবং

(খ) যে আবাদী জমী প্রথমাচারক্রমে ভূস্বামীর খামার, জেরাত, সের, নিজ, নিজ ষোত বা কামাত জমী বলিয়া স্বীকৃত হয়, সেই জমী।

(২) অন্য কোন জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করা উচিত কি না, তাহা নিরূপণ করিতে হইলে, উক্ত কর্ম্মচারী দেশাচারের প্রতি এবং ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ১ তারিখের পূর্ব্বে ভূস্বামীর নিজ জমী বলিয়া বিশেষ করিয়া ঐ জমী জমা দেওয়া হইয়াছিল কি না এই কথার প্রতি দৃষ্টি রাখিবেন ; কিন্তু যাবৎ বিপরীত দর্শান না যায়, তাবৎ উক্ত জমী ভূস্বামীর নিজ জমী নহে, এইরূপ অনুমান করিবেন।

(৩) জমী ভূস্বামীর নিজ জমী কিনা, এবিষয়ে দেওয়ানী আদালতে কোন প্রশ্ন উত্থিত হইলে, রাজস্ব কর্ম্মচারীদের কার্য্যপদ্ধতি প্রদর্শনার্থ এই ধারায় যে নিয়ম নির্দ্দিষ্ট হইল, উক্ত আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

১৩শ অধ্যায়।

ভোক করিবার বিধি।

১৩৯ ধারা। কোন রায়তের বা মোকর্রী রায়তের ভূম্যধিকারীর বাকী খাজনা পাওনা হইলে, ও এক বৎসরের অধিক কাল পাওনা হইয়া না থাকিলে, এবং তজ্জন্য ভূম্যধিকারী কোন জামিন না লইয়া থাকিলে, উক্ত ভূম্যধিকারী আদালতে অন্য যে প্রতিকার পাইতে পারেন, তদতিরিক্ত দেওয়ানী আদালতে দরখাস্ত দাখিল করিয়া এই প্রার্থনা করিতে পারিবেন, যে উক্ত আদালত ঐ কৃষকের দখলে যাহা আছে,

যে স্থলে ভোকের দরখাস্ত করা যাইতে পারিবে তাহার কথা।

(ক) এরূপ যে কোন শস্য বা ভূমির অন্য উৎপন্ন ঐ ষোতে কাটা বা তোলা না হইয়া থাকে, ও

(খ) এরূপ যে কোন শস্য বা ভূমির অন্য উৎপন্ন উক্ত ষোতে জন্মিয়াছে, এবং কাটা বা কোন গিয়া ঐ ষোতে না শস্য রাখিবার স্থানে, কিম্বা (ক্ষেত্রবিশেষে উভয় স্থানে) শস্যমাড়াই প্রস্তুত করিবার স্থানে রক্ষিত হইয়াছে,

ভোক করিয়া উক্ত বাকী খাজনা আদায় করেন।

কিন্তু

(১) ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনমত অর্থকরণানুযায়ী ভূম্যধিকারীর বা কার্য্যাধ্যক্ষের কিম্বা তদীয় বন্ধকগ্রহীতার নাম ও যে

ভূমি সম্বন্ধে বাকী খাজানা পাওনা হয় সেই ভূমিতে তাঁহার স্বার্থের পরিমাণ যদি উক্ত আইনের বিধানমতে রেজিষ্টরী করা না হইয়া থাকে, তবে তৎকর্ত্তৃক, কিম্বা

(২) পূর্ব্ব কৃষি বৎসরে যোতের নিমিত্ত দেয় খাজানার অতিরিক্ত যে কোন টাকা লিখিত চুক্তিমতে কিম্বা এই আইনমত বা এতদ্দ্বারা রহিত করা কোন আইনমত কর্ম্মানুষ্ঠানক্রমে দিতে না হয়, সেই টাকা আদায়ের নিমিত্ত; কিম্বা

(৩) যোতের যে কোন অংশ প্রজা ভূম্যধিকারীর লিখিত সম্মতি লইয়া পেটাও বিলি করিয়াছে, সেই অংশের উৎপন্ন সম্বন্ধে,

এই ধারামতে দরখাস্ত করা যাইবে না।

যে পাঠে দরখাস্ত লিখিতে হইবে তাহার কথা।

১৪০ ধারা। (১) পূর্ব্ব ধারামত প্রত্যেক দরখাস্তে এই এই বিশেষ কথা লিখিত থাকিবে,—

(ক) যে যোত সম্বন্ধে বাকী খাজানার দাওয়া হয় তাহা এবং তাহার সীমা অথবা তাহা যাহাতে চেনা যায় এরূপ অন্য বৃত্তান্ত;

(খ) প্রজার নাম;

(গ) যে কালের বাকী খাজানার দাওয়া হয়, তাহা;

(ঘ) যত টাকা বাকী খাজানা এবং তাহার উপর সুদের দাওয়া থাকিলে, সেই সুদ, এবং পূর্ব্বপুরুষিত বৎসরে প্রজার দেয় খাজানা অপেক্ষা অধিক টাকা দাওয়া করা গেলে, যে চুক্তি বা স্থল বিশেষে, আনুষ্ঠানিক কার্য্যক্রমে ঐ টাকা দেয় হয়, তাহা;

(ঙ) যে উৎপন্ন ক্রোক করিতে হইবে, তাহার ভাব ও আনুমানিক মূল্য;

(চ) যে স্থানে উহা পাওয়া যাইবে, তাহা কিম্বা উহা চিনিবার নিমিত্ত অন্য যেরূপ বৃত্তান্ত প্রচুর হয়, তাহা; এবং

(ছ) উহা জমীতে থাকিলে বা সংগ্রহ করা না গিয়া থাকিলে, যে সময়ে উহা কাটা বা সংগৃহীত হইবার সম্ভাবনা, সেই সময়।

(২) দেওয়ানী মোকদ্দমার সাধারণপ্রণালী বিষয়ক আইনে আবেদনপত্রে যেরূপে স্বাক্ষর করিতে ও সত্যপাঠ লিখিতে হয়, পূর্ব্বোক্তরূপ প্রত্যেক দরখাস্তে সেইরূপে স্বাক্ষর করিতে ও সত্যপাঠ লিখিতে হইবে; এবং ঐরূপ সত্যপাঠযুক্ত দরখাস্তে যদি এরূপ কোন কথা থাকে, যাহা সত্যপাঠকারী ব্যক্তি মিথ্যা বলিয়া জানেন বা বিশ্বাস করেন, কিম্বা যাহা সত্য বলিয়া জানেন না বা বিশ্বাস করেন না, তবে মিথ্যা সাক্ষ্য দিবার বা প্রস্তুত করিবার দণ্ডবিষয়ক যৎকালে যে আইন প্রচলিত থাকে সেই আইনের বিধানানুসারে ঐ ব্যক্তির দণ্ড হইতে পারিবে।

দরখাস্ত পাইলে কার্য্যপ্রণালীর কথা।

১৪১ ধারা। (১) দরখাস্তকারী পূর্ব্ব ধারামতে দরখাস্ত দাখিল করিবার সময়ে দরখাস্তের কার্য্য পক্ষে সাক্ষ্যস্বরূপ কোন দলীল আবশ্যক বিবেচন করিলে, তাহা উক্ত আদালতে দাখিল করিতে পারিবেন।

(২) আদালত উচিত বোধ করিলে দরখাস্তকারিকে পরীক্ষা করিতে পারিবেন, ও যত দূর সাধ্য এই বিষয় করিয়া দরখাস্ত গ্রাহ্য বা অগ্রাহ্য করিবেন, কিম্বা তাঁহার প্রতিপোষণার্থ অধিকতর সাক্ষ্য দিবার নিমিত্ত দরখাস্তকারীর প্রতি অনুমতি দিতে পারিবেন।

(৩) আদালত (২) প্রকরণমতে দরখাস্ত অবিলম্বে গ্রাহ্য বা অগ্রাহ্য করিতে না পারিলে, যদি উচিত বোধ করেন, দরখাস্তের লিখিত শস্য ক্রোক করিবার আজ্ঞা জারী হইবার কিম্বা দরখাস্ত অগ্রাহ্য হইবার অপেক্ষায় ঐ শস্য স্থানান্তর করিতে নিষেধ করিয়া আজ্ঞা করিতে পারিবেন।

(৪) যে সময়ে উৎপন্ন শস্য কাটা বা সংগৃহীত হইবার সম্ভাবনা, তাহার অনেক কাল পূর্ব্বে ঐ শস্য ক্রোক করিবার আজ্ঞা করা গেলে, আদালত যত কাল উচিত বোধ করেন তত কাল ঐ আজ্ঞা জারী করণ স্থগিত রাখিতে পারিবেন, এবং উচিত বোধ করিলে ক্রোকের আজ্ঞা জারী হইবার অপেক্ষায় ঐ শস্য স্থানান্তর করা নিষেধ করিয়া আর এক আজ্ঞা করিতে পারিবেন।

ক্রোক করিবার আজ্ঞা জারী হইবার কথা।

১৪২ ধারা। পূর্ব্ব ধারামতে দরখাস্ত গ্রাহ্য করা গেলে, আদালত উল্লিখিত উৎপন্ন শস্যাদি অথবা ঐ শস্যাদির যে অংশ উচিত বোধ করেন, সেই অংশ ক্রোক করিবার নিমিত্ত একজন কর্ম্মচারী প্রেরণ করিবেন, এবং ঐ উৎপন্ন শস্যাদি যেখানে থাকে, উক্ত কর্ম্মচারী সেই স্থানে গিয়া ঐ শস্যাদি হইতে পক্ষে আদালতের পক্ষে তাহা অন্য কোন ব্যক্তির জিম্মা রাখিয়া এবং হাই কোর্ট সেই মন্ত্রের যে বিধি করুন, তদনুসারে ক্রোকের বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ঐ উৎপন্ন শস্যাদি ক্রোক করিবেন।

কিন্তু যে উৎপন্ন শস্যাদির ভাব বিবেচনায় তাহা সঞ্চিত করিয়া রাখা যায় না, সেই শস্যাদি কাটিবার বা সংগ্রহ করিবার যোগ্য হইবার পূর্ব্বে বিশ দিনের ন্যূন কোন সময়ে এই ধারামতে তাহা ক্রোক করা যাইবে না।

দাবীপত্র ও হিসাব জারী করিবার কথা।

১৪৩ ধারা। (১) ক্রোককারী কর্ম্মচারী ক্রোক করিবার সময়ে পাওনা বাকী খাজানার ও ক্রোক করিবার খরচের দাবীপত্র লিখিয়া বাকীদারের উপর জারী করিবেন এবং যে হেতুতে ক্রোক করা যায়, তাহা দর্শাইয়া এ সঙ্গে এক হিসাব দিবেন।

(২) যে স্থলে ক্রোককারী কর্ম্মচারী এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন, যে বাকীদার ছাড়া অন্য কোন ব্যক্তি ক্রোককৃত সম্পত্তির মালিক, সেই স্থলে তিনি উক্ত ব্যক্তির উপরও দাবীপত্রের ও হিসাবের নকল জারী করিবেন।

(৩) দাবীপত্র ও হিসাব সাধ্য হইলে যে ব্যক্তির উপর জারী করিতে হইবে, নিজ তাঁহাকেই দেওয়া যাইবে; কিন্তু যে ব্যক্তির উপর জারী করিতে হইবে সেই ব্যক্তি পলাইলে বা গোপনে থাকিলে, কিম্বা অন্য কারণে তাঁহাকে পাওয়া যাইতে না পারিলে, তিনি সচরাচর যে বাটীতে বাস করেন সেই বাটীর কোন প্রকাশ্য স্থানে উক্ত কর্ম্মচারী উক্ত দাবীপত্রের ও হিসাবের নকল লাগাইয়া দিবেন।

১৪৪ ধারা। (১) এই ধারামতে ক্রোক হইলে তাহাতে কোন শস্যাদি কাটিতে বা তুলিতে বা গোলাজাত করিতে কিম্বা তাহা উপযুক্তরূপে রক্ষা করণার্থ অন্য যে কোন কার্য্য করা আবশ্যক হয়, তাহা করিতে কোন ব্যক্তির বাধা হইবে না।

শস্যাদি কর্ত্তন প্রভৃতি করিবার স্বত্বের কথা।

(২) যে ব্যক্তির পূর্ব্বোক্ত কার্য্য করিবার স্বত্ব থাকে, যথাকালে সেই ব্যক্তির ত্রুটি হইলে, ক্রোককারী কর্ম্মচারী ক্রোককৃত ক্ষেত্রস্থ ফসল বা অসংগৃহীত শস্যাদি পাকিলে কাটাইবেন বা সংগ্রহ করাইবেন, এবং গোলা প্রভৃতি যে স্থান তদর্থে সচরাচর ব্যবহৃত হয়, তথায় কিম্বা নিকটস্থ অন্য কোন সুবিধামত স্থানে ঐ ফসল প্রভৃতি সঞ্চিত করিয়া রাখিবেন, কিম্বা তাহা উপযুক্তমতে রক্ষা করিবার নিমিত্ত অন্য যাহা কিছু আবশ্যকহয় তাহা করিবেন।

(৩) উভয় স্থলেই ক্রোককৃত সম্পত্তি ক্রোককারী কর্ম্মচারীর জিম্মায় কিম্বা তিনি এতদর্থে অন্য যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন, সেই ব্যক্তির জিম্মায় থাকিবে।

১৪৫ ধারা। (১) ক্রোক করিবার সমুদয় খরচা সমেত দাবীর টাকা অবিলম্বে শোধ করা না গেলে, সম্পত্তি ক্রোককারী কর্ম্মচারী ঘোষণাপত্র প্রচার করিবেন। তাহাতে ক্রোককৃত সম্পত্তির বিশেষ বৃত্তান্ত এবং যে দাবীর জন্য উহা ক্রোক করা হয় তাহা লেখা যাইবে, এবং এক সম্বাদ দেওয়া যাইবে, যে তিনি ক্রোক করিবার পর দিন দিনের কম না হয় কিম্বা সাত দিনের অধিক না হয়, এরূপ কোন নির্দ্দিষ্ট দিনে কোন স্থানে ক্রোককৃত সম্পত্তি প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রয় করিবেন।

দাবী শোধ করা না গেলে নীলামের ঘোষণাপত্র প্রচার করিবার কথা।

কিন্তু ক্রোককৃত শস্যের বা দ্রব্যের ভাব বিবেচনায় তাহা সঞ্চিত করিয়া রাখা যাইতে পারিলে কিন্তু সঞ্চিত না হইয়া থাকিলে, নীলামের দিন এরূপে ধার্য্য করিতে হইবে যাহাতে ঐ দিনের পূর্ব্বে ঐ শস্যাদি সঞ্চিত করণার্থ প্রস্তুত করিয়া রাখা যায়।

(২) যে ভূমির বাকী খাজানার দাওয়া হয়, সেই ভূমি যে গ্রামে থাকে, সেই গ্রামের কোন সুপ্রকাশ স্থানে ঐ ঘোষণাপত্র লাগাইয়া দেওয়া হইবে।

১৪৬ ধারা। ক্রোক করা দ্রব্য যেখানে থাকে সেই স্থানে নীলাম করা যাইবে, কিম্বা যদি ক্রোককারী কর্ম্মচারীর এরূপ মত হয়, যে নিকটস্থ সাধারণের গমনাগমনের স্থানে নীলাম হইলে, অধিকতর মূল্য পাইবার সম্ভাবনা, তবে সেই স্থানে নীলাম হইবে।

নীলাম হইবার স্থানের কথা।

১৪৭ ধারা। (১) যে সকল ফসলের বা উৎপন্ন দ্রব্যের ভাব বিবেচনায় তাহা সঞ্চিত করিয়া রাখা যাইতে পারে, তাহা কাটিয়া বা তুলিয়া সঞ্চিত করণার্থ প্রস্তুত করিবার পূর্ব্বে বিক্রয় করা যাইবে না।

ক্ষেত্রস্থ শস্যাদি বিক্রয় করিতে পারিবার কথা।

(২) যে সকল ফসলের বা উৎপন্ন দ্রব্যের ভাব বিবেচনায় তাহা সঞ্চিত করিয়া রাখিতে পারা যায় না, সেই সকল ফসল প্রভৃতি কাটিবার বা তুলিবার পূর্ব্বে বিক্রয় করা যাইতে পারিবে; এবং ক্রেতা নিজে কিম্বা এতদর্থে তাঁহার নিযুক্ত কোন ব্যক্তির দ্বারা উক্ত ভূমিতে প্রবেশ করিয়া ঐ ফসল প্রভৃতির রক্ষা করিতে ও তাহা কাটিতে বা তুলিতে গেলে, যাহা কিছু আবশ্যক হয়, তাহা করিতে স্বত্ববান হইবেন।

১৪৮ ধারা। নীলামকারক কর্ম্মচারী যাহা পরামর্শসিদ্ধ জ্ঞান করেন, তদ্রূপ এক বা অধিক লাটে উক্ত সম্পত্তি প্রকাশ্য নীলামে বিক্রয় করা যাইবে; এবং ক্রোক ও নীলাম করিবার খরচা সমেত দাবীর টাকা উক্ত সম্পত্তির কিয়দংশ বিক্রয় দ্বারা শোধ করা গেলে, তৎক্ষণাৎ অবশিষ্টাংশ সম্বন্ধে ক্রোক উঠাইয়া লওয়া যাইবে।

যে প্রকারে বিক্রয় করিতে হইবে তাহার কথা।

১৪৯ ধারা। উক্ত সম্পত্তি নীলামে চড়ান গেলে, যদি নীলামকারক কর্ম্মচারীর বিবেচনায় তাঁহার ন্যায্য মূল্য ডাক না হয়, এবং ঐ সম্পত্তির মালিক অথবা তাঁহার পক্ষে কার্য্য করিতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি পরদিন পর্য্যন্ত কিম্বা নীলামের স্থানে হাট হওয়া থাকিলে, পরবর্ত্তী হাটের দিন পর্য্যন্ত নীলাম স্থগিত রাখিবার প্রার্থনা করেন, তবে উক্ত দিন পর্য্যন্ত নীলাম বন্ধ থাকিবে, এবং সেই দিন উক্ত সম্পত্তির নিমিত্ত যে কোন মূল্য ডাক হউক না কেন বিক্রয় কার্য্য সম্পূর্ণ করা যাইবে।

বিক্রয় স্থগিত রাখিবার কথা।

১৫০ ধারা। প্রত্যেক লাটের মূল্য নীলামের সময়ে, কিম্বা নীলামকারক কর্ম্মচারী তৎপরে যত শীঘ্র দিবার আদেশ করেন, দেওয়া যাইবে, এবং ঐরূপে টাকা দেওয়া না গেলে, উক্ত সম্পত্তি পুনর্ব্বার নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে।

ক্রয়ের টাকা দিবার কথা।

১৫১ ধারা। সমস্ত ক্রয়ের টাকা দেওয়া গেলে, নীলামকারক কর্ম্মচারী ক্রেতাকে এক সার্টিফিকেট দিবেন। ক্রেতা যে সম্পত্তি ক্রয় করিলেন, এবং যে মূল্য দিলেন, ঐ সার্টিফিকেটে তাহা লেখা থাকিবে।

ক্রেতাকে যে সার্টিফিকেট দেওয়া যাইবে তাহার কথা।

১৫২ ধারা। (১) এই অধ্যায়মতে ক্রোক করা সম্পত্তির প্রত্যেক নীলামে যে টাকা উৎপন্ন হয়, তাহা হইতে নীলামকারক কর্ম্মচারী ক্রোকের ও নীলামের খরচ দিবেন। এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে বিধি প্রণয়ন করিবেন, সেই বিধির নির্দ্দিষ্ট খরচের হারানুসারে উক্ত খরচ ধরা যাইবে।

নীলামের উৎপন্ন টাকা যেরূপে প্রয়োগ করিতে হইবে তাহার কথা।

(২) যে বাকী খাজানার জন্যে ক্রোক হয়, নীলামের দিন পর্য্যন্ত তাহার সুদ সমেত সেই বাকী খাজানা শোধ করিতে অবশিষ্ট টাকা প্রয়োগ করা যাইবে; এবং কিছু উদ্বর্ত্ত থাকিলে যে ব্যক্তির সম্পত্তি নীলাম হয় সেই ব্যক্তিকে দেওয়া যাইবে।

১৫৩ ধারা। এই আইনমতে সম্পত্তি নীলামকারক কর্ম্মচারীদিগকে এবং তাঁহাদের নিযুক্ত বা অধীন সকল ব্যক্তিকে নিষেধ করা যাইতেছে, যে তাঁহারা উক্ত কর্ম্মচারীদের নীলাম করা কোন সম্পত্তি নিজে বা অন্যের দ্বারা ক্রয় করিবেন না।

কোন কর্ম্মচারীদের ক্রয় করিতে না পারিবার কথা।

১৫৪ ধারা। (১) এই অধ্যায়মত ক্রোক করিবার পরে এবং ক্রোক করা সম্পত্তির নীলাম হইবার পূর্ব্বে কোন সময়ে যদি বাকীদার কিম্বা ক্রোক করা সম্পত্তির মালিক বাকীদার না হইলে তিনি, যে আদালত ক্রোকের আজ্ঞা দেন, সেই আদালতে কিম্বা ক্রোককারী কর্ম্মচারীর হস্তে ১৪৩ ধারামতে জারী করা দাবীপত্রের নির্দ্দিষ্ট টাকা ও উক্ত দাবীপত্র জারী করা গেলে পর যে সকল খরচা পড়িয়া থাকে, তাহা আমানত করেন, তবে উক্ত আদালত কিম্বা স্থল বিশেষে উক্ত কর্ম্মচারী তাহার রসীদ দিবেন, এবং ঐ ক্রোক তৎক্ষণাৎ উঠাইয়া লওয়া যাইবে।

নীলামের পূর্ব্বে দাবীর টাকা দেওয়া গেলে কার্য্য-প্রণালীর কথা।

(২) ক্রোককারী কর্ম্মচারী ঐরূপ আমানত পাইলে, উহা তৎক্ষণাৎ উক্ত আদালতে দিবেন।

(৩) যিনি বাকীদার নহেন, ক্রোক করা সম্পত্তির এরূপ মালিককে এই ধারামতে রসীদ দেওয়া গেলে, যে বাকী খাজানার নিমিত্ত ক্রোক করা যায়, সেই বাকী খাজানার জন্য পরবর্ত্তী কোন দাওয়া হইতে তিনি সম্পূর্ণরূপে নিষ্কৃতি পাইবেন।

(৪) ক্রোক করা সম্পত্তির মালিক ক্রোকের বৈধতার প্রতিবাদ করিয়া ক্ষতিপূরণ পাইবার দাওয়া করিয়া দরখাস্তকারীর বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিয়া না থাকিলে, এই ধারামতে আমানত করিবার তারিখ অবধি এক মাস গত হইলে পর আদালত ক্রোকের দরখাস্তকারীকে আমানতী টাকা হইতে তাঁহার পাওনা টাকা দিবেন।

(৫) কোন অধস্তন প্রজা এই ধারামতে টাকা আমানত করিলে, ভূম্যধিকারী তাহা লইয়াছেন বলিয়া কেবল এই কারণে তিনি তাঁহার প্রজার মোট বা তাহার কোন অংশ পেটাও বিলি করিতে সম্মতি দিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে না।

১৫৫ ধারা। (১) উর্দ্ধতন প্রজার ত্রুটি হেতুক যে কোন অধস্তন প্রজার সম্পত্তি এই অধ্যায়মতে বৈধভাবে ক্রোক করা যায়, তিনি পূর্ব্ব ধারামতে কোন টাকা দিলে, তাঁহার নিজ ভূম্যধিকারীকে যে খাজানা দিতে হয়, সেই খাজানা হইতে উক্ত টাকা কাটিয়া লইতে পারিবেন, এবং সেই ভূম্যধিকারী বাকীদার না হইলে, তিনি তাঁহার নিজ ভূম্যধিকারীকে দেয় খাজানা হইতে ঐরূপে উক্ত টাকা কাটিয়া লইতে পারিবেন; এবং যাবৎ বাকীদার পর্য্যন্ত না পহুছে তাবৎ এইরূপ চলিবে।

পেটাও প্রজা আপন পাটাদাতার জন্য যে টাকা দেন, তাহা খাজানা হইতে কাটিয়া লইতে পারিবার কথা।

(২) কোন অধস্তন প্রজা পূর্ব্ব ধারামতে কোন টাকা দিলে, এই ধারামতে উক্ত টাকার যে কোন অংশ কাটিয়া লন নাই, বাকীদারের স্থানে তাহা আদায় করণার্থ তাঁহার যে মোকদ্দমা করিবার স্বত্ব আছে, এই ধারার কোন কথাক্রমে সেই স্বত্বের বিঘ্ন হইবে না।

১৫৬ ধারা। ভূমি পেটাও বিলি করা গেলে, যদি একই সম্পত্তিক্রোককারী উর্দ্ধতন ও অধস্তন ভূম্যধিকারীর স্বত্বের মধ্যে এই অধ্যায়মতে বিরোধ উপস্থিত হয়, তবে উর্দ্ধতন ভূম্যধিকারীর স্বত্ব প্রবল হইবে।

উর্দ্ধতন ও অধস্তন ভূম্যধিকারীর স্বত্বের মধ্যে বিরোধের কথা।

১৫৭ ধারা। এই অধ্যায়মতে দত্ত ক্রোকের আজ্ঞা এবং ক্রোকের বিষয়ীভূত সম্পত্তি আটক বা বিক্রয় করণার্থ কোন দেওয়ানী আদালতের দত্ত আজ্ঞা, এই উভয়ের মধ্যে বিরোধ উপস্থিত হইলে, ক্রোকের আজ্ঞা প্রবল হইবে; কিন্তু উক্ত আজ্ঞাক্রমে ঐ সম্পত্তি নীলাম করা গেলে, নীলামের উৎপন্ন উদ্বৃত্ত টাকা যে আদালত আটক বা বিক্রয় করিবার আজ্ঞা দেন, সেই আদালতের অনুমতিবিনা ১৫২ ধারামতে উক্ত সম্পত্তির মালিককে দেওয়া যাইবে না।

যে সম্পত্তি আটক আছে তাহা ক্রোক করিবার কথা।

১৫৮ ধারা। এই অধ্যায়মতে কোন দেওয়ানী আদালত যে কোন আদেশ করেন, তাহার উপর আপীল চলিবে না; কিন্তু যেস্থলে ১৪৯ ধারামতে দরখাস্ত করিবার অনুমতি নাই সেই স্থলে ১৪০ ধারামতে দরখাস্ত হওয়াতে যাহার সম্পত্তি ক্রোক করা গিয়াছে, সেই ব্যক্তি দরখাস্তকারীর বিরুদ্ধে ক্ষতিপূরণ পাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

অন্যায় ক্রোকের নিমিত্ত ক্ষতিপূরণের মোকদ্দমার কথা।

১৪শ অধ্যায়।

বিচার সম্পর্কীয় কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

১৫৯। (১) কাই কোর্ট সময়ের স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে এইরূপ আদেশসূচক বিধি প্রণয়ন করিতে পারিবেন যে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিশেষ কোন অংশ ভূম্যধিকারী ও প্রজার মধ্যে ভূম্যধিকারী ও প্রজা বলিয়া কোন মোকদ্দমার প্রতি কিম্বা ঐরূপ বিশেষ কোন শ্রেণীর মোকদ্দমার প্রতি বর্ত্তিবে না, কিম্বা বিধির নির্দ্দিষ্ট পরিবর্ত্তন সহকারে বর্ত্তিবে।

ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমায় বর্ত্তাইতে হইলে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন লঘু বা বর্দ্ধিত করিবার ক্ষমতার কথা।

(২) ঐরূপে প্রণীত বিধির নিয়মাধীনে এবং এই আইনের অন্যান্য বিধানের নিয়মাধীনে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন ঐরূপ সকল মোকদ্দমার প্রতি বর্ত্তিবে।

১৬০ ধারা। (১) যে ভূমি সম্পর্কে পক্ষদিগের মধ্যে ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধ থাকে, তাহার দখল পাইবার মোকদ্দমা গ্রহণ করিতে যে দেওয়ানী আদালতের ক্ষমতা থাকে, প্রজা ও ভূম্যধিকারীর মধ্যে যে সকল মোকদ্দমা

আইনমত আনুষ্ঠানিক কার্য্যে বিচারাধিপতির কথা।

উপস্থিত হয়, তাহার হেতু দেওয়ানী মোকদ্দমার কার্য্য-প্রণালী বিষয়ক আইনের কার্য্যপক্ষে সেই দেওয়ানী আদালতের বিচারাধীন স্থানের মধ্যে স্থিত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(২) এই আইন অনুসারে কোন দেওয়ানী আদালত ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইলে, ঐ যোতের দখল পাইবার মোকদ্দমা গ্রহণ করিতে যে আদালতের ক্ষমতা থাকে, সেই আদালতে প্রার্থনা করিতে হইবে।

নায়েব বা গোমস্তাদের স্বীকৃত মোক্তার হইবার কথা।

১৬১ ধারা। কোন ভূম্যধিকারীর যে কোন নায়েব বা গোমস্তা ভূম্যধিকারীর স্বাক্ষরিত ক্ষমতাপত্রক্রমে এতদর্থে ক্ষমতা প্রাপ্ত হন, তিনি ঐরূপ প্রত্যেক মোকদ্দমার কার্য্যপক্ষে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের অর্থমতে উক্ত ভূম্যধিকারীর স্বীকৃত মোক্তার বলিয়া গণ্য হইবেন। যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে, বা উপস্থিত থাকে, সেই আদালতের বিচারাধীন স্থানের মধ্যে উক্ত ভূম্যধিকারী উপস্থিত থাকিলেও এইরূপ হইবে।

মোকদ্দমার বিশেষ রেজিষ্টরের কথা।

১৬২ ধারা। উক্তরূপ মোকদ্দমা হইলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৫৮ ধারার উল্লিখিত বিশেষ বৃত্তান্ত উক্ত ধারার নির্দ্দিষ্ট দেওয়ানী মোকদ্দমার রেজিষ্টরে না লিখিয়া বিশেষ এক রেজিষ্টরে লিখিতে হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে পাঠ নির্দ্দেশ করেন, সেই পাঠ প্রত্যেক দেওয়ানী আদালত ঐ বিশেষ রেজিষ্টর রাখিবেন।

খাজানার মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

১৬৩ ধারা। খাজানা আদায় করিবার মোকদ্দমার নিম্নলিখিত বিধি খাটিবে।—

(ক) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ১২১ অবধি ১২৭ পর্য্যন্ত ধারা ও ১২৯ ধারা ও ৩০৫ ধারা ও ৩২০ অবধি ৩২৫ পর্য্যন্ত ধারা ঐরূপ কোন মোকদ্দমায় খাটিবে না।

(খ) আবেদনপত্রে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫০ ধারার লিখিত বিশেষ কথার অতিরিক্ত প্রজার ভোগকৃত ভূমির অবস্থান ও নাম ও পরিমাণ ও সীমা লিখিতে হইবে, অথবা বাদী পরিমাণ বা সীমা দিতে অক্ষম হইলে তৎপরিবর্ত্তে চিনিবার উপযুক্ত বর্ণনা দিতে হইবে।

(গ) কেবল তদন্ত করিবার নিমিত্ত সমন দেওয়া উচিত, আদালতের এরূপ মত না হইলে, ঐরূপ প্রত্যেক মোকদ্দমায় মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া যাইবে।

(ঘ) প্রতিবাদীর উপর সমন জারী করিতে হইলে, যদি আদালত আদেশ করেন তবে অন্য কোন প্রকারে জারী করিবার অতিরিক্ত বা পরিবর্ত্তে প্রতিবাদির নামে শিরোনামা দিয়া ও ভারতবর্ষীয় ডাকঘর বিষয়ক ১৮৬৬ সালের আইনের ৩য় খণ্ডমতে রেজিষ্টরী করিয়া পত্রদ্বারা ডাকযোগে সমন পাঠাইয়া তাহা জারী করা যাইতে পারিবে।

(ঙ) আদালতের অনুমতি বিনা বর্ণনাপত্র দাখিল করা যাইবে না।

(চ) আপীলের অনুমতি থাকুক বা না থাকুক, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৮৯ ধারায় সাক্ষীদের সাক্ষ্য লিপিবদ্ধ করিবার যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা খাটিবে।

(ছ) বাকীখাজানার নিমিত্ত উচ্ছেদ করিবার ডিক্রী না হইলে, আদালত ডিক্রী দিবার সময়ে ডিক্রীদারের বাচনিক প্রার্থনামতে ঐ ডিক্রী জারী করিবার আজ্ঞা দিতে পারিবেন।

(জ) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৩৯ ধারার প্রকারান্তরের কথা থাকিলেও, কোন ভূম্যধিকারী বাকী খাজানার যে ডিক্রী পান, সেই ডিক্রী যাঁহাকে হস্তান্তর করিয়া দেওয়া যায়, তাঁহার প্রতি ভূম্যধিকারির ভূমিগত স্বার্থ বর্ত্তিয়া না থাকিলে তিনি ঐ ডিক্রীজারী করিবার দরখাস্ত করিবেন না।

তৃতীয় ব্যক্তির নিকট যে টাকা দেনা আছে স্বীকার করা যায়, তাহা আদালতে দিবার কথা।

১৬৪ ধারা। (১) যদি প্রতিবাদী স্বীকার করে, যে খাজানার নিমিত্ত তাহার স্থানে টাকা পাওনা আছে, কিন্তু উত্তর দেয় যে বাদীর নিকট নহে, তৃতীয় কোন ব্যক্তির নিকট ঐ খাজানা দিতে হইবে, তবে আদালত যাবৎ প্রতিবাদী আদালতে ঐরূপ দেনা বলিয়া স্বীকৃত টাকা না দেয়, তাবৎ ঐ উত্তর গ্রাহ্য করিতে অস্বীকার করিবেন, অন্যথা বিশেষ হেতু লিপিবদ্ধ করিবেন।

(২) ঐরূপে টাকা দেওয়া গেলে, আদালত ঐ টাকা দিবার নোটিস অবিলম্বে ঐ তৃতীয় ব্যক্তির উপরে জারী করাইবেন।

(৩) ঐ তৃতীয় ব্যক্তি নোটিস প্রাপ্ত হইবার তিন মাসের মধ্যে বাদীর বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিয়া ঐ টাকা প্রদান বিষয়ে করণার্থ আজ্ঞা না পাইলে, বাদীর প্রার্থনামতে ঐ টাকা তাঁহাকে বাহির করিয়া দেওয়া যাইবে।

(৪) বাদীকে (৩) প্রকরণমতে যে টাকা দেওয়া যায়, তাহার স্থানে তাহা পাইবার স্বত্ব কোন ব্যক্তির থাকিলে, এই ধারার কোন কথাক্রমে ঐ স্বত্বের বিঘ্ন হইবে না।

ভূম্যধিকারীর পাওনা বলিয়া স্বীকৃত টাকা আদালতে দিবার কথা।

১৬৫ ধারা। যদি প্রতিবাদী স্বীকার করে যে, খাজানার বাবদ তাহার স্থানে বাদীর টাকা পাওনা আছে, কিন্তু উত্তর দেয় যে পাওনা টাকা অপেক্ষা অধিক টাকার দাওয়া হইয়াছে, তবে আদালত, যাবৎ প্রতিবাদী আদালতে ঐরূপ দেনা বলিয়া স্বীকৃত টাকা না দেয়, তাবৎ ঐ উত্তর গ্রাহ্য করিতে অস্বীকার করিবেন, অন্যথা বিশেষ হেতু লিপিবদ্ধ করিবেন।

কিস্তিক্রমে টাকা দিবার বিধানের কথা।

১৬৬ ধারা। পূর্ব্ব দুই ধারার কোন ধারামতে কোন প্রতিবাদী আদালতে টাকা দিতে দায়ী হইলে, যদি আদালত বিবেচনা করেন যে ঐ টাকা কিস্তিক্রমে দিবার আজ্ঞা করিবার উপযুক্ত হেতু আছে, তবে আদালত যে কিস্তির টাকা দিবার আদেশ করেন তাহা প্রতিবাদী আদালতে দিলে, তাহার উত্তর গ্রাহ্য করিতে পারিবেন।

আদালতের রসীদ দিবার কথা।

১৬৭ ধারা। উক্ত দুই ধারার কোন ধারামতে কোন প্রতিবাদী আদালতে টাকা দিলে, আদালত প্রতিবাদীকে রসীদ দিবেন; এবং বাদী বা স্থলবিশেষে তৃতীয় ব্যক্তি রসীদ দিলে, তাহাতে যে প্রকারে ও যে পরিমাণে উক্ত বাকী খাজানার নিমিত্ত নিষ্কৃতি হইত, ঐরূপে যে রসীদ দেওয়া যায়, তাহাতেও সেই প্রকারে ও সেই পরিমাণে নিষ্কৃতি হইবে।

খাজানার মোকদ্দমায় আপীলের কথা।

১৬৮ ধারা। কোন স্থলে ডিক্রীতে বা আজ্ঞায় বিরুদ্ধ দাওয়াবিশিষ্ট পক্ষদের মধ্যে ভূমির স্বত্বসংক্রান্ত কিম্বা ভূমিগত কোন স্বার্থ সংক্রান্ত কোন প্রশ্নের কিম্বা কোন প্রজার খাজানা বৃদ্ধির বা পরিবর্ত্তন করিবার স্বত্ব সংক্রান্ত কোন প্রশ্নের নিষ্পত্তি না হইলে;

(ক) যে স্থলে জিলার জজ সাহেব কিম্বা আডিশানাল জজ কিম্বা সবর্ডিনেট জজ ডিক্রী বা আজ্ঞা দেন, এবং মোকদ্দমার দাওয়ার টাকা একশত টাকার অধিক না হয়, কিম্বা

(খ) যে স্থলে এই ধারামতে চূড়ান্ত বিচারাধিপত্যক্রমে কার্য্য করিতে স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন বিচার সম্পর্কীয় কার্য্যকারক ডিক্রী বা আজ্ঞা দেন, এবং মোকদ্দমার দাওয়ার টাকা পঞ্চাশ টাকার অধিক না হয়,

সেই স্থলে খাজানা পাইবার নিমিত্ত ভূম্যধিকারী মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ মোকদ্দমায় প্রথমতঃ বা আপীলে যে ডিক্রী বা আজ্ঞা হয়, তাহার উপর আপীল চলিবে না।

কিন্তু যদি দৃষ্ট হয় যে উক্ত বিচারসম্পর্কীয় কার্য্যকারকের আইনমতে যে ক্ষমতা নাই, তিনি সেই ক্ষমতাক্রমে কার্য্য করিয়াছেন, কিম্বা তাঁহার যে ক্ষমতা আছে তদনুসারে কার্য্য করিতে ত্রুটি করিয়াছেন, কিম্বা আপন ক্ষমতানুসারে কার্য্য করিতে গিয়া বে-আইনীমতে বা গুরুতর অনিয়মসহকারে কার্য্য করিয়াছেন, তবে যে ডিক্রী বা আজ্ঞা সম্বন্ধে এই ধারা খাটে, কোন মোকদ্দমায় পূর্ব্বোক্তরূপ কোন বিচারসম্পর্কীয় কার্য্যকারক তদ্রূপ ডিক্রী বা আজ্ঞা দিলে, জিলার জজ সাহেব ঐ মোকদ্দমার নথী তলব করিতে পারিবেন; এবং যেরূপ আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

খাজানাবৃদ্ধির ডিক্রী যে তারিখ অবধি কলবৎ হইবে তাহার কথা।

১৬৯ ধারা। কৃষি বৎসরের প্রথম আট মাস মধ্যে যে কোন মোকদ্দমা উপস্থিত হয়, সেই মোকদ্দমায় এই আইনমতে খাজানাবৃদ্ধি করিবার ডিক্রী হইলে, সামান্যতঃ পরবর্ত্তী কৃষি বৎসরের প্রারম্ভাবধি তাহা কলবৎ হইবে এবং কৃষি বৎসরের শেষ চারি মাসে যে কোন মোকদ্দমা উপস্থিত হয়, তাহাতে ঐরূপ ডিক্রী হইলে, সেই ডিক্রী সামান্যতঃ আগামী কৃষি বৎসরের পরবর্ত্তী বৎসরের প্রারম্ভাবধি কলবৎ হইবে। কিন্তু যে তারিখ অবধি ডিক্রী কলবৎ হইবে, বিশেষ কারণে ইহার পরেও সেই তারিখ নির্দ্দিষ্ট করিতে এই ধারার কোন কথাক্রমে আদালতের বাধা হইবে না।

সম্পত্তি দত্ত হইবার প্রতিকারের কথা।

১৭০ ধারা। (১) কোন প্রজা এরূপে ভূমি ব্যবহার করিয়াছে, যাহাতে তাহা প্রজাস্বত্বসংক্রান্ত কার্য্যের অনুপযোগী হয়, কিম্বা এরূপ কোন নিয়ম ভঙ্গ করিয়াছে, যাহাতে ভঙ্গ হইলে, ভূম্যধিকারির সহিত তাহার যে চুক্তি থাকে, সেই চুক্তির লঙ্ঘন অনুসারে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, এই হেতু ধরিয়া কোন প্রজাকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা গেলে, যে হানি বা নিয়ম ভঙ্গ ঘটে, তাহার প্রতিকার করা যাইতে পারিলে যদি ভূম্যধিকারী ঐ প্রতিকার করিবার নিমিত্ত প্রজাকে আদেশ দিয়া থাকেন, এবং কোন স্থলে উক্ত হানি বা নিয়ম ভঙ্গের যুক্তিসিদ্ধ ক্ষতিপূরণ দিবার আদেশ করিয়া থাকেন, এবং উক্ত প্রজা যুক্তিসিদ্ধ সময়ের মধ্যে ঐ আদেশ পালন না করিয়া থাকে, তবে উক্ত মোকদ্দমা গ্রাহ্য করা যাইবে, নতুবা নহে।

(২) এইরূপ কোন মোকদ্দমায় ভূম্যধিকারীর অনুকূলে যে ডিক্রী দেওয়া যায়, তাহাতে হানি বা নিয়মভঙ্গ জন্য যুক্তিসিদ্ধমতে বাদীকে যে হানিপূরণ দেয় হয়, তাহার টাকার পরিমাণ এবং আদালতের বিবেচনায় উক্ত হানি বা নিয়মভঙ্গ প্রতিকারযোগ্য কি না এই কথা প্রকাশ থাকিবে, এবং প্রতিবাদী যে সময়ের মধ্যে ঐ টাকা বাদীকে দিতে পারিবেন, ও উক্ত হানি বা নিয়মভঙ্গ প্রতিকারযোগ্য বলিয়া প্রকাশ করা গেলে, যে সময়ের মধ্যে তাহার প্রতিকার করিতে পারিবেন, উক্ত ডিক্রীতে সেই সময় নির্দ্দিষ্ট থাকিবে

(৩) (২) প্রকরণমতে আদালত যে সময় নির্দ্দিষ্ট করেন, তাহা বিশেষ কারণে সময়ের বৃদ্ধি করিতে পারিবেন।

(৪) এই ধারামতে আদালত কর্ত্তৃক নির্দ্দিষ্ট সময়ের বা (স্থলবিশেষে) বর্দ্ধিত সময়ের মধ্যে যদি প্রতিবাদী ডিক্রীর লিখিত হানিপূরণের টাকা দেন, এবং হানি বা নিয়মভঙ্গ প্রতিকারযোগ্য বলিয়া আদালত প্রকাশ করিয়া থাকিলে, উক্ত আদালতের সন্তোষমতে সেই হানি বা নিয়মভঙ্গের প্রতিকার করেন, তবে উক্ত ডিক্রী জারী করা যাইবে না।

যে রায়তদিগকে উচ্ছেদ করা যায়, শস্য ও বপনার্থে প্রস্তুত ভূমি সম্বন্ধে তাহাদের স্বত্বের কথা।

১৭১ ধারা। যে প্রত্যেক রায়তকে কোন ভোগ হইতে উচ্ছেদ করা যায়, তাহার সম্বন্ধে নিম্নলিখিত বিধি খাটিবে।—

(ক) উক্ত রায়ত ঐ ভোগের অন্তর্গত কোন ভূমিতে আপনার উচ্ছেদের তারিখের পূর্ব্বে শস্য বপন বা রোপণ করিয়া থাকিলে, তিনি ভূম্যধিকারীর ইচ্ছামতে, হয় উক্ত শস্য রক্ষা ও সংগ্রহ করণার্থ ঐ ভূমি দখলে রাখিয়া ব্যবহার করিতে পারিবেন, নয় উচ্ছেদের ডিক্রীজারীকারী আদালতের আন্দাজমত ঐ শস্যের মূল্য ভূম্যধিকারীর স্থানে পাইতে পারিবেন।

(খ) রায়ত আপনার উচ্ছেদের তারিখের পূর্ব্বে আপন ভোগের অন্তর্গত কোন ভূমি বপনার্থ প্রস্তুত করিয়া থাকিলে, কিন্তু উক্ত ভূমিতে শস্য বপন বা রোপণ না করিয়া থাকিলে, উচ্ছেদের ডিক্রীজারীকারী আদালতের আন্দাজমতে উক্ত ভূমি প্রস্তুত করিতে

তাঁহার যে পরিশ্রম ও মূলধন লাগিয়াছে, তাহার মূল্য ও ঐ মূল্যের যুক্তিসিদ্ধ সুদ তিনি উক্ত ভূম্যধিকারীর স্থানে পাইতে পারিবেন।

(গ) কিন্তু ভূম্যধিকারী কোন রায়তের উচ্ছেদ নিমিত্ত আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করিলে পর উক্ত রায়ত স্থানীয় রীতির বিরুদ্ধে উক্ত ভূমি আবাদ বা প্রস্তুত করিয়া থাকিলে, এই ধারামতে উক্ত ভূমি দখলে রাখিতে কিম্বা তজ্জন্য টাকা পাইতে স্বত্ববান হইবেন না।

(ঘ) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন রায়তকে কোন ভূমি দখলে রাখিতে দিলে, যত কাল তিনি দখলে রাখিতে পান, তত কাল উক্ত ভূমি ব্যবহার ও দখলকরণার্থ উচ্ছেদের ডিক্রীজারীকারী আদালত যেরূপ খাজানা যুক্তিসিদ্ধ জ্ঞান করেন, উক্ত রায়ত ঐ ভূম্যধিকারীকে সেইরূপ খাজানা দিবেন।

উচ্ছেদ করিবার আনুষ্ঠানিক কার্য্যে পরস্পরের দাওয়ার নিষ্পত্তি হইবার কথা।

১৭২ ধারা। (১) উচ্ছেদ করিবার সমুদয় মোকদ্দমায় ও আনুষ্ঠানিক কার্য্যে এই আইনমতে প্রজা ও ভূম্যধিকারী বলিয়া প্রজার বিরুদ্ধে ভূম্যধিকারীর কিম্বা ভূম্যধিকারীর বিরুদ্ধে প্রজার যে সকল দাওয়া থাকে, আদালত তাহার অনুসন্ধান লইয়া নিষ্পত্তি করিবেন।

(২) আদালত যদি দেখিতে পান, যে প্রজা বলিয়া প্রজাকে ভূম্যধিকারীর যে টাকা দিতে হয়, সেই টাকা ভূম্যধিকারী বলিয়া ভূম্যধিকারীকে প্রজার যে টাকা দিতে হয়, তদপেক্ষা অধিক, তবে উচ্ছেদের ডিক্রী বা আজ্ঞা হইলে, ও ঐ অতিরিক্ত টাকা দিবার সম্বন্ধে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে কোন বন্দোবস্ত না হইয়া থাকিলে, যে সময়ের মধ্যে উহা আদালতে দিতে হইবে, উক্ত ডিক্রীতে বা আজ্ঞায় সেই সময় নির্দ্দিষ্ট থাকিবে।

(৩) ঐ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উক্ত টাকা দেওয়া গেলে, আদালত প্রজাকে উচ্ছেদ করিবেন; এবং

উক্ত টাকা ঐরূপে দেওয়া না গেলে, আদালত প্রজাকে উচ্ছেদ করিতে অস্বীকার করিবেন।

উচ্ছেদের বিকল্পে আদালতের ন্যায্য খাজানা ধার্য্য করিতে পারিবার কথা।

১৭৩ ধারা। বাদী কোন অনধিকারপ্রবেশকারীকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করিলে, যদি উচিত বোধ করেন তবে বিকল্পে এইরূপ প্রতিকারের দাওয়া করিতে পারিবেন যে, প্রতিবাদীর দখলে যে ভূমি থাকে, সেই ভূমির নিমিত্ত সে আদালতের নিকট উপযুক্ত ও ন্যায্য খাজানা দিতে দায়ী বলিয়া প্রকাশ করা যায়। তাহা হইলে আদালত ঐরূপ প্রতিকার দিতে পারিবেন।

প্রজাস্বত্বের অনুবন্ধ নিরূপণ করিবার প্রার্থনার কথা।

১৭৪ ধারা। (১) প্রজার ভোগকৃত ভূমির দখল ফিরিয়া পাইবার মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা যে আদালতের থাকে, সেই আদালত ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে নিম্নলিখিত সকল বা কোন বিষয় নিরূপণ করিতে পারিবেন, যথা,—

(ক) প্রজা যে ভূমি ভোগ করেন, তাহার অবস্থান, পরিমাণ ও সীমা;

(খ) তিনি যে শ্রেণীর প্রজা, অর্থাৎ, তিনি তালুকদার কি অবধারিত হারে ভূমি ভোগকারী রায়ত কি দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কি দখলীস্বত্বশূন্য রায়ত কি কোফা রায়ত, এবং তালুকদার হইলে, তাঁহার খাজানা বৃদ্ধি করা যাইতে পারে কি না; এবং

(গ) যে সময়ে প্রার্থনা করা হয়, সেই সময়ে তাঁহার যে খাজানা দেয় হয়।

(২) যদি আদালতের বিবেচনায় ইহার মধ্যে কোন বিষয় স্থানীয় তদন্ত বিনা সন্তোষজনকরূপে নিরূপণ করা যাইতে না পারে, তবে আদালত এই আজ্ঞা করিতে পারিবেন যে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে রাজস্ব কর্ম্মচারীকে আদেশ করেন, তিনি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৫ অধ্যায়মতে স্থানীয় তদন্ত লন।

(৩) এই ধারামত কোন প্রার্থনার উপর যে আজ্ঞা করা যায়, তাহা ডিক্রীর তুল্য ফলবৎ হইবে ও তাহার উপর ডিক্রীর ন্যায় আপীল হইতে পারিবে।

১৫শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্ত ডিক্রীমতে বিক্রয়ের বিধি।

দায় অসিদ্ধ করণ সম্বন্ধে ক্রেতার সাধারণ ক্ষমতার কথা।

১৭৫ ধারা। কোন হস্তান্তরযোগ্য ভোগ তালুক বাকী খাজানার ডিক্রীজারীক্রমে বিক্রয় করা গেলে "সংরক্ষিত স্বার্থ" বলিয়া এই অধ্যায়ে যে স্বার্থ নির্দ্দেশ করা গেল সেই স্বার্থ মানিয়া এবং "দায়" বলিয়া এই অধ্যায়ে যে স্বার্থ নির্দ্দেশ করা গেল, তাহা অসিদ্ধ করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়া, ক্রেতা ঐ ভোগ গ্রহণ করিবেন।

কিন্তু (ক) তদর্থে পরে যে স্থলের উল্লেখ করা গেল সেই স্থল না হইলে, এই অধ্যায়ের অর্থমত রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায় ঐরূপে অসিদ্ধ করা যাইবে না;

(খ) অসিদ্ধ করিবার ক্ষমতাক্রমে কেবল এই অধ্যায়ের আদেশমতে কার্য্য করিতে হইবে।

সংরক্ষিত স্বার্থের কথা।

১৭৬ ধারা। নিম্নলিখিত স্বার্থগুলি এই অধ্যায়ের অর্থমত সংরক্ষিত স্বার্থ বলিয়া গণ্য হইবে।—

(ক) যে কোন পেটাও তালুক চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে আছে, তাহা;

(খ) যে কোন পেটাও তালুক কোন চলিত কিয়ৎকালীন বন্দোবস্তের বন্দোবস্তী আনুষ্ঠানিক কার্য্যে উক্ত বন্দোবস্তের মিয়াদ পর্য্যন্ত অবধারিত খাজানা দায়ী তালুক বলিয়া স্বীকৃত হইয়াছে, তাহা;

(গ) যে ভূমির উপর বাসগৃহ, কারখানা, কিম্বা অন্যরূপ স্থায়ী ইমারতাদি নির্ম্মিত হইয়াছে, কিম্বা স্থায়ী বাগান, ক্ষেত্র, পুষ্করিণী, খাল, ভজনালয়, শ্মশান বা গোরস্থান করা গিয়াছে, সেই ভূমির পাট্টাই স্বত্ব;

(ঘ) দখলী স্বত্ব;

(ঙ) যে সময়ে স্বত্ব দেওয়া যায়, সেই সময়ে যাহা ন্যায্য ও যুক্তিসিদ্ধ খাজানা ছিল, সেই খাজানা দিয়া ভোগ করিবার যে স্বত্ব দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তকে দেওয়া যায়, সেই স্বত্ব ; এবং

(চ) যে ভূম্যধিকারীর প্রার্থনামতে ভোগ বিক্রয় হয় সেই ভূম্যধিকারী কিম্বা তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারী যাহা সৃষ্টি করিতে প্রজাকে স্পষ্ট বাক্যে লিখিয়া অনুমতি দিয়াছেন, এরূপ কোন স্বত্ব বা স্বার্থ।

১৭৭ ধারা। এই অধ্যায়ের কার্য্যপক্ষে,

"দায়" ও "রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়" শব্দের অর্থ।

(ক) কোন প্রজাস্বত্ব সম্বন্ধে "দায়" শব্দ ব্যবহৃত হইলে, প্রজা আপন ভোগের উপর নিম্বা আপন স্বার্থ সঙ্কোচ করিয়া যে কোন দাওয়া, পেটাও প্রজাস্বত্ব, স্বাচ্ছন্দ্য-ভোগস্বত্ব বা অন্য স্বত্ব বা স্বার্থ সৃষ্টি করিয়া থাকেন, ও যাহা পূর্ব্ব ধারার অর্থমত সংরক্ষিত স্বার্থ নহে, তাহা বুঝাইবে।

(খ) দেনা বাকী খাজানার ডিক্রী জারীক্রমে যে ভোগ বিক্রয় হইয়াছে বা হইতে পারে, সেই ভোগ সম্বন্ধে "রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়" এই শব্দ ব্যবহৃত হইলে, রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনমতে যে কোন নিদর্শনপত্র রেজিষ্টরী করা গিয়াছে, এবং যাহার নকল বাকী খাজানা পাওনা হইবার পূর্ব্বে অন্যূন তিন মাস থাকিতে পশ্চাল্লিখিত বিধানমতে ভূম্যধিকারীর উপর জারী করা গিয়াছে, সেই নিদর্শনপত্রক্রমে যে কোন দায় সৃষ্টি করা হইয়া থাকে, সেই দায় বুঝাইবে।

১৭৮ ধারা। কোন হস্তান্তরযোগ্য ভোগের বাকী খাজানার নিমিত্ত ডিক্রী হইলে, এবং ডিক্রীদার দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২৩৫ ধারামতে ডিক্রী জারীক্রমে উক্ত ভোগ ক্রোক ও নীলাম হইবার প্রার্থনা করিলে, উক্ত ভোগের বার্ষিক খাজানার বর্ণনাপত্র ও উক্ত ভোগ চিরস্থায়ী তালুক হইলে, ৩য় অধ্যায়মতে রক্ষিত রেজিষ্টরের যে অংশ ঐ তালুক সম্বন্ধীয় হয়, সেই অংশের নকল দাখিল করিবেন।

ভোগের নীলাম হইবার প্রার্থনাপত্রের কথা।

১৭৯ ধারা। (১) পূর্ব্ব ধারামত কোন প্রার্থনাপত্রক্রমে কোন ভোগের নীলাম হইবার আজ্ঞা হইলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৮৭ ধারামতে যে ঘোষণাপত্র দেওয়া যায়, তাহাতে উক্ত ধারার উল্লিখিত বিশেষ কথা লিখিবার ও নির্দ্দেশ করিবার অতিরিক্ত এই২ কথা বিজ্ঞাপিত হইবে,—

নীলাম হইবার বিজ্ঞাপনসূচক ঘোষণাপত্রের কথা।

(ক) তালুক হইলে, যে টাকা ডাক হয়, তাহাতে যদি ডিক্রীর টাকা ও খরচা দিতে কুলায়, তবে উক্ত তালুক প্রথমে রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায় সম্বলিত নীলামে চড়ান যাইবে, এবং উক্ত দায়সম্বলিত বিক্রীত হইবে; নতুবা ডিক্রীদার ইচ্ছা করিলে, পরে কোন দিনে সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত ঐ তালুক নীলাম করা যাইবে, ঐ দিনের নোটিস যথাবিধি দিতে হইবে ; এবং

(খ) দখলীস্বত্ববিশিষ্ট ভোগ হইলে, সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত উক্ত ভোগ বিক্রীত হইবে।

(২) উক্ত আইনের ২৮৯ ধারার নির্দ্দিষ্ট প্রকারে ঐ ঘোষণা করা যাইবে। তদ্ভিন্ন স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে উক্ত ঘোষণাপত্র প্রকাশ করা যাইবে।

রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়সম্বলিত তালুক বিক্রয়ের ও তাহার ফলের কথা।

১৮০ ধারা। (১) কোন তালুক নীলাম হইবার বিজ্ঞাপন পূর্ব্ব ধারামতে দেওয়া গেলে, উহা রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়সম্বলিত নীলামে চড়ান যাইবে, এবং নীলামের খরচা সমেত ডিক্রী ও খরচার টাকা দিতে যাহাতে কুলায়, তত টাকা ডাক হইলে, উক্ত তালুক ঐরূপ দায়সম্বলিত বিক্রয় করা যাইবে।

(২) এই ধারামত নীলামখরিদার উক্ত তালুকের উপর রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায় ভিন্ন যে কোন দায় থাকে, তাহা ১৮৪ ধারার নির্দ্দিষ্ট প্রকারে অসিদ্ধ করিতে পারিবেন, প্রকারান্তরে নহে।

সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত তালুক বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।

১৮১ ধারা। (১) পূর্ব্ব ধারামতে যে কোন তালুক নীলামে চড়ান যায়, তন্নিমিত্ত যত টাকা পর্য্যন্ত ডাক হয়, তাহাতে পূর্ব্বোক্ত ডিক্রীর ও খরচার টাকা দিতে যদি না কুলায়, এবং তজ্জন্য যদি ডিক্রীদার সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত ঐ তালুক বিক্রয় করিতে চাহেন, তবে নীলামকারী কর্ম্মচারী নীলাম স্থগিত রাখিয়া দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৮৯ ধারামতে নূতন ঘোষণা করিবেন। সেই ঘোষণাপত্রে এই কথা জানান হইবে, যে নীলাম স্থগিত করিবার তারিখ অবধি পনের দিনের কম না হয়, ও ত্রিশ দিনের অধিক না হয়, ঐ ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট এরূপ ভবিষ্যৎ কোন দিনে সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত ঐ তালুক নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে। সেই দিন সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত উক্ত তালুক নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে।

(২) এই ধারামত নীলামখরিদার ১৮৪ ধারার নির্দ্দিষ্ট প্রকারে উক্ত তালুকের কোন দায় অসিদ্ধ করিতে পারিবেন, প্রকারান্তরে নহে।

অবধারিত হারের ভোগের প্রতি পূর্ব্ব কএক ধারার বিধান বর্ত্তিবার কথা।

১৮২ ধারা। যে ভোগের অবধারিত খাজানা বা খাজানার হার থাকে, তাহা তালুক হইলে, তৎপ্রতি পূর্ব্ব কএক ধারার যেরূপ বর্ত্তিত সেইরূপ বর্ত্তিবে।

সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত দখলীস্বত্ববিশিষ্ট ভোগ বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।

১৮৩ ধারা। (১) ১৭৯ ধারামতে কোন দখলীস্বত্ব বিশিষ্ট ভোগের নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া গেলে, সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত উহা নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে।

(২) এই ধারামত নীলামখরিদার ১৮৪ ধারার নির্দ্দিষ্ট প্রকারে উক্ত ভোগের কোন দায় অসিদ্ধ করিতে পারিবেন, প্রকারান্তরে নহে।

পূর্ব্ব কএক ধারামতে দায় অসিদ্ধ করিবার কার্য্য-প্রণালীর কথা।

১৮৪ ধারা। (১) কোন খরিদার পূর্ব্ব কএক ধারামতে কোন দায় অসিদ্ধ করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়া ঐ দায় অসিদ্ধ করিতে চাহিলে তিনি যে তারিখে প্রথমে উক্ত দায়ের সংবাদ পান, সেই তারিখ অবধি এক বৎসরের মধ্যে কালেক্টরের নিকট লিখিয়া দরখাস্ত দিয়া এই প্রার্থনা জানাইতে পারিবেন, যে উক্ত কালেক্টর ঐ দায় অসিদ্ধ করা হইয়াছে, এই মর্ম্মের নোটিস দায়-ধারীর উপর জারী করিবেন।

(২) এতদর্থে রেবিনিউ বোর্ড যে ফী ধার্য্য করেন, উক্ত নোটিস জারী করিবার নিমিত্ত সেই ফী ঐরূপ প্রত্যেক দরখাস্তের সঙ্গে দিতে হইবে।

(৩) কোন নোটিস জারী করিবার দরখাস্ত এই ধারার নির্দ্দিষ্টমতে কোন কালেক্টরের নিকট করা গেলে, তিনি তদনুসারে নোটিস জারী করাইবেন, এবং যে তারিখে ঐ নোটিস জারী হয়, সেই তারিখ অবধি উক্ত দায় অসিদ্ধ করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

দখলীস্বত্ববিশিষ্ট যোত পূর্ব্ব কএক ধারামতে তালুক বলিয়া গণ্য হয় এরূপ আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

১৮৫ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এই আজ্ঞা করিতে পারিবেন, যে কোন স্থানের অন্তর্গত দখলী-স্বত্ববিশিষ্ট যোতের কিম্বা বিশেষ কোন শ্রেণীর দখলী-স্বত্ববিশিষ্ট যোতের দেনা খাজানার ডিক্রীজারীক্রমে তাহা নীলামে চড়ান গেলে, সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত নীলামে চড়াইবার পূর্ব্বে রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়-সম্বলিত নীলামে চড়ান যাইবে, এবং ঐরূপ বিজ্ঞাপন দিয়া উক্তরূপ কোন আজ্ঞা রহিত করিতে পারিবেন।

(২) কোন স্থান সম্বন্ধে এইরূপ কোন আজ্ঞা প্রবল থাকিলে, ঐ স্থানের অন্তর্গত সমুদয় দখলীস্বত্ববিশিষ্ট যোত কিম্বা, স্থল বিশেষে, উক্ত বিশেষ শ্রেণীর দখলী-স্বত্ববিশিষ্ট যোত এই অধ্যায়ের পূর্ব্ব কএক ধারামত নীলামের কার্য্যপক্ষে সর্ব্বতোভাবে তালুকের ন্যায় গণ্য হইবে।

বিক্রয়োৎপন্ন টাকা লইয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ক বিধির কথা।

১৮৬ ধারা। (১) এই অধ্যায়মত বিক্রয়োৎপন্ন টাকা প্রয়োগ সময়ে দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালীবিষয়ক আইনের ২৯৫ ধারার নির্দ্দিষ্ট বিধির পরিবর্ত্তে নিম্নলিখিত বিধি পালন করিতে হইবে, অর্থাৎ,

(ক) ঐ যোত বিক্রয় করাইতে ডিক্রীদারের যে খরচ হইল, তাঁহাকে প্রথমতঃ সেই খরচের টাকা দেওয়া যাইবে।

(খ) তাহার পর যে ডিক্রী জারী করাতে নীলাম হয়, সেই ডিক্রীক্রমে ডিক্রীদারের যত টাকা পাওনা হয়, তাঁহাকে সেই টাকা দেওয়া যাইবে।

(গ) এই সমস্ত টাকা শোধ হইয়াও উদ্বৃত্ত থাকিলে, মোকদ্দমা উপস্থিত করিবার তারিখ অবধি নীলামের তারিখ পর্য্যন্ত কিম্বা মোকদ্দমার চূড়ান্ত ডিক্রী হইবার তারিখ অবধি ছয় মাসের অনধিক কাল পর্য্যন্ত উক্ত যোত সম্বন্ধে যে কোন খাজানা ডিক্রীদারের পাওনা হইয়া থাকে, ঐ উদ্বৃত্ত টাকাহইতে তাঁহাকে সেই খাজানা দেওয়া যাইবে।

(ঘ) (গ) প্রকরণের লিখিত খাজানা দিবার পরও উদ্বৃত্ত থাকিলে, তাহা নীলাম দৃঢ় করণাবধি দুই মাস অতীত হইলে, ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে।

(২) ডিক্রীমত খাতক (গ) প্রকরণমত খাজানা বলিয়া ডিক্রীদারের কোন টাকা পাইবার স্বত্ব সম্বন্ধে বিবাদ উত্থাপন করিলে, আদালত ঐ বিবাদের নিষ্পত্তি করিবেন, এবং ঐ নিষ্পত্তি ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

খরচা সমেত ডিক্রীর টাকা আদালতে দেওয়া গেলেই কিম্বা ডিক্রীদার শোধ হইয়াছে স্বীকার করিলেই, যোত ক্রোক হইতে মুক্ত হইবার কথা।

১৮৭ ধারা। (১) কোন যোতের দেনা বাকী খাজানার ডিক্রীজারীক্রমে ঐ যোত ক্রোক করা গেলে, তৎসম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২৭৮ অবধি ২৮৩ পর্য্যন্ত ধারা খাটিবে না।

(২) ঐরূপ কোন ডিক্রীজারীক্রমে কোন যোত নীলাম হইবার আজ্ঞা করা গেলে, যদি নীলাম খরিদারের ডাক গ্রাহ্য হইবার পূর্ব্বে ডিক্রীমত খরচা ও নীলাম করিবার খরচা সমেত ডিক্রীর টাকা আদালতে দেওয়া না যায়, কিম্বা আদালতের বাহিরে ডিক্রীর টাকা শোধ করা হইয়াছে, এই হেতু দেখাইয়া যদি ডিক্রীদার উক্ত যোত মুক্ত করণার্থ দরখাস্ত না করেন, তবে উক্ত যোত ক্রোক হইতে মুক্ত হইবে না।

(৩) এই অধ্যায়মতে কোন যোত নীলাম করা গেলে, ঐ নীলাম অসিদ্ধ করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে কোন ব্যক্তির যে স্বত্ব থাকে, এই ধারার কোন কথাক্রমে তাহার বিঘ্ন হইবে না।

নীলাম নিবারণার্থ আদালতে টাকা দেওয়া গেলে, তাহা কোনস্থলে উক্ত যোতের বন্ধকী ঋণ হইবার কথা।

১৮৮ ধারা। (১) এই অধ্যায়মতে যে কোন যোত নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া যায়, সেই যোতে যদি কোন ব্যক্তির ঐরূপ স্বার্থ থাকে যাহা ঐরূপ নীলাম হইলে অসিদ্ধ হইতে পারে, তবে তিনি নীলাম বন্ধ করণার্থ আবশ্যক টাকা আদালতে দিলে,

(ক) ঐরূপে তিনি যে টাকা দেন, তাহা শতকরা ১২৲ টাকা সুদ সহিত ঋণ বলিয়া গণ্য হইবে, এবং তজ্জন্য উক্ত যোত তাঁহার নিকট বন্ধক আছে বলিয়া জ্ঞান হইবে;

(খ) তাঁহার বন্ধক বাকী খাজানার দায় ছাড়া উক্ত যোতের উপর আর যে কোন দায় থাকে, তদপেক্ষা অগ্রগণ্যতা প্রাপ্ত হইবে; এবং

(গ) যাবৎ উক্ত ঋণ পাওনা সুদসমেত শোধ করা না হয়, তাবৎ তিনি বন্ধকগ্রহীতাস্বরূপ উক্ত যোতের দখল লইতে ও উহা দখলে রাখিতে স্বত্ববান হইবেন।

(২) ঐরূপ কোন ব্যক্তির অন্য যে কোন প্রতিকার পাইবার স্বত্ব থাকে, এই ধারার কোন কথাক্রমে তাহার বিঘ্ন হইবে না;

অধস্তন প্রজা আদালতে টাকা দিলে তাহা খাজানা হইতে কাটিয়া লইতে পারিবার কথা।

১৮৯ ধারা। বাকীদার উর্দ্ধতন প্রজার বিরুদ্ধে ডিক্রীজারীক্রমে এই অধ্যায়মতে কোন যোত নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া গেলে, এবং নীলাম হইলে যে অধস্তন প্রজার স্বার্থ অসিদ্ধ হইতে পারে, সেই অধস্তন প্রজা নীলাম নিবারণার্থ আদালতে টাকা দিলে, তাহার নিমিত্ত আইনে অন্য যে প্রতিকারের বিধান থাকে, তদতিরিক্ত তাঁহার নিজ ভূম্যধিকারীকে তাঁহার যে খাজানা দিতে হয়, তাহা হইতে তিনি ঐরূপে প্রদত্ত টাকার সমুদয় বা কোন অংশ কাটিয়া লইতে পারিবেন; এবং উক্ত ভূম্যধিকারী বাকীদার না হইলে, তিনিও ঐরূপে তাঁহার নিজ ভূম্যধিকারীকে দেয় খাজানা হইতে ঐরূপ কর্ত্তিত টাকা কাটিয়া লইতে পারিবেন; এবং যাবৎ বাকীদার পর্য্যন্ত না পঁহুছে তাবৎ এইরূপ চলিবে।

নীলামে ডিক্রীদারের তা'তে পারিবার ও ডিক্রীযুত খাতকের না পারিবার কথা।

১৯০ ধারা। (১) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৯৪ ধারায় প্রকারান্তরের বিধান থাকিলেও, যে ডিক্রীজারীক্রমে এই অধ্যায়মতে কোন যোত নীলাম হয়, সেই ডিক্রীদার আদালতের অনুমতি বিনা ঐ যোত ডাকিতে বা ক্রয় করিতে পারিবেন।

(২) ঐরূপে যে যোত নীলাম হয়, ডিক্রীযুত খাতক তাহা ডাকিবেন না বা ক্রয় করিবেন না।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৩ ও ৩১৬ ধারার কার্য্যকারী হইবার কথা।

১৯১ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৩ ও ৩১৬ ধারা এই অধ্যায়মত কোন নীলাম সম্বন্ধে খাটিবে না।

দায়গ্রস্টিকারী কোন২ নিদর্শনপত্র রেজিষ্টরী করিবার কথা।

১৯২ ধারা। ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের চতুর্থ ভাগে প্রকারান্তরের বিধান থাকিলেও, হস্তান্তরযোগ্য কোন যোতের উপর যাহাতে দায় সৃষ্টি হয়, এরূপ কোন নিদর্শনপত্র এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে সম্পাদিত হইয়া থাকিলে, এবং উক্ত রেজিষ্টরী আইনের ১৭ ধারামতে তাহা রেজিষ্টরী করা আবশ্যক না হইলে, যদি তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি এক বৎসরের মধ্যে উপযুক্ত কার্য্যকারকের নিকট রেজিষ্টরী করণার্থ উপস্থিত করা যায়, তবে তাহা উক্ত আইনমতে রেজিষ্টরী করিবার নিমিত্ত গৃহীত হইবে।

ভূম্যধিকারীকে দায়ের নোটিস দিবার কথা।

১৯৩ ধারা। কোন হস্তান্তরযোগ্য যোতের প্রজার সম্পাদিত যে নিদর্শনপত্রক্রমে উক্ত যোতের উপর কোন দায় সৃষ্টি হয়, কোন কার্য্যকারক এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে বা পরে সেই নিদর্শনপত্র রেজিষ্টরী করিলে, উক্ত প্রজার প্রার্থনামতে কিম্বা যে ব্যক্তির অনুকূলে ঐ দায় সৃষ্টি হয়, সেই ব্যক্তির প্রার্থনামতে এবং স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে যে ফী ধার্য্য করেন, তাহা তাঁহার স্থানে পাইলে, ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের সপ্তম ভাগে সমন জারী করিবার যে প্রণালী নির্দ্দিষ্ট আছে, সেই প্রণালীতে ভূম্যধিকারীর উপর উক্ত নিদর্শনপত্রের নকল জারী করাইয়া তাঁহাকে উক্ত দায়ের নোটিস দিবেন।

১৬ শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্ত সরাসরী নীলামের বিধি

পত্তনী তালুক নীলামের কথা।

ভূস্বামীর সরাসরী নীলামদ্বারা পত্তনীদারের স্থানে বাকী খাজানা আদায়ের কথা।

১৯৪ ধারা। নিজ ভূস্বামীর স্থানে প্রাপ্ত পত্তনী তালুকের পাওনা খাজানা দিতে ত্রুটি হইলে, ভূস্বামী আইনমতে অন্য যে প্রতিকার পাইতে পারেন, তদতিরিক্ত এই অধ্যায়ের নিম্নলিখিত কএক ধারায় যে বিধি আছে, তদনুসারে উক্ত তালুকের সরাসরী নীলাম হইবার নিমিত্ত প্রার্থনা করিতে পারিবেন।

বৎসরের প্রারম্ভে নীলামের দরখাস্ত করিবার কথা।

১৯৫ ধারা। (১) বৈশাখ মাসের ১ম দিনে, অর্থাৎ, যে বৎসরের খাজানা বাকী হয়, তাহার পরবৎসরের প্রারম্ভে, ভূস্বামী কালেক্টরের নিকট দরখাস্ত দিতে পারিবেন। পূর্ব্ব ধারায় যে২ তালুকের উল্লেখ হইল, তাহার সমুদয় বা কোন তালুক সম্বন্ধে অতীত বৎসরের হিসাবে ভূস্বামীর যত বাকী টাকা পাওনা থাকে, ঐ দরখাস্তে তাহা নির্দ্দেশ করিতে হইবে।

(২) তাহা হইলে ঐ দরখাস্ত কালেক্টরী কাছারীর কোন সুপ্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে, ও তৎসঙ্গে এই নোটিস থাকিবে যে, যে টাকার দাওয়া হয়, তাহা জ্যৈষ্ঠ মাসের ১ তারিখের পূর্ব্বে দেওয়া না গেলে, বাকীদারদের তালুক ঐ টাকা শোধ করণার্থ উক্ত তারিখে প্রকাশ্য নীলামে বিক্রয় করা যাইবে।

(৩) ভূস্বামী ঐরূপ আর এক খান নোটিস আপন সদর কাছারীতে লাগাইয়া দিবেন, এবং স্থলবিশেষে নোটিসের যে অংশ খাটে, সেই অংশের নকল বা উক্ত ৩ লিপি পাঠাইয়া যে কাছারীতে ঐ তালুকের প্রধান কার্য্য চলে, সেই কাছারীতে কিম্বা বাকীদারের তালুকের জমীতে যে প্রধান নগর বা গ্রাম থাকে, তথায় উক্তরূপে প্রচার করাইবেন।

(৪) এই ধারামতে যে২ নিয়ম নির্দ্দিষ্ট হইল, তাহার পালন নিমিত্ত কেবল ভূস্বামী দায়ী থাকিবেন।

নোটিস জারী করিবার কথা।

১৯৬ ধারা। (১) মফঃসলে যে নোটিস পাঠাইবার আজ্ঞা হইল, তাহা এতজ্জন পেয়াদা যাইয়া জারী করিবে। ঐ পেয়াদা তন্নিমিত্ত উক্ত বাকীদারের কিম্বা তাহার কার্য্যাধ্যক্ষের রসীদ লইয়া আসিবে; অথবা উহা পাইতে না পারিলে, ঐ নোটিস ঐ স্থানে আনিয়া প্রচার করা হইয়াছে, ইহার সাক্ষ্য স্বরূপ তন্নিকটবর্ত্তী স্থানবাসী তিনজন মাতব্বর লোকের স্বাক্ষর লইয়া আসিবে।

(২) উক্ত গ্রামের লোকে স্বাক্ষ্যস্বরূপ কাপনাদের নাম স্বাক্ষর করিতে আপত্তি বা অস্বীকার করিলে, উক্ত পেয়াদা নিকটস্থ মুনসেফের আফিসে কিম্বা মুনসেফ না থাকিলে, নিকটস্থ পোলীস থানায় যাইবে, এবং ঐ নোটিস যে যথাবিধি প্রচারিত হইয়াছে, এবিষয়ে তথায় ইচ্ছাপূর্ব্বক শপথ করিবে। এই মর্ম্মের এক সর্টিফিকেটে উক্ত কার্য্যকারকেরা স্বাক্ষর ও মোহর করিয়া ঐ পেয়াদাকে দিবেন।

(৩) উক্ত রসীদের বা সাক্ষ্যের মর্ম্ম বুঝিয়া যদি দেখা যায় যে, বৈশাখ মাসের ১৫ তারিখের পূর্ব্বে কোন সময়ে নোটিস প্রচার করা হইয়াছে, তবে নির্দ্দিষ্ট তারিখে নীলাম চালাইবার পক্ষে উহাই যথেষ্ট হইবে।

বৎসরের মাঝখানে নীলামের দরখাস্তের কথা।

১৯৭ ধারা। বৎসরের মাঝখানে কার্ত্তিক মাসের ১ তারিখে ভূস্বামী আশ্বিন মাসের শেষপর্য্যন্ত চলিত সনের খাজানার হিসাবে যে বাকী টাকা পাওনা থাকে, তাহার বর্ণনাপত্র সহিত ঐরূপ দরখাস্ত করিতে পারিবেন, এবং বাকীদারদের তালুক বিক্রয় হইবার কথা উক্তরূপে প্রচার করাইতে পারিবেন। যত টাকা বাকী থাকিবার ইস্তাহার দেওয়া যায়, যদি অগ্রহায়ণ মাসের ১ তারিখের পূর্ব্বে তৎসমস্ত দেওয়া না যায়, অথবা কার্ত্তিক মাসের তলবসমেত ঐ টাকার মধ্যে এত দেওয়া না হয়, যাহাতে উক্ত বৎসরের প্রারম্ভাবধি কার্ত্তিক মাসের শেষ দিন পর্য্যন্ত কিস্তিবন্দী অনুসারে ভূস্বামীর মোট তলবের চারি আনার কম বাকী থাকে, তবে উক্ত তারিখে নীলাম হইবে।

তালুকদার তলবসম্বন্ধে আপত্তি করিলে কার্য্যপ্রণালীর কথা।

১৯৮ ধারা। (১) কোন তালুকদারের নিকট বাকী খাজানা পাওনা আছে বলিয়া কথিত হইলে, তৎসম্বন্ধে পূর্ব্ব কএক ধারামতে নোটিস দেওয়া গেলে, উক্ত তালুক নীলামের নিমিত্ত ঐ নোটিসে যে তারিখ ধার্য্য থাকে, সেই তারিখের পূর্ব্বে কোন সময়ে তালুকদার তলবের সমস্ত বা কোন অংশ সম্বন্ধে আপত্তি করিয়া কালেক্টরের নিকট দরখাস্ত দিতে পারিবেন।

(২) কালেক্টর (১) প্রকরণমতে দরখাস্ত পাইলে, ভূস্বামীর নিকট সমন দিবেন, তাহাতে সমনের নির্দ্দিষ্ট সময়ে ও তারিখে উপস্থিত হইতে এবং নীলাম কেন স্থগিত রাখা যাইবে না, অথবা স্থল বিশেষে কেন তলবের টাকা কমান যাইবে না, ইহার কারণ দেখাইতে ভূস্বামীর প্রতি আদেশ থাকিবে; এবং কালেক্টর সাধ্য হইলে উভয় পক্ষের কথা কিম্বা তন্মধ্যে যাঁহারা উপস্থিত থাকেন, তাঁহাদের কথা শুনিবেন, ও তাঁহাদের মধ্যে যে বিষয়ের বিবাদ থাকে, নীলামের নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বে তাহার মীমাংসা করিবেন।

(৩) নীলামের নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে যদি কালেক্টর এইরূপ নিষ্পত্তি করেন যে, যত বাকীর দাওয়া হয়, তাহার কোন অংশই পাওনা নাই, তবে তিনি ভূস্বামীর দরখাস্ত নামঞ্জুর করিবেন।

(৪) যদি উক্ত সময়ের পূর্ব্বে তিনি নিষ্পত্তি করেন যে, যত বাকীর দাওয়া হয়, তাহার অংশ বিশেষ পাওনা নাই, তবে তিনি তদনুসারে তলব কমাইয়া দিবেন; এবং তাঁহার নিষ্পত্তি এই অধ্যায়মত কার্য্যানুষ্ঠান পক্ষে চূড়ান্ত হইবে।

(৫) যে সকল স্থলের বিধান (৩) ও (৪) প্রকরণে নাই, সেই সকল স্থলে তালুকদারের দরখাস্ত নামঞ্জুর করা যাইবে; কিন্তু নীলাম অসিদ্ধ করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে তাঁহার যে স্বত্ব থাকে, ঐরূপ নামঞ্জুর করাতে সেই স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

বাকী টাকা আমানত করা না গেলে তালুক নীলাম হইবার কথা।

১৯৯ ধারা। পূর্ব্ব ধারার বিধানের স্থল না হইলে, যে তালুক সম্বন্ধে পূর্ব্ব কএক ধারামতে নোটিস দেওয়া গিয়াছে, সেই তালুক নোটিসের নির্দ্দিষ্ট তারিখে নীলাম করা যাইবে; কিন্তু পূর্ব্ব দিনের সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে তলবের টাকা অথবা পূর্ব্ব ধারামতে ঐ টাকা কমান গেলে, সেই কমান টাকা ভূম্যধিকারীকে দিবার নিমিত্ত বাকীদার বা অন্য কোন ব্যক্তি কালেক্টরী কাছারীতে আমানত করিলে, নীলাম হইবে না।

নীলাম হইলে, যে২ নিয়ম মানিতে হইবে, তাহার কথা।

২০০ ধারা। (১) পূর্ব্বে কাছারীতে যে নোটিস লাগাইয়া দেওয়া যায়, নীলামের সময়ে তাহা নামাইয়া ফেলিতে হইবে, এবং লাটগুলি নোটিসে যে ক্রমে লেখা থাকে, সেই ক্রমানুসারে পরং ডাকা যাইবে।

(২) যে প্রত্যেক লাট সম্বন্ধে ইস্তাহার দেওয়া যায় তাহার বাকীর হিসাবে নীলামের তারিখ পর্য্যন্ত যে২ টাকা দেওয়া হইয়াছে, তাহার বিশেষ বর্ণনাপত্রের সহিত ও মফঃসলে যে নোটিস প্রচার করিবার আদেশ দেওয়া যায়, তাহার রসীদ বা সর্টিফিকেট সহিত ভূস্বামীর পক্ষীয় এক ব্যক্তি নীলামে উপস্থিত থাকিবেন।

(৩) যে বর্ণনাপত্র দাখিল করা যায়, যাবৎ তাহা দেখিয়া লওয়া না হয় ও তাহা হইতে উক্ত বৎসরের বাকী থাকা নির্ণয় করা না হয় এবং যাবৎ নোটিস দিবার রসীদ পাঠ করা না হয়, তাবৎ কোন লাট নীলামে চড়ান যাইবে না। যে প্রত্যেক লাটের নীলাম হয়, তৎসম্বন্ধে স্বতন্ত্র রুবকারী করিয়া সেই রুবকারীতে এই সকল নিয়ম পালিত হইবার কথা লিখিত হইবে।

(৪) কার্ত্তিক মাসের প্রথম দিনে যে দরখাস্ত দেওয়া যায়, সেই দরখাস্তমতে নীলাম হইলে, নীলামের তারিখ পর্য্যন্ত তলবের চারি আনার অধিক বাকী আছে, ইহা দেখিতে পাইবার নিমিত্ত বাকীদারের কিস্তিবন্দীও দাখিল করিতে হইবে; এবং ইহা নির্ণয় করা না গেলে, নীলাম হইবে না।

(৫) এইরূপে যে সকল কাগপত্র দেখাইতে হইবে, তাহার শুদ্ধতা ও অনন্যতা সম্বন্ধে কেবল ভূস্বামী দায়ী থাকিবেন; এবং যে কার্য্যকারক নীলাম করেন, তিনি নীলাম ন্যায্য ও প্রকাশ্যরূপে হওয়া ছাড়া এবং তাঁহার উপদেশার্থে এই অধ্যায়ে যে২ বিধি নির্দ্দেশ করা গেল তাহা পালিত হওয়া ছাড়া অন্য কোন বিষয়ে দায়ী থাকিবেন না।

নীলামের কার্য্য যেরূপে চালাইতে হইবে তাহার কথা।

২০১ ধারা। (১) এই অধ্যায়মতে তালুকের সমস্ত নীলাম সরকারী কাছারীতে হইবে।

২) যে ব্যক্তির সর্ব্বাপেক্ষা উচ্চ ডাক হয়, তুমি তাঁহার নিকট বিক্রয় করা যাইবে, এবং বাকীদার ছাড়া প্রত্যেক ব্যক্তি অবাধে ডাকিতে পারিবেন।

(৩) লাটের ডাক মঞ্জুর হইবামাত্র ক্রয়ের টাকার শতকরা ১৫ টাকা দিতে হইবে।

(৪) যে কার্য্যকারক নীলামের কার্য্য চালান, তাঁহার অধোমতে যাবৎ প্রত্যয় না জন্মে যে, যত টাকা আমানত করিতে হইবে তাহা তদর্থে হাতে আছে কিম্বা দুই ঘণ্টার মধ্যে দাখিল করা যাইবে, তাবৎ তিনি কোন ডাক গ্রাহ্য করিতে কিম্বা যিনি ডাকেন এরূপ কোন ব্যক্তির নামে কোন লাট ফেলিতে অস্বীকার করিতে পারিবেন।

(৫) নীলাম হইবার পর দুই ঘণ্টার মধ্যে শতকরা পনের টাকা নগদ দেওয়া না গেলে কিম্বা তত্তুল্য মূল্যের গবর্ণমেণ্ট সিক্যুরিটী দাখিল করা না গেলে, উক্ত লাট ঐ দিনেই পুনর্ব্বার নীলাম করা যাইবে।

(৬) ক্রয়ের টাকার অবশিষ্টাংশ অষ্টম দিবসের দুই প্রহরের মধ্যে দেওয়া না গেলে, জিলার সদর মোকামের বাজারে ঢেঁড়রা দিয়া নীলাম ঘোষণা করিয়া পর দিনে অর্থাৎ প্রথম নীলাম অবধি নবম দিবসে পুনর্ব্বার নীলাম হইবার নোটিস দেওয়া যাইবে।

(৭) তাহা হইলে উক্ত লাট প্রথম খরিদারের ঝুঁকিতে নির্দ্দিষ্ট সময়ে পুনর্ব্বার নীলাম করা যাইবে। প্রথম খরিদার শতকরা পনের টাকা হিসাবে অগ্রিম যে টাকা দিয়াছিলেন তাহা দণ্ড হইবে এবং দ্বিতীয় বার নীলাম করিয়া যে টাকা উৎপন্ন হয় তাহা পূর্ব্ব নীলামের টাকা অপেক্ষা যত টাকা কম হয় তত টাকার জন্যে দায়ী থাকিবেন। দেওয়ানী আদালতের ডিক্রীজারী করিবার যে প্রণালী আছে, সেই প্রণালীমতে এ কমতী টাকা আদায় করা যাইবে।

(৮) আমানত করা যে টাকা দণ্ড হয়, তাহা হইতে নীলামের খরচ দেওয়া যাইবে; এবং যাহা উদ্বৃত্ত থাকে তাহা গবর্ণমেণ্টে জমা দেওয়া যাইবে।

খরিদারের স্বত্বের কথা।

২০২ ধারা। (১) এই অধ্যায়মতে কোন তালুকের খরিদার ক্রয়ের সমস্ত টাকা দিলে, কালেক্টর তাঁহাকে ঐ টাকা দিবার সার্টিফিকেট দিবেন।

(২) তাহা হইলে তালুকদার কিম্বা তাহার স্বার্থগত পূর্ব্বাধিকারীদের মধ্যে কেহ কিম্বা তাঁহার বা তাঁহাদের অধীন কোন দাওয়াদার ঐ তালুকের উপর যে সকল দায়, দাবী, পেটাণ্ড প্রজাস্বত্ব, আচ্ছন্দাভোগ স্বত্ব এবং অন্যান্য স্বত্ব বা স্বার্থ সৃষ্টি করিয়াছেন, তাহা অসিদ্ধ করণার্থ ১৮৩ ধারায় যে প্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে, সেই প্রণালীমতে অসিদ্ধ করিবার ক্ষমতা সহিত খরিদার উক্ত তালুক প্রাপ্ত হইবেন। নিম্নলিখিত কতকটী স্বত্বসম্বন্ধে এ বিধি খাটিবে না।

(ক) দখলী স্বত্ব;

(খ) যে সময়ে স্বত্ব বেচা যায়, সেই সময়ে যাহা ন্যায্য ও যুক্তিসিদ্ধ খাজানা ছিল, সেই খাজানা দিয়া ভোগ করিবার যে স্বত্ব দখলীস্বত্বনিবিষ্ট কোন রায়তকে দেওয়া যায়, সেই স্বত্ব; কিম্বা

(গ) যে লিখিত নিদর্শনপত্রক্রমে তালুকের সৃষ্টি হয়, তাহাতে স্পষ্ট বাক্যে যে ক্ষমতা প্রদত্ত হয়, সেই ক্ষমতাক্রমে সৃষ্ট কোন স্বত্ব বা স্বার্থ।

খরিদারকে দখল দিবার কথা।

২০৩ ধারা। এই অধ্যায়মত কোন তালুকের খরিদার তৎসম্বন্ধে পূর্ব্ব ধারামত সার্টিফিকেট পাইলে, এবং ৩য় অধ্যায়মতে তাঁহার প্রতি তালুক হস্তান্তর হইবার কথা রেজিস্টরী করা গেলে, তাঁহাকে তালুক দখল দিবার নিমিত্ত তিনি কালেক্টরের নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে কালেক্টর তাঁহাকে তালুকের দখল দেওয়াইবেন; এবং ডিক্রী জারীক্রমে নীলাম হইলে যে দেওয়ানী আদালত খরিদারকে দখল দেন, সেই আদালতের প্রতি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে যে ক্ষমতা অর্পিত হইয়াছে, কালেক্টর সেই সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

নীলাম বন্ধ করিতে যে ব্যক্তির স্বার্থ থাকে সেই ব্যক্তির আমানত করা টাকা আদায় করিবার কথা।

২০৪ ধারা। এই অধ্যায়মতে কোন তালুক নীলাম হইবার ইস্তাহার দেওয়া গেলে যদি কোন ব্যক্তির ঐ তালুকে এরূপ স্বার্থ থাকে যাহা নীলাম হইলে অসিদ্ধ হইতে পারে এবং তিনি নীলাম নিবারণার্থ ১৯৯ ধারামতে আবশ্যক টাকা কালেক্টরী কাচারীতে আমানত করেন, তবে ১৮৮ ধারার বিধান খাটিবে; এবং যদি ঐ ব্যক্তি তালুকদারের দখলস্থ প্রজা হন, তবে ১৫ অধ্যায়মতে যে মোট নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া যায়, উক্ত তালুক সেই মোট হইলে এবং নীলাম নিবারণার্থে উক্ত টাকা আদালতে দেওয়া গেলে, ১৮৯ ধারার বিধান যেরূপে লিখিত, সেইরূপে বর্ত্তিবে।

নীলাম অসিদ্ধ করিবার মোকদ্দমার কথা।

২০৫ ধারা। (১) এই অধ্যায়ের বিধানের আশ্রয়ে কোন তালুক নীলাম করা গেলে কিন্তু উক্ত নীলাম এই সকল বিধানক্রমে সিদ্ধ না হইলে, তাহাতে যে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হন, তিনি নীলাম অসিদ্ধ করিবার নিমিত্ত ও তাহাতে তাঁহার যে হানি হয় তাহার ক্ষতিপূরণ পাইবার নিমিত্ত, যে ভূস্বামীর প্রার্থনামতে নীলাম হয় তাহার বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(২) তালুকের খরিদারকে মোকদ্দমার এক পক্ষ করিতে হইবে; এবং নীলাম অসিদ্ধ হইলে তাঁহার যে কোন হানি হয়, তজ্জন্য তিনি উক্ত মোকদ্দমায় ভূস্বামীর স্থানে ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।

নীলাম হওয়াতে যে ব্যক্তির স্বার্থ অসিদ্ধ হইতে পারে তাহার ক্ষতিপূরণ পাইবার মোকদ্দমার কথা।

২০৬ ধারা। এই অধ্যায়মতে কোন তালুক বিক্রয় করা গেলে, ঐ তালুকে যে কোন ব্যক্তির এরূপ স্বার্থ থাকে যাহা খরিদার ২০২ ধারামতে অসিদ্ধ করিতে পারেন, তিনি নীলাম দ্বারা তাঁহার যে হানি হয় তাহার ক্ষতিপূরণ পাইবার নিমিত্ত নীলামের তারিখ অবধি ছয় মাসের মধ্যে বাকীদারের বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

কিন্তু বাকীদারের অধস্তন কোন প্রজার স্থানে নীলামের সময়ে কোন বাকী খাজানা পাওনা থাকিলে, ঐ প্রজা এইরূপ কোন মোকদ্দমা চালাইতে পারিবেন না।

নীলামের উৎপন্ন টাকা লইয়া যাহা২ করিতে হইবে, তাহার কথা।

২০৭ ধারা। (১) এই অধ্যায়মত নীলামের উৎপন্ন টাকা লইয়া নিম্নলিখিতমতে কার্য্য করিতে হইবে, যথা,—

(ক) এই অধ্যায়ের বিধান ফলবৎ করণার্থ যে কোন অতিরিক্ত সেরেস্তা রাখা আবশ্যক হয়, তাহার খরচ কুলাইবার নিমিত্ত শতকরা এক টাকা করিয়া বিক্রয়োৎপন্ন টাকা হইতে প্রথমতঃ কাটিয়া লইয়া গবর্ণমেণ্টের হিসাবে জমা দেওয়া যাইবে।

(খ) যে বাকী খাজানার নিমিত্ত নীলাম হইয়াছে তাহা (সুদসমেত ও তালুক নীলাম করাইতে যে সকল খরচ পড়িয়াছে তাহা সমেত) ইহার পর ভূম্যধিকারীকে দেওয়া যাইবে।

(গ) (ক) ও (খ) প্রকরণের নির্দ্দিষ্ট টাকা দেওয়া গেলে পর উদ্বর্ত্ত থাকিলে, যে কার্য্যকারক নীলাম কার্য্য চালান, তিনি তাহা অবিলম্বে কালেক্টর সাহেবের খাজানাখানায় পাঠাইবেন। ২০৬ ধারামতে যাঁহারা ক্ষতিপূরণের ডিক্রী পান, তাঁহাদের দাওয়া শোধ করিবার নিমিত্ত ঐ উদ্বর্ত্ত টাকা নীলামের তারিখ অবধি দুই মাস গত না হওয়া পর্য্যন্ত উক্ত খাজানাখানায় আমানত করিয়া রাখিতে হইবে, এবং উক্ত কালের মধ্যে ঐ ধারামতে মোকদ্দমা উপস্থিত করা গেলে, যাবৎ ঐ সকল মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি না হয়, তাবৎ উক্ত টাকা আমানত রাখিতে হইবে।

(ঘ) যে উদ্বর্ত্ত টাকা (গ) প্রকরণমতে রাখা যায়, তাহাহইতে প্রথমতঃ ২০৬ ধারামতে বাকীদারের বিরুদ্ধে ডিক্রী হইয়া থাকিলে, ঐ ডিক্রীর টাকা দিতে হইবে। উদ্বর্ত্ত টাকা হইতে ডিক্রীর টাকা সম্পূর্ণরূপে দিতে না কুলাইলে, যাহার যত টাকার ডিক্রী থাকে, তদনুসারে ডিক্রীদারদের মধ্যে ঐ টাকা হারাহারীমতে বণ্টন করিয়া দেওয়া যাইবে।

(ঙ) উক্ত উদ্বর্ত্ত টাকার কিছু অবশিষ্ট থাকিলে, তাহা বাকীদারকে দেওয়া যাইবে।

(২) যে টাকা (গ) প্রকরণমতে আমানত রাখা যায়, যে কোন ব্যক্তির তাহাতে স্বার্থ থাকে, তিনি আমানতী টাকার পরিবর্ত্তে যাহার সুদ চলে, এরূপ গবর্ণমেণ্ট সিকুরিটী রাখিয়া উক্ত টাকা সমস্ত কিম্বা তাহার কোন অংশ ফিরাইয়া লইতে পারিবেন। শেষ যে গবর্ণমেণ্ট পেজেট পাওয়া যায়, তাহাতে যে ডিস্কোণ্টের বা প্রিমিয়মের হার দেখা যায়, সেই হারে উক্ত সিকুরিটী লওয়া যাইবে।

রবিবার ও বন্ধের দিন বিষয়ক বিধানের কথা।

২০৮ ধারা। এই অধ্যায়ের নির্দ্দিষ্ট কোন দিন রবিবার বা বন্ধের দিন হইলে, ঐ দিনে এই অধ্যায়মতে যাহা কিছু করিবার আদেশ বা অনুমতি থাকে, তাহা তাহার পরদিন রবিবার বা বন্ধের দিন না হইলে করা যাইতে পারিবে।

অন্যান্য তালুক নীলামের কথা।

অন্যান্য রেজিষ্টরী করা তালুক সম্বন্ধে এই অধ্যায় পরিবর্ত্তিত হইয়া খাটিবার কথা।

২০৯ ধারা। এই অধ্যায়ের পূর্ব্ব কএক ধারামতে যে সকল তালুক নীলাম করা যাইতে পারে, তদ্ভিন্ন কোন তালুক সরকারী রেজিষ্টরে রেজিষ্টরী করিবার বিধান আইনে করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে সময়ে২ যেরূপ পরিবর্ত্তন নির্দ্দেশ করেন, সেইরূপ পরিবর্ত্তন সহকারে ঐ সকল ধারা উক্তরূপে রেজিষ্টরী করা তালুক সম্বন্ধে খাটিবে

১৭শ অধ্যায়।

চুক্তি ও ব্যবহার বিষয়ক বিধি।

চুক্তির বিরুদ্ধে যে২ বিধান ফলবৎ হইবে তাহার কথা।

২১০ ধারা। প্রকারান্তরের চুক্তি থাকিলেও নিম্নলিখিত বিষয় সম্বন্ধে এই আইনের বিধান ফলবৎ হইবে, যথা,—

(ক) বাসেন্দা রায়তের ও দখলীস্বত্ববিশিষ্ট রায়তের স্বত্ব লাভ (২৫, ২৪ ও ২৬ ধারা)।

(খ) ৩১ ধারার নির্দ্দিষ্ট দখলী স্বত্বের অনুষঙ্গ।

(গ) ৫১ ধারামতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা কমাইবার দাওয়া করিবার স্বত্ব।

(ঘ) ৫৩ ধারামতে ফসলী খাজানা পরিবর্ত্তনের দাওয়া করিতে ভূম্যধিকারীর বা প্রজার স্বত্ব।

(ঙ) নির্দ্দিষ্ট হেতু বিনা দখলীস্বত্বশূন্য রায়তকে ও কোফা রায়তকে উচ্ছেদ করণ বিষয়ে আইনমতে প্রদত্ত সংরক্ষণ (৫৮, ৫৯, ৬০, ও ৬৩ ধারা)।

(চ) খোতের ভূমি করিয়া যাওয়াতে প্রজার খাজানা কমাইবার স্বত্ব (৬৬ ধারা)।

(ছ) রায়তের উৎকর্ষসাধন করিবার ও তজ্জন্য ক্ষতিপূরণের দাওয়া করিবার স্বত্ব (৮৮, ৮৯, ৯০, ও ৯১ ধারা)।

(জ) ডিক্রীজারীক্রমে না হইলে, উচ্ছেদ বিষয়ে সমুদয় প্রজাকে প্রদত্ত সংরক্ষণ (৯৮ ধারা)।

কায়েমী মকররী পাট্টার কথা।

২১১ ধারা। যে স্থানের চিরস্থায়ী বন্দোবস্ত হইয়াছে, সেই স্থানে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে যে কোন বিষয়ের চুক্তি, সেই নিয়মানুসারে কায়েমী মকররী পাট্টা দিতে ভূম্যধিকারীর বাধ্য হইবে, এই আইনের কোন কথাক্রমে এরূপ জ্ঞান করিতে হইবে না।

কৃষিকার্য্যোপযোগীকরণের চুক্তির কথা।

২১২ ধারা। এই আইনের কোন কথাক্রমে পতিত ভূমি কৃষিকার্য্যোপযোগী করণার্থ কোন চুক্তির ব্যাঘাত হইবে না।

চর ও দেয়াড়া জমী কথা।

২১৩ ধারা। (১) এই আইনে প্রকারান্তরের কথা থাকিলেও, যে প্রকারের জমী চর বা দেয়াড়া নামে খ্যাত, অর্থাৎ সামান্যতঃ বন্যা দ্বারা যে ভূমির উৎকর্ষ বা অপকর্ষ সাধন হইতে পারে, যে রায়ত সেই ভূমি ভোগ করে, সেই রায়ত তাহা ক্রমাগত বার বৎসর ভোগ না করিলে ঐ ভূমিতে দখলী স্বত্ব লাভ করিবে না, এবং যাবৎ ঐ দখলীস্বত্ব লাভ না করে, তাবৎ তাহার ও ভূম্যধিকারীর মধ্যে যে খাজানা দিবার নিয়মহয়, তাহার যোতের নিমিত্ত সেই খাজানা দিতে দায়ী থাকিবে।

(২) কিন্তু ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে আদালত নির্দ্দেশ করিতে পারিবেন যে কোন জমী এই ধারার অর্থমত চর বা দেয়াড়া জমী বলিয়া আর গণ্য হইবে না। তাহা হইলে, এই আইনের সমুদয় বিধান উক্ত জমী সম্বন্ধে খাটিবে।

উঠবন্দী ও হালহাসিলী প্রণালীর কথা।

২১৪ ধারা। "উঠবন্দী" প্রণালী ও "হাল হাসিলী" প্রণালী নামে খ্যাত প্রণালীমতে কোন ভূমি ভোগ করা গেলে, দেশাচারানুগত বা প্রকারান্তরের যে সকল নিয়মে ঐ ভূমি ভোগ হয়, এই আইনের কোন কথাক্রমে সেই সকল নিয়মের কোন ব্যাঘাত হইবে না।

চাকরাণ তালুক সম্বন্ধে না খাটিবার কথা।

২১৫ ধারা। এই আইনের কোন কথায় কোন ঘাটওয়ালী বা অন্য চাকরাণ তালুকের কোন অনুষঙ্গের ব্যাঘাত হইবে না, বিশেষতঃ এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে চাকরাণ তালুক হস্তান্তর করিতে বা উইলক্রমে দান করিতে পারা যাইত না, তাহা হস্তান্তর করিবার ব উইলক্রমে দান করিবার স্বত্ব প্রদত্ত হইবে না।

বাস্তু ভূমির কথা।

২১৬ ধারা। কোন রায়ত রায়তস্বরূপ আপন যোতের অংশ না হইয়া বাস্তুভূমি ভোগ করিলে, ঐ বাস্তুভূমির প্রজাস্বত্বের অনুযায়ী দেশাচার দ্বারা নিয়মিত হইবে।

দেশাচার সংরক্ষণের কথা।

২১৭ ধারা। কোন দেশাচার বা দেশাচারানুগত স্বত্ব এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হইলে অথবা এই আইনের বিধানক্রমে স্পষ্টতঃ বা আবশ্যক অনুমানানুসারে পরিবর্ত্তিত বা রহিত না হইলে, এই আইনের কোন কথায় তাহার কোন ব্যতিক্রম হইবে না।

উদাহরণ।

কোর্ফা রায়ত কোনরূপ অবস্থায় দখলীস্বত্ব প্রাপ্ত হয় এই দেশাচার এই আইনের বিধানের সহিত অসঙ্গত নহে, এবং এই আইনের বিধান দ্বারা স্পষ্টতঃ বা আবশ্যক অনুমানানুসারে পরিবর্ত্তিত বা রহিত করা যায় নাই; সুতরাং উক্ত দেশাচার কোন স্থানে থাকিলে, এই আইন দ্বারা তাহার কোন ব্যতিক্রম হইবে না।

১৮শ অধ্যায়।

মিয়াদ বা তামাদি বিষয়ক বিধি।

৭ তফসীলমত মোকদ্দমা, আপীল এবং প্রার্থনা বা দরখাস্তের মিয়াদের কথা।

২১৮ ধারা। (১) এই আইনের ৮ম তফসীলের নির্দ্দিষ্ট মোকদ্দমা, আপীল এবং প্রার্থনা বা দরখাস্ত তত্তৎ জন্য ঐ তফসীলের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উপস্থিত করিতে ও করিতে হইবে; এবং ঐরূপ মিয়াদ কালের পর উক্তরূপ যে প্রত্যেক মোকদ্দমা বা আপীল উপস্থিত করা যায়, এবং প্রার্থনা বা দরখাস্ত করা যায়, তাহা মিয়াদ উত্তীর্ণ হইবার কথা না তোলা গেলেও অগ্রাহ্য হইবে।

(২) এই আইন প্রচলিত হইবার সময়ের অব্যবহিত পূর্ব্বে যে মোকদ্দমা বা আপীল কিম্বা প্রার্থনা বা দরখাস্ত উপস্থিত করিলে মিয়াদ উত্তীর্ণ হওয়া প্রযুক্ত বারিত হইত, এই ধারার কোন কথাক্রমে সেই মোকদ্দমা বা আপীল কিম্বা প্রার্থনা বা দরখাস্ত করিবার স্বত্ব পুনরুজ্জীবিত হইবে না।

ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক আইনের কিয়দংশ ঐ মোকদ্দমা প্রভৃতিতে না খাটিবার কথা।

২১৯ ধারা। ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৭, ৮ ও ৯ ধারা ২১৮ ধারার লিখিত মোকদ্দমা বা প্রার্থনা সম্বন্ধে খাটিবে না।

১৯শ অধ্যায়।

অতিরিক্ত বিধি।

দণ্ডের কথা।

ফসলে বে-আইনীমতে হস্তক্ষেপ করিলে দণ্ডের কথা।

২২০ ধারা। (১) এই আইন অনুসারে কিম্বা অন্য যে কোন আইন তৎকালে বলবৎ থাকে, সেই আইন অনুসারে না হইয়া, যদি কোন ব্যক্তি

(ক) কোন প্রজার যোতের ফসল ক্রোক করে, কিম্বা ক্রোক করিবার উদ্যোগ করে, কিম্বা

(খ) এই আইনমতে নিয়মিতরূপে যে ক্রোক করা যায়, তাহার বাধা দেয়, কিম্বা এই আইনমতে নিয়মিতরূপে যে কোন সম্পত্তি ক্রোক করা যায়, তাহা বলপূর্ব্বক বা গোপনে স্থানান্তর করে, কিম্বা

(গ) প্রজার অনুমতি বা সম্মতি ব্যতিরেকে কোন যোতের ফসল কাটিতে, সংগ্রহ করিতে, সঞ্চিত করিতে, স্থানান্তর করিতে, কিম্বা প্রকারান্তরে তাহা লইয়া যাইতে বাধা দেয়, বা দিবার উদ্যোগ করে,

তবে তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমতে অপরাধ ভাবে অনধিকার প্রবেশ করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

(২) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমতে যে কোন ব্যক্তি (১) প্রকরণের লিখিত কোন কার্য্য করিতে সহায়তা করেন, তিনি উক্ত আইনের অর্থমতে অপরাধ-ভাবে অনধিকার প্রবেশ কার্য্যের সহায়তা করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

ভূম্যধিকারীদের কর্ম্মকারক ও প্রতিনিধিদের কথা।

২২১ ধারা। (১) কোন আদালতে বা অন্য কর্ত্তৃপক্ষের নিকটে এই আইনমতে কোন ভূম্যধিকারীর উপস্থিত হইবার, প্রার্থনা করিবার বা কোন কার্য্য করিবার আদেশ বা অনুমতি থাকিলে, উক্ত আদালত বা কর্ত্তৃপক্ষ প্রকারান্তরের আজ্ঞা না করিলে, ভূম্যধিকারীর স্বাক্ষরিত ক্ষমতাপত্রক্রমে এতদর্থে ক্ষমতাপ্রাপ্ত ভূম্যধিকারীর কর্ম্মকারকও ঐ সকল কর্ম্ম করিতে পারিবেন।

ভূম্যধিকারীর কর্ম্মকারক দ্বারা কার্য্য করিবার কথা।

(২) এই আইনে যে প্রত্যেক নোটিস ভূম্যধিকারীর উপর জারী করিবার বা তাঁহাকে দিবার আদেশ আছে, তাহার জারী স্বীকার করিতে বা তাহা লইতে পূর্ব্বোক্তমতে ক্ষমতাপ্রাপ্ত ভূম্যধিকারীর কর্ম্মকারকের উপর তাহা জারী করা গেলে, কিম্বা তাঁহাকে দেওয়া গেলে, যদি নিজ ভূম্যধিকারীর উপর তাহা জারী করা যাইত কিম্বা তাঁহাকে দেওয়া যাইত, তাহা হইলে যেরূপ ফল হইত, এই আইনের কার্য্যার্থে সেইরূপ ফল হইবে।

(৩) কর্ম্মকারক নিয়োগ করিবার কিম্বা তাঁহাকে ক্ষমতা দিবার নিদর্শনপত্র ছাড়া যে প্রত্যেক দলীল এই আইনের আদেশমতে ভূম্যধিকারীকর্ত্তৃক স্বাক্ষরিত বা সর্টিফিকেটযুক্ত হওয়া আবশ্যক, তাহা এতদর্থে ক্ষমতা-পত্রপ্রাপ্ত তদীয় কোন কর্ম্মকারকের দ্বারা স্বাক্ষরিত বা সার্টিফিকেটযুক্ত হইতে পারিবে।

একাধিক ভূম্যধিকারীদের একত্রের সাধারণ কর্ম্মকারকের দ্বারা কার্য্য করিবার কথা।

২২২ ধারা। দুই বা তদধিক ব্যক্তি একযোগী ভূম্যধিকারী হইলে, যাহা কিছু করিতে এই আইনমতে ভূম্যধিকারীর প্রতি আদেশ বা অনুমতি আছে, তাহা তাঁহারা উভয়ে বা সকলে একত্র হইয়া করিবেন কিম্বা তাঁহাদের উভয়ের বা সকলের পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মকারক করিবেন।

রাজস্ব কর্ম্মচারীদের ক্ষমতার কথা।

২২৩ ধারা। রাজস্ব কর্ম্মচারীদের উপর এই আইনের দ্বারা বা এই আইনমতে যে কোন কর্ম্মের ভার অর্পিত হয়, সে কর্ম্ম সম্পাদনার্থে তাঁহাদের যে কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে, তাহার বিধান করণার্থ স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এই আইনসঙ্গত বিধি প্রদান করিতে পারিবেন, এবং ঐ বিধি দ্বারা এরূপ কোন কর্ম্মচারীর প্রতি

কর্ম্মচারীদের কার্য্য-প্রণালী ও ক্ষমতা সম্বন্ধীয় বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

(ক) মোকদ্দমার বিচারকালে কোন দেওয়ানী আদালত যে কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন এরূপ কোন ক্ষমতা, ও

(খ) কোন ভূমিতে প্রবেশ করিবার এবং তাহা জরীপ ও চিহ্নিত করিবার ও তাহার মানচিত্র করিবার ক্ষমতা, ও

(গ) জমীর শক্তি বুঝিয়া দেখিবার নিমিত্ত কোন ভূমির ফসল কাটিবার ও বাড়িবার ও উৎপন্ন শস্যাদি ওজন করিবার ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

বিধির কথা।

২২৪ ধারা। (১) এই আইনের কোন ধারামতে বিধি প্রণয়ন করিবার ক্ষমতা-প্রাপ্ত প্রত্যেক কর্ত্তৃপক্ষ উক্ত বিধি করিবার পূর্ব্বে প্রস্তাবিত বিধির পাণ্ডুলেখ্য, যে ব্যক্তি-দের তদ্দ্বারা ক্ষুণ্ণ হইবার সম্ভাবনা, তাঁহাদের অবগতি নিমিত্ত প্রকাশ করিবেন।

বিধি প্রণয়ন, প্রকাশ ও দৃঢ়করিবার কার্য্যপ্রণালীর কথা।

(২) স্থানীয় গবর্ণমেণ্টের বা হাই কোর্টের প্রণীত বিধি হইলে, উক্ত গবর্ণমেণ্টের বা কোর্টের বিবেচনায় সম্পর্কযুক্ত ব্যক্তিদিগকে সম্বাদ দিবার পক্ষে যাহা উপযুক্তবোধ হয়, সেই প্রকারে ঐ বিধি প্রকাশ করা যাইবে; অন্য কোন কর্ত্তৃপক্ষের প্রণীত বিধি হইলে, তাহা নির্দ্দিষ্ট প্রকারে প্রকাশ করা যাইবে। কিন্তু এরূপ প্রত্যেক পাণ্ডুলেখ্য রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

(৩) উক্ত পাণ্ডুলেখ্যের সহিত একটী নোটিস প্রকাশ করা যাইবে। প্রকাশ করণের তারিখের পর এক মাস অতীত হইবার পূর্ব্বে না হয়, উক্ত পাণ্ডুলেখ্য এরূপ যে তারিখে বা যে তারিখের পর বিবেচনা করিয়া দেখা যাইবে, ঐ নোটিসে সেই তারিখ নির্দ্দিষ্ট থাকিবে।

(৪) ঐ নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে উক্ত পাণ্ডুলেখ্য সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন, উক্ত কর্ত্তৃপক্ষ তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিবেন।

(৫) এই আইনমতে প্রণীত হইয়াছে বলিয়া কোন বিধি রাজকীয় গেজেটে প্রকাশ করা গেলে, ঐ প্রকাশ করণই উক্ত বিধি যথাযথরূপে প্রণীত হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

যে জিলায় কিয়ৎকালীন বন্দোবস্ত থাকে তৎসম্বন্ধীয় বিধানের কথা।

২২৫ ধারা। যে মহালের চিরস্থায়ী বন্দোবস্ত কখন হয় নাই, কোন তালুকের অন্তর্গত ভূমি সেই মহালের মধ্যে থাকিলে, এই আইনের কোন কথাক্রমে, রাজস্বের কিয়ৎ-কালীন বন্দোবস্তের মিয়াদ ফুরাইলে, খাজানা বৃদ্ধির বাধা হইবে না। কিন্তু কোন রাজস্ব কর্ত্তৃপক্ষ গবর্ণমেণ্টের

যে জিলায় চিরস্থায়ী বন্দোবস্ত হয় নাই, সেই জিলায় যে ভূমি ভোগ কর, তৎসম্বন্ধে না খাটিবার কথা।

স্থানে চূড়ান্ত বন্দোবস্ত করিবার, বা বন্দোবস্ত দৃঢ় করিবার ক্ষমতা পাইয়া বন্দোবস্তী কার্য্যানুষ্ঠান মধ্যে বন্দোবস্তের মিয়াদ অতীত হইবার পর অবধারিত হারে খাজানা দিয়া ভোগ করিবার স্বত্ব স্পষ্ট বাক্যে স্বীকার করিয়া থাকিলে, অতন্ত্র কথা।

রাজস্বের নূতন বন্দোবস্ত হইতে খাজানা পরিবর্ত্তন করিতে পারিবার কথা।

২২৬ ধারা। যাহা চিরস্থায়ী বন্দোবস্তী ভূমির অন্তর্গত নহে, এরূপ কোন ভূমি বিনা খাজানায় কিম্বা অবধারিত খাজানায় ভোগ করিবার স্বত্ব ঐ ভূমির প্রাপ্তে দেওয়া গেল বলিয়া ভূম্যধিকারী পাট্টা দিলে কিম্বা অন্য কোন চুক্তি করিলে, এবং পাট্টা বা চুক্তি বলবৎ থাকিতে

(ক) ভূমির রাজস্ব উক্ত ভূমি সম্বন্ধে প্রথম দেয় হইলে, কিম্বা

(খ) তৎসম্বন্ধে ভূমির রাজস্ব পূর্ব্বে দেয় হইয়া থাকিলেও ভূমির রাজস্বের নূতন বন্দোবস্ত করা গেলে,

উভয় পক্ষের মধ্যে চুক্তিতে প্রকারান্তরের কথা সত্ত্বেও, কোন রাজস্ব কর্ম্মচারী ভূম্যধিকারির বা প্রজার প্রার্থনা মতে আজ্ঞাক্রমে এই আইনের বিধান অনুসারে উক্ত ভূমির উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিতে পারিবেন।

খাসকর প্রভৃতি সম্বন্ধে কথা

২২৭ ধারা। বাঙ্গালা আদায় সরলার্থ যোগ্য এই আইনের যে সকল বিধান খাটে, কোন খাসকর, খনকর, জলকর প্রভৃতি সম্বন্ধে কিছু নিষেধ অর্পণ করিতে হয় তাহা আদায় করিবার যেরূপ দাবী যত দূর সম্ভব সেই সকল বিধান খাটিবে।

খাসকর ও খনকর প্রভৃতি সম্বন্ধে কথা।

বিশেষ আইন সংরক্ষণের কথা।

২২৮ ধারা। এই আইনের কোন কথায়—

(ক) এই আইনের দ্বারা স্পষ্টতঃ বা আবশ্যক অনুমানানুসারে যে বিশেষ বা স্থানীয় কোন আইন রহিত করা যায় নাই, সেই আইনের নির্দ্দিষ্ট বাঙ্গালা কার্য্যকারকদের ক্ষমতার ও কর্ম্মের,

(খ) গবর্ণমেণ্টের মহাফেজ বিদ্যা কোর্ট অব ওয়ার্ডের বা রাজস্ব কর্ত্তৃপক্ষদের অধীনস্থ কর্ম্মচারীর খাজানা আদায়ের কার্য্য প্রণালীর বিধান করণার্থ কোন আইনের,

(গ) গবর্ণমেণ্টের বাকী রাজস্বের নিমিত্ত নীলাম দ্বারা প্রজাস্বত্ব বিক্রয়করণ সম্বন্ধে কোন কথার,

(ঘ) বাঙ্গালা ১২৮৮ সালের ৪ আইন দ্বারা সংশোধিত কোন আইনের, কিম্বা

(ঙ) এই আইনের দ্বারা স্পষ্টতঃ বা আবশ্যক অনুমানানুসারে যে বিশেষ বা স্থানীয় কোন আইন রহিত করা না যায়, তাহার কোন কথা ক্ষুণ্ণ হইবে না।

প্রথম তফসীল।

(২ ধারা দেখ।)

যে২ আইন রহিত হইল।

বঙ্গদেশে প্রচলিত আইন।

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেল।
১৭৯৩ সালের ৮ আইন।	সুবেদারী বঙ্গলা ও বেহার ও উড়িষ্যার সমস্ত জমীদার ও তালুকদারপ্রভৃতি ভূম্যধিকারিদিগের সহিত সাক্ষাৎ রেবন্দোবস্তকরণের অর্থে দশসনী বন্দোবস্তের বিষয়ের যে সকল আইন ইঙ্গরেজী ১৮৮১ সালের ১৮ সেপ্টেম্বর ও ২৫ নবেম্বর এবং ইঙ্গরেজী ১৯১০ সালের ১০ ডিসেম্বরিখিত তারিখে নিষ্পিষ্ট হইয়াছে তাহার পরিবর্ত্তে পরিবর্ত্তন ও হ্রাস করিবার আইন।	১, ২, ৩, ৫, ৫৫, ৫৬, ৫৯ ধারা।
১৮০১ সালের ২২ আইন।	এতদ্ভিন্ন যে দিনাজপুর জিলা [illegible] পরগণা দিনাজপুর কমলাদিঘীর ও বড় পরগণা কুড়ুকুড়ির জিলা রঙ্গপুরের বন্দোবস্ত ও সরকারী জমা নামঞ্জুর করণার্থ আইন।	৭ ধারা।
১৮১১ সালের ৫ আইন।	ভূমির মালগুজারী তহসীলের বিষয়ে যে সকল নিয়ম এইক্ষণে চলন আছে তাহার কোন২ টুকু পূর্ব্বাপর বাধা ও সংশোধন নিষ্পত্তির আইন।	২, ৩, ৪, ১৭ ধারা।
১৮১২ সালের ১৮ আইন।	ইঙ্গরেজী ১৮১২ সালের ৫ আইনের ২ ধারার মধ্যে সুস্পষ্ট ও বিবরণ করিয়া লিখিবার ও ইঙ্গরেজী ১৯১৩ সালের ৫ আইনের ৩ ও ৬ ধারা ও ১৯১৫ সালের ৫০ আইনের ৩ ও ৪ ধারার ও [illegible] ধারার ঐ সকল ধারায় নির্দ্দিষ্ট টাকা পরিশোধ না করণ-জন্য নিকাশ করিবার নিষ্পত্তির আইন।	কেবল যে২ অংশ ২ ধারা।
১৮১৯ সালের ৮ আইন।	কোন অধিকার সিদ্ধ করণ ও তদ্বিষয়ক কার্য্যের সময়ের গণনার কথা স্পষ্ট করিবার আইন।	সমুদয় আইন।

১ম তফসীল—(চলিতেছে।)

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেল।
১৮২০ সালের ১ আইন।	যদি জমীদারের বাকী তাহার তালুকদারের শিরে পড়ে ও সে নিমিত্তে জমীদার তালুক নীলাম করাইবার ক্ষমতা পায়, তবে সেই নীলাম ইং জী ১৮১৯ সালের ৮ আইনের নীলামের মতে হইবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৫ সালের ১১ আইন।	চরের কি কোন নদী কি সমুদ্র স্থান ত্যাগ করণ প্রযুক্ত যে ভূমি পাওয়া যায় সেই ভূমির দাওয়ার নিষ্পত্তি যেং হুকুমেতে দৃষ্টি রাখিয়া করিতে হইবেক সেইং হুকুম প্রকাশ করিবার নিমিত্তে আইন।	৪ ধারার ১ প্রকরণে "এবং ঐ বৃদ্ধি হওয়া জমি যদি কোন প্রধান দখীলকারের পেটার কোন দখীলকারের দখলের ভূমিতে সংলগ্ন হয়" এইং কথা যুক্ত প্রকরণের শেষ পর্য্যন্ত।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইন।

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেল।
১৮৫০ সালের ২৫ আইন।	১৮১৯ সালের ৮ আইন ও ১৮৪৬ সালের ৪ আইন অনুসারে যে ভূমির নীলাম সম্পূর্ণ না হয় তাহাতে বায়নার টাকা সরকারে জব্দ করণের আইন।	যে পর্য্যন্ত রহিত হয় নাই সেই পর্য্যন্ত।
১৮৫০ সালের ৪৩ আইন।	বাঙ্গলাদেশে পত্তনী তালুকের নীলামের নিমিত্তে যে বাঁড়ায় আবশ্যক আছে তাহা শুধরিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৫০ সালের ৬ আইন।	মালগুজারীর বাকীর বিষয়ের সরাসরী মোকদ্দমা এবং পত্তনী তালুক ও বিক্রয়যোগ্য অন্যান্য অধিকারের নীলাম এবং খাজানার বিষয়ের সরাসরী ডিক্রীজারী করণার্থে ভূমির নীলামের বিষয়ে আইন।	সম্পূর্ণ আইন।
১৮৫১ সালের ১০ আইন।	ফোর্ট উইলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলাদেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইন।	সম্পূর্ণ আইন।

বঙ্গদেশের মন্ত্রিসভার প্রণীত আইন।

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেল।
১৮৫২ সালের ৬ আইন।	১৮৫১ সালের ১০ আইন অর্থাৎ ফোর্টউইলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশের মধ্যে খাজানা আদায় করণের আইন সংশোধন করিবার আইন) সংশোধন করণের আইন।	সম্পূর্ণ আইন।
১৮৬৮ সালের ৮ আইন।	আগমপত্রের কিম্বা প্রচলিত দেশাচারের বলে যে পেটা তালুক বিক্রয়দ্বারা কি প্রকারান্তরে হস্তান্তরীকৃত হইতে পারে তৎসম্পর্কীয় বাকী খাজানা আদায় করণোপলক্ষে ঐ২ বিক্রয় করিবার ব্যবস্থা সংশোধনার্থ আইন।	সম্পূর্ণ আইন।
১৮৬৯ সালের ৪ আইন।	মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬২ সালের ৬ আইনের ব্যাখ্যা ও সংশোধন করিবার এবং কোনং বিচার সিদ্ধ করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৬৯ সালের ৮ আইন।	ভূম্যধিকারী ও প্রজার মধ্যে যে মোকদ্দমা হয় তাহার কার্য্য-প্রণালী সংশোধন করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৭২ সালের ৮ আইন	বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্দ্ধারিত ও সীমাবদ্ধ করিবার নিমিত্ত আইন।	সম্পূর্ণ আইন।

দ্বিতীয় তফসীল।

[৩ (১৬) ধারা দেখ।]

১৮১৯ সালের ৮ আইনের হেতুবাদ হইতে উদ্ধৃত।

"দশসালা বন্দোবস্তের তালুকদারেরা আপনাদিগের ইজারা ইত্যাদি দিতে উচ্চাধুরূপ ক্ষমতা আছে দেখিয়া নূতন করারদাদের সৃষ্টি করিয়াছে ও প্রথমতঃ তাহা কেবল তাহাদের রাজার জমীদারীতে প্রকাশ হইয়াছে এক্ষণে অন্য স্থানেও হইতেছে ও এ অধিকারের প্রকাশ এই যে জমীদার কোন ব্যক্তিকে ইস্তমরারি জমা তে তালুক দেয় ও তাহার মুনফা যে ব্যক্তি তাহা লয় তাহার ও তাহার উত্তরাধিকারিদিগের পাওনা সর্ব্বকালের নিমিত্তে করিয়া দেয় ও তালুকদারের স্থানে মাল জামিন ও কেলার জামিন লওয়া ও না লওয়ার ক্ষমতা আপনি রাখে কেন না যদি তালুকদারকে জামিন দেওন হইতে মাফ করে তবে তাহার পরে ঐ তালুক বিক্রয়নিয় দ্বারা যে ব্যক্তির হাতে যায় সে এড়াইতে পারে না বরং তাহার স্থানে লইতে পারে ও ইহা এইক্ষণকার রেওয়াজ অর্থাৎ চলনমতে জানা গেল।

"তাহার দস্তাবেজেতে নিয়মের মধ্যে ইহা লেখা থাকে যে বাকী পড়িলে সে নিমিত্তে জমীদার তাহা বিক্রয় করাইতে পারিবেক ও যদি বিক্রয়ের পণ বাকীর সংখ্যা যত তত না হয় তবে যাহা বাকী থাকে তাহা তালুকদারের শিরে থাকিবেক যে সে নিমিত্তে তাহার মাল আসবাব বিক্রয় হইতে পারে।

"ঐ সকল এলাকা অর্থাৎ অধিকারকে পত্তন তালুক বলে ও তাহা লওনিয়া অনেকং লোক ঐ সকল নিয়ম ও নির্দ্দেশে তাহা অন্যং লোককে দেয় ও তাহারা দর পত্তনীদার কহলায় ও দরপত্তনীদার অন্যেরে দেয় ও ক্রমে এমত। ও ইজারদিগের প্রত্যেকের দস্তাবেজ এক মজমুনে হয়।"

কবজের পাঠ।

১। নম্বর

২। সাল

৩। গ্রামের নাম ——— থানা ———

৪। প্রজার নাম

৫। তাহার বোস্তের বিবরণ (পরিমাণ, খাজানা প্রভৃতি) ———

নগদী বিঘা ——— টাকা ———

ভাওলী বিঘা ——— দর ——— বা টাকা ———

সায়ের { বন্দকর ——— টাকা।
জলকর ——— টাকা।
ফলকর ——— টাকা।

গবর্ণমেণ্টের কর ... { পথকর
পূর্ত্তকার্য্যের কর

৬। যাহার মারফতে দেওয়া গেল ———

৭। দিবার তারিখ ———

৮। মত টাকা দেওয়া গেল (পৃষ্ঠে বিবরণ) ——— টাকা।

৯। তুস্বামীর বা ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকের স্বাক্ষর

কবজের পাঠ।

১। নম্বর

২। সাল

৩। গ্রামের নাম ——— থানা ———

৪। প্রজার নাম

৫। তাহার বোস্তের বিবরণ (পরিমাণ, খাজানা প্রভৃতি) ———

নগদী বিঘা ——— টাকা ———

ভাওলী বিঘা ——— দর ——— বা টাকা ———

সায়ের { বন্দকর ——— টাকা।
জলকর ——— টাকা।
ফলকর ——— টাকা।

গবর্ণমেণ্টের কর ... { পথকর
পূর্ত্তকার্য্যের কর

৬। যাহার মারফতে দেওয়া গেল ———

৭। দিবার তারিখ ———

৮। মত টাকা দেওয়া গেল (পৃষ্ঠে বিবরণ) ——— টাকা

৯। তুস্বামীর বা ক্ষমতা প্রাপ্ত কর্ম্মকারকের স্বাক্ষর

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের আইনের ৬৯ ধারায় নিম্নলিখিত বিধান আছে।—

"৬৯ ধারা। (১) কোন প্রজা খাজানার হিসাবে কোন টাকা দিলে, যে বৎসরে কিম্বা যে বৎসরের যে কিস্তিতে উহা জমা দিতে চাহেন, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন এবং তদনুসারে ঐ টাকা জমা দিতে হইবে।"

টাকা যেরূপে জমা দিতে হইবে তাহার কথা।

"(২) প্রজা এরূপ কোন নির্দ্দেশ না করিলে, তুস্বামিকারী যে বৎসরের যে কিস্তি উচিত বোধ করেন, সেই বৎসরের সেই কিস্তির হিসাবে ঐ টাকা জমা দিতে পারিবেন।"

চতুর্থ তফসীল।

মিয়াদ।

(২১৮ ধারা দেখ।)

১ খণ্ড।—মোকদ্দমা।

মোকদ্দমার বর্ণনা।	মিয়াদ।	যে অবধি মিয়াদ চলে।
১। যে নিয়ম লঙ্ঘনে এরূপ স্পষ্ট বিধানাত্মক চুক্তি আছে যে ঐ নিয়মভঙ্গের দণ্ডস্বরূপ উচ্ছেদ করা যাইবে, সেই নিয়মভঙ্গ-হেতু তালুকদার বা রায়তকে উচ্ছেদ করিবার মোকদ্দমা।	এক বৎসর	নিয়মভঙ্গের তারিখ অবধি।
২। বাকী খাজানা আদায়ের মোকদ্দমা—		
(ক) ৭৩ ধারামতে ঐ যোতের খাজানার নিমিত্ত আমানৎ করিবার পূর্ব্বে বাকী পড়িয়া থাকিলে।	ছয় মাস।	আমানতের তারিখ অবধি।
(খ) অন্যস্থলে ...	তিন বৎসর	বাঙ্গালা সন যেং স্থানে চলিত আছে সেইং স্থানে বাঙ্গালা সনের শেষ যে দিনে বাকী পড়ে সেই দিন অবধি এবং আমলী ও ফসলী সন যেং স্থানে চলিত আছে সেইং স্থানে জ্যৈষ্ঠ মাসের শেষ যে দিনে বাকী পড়ে সেই দিন অবধি।
৩। বাদী দখলীস্বত্ববিশিষ্ট রায়তস্বরূপ ভূমির দাওয়া করিলে, উক্ত ভূমির দখল ফিরিয়া পাইবার মোকদ্দমা।	দুই বৎসর	বে-দখল হইবার তারিখ অবধি।

২ খণ্ড।—আপীল।

আপীলের বর্ণনা।	মিয়াদ।	যে অবধি মিয়াদ চলে।
৪। এই আইনমত কোন ডিক্রী বা আজ্ঞার উপর জিলার জজ বা বিশেষ জজ সাহেবের আদালতে আপীল হইলে।	ত্রিশ দিন	যে ডিক্রী কি আজ্ঞার উপর আপীল হয় তাহার তারিখ অবধি।
৫। এই আইনমত কালেক্টরের কোন আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইলে।	ত্রিশ দিন	যে আজ্ঞার উপর আপীল হয় তাহার তারিখ অবধি

৩ খণ্ড।—প্রার্থনাপত্র।

প্রার্থনাপত্রের বর্ণনা।	মিয়াদ।	যে অবধি মিয়াদ চলে।
৬। যে স্থলে ডিক্রীমত খাতক ছলে বা বলে ডিক্রী জারী হইতে দেন নাই সেই স্থলভিন্ন এই আইনমত কিম্বা এই আইনদ্বারা রহিত করা কোন আইনমত ডিক্রী বা আজ্ঞা জারী করিবার প্রার্থনাপত্র; যদি ডিক্রীর টাকার উপর ডিক্রীর পর যে সুদ জমে তাহা বাদে ডিক্রী ঐ ডিক্রী জারী করিবার খরচা সমেত ৫০০৲ শতের অধিক টাকার নিমিত্ত ডিক্রী না হয়।	তিন বৎসর	(১) ডিক্রীর বা আজ্ঞার তারিখ অবধি; কিম্বা (২) আপীল করা গেলে, আপীল আদালতের চূড়ান্ত ডিক্রীর বা আজ্ঞার তারিখ অবধি কিম্বা (৩) বিচার সমালোচনা করা গেলে, সমালোচনাক্রমে নিষ্পত্তি হইবার তারিখ অবধি।

ভিন্ন ভিন্ন মত।

বঙ্গদেশের প্রজাস্বত্ববিষয়ক আইনের পাণ্ডুলিপি সম্বন্ধীয় সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের রিপোর্ট হইতে আমার মত ভিন্ন।

১৮৮৩ সালের ২১ নবেম্বর অবধি কমিটীর অধিবেশন আরম্ভ হয় এবং ১৮৮৪ সালের ১৩ মার্চ্চে উহার কার্য্য শেষ হয়। প্রথমতঃ সপ্তাহে দুইবার মাত্র কমিটীর অধিবেশন হইত। কোন বিষয়ে সংশোধনের প্রস্তাব করিতে হইলে সভ্যদের ৪৮ ঘণ্টা পূর্ব্বে সংবাদ দিতে হইত। ২৬ জানুয়ারি তারিখে স্থির হয় যে সপ্তাহে তিন দিন ২ টা অবধি ৫½ পর্য্যন্ত কমিটীর অধিবেশন হইবে, সংশোধন প্রস্তাবের সংবাদ অধিবেশনের পূর্ব্ব দিন সেক্রেটরীর নিকট প্রেরণ করিতে হইবে। অধিবেশনের দিন প্রাতে সংশোধনের প্রস্তাব মেম্বরগণের নিকট প্রেরিত হইত। এইরূপ নূতন বন্দোবস্ত প্রস্তাব করার কারণ এই যে, তখনও কমিটীর হাতে অনেক কার্য্য বাকী ছিল ও সিমলা গমনের সময়ও উপস্থিত প্রায় হইয়াছিল। এই বন্দোবস্তে মেম্বরদিগের নিজের২ যে অসুবিধা হইয়াছিল তাহা অগ্রাহ্য করিলেও এবং তাঁহারা এই কার্য্যে সমস্ত সময়ক্ষেপ করিয়াছেন স্বীকার করিলেও সংশোধনের জন্য প্রস্তুত হইতে তাঁহাদের ১০ ঘণ্টা এবং উহার বিশেষ আলোচনার্থ ৬ ঘণ্টা সময়ও প্রায় থাকিত না, আমি এতথা না বলিয়া থাকিতে পারিতেছি না। এরূপ বন্দোবস্তে মেম্বরদিগের প্রত্যেকের প্রতিই অন্যায় করা হইয়াছিল। আমার মত অবস্থার লোকের প্রতি আরও অবিচার হইয়াছিল, কারণ আমি যাঁহাদের অভিপ্রায় ব্যক্ত করি বলিয়া লোকের বিশ্বাস, আমি তাঁহাদের সহিত পরামর্শ করিবার সময় পাইতাম না। ইহাতে যে কেবল মেম্বরদিগের প্রতিই অবিচার হইয়াছিল এমন নহে, যে সকল গুরুতর বিষয় লইয়া বাদানুবাদ তাহার প্রতিও অবিচার হইয়াছিল। আমি কর্ত্তব্য বিবেচনায় এবিষয়ে প্রতিবাদ করিয়াছিলাম, কিন্তু আমার প্রতিবাদ ফলোপধায়ক হয় নাই। ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে কমিটীর নিকট যে সকল বিষয় উপস্থিত করা হইয়াছিল এরূপ অবস্থায় যত দূর সম্ভব তাঁহারা সকল বিষয়েই বিশেষ মনোযোগ দিয়া কার্য্য করিয়াছেন, এবং আমার প্রতি যত দূর সম্ভব শিষ্টতা ও সম্মান প্রদর্শন করিয়াছেন, কিন্তু শেষাশেষি গুরুতর প্রশ্ন সমূহের মীমাংসায় অত্যন্ত ত্বরা করা হইয়াছিল। এরূপ ত্বরা অপরিহার্য্য হইলেও ইহা একান্ত দুঃখের বিষয় সন্দেহ নাই।

মন্ত্রিসভার বিধি অনুসারে কমিটীর এই পাণ্ডুলিপি সম্বন্ধীয় কাজের কথা বিষয়ে সাক্ষীর এজাহার গ্রহণের ক্ষমতা থাকিলে ভাল হইত। কমিটী যে এই ক্ষমতার আবশ্যকতা বিশেষরূপে অনুভব করিয়াছিলেন, সে বিষয়ে আমার কিছুমাত্র সন্দেহ নাই। পদ্ধতিসিদ্ধ না হইলেও, মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের পরামর্শমতে পেটাও বিলি সম্বন্ধে কমিটীতে কয়েকজন বহুদর্শী জমীদারের সাক্ষ্য গ্রহণ করা হইয়াছিল।

কমিটীর হস্তে পড়িয়া পাণ্ডুলিপির অনেক গুরুতর পরিবর্ত্তন হইয়াছে। কিন্তু উহার মূল সূত্র অপরিবর্ত্তিত রহিয়াছে। কোন২ বিষয়ে মূল পাণ্ডুলিপিতে যেরূপ ছিল তদপেক্ষা জমীদারদিগের অবস্থা অধিকতর মন্দ করা হইয়াছে। কয়েকটী ক্ষুদ্র২ বিষয়ে জমীদার ও রায়ত উভয়ের প্রতিই অপক্ষপাতে সুবিচার করা হইয়াছে। বর্ত্তমান আইনে যেরূপ আছে তাহা অপেক্ষা মধ্যবর্ত্তী ভূম্যধিকারীগণের বিলক্ষণই লাভ হইয়াছে। কিন্তু প্রকৃতপক্ষে যে ভূমিকর্ষক, যাহার জন্য কমিটী এত চিন্তিত ভাব প্রকাশ করিয়াছেন, আমার ভয় হয় যে ফলে তাহার অবস্থা বর্ত্তমান অপেক্ষা মন্দ দাঁড়াইবে। আমি এখন সমস্ত পাণ্ডুলিপির বিচার করিতে ইচ্ছা করি না এবং তজ্জন্য এই সকল বিষয়ের বিস্তারিত কথায় প্রবেশ করিব না।

এই পাণ্ডুলিপির বিরুদ্ধে আমার আপত্তির প্রধান কারণ এই২ :—

১ম।—ইহা বর্ত্তমান ও প্রাচীন ভূমিসংক্রান্ত আইনের বিরোধী। ইহা একদিকে কতকগুলি স্বত্ব অপহরণ করিতেছে ও অপরদিকে উক্ত আইনের ব্যতিচারী কতকগুলি স্বত্ব প্রদান করিতেছে। ২য়।—ইহাতে রেগুলেশন আইন সমূহের যেরূপ ব্যাখ্যা কল্পনা করা হইয়াছে, তাহা আদালতের মীমাংসার বিরোধী, এবং প্রমাণরহিত ঘটনা ও বিবরণ সমূহকে প্রমাণ বলিয়া গ্রাহ্য করা হইয়াছে। ৩য়।—খাজানা আদায় ও খাজাঞ্চীর বন্দোবস্ত সম্বন্ধীয় কার্য্যপ্রণালীর সরলতাপাদনরূপ যে মুখ্য উদ্দেশ্য তাহা এতদ্দ্বারা সুসিদ্ধ হইবে না। ৪র্থ।—ইহাতে ভূম্যধিকারী ও প্রজাপুঞ্জের মধ্যে বিবাদ ও বিসম্বাদ উৎপাদিত হইবার ও মোকদ্দমার মোকদ্দমার দেশ প্লাবিত করিবার সম্ভাবনা। তাহাতে কৃষক সম্প্রদায়ের শান্তি ও মঙ্গলের হানি হইবে। ৫ম।—ইহাতে বহুসংখ্যক কৃষক প্রজাকে কৃষাণ (কৃষিশ্রমজীবী) করিয়া তুলিবে। ৬ষ্ঠ।—জমীদার ও প্রজার চুক্তি সম্বন্ধে স্বাধীনতা উঠাইয়া দেওয়ায় ও জমীদারী কার্য্যনির্ব্বাহ ও রায়তদের কার্য্য সম্বন্ধে আদালত ও রাজস্বসংক্রান্ত কার্য্যকারককে মধ্যস্থ ও জিজ্ঞাসার স্থল করায়, ইহাতে কৃষকসম্প্রদায়ের উন্নতির নিদানভূত আত্মনির্ভর শক্তিকে অকর্ম্মণ্য করা হইবে, ও উহার মেরুদণ্ড বিচ্ছিন্ন করা হইবে, অর্থনীতি সম্বন্ধীয় নিয়মাবলীর অবাধ কার্য্যের ব্যাঘাত করা হইবে, গবর্ণমেণ্টের পিতৃস্থানীয় ভাব বদ্ধমূল করা হইবে ও প্রায় প্রতিপদে মোকদ্দমারূপ গুরুতর অনিষ্টের উৎপাদন করা হইবে। গত বৎসর যখন এই পাণ্ডুলিপি উপস্থিত করা হয় তখন আমি এই সকল আপত্তি উত্থাপন করিয়াছিলাম এবং এক্ষণে দুঃখসহকারে প্রকাশ করিতেছি যে সিলেক্ট কমিটী যে সকল পরিবর্ত্তন করিয়াছেন তাহাতে ইহার একটীরও খণ্ডন হয় নাই।

এই পাণ্ডুলিপিতে আমার যে সকল আপত্তি আছে তাহাদের উল্লেখ করিতেছি বলিয়া আমি ইহার অধ্যায়ে অধ্যায়ে বিচার করিব অথবা ইহার সমস্ত অংশ বিশেষরূপে পর্য্যালোচনা করিব এরূপ প্রস্তাব করিতেছি না। আমি কেবল পাণ্ডুলিপির মূল সূত্র ও কএকটী প্রধান বিশেষ স্থলের আলোচনা করিতে চাহি।

তালুকদার।

যাঁহারা এক্ষণে তালুকদার বলিয়া গণ্য তদতিরিক্ত দুই নূতন শ্রেণীর তালুকদার সন্নিবেশিত করা হইয়াছে যথা, (১ম) দখলীস্বত্ববিশিষ্ট যে সকল রায়ত তাহাদের যোতের অর্দ্ধেকের অধিক অংশ কোর্ফা বিলি করে (৩৭ ধারা), এবং (২য়) যে সকল রায়তের যোতের পরিমাণ ১০০ বিঘার অধিক এবং যাহাদের যোতের সমস্ত বা কিয়দংশ কোর্ফা বিলি করা আছে। এরূপ স্থলে বিপরীত প্রমাণ না পাইলে প্রজাকে তালুকদার বলিয়া গণ্য করিয়া লইতে হইবে (৫ ধারা ৫ প্রকরণ)। প্রথমোক্ত ব্যক্তির নাম রূপান্তরিত তালুকদার হইবে। খাজানাবৃদ্ধির দায়িত্ব ভিন্ন তালুকদার পদের সমস্ত আনুষঙ্গিক স্বত্ব তাহাতে বর্ত্তিবে। শেষোক্ত শ্রেণীর প্রজা তালুকদারদিগের সমস্ত স্বত্ব ও অধিকার প্রাপ্ত হইবে। প্রথম শ্রেণী সম্বন্ধে কোন্ বিচারে যে দখলী-স্বত্ববিশিষ্ট রায়তকে এই পাণ্ডুলিপি অনুসারে অগ্রে ক্রয় করিবার স্বত্ব ও ক্রোকের দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল, এবং দখলীস্বত্ববিশিষ্ট রায়ত ইচ্ছা করিয়া অর্দ্ধেকের অধিক ভূমি কোর্ফা বিলি করিয়াছেন বলিয়া প্রজা সম্বন্ধে জমীদারের ক্ষমতা হ্রাস করা হইল, তাহা আমি বুঝিয়া উঠিতে পারিলাম না। ১০০ বিঘার অতিরিক্ত পরিমাণ যোতের দখলীস্বত্ববিশিষ্ট রায়তকে তালুকদার রূপে পরিণত করা আমার মতে আরো অন্যায় হইয়াছে। তালুকদারের পদবীর কতকগুলি বিশেষ অধিকার আছে, উহা দখলীস্বত্ববিশিষ্ট প্রজার নাই। ঐ সকল অধিকারের জন্য সাধারণতঃ জমীদারকে বিলক্ষণ দুপয়সা দেওয়া হয়। প্রায় দেখিতে পাওয়া যায় যে, তালুক চুক্তির শর্ত্ত অনুসারে উত্তরাধিকারযোগ্য ও হস্তান্তরযোগ্য চিরস্থায়ী যোত, এবং উপস্থিত পাণ্ডুলিপি অনু-সারে উহার খাজানার হার সুলভ হইবে, ও উহা অগ্রক্রয় স্বত্ব ও ক্রোকের দায় হইতে অব্যাহতি পাইবে। ব্যবস্থা-পক সভার হুকুম অনুসারে ১০০ বিঘার যোতদারকে তালুকদাররূপে গণ্য করা এদেশের প্রাচীন ও বর্ত্তমান ভূমি-সংক্রান্ত আইনের অনুযায়ী বলিয়া নিশ্চয়ই কেহ তর্ক করিতে পারেন না। এই বিষয়ে ভূস্বামী শ্রেণীর স্বত্বের উপর সাক্ষাৎসম্বন্ধে হস্তক্ষেপ করা হইয়াছে।

তালুকদারদিগের খাজানা বৃদ্ধি সম্বন্ধে, ১৮১২ সালের ৫ আইনের ৮ ধারায় যে হারে নীলামখরিদার আদায় করিবে, তৎসম্বন্ধে এই নিয়ম আছে। "মফঃসলী কোন তালুকদারের ভূমির খাজানার হার তাহারই মত অন্য ভূমির খাজানার হারেতে ধরা গেলে সে তালুকের জমার বন্দোবস্ত এই হিসাবে হইবেক এতাবতা ভূমির উৎপন্নের মুখে শতকরা ১০ দশ টাকা করিয়া তালুকদারের নানকর ও তালুক বুঝিয়া তহসীলের খরচা যত উচিত হয় তাহা মিনাহ হইয়া যাহা বাকী থাকে তাহা ঐ মফঃসলী তালুকের জমা ঠাহরিবেক"। ১৮৫৯ সালের ১০ আইনে এই ধারা রহিত করা হইয়াছে, কিন্তু উহাতে তালুকদার ও পেটাও তালুকদারদিগের খাজানাবৃদ্ধির সীমা ও কারণ সম্বন্ধে কোন কথারই উল্লেখ নাই। কিন্তু আদালতের মীমাংসা অনুসারে নিকট-বর্ত্তি তৎসদৃশ তালুকের অধিকারী কর্ত্তৃক প্রদেয় চলিত হারের সীমা পর্য্যন্ত অথবা যে স্থলে চলিত হার সহজে নির্ণয় করিতে পারা যায় না সেস্থলে আদায়ের খরচা বাদ দিয়া মোট আদায়ের শতকরা দশ টাকা অতিক্রম করিয়া না যায় এরূপ সীমা পর্য্যন্ত বৃদ্ধি করা যাইতে পারে (ফীল্ড সাহেবের ডাইজেষ্ট দেখ)। আদালতের এই মীমাংসা এই পাণ্ডুলিপিতে সন্নিবেশিত করা হইয়াছে, কিন্তু পরিবর্ত্তনও অনেক করা হইয়াছে, যথা, "চলিত হারের" পরি-বর্ত্তে "দেশাচারানুগত হার" লেখা হইয়াছে, কিন্তু শেষোক্ত হার নির্ণয় করা প্রথমোক্তটী নির্ণয় করা অপেক্ষা অধিক কঠিন। আদালতের মীমাংসায় তালুকদারের লাভ আদায়ের শতকরা দশ টাকার অতিরিক্ত না হয়; কিন্তু পাণ্ডুলিপি অনুসারে তাঁহার লভ্য শতকরা ১০৲ টাকার ন্যূন হইবে না। ঐ শতকরা দশটাকা আবার আদায়ের নহে। আদায় বলিতে গেলে আমার মতে প্রকৃত প্রস্তাবে আদায়ের টাকা বুঝায়। সে আদায়ের শতকরা দশ টাকা তালুক-দারের লভ্য নহে, মোট জমাহইতে কেবল খরচা নহে আবার তাহার উপর আদায়ের ঝুঁকিও বাদ দিলে যাহা অব-শিষ্ট থাকে তাহার শতকরা দশটাকা অপেক্ষা তালুকদারের লাভ ন্যূন হইবে না। এস্থলে আমার বক্তব্য এই যে, কোন দেশের রাজস্ব সংক্রান্ত আইনে যে আদায়ের ঝুঁকির জন্য বাদ পড়ে একথা আজিও আমার কর্ণগোচর হয় নাই। পব্লিক ওয়র্ক সেস ও রোড সেসের হিসাবে প্রজাদের নিকট হইতে অনাদায়ী টাকার জন্য জমীদার শতকরা কিছুমাত্র বাদ পান না। অথচ সে টাকা দেওয়ার দায়ী তাঁহারা নহেন। তাঁহারা বিনা বেতনে গবর্ণমে-ণ্টের জন্য টাকা আদায় করেন মাত্র। এইরূপে দৃষ্ট হইবে যে বর্ত্তমান আইনমতে তালুকদারের যে অবস্থা আছে, তাহার সহিত তুলনা করিলে উহাদের অবস্থা এই পাণ্ডুলিপিতে কত ভাল করিয়া দেওয়া হইল। কিন্তু এখনও সব হয় নাই। বর্ত্তমান আইন অনুসারে তালুকদারের খাজানা যুক্তিসঙ্গতরূপে বৃদ্ধি করা যাইতে পারে, কিন্তু উপস্থিত পাণ্ডুলিপি অনুসারে উহাদের খাজানা পূর্ব্ববর্ত্তী খাজানা অপেক্ষা দ্বিগুণের অধিক বর্দ্ধিত করা যাইতে পারিবে না। বর্ত্তমান আইন অনুসারে যাহা বৃদ্ধি হইবে তাহা একেবারেই দিতে হইবে; কিন্তু পাণ্ডুলিপি অনুসারে আদালত আদেশ দিতে পারেন যে অল্পে অল্পে বৃদ্ধি হইবে এবং সমস্ত বৃদ্ধি পাঁচ বৎসরে দিতে হইবে; বর্ত্তমান আইন অনুসারে খাজানা বৃদ্ধির কালের সীমা নির্দ্দিষ্ট নাই, কিন্তু পাণ্ডুলিপিতে দশ বৎসর সীমা নির্দ্দিষ্ট হইয়াছে। শেষোক্ত তিনটী বিধান উল্লেখের কারণ এই যে, উহাদ্বারা দৃষ্ট হইবে যে, যে জমীদার ভূমির স্বামী এবং দারুণ সূর্য্যাস্ত আইনমতে গবর্ণমেণ্টের রাজস্বের জন্য দায়ী, তাঁহার বিষয়ে কিছুমাত্র বিবেচনা করা হয় নাই; কিন্তু যে তালুকদারকে লোকে কোন কাজের নয় বলিয়া জানে তাহার প্রতি কত মমতা প্রদর্শন করা হইয়াছে। পেটাও বিলি হতাদর করার এ উপায় কখনই প্রশস্ত নহে।

অবধারিত হারের রায়ত।

১৮৫৯ সালের ১০ আইনে সর্ব্ব প্রথমে এই মর্ম্মের একটী আইনসম্মত অনুমান সন্নিবিষ্ট হয় যে, কোন মোকদ্দমা আরম্ভ হইবার বিংশতি বৎসর পূর্ব্ব অবধি যদি কোন প্রজার খাজানা অপরিবর্ত্তিত থাকে, তবে চিরস্থায়ী বন্দোবস্ত অবধি সেই হারে খাজানা দিয়া ভূমি ভোগ করিয়া আসিতেছে বলিয়া অনুমান করিতে

হইবে। ১৮৫৯ সালের ১০ আইন পাস করার সময় এরূপ অনুমানের যতই প্রয়োজন হইয়া থাকুক না কেন, এখন যে সে প্রয়োজন নাই একথা কেহই অস্বীকার করিতে পারিবেন না। রায়তদিগের বুদ্ধি ও স্বাধীন কর্ম্মক্ষমতা বৃদ্ধি হইয়াছে এবং দেশের অনেক অংশে ছাপান দাখিলা দিবার প্রথা প্রচলিত হইয়া উঠিয়াছে। এজন্য ১৮৫৯ সালে তাহাদিগকে খাজানা বৃদ্ধির দায় হইতে রক্ষা করা যে পরিমাণে আবশ্যক বিবেচনা করা হইয়াছিল, এক্ষণে সে পরিমাণে আবশ্যক নাই। আর একদিকে দেখিতে গেলে এই বিধান দ্বারা জমীদারের সর্ব্বনাশ হইয়াছে। মান্যবর শ্রীযুত রেনলড্‌স সাহেব খাজানা কমিশ্যনের পাণ্ডুলিপিসম্বন্ধে যে মন্তব্য প্রকাশ করিয়াছিলেন তাহাতে এবিষয়ের বিশেষ উল্লেখ ছিল। তিনি অনেক লোকের মত সংগ্রহ করিয়াছিলেন; তাঁহারা সকলেই বলিয়াছেন যে "ইহাদ্বারা জমীদারের উপর অসঙ্গত প্রমাণের ভার অর্পিত হইয়াছে" এবং "নীলাম খরিদারের পক্ষে ইহাতে অত্যন্ত কষ্ট হইয়াছে, কারণ অনেক স্থলে সে পূর্ব্ববর্ত্তী জমীদারের জমীদারী কাগজপত্রের দখল পায় না।" শ্রীযুত রেনলড্‌স সাহেব বলিয়াছেন যে পূর্ণিয়ার কালেক্টর বিশেষ দক্ষতা সহকারে এইমত সমর্থন করিয়াছেন, কারণ উক্ত কালেক্টরের বিশ্বাস এই যে "সমস্ত বঙ্গদেশে এমন মহাল অতি অল্পই আছে, এই অনুমান দ্বারা যাহার তুস্বামি-স্বত্বের ক্ষতি করা হয় নাই" এই অনুমান প্রথা একবারে রহিত না করিয়া শ্রীযুত রেনলড্‌স সাহেব অনুরোধ করিয়াছিলেন যে আইনে এই অনুমান প্রথা প্রবর্ত্তিত হইবার পূর্ব্ববর্ত্তী বিংশতি বৎসর সমান হারে খাজানা প্রদানের প্রমাণ দেওয়া স্থলেই এই অনুমানের কার্য্য সীমাবদ্ধ হওয়া উচিত। তিনি নীলাম খরিদারদের সপক্ষে আরও এই সুবিধা করিয়া দিতে চাহিয়া ছিলেন যে এই অনুমান তাঁহাদের বিরুদ্ধে উত্থাপিত হইতে পারিবে না। এইরূপ অনুরোধ করার সময় শ্রীযুত রেনলড্‌স্ সাহেব বলিয়াছিলেন যে "ব্যবস্থাপক সভা কি নিয়ম অনুসারে কার্য্য করিবেন তাহা নির্ণয় করিবার সময় ১৮৫৯ সালে যে অনুমান প্রথা প্রবর্ত্তিত হইয়াছিল তাহাতে তাহার কি ফল দাঁড়াইয়াছে প্রধানতঃ তদ্বিষয়েরই বিবেচনা করা উচিত"। এ অনুমান দ্বারা কি জমীদারের পক্ষ হইতে কোন অসঙ্গত দাবী সাধারণতঃ নিরস্ত করা হইয়াছে; না ন্যায়ানুসারে প্রজার যেরূপ অবস্থায় থাকিবার স্বত্ব ছিল না তাহাকে সেই স্বত্ব প্রদান করা হইয়াছে? অনেকেরই বিশ্বাস যে এই প্রশ্নের কেবল একমাত্র উত্তর হইতে পারে। যে সকল স্থলে আদালতে এই অনুমানের কথা উত্থাপিত হইয়া সফল হইয়াছে, তাহার অধিকাংশস্থলেই যে প্রজার ভোগ প্রকৃত প্রস্তাবে ১৭৯৩ সালের পরে আরম্ভ হইয়াছে তাহাকে, যাহারা চিরস্থায়ী বন্দোবস্তের তারিখ হইতে ভূমিভোগ করিয়া আসিতেছে, কেবল মাত্র তাহাদেরই জন্য অভিপ্রেত অধিকার সকল প্রদান করা হইয়াছে। যদি যথার্থই এইরূপ দাঁড়াইয়া থাকে, যেরূপে ঐ নিয়ম পরিবর্ত্তিত করিবার প্রস্তাব এক্ষণে হইল, তাহা করা অবিচার বোধ হয় না।

শ্রীযুত রেনলড্‌স সাহেব তাঁহারমত পরিবর্ত্তন করিয়াছেন, ইহাতে আমি অত্যন্ত দুঃখিত হইয়াছি কিন্তু তথাপি তাঁহার মত পূর্ব্বেও যেমত ন্যায় ও বিচার সঙ্গত ছিল এখনও তেমনিই আছে। ঐ মতের উপর নির্ভর করিয়া শ্রীযুত রেনলড্‌স সাহেব পূর্ব্বে যেরূপ প্রস্তাব করিয়াছিলেন, আমি তদনুযায়ী আইন সংশোধনের কথা উত্থাপন করি। কিন্তু কমিটীর অধিকাংশসভ্য আমার প্রস্তাব গ্রাহ্য করেন নাই, ইহা অপেক্ষা আরও পরিবর্ত্তিত করিয়া এক প্রস্তাব উপস্থিত করা হয়, উহাতে উপস্থিত পাণ্ডুলিপি পাস হওয়ার তারিখের পূর্ব্ব হইতে ঐ বিংশতি বৎসর গণনা করিবার কথা হয়, কিন্তু অধিকাংশ সভ্য তাহাও অগ্রাহ্য করিয়াছেন। পাণ্ডুলিপিতে নির্দ্দিষ্ট হারে ভূমি ভোগের আনুষঙ্গিক নিম্নলিখিত যত্নসমূহের উল্লেখ আছে।

১৩ ধারা।—অবধারিত খাজানায় বা অবধারিত খাজানার হারে যে রায়ত ভূমি ভোগ করে,

(ক) কোন তালুকদারের যে যে বিধানের নিয়মাধীন থাকিতে হয়, তাহারও আপন ভোগের হস্তান্তর ও উত্তরাধিকার সম্বন্ধে সেই সেই বিধানের নিয়মাধীন থাকিতে হইবে, এবং

(খ) তাহার সহিত তদীয় ভূম্যধিকারীর যে চুক্তি থাকে, সেই চুক্তির শর্ত্তমতে এই আইন সঙ্গত যে নিয়ম ভঙ্গ করিলে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, সে সেই নিয়ম ভঙ্গ করিয়াছে, এই হেতু ভিন্ন অন্য কারণে তদীয় ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

এই বিধানের সহিত পূর্ব্বোল্লিখিত বিংশতি বৎসর সম্বন্ধীয় অনুমান একত্র করিলে, আমার মনে সতাই এই ধারণা হয় যে, ইহাদ্বারা অনুমানের ফল পাইতে অধিকারী হউক আর নাই হউক প্রজারা আপনাদিগকে অবধারিত হারধারী রায়ত বলিয়া প্রকাশ করিতে প্রলোভিত হইবে, এবং এইরূপে জমীদারকে তাহার যথার্থ স্বত্ব হইতে বঞ্চিত করিবে। জমীদার সক্ষম হইলেও মোকদ্দমায় খরচান্ত ও জ্বালাতন না হইয়া আপন স্বত্বরক্ষা করিতে পারিবেন না।

অনুমানের এই ব্যবস্থা প্রবর্ত্তিত করায় ব্যবস্থাপক সভার অভিপ্রায় এই ছিল যে, উহাদ্বারা যে সকল জমীদারের কিছুতেই সঙ্কোচ নাই তাহারা যেন আপন ইচ্ছামতে, চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে ভূমি ভোগকারী রায়তদিগের খাজানা না বাড়াইয়া লইতে পারে। কিন্তু আজও যদি এই বিধান বলবৎ রাখা যায়, তাহা হইলে এক ঝাপটে সমস্ত দখলীস্বত্ববিশিষ্ট রায়তকে মোকররীদার বা চিরস্থায়ী তালুকদাররূপে পরিণত করিবে। ভাল ও মন্দ জমীদারের প্রতি এই বিধানের ফল আশ্চর্য্যরূপে পৃথক হইবে। যে স্থলে জমীদার মোকদ্দমা করিতে অনিচ্ছা, সহিষ্ণুতা অথবা দয়াপ্রযুক্ত বিশবৎসর ধরিয়া খাজানা বৃদ্ধি করেন নাই, তাঁহার যে রায়তেরা যত্নপূর্ব্বক দাখিলা গুলি রক্ষা করিয়াছে তাহারা অনায়াসেই আপনাদের দাবী প্রমাণ করিয়া দিবে। অপরদ্ধ যে জমীদার কখনও এরূপ আস্থা ও সদয়ভাব প্রদর্শন করেন নাই এবং সময়ে২ খাজানা বৃদ্ধি করিয়া প্রজাকে জ্বালাতন করিতে ও উত্যক্ত করিতে সঙ্কুচিত হন নাই, তাহার নিশ্চয়ই বিলক্ষণ সুবিধা হইবে! ফল এই হইবে যে ভাল জমীদারের ক্ষতি হইবে ও মন্দ জমীদারের লাভ হইবে।

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত।

সকলেই জানে যে ১৮৫৯ সালের ১০ আইন হইতেই বর্ত্তমান কালের দখলীস্বত্ববিশিষ্ট রায়তের উৎপত্তি। কিন্তু আমি এবিষয়ের বাদানুবাদ পুনরুল্লেখিত করিতে ইচ্ছা করি না। দ্বাদশ বৎসরের নিয়ম ২৫ বৎসরের উপর চলিয়া আসিতেছে এবং এক্ষণে তাহা লইয়া নাড়া চাড়া করা ন্যায্য বা বিচার সঙ্গত নহে। এবিষয়ে এক্ষণে যে আইন আছে তাহার এক মাত্র দোষ এই যে জমীদার ইচ্ছা করিলে রায়তকে এক ক্ষেত্র হইতে অন্য ক্ষেত্রে উঠাইয়া দিয়া তাহার দখলীস্বত্ব উৎপাদনের ব্যাঘাত করিতে পারেন। সকলেই স্বীকার করেন যে এরূপ প্রথা বাঙ্গালায় প্রচলিত নাই। কিন্তু শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব, ক্রমাগত দ্বাদশ বৎসর অধিকারের সপক্ষে আপন মত দৃঢ়তা সহকারে ব্যক্ত করিয়া নিম্নলিখিত পরিবর্ত্তন করার জন্য অনুরোধ করিয়াছেন। তাঁহার অভিপ্রায় যে এইরূপ বিধান হয় "কোন বাসেন্দা রায়ত যে ভূমি অধিকার করে অথবা যাহার জন্য খাজানা দেয় তাহাতে তাহার দখলীস্বত্ব জন্মিবে, যে নিজে অথবা যাহার পূর্ব্ব পুরুষ কোন গ্রাম বা মহালে ১২ বৎসর কোন ভূমি অধিকার করিয়াছে সেই বাসেন্দা রায়ত হইবে"। আমি এই বিধান যে সুবিচারসম্মত তাহা কখনই স্বীকার করিতে পারি না। একজন লোক যে বিনা স্বত্বে ভূমি অধিকার করে, সে কোন মহালের কোন অংশে বার বৎসর ধরিয়া ভূমি ভোগ করিয়া আসিতেছে বলিয়াই যে সেই কারণ বশতঃই সমস্ত মহাল মধ্যে দখলীস্বত্ববিশিষ্ট অথবা বিশেষ অধিকারপ্রাপ্ত রায়ত হইয়া ভূমি ভোগে স্বত্ববান হইবে, এনিয়ম যে নির্দ্দোষ এবং বিচারসঙ্গত এরূপ আমি কখনই বিবেচনা করিতে পারি না। যদি দেশের কোন অংশে জমিদার রায়তকে এক খণ্ড ভূমি হইতে অন্য খণ্ডে সরাইয়া দিয়া দখলীস্বত্ব উৎপন্ন হওয়া রহিত করিয়া থাকেন, তাহা হইলে তিনি আইন সঙ্গতরূপেই কার্য্য করিয়াছেন, একথা কেহই অস্বীকার করিতে পারিবেন না। কোন ব্যবসাদার যদি তামাদি আইনমতে যে সময় অতীত হইয়া গেলে তাহার দাবীতে তামাদি ঘটনা হইবে তাহার পূর্ব্বেই দেনাদারের নামে নালিশ করে, সে অন্যায় করিয়াছে মনে করাও যেরূপ যুক্তিবিরুদ্ধ এরূপ জমিদার অন্যায় করিয়াছেন বলাও ঠিক সেইরূপ। যদি এক খণ্ড ভূমি হইতে অন্য খণ্ডে প্রেরণ নিবারণ করা একান্তই আবশ্যক বলিয়া বোধ হয়, তাহা হইলে গুরুতর দণ্ড বিধান দ্বারা এরূপ কার্য্যের শাস্তি বিধান করিলে আমার মতে ভাল হইত। কিন্তু কমিটী স্থির করিলেন যে যখন মহামহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব এবিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি করিয়া দিয়াছেন, তখন একথা পুনরুত্থাপন করিতে তাঁহারা সমর্থ নহেন। কিন্তু এস্থলে আমি একথা না বলিয়া থাকিতে পারিতেছি না যে কমিটী শ্রীযুত ষ্টেট সেক্রেটরীর সীমাংসায় যাহা বলেন তাহা অতিক্রম করিয়া গিয়াছে। প্রথম পাণ্ডুলিপিতে বাসেন্দা রায়তের অবস্থা সম্বন্ধে নিম্নলিখিত বিধান ছিল।—

৪৫ ধারা।—এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে বা পরে যদি কোন ব্যক্তি ক্রমাগত বার বৎসর কাল কোন গ্রামের বা মহালের অন্তর্গত রায়তী জমী রায়তস্বরূপ ভোগ করিয়া থাকে, তবে বিপরীত ভাবের চুক্তি থাকিলেও এবং ঐকাল মধ্যে ভিন্ন২ সময়ে সেই ব্যক্তি যে ভূমি এরূপে ভোগ করে তাহা ভিন্ন হইলেও ঐব্যক্তি উক্ত কাল অতীত হইলে পর ঐ গ্রামের ও মহালের বাসেন্দা রায়ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আবার

৪৭ ধারা।—কোন গ্রামের বা মহালের কোন বাসেন্দা রায়ত ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখের পর উক্ত গ্রামের বা মহালের অন্তর্গত কোন রায়তী জমী রায়তস্বরূপ ভোগ করিলে, বিপরীত ভাবের চুক্তি সত্ত্বেও যৎকালে যে আইন বলবৎ থাকে সেই আইনমতে উক্ত ভূমিতে দখলীস্বত্ব প্রাপ্ত হয় বা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

বাঙ্গালা গবর্ণমেণ্টের প্রস্তাব অনুসারে কমিটী বাসেন্দা রায়ত সম্বন্ধীয় মত বিলক্ষণরূপে বিস্তার করিয়াছেন এবং উহার সপক্ষে এক নূতন আইনসম্মত অনুমানের সৃষ্টি করিয়াছেন। যথা:—

২৫ ধারা।—(১) কোন গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত উক্ত গ্রামে বা মহালে রায়তস্বরূপ যে সকল ভূমি ভোগ করে, সেই সকল ভূমিতে সে দখলী স্বত্ব প্রাপ্ত হইবে।

(২) কোন গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখ অবধি এই আইন প্রচলিত হইবার সময় পর্য্যন্ত উক্ত গ্রামের বা মহালের অন্তর্গত কোন ভূমি রায়তস্বরূপ ভোগ করিলে, তৎকালে যে আইন বলবৎ থাকে সেই আইনমতে উক্ত ভূমিতে দখলী স্বত্ব প্রাপ্ত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

২৬ ধারা।—(১) এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে বা পরে যদি কোন ব্যক্তি ক্রমাগত বার বৎসর কাল কোন গ্রামের বা মহালের অন্তর্গত জমী রায়তরূপে পাট্টাক্রমে বা প্রকারান্তরে ভোগ করিয়া থাকে, তবে ঐ ব্যক্তি উক্ত কাল অতীত হইলে পর ঐ গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) যদি এই আইনমত কোন কার্য্যানুষ্ঠানে ইহা প্রমাণিত বা স্বীকৃত হয় যে কোন ব্যক্তি রায়তস্বরূপ ভূমি ভোগ করে, তবে যাবৎ বিপরীত কথা প্রমাণ বা স্বীকার করা না হয়, তাবৎ এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তির ও সে যে ভূম্যধিকারীর অধীনে ভূমি ভোগ করে সেই ভূম্যধিকারীর মধ্যে এই অনুমান হইবে যে, সে ঐ ভূমি বা উহার কোন অংশ রায়তস্বরূপ বার বৎসরকাল ভোগ করিয়াছে।

(৩) কোন ব্যক্তি যে বিশেষ ভূমি ভোগ করে তাহা ভিন্ন২ সময়ে ভিন্ন২ হইলেও, এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তি ক্রমাগত কোন গ্রামে বা মহালে ভূমি ভোগ করিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৪) কোন ব্যক্তি যে ব্যক্তির উত্তরাধিকারী, সেই ব্যক্তি রায়তস্বরূপ যে জমী ভোগ করিয়া থাকে, প্রথমোক্ত ব্যক্তি এই ধারার কার্য্যপক্ষে সেই জমী রায়তস্বরূপ ভোগ করিয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) কোন জমী দুই বা তদধিক অংশীদার রায়তী যোতস্বরূপ ভোগ করিলে, এই ধারার কার্য্যপক্ষে ঐ জমী ঐরূপ প্রত্যেক অংশীদার রায়তস্বরূপ ভোগ করিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(৬) কোন ব্যক্তি কোন গ্রামে বা মহালে যতকাল রায়তস্বরূপ জমী ভোগ করে, ততকাল ও তাহার পর এক বৎসর উক্ত গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত থাকিবে।

(৭) যদি কোন রায়ত ২৬ ধারামতে পুনরায় ভূমির দখল পায়, তবে সে এক বৎসরের অধিক কাল বেদখল থাকিলেও বাসেন্দা রায়ত রহিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

আমার নিবেদন এই যে, এই সমস্ত বিধান শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের মীমাংসার অতিরিক্ত। ২৫ ধারার (২) প্রকরণে যেরূপ বিধিত হইয়াছে কোন স্থলেই সেরূপ দখলের সময় বার বৎসর হইতে কমান শ্রীযুত ষ্টেট-সেক্রেটরী সাহেবের অভিপ্রায় নহে; এবং কোন স্থলেই বিরুদ্ধ প্রমাণ না দিতে পারিলে প্রত্যেক রায়তকেই দখলীস্বত্ববিশিষ্ট বাসেন্দা রায়ত বলিয়া গণ্য করিতে হইবে তিনি এরূপ আইনসঙ্গত অনুমানের সপক্ষে মত প্রদান করেন নাই। দৃষ্ট হইবে যে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের অভিপ্রায় এই যে "বাসেন্দা রায়ত" দখলীস্বত্ববিশিষ্ট রায়ত বলিয়া গণ্য হয়, কিন্তু পূর্ব্ব উদ্ধৃত বিধান সকলে "বাস" কে দখলীস্বত্ব উৎপত্তির কারণ বলিয়া গণ্য করা হয় নাই। দ্বিতীয়তঃ শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব, দুই বা তদধিক অংশীদারের দখলকে তাহাদের প্রত্যেকের দখলীস্বত্ব উৎপত্তির প্রমাণ বলিয়া উল্লেখ করেন নাই। তৃতীয়তঃ তিনি কোন স্থলেই বলেন নাই যে যদি বাসেন্দা রায়ত তাহার যোত ছাড়িয়া দেয় ও খাজানা না দেয় তথাপি তাহাকে তৎপরবর্ত্তী এক বৎসরের জন্য বাসেন্দা রায়ত বলিয়া গণ্য করিতে হইবে, বরঞ্চ তিনি খাজানা দেওয়াকেই উক্ত স্বত্বের অপরিহার্য্য কারণ বলিয়া প্রকাশ করিয়াছেন। শেষতঃ শ্রীযুত ষ্টেটসেক্রেটরী সাহেব কোন স্থলেই এরূপ কথা বলেন নাই যে যদি কোন রায়ত একবার ভূমি পরিত্যাগ করে এবং পরে ক্ষতিপূরণ দিয়া আবার সেই ভূমির অধিকার পুনঃ গ্রহণ করে, তাহা হইলে যদিও সে এক বৎসরের অধিক কাল অধিকারচ্যুত ছিল তথাপি সে বাসেন্দা রায়ত বলিয়া গণ্য হইতে থাকিবে। আমি পুনরায় বলিতেছি যে, এই সমস্ত প্রস্তাব শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের মীমাংসার অতিরিক্ত এবং বাস্তবিক জমীদারের ভূস্বামীস্বত্বের উপর হস্তক্ষেপ।

দৃষ্ট হইবে যে রায়তরূপে ভূমিভোগকারী কোন ব্যক্তির সেই ভূমিতে যদি ভূস্বামী বা তালুকদাররূপে একযোগে কোন স্বার্থ থাকে, তাহা হইলে তাহার দখলীস্বত্বের উৎপত্তির কোন বাধা হইবে না এবং ইজারদার হইলেও পরে সে যে জমীর ইজারা লইয়াছে তাহাতে তাহার দখলীস্বত্ব লোপ পাইবে না। কিন্তু ভূম্যধিকারী যদি দখলীস্বত্ববিশিষ্ট যোত প্রাপ্ত হন, তাহা হইলে তাহাতে দখলীস্বত্ব বিলুপ্ত হইবে (২৮ ধারা)। তালুকদারকে ও ইজারদারকে যে স্বত্ব প্রদান করা হইল, কোন্ নিয়মে তাহা ভূম্যধিকারীকে দেওয়া হইল না, তাহা আমি পরিষ্কার করিয়া বুঝিতে পারিলাম না। তালুকদারও চিরস্থায়ী স্বত্ববান হইতে পারেন। কেবল মাত্র জমীদার জমীদার হইয়াছেন এই অপরাধে খরিদারের যে সাধারণ স্বত্ব থাকে তাহা পাইবেন না, ইহা আশ্চর্য্য ও বুদ্ধির অগম্য বলিয়া বোধ হয়।

এই বিষয়ে আমি সাহসপূর্ব্বক বেবেনিউ বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়ার সাহেবের নিম্নলিখিত মন্তব্য পাঠ করিতে অনুরোধ করিতে পারি। বাঙ্গালায় ডাম্পিয়ার সাহেবকে সকলেই রাজস্ববিষয়ে উচ্চদরের প্রামাণিক ব্যক্তি বলিয়া মনে করেন এবং উক্ত সাহেব এরূপ সম্মানের সম্পূর্ণরূপে উপযুক্ত। তিনি বলেন "কোন নির্দ্দিষ্ট ভূমিতে দখলীস্বত্ব নাম খ্যাত কতকগুলি স্বত্ব পৃথিবীর যে কেহ ক্রয় বা অন্যোপায়ে অর্জ্জন করিতে ও ভোগ করিয়া আসিতে পারে, কেবল এক ব্যক্তি পারে না। দূরবর্ত্তী কৃষি-কর্ম্মবর্জ্জিত যে কোন মহাজন, যে মহালের ভূমি তাহার পার্শ্ববর্ত্তী মহালের জমীদার, যদি জমী তালুক ভুক্ত হয় তাহা হইলে মহালের জমীদার বাসেন্দাই হউক বা অনুপস্থিতই হউক, সেই মহালেই হউক অথবা অন্য যে কোন মহালেই হউক অবাসেন্দা তালুকদার, এ জমী সর্ব্বনিম্নবর্ত্তী যে পেটাও তালুকের অন্তর্ভুক্ত তদুপরিস্থিত যে কোন তালুকের অধিকারী এরূপস্বত্ব অর্জ্জন করিতে ও ভোগ করিতে পারিবেন। কেবল একজন মাত্র ব্যক্তি সর্ব্বশেষে যাহার উপর উক্ত স্বত্ব বর্ত্তিয়াছে তাহার নিকট ক্রয় করিলেও উহা ভোগ করিতে পারিবেন না। তিনি ভূম্যধিকারী অর্থাৎ লক্ষণ অনুসারে "যে এক বা বহু ব্যক্তির অব্যবহিত অধীনে কোন প্রজা ভূমি ভোগ করে," অথবা ১৪ দফার শেষের দিকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে প্রস্তাব করিয়াছেন তদনুসারে বা " যে ভূস্বামীর চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগকরে"। এই মন্তব্যের যথার্থতা এত বিশদ যে আমার আর ইহার টীকা টিপ্পনী করা আবশ্যক বোধ হয় না।

দখলীস্বত্ববিশিষ্ট যোতের হস্তান্তর ও অগ্রক্রয় স্বত্ব।

দখলীস্বত্ববিশিষ্ট যোতের হস্তান্তরযোগ্যতা বিষয় এত্তেজর করিয়া বিচার করা হইয়াছে। অতএব আমি ইহার বিরুদ্ধে তর্কাবলীর পুনরাবৃত্তি করিতে চাহি না, কারণ সকলেই তাহা জানে। এই মাত্র বলিলেই যথেষ্ট হইবে যে ইহাতে জমীদার ও রায়ত উভয়েরই অনিষ্ট হইবে। জমীদারের একটী মূল্যবান স্বত্ব অন্যায়রূপে কাড়িয়া লওয়া হইবে এবং তাহাদের মহালে শত্রুপক্ষীয় লোকের প্রবেশ দ্বার মুক্ত হইবে। রায়তের যেরূপ অবস্থা তাহাতে যে যোতের উপর তাহাদের গ্রাসাচ্ছাদন নির্ভর করে তাহা অল্প দিবসের মধ্যেই বিক্রয় করিয়া তাহারা মজুরের অবস্থায় উপনীত হইবে। চিরস্থায়ী বন্দোবস্তের আইনেই বল আর ১৮৫৯ সালের ১০ আইনেই বল দখলী-স্বত্ববিশিষ্ট যোত কখনই হস্তান্তরযোগ্য ছিল না। বঙ্গদেশের গবর্ণমেণ্ট যখন প্রথমে দখলীস্বত্ববিশিষ্ট যোত হস্তান্তরযোগ্য করিবার প্রস্তাব করেন, তখন ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাহা অনুমোদন করেন নাই। এই বিষয়ে মত

প্রদানার্থ ব্রিটিষ ইণ্ডিয়ান আসোসিয়েশনকে আহ্বান করা হয় এবং উক্ত আসোসিয়েশন খাজানার ডিক্রীর টাকা শোধ করণার্থ দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় আইনসম্মত করার প্রস্তাবে সম্মত হন এবং উপদেশ দেন জমীদার এই উপায় অবলম্বন করিলে যে দখলীস্বত্ববিশিষ্ট যোত একবার বিক্রয় হইল তাহা হস্তান্তরযোগ্য তালুক হইল বলিয়া প্রকাশ থাকিবে। তৎকালীন লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কার্য্যতঃ এই পরামর্শ গ্রহণ করিয়াছিলেন, কারণ সেক্রেটরী রেনল্ডস সাহেব ১৮৭৮ সালের ২রা ফেব্রুয়ারি তারিখের এক পত্রে লিখিয়াছেন।

" শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিঞ্চিৎপরিমাণে অনিচ্ছাপূর্ব্বকই আপোষ বিক্রয় বা অন্য নিয়মক্রমে দখলীস্বত্ব সাধারণতঃ হস্তান্তরযোগ্য করিবার প্রস্তাব উঠাইয়া লইতেছেন। রেবিনিউ বোর্ডের পত্রের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলেই দৃষ্ট হইবে যে বহুসংখ্যক লোকের মতই এই প্রস্তাবের অনুকূল এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বুঝিতে পারিয়াছেন যে সময়ে সময়ে যেরূপ আশঙ্কা হয় হস্তান্তর দ্বারা সেরূপ মন্দ ফল উৎপন্ন হইত না, এবং যাহাদের ভূমিতে স্বত্বাধিকার উৎপন্ন হওয়া অভিপ্রেত নয় এরূপ লোকের হস্তেও ভূমি হস্তান্তরিত হইয়া আসিত না। তাঁহার বিশ্বাস এই যে এরূপ হস্তান্তরস্বত্ব দ্বারা জমীদার ও রায়ত উভয়েরই বিশেষ উপকার হইত। কিন্তু দেখা যাইতেছে যে জমীদার শ্রেণী সাধারণতঃ হস্তান্তর ক্ষমতা প্রদানের অত্যন্ত বিরোধী; এবং মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পাণ্ডুলিপিতে এরূপ বিধানের ব্যবস্থা করার ঔচিত্য বিষয়ে বিশেষ সন্দেহ প্রকাশ করিয়াছেন। এই জন্য পাণ্ডুলিপিতে জমীদারের অনুরোধক্রমে আদালতের ডিক্রীজারী-মতে দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় সিদ্ধ করিবার প্রস্তাব আছে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিশ্বাস এই যে এবিষয়ে কোন আপত্তি হইবে না।"

তাহার পর বঙ্গদেশের গবর্ণমেণ্টের মত পরিবর্ত্তন হইয়াছে এবং জমীদারেরা ১৮৭৮ সালে যে স্বত্ব ছাড়িয়া দিতেছিলেন তাহা রক্ষা হইল। উপস্থিত পাণ্ডুলিপিতে দখলীস্বত্ববিশিষ্ট যোতের হস্তান্তরযোগ্যতা অগ্রক্রয়স্বত্ব বিষয়ক একটী নিয়মের অধীনে ব্যাপক ও একান্তসিদ্ধ করিয়া দেওয়া হইয়াছে। এ পাণ্ডুলিপিতে এমন কিছুই নাই যাহাতে সর্ব্বগ্রাসী ভূমিব্যবসায়ী বা দাঁওঅন্বেষী লোকের জমীদারের ক্ষতি করিয়া ভূমি ক্রয়বিক্রয় বন্ধ করিতে পারে। জমীদারকে যে পূর্ব্বক্রয়ের স্বত্ব প্রদান করা হইয়াছে আমার ভয় হয় যে কার্য্যকালে তাহা সারবস্তু না হইয়া ছায়া বলিয়া প্রতিপন্ন হইবে। প্রথমতঃ জমীদার যে জমীর ভূস্বামী ও যাহা আইন অনুসারে কখনই হস্তান্তরযোগ্য ছিল না তাহার জন্য তাঁহার মূল্য দিতে হইবে। তাহার পর অন্যান্য খরিদারের সঙ্গে ডাকাডাকি করিতে হইবে এবং যদি মূল্য সম্বন্ধে রায়তের সঙ্গে তাঁহার না বনিয়া উঠে তাহা হইলে তাঁহাকে খরচান্ত করিয়া সালিশীর জন্য আদালতকে জানাইতে হইবে এবং আদালত বিচারে যেরূপ নিষ্পত্তি করিয়া দেন তাঁহাকে সেই মূল্য দিতে হইবে। যদি কোন জমীদারের অনেকসংখ্যক রায়ত বিদ্রোহী হয় ও তাহাদের যোত বিক্রয় করিবে বলিয়া ভয় দেখায়, তাহাহইলে জমীদারের যদি সমস্ত যোত কিনিবার মত তাওয়ারতরা টাকা না থাকে, তাহা হইলে ঐ সমস্ত যোত দুষমন লোকের হস্তগত হওয়া কোন ক্রমেই রহিত হইতে পারে না; অতএব রায়তদের অভিপ্রায় মন্দ হইলে দখলীস্বত্বের হস্তান্তরযোগ্যতা স্বীকার হওয়াতে তাহারা কার্য্যতঃ জমীদারকে সম্পূর্ণরূপে উৎপন্ন করিয়া দিতে পারে। এস্থলে আর একটী বিষয় বিশেষরূপে দেখিতে হইবে। জমীদারকে খরচপত্র করিয়া আদালতের সমস্ত নিয়ম পালন করিয়া মূল্য সম্বন্ধে আদালতের নিষ্পত্তি গ্রহণ করিতে হইবে, কিন্তু রায়ত সে মীমাংসায় বাধ্য নহে, কারণ ৩৯ ধারার ৪ প্রকরণে বলে যে যখন জমীদার রায়তকে মূল্য গ্রহণ করিতে বলেন " রায়ত হয় ঐ ভূমি বিক্রয় করিতে বিরত হইবেন, নয় ঐ মূল্যে উক্ত ভূম্যধিকারীর নিকট ঐ স্বত্ব বিক্রয় করিবেন।" অতএব জমীদারকে সম্পূর্ণরূপে রায়তের দয়ার উপর নির্ভর করিতে হইবে।

পূর্ব্বক্রয়ের স্বত্ব যদিও কার্য্যতঃ সম্পূর্ণরূপে অসার, সংশোধিত পাণ্ডুলিপিতে আবার কৌশল করিয়া সমস্ত সম্পন্ন রায়তকে এই বিধানের অধীনতা হইতে মুক্ত করিয়া দিয়াছে। কারণ পাণ্ডুলিপি অনুসারে পূর্ব্বক্রয়স্বত্বের নিয়ম তালুকদারের প্রতি বর্ত্তিবে না ও যে সকল দখলীস্বত্ববিশিষ্ট রায়ত যোতের অর্দ্ধেকের অধিক কোফা বিলি করে অথবা ১০০ বিঘার অধিক পরিমাণ জমী যোত রাখিয়া তাহার কিয়দংশ কোফা বিলি করে, তাহারা তালুকদাররূপে পরিণত হইয়াছে।

খাজানা বৃদ্ধি।

তালুকদারদিগের খাজানা বৃদ্ধির কথা আমি পূর্ব্বেই উল্লেখ করিয়াছি। জমীদারের ক্ষতি করিয়া তাহাদিগের অনেক সুবিধা করিয়া দেওয়া হইয়াছে। এক্ষণে তাহাদের যে সুখের অবস্থা হইয়াছে তাহা চিরস্থায়ী বন্দোবস্তের আইন অথবা ১৮৫৯ সালের ১০ আইনমতে কখনই হয় নাই। দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের খাজানাবৃদ্ধি সম্বন্ধে আমি বলিতে চাহি যে এক্ষণে খাজানা বৃদ্ধি করা একপ্রকার স্থগিত হইয়া রহিয়াছে, এবং এই সম্বন্ধে জমীদারদিগের সুবিধা করিয়া দেওয়াই নূতন ব্যবস্থাপনের প্রধান উদ্দেশ্য তাহাও সকলে স্বীকার করিয়া থাকেন। কিন্তু আমার বোধ হইতেছে যে কমিটী যে সকল পরিবর্ত্তন করিয়াছেন তাহাতে জমীদারদিগের প্রতি সুবিচার না হইয়া এখন যে অবস্থা আছে সেই অবস্থা বদ্ধমূল হইবার অধিকতর সম্ভাবনা। প্রথমতঃ বর্ত্তমান আইন অনুসারে জমীদার ও রায়তের, আদালতের বাহিরে খাজানা বৃদ্ধি সম্বন্ধে চুক্তি করিবার সম্পূর্ণ স্বাধীনতা আছে। কিন্তু উপস্থিত পাণ্ডুলিপিতে সে স্বাধীনতা একেবারে লোপ করা হইয়াছে। ইহাতে বিধান আছে যে, যেখানে ইচ্ছামত বন্দোবস্ত হইবে সে স্থলে চারি আনার অধিক বৃদ্ধি হইতে পারিবে না অর্থাৎ টাকায় দুই আনার অধিক বৃদ্ধি হইলে অন্ততঃ সাত বৎসর সময়ের জন্য এবং টাকায় দুই আনার অধিক ও চারি আনার অনধিক বৃদ্ধি হইলে অন্ততঃ পনের বৎসর সময়ের জন্য বৃদ্ধি হইবে। আদালতের বাহিরে

খাজানা নির্ণয় বিষয়ে এইরূপে জমীদারের উপর বিষম অক্ষমতা আরোপ করা হইল। যে স্থলে মোকদ্দমা দ্বারা খাজানা বৃদ্ধি করিবার চেষ্টা হয়, সে স্থলে যে সকল কারণে খাজানা বৃদ্ধির জন্য দরখাস্ত হইতে পারে তাহা এইরূপে প্রদর্শিত হইয়াছে।

(ক) দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত যে প্রচলিত হারে খাজানা দিয়া থাকে উক্ত রায়ত তদপেক্ষা কম হারে খাজানা দেয়।

(খ) সেই স্থানে বা চলিত বাজারে প্রধান প্রধান খাদ্য শস্যের গড়মূল্য বৃদ্ধি হইয়াছে।

(গ) ভূম্যধিকারীর দ্বারা বা তাঁহার খরচে যে উৎকর্ষসাধন হয় তাহাতে রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(ঘ) রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকাশক্তি বন্যা দ্বারা বর্দ্ধিত হইয়াছে।

আমি বেশ বলিতে পারি যে, সংশোধিত কারণাবলীতে খাজানা বৃদ্ধি সম্বন্ধে বিশেষ সাহায্য হইবে না। প্রথম কারণ "প্রচলিতহার" পরিষ্কার বুঝা যায় না এবং এখন এবিষয়ে যে সকল সন্দেহ ও গোলযোগ আছে তাহার কিছুই দূর হয় নাই। এই বিষয় বিশদ করার জন্যে চেষ্টা করা হয় কিন্তু বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাহার বিরোধী হন। আমার ভয় এই যে দ্বিতীয় কারণ অলীক বলিয়া প্রতিপন্ন হইবে। কারণ গবর্ণমেণ্ট কর্ম্মকারকেরা যে মূল্যের তালিকা প্রস্তুত করিয়া দেন তাহার উপর কিছু মাত্র বিশ্বাস করা যায় না, ইহা জানিয়াশুনিয়াও গড় মূল্য নিরূপণার্থ বিশ্বাসযোগ্য প্রমাণ পাওয়া যে নিতান্ত সুকঠিন, বিশেষ "সেই স্থানে বা চলিত বাজারে", কমিটী তাহা অস্বীকার করিতে পারেন না। চলিত বাজার কে নির্ণয় করিয়া দিবে? পরে যে সকল শর্ত্ত উল্লিখিত হইয়াছে তাহাতে তৃতীয় কারণ কার্য্যতঃ অকিঞ্চিৎকর বলিয়া প্রতিপন্ন হইবে। চতুর্থ কারণ অনুসারে যদি সুন্দররূপেও কার্য্য হয়, তথাপি উহা কদাচ কখন প্রয়োগে আসিবে।

যে সকল নিয়মে রাজস্ব কার্য্যকারক কর্ত্তৃক খাজানা বৃদ্ধি সম্বন্ধে তদারক হইবার বিধান আছে তাহাতে কার্য্যতঃ সমস্ত ব্যাপারই রাজস্ব কার্য্যকারকের বিবেচনাধীন সম্পন্ন হইবে। উদাহরণ, প্রচলিত হার নির্ণয়জন্য রাজস্বকার্য্যকারকের উপর তত্তৎস্থ যে তদারকের উপদেশ আছে; কিন্তু কি সূত্র ধরিয়া প্রচলিত হার নির্ণয় করিবেন তাহার কিছুই বলিয়া দেওয়া হয় নাই। ফল এই হইবে যে ভিন্ন ভিন্ন কার্য্যকারক ভিন্ন ভিন্ন রীতিতে কার্য্য করিবেন। মূল্য বৃদ্ধিহেতুক খাজানা বৃদ্ধি করিবার এক বিধান আছে।—

(ক) স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে নিয়মিত সময়ান্তরে যে মূল্যের তালিকা প্রকাশ করা যায় আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন, এবং মোকদ্দমা উপস্থিত হইবার অব্যবহিত পূর্ব্ববর্ত্তী পাঁচ বৎসরের গড় মূল্য অন্য যে পাঁচ বৎসর তুলনার নিমিত্ত লওয়া আবশ্যক বোধ হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত মিলাইয়া দেখিবেন।

(খ) আদালত এরূপে খাজানা বৃদ্ধি করিবেন না যে বর্দ্ধিত খাজানা সাবেক খাজানা অপেক্ষা টাকায় চারি-আনার অধিক হয়।

(গ) তুলনার নিমিত্ত মূল্যের যে পাঁচ বৎসর লওয়া হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত শেষ পাঁচ-বৎসরের গড় মূল্যের যে অনুপাত থাকে, পূর্ব্বোক্ত নিয়মানীনে ও ৮৮ ধারার নিয়মাধীনে সাবেক খাজানার সহিত বর্দ্ধিত খাজানার সেই অনুপাত থাকিবে।

এই সকল বিধান অনুসারে কার্য্যকরণ বিষয়ে মূল্যের তালিকার উপর অনেকটা নির্ভর করিতে হইবে, কিন্তু আমি পূর্ব্বেই বলিয়াছি গবর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতা গেজেটে প্রকাশিত তালিকা হইতে কিছুমাত্র বিশ্বাস করিতে পারা যায় না। পোলীসে উদ্ভাবিবরণ সংগ্রহ করে এবং পোলীস যে এবিষয়ে বড় সতর্ক হইবে তাহার আশা করা যায় না। প্রায় সর্ব্বদাই থোকেও খুচরা বিক্রয়ের জন্য মিশ্রিত থাকায় উহা হইতে সাধারণ গড় হিসাব করা সাধ্য নয়, সে যথার্থ ধরিলেও কোন দায়িত্ববিশিষ্ট কর্ম্মচারীর তাহার সত্যতা করিয়া লওয়া হয় না। যদি বিশেষ যত্নপূর্ব্বক তালিকা প্রস্তুত করা যায়, একথা সত্য তাহাতে তালিকার প্রতিষ্ঠা বাড়িবে।—এই সকল তালিকা বিচারালয়ে প্রকৃষ্ট তথ্যসিদ্ধ প্রমাণ বলিয়া গ্রাহ্য হইতে পারে না এবং হওয়াও উচিত নহে। আবার এই প্রশ্ন আসিতেছে—মূল্যের তালিকা কিরূপে প্রস্তুত করিবে?

আমাদিগকে দেখিতে হইবে যে সমস্ত শস্যের মূল্য বাঙ্গালা খাজানার উপর কি ভাবে প্রভাব বিস্তার করে, এবং গমের মূল্যে পরিণত করিতে হইবে। প্রধান খাদ্য শস্যের নামোল্লেখ করার ভার স্থানীয় গবর্ণমেণ্টের হস্তে সমর্পিত হইল। উক্ত গবর্ণমেণ্ট বিবেচনামত সময়ের ভিন্ন ভিন্ন শস্যের নাম উল্লেখ করিতে পারিবেন। কার্পাস, তুলা, তুঁত, আলু, পাট প্রভৃতি কোন উৎপন্ন দ্রব্যের বিষয় কোন বিশেষ বন্দোবস্ত করা হয় নাই। স্পষ্টই দেখা যাইতেছে যে রায়তের লাইবিলিটি কমুটেশন আক্ট যে মূল সূত্রে গ্রথিত এ নিয়মও সেই সূত্রানুযায়ী। কিন্তু আমি সাহস করিয়া নিবেদন করিতে পারি যে বিলাতের চাইলের সহিত বাঙ্গালার খাজানার কোন সাদৃশ্য নাই, কারণ প্রথমোক্তটী ফসলের নির্দ্দিষ্ট অর্থাৎ সমস্ত অংশ, আর শেষোক্তটী উৎপন্নের অংশ মূলক হইলেও এখনে পুরাতন নিয়ম হইতে অনেক দূরে আসিয়া পড়িয়াছে। রায়তের টাকার পরিমাণ বৃদ্ধি হয় না, কিন্তু প্রতিবারে বাঙ্গালায় টাকায় দেয়

খাজানা বৃদ্ধিযোগ্য বলিয়া প্রকাশ করিতেছে। এস্থলে জিজ্ঞাসা করা যাইতে পারে যে, যে মূল সূত্র টাইমকে মুদ্রায় পরিণত করার সময় সুবিচার সঙ্গত বলিয়া গৃহীত হয়, টাকায় দেয় খাজানা বৃদ্ধি বিষয়ে সেই মূল সূত্র কি প্রকৃষ্ট ও সুবিচার সঙ্গত হইবে? আমি যতদূর বুঝিতে পারি, বর্ত্তমান আইনমতে এই সূত্র ধরিয়া কার্য্য করা যেরূপ কঠিন পরেও তাহা অপেক্ষা কোনমতেই সহজ হইবে না। ভূম্যধিকারী কর্ত্তৃক উৎকর্ষসাধনহেতুক খাজানাবৃদ্ধিসম্বন্ধেও বিশেষ বিধি দ্বারা কার্য্যক্ষেত্র এত সঙ্কীর্ণ করা হইয়াছে যে আমার ভয় হয় উহার সহিত দেশের আর্থিক অবস্থার সামঞ্জস্য রক্ষা হইবে না। এই কারণবশতঃ বৃদ্ধির আজ্ঞা দিবার সময় আদালতের সে সকল অবস্থার বিষয় বিবেচনা করিতে হইবে তাহার উল্লেখ করিবার পর ৪৬ ধারায় বলে যে আদালত দেখিবেন ঐ ভূমি উচ্চতর হারে খাজানা দিতে সক্ষম হইবে কি না? যখন সকল বিষয়ই অনিশ্চিত, তখন কোন্ বুদ্ধিমান্ জমীদার উৎকর্ষসাধন করিতে অগ্রসর হইবে? টাকা দিয়া তাহাতে লাভ হইবে কি না ঠিক বুঝিতে না পারিলে কেহই টাকা বাহির করিবে না। এই সম্বন্ধে আরও দুইটী কথা আছে। বঙ্গদেশের গবর্ণমেণ্টের সহিত ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশনের পত্র লেখালেখিদ্বারা পূর্ব্বে স্থির হইয়াছিল যে কোন স্থানেই বর্ত্তমান খাজানা দ্বিগুণের অধিক বৃদ্ধি হইতে পারিবে না এবং একবার বৃদ্ধি হইলে তাহা দশ বৎসর বলবৎ থাকিবে। প্রথমকার পাণ্ডুলিপিতে এই সকল নিয়ম অন্তর্ভুক্ত হইয়াছিল। কিন্তু বঙ্গদেশের বর্ত্তমান গবর্ণমেণ্টের পরামর্শমতে উভয় নিয়মই পরিবর্ত্তিত হইয়াছে। এক্ষণে এইরূপ প্রকাশ করা হইয়াছে যে যেস্থলে প্রচলিত হার অপেক্ষা ন্যূনতা বশতঃ বৃদ্ধির চেষ্টা হয় সেস্থলে খাজানা টাকায় আট আনার অথবা শত করা পঞ্চাশ টাকার অধিক বৃদ্ধি হইবে না, এবং যে স্থলে মূল্য বৃদ্ধি বশতঃ খাজানা বৃদ্ধির চেষ্টা হয় সে স্থলে বর্দ্ধিত খাজানা পূর্ব্বতন খাজানা হইতে টাকায় চারিআনা অথবা শত করা পঁচিশ টাকা অপেক্ষা অধিক হইবে না, আর খাজানা বৃদ্ধি হইলে তাহা পনের বৎসর চলিবে। এতদ্দ্বারা দৃষ্ট হইবে, যে গবর্ণমেণ্টের মীমাংসা কখনই চূড়ান্ত হয় না। জমীদারেরা যতই অধিক ছাড়িয়া দিতেছেন ততই তাঁহাদের নিকট অধিক দাবী করা হইতেছে।

সহজেই বুঝা যায় যে, যে স্থলে প্রচলিত হার অপেক্ষা বর্ত্তমান খাজানার ন্যূনতা বশতঃ বৃদ্ধি করিবার চেষ্টা হয় সে স্থলে উক্ত খাজানা প্রচলিত হারের সীমা পর্য্যন্ত বর্দ্ধিত হওয়াই উচিত। কেন যে এরূপ স্থলেও শতকরা পঞ্চাশ টাকা উদ্ধতন সীমা নির্দ্দিষ্ট হইবে তাহা বুঝা যাইতেছে না। আবার যে স্থলে মূল্য বৃদ্ধি বশতঃ খাজানা বৃদ্ধির জন্য চেষ্টা করা হয় এবং অনুপাত ধরিয়া বৃদ্ধি দিতে হইবে, সেস্থলে শতকরা পঁচিশ টাকা উদ্ধতন সীমা নির্দ্দেশ করা সুবিচারসঙ্গত নহে।

শস্যে দেয় খাজানা টাকায় পরিবর্ত্তন।

পাণ্ডুলিপির এই অংশ বাঙ্গালা অপেক্ষা বেহারেই অধিক খাটে; এবং আমার মাননীয় সহযোগী মহিমান্বিত দ্বারভঙ্গার মহারাজা নিশ্চয়ই এই বিষয়ের সমালোচনা করিবেন, অতএব আমার এবিষয়ে অধিক না বলিলেও চলে। যাহাই হউক আমার কথা এই, যে মূল সূত্র ধরিয়া পরিবর্ত্তনকার্য্য সম্পাদনের উপদেশ হইয়াছে তদ্দ্বারা বর্ত্তমান খাজানা কম হইবারই সম্ভাবনা। এ দুইটী সূত্র এই—

(ক) দখলী স্বত্ব বিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধা বিশিষ্ট ভূমির নিমিত্ত গড়ে যে মূল্যরূপ খাজানা দিয়া থাকে,

(খ) পূর্ব্ব দশ বৎসরে ভূম্যধিকারী প্রকৃত প্রস্তাবে যে খাজানা পাইয়া থাকেন তাহার গড় মূল্য।

এস্থলে আমার বলা উচিত যে যখন পাণ্ডুলিপি উত্থাপিত হইয়াছিল, তখন বর্ত্তমান খাজানা কমান হইবে না, এইরূপ স্পষ্ট আশ্বাস দেওয়া হইয়াছিল।

দখলীস্বত্বশূন্য রায়ত।

চিরস্থায়ী বন্দোবস্তের আইন এবং ১৮৫৯ সালের ১০ আইন এ উভয় মতেই দখলীস্বত্বশূন্য রায়তের সহিত কারবারে জমীদারের সম্পূর্ণ স্বাধীনতা প্রদান করা হইয়াছিল। দখলীস্বত্বহীন প্রজা ইচ্ছাধীন প্রজা ভিন্ন আর কিছুই নহে। কিন্তু এই পাণ্ডুলিপিতে ভূম্যধিকারী ও দখলীস্বত্বহীন প্রজার সম্বন্ধ বহুল পরিমাণে পরিবর্ত্তিত হইতেছে। যদি দখলীস্বত্বহীন প্রজা কোনমতে একখণ্ড ভূমির উপর এক মুঠা বীজ ছড়াইবার যোগাড় করিতে পারে, তাহা হইলে কিছুতেই তাহার দখলীস্বত্বলাভ বন্ধ করিতে পারিবে না এবং পূর্ব্বে যেরূপ বলিয়াছি বাসেদা রায়ত সম্বন্ধে যে আইনসঙ্গত অনুমান আছে সে তাহার সম্পূর্ণ ফল লাভ করিবে। সে যখন প্রথম আসিবে তখন জমিদারের সহিত তাহার যেরূপ খাজানা দিবার কথা থাকিবে সে তাহাই দিতে বাধ্য হইবে। কিন্তু রেজিষ্টরী করা নিয়মপত্র ব্যতীত খাজানা বৃদ্ধি হইতে পারিবে না। বরং যখন জমীদার রায়তকে এরূপ নিয়মপত্র দিতে যাইবেন সে উহা অস্বীকার করিতে পারে। তাহা হইলে জমীদারকে প্রজা দূর করিবার জন্য মোকদ্দমা রুজু করিতে বাধ্য হইতে হইবে। আদালত তখন ঐ যোতের কি খাজানা প্রকৃত ও সুবিচারসঙ্গত তাহা স্থির করিয়া দিবেন, এবং আদালতের হুকুমমত জমীদার প্রজাকে পাঁচবৎসরের জন্য পাট্টা দিতে বাধ্য হইবেন; এবং যদি এই পাট্টার মিয়াদ অতীত হইবার পূর্ব্বেই রায়তের দখলীস্বত্ব জন্মে তাহা হইলে সে দখলীস্বত্ববিশিষ্ট প্রজার সমস্ত স্বত্বও অধিকার পাইতে স্বত্বান হইবে। এইরূপে দখলীস্বত্বহীন প্রজা নাম মাত্রেই পর্য্যবসিত হইবে। এই শ্রেণীর রায়তের সহিত আপনার ইচ্ছামত কারবার করিবার জমীদারের এক্ষণে যে স্বত্ব ছিল তাহা সম্পূর্ণরূপে কাড়িয়া লওয়া হইল। চুক্তিসম্বন্ধে স্বাধীনতা অবৈধ করা হইল। জমীদারকে আদালতের আজ্ঞাক্রমে পাঁচ বৎসরের জন্য পাট্টা দিতে বাধ্য করা হইল। এস্থলে আমার বলা উচিত যে বিচারাধীন পাট্টা দেওয়ার প্রথা প্রচলিত করণ হেতুকই প্রজার উচ্ছেদের ক্ষতিপূরণ সম্বন্ধীয়

প্রথমকার বিধান সকল ছাড়িয়া দেওয়া হইয়াছে। এই সকল বিধানে এদেশে অজ্ঞাত কতকগুলি নূতন তাঁতের সূত্র অন্তর্নিহিত ছিল। এপাণ্ডুলিপিতে সেগুলি থাকিলে নূতন বিবাদের মূল হইত। কিন্তু তাহার পরিবর্ত্তে বিচারাধীন পাঁচ বৎসরের পাট্টা প্রবর্ত্তিত করায় জমীদারের প্রতি বিশেষ অবিচার করা হইয়াছে। যে বিষয়ে জমীদারেরা চিরকাল সম্পূর্ণরূপে স্বাধীনভাবে কার্য্য করিয়া আসিয়াছেন, সেই বিষয়েই আদালত তাঁহাদের হস্ত পদ বন্ধন করিয়া দিলেন। আর যে রায়তের সুবিধার জন্য বিচারাধীন পাট্টার হুকুম দেওয়া হইল, সে অত্যন্ত দুর্বৃত্ত ও গোলযোগকারী হইতে পারে। সে মন্দ পরামর্শ দিয়া চতুষ্পার্শ্ববর্ত্তী প্রজার পালকে ক্ষেপাইয়া দিতে পারে এবং অত্যন্ত ক্ষতিকারক বলিয়া প্রতিপন্ন হইতে পারে। কিন্তু জমিদার অন্য প্রজার সহিত ভূমির বন্দোবস্ত করিলে ইহা অপেক্ষা বেশী খাজানা পাইতে পারিতেন এবং কিন্তু খাজানা আদায়ের ভাল প্রতিভাব্য পাইতে পারিতেন। কিন্তু বিচারাধীন পাট্টায় তাঁহার সুবিধা বা স্বাধীনতা রহিল না। দখলীস্বত্বহীন রায়ত সম্বন্ধীয় বিধান সকলে জমীদারের ভূস্বামী স্বত্বের প্রতি আরো এক বিষয়ে আক্রমণ করা হইয়াছে একথা আমি না ভাবিয়া থাকিতে পারিতেছি না। যে শ্রেণীর রায়তের সুবিধার জন্য এরূপ আক্রমণ হইতেছে জমির উপর তাহার কিছু মাত্র মায়া নাই সুতরাং জমীদারের অনুগ্রহ পাইতে তাহাদের কিছু মাত্র ধর্ম্মতঃ দাবী নাই।

কোর্ফা বিলি ও কোর্ফা রায়ত

যে পাণ্ডুলিপি প্রথম উপস্থিত করা হয় তাহার এক প্রধান দোষ এই যে, যদিও উহাতে জমিদারের স্বত্ব ও অধিকার বিশেষ রূপে খর্ব্ব করা হইল, তথাপি যে প্রকৃত প্রস্তাবে ভূমিকর্ষক, যাহার পরিশ্রমেই দেশে ধনাগম হয় ও সাধারণের প্রতিনিধিস্বরূপ গবর্ণমেণ্ট ও ভূস্বামী ও পেটাও ভূস্বামীর দল আহার প্রাপ্ত হন, তাহার কার্য্যতঃ অল্পই উপকার করা হয়। মধ্যবর্ত্তী লোকের অবস্থা বিশেষরূপে উন্নত করা হইল। কিন্তু কোর্ফা রায়ত, যে প্রায়ই প্রকৃত প্রস্তাবে ভূমি কর্ষণ করে, তাহাকে সম্পূর্ণরূপে মধ্যবর্ত্তি লোকের দয়ার উপর ফেলিয়া দেওয়া হইল। এই বিধানে যেরূপ ইতরবিশেষ করা হয় কমিশনরেরা তাহা সম্পূর্ণরূপে বুঝিয়াছিলেন, এবং তাঁহারা কোর্ফা রায়তের অবস্থার উন্নতি করিবার জন্য নানাবিধ উপায়ের প্রস্তাব করিয়াছেন। তদনুসারে এই পাণ্ডুলিপিতে কোর্ফা বিলি নিয়মিত করিবার প্রস্তাব হইয়াছে। কিন্তু আমার সন্দেহ এই যে, এসকল বিধান কার্য্যে পরিণত হইবে না। প্রথমতঃ যদি দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তাহার খোতের অর্দ্ধেকের অধিক কোর্ফা বিলি করে সে, উহা রেজিষ্টরী হইবামাত্র, তালুকদাররূপে পরিণত হইবে। তালুকদারের অবস্থা বিশেষরূপ সুবিধাজনক। অতএব তাহাতে কোর্ফা বিলি বন্ধ হওয়া দূর থাকুক বরং উহার প্রশ্রয় দেওয়া হইবে। দ্বিতীয়তঃ যদি কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কোর্ফা বিলি করে, তাহা হইলে কোর্ফা পাট্টা সাত বৎসরের অধিক কালের জন্য সিদ্ধ হইবে না, এবং উহা নূতনকালেও কলবৎ হইবে। যে কোর্ফা পাট্টা দিয়াছে তাহার অবশ্য ইহাতে কোন ক্ষতি নাই। কারণ পাট্টার মিয়াদ যত অল্প হইবে তাহার শাস্ত ভোগ তাহার তত অধিক হইবে। তৃতীয়তঃ কোর্ফা রায়তের ভূম্যধিকারীরা খরী করা পাট্টাস্থলে নিজে যাহা দিয়া থাকেন তাহার উপর শতকরা ২৫ টাকার অধিক খাজানা আদায় করিতে পারিবেন না এবং অন্য স্থলে শতকরা ১৫ টাকার অধিক পাইবেন না। আমি বুঝিতে পারিতেছি না যে স্থলে পরস্পর বহুসংখ্যক মধ্যবর্ত্তী লোক আছেন, (বাকরগঞ্জে পর ১৩ শ্রেণীর মধ্যবর্ত্তী লোক আছে) সেই স্থলে কিরূপে এই বিধিমতে কার্য্য চলিবে। প্রত্যেক মধ্যবর্ত্তী ভূম্যধিকারীর রায়তের নিকট হইতে তিনি আপন ভূম্যধিকারীকে যাহা দিয়া থাকেন তাহা অপেক্ষা শতকরা ৫০ টাকা অধিক দাবী করিতে স্বত্ববান হইবেন? তাহা হইলে এই দলের সর্ব্ব শেষ ব্যক্তির যে ব্যক্তি স্বহস্তে চাষ করে তাহার দশা কি হইবে? চতুর্থতঃ ভূম্যধিকারী কোর্ফা রায়তকে কুবি সম্বৎসরের শেষে ডিক্রী ও ঐ বৎসর শেষ হইবার ছয়মাস পূর্ব্বে উঠিয়া যাইবার নোটিস দান ভিন্ন উঠাইয়া দিতে পারিবেন না। আমার ধারণা এই যে উদ্ভূতন রায়ত অর্দ্ধেকের অধিক ভূমি কোর্ফা বিলি করিয়াছে কিনা তাহাই লইয়া উদ্ভূতন রায়তের সহিত কোর্ফা রায়তের সর্ব্বদা বিবাদ হইবে, ফল এই হইবে যে হয় কোর্ফা রায়ত নিঃশব্দে অত্যাচার সহ্য করিয়া যাইবে, না হয় সর্ব্বদা মোকদ্দমা মামলা হইবে। আর আমি যত দূর বিচার করিতে পারি তাহাতে এ সকলস্থলে উদ্ভূতন রায়ত তাহার খোতের অর্দ্ধেকের অধিক ভূমি কোর্ফা বিলি করিবে কেবল সেইসকল স্থলেই ৬১ ধারামতে খাজানার সীমা নির্দ্ধারণ কার্য্যকর হইবে। এই জন্য সেই রায়ত আইনের হস্ত হইতে মুক্ত হইবার অভিপ্রায়ে আপনাকে সাবধানে এই সীমার মধ্যে রাখিবে। আরও উদ্ভূতন রায়ত যদি আইন লঙ্ঘন করে, তাহাহইলে তাহাকে আদালতে আনায় কাহারও স্বার্থ নাই, কারণ আইন লঙ্ঘন করিলে কোনরূপ শাস্তিরই বিধান নাই। উদ্ভূতন রায়ত যে রায়ত তাঁহার নিজের শর্ত্তমত জমী লইতে স্বীকার না করিবে, সেইরূপ রায়তকে ভূমি না দেওয়া ই স্থির করিয়া রাখিবে, এবং যখন কোন কোর্ফা রায়ত ঐ শর্ত্ত স্বীকার করে সে আর আইনপ্রদত্ত উপকারের প্রত্যাশী হইবে না। তৃতীয় ব্যক্তি আর একজন রায়ত আইনের নির্দ্দীষ্ট শর্ত্তে জমী লইতে ইচ্ছা করিতে পারে, কিন্তু যদি উদ্ভূতন রায়ত তাহাকে গ্রহণই না করিল তবে সে দাঁড়ায় কিসের জোরে। অতএব কোর্ফা বিলি নিয়মনার্থ বিধান সমূহ একান্ত অকার্য্যকর হইবে, না হয় অশেষপ্রকার মোকদ্দমা মামলা উৎপাদন করিবে।

উৎকর্ষসাধন।

উৎকর্ষসাধন অধ্যায়ে ভূম্যধিকারী ও প্রজা এ উভয়ের সম্বন্ধ বিষয়ে যে পরিবর্ত্তন প্রবর্ত্তিত করা হইয়াছে তাহা না বর্ত্তমান আইনের অনুযায়ী না দেশাচারের অনুযায়ী। বর্ত্তমান সময়ে ভূম্যধিকারীরাই প্রায় ভূমির উৎকর্ষসাধন করিয়া থাকেন। প্রজারা ভূমির উৎকর্ষসাধন করিতে গেলে তাহারা ভূম্যধিকারীর সম্মতি ও অনুমোদন লইয়া করিয়া থাকে। কিন্তু এই অধ্যায়ে বলিতেছে যে (১) যে রায়ত অবধারিত খাজানায় ভবিতোগ

করে সে আপন ষোত সম্বন্ধে কোনরূপ উৎকর্ষসাধন করিতে চাহিলে ভূম্যধিকারী তাহাকে বাধা দিতে পারিবেন না। (২) যে স্থলে রায়তের দখলীস্বত্ব আছে সে স্থলে সেই ভূম্যধিকারীর অধীনে অন্য এক বা তদধিক ষোত সম্বন্ধে কোন ক্ষতি হইবার সম্ভাবনা না থাকিলে উক্ত রায়তের উৎকর্ষসাধন করিতে অগ্র স্বত্ব থাকিবে। (৩) যে স্থলে দখলীস্বত্বশূন্য রায়ত আপন ষোতে কোনরূপ উৎকর্ষসাধন করিতে ইচ্ছা করে সে উপযুক্ত সময়ের মধ্যে তাহা করিয়া দিবার জন্য ভূম্যধিকারীর উপর এক নোটিস দিবে। যদি ভূম্যধিকারী তাহার অনুরোধ রক্ষা করিতে না পারেন অথবা অমনোযোগ করেন তাহা হইলে রায়ত নিজেই উৎকর্ষসাধন করিয়া লইবে। এই বিধান সমূহের মর্ম্ম এই যে উহাতে ভূম্যধিকারীর ভূস্বামী স্বত্ব অস্বীকার করিয়া ভূমিতে উৎকর্ষসাধন করিবার স্বত্ব কাহার এবিষয়ের মীমাংসাভার কালেক্টরের হস্তে অর্পণ করা হইয়াছে। যদি রায়তকে ভূমির উৎকর্ষসাধন বিষয়ে উৎসাহ দেওয়া রাজনীতিসিদ্ধ হয়, তাহা হইলে প্রথম কল্পে ভূম্যধিকারীকেই উক্ত উৎকর্ষসাধনের ভার দেওয়া উচিত। অর্থ নীতি-মতে দেখিতে গেলে ভূম্যধিকারীর অনেক মূলধন থাকায় তিনিই উৎকর্ষসাধনে অধিকতর সমর্থ। কিন্তু এ বিষয়ে তাঁহার কিছুমাত্র সুবিধা করিয়া দেওয়া হয় নাই। তিনি উৎকর্ষসাধনের জন্য যে টাকা খরচ করিবেন, খাজানা বৃদ্ধি করিয়া তাহার দুনাফা তুলিয়া লইবেন এ আশ্বাসও তাঁহাকে দেওয়া হয় নাই, কারণ খাজানা বৃদ্ধি দেওয়া না দেওয়া আদালতের বিবেচনার উপর নির্ভর করিবে, এবং আদালত যদি দেখেন যে ঐ ভূমি খাজানা বৃদ্ধি দিতে সমর্থ তবেই বৃদ্ধির আদেশ করিবেন। আমার আশঙ্কা হয় এই সকল নিয়মের অপরিহার্য্য ফল এই হইবে যে উৎকর্ষসাধন করা একেবারে বন্ধ হইয়া যাইবে। যাহাদের উৎকর্ষসাধন করিবার সামর্থ্য নাই তাহাদের নিকট উৎকর্ষসাধনের আশা করা, ও যাহাদের সামর্থ্য আছে তাহাদের প্রতিবন্ধক দেওয়া যে কিরূপ পাকা রাজনীতি তাহা আমার বুদ্ধির অগম্য। আমি প্রস্তাব করিয়াছিলাম যে কৃষিবিষয়ক পরীক্ষা, আদর্শক্ষেত্র প্রভৃতির জন্য ভূমি গ্রহণ বিষয়ে ভূম্যধিকারীর সুবিধা করিয়া দেওয়া হয়, কিন্তু আমার প্রস্তাব গ্রহণ করা হয় নাই। আমাকে ভূমি গ্রহণ বিষয়ক আইনের সংশোধন চেষ্টা দেখিতে বলা হয়।

অবিভক্ত সম্পত্তির স্বত্ব-বিচার।

পাণ্ডুলিপিতে জিলার জজকে ক্ষমতা দেওয়া হইয়াছে যে কালেক্টর অথবা স্বার্থবান যে কোন ব্যক্তি ভূমিতে তাহার স্বত্ব না থাকিলেও, আবেদন করিলে যদি তাঁহার বোধ হয় যে (ক) সাধারণের অসুবিধা বা (খ) ব্যক্তি বিশেষের স্বত্বের হানি হইতেছে বা হইবার সম্ভাবনা, কোন মহাল বা তালুকের সহাধিকারীদিগকে উহার ভজ্যবিধারণের স্বত্বচ্যুতে বঞ্চিত করিতে পারিবেন। আমি শেষ বিষয়ের কথাই প্রথমে বলিব। সহাধিকারীগণের মধ্যে বিবাদ থাকিলে অথবা সাধারণ কার্য্যাধ্যক্ষ না থাকিলে রায়তদিগের কষ্ট ও বিরক্তি হইতে পারে এ কথা আমি স্বীকার করি, কিন্তু কয়টী খাজানা আদায়ের নিয়ম করিয়া এ অসুবিধার প্রতিবিধান করিয়াছেন। ৭৩ ধারার (গ) প্রকরণে বলে যে যে স্থলে অনেক হাল অংশীদারকে একযোগে খাজানা দিতে হয় এবং তাহা-দিগের পক্ষ হইতে খাজানা গ্রহণের ক্ষমতা বিশিষ্ট কোন ব্যক্তি নিযুক্ত না থাকায় প্রজা টাকার জন্য উক্ত সহাধিকারীদিগের একযোগে সাক্ষাৎ পাইতে না পায়, সে স্থলে উক্ত প্রজা খাজানা আমানত করিয়া দিতে পারিবে। আরও যদি সহাধিকারীরা একযোগে অথবা এক ধারণ কার্য্যাধ্যক্ষের দ্বারা দরখাস্ত বা মোকদ্দমা রুজু না করে তাহা হইলে সহাধিকারীরা প্রজার দরখাস্ত অথবা বকেয়া খাজানার জন্য মোকদ্দমা করিতে পারিবে না। এতদ্দ্বারা দৃষ্ট হইতেছে যে এই পাণ্ডুলিপি দ্বারা অবিভক্ত মহালের রায়তদিগের সমস্ত যুক্তিযুক্ত কষ্টের কারণ সম্পূর্ণরূপে দূরীকৃত হইয়াছে। অবিভক্ত ভাবে কোন মহালের ভজ্যবিধারণ হইলে সাধারণের যে কি ক্ষতি হইতে পারে তাহা আমি পরিষ্কাররূপে বুঝিতে পারিতেছি না। দৃষ্টান্তস্বরূপ বলিতেছি, যদি সহাধিকারীরা রাজস্ব দিতে ত্রুটি করে, তাহাদের মহাল নীলাম হইতে পারিবে। যদি তাহারা আইন অবিকল করে অথবা সরকারী আদেশমত কার্য্য করিতে অপারগ হয়, তাহা হইলে তাহাদের দায়িত্বের কথা বঙ্গদেশের রোড সেস বিষয়ক আইনের কয়েক দফা দৃষ্টে অনুমান করা যাইতে পারে এবং তাহাদের শাস্তিও হইতে পারে। এজন্য কালেক্টর অথবা জজ সাধারণের অসুবিধা হইতেছে মনে করিলেই সহাধিকারীরা আপন সম্পত্তির ভজ্যবিধারণ হইতে কেনই বঞ্চিত হইবেন পরিষ্কার বুঝা যায় না। আমার নিবেদন এই যে যেসকল কারণের কখনই অন্তিত্ব নাই, তাহারই ভয় করিয়া সহাধিকারীদিগের সম্পত্তির ভজ্যবিধারণের ভার জমার অতি অল্প করিয়া, উহাদিগের পরিশ্রম ও উৎকর্ষসাধনের ইচ্ছা কারণ অপরোধন করা, প্রকৃত রাজনীতির একান্ত বিরোধী।

প্রত্যেক লিপি খাজানার বন্দোবস্ত, হালের তালিকা, ও ভূস্বামীর নিজ জমী লিপিবদ্ধ করণ।

[illegible] সকল স্থানে নির্দ্দিষ্ট সময়ান্তে [illegible] বন্দোবস্ত হয় তখন অনুসারে যে ভাবে ভূমির [illegible] হইয়া থাকে, তদনুরূপ [illegible] সম্পত্তি [illegible] সেই ভাবে লিখিত হইয়াছে। কিন্তু বাঙ্গালায় ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের স্বত্ব ও স্বার্থ হইয়াই উহা লিপিবদ্ধ আছে, এবং এই অধ্যায় সাধারণ বিষয় সম্বন্ধে যে [illegible] ভূমি প্রজা [illegible] করিবার সম্ভাবনা [illegible] সেই স্থলে সম্পত্তিবিশিষ্ট সম্প্রদায়ের নিজ নিজ স্বার্থের উপযুক্ত আইনের কার্য্য [illegible] করিতে দেওয়াই সঙ্গত বোধ হয়। কিন্তু এই সকল অসুবিধা হয় এই যে, একদিকে ভূম্যধিকারী ও প্রজা উভয়কেই তাহাদের জন্য নির্দ্দিষ্ট উপায় অবলম্বন করিতে স্বাধীনতা দেওয়া হইয়াছে, অপরদিকে স্থানীয় গবর্ণমেণ্টকে নিজের ইচ্ছামত যেই উপায় অবলম্বন করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। এই সকল অধ্যায়ে যে সকল বিষয় আছে তাহাদের কার্য্য [illegible] হইলে, আমার ভয় হয় যে বেশ মোকদ্দমা সাধারণে রুজু করা যাইবে, ভূমির কর্ষণ ও প্রজার কুশলবৃদ্ধি সম্বন্ধে উদ্বেগের কারণ হইবে, বিনা সাক্ষ্য ও জাল করণের দ্বার প্রশস্তরূপে উন্মুক্ত হইবে, অধীনস্থ আমলাগণ [illegible] ক্ষমতা [illegible] হইবে,

এবং কৃষিজীবিরা ক্ষতি, ব্যয় ও বিপদের সাগরে পতিত হইবে। যুক্তিবিরহিত জরীপে এই শিক্ষাই প্রদান করিয়াছিল। যখন লোকে নিজেই এই সকল বিধান বলবৎ করার জন্য আবেদন করিবে, তখন উহা দেখিয়া শুনিয়া তাহাদের কাজ. কিন্তু লোকের কোনরূপ আবেদন ব্যতিরেকে কেন যে গবর্ণমেণ্ট যাইয়া দেশের লোকের উপরি উক্ত অনিষ্ট সাধন করিবেন আমি তাহার যুক্তিযুক্ত ও সিদ্ধ কার দেখিতে পাইতেছি না। আগামী দুই তিন পুরুষ মধ্যে উদ্দিষ্ট কার্য্য সমাধা হইবে না এবং এই সমস্ত সময় ধরিয়া পূর্ব্বোল্লিখিত ক্ষত বর্দ্ধিত হইতে থাকিবে। যে স্থলে রাজস্ব সংক্রান্ত বা সরাসরী বিক্রয়ে নীলাম খরিদার নিজের অবগতির জন্য জমাবন্দীর কাগজ পায় না, স্বত্বের লিপি শুদ্ধ যদি সেই স্থলের জন্য প্রস্তুত হয়; যেস্থলে রায়তেরা ধর্ম্মঘট করিয়া খাজনা দিতে অস্বীকার করে এবং যে স্থলে রায়তদের কর্ত্তৃক অত্যাচার হইবার সম্ভাবনা, যদি কেবল সেই সকল স্থলের জন্য খাজানার বন্দোবস্ত হয়; যেস্থলে জমীদারেরা নিজে আবেদন করে যদি কেবল সেই স্থলের জন্যই জমীদারের নিজ জমীর রেজিষ্টরী করা হয়; সেই সকল স্থলে পক্ষগণের দরখাস্তমত উহা নাায্য ও যুক্তিযুক্ত হইবে। কিন্তু গবর্ণমেণ্টের হস্তে অসীম বিবেচনার ভার দিয়া এই সকল অধ্যায়ের লক্ষ্য বিষয় যেরূপ বিস্তৃত করা হইয়াছে, তাহার সেরূপ কোন আবশ্যকতাই নাই এবং ইহাদ্বারা এত অনিষ্ট সংঘটিত হইবে যে উহাতে কৃষক সম্প্রদায়ের শান্তি, সুখ, ও প্রকৃত স্বার্থের বিলক্ষণ ক্ষতি হইবে। হারের তালিকা সম্বন্ধে এই বলা যাইতে পারে যে, এবিষয়ে যে অনুসন্ধান করা গিয়াছে তাহাতে স্পষ্ট বুঝা গিয়াছে যে দেশের অধিকাংশ স্থলেই উহা নির্ণয় করা অসাধ্য। ঐতিহাসিক, ব্যক্তিগত, অর্থশাস্ত্রসম্মত ও সামাজিক কারণ বশতঃ একই গ্রামের মধ্যে এত বিভিন্ন বিভিন্ন প্রকার হার প্রচলিত আছে, কোন কোন গ্রামে শত শত প্রকার হার আছে, যে নমুনার হার বা এক সমান হার বা পূর্ব্বে যাহাকে পরগণা হার বলিত কোন নির্দ্দিষ্ট ভূখণ্ডের জন্যে তাহা নির্ণয় করা অসাধ্য। প্রজা ও ভূম্যধিকারী কাহারই একার্য্য দ্বারা কিছুমাত্র উপকার প্রাপ্ত হইবার সম্ভাবনা নাই, অথচ স্থানীয় গবর্ণমেণ্ট বিশেষ ভূখণ্ডের জন্য হারের তালিকা প্রস্তুত করার ও ভূম্যধিকারী এবং প্রজার উপর দিয়া তাহার খরচ উঠাইয়া লইবার ক্ষমতা গ্রহণ করিয়াছেন। এইরূপে ভূম্যধিকারী ও প্রজা কোনরূপ আবেদন না করিলেও স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত সম্বন্ধীয় বিধান সকল বলবৎ করিবার খরচ ভূম্যধিকারী ও প্রজার ঘাড় চাপিবে। যে কার্য্যপ্রণালী অবলম্বন করিলে ভূমি বিশিষ্ট শ্রেণীর উপকার অপেক্ষা অপকার হইবার অধিক সম্ভাবনা, এইরূপে তাহার জন্য ভূমির উপর নূতন কর বসান হইবে।

খাজানা নামে অভিহিত ভূম্যধিকারীর নিজ জমী লিপিবদ্ধকরণ সম্বন্ধে আমার বক্তব্য এই যে উহার যে লক্ষণ নির্দ্দেশ করা হইয়াছে তাহা চিরস্থায়ী বন্দোবস্তের আইনে নির্দ্দিষ্ট লক্ষণের সম্পূর্ণ বিরোধী, এবং উহাদ্বারা সমস্ত পতিত ভূমি লক্ষণবহির্ভূত করা হইয়াছে। ১৩৮ ধারায় বলে,

১৩৮ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী নিম্নলিখিত জমী ভূস্বামীর নিজজমী বলিয়া লিপিবদ্ধ করিবেন।—

(ক) যে জমী খামার, জোরাত, সের, নিজ, বিঘাযোত বা কামাত বলিয়া ভূস্বামী নিজে আপন সরঞ্জাম দ্বারা বা আপন চাকর দ্বারা বা বেতনভোগী মজুর দ্বারা এই আইন বিধিবদ্ধ হইবার অব্যবহিত পূর্ব্বে ক্রমাগত বার বৎসর চাষ করিয়াছেন বলিয়া প্রমাণ হয়, সেই জমী; এবং

(খ) যে আবাদী জমী গ্রামাচারক্রমে ভূস্বামীর খামার, জোরাত, সের, নিজ, বিঘাযোত বা কামাত জমী বলিয়া স্বীকৃত হয়, সেই জমী।

(২) অন্য কোন জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করা উচিত কিনা, ইহা নিরূপণ করিতে হইলে, উক্ত কর্ম্মচারী দেশাচারের প্রতি এবং ১৮৮৯ সালের মার্চ্চ মাসের ২ তারিখের পূর্ব্বে ভূস্বামীর নিজ জমী বলিয়া বিশেষ করিয়া ঐ জমী জমা দেওয়া হইয়াছিল কিনা এই কথার প্রতি দৃষ্টি রাখিবেন কিন্তু যাবৎ বিপরীত দর্শান না যায়, তাবৎ উক্ত জমী ভূস্বামীর নিজজমী নহে, এই রূপ অনুমান করিবেন।

(৩) জমী ভূস্বামীর নিজজমী কিনা, এবিষয়ে দেওয়ানী আদালতে কোন প্রশ্ন উত্থিত হইলে, রাজস্ব কর্ম্মচারীদের কার্য্য পদ্ধতি প্রদর্শনার্থ এই ধারায় যে বিধি নির্দ্দিষ্ট হইল, উক্ত আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

১৭৯৩ সালের ৮ আইনের ৩৭ ধারায় খামার ভূমির নিম্নলিখিত বিবরণ আছে।—

১৭৯৩ সালের ৮ আইনের ৩৭ ধারা। জানিবেক যে সুবে বেহারের মধ্যে যালিকানা জমীর এবং সুবে বাঙ্গালা ও মেদিনীপুরের জমিদার ও তালুকদার ও অন্য ভূম্যধিকারীদিগের নিজের মালিকানা ও খামার ও নিজ খোত ও খরচ ভূমিসম্পর্কের লিখিত [সাধারণ রাজস্ব হইতে লাখেরাজ ভূমির বহিষ্করণ] দাড়া সকলের বাহির আছে, ইত্যাদি।

আইনের ভাষার সহিত পাণ্ডুলিপির ভাষা তুলনা করিয়া দেখিলে দৃষ্ট হইবে পুরাতন আইনানুসারে জমীদারের খামার জমীতে ক্রমাগত বার বৎসর ধরিয়া চাষ করার শর্ত্ত নির্দ্দিষ্ট ছিলনা। পতিত ভূমিসম্বন্ধে একথা সকলেই জানে যে চিরস্থায়ী বন্দোবস্তের গুরুতর খাজনা ধার্য্য করায় জমীদারের যে অপরিহার্য্য ক্ষতি হইয়াছিল তাহারই পুরস্কার উহা জমীদারকে প্রদত্ত হইয়াছিল।

ক্রোক।

খাজানা আদায়ের সম্বন্ধে ক্রোকের আইনের সহায়তা অত্যন্ত প্রয়োজনীয় ও কার্য্যকর বলিয়া সাধারণতঃ লোকের বিশ্বাস। আমি জানি বেহারে ইহার সহায়তা অধিক পরিমাণে গৃহীত হয়। কিন্তু ক্রোক আইনের সার এই যে ইহাদ্বারা শীঘ্র ও অব্যর্থ প্রতীকার হয়, কিন্তু ভূম্যধিকারীর শিরে সমস্ত দায়িত্ব অর্পিত থাকে অসতর্কতার অপব্যবহার করিলে তাঁহাকে বিলক্ষণ দণ্ড ভোগ করিতে হয়। পাণ্ডুলিপি আইনে ক্রোক আদায়ের

দ্বারা করিতে হইবে. উহার প্রতিপদে নানা প্রকার নিষেধাত্মক নিয়ম আছে, আদালতের হুকুম জারী হইবার সময় হয়ত মাঠ হইতে শস্য অন্তর্হিত হইয়া গিয়াছে। ইহার কার্য্য প্রণালী এত বিস্তৃত হইয়া পড়িয়াছে যে উহ দ্বারা আর শীঘ্র প্রতীকার পাওয়া অসম্ভব। সত্বর প্রতীকারই ক্রোক আইনের মর্ম্ম হওয়া উচিত। আবার ক্রোক করিতে গেলে ভূম্যধিকারীর এত ব্যয় করিতে ও এত বিরক্ত হইতে হইবে যে তিনি অগত্যা এই উপায় সম্পূর্ণরূপে পরিত্যাগ করিতে বাধ্য হইবেন। আমার এইরূপ বোধ হইতেছে যে এই পাণ্ডুলিপিতে যেরূপ ক্রোকী আইনের বিধান হইয়াছে, তাহা সম্পূর্ণরূপে অকার্য্যকর হইয়া থাকিবে; এবং তাহাতে এক্ষণে শীঘ্র খাজানা আদায় করিবার বিষয়ে জমীদারের যে একমাত্র সুবিধা আছে, তাহা তাঁহার নিকট হইতে কাড়িয়া লওয়া হইবে।

আদালতের কার্য্যপ্রণালী।

গবর্ণমেণ্ট যে খাজানা আদায়ের প্রণালীর সরলতা সাধন করিবেন বলিয়া পুনঃ২ প্রতিজ্ঞা করিয়াছেন, তাহা আমার বারং বলিবার প্রয়োজন নাই। চিরস্থায়ী বন্দোবস্তের সময় অবধি আজি পর্য্যন্ত এবিষয়ে আপনাদের কর্ত্তব্য গবর্ণমেণ্ট স্বীকার করিয়া আসিয়াছেন। আর উপস্থিত পাণ্ডুলিপির প্রথম সূচনা হইতে খাজানা আদায় প্রণালীর সরলতাসাধন ইহার একটি মুখ্য উদ্দেশ্য বলিয়া প্রকাশ করা হইয়াছে। এবিষয়ে বাদানুবাদের সময় কমিটীও ইহা সম্পূর্ণরূপে স্বীকার করিয়াছেন। কিন্তু আমি বলিতে বাধ্য হইতেছি যে এই সকল বাদানুবাদের ফল কার্য্যতঃ আমাদিগকে নিরাশ করিয়াছে। আমি এবিষয়ে ত্রিবিধ উপায় অবলম্বন করিতে পরামর্শ দিয়াছিলাম

(১) পত্তনী কার্য্যপ্রণালী (২) গবর্ণমেণ্ট ও রাজাপুপালিত মহালে এক্ষণে যে কার্য্যপ্রণালী চলিতেছে তাহা ও

(৩) বর্ত্তমান কার্য্যপ্রণালীর পরিবর্ত্তন। আমি নিম্নে তৃতীয় উপায়ের বিস্তারিত বিবরণ দিতেছি।—

বাকী খাজানার জন্য মোকদ্দমা রুজু করিতে হইলে জমীদার বা খাজানাগ্রহীতা জমাওয়াশীল বাকীর কাগজ, দাখিলার মুড়ি প্রভৃতি আবশ্যক কাগজ দাখিল করিয়া এবং আবশ্যকমত প্রমাণ দিয়া আপাততঃ মোকদ্দমা খাড়া করিবেন।

তাহার পর আদালত সমন বাহির করিবেন। সমন জারী হইলে জারী হয় নাই বলিয়া সচরাচর যে আপত্তি হইয়া থাকে, তাহা দূর করিবার জন্য আমি নিম্নলিখিত মর্ম্মের একটী বিধান করিতে পরামর্শ দিই—

"সাধারণতঃ সমন যে ব্যক্তির নামে হয় তাহাকে দিয়া অথবা রেজিষ্টরী চিঠি দ্বারা পাঠাইয়া জারী করা হইবে। যদি কোনকারণ বশতঃ নিম্ন প্রতিবাদীর উপর সমন জারী হইতে না পারে, তাহা হইলে যে গ্রামে ঐ ভূমি অবস্থিত সেই গ্রামে উক্ত ব্যক্তির নিবাসে অথবা তাহার পাঁচ মাইলের মধ্যে উহা লট্‌কাইয়া দিতে হইবে। ঐ ভূমির মালকাছারীতে, অথবা যে ভূমির জন্য বাকী খাজানা পাওনা, তথায় অথবা তদুপরিস্থিত অন্য কোন সদর জায়গায় অথবা গ্রামের মোড়ল বা চৌপালে, অথবা যে গ্রামে ঐরূপ অবস্থিত তাহার অন্য কোন সুবাপ্রশস্থান লট্‌কাইয়া দিয়া নোটিস জারী করা যাইতে পারে যেখানে যেমন হয় গ্রামের চৌকিদার, গ্রামের মণ্ডল, না হয় গ্রামের দুইজন সম্ভ্রান্ত অধিবাসী, নাহয় গ্রাম্য সব-রেজিষ্ট্রারের নিকট হইতে জারীর বা সাক্ষ্য লইতে হইবে।"

অপব্যবহার বন্ধ করিবার জন্য প্রত্যেক স্থলেই উপরি উক্ত কার্য্যপ্রণালীর অন্ততঃ দুইটি অবলম্বন করিতে হইবে। এরূপ সতর্কতার সহিত কার্য্য করিলে সমন জারী হয় নাই, এ আপত্তি যে মোকদ্দমার এক তরফা বিচার হইয়া গিয়াছে, তাহার পুনর্ব্বিচার বা পুনরাদোলনের যুক্তিযুক্ত কারণ বলিয়া আদালতে গ্রাহ্য হইবে না

সমনে এরূপ এক নোটিস থাকিবে যে যদি জারীর তারিখ হইতে এক সপ্তাহ মধ্যে প্রতিবাদী হাজির না হয়, তাহা হইলে দাবীর টাকার জন্য আদালত ডিক্রী দিবেন এবং তৎক্ষণাৎ জারীর হুকুম দিবেন। আদালত প্রতিবাদী যে তারিখে হাজির হয়, তাহার আট দিনের মধ্যে উহার এজাহার লইবেন এবং বাদীকে নির্দ্দিষ্ট দিনের নোটিস দিবেন। প্রতিবাদীকে তাহার উত্তর সমর্থনের জন্য যে দিবসে তাহার এজাহার হইবে সেই দিবসে তাহার সমস্ত দলীলপত্রাদি দাখিল করিতে এবং সাক্ষী আনিতে বলিয়া দেওয়া হইবে। যদি মোকদ্দমার অবস্থা এমন হয় যে উহা তৎক্ষণাৎ নিষ্পত্তি করা যাইতে পারে, আদালত তাহাই করিবেন; অথবা যদি মোকদ্দমার প্রতিবাদ হয়, তাহা হইলে উভয় পক্ষের সমক্ষে সেই দিনই ইস্যু ধার্য্য করিবেন; এবং মোকদ্দমার শুনানি ও চূড়ান্ত নিষ্পত্তির জন্য আর এক দিন ধার্য্য করিয়া দিবেন। ঐ দিন প্রতিবাদির এজাহারের দিন হইতে এক পক্ষের অতিরিক্ত না হয়।

জারীর সম্বন্ধে কথা এই যে যদি বাকীদার, তালুকদার বা দখলীস্বত্ববিশিষ্ট রায়ত হয়, তাহা হইলে ডিক্রী জারীক্রমে তাহার তালুক বা ষোত বিক্রয় হইবে। যদি সে দখলীস্বত্বশূন্য রায়ত হয়, তাহা হইলে তাহাকে ষোত হইতে উচ্ছেদ করা যাইবে।

ডিক্রীর টাকা আমানত করিয়া না দিলে আপীল গ্রাহ্য হইবে না। খাজানাগ্রহীতা রীতিমত প্রতিভাষ্য দিলে আদালতের টাকা বাহির করিয়া লইবার অনুমতি প্রাপ্ত হইবেন।

কমিটীতে আমার অনেক সহানুভূতিশীল সভ্যের আমার পরামর্শমত উপায়ে সহানুভূতি আছে বলিয়া বোধ হইল, কিন্তু আমার এমনি দুর্ভাগ্য, যে অধিকাংশ সভ্য আমার মত গ্রহণ করিতে পারিলেন না। তাঁহারা বলেন—

আমাদিগকে ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে খাজানাসংক্রান্ত মোকদ্দমার কার্য্যপদ্ধতি স্বল্পতর ও সরলতর করিবার অভিপ্রায়ে যে নানাপ্রকার প্রস্তাব করা গিয়াছে তাহা বিশেষ চিন্তাশীলতা সহকারে বিবেচনা করিয়া আমরা উক্ত উদ্দেশ্য সাধনপক্ষে যাহাতে সুবিচারের বাধা ঘটিবার সম্ভাবনা থাকিবে না এমন কোন উৎকৃষ্ট উপায়ই উদ্ভাবন করিতে পারিলাম না। বিশেষতঃ আমলা সমন জারীকরণকার্য্য ও ঐ কার্য্যের প্রমাণ সহজতর করিতে উৎসুক হইলেও সমনজারী হইয়াছে ইহা সম্পূর্ণরূপে প্রমাণিত না হইলে অনুপস্থিত প্রতিবাদীর বিরুদ্ধে আইনঘটিত কোন অনুমান করিতে দিতে অনিচ্ছুক।

যাহাই হউক, কমিটী নিম্নলিখিত নূতন বিধান প্রবর্ত্তিত করিয়াছেন।—

পরন্তু খাজানাসংক্রান্ত মোকদ্দমায় ভূম্যধিকারীর স্বত্বঘটিত কোন কথা উত্থাপিত হইয়া যে জটিলতা ও বিলম্ব ঘটে তাহা যতদূর সাধ্য পরিহার করণার্থে আমরা ১৬৪ ধারার একটি গুরুতর পরিবর্ত্তন করিয়াছি। ঐ ধারার আদেশ এই যে যদি প্রজা স্বীকার করে যে খাজানার নিমিত্ত তাহার স্থানে টাকা পাওনা আছে কিন্তু এই উত্তর দেয় যে ঐ খাজানা বাদীর নিকট নহে, অন্য কোন ব্যক্তির নিকট দিতে হইবে, তাহা হইলে সে ঐ খাজানা আদালতে দিবে। স্বত্বঘটিত যে কথা লইয়া বিবাদ তাহা খাজানার মোকদ্দমা হইতে স্বতন্ত্র ও পৃথকভাবে উত্থাপন করিতে বাধ্য করাই আমাদের উদ্দেশ্য। অতএব আমরা এই বিধান করিয়াছি যে ঐরূপে টাকা দেওয়া গেলে আদালত ঐ টাকা দিবার নোটিস ঐ তৃতীয় ব্যক্তির উপর জারী করাইবেন; ঐ তৃতীয় ব্যক্তি তিন মাসের মধ্যে বাদীর বিরুদ্ধে স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত করিয়া ঐ টাকা প্রদান নিষেধ করণার্থে আজ্ঞা না পাইলে বাদীর প্রার্থনামতে ঐ টাকা তাহাকে বাহির করিয়া দেওয়া যাইবে।

এ ক্ষুদ্র জনের মতে যে রায়ত আপন ভূম্যধিকারীর স্বত্ব অস্বীকার করে আদালতে তাহার কথা অপ্রমাণ হইলে, সে রায়তের স্বত্ব বাজেয়াপ্ত হইয়া যাইবে, এইটি প্রকাশ করিলে প্রতিকারের পথ আরও অধিক পরিমাণে পরিষ্কার হইত, আমি তাহা কমিটীকে দেখাইয়া দিয়াছিলাম। কমিটী যে পরিবর্ত্তন প্রস্তাব করিয়াছেন তাহাতে চক্রের মধ্যে চক্র, বাকী খাজানার মোকদ্দমার মধ্যে স্বত্বের মোকদ্দমা, বাড়িবে মাত্র; খাজানা আদায় সহজ হওয়া দূরে থাকুক তাহার বিলক্ষণ বিঘ্ন পড়িয়া যাইবে।

বিচারের সাধারণতঃ যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট আছে, খাজানার মোকদ্দমায় ব্যবহার করিবার সময়, আবশ্যক হইলে সে প্রণালীর পরিবর্ত্তন করিবার ক্ষমতা কমিটী হাই কোর্টকে দিবার প্রস্তাব করিয়াছেন। আমার বোধ হয় এরূপ করাও যাহা, এবিষয়ের মীমাংসার ভার পরিহার করাও তাহাই। যে ব্যবস্থাপক সভা কার্য্যপ্রণালী বিষয়ক আইন বিধিবদ্ধ করিয়াছেন, নিশ্চয়ই সেই ব্যবস্থাপক সভা খাজানার মোকদ্দমার বিচারের শীঘ্রত্ব সম্পাদনের জন্য উহার পরিবর্ত্তন করিতে সমর্থ।

আমার ভরসা আছে যখন আগামি নবেম্বরে কমিটীর অধিবেশন হইবে, তখন সভ্যেরা খাজানা আদায়ের বর্ত্তমান কার্য্যপ্রণালীকে সরল ও অধিক পরিমাণে কার্য্যকর করিবার কোন না কোন উপায় উদ্ভাবন করিতে সমর্থ হইবেন। ইহা না থাকাই ভূম্যধিকারীদিগের বিশেষ কষ্টের কারণ এবং ইহা না থাকাতেই রাজস্ব ও সেস সম্বন্ধে গবর্ণমেণ্টের দারুণ টাকা দিতে অনেক সময়ে তাঁহারা বিলক্ষণ ক্ষতিগ্রস্ত হন। যদি খাজানার আইন সম্বন্ধে কোনবিষয়ে সকলের মত একরূপ, তবে সে এই বিষয়, এবং যখন সমস্ত আইন উলট পালট হইয়া যাইতেছে তখনও যদি ভূম্যধিকারীদিগকে তাঁহাদের যথার্থ পাওনা আদায়ের বিশেষ সাহায্য না করা হয়, তাহা হইলে বিলক্ষণ নিন্দা হইবে।

চুক্তির স্বাধীনতা।

পাণ্ডুলিপি অনুসারে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে চুক্তির স্বাধীনতা কার্য্যতঃ রহিত করা হইয়াছে। যে সকল বিষয় চুক্তির বাহির করিয়া দেওয়া হইয়াছে, কমিটী তাহা এইরূপে নির্দ্দেশ করিয়াছেন।—

(ক) বাসেন্দা রায়তের ও দখলী স্বত্ববিশিষ্ট রায়তের স্বত্ব লাভ (২৪, ২৫ ও ২৬ ধারা)
(খ) ৩১ ধারার নির্দ্দিষ্ট দখলী স্বত্বের অনুষঙ্গ।
(গ) ৫১ ধারামতে দখলী স্বত্ববিশিষ্ট রায়তের খাজানা কমাইবার দাওয়া করিবার স্বত্ব।
(ঘ) ৫৩ ধারামতে ফসলী খাজানা পরিবর্ত্তনের দাওয়া করিতে ভূম্যধিকারীর বা প্রজার স্বত্ব।
(ঙ) নির্দ্দিষ্ট হেতু ভিন্ন দখলীস্বত্বশূন্য রায়তকে ও কোপা রায়তকে উচ্ছেদ করণ বিষয়ে আইনমতে প্রদত্ত সংরক্ষণ (৫৮, ৫৯, ৬০ ও ৬৩ ধারা)
(চ) গোস্তের ভূমি কর্ষিয়া যাওয়াতে প্রজার খাজানা কমাইবার স্বত্ব (৬৬ ধারা)।
(ছ) রায়তের উৎকর্ষসাধন করিবার ও তজ্জন্য ক্ষতিপূরণের দাওয়া করিবার স্বত্ব (৮৮, ৮৯, ৯০ ও ৯৩ ধারা)।
(জ) ডিক্রীজারী ক্রমে না হইলে, উচ্ছেদ বিষয়ে সমুদয় প্রজাকে প্রদত্ত সংরক্ষণ (৯৮ ধারা)।

পাণ্ডুলিপি উত্থাপনের সময় আমি যে মন্তব্য প্রকাশ করিয়াছিলাম। তাহাতে আমি এই অবনতিকর প্রস্তাবের বিলক্ষণ প্রতিবাদ করিয়াছিলাম, চিরস্থায়ি বন্দোবস্তের আইন সমূহে যে কেবল চুক্তির স্বাধীনতা স্বীকার করা হইয়াছে এরূপ নহে, প্রকাশ্যভাবে উহার উৎসাহ দেওয়া হইয়াছে, ১৮৫৯ সালের ১০ আইনেও ঠিক তাহাই করা হইয়াছে। আমি কিছুতেই বুঝিয়া উঠিতে পারিতেছি না যে, যে রায়ত আপনার বাড়ী, ঘর, কে-

খোসা বিক্রয় বা বন্ধক দিবার সময়, তাহার ক্ষেত্রে উৎপন্ন বিক্রয় করিবার সময়, মজুর নিযোগ করিবার সময় এবং জীবনের প্রতিদিন প্রয়োজনীয় সহস্র অন্য কার্য্য করিবার সময় স্বাধীন বলিয়া গণ্য হয়, কেন আপন ভূম্যধিকারীর সহিত চুক্তি করিবার সময় তাহাকে কেন অসমর্থ বলিয়া মনে করিতে হইবে। আমি বিশেষ করিয়া এই বিষয় পুনর্ব্বার বিবেচনা করিতে বলি।

দেওয়ানী আদালত ও রাজস্ব কর্ম্মচারী।

এই পাণ্ডুলিপি অনুসারে দেওয়ানী আদালত ও রাজস্ব কর্ম্মচারী এই উভয়ের মধ্যে বিচারাধিপত্য বিভাগ হইয়াছে। বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুরোধে, রাজস্ব কর্ম্মচারীর উপর যে বিস্তৃত ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তাহার অভিপ্রায় স্পষ্টই এই যে ভারতবর্ষের উত্তরাংশে যেরূপ সব একসমান করিবার প্রণালী চলিতেছে, এবং যাহাদ্বারা ঐ অঞ্চলে মূলধনের কার্য্য প্রায় বন্ধ হইয়াছে এবং পরিশ্রমের প্রস্রবণ শুকাইয়া আসিয়াছে, বাঙ্গালায়ও ভূমিবন্দোবস্তের সেই প্রণালী প্রবর্ত্তিত করা হয়, আমারও এই বোধ। কিন্তু আমি স্মরণ করি যে আমার বোধ ভ্রমাত্মক বলিয়া প্রমাণ হইবে। শস্যের খাজানা মুদ্রারূপে পরিবর্ত্তনেই হউক, স্বত্বের লিপি অথবা খাজানার বন্দোবস্তেই হউক, হারের তালিকা প্রস্তুত বিষয়েই হউক, ভূম্যধিকারী ও প্রজার মধ্যে চুক্তির তত্ত্বাবধারণেই হউক, কষ্টিমত মাপের কাটি নির্দ্দেশ করণেই হউক, মূল্যের তালিকা প্রস্তুত করণেই হউক, অথবা অন্য কোন বিষয়েই হউক, আমি যে বিষয়ই দেখিতে যাই দেখি যে রাজস্ব কর্ম্মচারীকেই স্থিরবিন্দু করা হইয়াছে, পাণ্ডুলিপিরূপ অষ্টালিকার অধিকাংশ সেই স্থিরবিন্দুর উপর নির্ভর করিতেছে। যদি রাজস্ব কর্ম্মচারীকে কার্য্য-নির্ব্বাহক অথবা শাসনকার্য্য সম্বন্ধীয় কার্য্যকারক করা হইত, তাহা হইলে আমার আপত্তি ছিল না, কিন্তু তাঁহাকে বিচারের ক্ষমতা দেওয়া হইয়াছে, এবিষয়ে বিলক্ষণ আপত্তি আছে। যে প্রণালীতে বিচারসম্বন্ধীয় কার্য্যকারককে শাসনকার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের ইঙ্গিতমতে চলিতে হয়, সে প্রণালীতে সুবিচারের যত ক্ষতি হইবার সম্ভাবনা, এত আর কিছুতেই নয়। এই বিষয়ে ১৭৯৩ খৃঃ অব্দের দ্বিতীয় আইনের হেতুবাদে লর্ড কার্ণওয়ালিস যে উদার ও সমীচীনমত প্রকাশ করিয়াছেন, আমি তাহা উদ্ধৃত করিয়া দিতেছি।

"যে ভূমির রাজস্বের ও তাহা উঠিবার বিষয় সরকারের সহিত ভূম্যধিকারিদিগের সেবাধাতুবদ এবং যাবতীয় ভূম্যধিকারী ও তাহাদিগের প্রজাবর্গের সঙ্গে যে সকল দাঙ্গা ও বিবাদের মোকদ্দমা অন্যান্যবার মাল আদালতে উপস্থিত হইতেছে ও তাহার বিচারের ভার যাহা কালেক্টর সাহেবদিগের প্রতি আছে তদনুসারে তাঁহারা অনেক মতে মাল আদালতে বসিয়া যে সকল মোকদ্দমার বিচার করেন ও তাঁহাদিগের কৃত নিষ্পত্তি সমস্ত মোকদ্দমার আপীল বোর্ড রেবিনিউতে ও তথা হইতে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের হজুর মালের কৌন্সেলে হয় এই দুই ভার অর্থাৎ আদালত ও তহসীল কালেক্টর সাহেবদিগের জিম্মা থাকিবে মাল আদালতে দেওয়ানী দীপ্তিমান এই সকল কারণ দৃষ্টে এই ক্ষণে ভূম্যধিকারিদিগের সম্পর্কে সরকারের দত্ত যে সকল হক অর্থাৎ যে সকল বস্তুতে স্বত্ব আছে তাহা স্থিরতার বিষয় নিতান্তই মনস্থির থাকিবে না। কারণ এই যে মাল আদালতে উপস্থিত হইয়া মোকদ্দমা কখন বিরুদ্ধমতে ও কখন যথার্থ ক্রমে ও কখন উভয়ের অপ্রত্যক্ষে এযাবতাবিনা হাজিরীতে নিষ্পত্তি হইত এবং কালেক্টর সাহেবদিগের তহসীলের কার্য্যের নিরবকাশেও মাল আদালতের উপস্থিত অনেক যে কদ্দমাই মুলতবী থাকিত। আর ইহাও সুন্দর জানা আছে যে কখন কালেক্টর সাহেবের দিগ হইতে ভূমির রাজস্ব ধার্য্য ও তহসীলের মোকদ্দমার আইনের অন্যথার হুকুম হইলে অন্যায়গ্রস্তের আশা ভরসার স্থান ছিল না যে বিপক্ষ হইতে সে পীড়া পাইয়া থাকে ও কালেক্টর সাহেব মাল আদালতে বসিয়া যে হুকুম দেন তাহাতে যে অন্যায়গ্রস্ত হইয়া থাকে তাহার সংশোধন সেই কালেক্টর সাহেবের কৃত বিচারে দেওয়ানী আদালত হইতে হয়। আর তদনুসারে কালেক্টর সাহেবদিগ হইতে তহসীলের কার্য্যের বাহুল্য জন্য ভূম্যধিকারীদিগের সহিত তাহাদিগের তাবের প্রজাবর্গের বিবাদেও যথার্থ বিচার হইতে পারিত না অতএব চাসের আধিক্যজন্য উচিত যে উপরের লিখিত সমস্ত উদ্যোগ ছাড়া ভূমির অধিকারিত্ব ও তৎসম্বন্ধীয় সকল স্বত্বে। স্থৈর্য্য কারণ উদ্যোগান্তর করা যায়। দেশাধিপতিকর্ত্তৃক এই যে ভূম্যধিকারীদিগের সম্বন্ধে যে সকল স্বত্ব ও উপায় রাখিয়াছেন তাহা অন্যথা করণের শক্তি ত্যাগ করেন এবং আদালতের সমস্ত কার্য্যের কর্ত্তৃত্বভার কালেক্টর সাহেবদিগের প্রতি না থাকে এবং যে কাল সরকারের পাওনা মালগুজারীর আপত্তি উপস্থিত হয় তাহা যে সকল আদালতে জজ সাহেবদিগের যে প্রকারে আদালতের শক্তি সমর্পণ হয় সে সকল আদালতে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর কৌন্সেলের হজুরের আইনের মতে উপস্থিত করিবার যোগ্য হইলে কহা যায় যে তাহাতে কোনক্রমে জজ সাহেবদিগের স্বেচ্ছাচারের বিষয় না থাকে বরং সরকারের সহিত ভূম্যধিকারীদিগের ও ভূম্যধিকারী প্রভৃতির সঙ্গে তাহাদিগের তাবের প্রজাবর্গাদির বিরোধের বিচার ও নিষ্পত্তি যথার্থক্রমে ও বিনা পক্ষপাতে করিতে মনোনিবেশ রাখেন এবং ইহাও কর্ত্তব্য যে কালেক্টর সাহেবেরা আপনাদিগের অর্পিত যাবৎ কর্ম্মের বিচার ও নিষ্পত্তির বিষয়ে যে শক্তি রাখেন তাহা না করিতে পারেন ও করিলে তাহার জওয়াব আদালতে দেন এবং সরকারেরও প্রকৃত প্রাপ্তব্য ছাড়া কাহার স্থানে কিছু অতিরিক্ত চাহিলে কিম্বা ঐ হজুরের আইন অতিক্রম করিয়া তাহা লইতে লাগিলে আদালত হায়ে উপস্থিত হইবার যোগ্য হন। এমত হইলে যে শক্তিক্রমে ভূম্যধিকারিদিগের স্বত্বের অন্যথা কিম্বা ভূমির মর্য্যাদার হানি হইতে পারে তাহা না হইতে পারিয়া অন্য সমস্ত বস্তু হইতে ভূমির অধিকারিত্ব উৎকৃষ্ট হইবেক এবং যে চাসের অধিকে সমূহের কল্যাণ ও দেশের সৌন্দর্য্য অতিশয় হয় তন্নিমিত্ত সকল লোকেই শ্রম ও চেষ্টা যথোচিত করিবেক।"

১৭৯৩ সালে গবর্ণমেণ্ট যে সকল উদার ভাব প্রকাশ করিয়াছিলেন, তাহা ১৮৮৪ সালে দশগুণ অধিক খাটে।

পত্তনী তালুক।

জমীদারের এই পাণ্ডুলিপিতে পত্তনী আইনের সন্নিবেশ সম্বন্ধে আপত্তি করেন এরূপ করিবার যে কারণ নাই তাহা নহে। তাঁহাদের মত এই যে গত পঁয়ষট্টি বৎসর ধরিয়া ঐ আইনের প্রত্যেক কথা কর্ত্তৃপক্ষকর্ত্তৃক এক প্রকার অর্থ লাভ করিয়াছে ও সেই অর্থেই চলিয়া আসিতেছে; জমীদার, পত্তনীদার, আদালত ও আমলা সকলেই উহা বেশ বুঝে; উহার ভাষার আধুনিকত্ব সম্পাদন করিতে গেলে সাইট বৎসরের অতিরিক্ত কালের স্মৃতি ও পরম্পরাগত কথা লোপ হইবে, অতএব হাত না দিলে ভাল, এই যুক্তানুসারে পত্তনী আইনের যাহা যেভাবে আছে সেইভাবে থাকিতে দেওয়াই সর্ব্বতোভাবে উচিত। আমিও এই মতের অনুমোদন করি এবং আমার ইচ্ছা যে পত্তনী অংশ এই পাণ্ডুলিপির বাহির করিয়া দেওয়া হয়।

যে সকল সূত্র ধরিয়া এই পাণ্ডুলিপি প্রধানতঃ লিখিত তাহার উপর আমার প্রধান প্রধান আপত্তিগুলি আমি তাড়াতাড়ী লিখিয়া ফেলিলাম। বিশেষবিষয় সম্বন্ধে আপত্তি করিবার সময় আমার নাই। আগামী নবেম্বরে যখন কমিটির অধিবেশন হইবে, তখন আমি সেই সকল আপত্তি উত্থাপিত করিব বাসনা রহিল।

১৮৮৫ সাল ১৪ মার্চ্চ।

কৃষ্ণদাস পাল।

প্রস্তাবিত প্রজাস্বত্ববিষয়ক পাণ্ডুলিপির কতকগুলি বিধানের উপর সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের সিদ্ধান্ত হইতে ভিন্ন মতের মন্তব্যলিপি।

১। সংশোধিত পাণ্ডুলিপির ৪র্থ অধ্যায়ে বিধান আছে যে, যে রায়ত অবধারিত হারে খাজানা দিয়া ভূমি ভোগ করে সে,

(ক) কোন তালুকদার যে যে বিধানের নিয়মাধীন থাকেন, যোতের হস্তান্তর ও উত্তরাধিকার ইত্যাদি সম্বন্ধে সেই সেই বিধানের নিয়মাধীন থাকিবে, এবং

(খ) তাহার সহিত তদীয় ভূম্যধিকারীর লিখিত যে চুক্তি থাকে সেই চুক্তির শর্ত্তক্রমে এই যে নিয়ম ভঙ্গ করিলে তাহাতে উচ্ছেদ করা যাইতে পারে সেই নিয়ম ভঙ্গ করিলেই উচ্ছেদের দায়ী হইবে।

যে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত অবধারিত হারে খাজানা দিয়া ভূমি ভোগ করিতেছে বলিয়া দাবী করে তাহাকে তাহার যোত সম্বন্ধে সাধারণ দখলীস্বত্ববিশিষ্ট রায়ত অপেক্ষা অনেক সুবিধাজনক অবস্থায় স্থাপিত করা হইয়াছে, যেহেতু

(ক) উক্ত রায়ত যদি তৃতীয় ব্যক্তিকে নিজ যোত হস্তান্তর করে, তাহা হইলে ভূম্যধিকারী অগ্রক্রয় করিতে অসমর্থ হইবেন;

(খ) যদি সে নিজ জমী এরূপে ব্যবহার করে যে উহা প্রজাস্বত্বের কার্য্যের সম্পূর্ণরূপ অনুপযোগী হয় তাহা হইলেও দখল হইতে উচ্ছেদের দায়ী হইবে না।

কমিটীর অধিকাংশ সভ্যের মত এই যে, যে দখলীস্বত্ববিশিষ্ট যোতের খাজানা অবধারিত, তাহার অনুরূপ সাধারণ দখলীস্বত্ববিশিষ্ট যোতের অনুরূপ হইতে স্বতন্ত্র হইবে। এবিষয়ে আমার মত অন্যরূপ।

যদি একস্থলে ভূম্যধিকারীকে অগ্রক্রয় স্বত্ব দেওয়া হয়, তাহা হইলে অপর স্থলেও তাঁহাকেই স্বত্ব দেওয়া উচিত. যদি একস্থলে জমিকে প্রজার কার্য্যের অনুপযুক্ত করায় রায়তের উচ্ছেদের ব্যবস্থা হয় অপরস্থলেও সে উচ্ছেদের দায়ী হইবে।

একস্থলে এরূপ হইবার অনুকূলে যত তর্ক উত্থাপিত করা যায়, অন্য স্থলেও তাহা সমানরূপে খাটে।

আমার বোধ হইতেছে অগ্রক্রয় স্বত্ব মতস্মনীয় আইনের শাখা। বেহারের হিন্দুরা পূর্ব্ব ক্রয়ের স্বত্বের দাবী করিলে, উহার ব্যবস্থা দেশাচারমত হইয়া থাকে।

আমার বোধ হয় যে কোন ব্যক্তি ভূম্যধিকারীর অনিষ্ট করিবার অভিপ্রায়ে দখলীস্বত্ব খরিদকরিতে পারে, তাহার হস্ত হইতে ভূম্যধিকারীকে আত্মরক্ষার উপায় করিয়া দিবার অভিপ্রায়ে এই সর্ব্বপ্রথম ইংরাজী আইন অনুসারে পূর্ব্বক্রয়ের স্বত্ব এই পাণ্ডুলিপির বিধানে সন্নিবিষ্ট হইল।

একস্থলে শত্রুপক্ষীয় ক্রেতা ভূম্যধিকারীকে যেরূপ ভয়ানক অসুবিধায় ফেলিতে পারে, অপর স্থলেও সেইরূপ; ক্ষেত্র নষ্ট করা সম্বন্ধেও সেইরূপ। একস্থলে তাঁহার পক্ষে এইস্বত্ব যেরূপ অনর্থক হইবে অপর স্থলেও সেই রূপ অনর্থক হইবে।

এই সকল বিধান ৮ অধ্যায়ের সহিত যোগ হইলে ফল এই হইবে, ভূম্যধিকারী উৎসন্ন যাইবে।

যখনই ভূম্যধিকারী পূর্ব্বক্রয়ের স্বত্ব অনুসারে কার্য্য করিতে ইচ্ছা করিবেন, তখনই অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব খাড়া করা হইবে।

যখনই কোন রায়ত অবধারিত হারের যোত বলিয়া আপন যোত হস্তান্তর করিতে যাইবে অথবা যদিও ভূম্যধিকারী পূর্ব্বে ক্রয় করিতে ইচ্ছা না করেন, হস্তান্তরগ্রহীতা পূর্ব্বেই পূর্ব্বক্রয় স্বত্বের ভয় করিয়া যখনই আইনের চক্ষে ধূলি দিবার চেষ্টা করে. তখনই ভূম্যধিকারীকে বাধ্য হইয়া হস্তান্তরে আপত্তি করিতে হইবে। কারণ ভয় আছে যে যদি তিনি তৎক্ষণাৎ আপত্তি না করেন, তাহা হইলে সেই না করাই হস্তান্তরগ্রহীতার অবধারিতহারে চিরদিনের জন্য ভূমি ভোগের স্বত্ব স্বীকার বলিয়া গৃহীত হইবে।

যদি কমিটী আমার সংশোধন গ্রহণ করিবার উপায় দেখিতে পাইতেন এবং এই অধ্যায়ের কার্য্য মোকররী পাট্টাধীন যোতে অথবা যে সকল রায়তের স্বত্ব আদালতের ডিক্রীদ্বারা নির্দ্দিষ্ট হইয়াছে তাহাদেরই মধ্যে সীমাবদ্ধ করিতেন, তাহা হইলে যদিও ভূম্যধিকারিদিগের স্বত্ব সম্পূর্ণরূপে তাঁহাদিগকে প্রত্যর্পণ করা হইত না, তথাপি অনুমান খাটা করিয়া আইনের চক্ষে ধূলি প্রদান করিবার চেষ্টায় লোককে উৎসাহ দেওয়ায় যে হানিকর ফল উৎপন্ন হইবে তাহার পরিহার করা যাইতে পারিত।

২। ৫ম অধ্যায়—কোর্কা বিলির নিয়ম।

কোর্কাবিলি সম্বন্ধে কিরূপ ব্যবস্থা হইলে ভাল হয়, সে বিষয়ে কমিটী অধিকাংশ সভ্যের মত হইতে সকল বিষয়ে আমার মত বিভিন্ন।

কোর্কাবিলি বিষয়ে উৎসাহ দেওয়া হইবে না কেবল এই উদ্দেশে কোর্কাবিলি সম্বন্ধে যাবাজবত নিয়ম বিধানের কোন আবশ্যকতা আছে বলিয়া আমার বোধ হয় না।

আমার বিশ্বাস এই যে, যে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কোর্কাবিলি করে তাহাকে তালুকদাররূপে পরিণত করিলে ভূম্যধিকারীদিগের বিশিষ্ট স্বার্থের হানি হইবে।

আমার বিশ্বাস এই যে, কতকটা দখলীস্বত্ববিশিষ্ট রায়তকে রক্ষা করিবার জন্য, বিশেষতঃ রায়তদিগের মধ্যে অতি দরিদ্র শ্রেণী অর্থাৎ রায়তের রায়তদিগকে রক্ষা করিবার জন্য, এই প্রণালীকে তত্ত্বাবধারণাধীনে আনিবার আবশ্যকতা আছে।

কোর্ফা বিলির ক্ষমতা রায়তের পক্ষে একান্ত আবশ্যক। বোধ হয় হস্তান্তরের ক্ষমতা অপেক্ষা ইহা তাহার পক্ষে অধিকতর প্রয়োজনীয়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত হঠাৎ দেনায় জড়াইয়া পড়িলে ইহাদ্বারা সে সেই দায় হইতে উদ্ধার পাইতে পারে।

যে সকল মজুর পরিবারের প্রতিপালনের সাহায্যার্থ অন্য কোন উপায়ে ভূমি সংগ্রহ করিতে পারে না, এই নিয়ম দ্বারা তাহারা ভূমি অর্জ্জন করিতে পারে।

ইহা আইনসঙ্গত। এতদিন কোর্ফা বিলি সম্বন্ধে কোন প্রকার বাধাজনক নিয়ম ছিলনা। আর যতই কেন বাধাজনক নিয়ম হউক না, কখনই কোর্ফা বিলি পরিত্যক্ত হইবে না।

যতদিন পর্য্যন্ত, যে সকল লোকের ভূমি আছে তাহাদের অপেক্ষা দরিদ্র আর এক শ্রেণীর লোক ভূমি পাইবার জন্য উমেদার হইয়া থাকিবে, যতদিন যাহারা এক্ষণে ভূমি ভোগ করিতেছে তাহাদের অপেক্ষা ভালরূপ ব্যবহার করিতে পারে এরূপ এক শ্রেণীর লোক থাকিবে, যতদিন ফলভোগবন্ধক হইতে কোর্ফা পাট্টার বিভিন্নতা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট করিয়া না দেওয়া হইবে, ততদিন কোর্ফা বিলি চলিতে থাকিবে।

কোর্ফাপাট্টাধারীদিগকে রক্ষা করিতে হইবে, এবং এখনও যখন সময় আছে এপ্রথা লোপ কোন না কোন রূপ তত্ত্বাবধানে আনিতে হইবে।

এবিষয় শীঘ্রই এমত ভাবে গবর্ণমেণ্টের গোচরে আসিয়া উপস্থিত হইতে পারে যে ইহার মীমাংসা পরিহার করা অসম্ভব হইয়া উঠিবে।

৩। ৫ম অধ্যায়—খাজানা বৃদ্ধি।

সিলেক্ট কমিটীর নিকট রিপোর্টের জন্য যে প্রস্তাবিত পাণ্ডুলিপি প্রদত্ত হইয়াছিল, তাহার বিধান অনুসারে বর্দ্ধিত খাজানা ভূমি হইতে যেই উৎপন্ন প্রধান শস্যের মূল্যের এক পঞ্চমাংশের অধিক না হইলে পূর্ব্বতনের উপর টাকায় ছয়আনা পর্য্যন্ত বর্দ্ধিত খাজানা গ্রহণের জন্য ভূম্যধিকারী প্রজার সহিত বরাও বন্দোবস্ত করিয়া লইতে পারিতেন।

জমির জন্য যে হার প্রদত্ত হয় তাহা নিকটস্থ স্থানের প্রচলিত হার অপেক্ষা কম এই কারণে, প্রজার দ্বারা না হইয়া ভূমির উৎপাদিকা শক্তি বর্দ্ধিত হইয়াছে এই কারণে, চিরস্থায়ীরূপে মূল্যের বৃদ্ধি হইয়াছে এই কারণে মোকদ্দমা করিয়া ভূম্যধিকারী খাজানা বাড়াইয়া লইতে পারিতেন। কিন্তু তাঁহার এই নিয়ম খাটিতে হইত যে বর্দ্ধিত খাজানা উৎপন্ন প্রধান শস্যের মূল্যের এক পঞ্চমাংশের অতিরিক্ত না হয় এবং কোন স্থলেই পূর্ব্বতন খাজানার দ্বিগুণের অধিক না হয়।

ইচ্ছাপূর্ব্বক খাজানা বৃদ্ধি ও মোকদ্দমা করিয়া খাজানা বৃদ্ধি উভয় স্থলেই বর্দ্ধিত খাজানা দশ বৎসরের মত ঠিক থাকিবার কথা ছিল। সিলেক্ট কমিটীর সংশোধিত পাণ্ডুলিপি অনুসারে চুক্তিমত খাজানা-বৃদ্ধি কোন স্থলেই টাকায় চারি আনার অধিক হইবে না।

দু আনার কম বা দু আনা পর্য্যন্ত হইলে উহা সাত বৎসর পর্য্যন্ত ঠিক থাকিবে, দু আনার অধিক হইলে পনের বৎসর পর্য্যন্ত।

কোন ভোগের খাজানা নিকটস্থ স্থানের প্রচলিত হার অপেক্ষা অল্প এই কারণবশতঃ আদালতের সাহায্যে খাজানা বৃদ্ধি হইলে উহা পূর্ব্বতন হারের উপর শতকরা পঞ্চাশ টাকা পর্য্যন্ত বৃদ্ধি হইতে পারে, এবং মূল্যের চিরস্থায়ী বৃদ্ধিবশতঃ হইলে শতকরা পঁচিশ টাকা পর্য্যন্ত হইতে পারে।

যে স্থলে কোন মোকদ্দমার দোষগুণ দেখিয়া বিচার হয়, তাহাতে বৃদ্ধি হউক আর নাই হউক, হার পনের বৎসর পর্য্যন্ত ঠিক থাকিবে।

উভয় স্থলেই পঞ্চমাংশরূপ সীমা পরিত্যক্ত হইয়াছে।

আমি স্বীকার করি আইনসঙ্গত খাজানা বৃদ্ধি করা বর্ত্তমান আইনের অপেক্ষা অনেক সহজ ব্যাপার হইয়াছে. কিন্তু আমার বিনীতভাবে নিবেদন এই যে, সীমা নির্দ্দেশ করা অসম্ভব সকলেই এই কথা স্বীকার করায় খাজানাবৃদ্ধির সীমা পরিত্যাগ করা হইয়াছে. বলিয়া সীমা সঙ্কোচ ও সময় বৃদ্ধি করিয়া কমিটীর অধিকাংশ সভ্য খাজানাবৃদ্ধির উপর যে বাধা জনক নিয়ম স্থাপনকরা আবশ্যক বিবেচনা করিয়াছেন, তাহার উপযুক্ত কারণ নাই।

ইহা অবশ্যই ধরিয়া লইতে হইবে যে, যে প্রজাদিগকে ভোগ ভোগ করিবার স্বত্ব স্থায়ীরূপে দেওয়া হইয়াছে তাহারা যখন জানে যে, ভূম্যধিকারী আদালতে গেলেই অনেক উচ্চহারে ডিক্রী পাইতে পারেন. তখন তাহারা আদালতের বাহিরে অনায়াসেই খাজানা বৃদ্ধি দিতে স্বীকৃত হইবে।

ভূম্যধিকারী ও প্রজা নিজে নিজে যে সকল বিষয়ে অনেকাংশে উৎকৃষ্টতর ব্যবস্থা করিয়া লইতে পারে, যে রাজনীতিতে সেই সকল বিষয়ের জন্য তাহাদিগকে আদালতে পাঠাইয়া দেয় আমি সে রাজনীতির অনুমোদন করি না

ইচ্ছাপূর্ব্বক খাজানা বৃদ্ধিস্থলে কেবল এই কথা বলার আবশ্যক ছিল যে চুক্তিমত খাজানা বৃদ্ধি রেজিষ্টরী করা করারপত্র দ্বারা করিতে হইবে এবং ইহা দেখিতে হইবে যে প্রজা তাহাতে স্বীকৃত হইতে গিয়া স্বাধীনভাবে কার্য্য করিয়াছে

টাকার একটা সীমা নির্দ্দিষ্ট করিবার আবশ্যকতা ছিল। সময়ের বিষয় চুক্তির উপর নির্ভর করিলেই হইত।

উভয় স্থলেই পঞ্চদশ বৎসর সীমা নির্দ্দেশ করায় ভূম্যধিকারী তাঁহার যত পাওনা হয় তাহার এক কড়াও ছাড়িয়া দিতে ছাড়িবেন না। আমরা রক্ষা করিবার কোন পথ রাখি নাই।

এস্থলে কমিটীর প্রতি সুবিচারের জন্য একথা বলা আবশ্যক যে নিকটস্থ স্থানে প্রচলিত খাজানা অপেক্ষা অল্প হারে যোত ভোগ করণ হেতুক খাজানা বৃদ্ধির যে সর্ব্বোচ্চ সীমা নির্দ্দিষ্ট হইয়াছে তাহা উঠাইয়া লওয়া কেবল মাত্র আমারই অভিপ্রায় ছিল। কিন্তু আমি এখনও বিবেচনা করি যে এবিষয় আদালতের বিবেচনার উপর ফেলিয়া রাখিলেই ভাল হইত।

ক্রমে ক্রমে পাঁচ বৎসর পরিবা খাজানা বৃদ্ধি করিবার ক্ষমতা আদালতকে দেওয়া হইয়াছে। এ উভয় বিষয়ের আদালতের হস্ত পদ বন্ধন না করাই উচিত ছিল।

৪। ৮ম অধ্যায়।—দখলী স্বত্ববিশিষ্ট রায়তদিগের অবধারিত হারে ভূমি ভোগ করিবার স্বত্বের কথা।

৬৪ ধারা (১) ঐ ,, (২) ঐ ,, (৩) } চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে যে রায়তের খাজানা পরিবর্ত্তিত হয় নাই, চিরকালের জন্য সেই খাজানায় সেই রায়ত ভূমি ভোগ করিতে পারিবে প্রথমটীর এই মর্ম্ম।

দ্বিতীয়টীর মর্ম্ম এই যে, বিপক্ষ প্রমাণ না পাওয়া গেলে যে রায়ত মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্ববর্ত্তী বিশ বৎসর ধরিয়া এক খাজানায় ভূমি ভোগ করিয়া আসিতেছে, সে চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে ঐ খাজানায় ভোগ করিয়া আসিতেছে এই অনুমান হইবে।

তৃতীয়টী দ্বারা ঐ নিয়ম মুক্তারূপে পরিণত খাজানাতেও খাটিবে।

এই পাণ্ডুলিপির উপর অন্যান্য কাগজের সহিত আমি যে মন্তব্য দাখিল করিয়াছিলাম, তাহাতে আমি এই সকল ধারার বিধান পাণ্ডুলিপিতে তৎকালে যেরূপ ছিল তাহা হইতে আমার নিজমত লিখিয়া রাখিয়া ছিলাম এক্ষণে যেসকল পরিবর্ত্তন হইয়াছে তাহা পাঠের পরিবর্ত্তনমাত্র, সারতঃ কিছুই নহে।

কমিটীতে এই বিষয় বাদানুবাদের সময় ১৮৫৯ সালের ১০ আইনে এই সকল কথা কেন গৃহীত হইয়াছিল তৎসমর্থনার্থ একটীও যুক্তি বা চেষ্টা করা হয় নাই; উহা দ্বারা চিরস্থায়ী বন্দোবস্তের শর্ত্তের অতিক্রম করা হইয়াছে, এ আপত্তির প্রত্যুত্তর দেওয়া হয় নাই। এবং এমন কোন কথাই বলা হয় নাই যাহাতে আমি আমার মন্তব্যে যে মত প্রকাশ করিয়াছি তাহা পরিবর্ত্তন করিতে প্রবৃত্ত হই।

উপস্থিত পাণ্ডুলিপিতে উহা রাখিবার ওজর এই যে উহা বর্ত্তমান আইন, বর্ত্তমান আইন পরিবর্ত্তনার্থ কমিটীকে প্রবৃত্ত করিতে পারে এমন কোন যুক্তিপরম্পরা প্রদর্শিত হয় নাই এবং কখন কেমন করিয়া ও কি কি শর্ত্তে রায়তকে ভূমির দখল দেওয়া হইয়াছিল একথা প্রমাণ করা ভূম্যধিকারীর পক্ষে যত কঠিন রায়তের পক্ষে অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব প্রমাণ করা তাহা অপেক্ষা অনেক অধিক পরিমাণে কঠিন।

আমরা দেখাইয়াছিলাম যে চিরস্থায়ী বন্দোবস্ত ও তাহার আনুষঙ্গিক আইনাবলীর কখনই এমন অভিপ্রায় ছিলনা যে মোকররীদার ও ইজারাদারদের ভিন্ন অন্য কোন রায়ত অবধারিত ও অপরিবর্ত্তনীয় হারে চির দিনের জন্য ভূমি ভোগ করে।

দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের মধ্যে কোন শ্রেণী যে বিশেষ অধিকার প্রাপ্ত হয়, ঐ সকল আইনের কখনই এরূপ অভিপ্রায় ছিল না।

১৮৫৯ সালের ১০ আইন দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের মধ্যে বিশেষ অধিকার বিশিষ্ট একটী শ্রেণীর সৃষ্টি করিয়া জমীদারদিগের ভূস্বামীস্বত্বের উপর হস্তক্ষেপ করিয়াছে এবং রায়তগণকে চিরদিনের জন্য অবধারিত খাজানায় ভূমি ভোগের স্বত্ব প্রদান করিয়া ভূস্বামীদিগকে আপন আপন মহালে বাৎসরিক বৃত্তি ভোগী করিয়া তুলিয়াছে।

কোন নির্দ্দিষ্ট তারিখের পরিবর্ত্তে মোকদ্দমা রুজু হইবার পূর্ব্ববর্ত্তী ২০ বৎসর হইতে অনুমান চলিবে এইরূপ প্রকাশ করায় ইহাদ্বারা ক্রমাগতই নূতন স্বত্ব জন্মাইয়া দিতেছে।

এঅধিকার অত্যন্ত প্রয়োজনীয়, ভবিষ্যতে এ অধিকার অর্জ্জন করা রায়তের স্বার্থ, এবং ইহার অর্জ্জনে বাধা দেওয়া জমীদারের স্বার্থ, অতএব ইহা বর্ত্তমান আকারে পাণ্ডুলিপিতে সন্নিবেশিত করায়, উভয়ের স্বার্থেরই বিশেষ ক্ষতি হইতেছে। ইহাতে ক্রমাগতই বিবাদ বাধিতেছে।

আমি ১৮৫৯ সালের ১০ আইন বিধিবদ্ধ করা সুবিচারসঙ্গত হয় নাই স্বীকার করিলেও বর্ত্তমান আইনের কার্য্য চলন দ্বারা যে সকল স্বত্ব জন্মিয়াছে তাহা উচ্ছেদ করাও অন্যায় ও কষ্টজনক হইবে স্বীকার করি।

যে সকল রায়ত এইরূপে স্বত্ব অর্জ্জন করিয়া ফেলিয়াছে তাহাদের উপর কোনরূপ অবিচার না হয়, সেই জন্য আমি বলিয়াছিলাম যে উক্ত আইন প্রবর্ত্তিত হইবার পূর্ব্ববর্ত্তী ২০ বৎসর হইতে এই অনুমানের কার্য্য চলিবে, এক্ষণকার ন্যায় মোকদ্দমা রুজু করিবার ২০ বৎসর পূর্ব্ব হইতে নহে। আমার বিনীত ভাবে নিবেদন এই যে, যদি কমিটী আমার পরামর্শ গ্রহণ করিতেন, যে সকল রায়ত অবধারিত হারে ভূমি

ভোগের স্বত্ব অর্জ্জন করিয়া ফেলিয়াছে, তাহাদেরও স্বত্ব স্থির থাকিত এবং জমীদারদিগের প্রতিও প্রথম কিস্তি সুবিচার প্রদত্ত হইত। ভবিষ্যতে ভূম্যধিকারী ও প্রজার স্বত্ব নির্দ্দেশ করিয়া দিবার জন্য যে পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইতেছে স্বীকার করা যায়; অতীত কালের আইন দ্বারা রায়তের যে সকল স্বত্ব লোপ করা হইয়াছে বলিয়া কথিত হইয়াছে অথবা নিজের অসাবধানতা ও নিজের কার্য্য দ্বারা যে সকল স্বত্ব রায়তেরা হইয়াছে সেই সকল স্বত্ব পুনঃ প্রদানের জন্য যে পাণ্ডুলিপি পাস করা হইতেছে, সেই পাণ্ডুলিপিতে অতীতকালে শিথিল ভাবে আইন করার দোষে ভূম্যধিকারী যে সকল স্বত্বে বঞ্চিত হইয়াছেন তাহাও তাঁহাকে প্রত্যর্পণ করা সুবিচারসঙ্গত।

অতীত কালে তিনি যাহাতে বঞ্চিত হইয়াছেন তাহা প্রত্যর্পণ করা যদি একান্ত অসম্ভব হয়, ভবিষ্যতে যাহাতে তাঁহার রক্ষা হয় তাহাও অন্ততঃ করা উচিত।

চিরস্থায়ী বন্দোবস্তের শর্ত্তমতে কেবল মাত্র মোকররী খার ও ইস্তমরারদার অবধারিত হারে ভূমি ভোগের অনুমতি পায়, দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তাহা পায় নাই।

১৮৫৯ সালের ১০ আইনের পূর্ব্বে অবধারিত হারে বা খাজানায় ভূমি ভোগ করিবার স্বত্বের দাবী করিলে দশ-সালা বন্দোবস্তের যার বৎসর পূর্ব্ব পর্য্যন্ত তাহার স্বত্ব সাব্যস্ত করিতে বাধ্য হইতে হইত। অন্যথা তাহার স্বত্ব সম্পূর্ণ হইত না। অর্থাৎ, চিরস্থায়ী বন্দোবস্ত যাহা কিছু আছে তাহার উপর উহার স্বত্ব নির্ভর করিত না, কিন্তু উক্ত বন্দোবস্তের পূর্ব্বে জমীদারের কি ছিল তার উপর নির্ভর করিত।

চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে ভূমিকর্ষকেরা তিন শ্রেণীতে বিভক্ত ছিল। মোকররীদার বা তালুকদার রায়ত, ইহাদের দীর্ঘকাল দখলজন্য স্বত্ব জন্মিয়াছিল, আর পাইকস্ত রায়ত বা ইচ্ছাধীন প্রজা। ৬৬ বৎসরের মধ্যে ১৮৫৯ সালের ১০ আইনেই সর্ব্ব প্রথম পাইকস্ত রায়তকে দখলীস্বত্ব দিবার চেষ্টা করা হয়। অন্ততঃ তাহাদের বেলা চিরস্থায়ী বন্দোবস্তের শর্ত্তে এমন কোন কথা পাওয়া যায় না যাহার উপর তাহাদের অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব স্থাপিত হইতে পারে। সুতরাং ভূম্যধিকারীকে অনুমান খণ্ডনের আজ্ঞা করা উচিত নহে। স্বত্ব প্রমাণের ভার রায়তের উপর নিক্ষেপ করা কর্ত্তব্য।

চিরস্থায়ী বন্দোবস্তের সময় এবং ১৮৫৯ সালের ১০ আইনের পূর্ব্বে খাজানা দেওয়া সম্বন্ধে যত রায়তের দখলীস্বত্ব ছিল সকলের উপরই একপ্রকার ব্যবহার করা হইত অর্থাৎ সকলের প্রচলিত হার দিবে আশা করা হইত।

১৮৫৯ সালের ১০ আইন পাসের সম্বন্ধে যত কাগজপত্র প্রকাশ হইয়াছে তাহাতে দৃষ্টি করিয়া কিসের জন্য ঐ আইনে এই সকল বিধান লিপিবদ্ধ হইয়াছিল তাহা বুঝিয়া উঠা কঠিন।

১৮৫৯ সালে যে খসড়া পাণ্ডুলিপি প্রকাশিত হয় তাহাতে "যে সকল বংশানুক্রমিক রায়ত অবধারিত হারে খাজানা দিয়া ভূমি ভোগ করে তাহারা ঐ হারে পাট্টা পাইতে স্বত্ববান হইবে" লেখা আছে। কিন্তু পরে ১৮৫৯ সালের ১০ আইনে যে ১০ বৎসরের অনুমানের কথা বিধিবদ্ধ হইয়াছে তাহার কোন উল্লেখই নাই।

যদি ১৮৫৯ সালের পাণ্ডুলিপি সংশোধিত না হইত, তাহা হইলে অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব প্রমাণের ভার আজিও দাবিকারি রায়তের উপরই অর্পিত থাকিত।

উক্ত খসড়া আইনের যত সমালোচনা প্রকাশিত হইয়াছে, তাহার মধ্যে শ্রীযুত স্কোল্ড সাহেবই রায়তের অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব বিষয়ে পূর্ণমাত্রায় বাদানুবাদ করিয়াছেন। তাঁহার মতে উক্ত স্বত্ব এই উচ্চতর ও সুগমতর যুক্তির উপর স্থাপিত যে "চিরস্থায়ী বন্দোবস্ত জমিদারের পক্ষেই চিরস্থায়ী প্রজার পক্ষে অস্থায়ী, এরূপ একতরফা বন্দোবস্ত নহে" কিন্তু ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ও ৬০ ধারার বিধান হইতেই এইরূপ অনুমান করায় তাঁহার ভ্রম হইয়াছিল। এই সকল ধারা খুলিয়া দেখিলেই দেখা যাইবে যে প্রথমটী তালুক সম্বন্ধীয় ও দ্বিতীয়টীর কার্য্য চলন হইতে রেহার মুক্ত হইয়াছিল।

আমার নিবেদন এই যে, যদি কেবল মাত্র বর্ত্তমান আইন বলিয়াই আমরা ভূম্যধিকারীর বিরুদ্ধে বর্ত্তমান আইন রক্ষা করি, তাহা হইলে রায়তের উপকারার্থ আমরা অনেক স্থলে যেরূপ গিয়াছি সেরূপ বর্ত্তমান আইন ছাড়াইয়া যাওয়া কোনমতেই উচিত হয় নাই।

অনেক সময়ে যে বলা হয় যে অনুমান খণ্ডন করা ভূম্যধিকারীর পক্ষে যত সহজ, রায়তের পক্ষে স্বত্ব সাব্যস্ত করা তত সহজ নহে, ইহার সম্বন্ধে আমি এই মাত্র বলিতে চাই যে যে সকল লোক এই কথা বলে ভূম্যধিকারীর পক্ষে এরূপ করা যে কত শক্ত তাহার কোন ছড়োছই নাই। কোন নির্দ্দিষ্ট সংখ্যক রায়তের পক্ষে ভূম্যধিকারীর হস্তাক্ষর প্রমাণ করা অতি সহজ, কিন্তু ভূম্যধিকারীর পক্ষে যে সকল লোক লিখিতে জানে না তাহাদের দেওয়া দলীল প্রমাণ করা বড় সহজ ব্যাপার নহে। যত পুরাণ আইন আছে সকলেই ভূম্যধিকারীর পক্ষে রায়তের অনুকূলে দলীল লিখিয়া দেওয়া অবশ্য কর্ত্তব্য বলিয়া দিয়াছে। কিন্তু কোন আইনেই ভূম্যধিকারীর অনুকূলে দলীল লিখিয়া দেওয়া রায়তের পক্ষে অবশ্য কর্ত্তব্য করিয়া দেয় নাই।

বর্ত্তমান আইনে যেস্থলে এক টাকায় খাজানা দেওয়া হইতেছে সেই সকল স্থলের জন্য ইহা বিধান আছে, কিন্তু উপস্থিত পাণ্ডুলিপিতে আর এক পদ অধিক অগ্রসর হওয়ার প্রস্তাব হইয়াছে, ঐ নিয়ম মুদ্রারূপে পরিণত খাজানায়ও খাটাইবার অভিপ্রায় হইয়াছে।

যদিও কমিটীতে আমিই একাকী এই বিষয়ে ভিন্নমত হইয়াছিলাম এবং আমার এই অবস্থা অত বাঞ্ছনীয় হয় নাই, তথাপিও এই প্রকরণ বিধিবদ্ধ হওয়ার বিরুদ্ধে প্রতিবাদ করিবার অনুমতি প্রার্থনা করি।

আমাদের যত দূর নিম্ন যাওয়া উচিত আমরা এবিষয়ে তাহা অপেক্ষা অনেক অধিক দূর গিয়া পড়িয়াছি। এপ্রকরণ বিধিবদ্ধ করাও যাহা আর যেসকল রায়ত সদা খাজানা দিত ও এক্ষণে টাকায় খাজানা দেয়, তাহাদিগকে ভবিষ্যতে অবধারিত ও অপরিবর্ত্তনীয় হারে খাজানা দিয়া ভূমিভোগের স্বত্ব দেওয়াও ঠিক তাহাই।

বর্ত্তমান আইনেই ত এই সকল বিধান ভূম্যধিকারীর পক্ষে অত্যন্ত কষ্টকর হইয়া উঠিয়াছে, ভবিষ্যতে উহা আর দশগুণ অধিক কষ্টকর হইয়া উঠিবে।

যখন পাট্টা কবুলিয়ত পরস্পর দেওয়া আর আবশ্যক রহিল না, তখন রায়ত যা করে ভবিষ্যতে তাহাই হইবে।

স্বত্বের লিপি প্রস্তুতকরণ প্রকারের [illegible] করণের অধ্যায় অনুসারে স্থানীয় গবর্ণমেণ্টের উপর যে সকল ক্ষমতা অর্পিত হইয়াছে তাহা ভবিষ্যতে অত্যন্ত কার্য্যকর হইবে সত্য, কিন্তু এই সকল বিধান অপরিবর্ত্তিত থাকিলে আদালত সকল মোকদ্দমায় মোকদ্দমায় প্লাবিত হইয়া যাইবে ও জমীদারেরা উৎসন্ন যাইবে।

ভবিষ্যতে যে সকল খাজানা মুদ্রারূপে পরিণত হইবে তাহাতেই এই সকল বিধান সীমাবদ্ধ করিয়া এবং যে তারিখ হইতে অনুমানের কাল গণনা করিতে হইবে সেই তারিখ নির্দ্দেশ করিয়া দিলেই ইহাদের কুফলের অল্পতা সাধন করা যাইতে পারে।

হস্তান্তর ও অগ্রক্রয় সংক্রান্ত প্রকরণের উপর এই সকল বিধানের কার্য্যের কথা পূর্ব্বেই বলা হইয়াছে।

৫। ৯ম অধ্যায়।—যোতের অংশান্তর বিভাগ।

পাণ্ডুলিপিতে বলে যে দখলীস্বত্ববিশিষ্ট যোত ভবিষ্যতে হস্তান্তরযোগ্য হইবে এবং পূর্ণ যোতও হস্তান্তর যোগ্য হইবে বলিয়া প্রকাশ করিয়া আবশ্যক কার্য্যই করা হইয়াছে।

কোন যোতের কিয়দংশের হস্তান্তর ভূম্যধিকারীর বিরুদ্ধে অসিদ্ধ বলিয়া প্রকাশ করা হইয়াছে।

এত দিন পর্য্যন্ত হস্তান্তর করণের স্বত্ব দখলীস্বত্ববিশিষ্ট যোতের অনুসঙ্গের মধ্যে ছিল না। অসংখ্য স্থলে আদালত ভূমিভোগের স্বত্ব দিলেও ভূম্যধিকারীর ইচ্ছার বিরুদ্ধে হস্তান্তরগ্রহীতাকে তাহা প্রদান করিতে অস্বীকার করিয়াছেন। হস্তান্তরগ্রহীতার স্বত্বের অনিশ্চয়তা সত্ত্বেও আমরা দেখিতে পাই, যে এপ্রদেশের প্রতি জিলাতেই দখলীস্বত্ব ইচ্ছামত ক্রয় হইতেছে ও আদালতের ডিক্রীমত বিক্রয় হইতেছে।

কোন২ জিলায় ইহা এরূপ অবধারিত হইয়াছে, আইন বদ্ধ হইলেও ইহা এত বহুল পরিমাণে চলিতেছে, যে দেশাচার এক্ষণে আইনকে অতিক্রম করিয়াছে।

আইনবিরুদ্ধ হইলে ও দেশাচাররূপে প্রচলিত হইতেছে দেখিয়া গবর্ণমেণ্ট ইহাকে সিদ্ধ বলিয়া প্রকাশ করিতে বাধ্য হইতেছেন।

এক্ষণে পূর্ণ যোতের হস্তান্তর আইনসম্মত করার প্রস্তাব হইয়াছে, কিন্তু যোতের কিয়দংশের হস্তান্তর ভূম্যধিকারীর বিরুদ্ধে হইলে আইনবিরুদ্ধ বলিয়া প্রকাশ করিবার প্রস্তাব হইয়াছে।

যোতের কিয়দংশ হস্তান্তর আইনসম্মত করার ফল মন্দ হইবে। ভূম্যধিকারীর পক্ষেও মন্দ হইবেই, রায়তের পক্ষে আরও মন্দ হইবে। কিন্তু রায়তের দ্বারা ভূম্যধিকারীর বিরুদ্ধে অসিদ্ধ এবং তাহার নিজের বিরুদ্ধে সিদ্ধ প্রকাশ করিলে ক্রমে যেমন একটী অবস্থা আসিয়া উপস্থিত হইবে যে এক্ষণে গবর্ণমেণ্ট যে কার্য্যপ্রণালীর নিন্দা করিতেছেন পরিণামে তাহাতে হস্তক্ষেপ করিতে ও তাহা আইনসম্মত বলিয়া প্রকাশ করিতে বাধ্য হইবেন।

ভূম্যধিকারীর বিরুদ্ধে অসিদ্ধ ও রায়তের বিরুদ্ধে সিদ্ধ হইতে দেওয়ায় রায়তের হস্তান্তর করিতে কোন বাধা হইবে না, কেবলমাত্র যোতের বাজার দর অত্যন্ত কমিয়া যাইবে।

রায়তের যখন টানাটানি হয় ভূম্যধিকারীর বিরুদ্ধে ইহা অসিদ্ধ এই কারণ বশতঃ হয়ত সে অর্দ্ধেক মূল্যে তাহার যোতের এক খণ্ড বিক্রয় করিতে থাকিবে।

রায়তের খণ্ডশঃ যোত বিক্রয় বন্ধ করার তিন উপায় আছে, যথা,—

যোতের কিয়দংশের হস্তান্তর ভূম্যধিকারী ও রায়ত উভয়েরই বিরুদ্ধে অসিদ্ধ বলিয়া প্রকাশ করা।

ভূম্যধিকারীকে এইরূপ হস্তান্তর উক্ত অংশের ইস্তফা বলিয়া গণ্য করিতে অনুমতি দেওয়া।

ভূম্যধিকারী ও রায়তের মধ্যে যে করার আছে তাহার শর্ত্ত অনুসারে যেরূপ শর্ত্ত ভঙ্গ করিলে তাহাকে সেই যোত হইতে উচ্ছেদ করা যাইতে পারে এরূপ শর্ত্ত ভঙ্গ করিয়াছে বলিয়া গণ্য করা।

শেষোক্তটী অত্যন্ত কার্য্যকর বলিয়া আমি উহারই অনুকূলে যুক্তিবিন্যাস করিয়াছিলাম।

৬। ১০ম অধ্যায়।

এই অধ্যায় অনুসারে স্থানীয় গবর্ণমেণ্ট ভূম্যধিকারীর অনুরোধে, বহুসংখ্যক রায়তের অনুরোধে, অথবা বিবাদ নিবারণের জন্য সমস্ত মহালের খাজানার বন্দোবস্ত করিয়া দিবার আজ্ঞা দিতে পারেন।

এই অধ্যায় যেরূপ আছে তদনুসারে মহালের জমাবন্দী স্থির বা নিশ্চয় করার পর তাহা পনের বৎসর সময়ের জন্য ঠিক থাকিবে। কিন্তু কিছুতেই ভূম্যধিকারীর খাজানা বৃদ্ধি করিবার দরখাস্ত বন্ধ করিবে না।

১। যেস্থলে ভূম্যধিকারী খাজানা বৃদ্ধির জন্য দরখাস্ত করেন ও বৃদ্ধির অনুমতি হয়, তথায় ইহা খাটিবে।

২। যেস্থলে আবেদন অগ্রাহ্য হয়, তথায় ইহা খাটিবে।

৩। যেস্থলে ভূম্যধিকারীর আবেদনের স্বত্ব আছে অথচ আবেদন করেন নাই, তথায় ইহা খাটিবে।

৪। যেস্থলে কিয়ৎসংখ্যক রায়তের অনুরোধে বন্দোবস্ত হইল, তথায় ইহা খাটিবে।

৫। ইহাতে যেসকল রায়ত দরখাস্তের পক্ষ নহে এরূপ সকল রায়তের খাজানা বৃদ্ধি করিতে হয় জমীদার বাধ্য হইবেন, না হয়, পলের বৎসর বৃদ্ধি করিতে অসমর্থ হইয়া থাকিবেন।

৬। ইহা দখলীস্বত্ববিশিষ্ট ও দখলীস্বত্বশূন্য উভয়প্রকার রায়তের পক্ষেই খাটিবে। অতএব ইহার এই ফল হইবে যে সমস্ত দখলীস্বত্বহীন রায়ত দখলীস্বত্ব প্রাপ্ত হইবে।

৭। ইহাতে রায়তদের যেসকল স্বত্ব নাই তাহা অর্জ্জন করিতে পারিবে বলিয়া বন্দোবস্তের দাবী করিতে তাহাদিগকে প্রবৃত্তি দিবে। ইহার এদিক ওদিক হইতে দিবে না।

পাণ্ডুলিপিতে যেরূপ সময় ছিল তাহাই থাকা উচিত অর্থাৎ দশ বৎসর হওয়া উচিত।

যে সকল স্থলে ভূম্যধিকারী খাজানা বৃদ্ধির জন্য প্রার্থনা করেন অথবা দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের খাজানা সম্বন্ধে কোন বিবাদ থাকে, এই অধ্যায় সেই সকল স্থলেই খাটা উচিত।

ইহার ছাড়ায় দখলীস্বত্বহীন রায়তের দখলীস্বত্ব অর্জ্জনের উপায় করিয়া দেওয়া উচিত নয়। দিলে একটী অত্যন্ত প্রয়োজনীয় অধ্যায় অত্যাচারের যন্ত্র হইয়া দাঁড়াইবে।

৭। ১৫শ অধ্যায়—দায়।

অবশেষে যে বিষয়ে আমি কমিটীর সিদ্ধান্ত হইতে আমার মত ভিন্ন বলিয়া লিপিবদ্ধ করিতে অনুমতি প্রার্থনা করি, তাহা ব্যবসাদারের পক্ষে এবং রায়তের পক্ষেও বিশেষ প্রয়োজনীয়।

পাণ্ডুলিপিতে প্রকাশ যে যখন বাকী খাজানার জন্য সাদাপত্তের ডিক্রী অনুসারে কোন তালুক বিক্রয় হয়, তখন প্রথমতঃ উহা রেজিষ্টরী করা দায় সম্বলিত বিক্রীত হইবে। কিন্তু ইহাতে দখলীস্বত্ববিশিষ্ট যোত দায়মুক্ত করিয়া বিক্রীত হইতে দিতেছে।

একথা অবশ্যই স্বীকার্য্য যে, যে ব্যক্তি দখলী স্বত্ববিশিষ্ট যোতে কোন রূপ দাবী থাকিবার দাওয়া করে, পাণ্ডুলিপিতে তাহাকে পাওনা বাকী খাজানা প্রদান করিয়া এবং তদ্দ্বারা প্রথম বন্ধক স্বত্ব লাভ করিয়া আপন স্বার্থ রক্ষা করিবার অনুমতি আছে। কিন্তু ইহাতে সেই স্বার্থ সম্পূর্ণভাবে রক্ষা হইবে না।

তালুকদার ও দখলী স্বত্ববিশিষ্ট যোতদারের মধ্যে কোন প্রভেদ রাখা উচিত কমিটীর এইরূপ বিবেচনা। আমি এবিষয়ে তাঁহাদের সহিত একমত নহি।

অবধারিত হারে ভূমিভোগী রায়তেরা তালুকদারদিগের সহিত একপ্রকার বিধানের অধীন হওয়ায়, যোতদারের উৎসাহ দেওয়া হইবে।

বিক্রয়ের পর অবধারিত হারে ভূমি ভোগের অনুমান খাড়া করিয়া দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় মাফুর করিবার চেষ্টা হইবে।

যে যোত বিক্রয়ার্থ আনীত হইয়াছে তাহা সাধারণ দখলীস্বত্ববিশিষ্ট যোত বা অবধারিত হারের দখলীস্বত্ববিশিষ্ট যোত এবিষয়ে তদারক করা আদালতের, ডিক্রীদারের, দেনাদারের, বা ক্রেতার কাহার কর্ত্তব্য হইবে, অথবা যদি কোন ক্ষতি হয়, কে ক্ষতির জন্য দায়ী হইবে, পরিষ্কার বুঝা যায় না।

যে দায় রক্ষা করিতে হইবে তাহা সমস্ত যোতে বর্ত্তিবে, কেবল মাত্র একাংশে বর্ত্তিবে না, ইহাই প্রকাশ করা আবশ্যক ছিল, কিন্তু ইহার অধিক কিছুই আবশ্যক ছিল না।

দখলীস্বত্ববিশিষ্ট প্রজাকে এবিষয়ে রক্ষা না করায়, তাহার বাজার সম্ভ্রমের ক্ষতি করা হইয়াছে। যে স্থলে সে অল্প সুদে টাকা ধার করিতে পারিত, সে স্থলে তাহাকে অধিক সুদে দিতে হইবে।

টি, এম, গিবন।

পাণ্ডুলিপির কয়কগুলি বিধানের উপর সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের সিদ্ধান্তহইতে ভিন্নমতের মন্তব্যলিপি।

পাণ্ডুলিপির বিধানসমূহ এক্ষণে যেরূপ সংশোধিত হইয়াছে, সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের ন্যায় আমিও সাধারণতঃ তাহা গ্রহণ করিতে প্রস্তুত ; কিন্তু আমার এ কথা বলা আবশ্যক যে আমার বিবেচনায় কয়েকটী বিষয়ে প্রজার স্বার্থ উপযুক্তরূপে রক্ষিত হইয়াছে বলিয়া বোধ হয় না। পাণ্ডুলিপিতে খাজানাবৃদ্ধির যথেষ্ট সুবিধা করিয়া দিয়াছে, বিশেষতঃ পূর্ব্বে যেসময়ে উৎপন্ন দ্রব্যের মূল্যবৃদ্ধির প্রমাণের আবশ্যকতা ছিল, তাহার পরিবর্ত্তে কেবলমাত্র দরবৃদ্ধি প্রযুক্ত বৃদ্ধি প্রস্তাব করার আরও সুবিধা হইয়াছে। ভূমধিকারীর এই বিষয়ে অনেক সুবিধা করিয়া দিলেও মূল পাণ্ডুলিপির ৭৫ (ঘ) ধারার শাসনটী তুলিয়া লওয়া হইয়াছে। রায়তের দেয় খাজানার হার প্রচলিত হার অপেক্ষা ন্যূন এই কথা খাজানাবৃদ্ধির একটি হেতু বলিয়া রাখা হইয়াছে ; এবং বাসেন্দা রায়ত ভিন্ন অন্য রায়তকে যখন প্রথম ভূমির দখল দেওয়া হয়, তখন ভূম্যধিকারী কত খাজানার দাবী করিবেন পাণ্ডুলিপিতে তাহার কোন সীমা নির্দ্দেশ করা হয় নাই, বাসেন্দা রায়তের সম্বন্ধেও ভূম্যধিকারী পূর্ব্বতন খাজানার শতকরা পঁচিশ টাকা বৃদ্ধি দাবী করিতে পারেন। প্রজা জমী না ছাড়িয়া যতদূর পর্য্যন্ত খাজানা বৃদ্ধি দিতে পারে তাহার চরম সীমা পর্য্যন্ত খাজানা বাড়াইয়া লইতে পারেন এমন বিষম শক্তি এই সকল ধারায় ভূম্যধিকারীর হস্তে অর্পণ করা হইয়াছে। কারণ, কৃষিযোগ্য নিষ্কর ই কোন না কোন সময়ে ভূম্যধিকারীর হাতে পড়িবে এবং যখন তিনি এই সকল ভোগ বিলি করিবার সময় অবাধে যত ইচ্ছা খাজানা লইতে পারেন, তখন স্পষ্টই বোধ হইতেছে প্রচলিত হার ক্রমেই বাড়িয়া যাইবে, এবং এই হার দ্বারা যে কেবল নূতন বসান রায়তদিগেরই খাজানা নিয়মিত হইবে এরূপ নহে, সাধারণ প্রজা সম্প্রদায় মাত্রেরই খাজানা নিয়মিত হইবে। এই কারণ বশতঃ প্রচলিত হার খাজানা বৃদ্ধির কারণ বলিয়া রাখায় ভবিষ্যতে বিলক্ষণ বিপদ হইবার সম্ভাবনা আছে বলিয়া আমার বোধ হয় এবং উহা পাণ্ডুলিপি হইতে উঠাইয়া লওয়া হয় তাহাতে আমি অত্যন্ত আনন্দিত হইব।

এইরূপ আমার বিবেচনায় যেস্থলে ভূম্যধিকারী শস্য রূপে দেয় খাজানা মুদ্রারূপ খাজানায় পরিণত করিবার আবেদন করেন সেস্থলে প্রজার স্বার্থ সংশোধিত পাণ্ডুলিপির ৫৩ ধারায় উপযুক্তরূপে রক্ষিত হয় নাই। এই ধারায় এইরূপ বিধান থাকা উচিত যে, প্রথমতঃ কোন স্থলেই মুদ্রারূপ খাজানা ভূম্যধিকারীর পক্ষের বিচারে ঐ ভোগের যে খাজানার উল্লেখ আছে তাহা অপেক্ষা অধিক হইবে না। দ্বিতীয়তঃ, ভূম্যধিকারী দশবৎসর ধরিয়া যে খাজানা লইয়া আসিতেছেন তাহার গড় মূল্য ধরিয়া যদি মুদ্রারূপ খাজানা স্থির হয়, তাহা হইলে সাধারণের লাভ কি প্রজা গ্রহণ করে এবিবেচনায় তাহা হইতে বিলক্ষণ বাদ দেওয়া উচিত। খাজানার কমিশ্যন যে খসড়া পাণ্ডুলিপি প্রস্তুত করেন ও বঙ্গদেশের গবর্ণমেণ্ট যে পাণ্ডুলিপি অর্পণ করেন, তাহাতে এরূপ বাদ দিবার বিধান করা হইয়াছিল।

আমার বোধ হয় পরিত্যাগ করণ বিষয়ক পাণ্ডুলিপির ৯৬ ধারায় যেরূপ কথা যোজনা করা হইয়াছে, তাহাতে আমার বোধ হয় অপব্যবহারের দ্বার বিলক্ষণরূপে উদ্ঘাটিত হইবার সম্ভাবনা। যখন রায়ত পরিত্যাগ করিয়াছে এই গুজরে তাহাকে তাহার ভোগ হইতে বঞ্চিত করা হয়, তখন তাহাকে দখল পুনঃপ্রাপ্তির জন্য মোকদ্দমা রুজু করিবার ক্ষমতা দেওয়ার ফল অতি অস্পষ্ট হইবে। যদি এই ধারার কোন প্রয়োজন থাকে, তবে উহার কার্য্যচলন দখলীস্বত্বশূন্য রায়তের-দখলস্থ ভোগে সীমাবদ্ধ রাখা কর্ত্তব্য। দখলীস্বত্ববিশিষ্ট ভোগে উহা বিস্তার করার অতি অল্পমাত্রও কারণ নাই, কারণ এই সকল স্থলে বাকী খাজানার নিমিত্ত ভোগ বিক্রয়ের ক্ষমতা দ্বারা ভূম্যধিকারীর খাজানা সম্পূর্ণরূপে রক্ষিত হইয়াছে।

১৮৮৪ সাল ১৭ মার্চ্চ।

এচ, জে, রেমল্ড্স।

*এই প্রকরণে প্রকাশ করে যে, "রায়তেরা ফসলের সময় যে মূল্যে বিক্রয় করে সেই মূল্য ধরিয়া প্রধান শস্যযোগে ভূমির যে উৎপন্নের আনুমানিক গড় বার্ষিক মূল্য তাহার ৫ ভাগ খাজানা কোন স্থলে তাহার পঞ্চমাংশের অধিক হইবে না।"

প্রস্তাবিত বঙ্গদেশীয় প্রজাস্বত্ববিষয়ক আইনের পাণ্ডুলিপি সম্বন্ধে সিলেক্ট কমিটীর অধিকাংশ ব্যক্তি যে নিষ্পত্তি করিয়াছেন, তাহা হইতে ভিন্নমতাত্মকলিপি।

পাণ্ডুলিপির মূলসূত্র।

এই পাণ্ডুলিপি সম্বন্ধে আমার ভিন্নমত এই প্রশস্ত হেতুমূলে স্থাপন করিতে চাই যে, বঙ্গদেশের ভূমিসংক্রান্ত আইন এক্ষণে যেরূপ ভিত্তির উপর সংস্থাপিত আছে, এই পাণ্ডুলিপির দ্বারা তদপেক্ষা দৃঢ়তর, ন্যায্যতর, কিম্বা অধিকতর সন্তোষজনক ভিত্তির উপর স্থাপিত হইতেছে না এবং ইহাতে দুর্বৎসর সহ্য করিতে সক্ষম এরূপ সঙ্গতিপন্ন কৃষকদের হস্তে ভূমির চাষকার্য্য রক্ষিত হইবে না, অথবা ধনসঞ্চয়, বিশ্বস্ততার সুন্দররূপ বৃদ্ধিও কোন কৃষিকার্য্য সংক্রান্ত উৎকর্ষসাধনের উন্নতি বিষয়ে সহায়তা হইবে না। আর যে অভিপ্রায়েই লর্ড হার্টিংটন সাহেবেরমতে এইরূপ পাণ্ডুলিপি উপস্থিত করণের ন্যায্যতা প্রতিপাদন করা যায়, এই পাণ্ডুলিপিতে কেবল যে সেই অভিপ্রায় সাধন হইতেছে না এরূপ নহে, ইহাতে বঙ্গদেশের প্রাচীন দেশাচার ও বর্ত্তমান আইন হইতেও অধিক দূরে ও সম্পূর্ণরূপ নূতন পথে যাইতে হইতেছে। উক্ত সভ্যবর প্রকৃত রাজনীতিজ্ঞতার সংস্কার বশতঃ এরূপ প্রণালী অবলম্বন করা পরামর্শসিদ্ধ নহে বলিয়া নিন্দা করিয়াছেন।

১৮৮২ সালের ১৭ আগষ্টের বিজ্ঞাপনীর ২. প্রকরণ।

১৮৮২ সালের ১৭ আগষ্টের বিজ্ঞাপনীর ৯ প্রকরণ।

ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত বর্ত্তমান আইন কি মূলসূত্র অবলম্বন করিয়া গবর্ণমেণ্ট পরিবর্ত্তন করিবার প্রস্তাব করেন, ইহা বুঝা আমি কঠিন দেখিতেছি। অভিপ্রায় ও হেতুবাদে বর্ণনাপত্র প্রত্যেক পাণ্ডুলিপির সঙ্গে মন্ত্রিসভার সভ্যদের নিকট পাঠাইবার রীতি আছে, তাহাতে লিখিত আছে যে, ১৮৫৯ সালের ১০ আইন যদিও উপকার করিয়াছে স্বীকার করা যায়, তথাপি কোন কোন বিষয়ে তাহা একেবারে নিষ্ফল হইয়াছে যে রেকারে প্রতিযোগিতার অভাবাকারে রায়তদের স্থানে খাজানা বৃদ্ধি করা হইয়াছে ও জমীদারের কর্ত্তৃত্বাধীনে আসিয়াছে, এবং পূর্ব্ব বাঙ্গালার জমীদারেরা আইনমতে যে খাজানা বৃদ্ধি করিবার অধিকারী সেই খাজানা বৃদ্ধি পাইতে পারেন নাই, এবং আপনার বেধ খাজানা আদায় করাও তাঁহাদের পক্ষে কঠিন হইয়া উঠিয়াছে। এই কথা হইতে আমরা এই কথা সংগ্রহ করিতে পারি, একপক্ষে রায়তদের রক্ষা করা ও অপর পক্ষে জমীদারদের উচিত খাজানা আদায় করিবার ও তাহা আইনমতে বৃদ্ধি করিবার সুবিধা করিয়া দেওয়া পাণ্ডুলিপির প্রধান উদ্দেশ্য।

শ্রীযুক্ত ইলবার্ট সাহেব বলেন, ১৮৫৯ সালের ১০ আইনের যত প্রস্তাব যেরূপ হইয়াছে তাহা যদি দেখান যাইতে পারে কিন্তু আমি সেই সম্বন্ধে নিঃসঙ্কোচভাবে এক্ষণে অস্বীকার করি এবং আমি এস্থলে বিশেষ করিয়া উল্লেখ করিতেছি যে, ইহা কোন প্রকারে বলা হয় নাই। তাঁহার বলে প্রস্তাবিত পাণ্ডুলিপির নামে যে উদ্দেশ্য আছে বলিয়া বলা যায়, আমি পূর্ব্বে বলিয়াছি, সেই উদ্দেশ্য সাধনার্থে যে ন্যায্য উপায় অবলম্বিত হইতে পারে তাহার কোন প্রমাণিত বা তর্কিত তথ্যের কোন আপত্তি করিতে পারি না এবং জমীদারদের দলে আর যাহারই কোনখানিতেই এই সকল বিষয়ে যে কিছুমাত্র আপত্তি হইয়াছে তাহা আমি দেখিতে পাই না।

পাণ্ডুলিপিতে যদি এই সকল উদ্দেশ্যের প্রতি দৃষ্টি থাকিত, তাহা হইলে সর্ব্বপ্রকারে ভাল হইত, কিন্তু এই সকল উদ্দেশ্য সম্পূর্ণরূপে ছাড়িয়া দিয়া এই পাণ্ডুলিপির মূলে অন্য কিছু জনকতকের একরূপ পক্ষপাতী সাব্যস্ত হইয়াছে, তাহাকে দৃঢ়রূপে সংরক্ষিত করিবার প্রতি আক্রমণ হইয়াছে, ও ভূমিকারীদের অনেক পরিমাণে আশা ও অধিকার ভঙ্গ হইয়াছে। সত্য বটে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এমন কথা কখন বলেন নাই যে, তাঁহারা ভূম্যধিকারীদিগকে তাঁহাদের নিষ্কণ্টক স্বত্বে রক্ষা করিতে চাহেন। প্রত্যুত তাঁহারা নিয়ত নির্দ্দেশ করিয়াছেন যে, চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে জমীদারদিগকে যে নিষ্কণ্টক স্বত্ব প্রতিজ্ঞাপূর্ব্বক দেওয়া যায়, তাঁহারা কোনরূপে সেই স্বত্বের প্রতি আক্রমণ করিতে চাহেন না। কিন্তু এই পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলে, কার্য্যতঃ ঐ নির্দ্দেশ বাক্য বৃথা হইবে।

ক্ষতিপূরণ না দিয়া এক শ্রেণীর ভূমির নিষ্কণ্টক স্বত্ব রহিত করিয়া অন্য শ্রেণীকে সেই স্বত্ব দেওয়া যাহার উদ্দেশ্য এরূপ ব্যবস্থা আমার বিবেচনায় কখনও ন্যায্য বিবেচনা করি নাই এবং আমি বিবেচনা করি যে কোন ব্যবস্থা কখনও বিধিবদ্ধ হওয়া উচিত নয়। এরূপ মত ইংলণ্ডে কোন উচ্চ চিন্তাশীল ব্যক্তি সংস্থাপন করিয়াছেন কিন্তু ভারতবর্ষে এই পাণ্ডুলিপি প্রকাশ হইবার পূর্ব্বে এরূপ কোন মতের কথা শুনা যায় নাই এবং ইংলণ্ডেও অত্যুচ্চ চিন্তাশীল বা ভূস্বত্বের মূলতত্ত্ব বিষয়ে বিলক্ষণ মতভেদ আছে।

আমি পূর্ব্বেই বলিয়াছি, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যদিও একথা কখনও সরকারী রাজপত্রে বলেন নাই যে, তাঁহারা চিরস্থায়ী বন্দোবস্ত রহিত করিতে চাহেন; এবং যদিও ষ্টেট সেক্রেটরী সাহেব তাঁহার পত্রে বিশেষরূপে স্পষ্ট করিয়া বলিয়াছেন যে, যাহাতে সমাজের কোন শ্রেণীর নির্দ্ধারিত স্বত্বের উপর আক্রমণ হইবার সম্ভাবনা তদনিষ্টরূপ ব্যবস্থাপনের বিরোধী, তথাপি আজ্ঞাপত্র সংক্রান্ত প্রস্তাবিত পাণ্ডুলিপি হইতে এত অসন্তোষ ও অবিশ্বাস জন্মিয়াছে, লোকের স্বত্বসম্পর্কীয় কোন পাণ্ডুলিপি হইতে ভারতবর্ষে পূর্ব্বে কখনও তত জন্মে নাই। মনে এইরূপ ভাব জন্মিবার কারণ এই যে যদিও গবর্ণমেণ্ট মুখে এরূপ কথা বলিতেছেন, তথাপি প্রস্তাবিত পাণ্ডুলিপির অধিকাংশ প্রকরণই বিপ্লবজনক এবং আমরা যে সুপ্রসিদ্ধ রূপে ব্যবস্থাপন করা করি বলিয়া অনুমান হয়, সাক্ষাৎসম্বন্ধে সেই সূত্রের বিরুদ্ধ। আমি যে ভাব উল্লেখ করিতেছি, ১৮৮৪ সালের ২ জানুয়ারি তারিখে বঙ্গদেশের গবর্ণমেণ্ট এক স্মারকলিপি প্রকাশ করায় সেই ভাব সম্প্রতি ও অধিক বাড়িয়াছে ও বলবৎ হইয়াছে।

আমি এই স্মারকলিপি হইতে একটি অংশ নিম্নে উদ্ধৃত করিলাম। ইহাতে যে মূলসূত্র প্রথিত আছে, তাহাতে আমার বোধ হয় পাণ্ডুলিপিতে যে কোন ব্যক্তির স্বার্থ থাকে তাহার মনে সহজে অবিশ্বাস ও অসদ্ভাব জন্মিতে পারে। উক্ত অংশটি এইরূপ।—

"এই নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিবেচনা করেন যে, যদিও * * * আপনার পক্ষে ইতিহাস থাকা ভাল, তথাপি এই প্রশ্নের নিষ্পত্তি ঐতিহাসিক গবেষণা অপেক্ষা * * * বর্ত্তমানের প্রয়োজনের কথার উপর অধিক নির্ভর করে। এজন্য তিনি এই পাণ্ডুলিপিতে যে সকল প্রস্তাব আছে তাহার ঐতিহাসিক সমর্থন অপেক্ষা কার্য্যকর ভাবের প্রতি অধিকতর মনোযোগ দিয়াছেন।"

জমিদারস্বরূপ আমাদের স্বত্ব চিরস্থায়ী বন্দোবস্তের সময় স্পষ্ট করিয়া নির্দ্দিষ্ট ও ব্যবস্থাপনক্রমে লিপিবদ্ধ হইয়াছে, ইহার প্রতি বোধহয় যেন দৃষ্টি না করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এস্থলে ভাবতঃ ধরিয়া লইয়াছেন যে আমাদের স্বত্ব, ও আমি অনুমান করি রায়তদের স্বত্বও, ঐতিহাসিক গবেষণার কুজ্ঝটিকায় অস্পষ্ট দৃষ্ট হয়, সুতরাং ঐ সকল স্বত্ব সম্পর্কে যে সকল বর্ত্তমান অভাব কথিত হয়, তজ্জন্য এরূপ ব্যবস্থা করা উচিত যাহা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অতীত প্রতিজ্ঞানুসারে প্রণীত নহে, কোন বর্ত্তমান স্থানীয় গবর্ণমেণ্টের মতানুসারে প্রণীত। এই হেতুতে বোধ হয় তিনি কেবল যাহা বর্ত্তমান প্রয়োজন জ্ঞান করেন তদনুসারে গঠিত মতের পক্ষপাতী হইয়াছেন, এবং জমীদারদের নির্দ্ধারিত স্বত্বে অবহেলা করিয়াছেন।

পক্ষান্তরে, আমরা জমিদারেরা বলি যে এই পাণ্ডুলিপিতে যাহাদের অত্যন্ত অধিক স্বার্থ আছে, আমরা তদ্রূপ এক শ্রেণী; এবং স্বভাবতঃ আমাদের স্বত্ব বিষয়ে কেবল যে সম্পূর্ণরূপে অনুসন্ধান লওয়া উচিত এরূপ নহে, এই স্বত্বরক্ষা করাও উচিত।

কেহ বিবেচনা করিতে পারেন, যদিও আমি ইহা এক মুহূর্ত্তের জন্যও স্বীকার করি না, যে ভূম্যধিকারীর স্বত্ব জনসাধারণের স্বার্থের বিরুদ্ধ। যদি তাহাই হয়, সাহসপূর্ব্বক এবিষয়ে হস্তক্ষেপ করা উচিত, এবং ভূম্যধিকারীদিগকে "উপদ্রব জন্য ক্ষতি পূরণ" দিয়া তাঁহাদিগকে স্বত্ব ত্যাগ করিবার আজ্ঞা করা উচিত। কিন্তু বঙ্গদেশের গবর্ণমেণ্টের গত সেপ্টেম্বর মাসের সে পত্রে ভূম্যধিকারীদের স্বত্ব সম্বন্ধীয় প্রশ্নের ভাল করিয়া বিচার করা হয় নাই এখন বোধ হইতেছে, এবং যাহা সিলেক্ট কমিটীর বিবেচনা কালে বিশেষ গুরুতর স্থাপিত হইয়াছিল, সেই পত্র যে অপক্ষপাত অনুসন্ধানের ফল বলিয়া উক্ত কমিটীর সম্মুখে উপস্থিত করা হইয়াছিল, এবং চীফ কমিশনর সাহেব যে সুন্দর মন্তব্যলিপিতে এবিষয়ের সমুদয় আইন সম্পর্কীয় ভাবের সম্পূর্ণরূপ বিচার করিয়াছেন, তাহা যে অন্যান্য সরকারী কাগজপত্রের সহিত প্রকাশিত হয় নাই, ইহা জমিদারদের সম্বন্ধে কোন ক্রমে ন্যায্য বলা যায় না।

এই পাণ্ডুলিপি খাজানার কমিশনের হস্ত হইতে যখন বহির্গত হইয়াছে তখনই বঙ্গদেশের প্রায় সমুদয় জমিদারেরা দলবদ্ধ ভাবে ইহার বিরুদ্ধে আপত্তি করিয়াছিলেন। [illegible] বঙ্গদেশের প্রায় প্রত্যেক জিলার সভা হইয়াছিল। এই সকল সভায় পাণ্ডুলিপির [illegible] উপর দোষারোপ করা হইয়াছিল, এবং সাধারণতঃ এইরূপ বলা হইয়াছিল, যে পাণ্ডুলিপিতে বর্ত্তমান বন্দোবস্তের ভূমি সম্বন্ধে পুরাতন আইনের উপর অনর্থক হস্তক্ষেপ করা হইয়াছে। [illegible] যখন রাজা শিবপ্রসাদ মন্তব্য করেন যে এরূপ পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলে লোকের বিশ্বাস ও প্রতীতি বিচলিত হইবে, তখন তিনি ভূম্যধিকারীদের মনের ভাব পরিষ্কাররূপে ব্যক্ত করিয়াছিলেন।

এই সকার আশা জন্মিতেছিল আর এই সময়েই কমা করিতে চাই যে দখলীসত্ত্ববিশিষ্ট রায়তদের সহিত যে নূতন জমীর বন্দোবস্ত হয় সেই বিষয়ে তাহাদিগকে দখলীসত্ত্ব দিবার প্রস্তাব, জমিদারদিগকে এই সুবিধা করিয়া দিবার [illegible] রায়তদের অনুকূলে প্রথম এইবার নিষেধাত্মক নিয়ম স্থাপনের প্রস্তাব এবং [illegible] খাজানা বৃদ্ধির উদ্যোগ করিয়া দেওয়া যে পাণ্ডুলিপির একটি মুখ্য উদ্দেশ্য সেই পাণ্ডুলিপিতে প্রথম এইবার শতকরা পাঁচ টাকা খাজানা বৃদ্ধির উদ্যোগ করিবার প্রস্তাব, এই পাণ্ডুলিপির এই সকল সাধারণ সূত্র কেবল যে দেশের স্বীকৃত আইন ও ব্যবহার হইতে অনর্থক ভিন্ন পথ ধরিয়া হইতেছে এমন নহে, জমীদারদের নির্দ্ধারিত স্বত্বও ক্ষুণ্ণ করা হইতেছে, জমীদারদের নিশ্চয়ই এইরূপ জ্ঞান হইবে। একটি ঘনী [illegible] সেখানে বঙ্গদেশের ও সেখানের জমীদার বর্গ শ্রীযুক্ত মহারাণীর ভারতবর্ষীয় প্রজাদের মধ্যে ভক্তিভাজন রাজভক্ত এবং ইংলণ্ড গবর্ণমেণ্টের কথা ঠিক এই প্রসিদ্ধির উপর প্রতিষ্ঠা স্থাপন করিয়া তাঁহারা সকলে বিশ্বাস করিয়াছেন যে কোন ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাঁহাদিগকে তাঁহাদের নির্দ্ধারিত স্বত্ব বঞ্চিত করিতে কিম্বা তাঁহাদের [illegible] হইতে চাহিবেন না অথবা ইহা মনেও করিবেন না।

এরূপ অবস্থায় আমা হইতে আমি কিয়দংশ উদ্ধৃত করিয়াছি বঙ্গদেশের গবর্ণমেণ্ট এরূপ এক সরকারি স্মারকলিপি প্রকাশ করায় জমীদারদের স্বভাবতঃ আশঙ্কা হইয়াছে। ইহাতে তাঁহাদের এইরূপ বিশ্বাস হইতেছে যে, বঙ্গদেশের গবর্ণমেণ্ট গত সেপ্টেম্বর মাসের পত্রে যে মত প্রকাশ করিয়াছেন, সেই মত অবলম্বন করিবার পূর্ব্বে জমীদারদের স্বত্বসম্বন্ধে সম্পূর্ণরূপ অনুসন্ধান লওয়া উচিত বোধ করেন নাই।

আমি জিজ্ঞাসা করিতে চাই, জমীদারেরা এমন কি পাপ করিয়াছেন যাহাতে তাঁহারা এইরূপ ব্যবহারের যোগ্য হইয়াছেন। বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাঁহাদিগকে যেরূপ অর্থগৃধ্নু ও বিবেক শূন্য জ্ঞান করেন তাঁহারা কি বাস্তবিক সেইরূপ অর্থগৃধ্নু ও বিবেক শূন্য? যদি তাহাই হয়, তবে ইহার প্রমাণ দেখাইবার ভারও কোথায়? আমাদের নিকট কি এমন কোন স্থিতিরীতি বিষয়ক বিবরণ আছে যাহাতে দেখান যায় যে প্রতি দ্বাদশবৎসরে

প্রজাদের ভূমি পরিবর্ত্তন করা বঙ্গদেশের জমীদারদের সাধারণ রীতি ও এরূপ কোন স্থিতিরীতি ঘটিত বিবরণ আছে কি যাহাতে দেখান যায় যে দখলীস্বত্বশূন্য রায়তদের প্রতি একই অত্যাচার হইয়া থাকে, সে জন্য আমাদের ব্যবস্থাপক সভায় উপদ্রব জন্য ক্ষতিপূরণ দিবার মত গ্রহণ করা ন্যায়ানুগত হয়, যদিও এইমত এদেশের লোকের পক্ষে সম্পূর্ণরূপে নূতন ও প্রাচীন আইন প্রণেতারা ইহার কথা স্বপ্নেও ভাবেন নাই? বস্তুতঃ ইহার কি কোন প্রমাণ আছে যে, বেহারে প্রতিযোগিতার অত্যুচ্চহারে খাজানা গ্রহণ ও অত্যাচার এত সাধারণ, যে তজ্জন্য ভূস্বামীদের স্বত্ব নষ্ট করা আবশ্যক?

অনেক রাজকর্ম্মচারীর মত প্রকাশ করা হইয়াছে, কিন্তু বঙ্গদেশের গবর্ণমেণ্টের উল্লিখিতপত্রে যেরূপ বর্ণনা আছে, জমিদারেরা বাস্তবিক সেইরূপ অত্যাচারী ইহা দেখাইবার স্থিতিরীতি ঘটিত বিবরণ প্রায় বা একেবারে প্রকাশিত হয় নাই। আর আমি জিজ্ঞাসা করিতে চাই, এমন কোন পুরাতন আইন কি আছে যাহাতে দেখা যায় যে, প্রাচীন দেশাচারমতে গ্রামের সমুদয় জমীতে রায়তদের দখলীস্বত্ব থাকিত এবং জমীদারেরা নিজে যে ভূমি চাষ করিতেন তদ্ভিন্ন কোন ভূমিতে তাঁহাদের ভূস্বামীর স্বত্ব ছিল না।

সিলেক্ট কমিটীর হস্ত হইতে প্রস্তাবিত পাণ্ডুলিপি যে আকারে বাহির হইয়াছে, তৎসম্বন্ধীয় যে২ বিষয়ে আমার মতভেদ ঘটিয়াছে, এক্ষণে ভিন্ন২ দফাতে অধিকতর বিস্তারিত করিয়া সেই২ বিষয় লিপিবদ্ধ করিতেছি।

চিরস্থায়ী বন্দোবস্ত।

খাজানা সংক্রান্ত পাণ্ডুলিপির বাদানুবাদে আন্যন্য সরকারী কাগজপত্রে একথা নিয়ত প্রকাশ আছে যে, চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে জমিদারদিগকে বা রায়তদিগকে যে স্বত্ব প্রতিজ্ঞাপূর্ব্বক নিশ্চয় করিয়া দেওয়া হয় তাহার কোন স্বত্ব ভঙ্গ করা গবর্ণমেণ্টের উদ্দেশ্য নহে। সুতরাং এবিষয়ে জমীদার ও রায়ত ও গবর্ণমেণ্ট সকলেই একমত। এক্ষণে এই প্রশ্নের নিষ্পত্তি করিতে হইবে এই সকল স্বত্ব কি? কিন্তু এবিষয়ে অনেক মতভেদ আছে, যদিও আমি বুঝিতে পারি না যে, এইরূপ সুনির্দ্দিষ্ট বিষয়ে কেমন করিয়া কোন মতভেদ ঘটিতে পারে। চিরস্থায়ী বন্দোবস্ত সংক্রান্ত আইনের ভাষা অতি পরিষ্কার, এবং তাহাতে স্পষ্ট করিয়া লেখা আছে যে জমীদারেরা প্রকৃতপক্ষে "ভূমির মালিক" এবং কেহ কেহ যেরূপ কল্পনা করেন বোধ হয় সেরূপ খাজানা-সংগ্রাহক মাত্র নহেন।

আরো কেহ কেহ আছেন যাঁহারা ইহাও ছাড়াইয়া যান ও বলেন যে চিরস্থায়ী বন্দোবস্তের সময়ের পূর্ব্বে জমীদার শ্রেণী ছিল না, ঐ সময়ের পূর্ব্বে তাঁহারা কেবল গবর্ণমেণ্টের খাজানা আদায় করিতেন। এই সকল কথার উত্তরস্বরূপ আমি ইহার সঙ্গে প্রকাশ করিবার নিমিত্ত দুই খানি সনন্দের অনুবাদ দিলাম। মুসলমান সম্রাটেরা বেহারের দুইটি অতি প্রাচীন রাজবংশকে ঐ সনন্দ দিয়াছিলেন। ঐ দুইখানির মধ্যে এক খানি ভোজপুরের বা ডোমরাঁওর রাজবংশকে ও অন্যখানি দ্বারভাঙ্গার রাজবংশকে দেওয়া হয়। ইহাতে স্পষ্ট প্রমাণ হইতেছে যে, অন্ততঃ বেহারের কোনং জমীদার বংশ কেবল যে চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্বে ছিল এরূপ নহে, ভারতবর্ষের কোন স্থানে ইংরাজ গবর্ণমেণ্ট স্থাপনের পূর্ব্বেও ছিল।

চিরস্থায়ী বন্দোবস্ত [illegible] উক্ত [illegible] এবিষয়ে [illegible] হইতে একটি অংশ উদ্ধৃত করা অপেক্ষা [illegible] পারিতেছি না। [illegible]—

"[illegible] জমীদারদিগকে [illegible]
[illegible]
তাহাদের [illegible]
[illegible]
[illegible] বুঝিয়া [illegible]
[illegible] ও আপনাদের
[illegible]
[illegible]
[illegible]

[illegible] লিখিয়াছেন।

আমি জমীদারদিগকে ভূমির মালিক [illegible] উত্তরাধিকারসূত্রে [illegible]
[illegible] উত্তরাধিকারের [illegible]
[illegible] কিম্বা উত্তরাধিকার [illegible] ক্রমে [illegible] করিবার অধিকার
[illegible] এবং [illegible] পূর্ব্বে ঐ অধিকারমতে জমীদারের কার্য্য করিতেন।

চিরস্থায়ী বন্দোবস্তের প্রকৃত প্রণেতা লর্ড কর্ণওয়ালিস ও সার জন শোরের এইরূপ মত এবং তাঁহারা উভয়েই দৃঢ়তা সহকারে জমীদারদিগকে "ভূমির মালিক" বলেন। [illegible] পিট সাহেবও এই সকলমত গ্রহণ করিয়াছিলেন। কোর্ট অব ডিরেক্টরের সভাপতি শ্রীযুক্ত [illegible] সাহেব লর্ড কর্ণওয়ালিসকে পত্র লিখিয়া বলেন।—

"আমি ইহা নিতান্ত আবশ্যক বিবেচনা করিলাম যে বোর্ড অব কণ্ট্রোল হইতে এই বাক্য উদ্ধৃত করা উচিত। আর এক্ষণ [illegible] ব্যবস্থার [illegible] বিবেচনা [illegible] সাহেবকে আমার [illegible] করিতে যত্ন করা উচিত। [illegible] আমার সহিত উইম্বলডনে দশ দিন বদ্ধ থাকিয়া কেবল ঐ কার্য্যের প্রতি মনোযোগ দিতে সম্মত হইলেন। ঐ সময়ের [illegible]

[illegible] নাই

কাংশকাল চালস গ্রাণ্ট সাহেব আমাদের সঙ্গে ছিলেন। সমুদয় বিষয় পুঙ্খানুপুঙ্খরূপে মনোযোগপূর্ব্বক বিবেচনা করিয়া গিট সাহেব সম্পূর্ণরূপে আমাদিগের সহিত একমত হইলেন, দেখিয়া আমি সন্তুষ্ট হইলাম। এই নিমিত্ত আমাদের যেরূপ ধারণা হইয়াছিল, তদনুসারে বিজ্ঞাপনী স্থির করিয়া কোর্ট অব ডিরেক্টরদের নিকট পাঠাইলাম।"

রায়তদের স্বত্বসম্বন্ধে আমি এইমাত্র বলিতে পারি যে, এক্ষণে তাহাদিগকে যে স্বত্ব দিবার প্রস্তাব হইতেছে, তাহা চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে তাহারা যে স্বত্বভোগ করিত, সেই স্বত্ব হইতে অত্যন্ত বিভিন্ন, বস্তুতঃ যথার্থ কথা বলিতে গেলে, ভূমিতে তাহাদের কোন মালিকীস্বত্ব ছিল না। তাহারা আপনার যোত হস্তান্তর করিতে পারিত না, এবং আইনে এমন কিছু নাই, যাহাতে দেখায় যে, জমীদারের সম্মতি বিনা অবধারিত হারে রায়তের ভূমি ভোগ করিবার স্বত্ব ছিল। এতদ্ভিন্ন এমন কিছু পাওয়া যায় না, যাহাতে দেখা যায় যে, বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী যে চাউল, গম বা অন্য সস্তা খাদ্য শস্যকে কেবল মাত্র "প্রধান শস্য" বলিয়া সংপ্রতি নির্দ্দেশ করিয়াছেন, তাহার মূল্য দ্বারা খাজানার হার নিরূপিত হইত।

আমি এস্থলে এই বিষয়ে সার জন শোরের লেখা হইতে একটী অংশ উদ্ধৃত করিব।—

"কিন্তু ইহা সাধারণতঃ জানা আছে যে, রায়তেরা বহুকাল দখল করিলে ভূমিতে দখলীস্বত্বপ্রাপ্ত হয় ও তাহাদিগকে উঠাইয়া দেওয়া যাইতে পারে না। কিন্তু এই স্বত্ব ক্রমে তাহারা ভূমি বিক্রয় করিবার, কিম্বা বন্ধক দিবার ক্ষমতাপ্রাপ্ত হয় না, সুতরাং এই পরিমাণে উক্ত স্বত্ব মালিকীস্বত্ব হইতে স্বতন্ত্র। যথেচ্ছাচারী রাজা বা অধীন জমীদারের যোত নাশের ন্যায় এই স্বত্ব অপরিচ্ছিন্ন। জমীদারদের স্থানে জোর করিয়া বৃদ্ধি লওয়া গেলে রায়তেরা ঐ বৃদ্ধি চাহিবার স্বত্বক্রমে তাহারা কার্য্য করিয়াছেন। ভূমির মালিকত্ব কেবল জমীদারদের প্রতি ন্যস্ত আছে, ইহা যদি আমরা স্বীকার করি, তাহা হইলে রায়তেরা ঐ স্বত্ব ভূস্বামীর স্থানে প্রাপ্ত না হইলে, রায়তদের অনুকূলে আমরা এইরূপ কোন স্বত্ব স্বীকার করিতে পারি না।

"বঙ্গদেশের যে কোন জিলায় বিধি লঙ্ঘন করিয়া অন্যায় খাজানা গ্রহণ করা না হয়, তথায় ভূমির খাজানা জমা হারানুসারে নিয়মিত হইয়াছে, এবং কোন২ জিলায় প্রত্যেক গ্রামের স্বতন্ত্র হার আছে। বিঘা প্রতি ভূমিতে উৎপন্ন ধান্য এই সকল হার স্থির হয়। কোন ভূমিতে বৎসরে দুই ফসল, কোন ভূমিতে তিন ফসল জন্মে। তুতগাছ, পান, তামাকু আখ প্রভৃতি অধিকতর লাভজনক দ্রব্য হইলে, সেই পরিমাণে ভূমির খাজানা বৃদ্ধি হয়। এই সকল তত্ত্ব মাপ করিয়া অবশ্য স্থির করা হইয়া থাকিবে। এবং ছোট বলের বন্দোবস্ত এই সকল হারের মূল হইতে পারে। ক্রমে ঐ আসলের উপর আবশ্যকীয় যোগ করা হয়, পরে মূল নিষ্কণ্টকের মধ্যে ধরিয়া লওয়া হয়। পরে যেরূপ মাপ হইয়াছে তদনুসারে হারভেদ হইয়াছে। জমী মাপ করা পাকে সাধারণতঃ কিঞ্চিৎ ভিন্ন লম্বিত চালন চাকা ব্যবহৃত হয়।"

এই স্থলে প্রধান শস্য বলিতে কেবল চাউল, গম, যব অথবা অন্য খাদ্য শস্য বুঝিতে হইবে, প্রধান শস্য শব্দের এইরূপ অর্থ করা হয় না। পক্ষান্তরে এইরূপ দেখা যাইতেছে যে তৎকালে তামাকু, তুত প্রভৃতি অধিকতর মূল্যবান্ উৎপন্ন দ্রব্যের মূল্য বিবেচনা লওয়া হইত।

এই বিষয় সমাপ্ত করি, পূর্ব্বে আমি সার হেনরি হার্ডিঞ্জ মহোদয়ের লেখা হইতে একটী স্থল উদ্ধৃত করিয়াছি। তিনি চিরস্থায়ী বন্দোবস্তের একজন প্রধান পক্ষপাতী ছিলেন। তিনি লর্ড মেকলের উল্লেখ করিতেছেন, তখন তিনিও যে তিনিটী কারণে বন্দোবস্তের একজন পক্ষপাতী ছিলেন না। আমি নিম্নে যে স্থল উদ্ধৃত করিলাম, তাহা হইতে ইহা স্পষ্টীকৃত হইবে। কিন্তু উহার মর্ম্ম এই যে, চিরস্থায়ী বন্দোবস্তদারা জমীদারদিগকে ভূমিতে মালিকী স্বত্ব দেওয়া হয়।—

[illegible]

এখনও এই কথা বিবাদীয় প্রশ্ন হইয়া কোর্টের জজদের, আডবোকেট জেনরল সাহেবের ও গবর্ণমেণ্টের অন্য আইন সংক্রান্ত কর্ম্মচারীদের এবং দেশের প্রধান আইন ব্যবসায়ীদের মত জিজ্ঞাসা করিলে ভাল হইত। কিন্তু যে সকল মন্তব্যপত্র প্রকাশিত হইয়াছে, তাহাতে যেরূপ কিম্বিদন্তী ও বিতণ্ডা, তদ্রূপ এই বিষয়েও বিবেচনা দেখিতে পাই। চিরস্থায়ী বন্দোবস্ত জমীদারদের একটী প্রধান দাবী দাওয়ার স্থল, এবং এই বিষয়েও আইন সংক্রান্ত যে সন্দেহ হইতে পারে, সেইটী মিমাংসার ভার পাওয়া নিতান্ত আবশ্যক ছিল। কিন্তু এরূপ কোন মত জিজ্ঞাসা করা হয় নাই।

পাণ্ডুলিপির ৩য় অধ্যায়।—তালুকদারদের সম্বন্ধীয় বিধি।

তালুকদারেরা রাজস্ব স্বার্থ হইতে স্বতন্ত্র ভূমিগত মালিকী স্বার্থের একাংশমাত্রে নিবদ্ধ। প্রকৃত তালুকদারদের জন্য এক্ষণে ব্যবস্থা করিবার আমি কোন বিশেষ প্রয়োজন দেখি না। তাঁহাদের স্বত্ব যথোচিত পরিমাণে নিশ্চিত; এবং একটি শ্রেণীস্বরূপ তাঁহারা অন্ততঃ আপনাদের স্বার্থের প্রতি দৃষ্টি রাখিতে সম্পূর্ণরূপে সক্ষম। তালুক ও পেটাও তালুক সম্বন্ধে ১৮৫৯ সালের বঙ্গীয় ৮ আইনের বিধান রীতিমত পুনর্গ্রহণ করণ আমি বুঝিতে পারিতেছি; কিন্তু এই বিষয়ে মূল সাবধার পরিবর্ত্তনের উপযুক্ত কারণ বা ন্যায্যতা বুঝিতে পারিতেছি না। আমার মতে সমস্ত তৃতীয় অধ্যায়টি নূতন করিয়া লেখা উচিত, ১৮১৯ সালের ৮ আইনের বিধান অখণ্ডাকারে রাখা উচিত, এবং বঙ্গদেশের ব্যবস্থাপক সভার প্রণীত ১৮৬৯ সালের ৮ আইনের প্রাসঙ্গিক বিধানগুলি শুদ্ধ তুলিয়া লওয়া উচিত।

দখলীস্বত্ববিশিষ্ট কোন কোন রায়তকে (অর্থাৎ যাহারা কোর্ফা বিলিকরে ও যাহাদের দখলে একশত বিঘার অধিক জমা থাকে তাহা নহে) তালুকদারের পদে, সাক্ষাৎ বা পরম্পরাভাবে উন্নীত করার, আমার সাধ্যমত সহযোগীর বিস্তারিত ব্যাখ্যায় [illegible] অভ্যন্ত বৃদ্ধি হইয়াছে।

পাণ্ডুলিপির ৪র্থ অধ্যায়।—যে রায়তেরা অস্থায়ীভাবে ভূমি ভোগ করে তাহাদের সম্বন্ধীয় বিধি।

ভূমির উপর পূর্ব্বদেয় খাজনার নূতন করা নির্দ্ধারণ অবধি যাবৎ খাজানা আদায়ের সুবিধা করা ভূম্যধিকারীর বড় কোন আবশ্যক বিষয় না করিয়া থাকুন না, এবং জিলা বঙ্গদেশের খাজানা বৃদ্ধি সম্বন্ধে অধিকতর সুবিধা করিয়া দেওয়া শ্রেণীবিশেষের ভূম্যধিকারীরা যত কেন আবশ্যক বোধ করুন না, আমি বলিতে পারি বঙ্গদেশের ও বেহারের প্রজারা এবিষয়ে সম্পূর্ণরূপে একমত যে, প্রস্তাবিত ব্যবস্থাগুলির করা অপেক্ষা তাঁহারা বরং বর্ত্তমান অসুবিধা ও কষ্ট ভোগ করিতে সম্মত। কিন্তু যদি আমরা পরিবর্ত্তন করিতে চাই তবে আমাদের বিচার সিদ্ধ যে ১৮৫৯ সালের ১০ আইনের মূলে যে যে বিধানে ভূস্বামী কর্ত্তৃপক্ষেরা [illegible] অন্যায় ক্ষতি হইয়াছে, সেই সেই বিধান পরিবর্ত্তিত বা রহিত করা উচিত। খাজানার একরূপ ধারে বিশ বৎসর ভোগ করিলে প্রজার অনুকূলে যে অনুমান হয় তাহার উদ্দেশ্য একেবারে সিদ্ধ করিতে যাইলে পারে, সাধারণ যে কোন প্রজার উহার প্রতি দৃষ্টি থাকে, সে গত পঁচিশ বৎসর পরিমাণ লিখিয়া লইতে ও তাহার প্রমাণকরণ করিতে সুযোগ পাইয়াছে। অন্য কোন ক্ষেত্রে [illegible] এরূপ হইয়াছে যত শীঘ্র এরূপ [illegible] এরূপ অনুমান হইলে সেই কাল বৃদ্ধি করিয়া দেওয়া উচিত হইত। কিন্তু এরূপ পরিবর্ত্তনে এই আপত্তি আসিয়া উপস্থিত হইয়া থাকে যে বর্ত্তমান আইনে এই অনুমান [illegible] জমীদারদের নিশ্চিত ও অনুচিত ক্ষতি হইতেছে।

১৮৫৯ সালের ১০ আইনের ৩৩ ধারা দেখ।

মান্যবর শ্রীযুক্ত রেনল্ডস সাহেব ১৮৬১ সালের [illegible] তারিখের আদালত [illegible] লিখিয়াছেন, মান্যবর [illegible] তাঁহার লিখিত বিষয়ে পূর্ব্বেই তৎপ্রতি যথোপযোগী আকর্ষণ করিয়াছে। বোর্ডের পদস্থ সেক্রেটরী ও খাজানা [illegible] সাহেব কমিশনরের সহিত একমতাবলম্বী হইয়া তাঁহার ১৮৬১ সালের ৯ মে তারিখের [illegible] লিখিয়াছেন; এবং মান্যবর শ্রীযুক্ত রেনল্ডস সাহেব আপন মত পরিবর্ত্তন করা উচিত বোধ করিয়াছেন, তথাপি তিনি ও ডাক্তার সাহেব যে সকল যুক্তি উত্থাপন করেন, তাহার খণ্ডন হয় নাই। এই [illegible] অনুমানের প্রকৃত ফল বুঝিয়াছেন, স্বীকার করিয়াছেন, অর্থাৎ যে "সকল স্বত্ব আছে কিন্তু যাহার প্রতিপোষণার্থ সম্পূর্ণরূপ প্রমাণ পাওয়া [illegible] যে হেতু উত্থাপন করেন কেবল যে তাহা ধরিয়া শ্রীযুক্ত ডাক্তার সাহেব অনুমান ঘটিত খাজানা বৃদ্ধির [illegible] তিনি সাধারণ রাজনীতি ঘটিত এই হেতু দিয়াছেন যে, "[illegible] কোন খাজানা পরিবর্ত্তন বিনা বিশ বৎসর ভূমি ভোগ করিলে অবধারিত হারে চিরস্থায়ী দখলীস্বত্ব প্রাপ্ত হয়।" শ্রীযুক্ত ডাক্তার সাহেব সাধারণ রাজনীতি ঘটিত হেতু দিয়া এরূপ আর একটী যুক্তি দিয়াছেন যে, "চুপ করিয়া থাকিলে আপনাদের স্বত্ব পাছে চলিয়া যায়" এই ভয়ে উক্ত বিধানহেতুক ভূম্যধিকারীদের বিশ বৎসর অন্তর খাজানা বৃদ্ধি করিবার মোকদ্দমা উপস্থিত করিতে হয়।

বঙ্গদেশের ভূম্যধিকারী ও প্রজা সংক্রান্ত ব্যবস্থার প্রস্তাবিত সংশোধন সম্বন্ধে বঙ্গদেশের গবর্ণমেণ্টের রিপোর্টের ১ বালামের ১৮১ ও ১৮২ পৃষ্ঠা।

বঙ্গদেশের ভূম্যধিকারী ও প্রজা সংক্রান্ত ব্যবস্থার প্রস্তাবিত সংশোধন সম্বন্ধে বঙ্গদেশের গবর্ণমেণ্টের রিপোর্টের ১ বালামের ৪৮০ পৃষ্ঠা।

পাণ্ডুলিপির ৫ম অধ্যায়।—দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সম্বন্ধীয় বিধি।

এইবিষয়ের বিচার করিতে প্রবৃত্ত হইলে, প্রকৃত চাষী ও মধ্যবর্ত্তী প্রজা এই উভয়ের মধ্যে যে অত্যন্ত প্রভেদ আছে, ইহা আমাদের মনে রাখা আবশ্যক। যাহাতে কৃষকের সমৃদ্ধি বৃদ্ধি হয়, তাহাতে জাতীয় সমৃদ্ধির ও সহায়তা হয়। কিন্তু চাষীকে নিষ্পীড়ন করিয়া মধ্যবর্ত্তী প্রজা যাহা আদায় করিতে পারেন, তাহারই উপর তাঁহার সমৃদ্ধি নির্ভর করে। সুতরাং মধ্যবর্ত্তী প্রজা সমাজের অনাবশ্যক অঙ্গস্বরূপ এবং তিনি থাকাতে কেবল অবরোগত অসুবিধা বৃদ্ধি হয়। প্রাচীন দেশাচার কিম্বা পূর্ব্ব কালের সরকারী কাগজপত্রে যে কিছু দরা দেখান হয়, তাহা কেবল ভূমির যাঁহাদের [illegible] দেখান হইয়া থাকে, কিন্তু যাঁহারা কৃষিকার্য্যের নিমিত্ত ভূমি দখল করিয়া [illegible] ভূস্বামী হইয়া [illegible], ও আপনাদের সীমাবদ্ধ কার্য্যক্ষেত্রে জমীদারী প্রণালীর যত কিছু দোষ ও

অপব্যবহার সম্ভব, তৎসমুদয়ের সারসংগ্রহ দেখাইয়া থাকেন, তাঁহাদের প্রতি ঐরূপ দয়া দেখান হয় না। যদি আইনের মৌলিক পরিবর্ত্তন করিতে হয়, তবে আমাদের কৃষিপ্রণালী হইতে এই শ্রেণীর লোকদিগকে ছাড়িয়া দেওয়া উচিত; কারণ "দুর্ব্বৎসর সহ্য করিতে সক্ষম, এরূপ যে সম্পত্তিপন্ন কৃষকদল" সৃষ্টি করিবার ইচ্ছা আছে, তাহাদের উৎপত্তি সম্বন্ধে এই শ্রেণীর লোকেরাই রহত্তম প্রতিবন্ধক। কোনও বিশেষ স্থলে কোর্কা বিলি সিদ্ধহইতে দিবার আবশ্যকতা স্বীকার করিতে আমি বিলক্ষণ সম্মত আছি, কিন্তু সেই সীমার বাহিরে আমি যাইতে চাহি না। যে সকল স্থলে কৃষিকার্য্যার্থ ভূমির দখল দেওয়া যায়, সেই সকল স্থলে প্রজা নিজে বা বেতনভোগী মজুরের দ্বারা প্রকৃত প্রস্তাবে ভূমির চাষ করিবেন, দখলীস্বত্ব এইরূপ নিয়মাধীন থাকে, আমি এইরূপ ব্যবস্থা করিতে চাই এবং বাসেন্দা রায়ত ছাড়া অন্য কাহাকেও এইরূপে হস্তান্তর করিয়া দিবার অনুমতি দিতে চাহি না। আমি কমিটীতে যে সংশোধনের প্রস্তাব করি, তন্মধ্যে দুইটী এই বিষয় সম্বন্ধীয় ছিল। স্ত্রীলোক নাবালক প্রভৃতির বেলা সমুদয় ভোগ কোর্কা বিলি করিবার অনুমতি দান সূচক সংশোধনটী বিবেচিত হইয়াছে, কিন্তু কোন প্রকৃত বাসেন্দা কৃষককে এইরূপ হস্তান্তর করিয়া দিতে হইবে, এই মর্ম্মের অন্য সংশোধনটী গ্রাহ্য হয় নাই।

এই কথার উত্তম প্রমাণ আছে যে কোর্কা বিলি করায় কৃষকের সর্ব্বনাশ হইয়াছে, এবং কৃষিসংক্রান্ত অন্যান্য ঘটিত গোলযোগ সম্বন্ধে মধ্যশ্রেণীর প্রজারা সর্ব্বাপেক্ষা দায়ী এবং যে রায়ত জমীদারের অব্যবহিত অধীনে আছে, তাহার অবস্থা কোর্কা বা কলায়ত রায়তের অপেক্ষা অনেক ভাল। এইরূপ অবস্থায় দখলীস্বত্ববিশিষ্ট রায়তের দলকে তালুকদার ও খাজানাগ্রহীতার পদে উন্নীত করিলে, এবং কৃষক ছাড়া অন্য লোকদিগকে দখলক্রমে বা প্রকারান্তরে দখলীস্বত্ব লাভ করিবার সুবিধা করিয়া দিলে, বর্ত্তমান অসুবিধা অনর্থক বৃদ্ধি করা হইবে মাত্র। রায়ত কোন একখণ্ড ভূমিতে দখলীস্বত্ব লাভ করিতে না পারে, এই নিমিত্ত যে জমীদার তাহাকে ইচ্ছাপূর্ব্বক একজমী হইতে অন্য জমীতে চালান করে (আমি বলি এরূপ রীতি থাকার প্রমাণ নাই), সেইরূপ জমীদারের স্বেচ্ছাচার হইতে রায়তকে রক্ষা করা আবশ্যক, ইহা স্বীকার করিয়া লইয়া সিলেক্ট কমিটী রায়তের অনুকূলে এই অনুমান সৃষ্টি করিতে চাহেন যে যেহেতু এক্ষণে তাহারা ভূমি ভোগ করিতেছে, তাহারা অবশ্যই ১২ বৎসর ঐভূমি ভোগ করিয়া থাকিবে। এইরূপ অনুমান কৃষিসংক্রান্ত লোকদের প্রকৃত অবস্থার বিরুদ্ধ; কারণ যাহার উপর জমীদারদের কোন ক্ষমতা নাই, এরূপ নানা হেতুবশতঃ ভূমির দখল দিবার পরিবর্ত্তন হইতেছে। এই প্রদেশে বৃহৎ২ নদীতীরস্থিত ভূমিখণ্ড আছে, যেখানে নিয়ত শিকস্তী ও পয়স্তী ঘটিতেছে; এই প্রদেশের সীমাঞ্চল স্থানে সর্ব্বত্র অদ্যাপি জঙ্গল কাটিয়া ভূমি কৃষিকার্য্যোপযোগী করণের প্রক্রিয়া চলিতেছে; মধ্যস্থিত জিলা সমূহে ভূমির উপর লোক সংখ্যার চাপবশতঃ পতিত ও ঘাসকর জমীর উপর চাষের আক্রমণ হইয়াছে ও হইতেছে; এরূপ বহুসংখ্যক পাইকস্ত কৃষক আছে বলিয়া প্রসিদ্ধ যাহারা কোন বিশেষ স্থানে বাঁধাবাঁধী না থাকিয়া সকল দিকে আপনাদের ভাগ্য পরীক্ষা করে। অনেকস্থলে ভূমির উৎপাদিকা শক্তি কম হওয়াতে ও অন্য উপযুক্ত হেতুতে পুরাতন রায়তেরা ইচ্ছাপূর্ব্বক আপনাদের জোত ইস্তফা করে; এই সকল কথার প্রতি উক্ত অনুমানে উপেক্ষা করা হইয়াছে। এই সকল কথা বিবেচনা করিয়া ইহা কি বলা যাইতে পারে যে, একজন অপক্ষপাতী ও যুক্তিযুক্ত বিচারক, মোকদ্দমার সম্ভাবিত অবস্থা সম্বন্ধে অন্য কোন প্রমাণ না পাইয়া, প্রজা অন্য কোন ভূমি ভোগ করিতেছে, কেবল ইহা হইতে (এইরূপ অনুমান করিতে আপনাকে বাধ্য বিবেচনা করা দূরে থাকুক,) এইরূপ অনুমান করিতে পারিতেন যে উক্ত প্রজা উক্ত সমস্ত ভূমিখণ্ড কিম্বা অন্ততঃ তাহার কিয়দংশ গত বার বৎসর দখল করিয়াছে?

The Zemindari Settlement of Bengal নামক স্পাইরূপে জমীদারদের বিরুদ্ধে সংকলিত পুস্তকের ১ বালামের ৩৫৫-৬০, ও ৮৩ ১ পৃষ্ঠায় ইহার একটী সুন্দর উদাহরণ দৃষ্ট হইবে, তাহাতে অনেক সরকারী ও বে-সরকারী লেখা উদ্ধৃত হইয়াছে।

সকল রায়তের দখলীস্বত্ব আছে, এই প্রস্তাবিত অনুমান সম্বন্ধে, আমি এখানে কএকটি স্থলের উল্লেখ করিব, যেস্থলে রায়তের দখলীস্বত্ব না থাকিলেও জমীদারের বা ঠিকাদারের পক্ষে ঐরূপ অনুমান খণ্ডন করা আমি প্রকৃতপক্ষে অসম্ভব বলিয়া বিবেচনা করি —

১ম।—গবর্ণমেণ্টের রাজস্বের নিমিত্ত বলপূর্ব্বক নীলাম করা গেলে, সম্পত্তি ক্রয় করিয়া যেস্থলে ভূম্যধিকারী দখল পান, সেই সেই স্থলে যে বাকীদার জমীদারের সম্পত্তি এইরূপে ক্রয় করা যায় সেই জমীদার প্রায়ই স্বভাবতঃ ক্রেতার শত্রু হইয়া দাঁড়ায় ও পূর্ব্বের সনের কাগজপত্র দিতে অস্বীকার করে। এরূপ স্থলে জমীদার কিরূপে উক্ত অনুমান খণ্ডন করিবেন?

২য়।—যেস্থলে এক মহাল দুই কিম্বা তদধিক পত্তনীদার বা ঠিকাদারকে বিলি করিয়া দেওয়া যায় সেই স্থলে ঐ মহালের অন্য পত্তনী বা ঠিকা জমিতে রায়ত যে ভূমি ভোগ করিয়া আসিতেছে না, এই অনুমান একজন পত্তনীদার কিরূপে খণ্ডন করিবে?

কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়তের জোতের পরিমাণ এক গজ মাত্র হইলেও, সে কুতন জমি লইলে, যে দিন তাহার সহিত ঐ জমির বন্দোবস্ত হয়, সেই দিনই তাহাতে দখলীস্বত্বপ্রাপ্ত হইবে, এই প্রস্তাবের প্রতিবাদে এক্ষণে আমার প্রবৃত্ত হইতে হইতেছে। একজন রায়ত ক্ষুদ্র এক খণ্ড ভূমি চাষ করিতে পারে বলিয়াই সে বৃহৎ২ ভূমিখণ্ড চাষ করিতে পারিবে, ইহা যুক্তিই নহে। সে কেবল কোর্কা বিলি বা বিক্রয় করিবার নিমিত্ত ভূমি লইতে পারে।

আবার "মহাল" শব্দ অত্যন্ত অনির্দ্দিষ্ট। মহাল শব্দে একটি ক্ষুদ্র ভূমিখণ্ড বুঝাইতে পারে, অথবা দেশের বৃহৎ খণ্ড বুঝাইতে পারে। "গ্রাম" শব্দ অধিকতর সুবিধাজনক। গ্রামের নির্দ্দিষ্ট সীমা আছে ও উহাতে বিশেষ স্থান বুঝায়।

দখলীস্বত্ব হস্তান্তর করিবার ও তাহা অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।

ইহা অতি স্পষ্টরূপে জানা যাইতেছে যে, এ দেশের ভূমি সংক্রান্ত প্রাচীন ব্যবস্থাক্রমে, কোন রায়ত বাদেশ হউক বা না হউক, তাহার রায়তি স্বার্থ বিক্রয় করিবার বা বন্ধক দিবার ক্ষমতা ছিল না। * দেশাচারক্রমে না হইলে ভূম্যধিকারীর ইচ্ছার বিরুদ্ধে দখলীস্বত্ব হস্তান্তর করা যাইতে পারে না এই কথা বলিয়া ব্যবস্থাপকেরা ও বিচারপতিরা এই নিয়ম মান্য করিয়াছেন। গবর্ণমেণ্টের পক্ষের কথা এই বলিয়া বোধ হয় যে, দেশাচার সর্ব্বত্র চলিয়াছে, কিন্তু যে ডিক্রিরীতিগত বিবরণের দোহাই দেওয়া হয়, তাহা বাস্তবিক প্রাসঙ্গিক নহে, কারণ তাহাতে দেখায় না কত স্থলে হস্তান্তর হইবার পূর্ব্বে বা পরে জমীদার সম্মতি দিয়াছেন।

* "ইহা সাধারণতঃ জানা আছে যে, রায়তেরা বহু কাল দখল করিলে ভূমিতে দখলীস্বত্বপ্রাপ্ত হয় ও তাহাদিগকে উঠাইয়া দেওয়া যাইতে পারে না, কিন্তু এই স্বত্বক্রমে তাহারা ভূমি বিক্রয় করিবার বা বন্ধক দিবার ক্ষমতাপ্রাপ্ত হয় না।" শোর সাহেবের ১৭৮৯ সালের ২৮ জুনের মন্তব্যলিপি; হারিংটন সাহেবের Analysis নামক পুস্তকের ৩য় বালামের ৪০৪ পৃষ্ঠা।

এপ্রকারের কোন দেশাচার এরূপ প্রসিদ্ধ হইবে যে, সকল শ্রেণীর ও স্বার্থের সন্তোষ জন্মাইয়া ইহা বিচারালয়ে প্রমাণ করিতে কিছুমাত্র কষ্ট হওয়া উচিত নহে। আর (১ম) হস্তান্তরযোগ্যতা সর্ব্বত্র স্বীকৃত হয়, ইহার বিশেষ ও উপযুক্ত প্রমাণ না থাকায়, এবং (২য়) যে দেশাচার প্রকৃত প্রস্তাবে প্রচলিত ও প্রবল আছে, তাহার প্রমাণ দিতে খরিদারদের অক্ষমতা হেতুক দেওয়ানী আদালতে অবিচার ঘটিবার বিশেষ কোন দৃষ্টান্ত না থাকায়, সর্ব্বত্র হস্তান্তরযোগ্যতার বিধান করা অনাবশ্যক বলিয়া আমি বিবেচনা করি। এক্ষণে যেরূপ কল্পনা হইতেছে, তদনুসারে সর্ব্বত্র দখলীস্বত্ব বিস্তার করা গেলে, ভূস্বামী ও গ্রাম্য সমাজ উভয়েরই অপকার হইবে; কারণ, যে সকল শান্ত ও মৈত্রভাবাপন্ন রায়তদিগকে রাখা ভূস্বামীর স্বার্থ, আপন ভূমিতে তাহাদিগকে রাখিবার ক্ষমতা ইহাতে আর তাঁহার থাকিতেছে না, এবং যে মহাজনেরা বা বিরোধী জমীদারেরা রায়তদের স্বত্ব ক্রয় করিতে পারে ও তাহাদের জমীতে ভিন্ন শ্রেণীর লোক বসাইয়া গ্রামে বিবাদ, অরাজকতা ও সর্ব্বনাশ উপস্থিত করিতে পারে, সেই মহাজন বা জমীদারদের দ্বারা রায়তদের উচ্ছেদ হইবার দ্বার উদ্ঘাটিত হইতেছে।

আমি বলিতে চাহি যে, এদেশের যে প্রাচীন দেশাচারক্রমে এরূপ যোড় হস্তান্তর করিতে পারা যাইত না তাহাতে গ্রাম্য সমাজের নির্ব্বিঘ্নতা ও মঙ্গল করিবার বিশেষরূপ সম্ভাবনা ছিল, কারণ, ঐ সমাজে যাহাদের স্বার্থ ছিল না, তাহাদের ওপর বলপূর্ব্বক প্রবেশ করা এবং সাধারণতঃ ঐ সমাজের ও ভূস্বামীদের বিরুদ্ধ স্বার্থ স্থাপন করিয়া গ্রামের শান্তি ও সমৃদ্ধি নষ্ট করা ঐ দেশাচারবলে বহুপরিমাণে নিবারিত হইত।

দক্ষিণাপথের রায়তদের মধ্যে হস্তান্তরকরণস্বত্ব স্বীকৃত হওয়াতে যে অনিষ্টজনক ফল ফলিয়াছে; এবং যে মহাজনদের হাতে সাঁওতালেরা পড়ে, প্রধানতঃ তাহাদের অত্যাচারহেতুক সাঁওতালদের মধ্যে যে শান্তিভঙ্গ ঘটে আমার মতের প্রতিপোষণার্থ আমি তাহার উল্লেখ করিতে চাই; এবং এই আইন বিধিবদ্ধ হইলে, আমার নিজ ও অন্যের জমীদারীর রায়তদিগকে মহাজন ও অন্য ভূমিব্যবসায়ীদের কবলের উপর ফেলা যে ইহার স্বাভাবিক ফল হইবে, তদ্বিষয়ে আমি আপত্তি করিতে চাই।

সত্য বটে, নূতন হস্তান্তরস্বত্বদানের ক্ষতিপূরণস্বরূপ ভূস্বামীকে অগ্রে ক্রয় করিবার স্বত্ব দিবার প্রস্তাব হইয়াছে, কিন্তু আমি জিজ্ঞাসা করিতে চাই, যাহা ভূস্বামীর নিজের আছে, তিনি কেন তাহা ক্রয় করিতে বাধ্য হইবেন? অগ্রে ক্রয় করিবার প্রস্তাবিত সীমাবদ্ধ স্বত্বে ভূস্বামীর অল্পই উপকার হইবে, এবং আমি প্রস্তাব করি যে, এইস্বত্ব যদি দেওয়াই হয়, তবে উত্তরাধিকার ক্রমে না হইয়া রায়তী স্বত্বের যে প্রত্যেক হস্তান্তর হয়, তাহাতেই এই স্বত্ব বর্ত্তাইয়া উহা অধিকতর কার্য্যকর করা উচিত; এবং "তালুক" সম্বন্ধেও উক্ত স্বত্ব বর্ত্তাইতে পারিলে মধ্যবর্ত্তী প্রজাদের স্বার্থলোপ করিয়া একটি স্বতঃ আয়ের বন্দোবস্তের বিধান করা হইবে, ইহাতে সকল পক্ষের বিশেষ মঙ্গল। অগ্রে ক্রয় করিবার অনীক স্বত্বাধীনে যাহার তাহার নিকট বিক্রয় করিবার স্বত্ব অপেক্ষা প্রকৃতবাসেচ্ছা কৃষকদের নিকট স্বাধীন ভাবে বিক্রয় করা আমার নিকট উৎকৃষ্টতর বোধ হয়। কেহ অনুমান করেন যে, দখলীস্বত্ব হস্তান্তরযোগ্য হইলে বেহারের নীলকরদের উপকার হইবে; কিন্তু আমি তাঁহাদের মধ্যে এমন অনেক লোককে জানি, যাঁহারা এই প্রস্তাবের বিরোধী, এবং বঙ্গদেশের নীলকরগণ সম্পূর্ণরূপে ইহার বিরোধী।

খাজানা মুদ্রারূপে পরিবর্ত্তন করণ।

এই বিষয় বিবেচনা করার সময় আমি এই কথা প্রথম বলিতে ইচ্ছা করি যে আমার মহালে ভাওলী বা শস্যরূপ খাজানা দেওয়া রীতি নহে; এবং আমার এমন বিবেচনাও হয় না যে উহা মুদ্রারূপ খাজানা দেওয়ার ন্যায় ঐসকল অঞ্চলে জমীদার বা কৃষকের উপযোগী হইবে। কিন্তু বেহারে এমন অনেক স্থান আছে যথায় ভাওলীই চলিত ও টাকায় খাজানা কদাচ কখন দেওয়া যায়। ঐ সকল স্থানের অবস্থা ভিন্নপ্রকার, এবং এই বিষয়ে যেরূপ কল্পনা হইতেছে তদ্রূপ সম্পূর্ণ পরিবর্ত্তন যদি সহসা প্রবর্ত্তিত করা যায়, তাহা হইলে সকল শ্রেণীরই বিশেষ কষ্ট হইবার সম্ভাবনা। এরূপ বিষয়ে সময়ের উপর নির্ভর করাই উচিত, অতীত কালের অভিজ্ঞতায় দৃষ্ট হইতেছে যে, সভ্যতা ও সমৃদ্ধির ক্রমশঃ উন্নতির সঙ্গেই শস্যরূপে দেয় খাজানা মুদ্রারূপে প্রায়ই পরিবর্ত্তিত হইয়া থাকে। অতএব হঠাৎ বলপূর্ব্বক এরূপ পরিবর্ত্তন প্রবর্ত্তিত করা আমি দোষের বিষয় বলি।

এবিষয়ে আমার নিজের বড় একটা ফতিরদ্ধি নাই। কিন্তু আমার ইচ্ছা যে বেহারের জমীদারদিগের প্রতিনিধি স্বরূপ আমি তাঁহাদের মত প্রকাশ করি। আমার বিবেচনায় এই সকল মত বিশেষ বিবেচনাযোগ্য।

শস্যরূপে খাজানা দেওয়ার রীতিই নিঃসন্দেহ খাজানা দিবার আদিম উপায়; এবং বেহারের অনেকাংশে ওলা যে আজিও রক্ষিত হইয়াছে তাহার কারণ এই যে লোকের বর্ত্তমান অবস্থায় উহাতে নানা প্রকারে সুবিধা হয় এবং সকলেই জানে এদেশের লোক পুরাণ রীতি অনুসারে কার্য্য করিতেই অধিক ভাল বাসে। আকবরের প্রধান হিন্দু রাজস্ব সচিব রাজা তোড়রমল রায়তের খাজানা মোট উৎপন্নের একতৃতীয়াংশ বলিয়া নির্দ্দেশ করেন। আওজীব বৃদ্ধি করিয়া অর্দ্ধেক করিয়া তুলেন। জমীদারেরা বিচালির মূল্য নির্দ্ধারণ অত্যন্ত দুষ্কর বিবেচনা করিয়া শস্যরূপ উৎপন্নের ১৬ ষোলভাগের নয় ভাগ খাজানা অবধারিত করেন এবং বিচালির সমস্ত মূল্য রায়তকে প্রদান করেন।

যেখানে দুর্ভিক্ষাদি উপস্থিত হইলে কৃষক সম্প্রদায়ের ব্যবসায়ান্তর অবলম্বনের কোন উপায় নাই, সেখানে অজন্মার সময় উৎপন্ন যতই কম হউক না কেন উহার এক অংশ রাজা করাই কৃষকের পক্ষে স্পষ্টই সুবিধা। আর একদিক দেখিতে গেলে যে প্রজা এক সমান মুদ্রারূপ খাজানা দিতে বাধ্য, সময়ে সময়ে তাহার সমস্ত উৎপন্নের মূল্য ভূম্যধিকারীর অবধারিত টাকার দাবীর সমান হয় না। এইরূপ বিবেচনা করিলে দৃষ্ট হইবে যে, যে কৃষক খাজানা শস্যে দেয় সে, যে মুদ্রারূপ খাজানা দেয়, তাহার অপেক্ষা দুর্ভিক্ষ সহ্য করিতে অধিক সমর্থ।

দৃষ্টান্তস্বরূপ এমনবৎসরও যাহাতে শস্য একেবারে জন্মে নাই। জমীদার আপন ভূম্যধিকারীকে সে বৎসর কিছু দিবে না, যেহেতু তাঁহার সহিত ভাগ হয় এমন শস্যই নাই। কিন্তু শস্য উৎপন্ন হউক আর নাই হউক। মুদ্রারূপ খাজানাদাতা সম্পূর্ণ বৎসরের খাজানা দিতে বাধ্য, তাহাতে হয় ত সময় তাহার খাজানাসম্ভব অত্যন্ত কম সেই সময়ে জ্বলা সুদে টাকা ধার করিতে বাধ্য হইতে হইবে, না হয় ভূম্যধিকারীর নালিশ রুজু করিলে তাহার খরচা ও সুদ দিতে হইবে। অতএব শস্যরূপে দেয় খাজানা পরিবর্ত্তনের বিধান বাঞ্ছনীয় নহে, কারণ উহাতে অজন্মা ও দুর্ভিক্ষের সময় কৃষক সম্প্রদায়কে অতি সঙ্কটে ফেলিবার সম্ভাবনা।

খাজানার দাবীর সময় সাধারণতঃ ফসলের সময়ের সঙ্গে এক হওয়ায় সচরাচরও দৃষ্ট হয়, যে সকল কৃষক মুদ্রারূপে খাজানা দেয়, অনেক স্থলে, যদিও এরূপ ঘটা অনিবার্য্য, তাহাদিগকে অতি অল্পমূল্যে শস্য ছাড়িয়া দিতে বাধ্য হইতে হয়। এরূপ সময়ে ভাওলী প্রজাকে কোন প্রকার ক্ষতি স্বীকারই করিতে হয় না।

আবার অনেক স্থলে বড় বড় চর আছে, তথায় প্রতি ফসলেই ভূমির উৎপাদিকা শক্তির বিলক্ষণ হ্রাস বৃদ্ধি হয়। এরূপ স্থলে জমীদার ও রায়ত উভয়ের পক্ষেই ভাওলী প্রথায় খাজানার বন্দোবস্ত করায় সুবিধা ও সুবিচার হয়

আরও ভাওলী প্রথানুসারে বন্দোবস্তে জমীদার রায়তের সহিত ভাগ করায় প্রতিবৎসরই ভূমির উৎপাদিকা শক্তি, পরিমাণ, ও উৎপন্নের মূল্য বৃদ্ধির ফল পাইয়া থাকেন। শক্তি হ্রাস হয় তবে উভয়ের সে ক্ষতি ভাগ করিয়া লইতে হয়। এজন্য কোন পক্ষেরই বিশেষ মনস্তোষের বিশেষ কারণ থাকে না এবং জমীদারেরও খাজানা বৃদ্ধির মোকদ্দমা রুজু করিবার বিশেষ আবশ্যকতাও থাকে না।

এই পর্য্যন্ত মুদ্রারূপে পরিবর্ত্তন সম্বন্ধে গেল। এই পরিবর্ত্তন কার্য্যে পরিণত করা সম্বন্ধে রাজস্ব কর্ম্মচারীই মুদ্রারূপে দেয় খাজানা অবধারিত করার ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন, এবং পাটুবিলিতে বিধান আছে যে এরূপ বন্দোবস্তের সময় তিনি নিকটস্থ স্থানে প্রচলিত মুদ্রারূপ খাজানা দেখিয়া ও গত দশ বৎসরে জমীদার প্রকৃত পক্ষে যে খাজানা পাইয়াছেন তাহার গড় মূল্য ধরিয়া কার্য্য করিবেন। এই সকল বিষয় অত্যন্ত জটিল, এবং আমরা সকলেই জানি যে প্রকৃত প্রস্তাবে ডিহি কর্ম্মচারীর মত অত্যন্ত ভিন্নহ। আমার বিবেচনায় এরূপ অত্যন্ত প্রয়োজনীয় বিষয়ে রাজস্ব কর্ম্মচারীকে তাঁহার নিজ মতসমষ্টি মীমাংসার উপর নির্ভর করিতে দেওয়া উচিত নহে এবং এসকল বিষয় ভূম্যধিকারী ও প্রজার ব্যক্তিগত চুক্তিও পরস্পরের সম্মতি অনুসারে হইলেই ভাল হয়। জমীদারের পক্ষহইতে একথাও বলা হইয়া থাকে যে শস্যরূপে খাজানা লওয়াই জমীদারের পক্ষে লাভ, কারণ রায়তের ন্যায় তাঁহাকে ফসলের সময়েই বিক্রয় করিতে হয় না। তিনি শস্য কিছু দিন ধরিয়া রাখিয়া ফসলের সময় বাজারে না পাঠাইয়া বৎসরের যে সময়ে শস্যের মূল্য অধিক হয় এরূপ সময়েই অনেক সুবিধা করিয়া শস্য বিক্রয় করিতে পারেন। সুতরাং এইরূপ খাজানার পরিবর্ত্তনে কার্য্যতঃ জমীদারের আর কমান হইবে, আমার বোধ হয় না যে এরূপ করা গবর্ণমেণ্টের যথার্থ অভিপ্রায়।

আমার ভরসা আছে যে আমি শীঘ্রই এবিষয় সম্বন্ধে কতক গুলি ছিটিরীতি ঘটিত সংবাদ দিতে পারিব। ঐ গুলি এখনও আমি সম্পূর্ণ করিয়া উঠিতে পারি নাই। এই সম্বন্ধে আর এক কথা আছে। রায়তের স্বার্থের জন্য তাহা প্রকাশ করা উচিত, সে কথাটী এই।—যে স্থলে ভাওলীপ্রথা প্রচলিত আছে সে স্থলে জলসেচন কার্য্যের জন্য আবশ্যক দুর বাঁধ সকল জমীদারকে নিজের খরচে রক্ষা করিতে হয়, যদিও সাক্ষাৎসম্বন্ধে রায়ত ইহার উপকার লাভ করে, তথাপি তাহাকে এসম্বন্ধে কোনরূপ খরচার দায়ী হইতে হয় না। কিন্তু যেখানে টাকার খাজানা দিতে হয়, সেখানে জমীদার যদি জলসেচনকার্য্য দ্বারা ভূমির উৎপাদিকাশক্তি বৃদ্ধি করেন, রায়তকে খাজানা বৃদ্ধি দিতে হয় এবং স্থানীয় প্রথা অনুসারে [illegible] দুর বাঁধ প্রভৃতি মেরামতে রাখার পক্ষে জমীদারকে ও তাহাকে যে অংশ অনুসারে দিতে হইবে।

খাজানা বৃদ্ধি।

এই বিষয়ে ও খাজানা তাগাদার বিষয়ে জমীদারদিগের আরও সুবিধা করিয়া দেওয়া পরামর্শসিদ্ধ বলিয়া বিবেচনা করা হইয়াছে। বর্ত্তমান আইনে কেবল তিনটী কারণ বশতঃ আদালতের দ্বারা খাজানা বৃদ্ধি করার অনুমতি আছে। তাহার মধ্যে প্রধান কারণ এই যে, রায়তের ব্যয় বা পরিশ্রম ব্যতীত উৎপন্নের মূল্য অথবা ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে। সকলে স্বীকার করিবেন যে এই সূত্র ধরিয়া বৃদ্ধি দেওয়া ন্যায্য, কিন্তু কার্য্যকালে দৃষ্ট হইয়াছে যে এরূপ "বৃদ্ধি" আদালতে প্রমাণ করা অত্যন্ত দুষ্কর, অতএব আদালত দ্বারা বৃদ্ধি এক প্রকার বন্ধই হইয়াছে। এই জন্য জমীদার যদিও চুক্তি দ্বারা খাজানা বৃদ্ধি করা অপেক্ষাকৃত সহজ ও অল্পব্যয়সাধ্য বিবেচনা করেন, কিন্তু এরূপ করাও কোনক্রমেই সহজ বলিয়া বোধ হয় না। কারণ জমীদার দেওয়ানী আদালত দ্বারা যে বৃদ্ধি পাইতে পারেন না, তাহা দিতে রায়তেরা নিতান্ত অনিচ্ছুক।

যাহাহউক, যে অবধি গবর্ণমেণ্ট গেজেটে প্রত্যেক জিলার খাদ্য শস্যের সাপ্তাহিকমূল্যের তালিকা প্রকাশ করিতেছেন তদবধি মূল্য বৃদ্ধি জানার উত্তম উপায় হইয়া রহিয়াছে। এইজন্য আমি এই সকল মূল্যের তালিকাকে মূল্যবৃদ্ধির চূড়ান্ত প্রমাণ করার প্রস্তাবকে অতি উত্তম প্রস্তাব বলিয়া মনে করি। এবং এইরূপ করিলে জমীদার অনেকটা উপকার প্রাপ্ত হইবেন। বর্ত্তমান আইনের শব্দরচনা সাধারণতঃ রক্ষিত হয় এবং এক্ষণে খাজানা বৃদ্ধির কারণ যেরূপ নিয়মবদ্ধ করার প্রস্তাব হইয়াছে তাহা না হয় আমি এই মর্ম্মে প্রস্তাব করিতে ইচ্ছা করি।

এই পাণ্ডুলিপিতে যেরূপ কল্পনা করা হইয়াছে অনেকস্থলে তদ্ভিন্ন অন্য কারণেও ভূমির উৎকর্ষসাধন হইতে পারে। এরূপ স্থল অতি বিরল ও ভয়ঙ্কর প্রমাণ করা দুষ্কর, কিন্তু তাই বলিয়া তাহাদের অস্তিত্ব বিষয়ে কোন বিধান না করার কোন কারণ নাই।

এই বৃদ্ধি সম্বন্ধে প্রধান শস্যের লক্ষণ, কেবলমাত্র সুলভ খাদ্য শস্যে সীমাবদ্ধ থাকা আমার মতে উচিত নহে।

দেশের কোনরূপ শস্যের পরিবর্ত্তন হইলে জমীদারেরা তাহার উপকার লাভ করিবে, একথা সমস্ত পুরাণ আইন এক বাক্যে প্রকাশ করিয়াছে। সার জন শোর সাহেব বলিয়াছেন যে চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্বেও এইরূপ দেশাচার প্রচলিত ছিল। বর্ত্তমান সময়েও যে সকল অঞ্চলে শস্যরূপ খাজানা দেওয়া হইয়া থাকে, তথায় যে কেবল খাদ্য শস্যের উৎপন্ন নির্ণয় করা হয় এরূপ নহে, ইক্ষু, তামাক, পান এবং অন্যান্যপ্রকার শস্যও যাচাই করা হয়। অন্যান্য জিলাতেও যে সকল জমীতে খাদ্য শস্য উৎপন্ন হয় ও যে সকল জমীতে অধিক মূল্যবান শস্য উৎপন্ন হয় তাহাদের খাজানার হার সম্বন্ধে বিশেষ প্রভেদ দৃষ্ট হয়।

অতএব এই বিধানে আবার "নূতন করিয়া পুরাতন আইন ও দেশের সর্ব্ববাদিসম্মত দেশাচার পরিত্যাগ করিয়া যাওয়া হইল।"

বিবাদীয় স্থলে পুরাতন আইনে আদালতের উপর খাজানার ন্যায্য ও উপযুক্ত হার দিবার যে ভার ছিল তাহার উপর আর এরূপ কিছু বেশী করিবার আবশ্যকতা দেখিতেছি না এবং খাজানাবৃদ্ধির হার সীমাবদ্ধ করিবার কোন আবশ্যকতা দেখিতে পাই না। প্রত্যেক স্থলে দেওয়ানী আদালতকে যেরূপ অনুসন্ধান লইতে হইত, তাহাতে কোন্ হার ন্যায্য ও উপযুক্ত হইবে আদালতে তাহা জানিবার বিলক্ষণ সুবিধা হইত। এই জন্য ইহার ক্ষমতা হ্রাস করার উপযুক্ত কারণ আছে বলিয়া বোধ হয় না, এবং উচ্চতর হার দেওয়া উচিত আদালতের জ্ঞানাধীন এই বিশ্বাস জন্মিলেও টাকায় চারিআনার উচ্চতর হার দেওয়া বন্ধ করিবার উপযুক্ত কারণ আছে বলিয়া বোধ হয় না।

যদিও খাজানাবৃদ্ধি সম্বন্ধে আমার বক্তব্য এই যে, এরূপ স্থলে কোন্ বিচারে স্বাধীনভাবে চুক্তি পরিহার করা হইল, তাহা আমি বুঝিতে অক্ষম। যদিও বন্দোবস্ত দ্বারা খাজানা বৃদ্ধি পাওয়া জমীদারের পক্ষে সহজ ব্যাপার নহে। এরূপ স্থলে ভবিষ্যৎ বিবাদের জন্য কোনরূপ ছিদ্র থাকিবে এবং রায়ত যে চুক্তি পূর্ব্বেই স্বাক্ষর করিয়াছে কবুলিয়ৎ রেজিষ্টরী করার সময় তদনুযায়ী দায়িত্ব সম্বন্ধে গোলযোগ উত্থাপনের সুযোগ পাইবে, এরূপ করা কখনই বাঞ্ছনীয় নহে।

পাণ্ডুলিপির ৯ম অধ্যায়।—এজমালী সম্পত্তির তত্ত্বাধান।

মন্ত্রিসভায় উত্থাপিত আদিম পাণ্ডুলিপির অভিপ্রায় ও হেতুর বর্ণনার ২৭ দফা হইতে এবং তাহাতে উল্লিখিত উদ্ধৃত অংশ সকল হইতে আমি আসিতে পারিয়াছি যে লোকের সংস্কার জন্মিয়াছে যে এজমালী মালিকদের কার্য্যাধ্যক্ষ নিয়োগের বিধান করা বিশেষ প্রয়োজনীয় এবং ১৮২৭ সালের ৫ আইনের কিয়দংশ ১৮৭৪ সালে রহিত করায় বর্ত্তমান আইন অর্থাৎ ১৮১২ সালের ৫ আইনের ২৬ ধারা অনুসারে কার্য্য করা দুর্ঘট হইয়াছে বলিয়া এবিষয়ে আইন প্রণয়ন করা আবশ্যক হইয়াছে। পুরাণ আইনে যে স্থলে এজমালী ভূস্বামী আছে ও যেস্থলে এরূপ এজমালী ভূস্বামিদের ব্যবহারে শান্তিভঙ্গের আশঙ্কা আছে, সেস্থলে ঐ সম্পত্তির জন্য কার্য্যাধ্যক্ষ নিয়োগের ক্ষমতা গবর্ণমেণ্টকে দেওয়া আছে। এই সকল আইন ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন বিধিবদ্ধ হইবার অনেক পূর্ব্বে পাস হইয়াছিল। উক্ত কার্য্যপ্রণালীবিষয়ক আইনে শান্তিভঙ্গ গুরুতর ফৌজদারী অপরাধ বলিয়া সাব্যস্ত হইয়াছে। অতএব শান্তিভঙ্গ একরূপে ফৌজদারী ও দেওয়ানী অপরাধ সাব্যস্ত করা আর আবশ্যক বলিয়া বোধ হয় নাই। এই জন্য অপ্রচলিত আইন বলিয়া ১৮৭৪ সালে এই সকল আইন রহিত করা হয়। অতএব এই সকল কার্য্যপ্রণালী পুনরুজ্জীবিত করার পূর্ব্বে, সরকারী কার্য্যকারকেরা ও অভিযোক্তাগণ প্রকৃতপক্ষে কতদূর ১৮১২ ও ১৮২৭ সালের আইনের সহায়তা গ্রহণ করিতেন এবং তাহার কি ফল হইয়াছে এবিষয় অনুসন্ধান করার বিশেষ কারণ আছে। আমি এবিষয়ে কমিটীতে একটী নির্দ্দিষ্ট প্রশ্ন করিয়াছিলাম; কিন্তু আমি এই মাত্র উত্তর পাইয়াছিলাম যে এবিষয়ে সংবাদ অনুসন্ধান করা যাইবে এবং

তদবধি এবিষয়ে আর আমি কিছুই শুনি নাই। আমার সামান্য বুদ্ধিতে এই বোধ হয় যে যখন একটা আইন অপ্রচলিত বলিয়া যথাবিহিত প্রকারে রহিত করা হইল, তখন উহা পুনরুজ্জীবিত করণের প্রস্তাব করার পূর্ব্বে ইহার স্থিতিরীতি বিষয়ক সংবাদ সংগ্রহ ও প্রকাশ করা আবশ্যক। আইন বিধিবদ্ধ করার প্রস্তাবের পূর্ব্বে কেবল মাত্র অনুমান বা সাধারণ সংস্কারের উপর নির্ভর করা উচিত নহে। উত্তমরূপে প্রমাণ করা ও শ্রেণীবদ্ধ করা ঘটনাবলিই কেবল আইন প্রণয়ন ন্যায্য বলিয়া প্রতিপন্ন করিতে পারে।

আমি এই কথা না বলিয়া এবিষয় ত্যাগ করিয়া যাইতে পারিতেছি না যে, বিচার ও সাময়িকের বহুল প্রচারের সহিত রায়তদিগের উপকারার্থ গবর্নমেণ্টের পিতৃস্থানীয় ভার রক্ষা করার কোন আবশ্যকতা নাই। অতএব যদি এই সকল বিধান পুনঃপ্রবর্ত্তিত করা হয়, তাহা হইলে মহাল ও তালুকের স্বত্বাধিকারিগণ এমন কি পাণ্ডুলিপির কষ্ট নূতন তালুকদারেরাও তাঁহাদের সমস্ত সম্পত্তির সম্পূর্ণ তত্ত্বাবধানের ভার অপ্রতিহত ভাবে জিলার জজের হস্তে সমর্পণ করিবার প্রস্তাবে নিশ্চয়ই অসন্তুষ্ট হইবেন। এরূপ স্থলে জজ সাহেবের ভুল সিদ্ধান্ত করার সম্ভাবনা কি এত অল্প যে তাঁহার সিদ্ধান্তই চূড়ান্ত হইবে? অথবা তজ্জন্যরূপ তাঁহার অনায়াস যে নানা মোকদ্দমার নিষ্পত্তি করিতে হয় এবং যাহাকে আইনে তাঁহার বিচার চূড়ান্ত বলিয়া স্বীকার না করিয়া হাই কোর্টে আপীলের বিধান করা হইয়াছে, তাহাতে তাঁহার আজ্ঞা দ্বারা যেরূপ অনিষ্ট হইতে পারে, এস্থলে কি তদপেক্ষা কম অনিষ্ট হইবার সম্ভাবনা আছে?

যখন এই বিষয়েই বলিতেছি তখন আমি বোধ হয় একথা বলিতে পারি যে তত্ত্বাবধায়কের বায় ও তত্ত্বাবধারকের ক্ষমতা সম্বন্ধে আমি কতকগুলি নিয়ম প্রস্তুত করিয়াছিলাম। আমি আরও প্রস্তাব করিয়াছিলাম যে কোন স্থলেই তত্ত্বাবধারকের বেতন মাসিক আট আনা শতকরা ১০ টাকার অধিক হইবে না। আমার এরূপ প্রস্তাব করিবার কারণ এই যে কোন কোন স্থলে গবর্নমেণ্টের অধীন কোর্ট অব ওয়ার্ডসের তত্ত্বাবধারকের বায় মোট আয়ের শতকরা ২০ টাকার অধিক হইয়াছে।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

হইয়া থাকে যে হাইকোর্ট ব্যবস্থাপক সভা হইতে এবিষয়ে অধিক অভিজ্ঞ, তাহা হইলে চিরস্থায়ী বন্দোবস্তের প্রতিজ্ঞা পূর্ব্বক নিশ্চয়রূপে জমীদারদিগকে প্রদত্ত আইনসঙ্গত স্বত্ব সম্বন্ধীয় ইহা অপেক্ষা গুরুতর বিষয় সকলে হাইকোর্টের সঙ্গে মন্ত্রণা করা হয় নাই কেন?

পাণ্ডুলিপির ১২ অধ্যায়।—স্বত্বের লিপি।

বলা হইয়াছে যে কোন কোন মহালে জমীদারেরা উপযুক্ত কাগজপত্র রাখে না। যদি এইরূপ হয়, তাহা হইলে এরূপ জমীদারীতে জরীপ ও স্বত্বের তালিকা লিপি আবশ্যক হইতে পারে। কিন্তু তাই বলিয়া যে সকল মহালে কাগজপত্র নির্দ্দোষ এবং যেখানে সম্পর্ক বিশিষ্ট সকল লোকেই তাহাদের যেরূপ কাগজপত্র আছে তাহাতে সন্তুষ্ট, সেখানেও যে জমীদার ও প্রজাকে জরীপের ব্যয়ভার সহ্য করিতে হইবে তাহার কোন কারণ দৃষ্ট হয় না।

মাপের প্রাচীন প্রণালীমতে সকল জমীদারই নিয়মিত সময়ান্তরে তাঁহাদের মহালের মাপ করেন এবং তাঁহাদের এক প্রকার না এক প্রকারের মোটা মোটা মাপের কাগজ আছে; অনেকে আবার ইহা অপেক্ষাও অধিক করেন, ইহারা যে আপন মহালের কেবল মাপ করেন তাহা নহে, গবর্ণমেণ্ট মহালের যেরূপ নকশা প্রস্তুত হয় প্রায় সেইরূপেই নকশা প্রস্তুত করিয়া রাখেন। তাঁহাদের কাগজপত্রে রায়তের জোতের সূক্ষ্ম পরিমাণ ও ঠিক জায়গা ও জমীর গুণ ও দেয় খাজানার হার দেখাইয়া দেন।

অতি অল্পসংখ্যক জমীদার আবার ইহা অপেক্ষাও অধিক করেন। তাঁহারা প্রত্যেক রায়তের ক্ষেত্রের বিশেষ বিবরণ ইত্যাদি [illegible] ভাল [illegible]। জমীদারের [illegible] ইহা বড় সহজ ব্যাপার নহে। [illegible] গবর্ণমেণ্ট [illegible] তাহার যে ক্ষমতা নাই; [illegible] তাঁহাকে [illegible] করিতে হয় [illegible] না।

এরূপ অবস্থায় কি বলা যাইতে পারে যে, [illegible] জমীদারের নির্দ্দোষ কাগজপত্র [illegible]

[illegible]

[illegible]

জমীদারেরা সমস্ত [illegible] রেজিষ্টারী [illegible]

[illegible]

জমী[illegible] রেজিষ্টারী।—[illegible]

[illegible]

পাণ্ডুলিপির ১১ অধ্যায়।—[illegible]

[illegible]

[illegible]

খারাপ হইয়া পড়িবে। কারণ আমাদের আইনসঙ্গত খাজানা আদায়ের সরাসরি ও ব্যয়শূন্য উপায় বিধানসভা করিয়া ইহা দ্বারা কার্য্যতঃ যে ক্রোক একমাত্র নিশ্চিত, সুবিচারসঙ্গত ও ব্যয়শূন্য কার্য্যপ্রণালী আমাদের এখনও আছে, তাহা রহিত করা হইতেছে।

বর্ত্তমান আইনে বিধান আছে যে রায়তের খাজানা বাকী পড়িলে জমিদার নিজের লোকের দ্বারা তাহাদের বাকী খাজানার বিবরণ লিখিয়া নোটিস জারী করিয়া শস্য ক্রোক করিতে পারেন। দেশের প্রান্তবর্ত্তী যে সকল স্থানের প্রজাবর্গের মধ্যে অনেকেই ইংরাজ রাজের অধীন নহে এবং এজন্য সহজেই ইংরাজদের দেওয়ানী আদালতের বিচারাধিপত্য অতিক্রম করিতে পারে এবং পূর্ণিয়া জিলার অন্তর্গত কুশী দিয়াড়ার মত বিস্তীর্ণ যে সকল বিস্তীর্ণ ভূখণ্ডের প্রজারা অর্দ্ধ যাযাবর অবস্থায় থাকে এবং এক ফসলের অধিক কাল এক জায়গায় বাস করে না, তথায় এই এক মাত্র প্রণালী সম্ভবপর।

এরূপস্থলে এক দিনের বিলম্বে বিস্তর হানি হয়। যদি রায়তেরা খাজানা দিতে অস্বীকার করে, তাহা হইলে শস্য পাকিবামাত্র ক্রোক করিতে হইবে এবং খাজানা না দিয়া শস্য কাটিবার উপযুক্ত সময় তাহাদিগকে দেওয়া উচিত নহে, যেহেতু ফসল কাটিয়া ফেলিবা মাত্র তাহারা চিরদিনের মত গ্রাম ত্যাগ করিয়া যায়।

যাহা হউক, এই পাণ্ডুলিপিতে প্রস্তাব হইয়াছে ভবিষ্যতে ভূম্যধিকারীগণের প্রত্যেক স্থলে দেওয়ানী আদালতে আবেদন করা আবশ্যক এবং শস্য আদালতের সহায়তা ভিন্ন ক্রোক হইবে না। ইহাতে আদালতের কর্ম্মচারীর ক্রোক করণার্থ সেইস্থানে পঁহুছিবার পূর্ব্বে রায়তকে ফসল কাটিয়া লইয়া পলায়ন করিবার যথেষ্ট সময় দেওয়া হইবে। এরূপ কার্য্যপ্রণালীতে যে জমীদারের উপর কেবল কোর্টফী ও অন্যান্য যে সকল আদালতের লোক নিয়োগ করিতেই হইবে, তাহার জন্য নূতন ও অতিরিক্ত খরচার ভার চাপান হইবে এরূপ নহে, ইহাতে আরও ফল এই হইবে যে এই যে সকল অর্দ্ধযাযাবর প্রজা শস্য কর্ত্তন হইবা মাত্র গ্রাম ত্যাগকরিয়া যায়, তাহাদের নিকট খাজানা আদায় করিবার জমীদারের কোন ক্ষমতা থাকিবে না। দেওয়ানী মোকদ্দমা করাই তাঁহার একমাত্র প্রতিকারের উপায় থাকিবে, কিন্তু যে রায়তের বিরুদ্ধে মোকদ্দমা করিতে হইবে তিনি হয়ত সে কোথায় থাকে তাহাও জানেন না এবং যদি তাহার নামে ডিক্রী পাইতে সমর্থ হন সে ডিক্রী জারী করা প্রায় অসম্ভব হইবে।

আমার বিশেষরূপে লিপিবদ্ধ করিবার কথা এই যে, অত্যন্ত আবশ্যক বলিয়া স্বীকৃত হওয়াতে জমীদারের খাজানা আদায়ের অধিকতর সুবিধা করিয়া দেওয়াই যে পাণ্ডুলিপির একটি প্রকাশ্য উদ্দেশ্য, সিলেক্ট কমিটীর হাত দিয়া সেই পাণ্ডুলিপি এমন আকারে বাহির হইল যে ওরূপ করা দূরে থাকুক এখনও যে কষ্ট আছে তাহা বর্দ্ধিত করা হইয়াছে এবং এখন যে একটু উপায় আছে তাহাও লোপ করা হইতেছে ইহা আমার অত্যন্ত আশ্চর্য্য বোধ হয়।

জমীদারেরাই তাহাদের অংশের গবর্ণমেণ্টের রাজস্ব প্রদানের জন্য দায়ী। তাহারা রায়তের নিকট ঐ রাজস্ব আদায় করিয়া থাকে। তাহারা যে শুদ্ধ গবর্ণমেণ্টের রাজস্ব আদায় করে এরূপ নহে। সংপ্রতি তাহাদিগকে রায়তদের নিকট হইতে রায়তের দেয় কোন কোন গবর্ণমেণ্টের কর আদায় করিতে হইতেছে, এবং যদি গবর্ণমেণ্টের রাজস্ব দিবার জন্য অবধারিত দিবসের সূর্য্যাস্তের পূর্ব্বে তাহারা গবর্ণমেণ্টের পাওনা না দিয়া থাকে, তাহা হইলে তাহারা সরাসরি নীলামের দায়ী হইবে এবং তাহাদের সম্পত্তি হইতে বিচ্যুত হইবে। অথচ গবর্ণমেণ্টকে দিতে এক দিনের অন্যথা হইলে যাহার জন্য এত গুরুতর শাস্তি অবশ্য ভোগ করিতে হইবে রায়তদের নিকট হইতে তাহা নিশ্চয় রূপে পাইবার কোন উপায় করিয়া দেওয়া হইবে না।

এক্ষণে আইনের যে অবস্থা তাহার কার্য্য প্রকৃত প্রস্তাবে এইরূপ হইতেছে, বর্ত্তমান আইনে দোষ আছে বলিয়া ভূস্বামী তাহার রায়তের নিকট হইতে আইনমত খাজানা আদায় করিতে অসমর্থ হওয়াতে তাহার নিজের কিছুমাত্র দোষ না থাকিলেও তাহার পিতৃপুরুষাগত সম্পত্তি বিক্রীত ও সে তথা হইতে বহিষ্কৃত হইতেপারে। অথচ আমি পূর্ব্বে দেখাইয়া দিয়াছি যে প্রস্তাবিত পাণ্ডুলিপি আইনের সেই দোষ বর্দ্ধিত করিয়া দিতেছে।

যে আইনে গবর্ণমেণ্টের রাজস্বের অতি অল্প অংশমাত্র বাকী পড়ায় বড় বড় মহাল বিক্রীত হওয়ার বিধান করিতেছে সে আইনের আবশ্যকতা ও সুবিচার বিষয়ে আমার এক মুহূর্ত্তের জন্যও প্রতিবাদ করিবার ইচ্ছা নাই, আমি কেবল এইমাত্র দেখাইয়া দিতে ইচ্ছাকরি যে গবর্ণমেণ্ট যখন নিজের হস্তে সরাসরি বিক্রয়ের ক্ষমতা রাখিয়া দিয়াছেন, তখন জমীদারকে রায়তের নিকট খাজানা আদায়ের জন্য সরাসরি ক্ষমতা দিতে অস্বীকার করায় জমীদারেরা গবর্ণমেণ্টের সুবিচারের অভাব হইয়াছে বলিয়া মনে করে।

নিজের মহাল অর্থাৎ খাসমহালের জন্য নিজের মত বিশেষ আইন রাখায়, গবর্ণমেণ্ট নিজেই খাজানা আদায় সম্বন্ধে দেওয়ানী আদালতের অনাবশ্যকতা স্বীকার করেন; আর যদি গবর্ণমেণ্টের পক্ষে এইরূপ নিয়মই প্রয়োজন হয়, তাহা হইলে নিশ্চয়ই সেইরূপ নিয়ম আমাদের পক্ষেও প্রয়োজন। আমার একান্ত ভরসা যে এবিষয়ে চূড়ান্ত নিষ্পত্তি হইবার পূর্ব্বে বিশেষ মনোযোগের সহিত এবিষয়ের পর্য্যবেক্ষণ করা কর্ত্তব্য, কারণ ইহাতে বেহারস্থ জমীদারবর্গের অধিকাংশেরই অস্তিত্ব লোপের সম্ভাবনা।

১৩শ অধ্যায়।—চুক্তির স্বাধীনতা।

জমীদার ও রায়তের মধ্যে চুক্তির স্বাধীনতা উঠাইয়া দিবার ও অধুনা বর্ত্তমান সমস্ত চুক্তি খণ্ডন করিয়া দিবার চেষ্টার আমি সম্পূর্ণ বিরোধী একথা আমি বিশেষ করিয়া বলিতে ইচ্ছা করি। বর্ত্তমান চুক্তি যখন করা হয়, তখন গবর্ণমেণ্টের কথার ঠিক আছে বলিয়া চুক্তিকারীদের বিশ্বাস ছিল এবং গবর্ণমেণ্টও বিশেষরূপে এই সকল চুক্তি আইনসঙ্গত করিয়া এবিষয়ে উৎসাহ প্রদান করিয়াছিলেন।

আমি বিশেষ করিয়া বলিতে চাহি যে এই সকল চুক্তি হইতে যে অনিষ্ট উৎপন্ন হইতেছে বলা হয়, তাহার কিছুমাত্র প্রমাণ দেখান হয় নাই ; অথবা জমীদারেরা যে এইরূপ চুক্তির অযথা ব্যবহারদ্বারা অসন্দিহান কৃষক-কুলের ক্ষতি করিয়াছেন তাহারও কোন প্রমাণ নাই। অতএব যতক্ষণ এরূপ অনিষ্ট যে অত্যন্ত অধিক হইয়াছে, এবিষয়ে চূড়ান্ত প্রমাণ না দেওয়া হয়, ততক্ষণ পরস্পরের সম্মতি ক্রমে ও গবর্ণমেণ্টের অনুমোদন অনুসারে বর্ত্তমান যে বন্দোবস্ত ন্যায্যরূপে উৎপন্ন হইয়াছে, যেন তাহার এরূপ ভয়ানক ভাঙ্গাচুরা করা না হয়।

জমীদার ও রায়তের মধ্যে যত চুক্তি হইয়াছে তাহার সমস্তেই রায়তের ক্ষতি হইতেছে এই সিদ্ধান্তটী ধরিয়া লইয়াই প্রস্তাবিত ব্যবস্থাপনকার্য্য আরম্ভ হইয়াছে বলিয়া বোধ হয় ; কিন্তু এরূপ সিদ্ধান্ত সম্পূর্ণরূপ ভ্রমাত্মক। কারণ অনেক স্থলে চুক্তি দ্বারা স্পষ্টরূপেই রায়তের সুবিধা হয়। রায়ত জমীদারের যথারীত কাজ করায় অনেক উপকার প্রাপ্ত হয়। এরূপ চুক্তিতে সম্ভবমত কোন আপত্তি থাকিতে পারে না, কিন্তু তথাপি এগুলিও বন্ধ করা হইবে।

উপসংহার কালে এই সিলেক্ট কমিটীর মীমাংসায় আমার যে বিশেষ আপত্তি আছে, তাহা আমি লিপিবদ্ধ করিতে ইচ্ছা করি ; কারণ আমার বিবেচনায় এরূপ গুরুতর বিষয়ে যাহাদ্বারা ন্যায্য সিদ্ধান্ত করিয়া উহা যায়, আমরা এরূপ উপযুক্ত উপকরণ পাই নাই।

যে সকল কারণের কথা বলা হইল, যাহার জন্য কেবল যে গবর্ণমেণ্টের প্রতিজ্ঞা ভঙ্গ ও ভূস্বামিত্বের হানি করণরূপ উৎকট উপায় অবলম্বন করাই আবশ্যক তাহা নহে, যাহার জন্য এমন এক অসম্পূর্ণ আইনের অবতারণা করা হইল যে গবর্ণমেণ্টের আইনের সভ্যসদ উহা উত্থাপিত করার সময় নিজেই স্বীকার করিলেন যে ইহাতে যে বর্ত্তমান কৃষক শ্রেণীর উপকারার্থ বিশেষ করিয়া এই আইন পাস করা হইবে তাহাদের লোপ হইবার এবং কয়েক বৎসরের মধ্যে কোন আইন দ্বারা রক্ষিত নহে এরূপ এক নূতন কৃষক সম্প্রদায়ের উৎপত্তি হইবার ও আবার তৎকালীন ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের এই পাণ্ডুলিপি দ্বারা উৎপাদিত অনিষ্ট সমূহের প্রতিবাদার্থ আর এক বার সমস্ত দেশটাকে আন্দোলন ও কষ্টে নিমজ্জিত করিতে হইবার সম্ভাবনা, সেই সকল কারণের ভবিষ্যৎ সম্বন্ধে আমাদের নিকট পরিষ্কার প্রমাণ দেওয়া উচিত ছিল।

আমি নির্ব্বাক সরকারে বলিতে চাহি যে যদি ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধ নির্ণয় ও তৎবিষয়ের সুব্যবস্থা করণার্থ পাণ্ডুলিপি আবশ্যক বলিয়া বোধ হয়, তাহা হইলে এ পাণ্ডুলিপি এরূপ ভাবে কল্পনা করিতে হইবে ও এরূপে প্রস্তুত করিতে হইবে যে ভবিষ্যতে গোলযোগ উৎপন্ন না করিয়া চিরকালের মত এবিষয় মীমাংসা করিয়া দেয়।

আরও আমার মত এই যে অধিকাংশ বিষয়ে প্রমাণ গ্রহণ ব্যতিরেকে সিলেক্ট কমিটীতে প্রস্তাবিত পাণ্ডুলিপি সম্বন্ধে রীতিমত বিচার করা অসম্ভব হইয়াছিল। প্রমাণ না দেওয়ায় এবং স্থিতিস্থাপকতা বিষয়ক যথার্থ সংবাদ আমাদের নিকট না দেওয়ায়, ও ঐ সকল সংবাদের পরীক্ষা না হওয়ায়, আমাদের বাদানুবাদ সন্তোষজনক হয় নাই এবং যে মীমাংসায় উপনীত হওয়া গিয়াছে তাহা উপযুক্ত প্রমাণের উপর স্থাপিত নহে।

১৮৮৪ সাল ১ আপ্রিল।

ছাড়ভঙ্গ।

সনন্দের অনুবাদ।

মোহর।

বাঙ্গালার বর্ত্তমান ও ভবিষ্যতের সমস্ত আমিল, জমীদার, ক্রোড়ী কার্য্যকারক ও নিজামগণ বিদিত হউন। সমস্ত লোক যাঁহার আজ্ঞাকারী সেই বাদশাহের আজ্ঞা ক্রমে উক্ত বেহার সুবার অন্তর্গত দুজের সরকারের মরমপুর পরগনা ও জিরুন সরকারের দেওতা পরগনা আনুষঙ্গিক ইনাম রকম প্রভৃতি স্বত্বের সহিত রাজা মধু সিংহকে দৃঢ়তর করিয়া দেওয়া গেল। (রাজা মধু সিংহের জমীদারী উত্তরাধিকারসূত্রে তিনি প্রাপ্ত হওয়ায়, তাহা এরূপ হইয়াছে বলিয়া প্রকাশ করা গেল। নিজামতের কারপরদাজ ও কার্য্যকারকগণ ঐ রাজাকে তাঁহার রাজভক্তি যতদিন থাকে চিরস্থায়ী জমীদার স্বীকার করে, তাঁহাকে জমীদারী স্বত্বে বজায় রাখে তাঁহার সমস্ত তলবে টাকা আদায় করিয়া দেওয়া এবং যদি তিনি রাজভক্ত ও রায়তের হিতৈষী হন তবে ইঁহার পরামর্শ লইয়া কার্য্য করে, ইহা আবশ্যক। আরও এই মহাশয়, সনন্দের অনুযায়ী হইয়া তাঁহারা ইহার আজ্ঞানুসারে ঠিক ঠিক কার্য্য করিবে এবং বৎসরান্তর নির্দ্ধারিত সনন্দ দাখিল করার জন্য আহ্বান করিবে না।

অভিষেকের ৪র্থ বৎসরের ২৯ শাওয়াল।

ডি, ফিট্‌জপ্যাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Rai Krishna Mukhopadhyaya, M.A. and B.L.,
Bengali Translator.

B 273—28-4-84—2,110

Numb. 2337 [২৩৩৭]. [REGISTERED No. 30.]



গবর্ণমেণ্ট গেজেট

CALCUTTA PUBLIC LIBRARY

TUESDAY, MAY 13, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ১৩ মে।

CONTENTS.

	PAGE.
PART I.—Resolutions, Orders, and Notifications of the Government of India	Nil.
PART II.—Resolutions, Orders, and Notifications of the Lieut.-Governor of Bengal ...	451—460
PART III.—Acts of the Legislative Council of India	Nil.
PART IV.—Bills of the Legislative Council of India	Nil.
PART V.—Acts of the Bengal Council	3—4
PART VI.—Bills of the Bengal Council	Nil.
PART VII.—Circular Orders of the High Court and Board of Revenue	Nil.
PART VIII.—Advertisements	459—477
SUPPLEMENT	Nil.

নির্ঘণ্ট।

	পৃষ্ঠা।
প্রথম খণ্ড।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	নাই।
দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	৪৫১—৪৬০
তৃতীয় খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভায় প্রণীত আইন	নাই।
চতুর্থ খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি ...	নাই।
পঞ্চম খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভায় প্রণীত আইন	৩—৪
ষষ্ঠ খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি ...	নাই
সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র	নাই
অষ্টম খণ্ড।—বিজ্ঞাপন	৪৫৯—৭৭
পরিশিষ্ট গবর্ণমেণ্ট গেজেট	নাই

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1989 A.

GENERAL.—*The 17th April* 1884.—Mr. W. O'Reilly, Deputy Magistrate and Deputy Collector, Monghyr, is appointed to perform the functions of a Collector under section 4 of Act VII (B.C.) of 1880 in that district.

Baboo Bholanath Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Balasore, is appointed to perform the functions of a Collector under section 4 of Act VII (B.C.) of 1880 in that district, *vice* Baboo Shatul Nath Bose.

Baboo Gobind Mohun Ghose, Deputy Magistrate and Deputy Collector, Bhagulpore, is appointed to perform the functions of a Collector under section 4 of Act VII (B.C.) of 1880 in that district, *vice* Mr H. A D. Phillips.

The 19th April 1884.—Mr. R. M. Waller, Officiating Magistrate and Collector of Mymensingh, is allowed furlough for eight months, under section 50, chapter V of the Civil Leave Code, with effect from such date as he availed himself of it.

The 21st April 1884.—Mr F. E Pillard, Officiating Deputy Magistrate and Deputy Collector, Sonthal Perguunahs, is transferred to Rajmehal in that district, with effect from the date on which he joined his appointment

The 22nd April 1884.—Baboo Nilkanto Sarkar, M.A., Lecturer in the Kishnaghur College, is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the sudder station of the Furreedpore district.

The 24th April 1884.—Baboo Radhica Lal Shome, Temporary Sub-Deputy Collector, Backergunge, is allowed leave for thirty-five days under sections 127-7 and 134, chapter X of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

The 25th April 1884.—Baboo Gopal Chunder Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Monghyr, is transferred to Rajshahye, and is posted to the sudder station of that district

Baboo Pran Kumar Dass, Deputy Magistrate and Deputy Collector, Gya, is allowed leave for three months, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from such date as he may be relieved.

Baboo Monmotho Coomar Bose, Officiating Deputy Magistrate and Deputy Collector, Patna, is transferred to Gya, and is posted to the sudder station of that district, during the absence, on leave, of Baboo Pran Kumar Dass, or until further orders.

The 28th April 1884.—Mr. F. W. R Cowley reported his departure from India, on furlough, on the 28th March 1884

POLICE.—*The 21st March* 1884.—Mr J. Lambert, C.I.E., Deputy Commissioner of Police, Calcutta, is allowed privilege leave for three months, with effect from the date on which he may avail himself of it

The 24th April 1884.—Mr. C. S. Murray, Officiating Assistant Superintendent of Police, Rungpore, was on leave from the 29th July to the 5th August 1883, under section 134, chapter X of the Civil Leave Code.

The 28th April 1884.—Mr. C. Jennins reported his departure from India, on furlough on the 6th instant.

The 1st May 1884.—Mr. O. S. Stack, District Superintendent of Police, Midnapore, is appointed to act as Deputy Inspector-General of Police, during the absence, on leave, of Mr. E. B. Baker, or until further orders

[*Government Gazette, 13th May* 1884.]

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

১৯৮৯ A নম্বর।

সাধারণ।—১৮৮৪ সাল ১৭ আপ্রিল।—মুঙ্গেরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, ও'রাইলী সাহেব উক্ত জিলায় ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের ৪ ধারামতে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শীতলনাথ বসুর পরিবর্ত্তে বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভবতোষ বন্দ্যোপাধ্যায় উক্ত জিলায় ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের ৪ ধারামতে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এচ, এ, ডি, ফিলিপ্‌স সাহেবের পরিবর্ত্তে ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দমোহন ঘোষ উক্ত জিলায় ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের ৪ ধারামতে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ১৯ আপ্রিল।—ময়মনসিংহের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর, এম, ওয়ালর সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৫০ ধারামতে আট মাসের নিয়মিত ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ২১ আপ্রিল।—সাঁওতাল পরগনার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, ই, পিকার্ড সাহেব উক্ত জিলার অন্তর্গত রাজমহালে স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি তথায় প্রেরিত হইলেন।

১৮৮৪ সাল ২২ আপ্রিল।—কৃষ্ণনগর কালেজের উপদেশক শ্রীযুত বাবু নীলকান্ত সরকার, এম, এ, যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া ফরীদপুর জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৮৪ সাল ২৪ আপ্রিল।—বাখরগঞ্জের কিংকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধিকা-লাল সোম, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২১—৭ ও ১২৪ ধারামতে পঁয়ত্রিশ দিনের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ২৫ আপ্রিল।—মুঙ্গেরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপাল-চন্দ্র মুখোপাধ্যায় রাজশাহীতে প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকুমার দাস অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু প্রাণকুমার দাসের ছুটী প্রযুক্ত অনুপস্থিতকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, পাটনার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মন্মথকুমার বসু, গয়ায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৮৪ সাল ২৮ আপ্রিল।—শ্রীযুত এফ, ডবলিউ, আর, কৌলী সাহেব নিয়মিত ছুটী লইয়া ১৮৮৪ সালের ২৮ মার্চ্চে ভারতবর্ষহইতে স্বীয় গমনের রিপোর্ট করেন।

পোলীস বিষয়ক।—১৮৮৪ সাল ২১ মার্চ্চ।—কলিকাতার পোলীসের ডেপুটী কমিশনর শ্রীযুত জে, লাম্বর্ট সাহেব, সি, আই, ই, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ২৪ আপ্রিল।—রঙ্গপুরের পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, এস, মরে সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১৩৪ ধারামতে ১৮৮৩ সালের ২৯ জুলাই অবধি ৫ আগষ্ট পর্য্যন্ত ছুটী লইয়া ছিলেন।

১৮৮৪ সাল ২৮ আপ্রিল।—শ্রীযুত সি, জোনস্ সাহেব নিয়মিত ছুটী লইয়া এই মাসের ৬ তারিখে ভারতবর্ষহইতে স্বীয় গমনের রিপোর্ট করেন।

১৮৮৪ সাল ১ মে।—শ্রীযুত ই, বি, মেকার সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মেদিনীপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ও, এস, ষ্টাক সাহেব, পোলীসের ডেপুটী ইনস্পেক্টর জেনরলের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৩ মে।]

ECCLESIASTICAL.—*The 26th April* 1884.—Mr. Arthur Jenson, a Missionary of the Baptist Mission at Comillah, in the district of Tipperah, is authorized, under clause 5, section 5, Act XV of 1872 to grant certificates of marriage between persons who are Native Christians.

REGISTRATION.—*The 25th April* 1884.—Baboo Mohesh Chunder Bose, Special Sub-Registrar of Burrisal, is allowed leave for one month, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it.

Baboo Banamah Roy, Rural Sub-Registrar of Nalchiti, in the district of Backergunge, is appointed to act as Special Sub Registrar of Burrisal, during the absence, on leave, of Baboo Mohesh Chunder Bose, or until further orders.

The 26th April 1884.—Moulvie Mobaruck Ali, Officiating Deputy Magistrate and Deputy Collector, Sarun, is appointed to be *ex-officio* Special Sub-Registrar of Chuprah, in that district, during the absence, on leave, of Pundit Deni Prosad, or until further orders.

The 28th April 1884.—Baboo Pran Kissen Roy, Deputy Magistrate and Deputy Collector, Pooree, is appointed to be also Sudder Sub-Registrar of Pooree, with effect from the 22nd October 1883.

Chowdhury Syed Uddin Ahmed is appointed to be Rural Sub-Registrar of Teghra (Phulwari), in the district of Monghyr *vice* Moulvie Abdul Wahab, resigned.

EDUCATION.—*The 23rd April* 1884.—Mr. C. B. Clarke, Officiating Inspector of Schools Presidency Circle, is confirmed in that appointment.

MEDICAL.—*The 22nd April* 1884.—Assistant Surgeon Bepin Behary Gupta, in charge of the charitable dispensary at Doomraon, is allowed leave for ten days, under section 128, chapter X of the Civil Leave Code, with effect from the 20th February last.

The 24th April 1884.—Assistant Surgeon Rajmohun Banerjee, Second Demonstrator of Anatomy, Calcutta Medical College, is appointed to be Senior Demonstrator of Anatomy in that institution, *vice* Assistant Surgeon Gobind Chunder Chatterjee.

Assistant Surgeon Debendro Nath De is appointed to be Second Demonstrator of Anatomy in the Calcutta Medical College, *vice* Assistant Surgeon Rajmohun Banerjee.

The 26th April 1884.—Assistant Surgeon Debendro Nath Roy, Officiating Teacher of Medicine, Campbell Medical School, Scaldah, is appointed to be Teacher of Chemistry and Medical Jurisprudence in that institution, *vice* Rai Kanye Lall Dey, Bahadoor, retired.

The 27th April 1884.—Baboo Umbica Churn Putta, Second Munsif of Nelphamaree is appointed to be a member of the Committee for the management of the Nelphamaree Dispensary, in the district of Rungpore.

The 2nd May 1884.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the charitable dispensary at Julpigoree:—

Baboo Nirmal Chunder Shingha, M.A., B.L. | Baboo Mohesh Chunder Chukerbutty.

ZOOLOGICAL GARDENS.—*The 24th April* 1884.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Mr. F. Schiller of his appointment as member of the Committee for the management of the Zoological Gardens, Alipore.

MUNICIPAL.—*The 20th April* 1884.—Baboo Ram Chunder Mukerji, Government Pleader, is re-appointed to be a Commissioner of the Krishnaghur Municipality.

The 24th April 1884.—The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the Krishnaghur Municipality of Baboo Prosunna Coomar Bose, M.A., B.L., to be their Vice-Chairman.

Mr. T. Kenoy is appointed to be *ad-interim* Vice-Chairman of the Darjeeling Municipality.

Mr. F. Prestage is appointed to be a Commissioner of the Darjeeling Municipality.

[*Government Gazette*, 13*th May* 1884.]

ধর্ম্মকার্য্যসম্পর্কীয় ।—১৮৮৪ সাল ২৬ আপ্রিল ।—ত্রিপুরা জিলার অন্তর্গত কমিল্লাস্থ বাপ্টিষ্ট মিশনের মিশনরী শ্রীযুত আর্থর জেনসন সাহেব খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহের সর্টিফিকট দিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণমতে ক্ষমতা পাইলেন ।

রেজিষ্টরীকরণ বিষয়ক ।—১৮৮৪ সাল ২৫ আপ্রিল ।—বরিশালের বিশেষ সব-রেজিষ্টার শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে এক মাসের ছুটী পাইলেন ।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসুর ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, বাখরগঞ্জ জিলার অন্তর্গত নলছিটীর গ্রামা সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু বনমালী রায় বরিশালের বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন ।

১৮৮৪ সাল ২৫ আপ্রিল ।—শ্রীযুত পণ্ডিত মেদীপ্রসাদের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, সারণের একটিং ডেপুটী মাজিষ্ট্রট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মবারক আলি স্বীয় পদোপলক্ষে উক্ত জিলার অন্তর্গত ছাপরার বিশেষ সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন ।

১৮৮৪ সাল ২৮ আপ্রিল ।—পূর্ব্বের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায় ১৮৮৪ সালের ২২ অক্টোবর অবধি পুরার সদর সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন ।

শ্রীযুত মৌলবী আবদুল ওয়াহেদের কর্ম্ম ত্যাগ করাতে শ্রী . চৌধুরী সৈয়দ উজীর আহম্মদ মুন্সের জিলার অন্তর্গত তেলরা (ফুলবাড়ীয়া) গ্রামে সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন ।

শিক্ষা বিষয়ক ।—১৮৮৪ সাল ২৩ আপ্রিল ।— প্রেসিডেন্সী চক্রের স্কুল সমূহের একটিং ইনিস্পেক্টর শ্রীযুত সি. ই. ব্লাকি সাহেব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন ।

চিকিৎসা বিষয়ক ।—১৮৮৪ সাল ২১ আপ্রিল ।—সুপরিণ্টেণ্ডেণ্ট ডাক্তার ঔষধালয়ের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত হিদায়েতুল্লা খাঁ সিবিল সাব্‌কারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১৮ ধারামতে গত ফেব্রুয়ারি মাসের ২৫ তারিখ অবধি ১৫ দিনের ছুটী পাইলেন ।

১৮৮৪ সাল ২৪ আপ্রিল ।—আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বেণী মাধব চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে কলিকাতার মেডিকাল কালেজে যে ছেন রিদে বে'ঙ্গী সিনিয়র আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত রাজমোহন বন্দ্যোপাধ্যায় উক্ত কালেজ ও হাসপাতাল বিভাগের পদকে ঠা কাজে নিযুক্ত হইলেন ।

আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত রাজমোহন বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে তা স্টাণ্ট সর্জন শ্রীযুত দেবেন্দ্রনাথ সেন, কলিকাতার মেডিকাল কালেজে বাবুছেন বিভাগের ডাক্তারী শিক্ষকের পদে নিযুক্ত হইলেন ।

১৮৮৪ সাল ২৬ আপ্রিল ।—শ্রীযুত বাবু কালীকালে সেন, ডাক্তারী কর্ম্ম করিতে ক্ষম হওয়া প্রযুক্ত ছুটী লওনের তে শিয়ালদহস্থ কম্বেল মেডিকাল স্কুলে ইংরাজী ও একটি শিক্ষক আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বাবু নরেন্দ্রনাথ রায় উক্ত স্কুলে ঐ বিভাগের শুশ্রূষা সম্পর্কীয় বাঙ্গালা ও বিজ্ঞানশিক্ষকের পদে নিযুক্ত হইলেন ।

১৮৮৪ সাল ২৭ আপ্রিল ।—নেলফামারীর ডিষ্ট্রীক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু অক্ষয়কুমার সরকার রঙ্গপুর জিলার অন্তর্গত নেলফামারীর ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বর পদে নিযুক্ত হইলেন ।

১৮৮৪ সাল ৩ মে ।—নিম্নলিখিত মহাশয়েরা জোড়াসাঁকোস্থিত দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন ।—

শ্রীযুত বাবু বিশ্বম্ভরচন্দ্র সিংহ, এম. এ, বি. এল । শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তী ।

পশুপক্ষাদি প্রদর্শনার্থ উদ্যান বিষয়ক ।—১৮৮৪ সাল ২৮ আপ্রিল ।—শ্রীযুত এম. শিল্ড সাহেব আলিপুরস্থ পশুপক্ষী প্রদর্শনার্থ উদ্যানের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরস্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন ।

মুনিসিপল বিষয়ক ।—১৮৮৪ সাল ২৩ আপ্রিল ।—গবর্ণমেণ্টের উকীল শ্রীযুত বাবু রামচন্দ্র মুখোপাধ্যায় কৃষ্ণনগর মুনিসিপালিটীর কমিশনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন ।

১৮৮৪ সাল ২৪ আপ্রিল ।—কৃষ্ণনগর মুনিসিপালিটীর কমিশনরের শ্রীযুত বাবু প্রসন্নকুমার বসু, এম, এ, ও বি, এলকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন ।

শ্রীযুত টি. কেনয় সাহেব কিয়ৎকালের নিমিত্ত দার্জ্জিলিঙ্গ মুনিসিপালিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন ।

শ্রীযুত এফ. প্রেষ্টেজ সাহেব দার্জ্জিলিঙ্গ মুনিসিপালিটীর কমিশনরের পদে নিযুক্ত হইলেন ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮৪ । ১৩ মে ।]

The following gentlemen are appointed to be Commissioners of the Bhubooah Municipality, in the district of Shahabad :—

Baboo Kani Ram. | Baboo Purmanund.

The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the Moheshpore Municipality, in the district of Jessore, of Moulvie Afsar Uddin Khan Chowdhry to be their Vice-Chairman.

The following gentlemen are appointed to be Commissioners of the above municipality :—

Baboo Gonesh Chunder Roy Chowdhry. | Baboo Chundra Bhusan Mukerjea.
„ Modhusudan Roy Chowdhry. | „ Kali Kishore Roy Chowdhry.

The Sub-Inspector of Police, in charge of the Moheshpore Police Station *(ex-officio.)*

The 25th April 1884.—The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the Kotrung Municipality, in the district of Hooghly, of Baboo Womesh Chandra Mittra to be their Vice-Chairman.

The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the Deoghur Municipality of Baboo Jagat Durlabh Bysack, Deputy Magistrate and Deputy Collector, to be their Vice-Chairman.

The 26th April 1884.—The following gentlemen are appointed to be Commissioners of the municipality of Comillah :—

Baboo Rajkrishna Mukerjee, Special Sub-Registrar. | Baboo Girish Chandra Sen
Munshi Ali Ahmed.

The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Comillah Municipality of Mr. H. M. Weathrall to be their Vice-Chairman.

The 28th April 1884.—The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the Shahebgunge Municipality, in the district of the Sonthal Pergunnahs, of Baboo Hem Chundra Mookerjee to be their Vice-Chairman.

The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the Nattore Municipality, in the district of Rajshahye, of Moulvi Fuzlur Rahman Khan Chowdhury to be their Vice-Chairman

The following gentlemen are re-appointed to be Commissioners of the Nattore Municipality :—

Moulvi Russid Khan Chowdhury, Khan Bahadoor. | Baboo Beharee Lal Sanyal
„ Kedar Nath Chowdhury.

The following gentlemen are appointed to be Commissioners of the Kaudi Municipality, in the district of Moorshedabad :—

Baboo Mohendra Gopal Roy. | Baboo Khettra Mohun Mittra.

Baboo Basanta Lal Bajpayee is re-appointed to be a Commissioner of the above municipality.

The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Sherepore Municipality, in the district of Bogra, of Baboo Bhoirub Chunder Moitra to be their Vice-Chairman.

[*Government Gazette, 13th May* 1884.]

নিম্নলিখিত মহাশয়েরা শাহাবাদ জিলার অন্তর্গত ভুবুয়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত কানাইরাম বাবু। | শ্রীযুত পরমানন্দ বাবু।

যশোহর জিলার অন্তর্গত মহেশপুর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত মৌলবী আক্ষসর উদ্দীন খাঁ চৌধুরীকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত বাবু গণেশচন্দ্র রায় চৌধুরী। | শ্রীযুত বাবু চন্দ্রভূষণ মুখোপাধ্যায়।
,, ,, মধুসূদন রায় চৌধুরী। | ,, ,, কালীকিশোর রায় চৌধুরী।
মহেশপুর পোলীস থানার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত পোলীসের সব-ইন্‌স্পেক্টর (স্বীয় পদোপলক্ষে।)

১৮৮৩ সাল ২৫ আপ্রিল।—হুগলী জিলার অন্তর্গত কোতরঙ্গ মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু উমেশচন্দ্র মিত্রকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

দেওঘর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগদ্বল্লভ বসাককে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৮৪ সাল ২৬ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু রাজকৃষ্ণ মুখোপাধ্যায়। | শ্রীযুত বাবু গিরীশচন্দ্র সেন।
,, মুন্সী আলি আহম্মদ।

কমিল্লা মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত এচ, এম. ওয়েদরঅল সাহেবকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৮৫ সাল ২৮ আপ্রিল।—সাঁওতাল পরগণা জিলার অন্তর্গত সাহেবগঞ্জ মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু হেমচন্দ্র মুখোপাধ্যায়কে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

রাজশাহী জিলার অন্তর্গত নাটোর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত মৌলবী ফজলর রহমান খাঁ চৌধুরীকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা নাটোর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।—

শ্রীযুত মৌলবী রসীদ খাঁ চৌধুরী, খাঁ বাহাদুর। | শ্রীযুত বাবু বিহারীলাল সান্যাল।
,, ,, কেদারনাথ চৌধুরী।

নিম্নলিখিত মহাশয়েরা মুরশিদাবাদ জিলার অন্তর্গত কাঁদি মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত বাবু যতেন্দ্রগোপাল রায়। | শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মিত্র।

শ্রীযুত বাবু বলভদ্রলাল রাজপোরী উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

বগুড়া জিলার অন্তর্গত শেরপুর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র মৈত্রকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৩ মে।]

Baboo Ambica Churn Mukerjea is appointed to be a Commissioner of the Rajpore Municipality, in the district of the 24-Pergunnahs.

The following gentlemen are re-appointed to be Commissioners of the above municipality :—

Baboo Jagadishar Bhuttacharjee. | Baboo Saroda Prosad Mukerjea.

The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the above municipality of Baboo Nobin Chand Ghose to be their Vice-Chairman.

The 29th April 1884.—The following officers are appointed to be *ex-officio* members of the Committee for carrying out the provisions of Act IV (B.C.) of 1871, as amended by Act II (B.C.) of 1879, in the town of Gurbetta, in the district of Midnapore :—

The Sub-Inspector of Police in charge of the Police Station.

The Civil Hospital Assistant in charge of the Gurbetta Dispensary.

The 30th April 1884.—The following gentlemen are appointed Commissioners of the municipality of Chattra, in the district Hazareebagh :—

Munshi Goodial Singh.	Baboo Jai Nath Sirkar.
,, Mukbul Hossain.	,, Nobin Nath Chatterjee.
Baboo Poresh Chunder Datta.	,, Kandial Ram Marwari.

The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the Bhuddessur Municipality, in the district of Hooghly, of Baboo Jagkissen Banerjee to be their Vice-Chairman.

The following gentlemen are appointed to be Commissioners of the Darbhanga Municipality :—

Baboo Brij Behary Prosad.	Baboo Mohenaya Persad.
	ঐ ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারামতে বনগ্রামগুল গয়রহ ৩৩ মৌজার ।০ আনা ছিস্যা।	যোগেশচন্দ্র চক্রবর্ত্তী ...	৩৪১৮৶৩	•	•
	ঐ ঐ ঐ ...	প্রসন্নকুমার চক্রবর্ত্তী ..	৩৪১৮৶৩	•	•
	ঐ ঐ ঐ ..	দ্বারকানাথ চক্রবর্ত্তী ...	৩৪১৮৶৩	•	•
	ঐ ঐ ঐ .. তপে হাজরাদি।	কৈলাসচন্দ্র চক্রবর্ত্তী ...	৩১৮৶৩	•	•
১২৪ নং	পাএন্দাবেগ ছিস্যা ৮/৯৷৷— ক্রান্তি ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারামতে খারিজ বাদে এজমালি।	মহিমাচন্দ্র রায় চৌধুরী, দীননাথ চক্রবর্ত্তী চৌধুরী গয়রহ	১৩৩৩৶০	১২১৷৵৮	এজমালি অংশ নিলাম হইবেক।
	ঐ ঐ ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারামতে ১৮৮৭ সালে পাটুয়াভাঙ্গা ।০ আনা নগর হাজরাদি ।৵১১ গণ্ডা।	৺কিশোর রায় চৌধুরী নাবালগ।	১২১ ৶০	•	•
	ঐ ঐ চাকলে পাটুয়াভাঙ্গা ৵১৫ গণ্ডা ও নগর হাজরাদি ৵১৯ গণ্ডা ও বীব মস্তুয়াব ৶০ আনা। তপে সাবেধা দরজিবাড়ুর মোতালক ১৫১ নং জমিদারি। তপে হাজরাদী।	৺কিশোর রায় চৌধুরী ...	১১৬৷৷	•	•
		সৈয়দ আবদুল্লা জেয়াদপুরে জমিনা আকবর খাতুন।	২১৭৩৶৶৷৩	১২১৷০	সম্পূর্ণ মহাল নিলাম হইবেক।
১২৯ নং	তাং রুক্ষবান দত্ত গয়রহ ১৮৫৯ সালের ১১ আইনমতে খারিজ বাদে এজমালি।	দীননাথ চক্রবর্ত্তী চৌধুরী গয়রহ।	৩৩৯৮৷৫	•	•
	ঐ ১৮৫৯ সালের ১১ আইনমতে খারিজ ছিস্যা ৵১০ আনা।	বিশ্বেশ্বরী দাসী ...	২৭৩৶০	৪৩৷০	খারিজ ছিস্যা নিলাম।
	ঐ ১৮৫৯ সালের ১১ আইনের ১০। ১১ ধারামতে খারিজ।	রামকিশোর গঙ্গোপাধ্যায় গয়রহ।	১০১৪৷ ৵৭	•	•

নং তৌজি।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	বাকী।	কৈফিয়ৎ।
		দ্বিতীয় শ্রেণীর মহাল।			
৫০৭১ নং	তপে রণভাওয়াল। চর চাবিপাড়া সুবর্ণপুর ওরফে কামারিয়া।	গিরিশচন্দ্র চক্রবর্ত্তী গয়রহ।	৭৪৭৸১০ পাই	১১৷৶০	সম্পূর্ণ মহাল নিলাম হইবেক।
৫০৮৫ নং	পং মহমনসিংহ বীল ছলঙ্গী ...	রাজা হরিশ্চন্দ্র চৌধুরী গয়রহ।	৫৮৩৲	২০৷৶০	ঐ
৫১৭৪ নং	পং হুসেনশাহী চর ভেলুয়ামারি ...	দীননাথ চক্রবর্ত্তী চৌধুরী গয়রহ।	৮৭৪৲	২২৭৲	ঐ
৫২৪০ নং	পরগনে পুখরিয়া চর গাবতলা ...	রামসখী দেব্যা চৌধুরাণী পতির নাম দুর্গাপ্রসাদ খাঁ ও মহারাণী শরতসুন্দরী দেবী গয়রহ।	৫৯১৮৸০ মালিকানা ৬৫৮৲	১৪৯৫৷০ মালিকানা ১৬৭৲	ঐ

G. E. MANISTY,
Offg. Collector.

জিলা চট্টগ্রাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা চট্টগ্রাম।

ইহা দ্বারায় জানাইতেছি যে ১৮৮৮ সালের ৭ আইন, ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ১৮৫৯ সালের ১১ আং ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকা ১৮০৪ ইং ২৫ ফেব্রুয়ারি সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব ও রোড ও পবলিক ওয়ার্ক সেস আদায়ের নিমিত্তে ৮৮৪ইং ১৬ জুন মোতাবেক ১২৯১ বাঙ্গালা ৩ আষাঢ় রোজ সোমবার জেলা চট্টগ্রামের কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে যাইবেক ইতি সন ১৮৮৪ ইং তারিখ ৩ মে।

মহল নওয়াবাদ।

নম্বর সার্কেল	নম্বর তালুক।	নাম তালুক।	নাম মালিক।	সদর জমা।		বাকী।			মন্তব্য।
				রাজস্ব।	সেস।	রাজস্ব	সেস	মোট	
৭৭৩	৬৩৫ / ২৫৫৭৮	থানে পটীকছরি। মৌজে কাঞ্চননগর তালুক রঘু দেব্যা।	নিং অখিল চন্দ্র রায় গং।	৮৯০৸৶৮	১৪৮৷৷৩	৩৩৪৲	৪৯৷৷০	৫৮৩৷৷০	সম্পূর্ণ তালুকা নিলাম হইবে।

CHITTAGONG COLLECTORATE,
The 3th May 1884.

C. A. SAMUELLS,
Offg. Collector.

[*Government Gazette, 13th May* 1884.]

জিলা খুলনা।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন প্রচার করা যাইতেছে যে এই খুলনাস্থ জেলার নিম্নলিখিত মহাল সকল ১২৮৩। ১২৮৪ সালের ২৮ মার্চ্চ কিস্তির সরকারী বাকী রাজস্ব আদায় জন্য আগামি ১৩ জুন মোতাবেক ১২৯১ সালের ১০ আষাঢ় তারিখ সোমবার ই কালেক্টরির কাছারিতে দিনা ওয়ারে প্রকাশ্য নিলামে ধরা যাইবে হাত সন ১২৮৮।

তৌজি নম্বর।	মহাল ও পরগনার নাম।	মালিকের নাম।	মোট সদর জমা।	যে অংশ বিক্রী হইবে।	বাকী পড়া অংশের সদ রজমা।	১২৮৩। ৮৪ সালের মার্চ্চ কিস্তির বাকী।
৬	পরগনে আগর-পাড়া কিসমত আগরপাড়া।	গোবিন্দচন্দ্র রায় চৌধুরী দিগর।	১৩৬২৷৵১	১২৮৯ সালের ১১ আইনের ১০ ধারা অনুসারে স্বতন্ত্র হিসাবের ১ হিস্যা সুরেন্দ্রনাথ রায় চৌধুরী দিগর রকম ৸৵ আনা।	১৩৫৬৷৵২	৩।৩
২৮	পং হিলকি কিং কেড়াগাছি।	রাজমোহন রায় চৌধুরী	৫৮৩৲৪	সম্পূর্ণ মহাল ...	৫৮৩৲৪	১৭৩৲১০৸
২৯	পং খালিসখালি কিং খালিসখালি।	বৈলাসকামিনী দেবী দিগর।	৮৯৭৮১১	ঐ ..	৮৯৭৮১১	১৩০৸১১
৩৪	পং হিলকি কিং মঙ্গলকপুর।	রাজেন্দ্রনাথ রায় চৌধুরী দিগর।	১২১ ৪	৵ হিস্যা শ্যামমোহন চৌধুরী রকম ১/১ অংশ।	১২৬৵০	৩০।৵১১
৬৭	পং তালিবপুর কিং তালিবপুর।	গোবিন্দমোহন বসু দিগর।	৫৮৯১৬	১ হিস্যা ...	১৭৪৵১১	১১৩১৲
৭২	পং দাতিয়া কিং দাতিয়া।	ব্রজকুমার রায় দিগর ..	১৭৩১৭৷৬	সম্পূর্ণ মহাল ...	১৭৩২২ ৵২	১২৩৮৵১৯
৭৮	পং ডুমুন কিং বাসুলিয়া।	রামতনু লাহিড়ী দিগর ..	৫১৮ ১১	৩ হিস্যা মুনসুফী আদায় বাবদ আং সদ রকম ১৮ অংশ।	৫১৷৷৹	৩৵১
১১১	পং বাজিতপুর কিং বাজিতপুর।	যোগেন্দ্রনাথ ভঞ্জ চৌধুরী দিগর।	২১১ ১৮৮১	১ আনা হিস্যা ১৬ ১ পুরা রকম ১৮৮ অংশ।	৬৮৯।৵৮	১৷৵৪
১২৫	পং ডুমুন কিং বেনি।	যোগেন্দ্রনাথ চৌধুরী দিগর।	৭১১ ০।১৩	১৬১৭ মহাল ..	৭১১৵১১৷১৩	৬১।৵৭৮
১৩৭	পং ভাদুড়িয়া কিং ভাদুড়িয়া।	কৈলাসচন্দ্র ঘোষ দিগর ..	১৭৯ ৮৮৮	১ [illegible] ১২১ [illegible] ১৮৮৮/১১ [illegible]	৬৫৩।৵৮	২।৩৮।৭৷
১৩৮	পং ডুমুন কিং ভাদুড়িয়া।	রামতনু লাহিড়ী দিগর ..	২০৫২৷ ১	২ হিস্যা ১১ আনা।	১০১৫১/৯	৵৫৩
১৩৯	পং মলই কিং মলই।	পার্ব্বতীনাথ রায় চৌধুরী দিগর।	২২৯০২৷ ৯১১	২ হিস্যা সহ ব্রজনাথ রায় চৌধুরী [illegible]	২২৯৭৵৬	৮৭৬৸৵৯
১৫৯	পং সর্ব্বাঙ্গপুর কিং রামভাঙ্গা।	ভুবনমোহন মজুমদার দিগর।	৫৪২৬৵৮	১ হিস্যা ভুবনমোহন মজুমদার ১০ আনা।	১৩৭।৵১	৯১/০।১
৬৬	পং সুন্দরবন কিং ১৬৫ নং লাট অংশুনি রমজান নগর।	জহিরদ্দি মনদা। দিগর	১৮৮৪৯	সম্পূর্ণ মহাল ..	১৮৮৪৯	১৪০০৲৬
১৯১	পং মলই কিং ছাওরাকাঠি।	পার্ব্বতীনাথ রায় চৌধুরী দিগর।	৮৯০৵১০	১ হিস্যা [illegible] রায় চৌধুরী দিগর সাং সাতখিরা।	৮৯৲	৩২৸০।১

KHOOLNA COLLECTOR'S OFFICE,
The 6th May 1884.

F. H. BARROW,
offg. Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৩ মে।]

কালেক্টরী জেলা রংপুর।

বাকীর কর্দ্দ সন ১২৯০ সাল বাঙ্গালার লাগাএদ কিস্তী ফালগুন মোতাবেক ১৮৮৪ সাল লাগাএদ কিস্তী ফেব্রুয়ারি তলবের ২৮ মার্চ্চ সূর্য্যাস্ত পর্য্যন্ত এবং তদপরে ভিন্ন ভিন্ন জেলার কালেক্টরীর হুণ্ডী দ্বারা আদায় হইয়া যাহা বাঁকী আছে তাহা ১৮৮৫। ২১ জুন মোতাবেক বাঙ্গালা ১২৯১ সাল ৮ আষাঢ় শনিবার অত্র কাছারিতে প্রকাশ্যরূপে নিলাম হইবেক, ইতি।

তৌজির নম্বর।	মহালের নাম ও পরগনা।	মালিক।	সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
৫৭	বড়াবাকী ও গয়রহমৌজা ঢাকলে কাজির হাট।	শ্যামকুমার দাস, বামাসুন্দরী দাস্যা কুঞ্জমোহন চাকি, তাংমণি দাস্যা চন্দ্র গোবিন্দ দাস,	৫১৫।৶০	।৶১০	বামাসুন্দরী দাস্যার ১২৮৮৶৯ পাই সদর জমার অংশ তাহার পৃথক হিসাব আছে তাহা ব্যতিত অপরাপর অংশ বাকী।
১৩৭	রামনগর মৌজা ঢাকলে কাজির হাট	সৌদামিনী দাস্যা	১৩৪১৸৶১	৪২৮।৶৪	
২২১	খোর্দ্দমুরাদপুর ও গয়রহ মৌজা পং পএরাবন্দ	জনকীবল্লভ সেন, আছরা বেগম, রাজতমেছা ছাবেরা খাতুন, ও ছবিয়ল আলম আবুল কে সেন চৌধুরী ওরফ ডোমা মিঞা ও দুলা মিঞা।	২৫৩২৸৶৫।।	৫৩০।৶৮	
২২০	খামার কুরসা ও গয়রহ পং পএরাবন্দ।	খাজে এনাএতুল্লা চৌধুরী, জহিমরেছা চৌধুরাণী মজমুদ নেজামুদ্দিন খাঁ চৌধুরী।	২৫০৫৸৶১১	১৮২ ৴৯	খাজে এনাএতুল্লা চৌধুরীর বিশেষ ১ নম্বরে হিসাব পৃথক যাহার সদর জমা ১০২১।/৬ পাই ঐ অংশ ব্যতিত অপরাপর অংশ বাকী।
২৪৯	চক দুর্গাপুর ও গয়রহ মৌজা পং সরহাট্টা।	খএরুন্নেছা বিবি চৌধুরাণী এনাতুল্লা বিএ ঘাটয়ানী বিবি চৌধুরাণী, জিনাতুল্লা চৌধুরী খুসিরুন্নেছা বিবি জওন বিবি চৌধুরাণী, গবর্ণমেণ্টের পক্ষে ত্রৈলক্যনাথ লাহিড়ী ম্যানেজার নেছারউদ্দিন, মহম্মদ নেজামউদ্দিন মহাম্মদ চৌধুরী, আমিরন্নেছা বিবি স্বয়ং ও অলিউল্লা পক্ষে আবদুলগণি চৌধুরী নাবালগ।	১৮৯২৸৶৮	১৪।৶৮	গবর্ণমেণ্টের তত্ত্বাধীনের অংশ যাহার সদর জমা ৪৩১।/৬ পাই ও যাহার পৃথক হিসাব খোলা হইয়াছে তদ্‌ব্যতিত অপরাপর অংশ বাকী।
৩১৭	আলিগাঁও পং	চন্দ্রশিখর রায়, গোপালচন্দ্র রায়, রাজলক্ষ্মী চৌধুরাণী, ঈশানচন্দ্র চৌধুরী, ইচ্ছাময়ী চৌধুরাণী ত্রৈলোক্যনাথ লাহিড়ী ম্যানেজার পক্ষে কেদার চন্দ্রকিশোর রায় নাবালগ, ক্ষমাময়ী চৌধুরাণী কুড়ানু সরকার।	৫২৮১৸৶১।	২০৸৶৪	কুড়ান সরকারের নিজাংশ ৶০ তিন আনা ঐ অংশ বাকী

RUNGPORE COLLECTORATE,
The 30th April 1884.

H. J. NEWBERY,
offg. Collector.

[*Government Gazette*, 13*th May* 1884.]

বাকী খাজানার জাপনপত্রের পাঠ।

জিলা দিনাজপুরের কালেক্টরি।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জিলা দিনাজপুরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৮৪ সালের ২৮শে মার্চ্চ তারিখে প্রাপ্য বাকী খালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮৪ সালের ১৬ই জুন তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ৩ প্রকাশ্য নীলামে ধরা যাইবে।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল।

নম্বর তৌজির।	নাম মহাল ও পরগনা।	নাম মালিক।	সদর জমা।	যে বাকীর জন্য নীলাম হইবেক।	মন্তব্য।
১৩০ নং	মৌজে চারখণ্ড গয়রহ পরগনে গিলাহবাড়ী।	কাত্যায়নী দেব্যা, জয়কিশোর চৌধুরীপ্রভৃতি।	১৬৯৸৬৸৬	৯৯৯৸৯	পুরামহালীমলাম হইবেক।
২৩৭ নং	মৌজে দৌতপুর গয়রহ পরগনে রাজনগর।	তারকনাথ চৌধুরী, জয়েশ্বরী চৌধুরানী উহি পক্ষে সোহনলাল চৌধুরীপ্রভৃতি।	৪৬৬০৷৷১	৪৮৩৷৮	এই মহালের মধ্যে লালমোহন চৌধুরীর ৵০ আনা অংশ যাহার ৫৮২৷৷/০ আনা সদর জমা হয় তাহার হিসাব ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারানুসারে পৃথক আছে তাহা বাদে বকী ৮৵০ আনা অংশ যাহার ৪০৭৭৮৵১ পাই সদর জমা হয় ঐ একমালী অংশ বাকী পড়ায় তাহা নীলাম হইবেক।
২৬৩ নং	মৌজে গোবিন্দপুর গয়রহ পরগনে ঘোড়াঘাট।	দীননাথ মজুমদার ও গোলোকনাথ মজুমদার প্রভৃতি।	৬৭৯৸৷৵১	২৫১৸৭	মৌজে কেন্দুর ও গোবিন্দপুর বাদে এই মহালের গোলোকনাথ মজুমদারের ৵৪= কাণ্ডী অংশ ১৮৭৬ সালের ৭ আইনের ৭০ ধারামত হিসাব পৃথক হইয়া ৫১৸৵৫ পাই সদর জমা ধার্য্য আছে ঐ অংশ বাকী পড়ায় নীলাম হইবেক।
ঐ	ঐ	ঐ	ঐ	২৫১৸১	ঐ মত দীননাথ মজুমদারের হিসাব পৃথক থাকা ৸৵৪= কাণ্ডী অংশের ৫১৸৵৫ পাই জমা ধার্য্য আছে ঐ অংশ বাকী পড়ায় নীলাম হইবেক।
ঐ	ঐ	ঐ	ঐ	২৫১৸৩	ঐ মত কালীসুন্দরী দেব্যার ৵৪= কাণ্ডী অংশ পৃথক হিসাব হইয়া ৫১৸৵৫ পাই জমা ধার্য্য আছে ঐ অংশ বাকী পড়ায় নীলাম হইবেক।
৩৭৬ নং	মৌজে দাউদপুর গয়রহ পরগনে গীলাহবাড়ী।	চন্দ্রকান্ত সরকার রুদ্রকান্ত সরকার প্রভৃতি।	১৫৮৵১৷৷	১৫৭৸	পুরা মহাল নীলাম হইবেক।
৮৬১ নং	মৌজে মাজিদপুর গয়রহ পরগনে সন্তোষ।	ভগিরথী চৌধুরানী	৬৬৯৷৵১	৪৬৪৸	পুরা মহাল নীলাম হইবেক।

DINAGEPORE COLLECTORATE,
The 6th May 1884.

A. C. TUTE,
offg. Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৩ মে।]

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pounds* at a time, from the Superintendent, Botanical Garden, Calcutta, *for cash only*, at the following rates, per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin, *Rs.* 16, *ans.* 8.

The general public can be supplied by the Superintendent, Botanical Garden, *for cash only*, at the undernoted rates, per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20.

This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta.

Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার হইতে পারে। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট হইতে যে কোন ব্যক্তি নগদ মূল্যে একবারে ২০ পাউণ্ড ঔষধ ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইতে পারেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪।০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮।০ টাকা; প্রতি পাউণ্ড টীন ১৬।০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ [illegible] নিকট নিম্ন [illegible] মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫।০ টাকা ৮ আউন্স টীন ১০।০ টাকা [illegible] ১৬ টাকা।

এই ঔষধ কলিকাতার [illegible] ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যাইবে উপরের লিখিত মূল্য হইতে [illegible] আউন্স টীনে ।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা ডাক মাসুল লাগিবে।

জ্বরনাশক দাসবাহ্য সিন্‌কোনা।

দাস সিন্‌কোনা হইতে ভারতবর্ষের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহারা জানা বাক্সে না, এরূপ সাধারণ [illegible] অপেক্ষা ইহা ক্ষুদ্র আউন্সের পরিবর্ত্তে ব্যবহার করিলে অধিকতর উপকারী [illegible] গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারি ব্যতীত [illegible] জন্য এবং এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে যে কোন ব্যক্তি নগদ মূল্য [illegible] পাউণ্ড হিসাবে পাইতে পারেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকট নগদ মূল্যে এবং সেখান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও ৩২৲ টাকায় এক পাউণ্ড হিসাবে এ ঔষধ পাইতে পারিবেন। ইহার অতিরিক্ত ৸০ বার আনা ডাক মাসুল লাগিবে।

The Hymns of the Rig-Veda in the Samhita and Pada Text, by Professor F. Max Müller, M.A. in two Volumes. *Price Rs.* 24; *packing and postage Re.* 1-12.

*** The Rig Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal classic books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholarship knowledge of the Vedic hymns is in the examinations required of the most advanced students only, yet as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT. GOVT. PRINTING, No. 166, Dhurrumtolah Street, Calcutta.

[*Government Gazette*, 13*th May* 1884.]

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N. B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট-কমিশানের মেম্বর, ইনর টেম্পালের শ্রীযুক্ত সি, ডি, ফিল্ড, এম, এ, ও এল, এল, ডি. সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য ৫. পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

		Rs.	A.	P.	
For the Mofussil.					
Entire Gazette		10	0	0	per annum.
Postage		2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal		4	0	0	„
Postage		1	0	0	„
For a single copy—					
Entire Gazette		0	4	0	
Postage		0	1	0	
Parts III, IV, V, and VI		0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage		0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৩ মে।]

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে।

				টাকা	
সম্পূর্ণ গেজেট	...	...	বৎসর	১৫৲	
ডাকমাশুল	...	...	,,	২৷৷০	
কতকগুলি খণ্ড (যাহাতে ভারতের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	...	...	,,	৪৲	
ডাকমাশুল	...	...	,,	১৲	
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য,	...	...		।০	
ডাকমাশুল	...	...		৵০	
কতকগুলি খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)	...	...		৵০	৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর একটি আনা।
ডাকমাশুল	...	...		৵০	

কলিকাতায় ও মফঃসলে [illegible] মূল্য, অগ্রিম দিতে হইবে, কেবল ডাকমাশুল লাগিবে না।

ই এম, বেকার,
বাঙ্গালার গবর্ণমেণ্টের একটিং চীফ সেক্রেটরী।

It is hereby notified for the information of all persons concerned that with the 30th November 1877, terminating that no copies of the *Calcutta Gazette* [illegible] unless the subscription to the same is paid.

NOTICE is hereby given that the terms for the purchase of publications from and for all [illegible] the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government have been revised.

In future [illegible] which subscribers or others [illegible] ment, notices, &c., inserted in either of the Gazettes [illegible] the rates mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances [illegible] stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the [illegible]

The 15th February 1883.

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

Full page, per issue	... 30
Half ,, ,,	... 15

Casual advertisements.—1 annas per line.

[*Government Gazette, 13th May* 1884.]

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্তমগাদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েট আফীসের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে আগে টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডব্লিউ, বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার ও বিজ্ঞাপন প্রকাশ করিবার হার এই।—

				টাকা।
প্রতি ছত্র প্রথম একবার প্রকাশ করিতে	...	...	...	২৲
ঐ ছত্র দ্বিতীয় বার	...	...	...	১৲
ছয়বার ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে এক বারি	..	..		।৹

বিজ্ঞাপন।

ব্রাঞ্চকারোপলক্ষে বঙ্গদেশের মধ্যে ২ ষ্টাম লাইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট চৌমহাণের বাড়ী স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের বিজ্ঞাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে [illegible] দিয়া দরখাস্তপত্র পাঠাইতে হইবে।

উক্ত [illegible] আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্লেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

[ক [illegible] গেজেট। ১৮৮৩। ১৩ মে।]

কলিকাতা, ক্যাসেল্‌স্ প্রেস যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

[illegible] 316 [illegible]

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল, ১৩ মে।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

[তৃতীয়বার প্রকাশিত।]

সিলেক্ট কমিটী কর্ত্তৃক স্থিরীকৃত পাণ্ডুলিপি সহিত উক্ত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮৪ সালের ১৫ মার্চ্চ তারিখে উপস্থিত করা হয়।—

সিলেক্ট কমিটীর নিম্নলিখিত ব্যক্তি আমাদিগের নিকট বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের পাণ্ডুলিপি বিবেচনার্থ অর্পিত হইয়াছিল। আমরা ঐ পাণ্ডুলিপি ও এতৎসংযুক্ত তফসীলের উল্লিখিত কাগজপত্রাদি বিবেচনা করিয়া প্রথমস্থলীয় রিপোর্ট প্রেরণ করিতেছি।

২। আমরা পাণ্ডুলিপিখানি সুগম করিয়া গঠন করত এই সংশোধিত পাণ্ডুলিপির মধ্যে আমাদিগের অধিকাংশ ব্যক্তির মতে যে সকল পরিবর্ত্তন উপযুক্ত বোধ হইয়াছে তাহা সন্নিবেশ করিয়াছি। কিন্তু এমন অনেকগুলি বিষয় আছে যাহার সম্বন্ধে অধিকতর জ্ঞান থাকা আবশ্যক বলিয়া আমাদের বোধ হয়। আগামি নবেম্বর মাসে আমরা এই পাণ্ডুলিপি সংক্রান্ত কার্য্যে পুনর্ব্বার প্রবৃত্ত হইব। আমরা পাণ্ডুলিপি খানিকে যেরূপ পরিবর্ত্তিত করিয়াছি তাহা এই সময়ের মধ্যে অধিকতর সমালোচনের নিমিত্তে পুনঃ প্রকাশিত হয়, ইহাই আমাদিগের পরামর্শ।

৩। এই রিপোর্টখানি প্রথমস্থলীয় বলিয়া কমিটীর কয়েকজন সভ্য যত দিন এই পাণ্ডুলিপি সংক্রান্ত শেষ রিপোর্ট মন্ত্রিসভায় অর্পিত না হয় ততদিন কোনও বিষয় সম্বন্ধে আপন মত প্রকাশ করিবেন না এই কথা লিপিবদ্ধ থাকে এইরূপ ইচ্ছা করেন। কমিটীর নিষ্পত্তি বলিয়া উল্লেখ করিলে সাধারণতঃ কমিটীর অধিকাংশ ব্যক্তির মত প্রকাশ করিতেছি এইরূপ বুঝিতে হইবে।

২য় অধ্যায়।

প্রজাদের শ্রেণী বিষয়ক বিধি।

৪। এই পাণ্ডুলিপি খানিতে যে ভিন্ন২ শ্রেণীর প্রজার কথা আছে তাহাদিগের বর্ণনা করিবার নিমিত্তেই এই অধ্যায়টি সন্নিবেশিত হইয়াছে। ইহাতে দৃষ্ট হইবে যে মূল পাণ্ডুলিপিতে অবধারিত খাজানায় ভূমিভোগকারি রায়তদিগকে যেরূপ তালুকদার শ্রেণীর অন্তর্গত অন্যতর শ্রেণী বলিয়া গণ্য করা গিয়াছিল তাহা না করিয়া এক্ষণে তাহাদিগকে স্বতন্ত্র শ্রেণীরূপে বিবেচনা করা গিয়াছে। ইহাও দেখা যাইবে যে "সামান্য রায়ত" এই কথার পরিবর্ত্তে "দখলীস্বত্বশূন্য রায়ত" এই কথা প্রয়োগ করা গিয়াছে। প্রথমোক্ত কথাটি ভ্রমাত্মক নাম বলিয়া ইহার প্রতি সাধারণ, আপত্তি উত্থাপিত হইয়াছে। পরিশেষে

ইহাও দ্রষ্টব্য যে সংশোধিত পাণ্ডুলিপির মধ্যে মখলীস্বত্ববিশিষ্ট খোতের অন্তর্গত নহে এরূপ বাস্তুভূমির রায়তদের উল্লেখমাত্র নাই। অধিকতর বিবেচনার পর পাণ্ডুলিপির মধ্যে এই শ্রেণীর প্রজাদিগের সম্বন্ধে কোন বিধান সন্নিবেশ করা বাঞ্ছনীয় বোধ হইলেও হইতে পারে; কিন্তু এই সকল প্রশ্নের মীমাংসা করিতে হইলে যত দূর সন্ধান জানা আবশ্যক আপাততঃ আমাদিগের তত দূর জানা নাই। স্পষ্টই দেখা যাইতেছে যে এতদ্দেশের ভিন্ন২ অংশে এই শ্রেণীর প্রজাদিগের খোত সম্বন্ধে নিয়মের এত দূর বিভিন্নতা আছে, যে মূল পাণ্ডুলিপির ৭ ম অধ্যায় রক্ষা করিতে হইলে তদন্তর্গত কএকটি বিষয়ের সংশোধন করা আবশ্যক হইত। কিন্তু অধিকতর সন্ধান না জানা পর্য্যন্ত আমরা কি আকারে ঐ সংশোধন করিতে হইবে ইহা বলিতে সমর্থ নহি। আমাদিগের ভরসা যে স্থানীয় গবর্ণমেণ্ট আবশ্যক সন্ধান জানাইবেন।

৫। তালুকদার ও রায়তদিগের মধ্যে প্রভেদবিষয়ক ধারাটিতে আমরা ঐ প্রত্যেক শ্রেণীর লক্ষণ নির্দ্দেশ না করিয়া বরং তাহাদিগের বর্ণনা করিতে যত্ন পাইয়াছি। যে সকল স্থল উক্ত উভয় শ্রেণীর মধ্যে প্রভেদসূচক সীমারেখার নিকটে অবস্থিত, সেই সকল স্থলে আদালতসমূহের পথ প্রদর্শনার্থে বিধি প্রণয়ন করা বিহিত ইহা স্বীকার করিলেও, আমাদিগের মত এই যে ইহার কোন শ্রেণীর দৃঢ় রূপে লক্ষণ নির্দ্দেশ করিবার চেষ্টা করিলে অসুবিধা দূর না হইয়া বরং তাহার সৃষ্টি হইবার সম্ভাবনা।

৩য় অধ্যায়।

তালুকদারদের সম্বন্ধীয় বিধি।

৬। অবধারিত হারে জমী ভোগ করিবার স্বত্ব বিষয়ক মূল পাণ্ডুলিপির (১৪—২১) ধারাগুলিকে স্থানান্তরিত করিয়া সংশোধিত পাণ্ডুলিপির চতুর্থ অধ্যায়ের মধ্যে সন্নিবেশ করা গিয়াছে, ঐ অধ্যায়ের কথা বলিবার সময়ে তাহাদিগের বিশেষ উল্লেখ করা যাইবে। যে সকল জিলায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রচলিত আছে তদন্তর্গত স্থান সম্বন্ধে বিশেষ বিধান বিষয়ক মূল পাণ্ডুলিপির ২০ ধারাটিকে অতিরিক্ত বিধিবিষয়ক অধ্যায়ে স্থাপন করা গিয়াছে।

৭। চুক্তি কি দেশাচারক্রমে যে স্থলে তালুকের খাজানা বৃদ্ধির বিধান করা হয় নাই, তাহাতে সেই স্থলে যে বিধি অনুসারে খাজানা বৃদ্ধি করিতে পারা যায় তাহা নির্দ্দিষ্ট হইয়াছে। আমরা এই ধারাটির সহজ পরিমাণে পরিবর্ত্তন করিয়াছি। তাহাতে কেবল এই বিধান করা গেল, আদালত তালুকদারকে কতের পুস্তকের দাখিলাতে কয় দিবেন না এবং খাজানা নির্ণয় করিবার সময়ে যে অবস্থায় তালুকের সৃষ্টি হয় তালুকের অধিকারী সে উৎপন্নসাধন করিয়াছেন ও আদায় করিতেছে যে হার ও মূল্য করা তাহার প্রতি দৃষ্টি রাখিবেন। বর্দ্ধিত খাজানা পূর্ব্বদেয় খাজানার তিন্তুণের অধিক হইবে না এবং দশবৎসর অপরিবর্দ্ধিত থাকিবে, এই বিধানটি আমরা স্পর্শ করি নাই।

৮। ৩৬ ধারায় পত্তনী তালুকের লক্ষণ নির্দ্দেশ করা হইয়াছিল, তাহা এক্ষণে উপক্রমণিকা অধ্যায়ের মধ্যে এবং সরাসরী নীলাম কার্য্যবিধি ৪৯ ধারাটি যে অধ্যায়ে ঐ বিষয়ের কথা আছে তাহার মধ্যে সন্নিবেশ করা গিয়াছে। এই দুইটি ধারাতেও পত্তনী তালুক বিষয়ক মূল পাণ্ডুলিপির সমস্ত বিশেষ বিধানের এই অধ্যায়ের অন্তর্গত করা গেল।

৯। এই অধ্যায়ের অন্তর্গত তালুকের স্বত্বাধিকারীর রেজিষ্টরীকরণ সম্বন্ধীয় পরিচ্ছেদে আমরা যে সকল পরিবর্ত্তন করিয়াছি তাহার মধ্যে নিম্নলিখিত কএকটি বিষয়ে কিছু বলা আবশ্যক বোধ হইতেছে।

(১) ১৫ ধারার (১) উপধারায় একটী দফা বিধি যোগ করিয়া দেওয়া হইয়াছে। এই বিধিক্রমে ভূম্যধিকারী খাজনা বাকী থাকিলে তালুকের হস্তান্তর রেজিষ্টরী করিতে অসম্মত হইতে পারিবেন।

(২) মূল পাণ্ডুলিপির ১৭। ১) ধারার (খ) প্রকরণক্রমে রেজিষ্টরী করিবার প্রার্থনা করিতে বিলম্ব হইলে হস্তান্তরকালে যে অতিরিক্ত ফী দেয় হইত তাহা রহিত করা গিয়াছে এবং যে স্থলে তালুকদারকর্ত্তৃক কোন খাজানা দেয় না হয় (১৫ (২) ধারা), তথায় ২৭ টাকা ফী দিতে হইবে ইহা নির্দ্দেশ করিয়া একটি প্রকরণ সন্নিবেশ করা হইয়াছে।

(৩) ১৮ ধারায় একটি উপধারা যোগ করা হইয়াছে। তাহার বিধান এই যে কোন ব্যক্তি হস্তান্তর কি উত্তরাধিকারক্রমে কোন তালুকের হস্তান্তর হইলে যাবৎ ঐ হস্তান্তর কি উত্তরাধিকার রেজিষ্টরী করা না হয় কিম্বা ভূম্যধিকারীর প্রতি তাহার নোটিস জারী করা না হয়, তাবৎ ঐ ব্যক্তি মোকদ্দমা, ডিক্রী বা অন্য কার্য্যানুষ্ঠান দ্বারা খাজানা আদায় করিতে পারিবে না।

(৪) এবং রেজিষ্টরী করার লেখার নকল প্রদান বিষয়ক ধারাটী (এক্ষণকার ২১ ধারা) সংশোধন করা গিয়াছে। স্থানীয় গবর্ণমেণ্ট এক আনার অনূন বা এক টাকার অনধিক যে ফী ধার্য্য করেন প্রত্যেক ২৫ শব্দ নকল দিবার জন্য সেই ফী দিতে হইবে।

৪র্থ অধ্যায়।

অবধারিত হারে যে রায়তেরা ভূমি ভোগ করে তাহাদের সম্বন্ধীয় বিধি।

১৩। হস্তান্তর ও উত্তরাধিকার সম্বন্ধে আমরা তালুকদারদের প্রতি যেরূপ নিয়ম বর্ত্তে তাহা অবধারিত হারে ভূমিভোগকারী বাসেন্দা রায়তের প্রতিও বর্ত্তিবে ইহা বিধান করিয়া ঐ নিয়ম গুলির সমতা বিধান করিয়াছি। এই শ্রেণীর রায়তদিগকে (ক) রেজিষ্টরী করা পাট্টাক্রমে কি আদালত কর্ত্তৃক স্থিরীকৃত অধিকার বলে ভূমি ভোগকারী রায়ত এবং (খ) আইনবিহিত অনুমানক্রমে ভূমি ভোগকারী রায়ত এই দুই উপশ্রেণীতে বিভক্ত করিয়া প্রথমোক্ত শ্রেণীর রায়তদিগকে তালুকদারদের সহিত ও শেষোক্ত শ্রেণীর রায়তদিগকে দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সহিত সমান করিয়া দিবার প্রস্তাব করা হইয়াছিল। কিন্তু আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তিই এই প্রস্তাব গ্রহণ করিতে সমর্থ হইলেন না।

৫ম অধ্যায়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সম্বন্ধীয় বিধি।

১৪। রায়তের অন্য ও দখলীস্বত্ব সম্বন্ধে এই অধ্যায়ের মূল নিয়ম গুলির কোন পরিবর্ত্তন করা হয় নাই। কুদ্র কিছুর পরিবর্ত্তনের মধ্যে আমাদের কেবল যে গুলির কথা বলা আবশ্যক, তাহাই বলা যাইবে।

বর্দ্ধমানের মহারাজা প্রভৃতি যে জমিদারগণ সেরূপ স্বত্ব ভোগ করেন, সকল জেলে সেই স্বত্বের সমুদায় অংশেই বাসেন্দা রায়তের স্বত্ব প্রচলিত করিলে যে অসুবিধা ঘটিতে পারে তৎ প্রতি আমাদিগের মনোযোগ আকৃষ্ট হইয়াছে। এইরূপ সকল বিশেষ স্থলে মহালের আয়তনের পরিবর্ত্তে রাজস্ব সংক্রান্ত কি আসল কালেক্টরীর কোনরূপ সর্ব্বদিসম্মত পরিমাণ ধরিলে সুবিধা হইতে পারে বঙ্গেশ্বরের গবর্ণমেণ্ট এসম্ভ বিবেচনা করেন কি না তাহাতে বাধ্য করি।

১৫। এই অধ্যায়ের যে উদ্দেশ্য লাভ পক্ষে এক্ট সূত্রের অর্থ সম্বন্ধে ১৮৬৯ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি কোন সময়ের মধ্যে বাইওয়ার্ষী হইলে বাইওয়ার্ষী স্বত্বের মূল মহাল একই মহাল বলিয়া গণ্য হইবে ২৯ ধারা এই প্রকরণের এই বিধানের প্রতি সাধারণের মনোযোগ আকর্ষণ করিতে ইচ্ছা করি। উক্ত তারিখ স্থির করিবার কারণ এই যে, এক্ট এ সময়ের কিছু পূর্ব্বে বাইওয়ার্ষী সম্বন্ধে সম্পূর্ণ কাগজপত্রাদি পাইবার যুক্তিসঙ্গতরূপ আশা আছে, এইরূপ বুঝা গিয়াছিল। কিন্তু ঠিক পূর্ব্ব কোনসময়ে এ তারিখ স্থির করা যাইবে তদ্বিষয়ে অধিকতর বিবেচনা আবশ্যক মুতরাং যে কয়েকটি কারণে এ সময় সূচিত হয় তাহার নিম্নে একটি রেখা টানিয়া দিতে হইবে আমরা এই আদেশ করিলাম।

১৬। রেজেষ্টরীর পরিবর্ত্তে অনুরোধক্রমে আমরা বাসেন্দা রায়তের লক্ষণ নির্দ্দেশক ২৬ ধারায় (২) সংখ্যক একটি উপধারা সংযোগ করিয়াছি। এই উপধারার বিধান এই যে, যে কোন ব্যক্তি রায়তরূপে ভূমিভোগ করে, যদি সেরূপ বিপরীত প্রমাণ না হয়, তবে এই ধারার কার্য্যার্থে ঐ ব্যক্তির ও যে ব্যক্তি ভূমি ভোগকারীর অধীনে ভূমিভোগ করে সেই ভূম্যধিকারীর মধ্যে এই অনুমান হইবে যে, সে ঐ ভূমি বা উহার কোন অংশ বারবৎসর কাল ভোগ করিয়াছে। বঙ্গপ্রভৃতি দেশের বর্ত্তমান অবস্থা বিবেচনায় এরূপ অনুমান করা যুক্তিসিদ্ধ বোধ হয়। ইহাতে যোতদারের কাজের সুবিধা হইবে, অথচ কোন স্থলে ইহা ঠিক না খাটিলে ভূম্যধিকারী অনায়াসে ইহার খণ্ডন করিতে পারিবেন।

১৭। কোন ব্যক্তি একবৎসরের অনধিক কালের জন্য কোন গ্রাম বা মহালের অন্তর্গত কোন ভোগ হইতে বেদখল থাকিলেই যে বাসেন্দারায়তের স্বত্ব যাইবে না এ মর্ম্ম মূল পাণ্ডুলিপির এই বিধানের (২৯ (১) ধারা) মধ্যে অস্পষ্টরূপে রহিয়াছে এবং ইহাকে একটি উপধারা প্রকরণে কোন করিয়াছি। উপধারাটির মর্ম্ম এই ৯১ ধারাক্রমে এই ধারায় কথা পরে ৬৬ ধারায় লেখা যদি সেই ব্যক্তি কোন ডিক্রীতে পুনর্ব্বার দখল প্রাপ্ত হয়, তবে একবৎসরের অধিক কাল বেদখলে থাকিলেও বাসেন্দারায়তস্বরূপ গণ্য হইতে থাকিবে।

১৮। যে কারণে স্বত্বনিরূপক বিষয়ক অধ্যায়টি পাণ্ডুলিপি হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে তাহা পরে বিবৃত হইবে। উক্ত অধ্যায়টি উঠাইয়া দেওয়াতে যাহাতে বুঝিবার ভুল না হয়, এই নিমিত্ত আমরা এই অধ্যায়ের মধ্যে একটি ধারা (২৮ ধারা) সন্নিবেশ করা আবশ্যক বোধ করিলাম। এই ধারার বিধান এই যে দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তের ভূম্যধিকার ক্রয় করিয়া বা প্রকারান্তরে উক্ত রায়তের স্বার্থপ্রাপ্ত হইলে দখলীস্বত্ব বিলুপ্ত হইবে, কিন্তু এই বিধানের কোন কথায় অপর কোন ব্যক্তির স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

১৯। মূল পাণ্ডুলিপির ৮৮ ধারায় ক্রমক্রমে দখলীস্বত্বলাভের বিধান ছিল, আমরা এই ধারাটি উঠাইয়া দিয়াছি; এবং ঐ পাণ্ডুলিপির ৮৯ ধারার ব্যাখ্যাতে থাকার শব্দের অর্থমধ্যে যে শ্রেণীর জমা

গণ্য তাহাতে দখলীস্বত্ব লাভ বিষয়ক ঐ ধারাটির পরিবর্ত্তে আর একটি ধারা (৩০ ধারা) দিয়াছি। শেষোক্ত ধারায় সামান্যতঃ এই বিধান করা গিয়াছে যে উক্ত সকল শ্রেণীর জমী নিয়াদী পাট্টাক্রমে কিম্বা সন বসন পাট্টাক্রমে ভোগ করা গেলে এই অধ্যায়ের কোন কথাক্রমে তাহাতে দখলীস্বত্ব জন্মিবে না।

১৭। যাহাতে ভূমি প্রজাস্বত্ব সংক্রান্ত কার্য্যের অনুপযোগী না হয় রায়ত এরূপে ভূমি ব্যবহার করিতে পারিবেন, আমরা ইহা নির্দ্দিষ্ট করিয়া বলিয়াছি [৩১ ধারা, (ক) প্রকরণ] যে তিনি দেশাচারের বিরুদ্ধে ঐ ভূমিস্থিত বৃক্ষ কাটিতে পারিবেন না।

১৮। ভূম্যধিকারীর অগ্রে ক্রয় করিবার স্বত্বসম্বন্ধীয় পরিচ্ছেদটি এক্ষণে " হস্তান্তর বিষয়ে নিয়মের কথা " এই শীর্ষকের নিম্নে স্থাপিত হইল। আমরা এই পরিচ্ছেদে [৩২ (৪) ধারায়] বিধান করিয়াছি যে ভূম্যধিকারী দখলীস্বত্ব ক্রয় করিতে ইচ্ছা করিলে মূল্যস্থির হইবার কি আদালত কর্ত্তৃক ধার্য্য হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে রায়তকে ঐ মূল্য দিবার প্রস্তাব করিবেন। আমরা আরো এই ধারায় কএকটি কথা যোগ করিয়াছি, তৎক্রমে ভূম্যধিকারী ক্রয় করিবার দাওয়া করিলে রায়ত ইচ্ছা করিলে ঐ ভূমি নিজে রাখিতে পারিবেন।

১৯। আরো আমরা ঐ ধারায় (৫) সংখ্যক একটি উপধারা যোগ করিয়া বিধান করিয়াছি যে কোন রায়ত ঐ ধারার বিধান উল্লঙ্ঘন করিয়া বিক্রয় করিতে চেষ্টা পাইলে ভূম্যধিকারীর বিরুদ্ধে ঐ বিক্রয় ব্যর্থ হইবে।

২০। দখলীস্বত্ব উইলক্রমে দান করা গেলে মূল পাণ্ডুলিপির ৫৫ ধারাক্রমে ভূম্যধিকারীর প্রতি তাহা অগ্রে ক্রয় করিবার স্বত্ব প্রদত্ত হইয়াছিল। আমরা ঐ ধারাটি উঠাইয়া দিয়াছি।

২১। দখলীস্বত্ব দান সম্বন্ধে আমাদিগের বিশ্বাস এই যে অধিকাংশ স্থলেই এইরূপ দান উইলক্রমে করা হইবে অথবা প্রকৃত বিক্রয় দান বলিয়া কল্পনা করা হইবে। আমাদিগের বিবেচনায় কেবল শেষোক্ত শ্রেণীর দান সম্বন্ধেই ভূম্যধিকারিদিগের হিতার্থে কোন না কোন সংরক্ষণোপায়ের প্রয়োজন। রেজিষ্টরী করা দলীলক্রমে দান করিতে হইবে এবং ঐ দলীলের এক খণ্ড প্রতিলিপি অবিলম্বে ভূম্যধিকারীকে দিতে হইবে। তাহা হইলে দান প্রকৃত নহে বলিয়া তাঁহার বিশ্বাস করিবার কোন হেতু থাকিলে তিনি ঐ দানের প্রতিবাদ করিবার সুযোগ পাইবেন। আমাদিগের বিবেচনায় পূর্ব্বোক্তরূপ বিধান করিলে ভূম্যধিকারীর যথেষ্ট সংরক্ষণোপায় হইবে। পরন্তু আমরা বিবাহ বিষয়ে নিষিদ্ধ সম্পর্কের কোন ব্যক্তির প্রতি মুসলমান কর্ত্তৃক দান স্থলে ঐ দান পূর্ব্বোক্ত বিধান হইতে মুক্ত করিয়াছি, কারণ তদ্রূপ দান সচরাচর উইলক্রমে দানের পরিবর্ত্তে করা হইয়া থাকে (৩৫ ধারা)।

২২। পরিশেষে বক্তব্য এই যে অগ্রে ক্রয় করিবার স্বত্ব আমরা কেবল ভূম্যধিকারী, চিরস্থায়ী তালুকদার ও তাঁহারা অন্য যে তালুকদারদিগকে ঐ স্বত্বানুযায়ি কার্য্য করিতে অনুমতি দেন তাঁহাদিগের প্রতিই প্রদান করিয়া একটি ধারা (৩৬) যোগ করিয়াছি। কারণ আমাদিগের বিবেচনায় ভূমিতে চিরস্থায়ী স্বার্থবিশিষ্ট উপরিস্থ ভূম্যধিকারীর বিনা অনুমতিতে কিয়ৎকালীন কোন তালুকদার পূর্ব্বোক্ত স্বত্বানুযায়ি কোন কার্য্য করিলে অনেক অসুবিধা ও গোলযোগ ঘটিতে পারে। ঐ অসুবিধা ও গোলযোগ পরিহার করা বাঞ্ছনীয়।

২৩। মূল পাণ্ডুলিপির ৫৬ ধারার প্রতি বিশেষ আপত্তি করা হইয়াছে। ইহার বিধান এই যে, ভূম্যধিকারী কোন ভূমিতে দখলীস্বত্বলাভ করিলে পরে যদি কোন রায়ত ঐ ভূমি লয় তবে তাহাতে তাহার দখলীস্বত্ব জন্মিবে। আমরা এই ধারাটি উঠাইয়া দিয়াছি।

২৪। আমরা ৫৭ ধারাটিও উঠাইয়া দিয়াছি। ইহাতে এই বিধান ছিল যে, কোন ব্যক্তি উত্তরাধিকারক্রমে ভূমিতে দখলীস্বত্বলাভ করিলে সে বাসেন্দা রায়তের স্বত্ব লাভ করিবে। আমাদিগের বিবেচনায় ২৬ (৪) ধারাক্রমে এই ধারার উদ্দেশ্য যথেষ্টরূপ সাধিত হইবে।

২৫। এই অধ্যায়ের পর পরিচ্ছেদের নাম " কোর্ফাবিলি সম্বন্ধে নিয়মের কথা "। এই পরিচ্ছেদটি নূতন। কৃষক নহে এরূপ ব্যক্তিরা যাহাতে লাভাশয়ে দখলীস্বত্ব ক্রয় না করে এই উদ্দেশে এবং রায়তের কোর্ফা রায়তকে রক্ষা করিবার নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্টের কৃত কএকটি প্রস্তাব অবলম্বন করিয়া ইহা প্রণীত হইয়াছে। আমাদিগের বক্তব্য এই যে এই স্থলে যে সকল বিধান সন্নিবেশিত হইল শেষোক্ত উদ্দেশ্যটি তদ্দ্বারা কেবল অংশতঃ সাধিত হইতে পারে। কোর্ফা রায়তদের সম্বন্ধীয় ৭ম অধ্যায়ে এই উদ্দেশ্য সাধনার্থ অন্যান্য বিধান দৃষ্ট হইবে। এই বিষয়ের কথা শীঘ্রই বলা যাইবে।

২৬। ৫ম অধ্যায়ের এই পরিচ্ছেদের মধ্যে নিম্নলিখিত বিধানগুলিই প্রধান।

১ম।—কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপনার ভোগের যে অংশ কোর্ফা দিতে করে, তাহা তদীয় ভোগের অর্দ্ধেকের অধিক হইলে, তালুকদারদের রেজিষ্টরী করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট বঙ্গদেশের ব্যবস্থাপক সভায় যে আইন উপস্থিত করিবার প্রস্তাব করেন, সেই আইনমতে ঐ রায়ত তালুকদার বলিয়া সরকারী রেজিষ্টরে আপনাকে রেজিষ্টরী করাইলে তালুকদার হইয়াছে বলিয়া গণ্য হইবে। ইহার ফল এই হইবে যে ঐ রায়তের কোর্ফা রায়তেরাও বর্ত্তমান কিম্বা ভাবী দখলীস্বত্বের অধিকারী রায়ত বলিয়া গণ্য হইবে। (৩৭ ধারা)

২য়।—কোন রায়ত আপনার জোত কি যোতের কোন অংশ কোর্ফা বিলি করিলে ঐরূপ বিলি করিবার দরপাট্টা দাতা বৎসরের অধিক কালের জন্য প্রবল পাইবে না। (৩৮ ধারা)

এই বিধানগুলি উপর একটি বিধানের দ্বারা সংকোচিত হইয়াছে। শেষোক্ত বিধানের মধ্যে নিম্নলিখিত একটি প্রধান।

১ম।—কোন রায়ত বয়স হেতুক বা স্ত্রীলোক বলিয়া বা পীড়াবশতঃ বা দুর্ঘটনাক্রমে কি নির্দ্দিষ্ট কএকটি কারণে কিয়ৎকালের নিমিত্ত গৃহে উপস্থিত না থাকায় চাষ করিতে অক্ষম হইয়া আপন জোত কোর্ফাবিলি করিতে বাধ্য হইলে, তাহার ঐ কার্য্যের প্রতি উক্ত সকল বিধান বর্ত্তিবে না, ও

২য়।—যদি কোন রায়ত পূর্ব্বোক্তমতে তালুকদারে পরিবর্ত্তিত হয়, তবে ঐ ব্যক্তি দখলীস্বত্ব-বিশিষ্ট রায়ত থাকিলে, যে শর্ত্তে ও যে নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিত এক্ষণেও সেই শর্ত্তে ও নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবে। সুতরাং এই বিষয় সম্বন্ধে তাহার ভূম্যধিকারীর স্বত্ব অস্পৃষ্টই থাকিবে।

২৭। এই বিধানগুলি লইয়া বিলক্ষণ মতভেদ হইয়াছিল। এক পক্ষে ভূম্যধিকারীর রক্ষিত ও অপর পক্ষে তাহার নিজের কোর্ফা প্রজার সহিত রায়তের যে সকল স্বাইনবিহিত সম্বন্ধ আছে তাহার নিজের কৃত কার্য্যক্রমে ঐ সম্বন্ধের কোন পরিবর্ত্তন ঘটাইতে দিলে যে অসুবিধা হইবে আমরা তাহা অবগত আছি। এই পরিবর্ত্তন আমার যে নিয়ম অনুসরণ করিয়া সূচিত হওয়া আবশ্যক, তাহা সুনির্দ্দিষ্ট নহে এবং তাহা অবধারণ করা কঠিন। আবার কৃষকদিগের অবস্থা বিবেচনায় অনেক স্থলেই ঐ নিয়ম খাটিবার বিধান আছে, সুতরাং বিষয়টি বিলক্ষণ জটিল হইয়া পড়িয়াছে। এই সকল আপত্তি সত্ত্বেও আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তিই কোর্ফাবিলি বিষয়ক প্রথাটি সীমাবদ্ধ করণোপলক্ষে নিম্নলিখিত উপায়াপেক্ষা কোন উৎকৃষ্টতর উপায় স্থির করিতে পারিলেন না। সকলেই স্বীকার করেন যে এই প্রথাটি এক কালে নিষেধ করা অসম্ভব। কোন রায়ত আপন যোত কোর্ফা বিলি করিলে যদি তাহার খাজানা বাকী পড়ে, তবে ঐ যোত তালুকের ন্যায় সহজরীতে নীলামদ্বারে বিক্রয় হইতে পারিবে এবং কোর্ফা প্রজারা দখলীস্বত্ব লাভ করিতে পারিবে এইরূপ বিধান করা গেল। কোর্ফা বিলি প্রথা একবার প্রচলিত হইলে তাহা ফলোপধায়করূপে নিবারণ করা যে অতীব কঠিন, এই সকল বিধান হইতে তাহার স্পষ্টই উপলব্ধি হইবে। ইহা দৃষ্ট হইবে যে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তালুকদাররূপে পরিবর্ত্তিত হইলেও দখলীস্বত্ববিশিষ্ট বলিয়া তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবে, কিন্তু অন্যান্য সকল বিষয়ে তালুকদার বলিয়া গণ্য হওয়াতে তালুকদারদের জোত যেরূপ সহজরীমতে নীলাম হইতে পারে ও তাহাদের যেরূপ অন্য দায় ও স্বত্ব থাকে দখলীস্বত্ববিশিষ্ট রায়তদেরও তাহাই থাকিবে। ভূম্যধিকারী অগ্রেক্রয় করিতে পারিবেন এই বিধান হইতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরাও তালুকদারদিগের ন্যায় মুক্ত থাকিবেন। কিন্তু যাহাতে ঐ রায়তের নাম রেজিষ্টরী করা না যায় এই সকল বিধানের মধ্যে কোনটিই বলবৎ হইবে না। আমাদিগের বিবেচনায় দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তালুকদাররূপে পরিবর্ত্তিত হইলে যে সকল জটিল সম্পর্ক সৃষ্ট হয় সামান্য খাজানার মোকদ্দমায় আদালতের প্রতি সেই সকল অবধারণ করিবার ভার অর্পণ করিলে অতীব কষ্টকর হইবে। কেবল স্থানীয় গবর্ণমেণ্টই ঐ সকল সম্পর্ক নির্ণয় করিয়া রেজিষ্টরী করিলে এই অসুবিধা দূর হইতে পারে। স্থানীয় গবর্ণমেণ্টও ইহা করিতে স্বীকৃত হইয়াছেন।

২৮। দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের খাজানা বৃদ্ধি বিষয়ক বিধানগুলির আমরা আকারগত ও বস্তুগত বহুল পরিবর্ত্তন করিয়াছি।

আমরা হারের তালিকা অনুসারে খাজানা বৃদ্ধি বিষয়ক বিধানগুলি স্থানান্তরিত করিয়া স্বতন্ত্র একটি অধ্যায়ের মধ্যে সন্নিবেশিত করিয়াছি। স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত বিষয়ক অধ্যায়ের পরে ঐ অধ্যায় স্থাপন করা গেল। চুক্তিক্রমে বা আদালতে মোকদ্দমা করিয়া সাধারণতঃ যে রূপে খাজানা বৃদ্ধি করা যায় এই স্থলে কেবল তাহারই কথা বলা যাইতেছে।

২৯। উপস্থিত সংশোধিত পাণ্ডুলিপি অনুসারে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা চুক্তি সত্ত্বেও ঐ চুক্তি রেজিষ্টরী করা না হইলে বৃদ্ধি করিতে পারা যায় না। ৪১ ধারাক্রমে নিম্নলিখিত বিধিগুলি তদ্রূপ চুক্তির প্রতি বর্ত্তিবে।—

(১)—খাজানা এরূপে বৃদ্ধি করিতে হইবে না যে তাহা রায়তের পূর্ব্ব দেয় খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অর্থাৎ শতকরা ২৫ টাকার অধিক হয়।

(২)—চুক্তিপত্রে অন্যূন সাত বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(৩)—বর্দ্ধিত খাজানা পূর্ব্বের বা সাবেক খাজানা অপেক্ষা টাকায় দুই আনার অর্থাৎ শতকরা ১২।০ টাকার অধিক হইলে, চুক্তিপত্রে অন্যূন পনের বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(৪)—রেজিস্টরী করণের কর্ত্তৃপক্ষ এই ধারামত চুক্তিপত্র রেজিষ্টরী করিবার পূর্ব্বে চুক্তি এই আইনের বিধানসম্মত ও রায়ত আসীনভাবে তাহা করিতেছে এই কথা জানিয়া লইবেন। ইহা দৃষ্ট হইবে যে ধারাটি সংশোধন করায় এক্ষণে এই দাঁড়াইয়াছে যে রেজিস্টরী করণের কর্ত্তৃপক্ষকে চুক্তি অনুমোদন করিবার ও তাহা উচিত ও ন্যায্য ইহা বুঝিয়া লইবার পরিবর্ত্তে এক্ষণে কেবল ইহাই বুঝিয়া লইতে হইবে যে চুক্তি এই আইনের বিধানসম্মত।

৩০। ৪২ ধারায় এই বিধান করা গিয়াছে যে জমী মুদ্রারূপ খাজানা দিয়া কোন প্রজা পূর্ব্বে ভোগ করিতেন, তাহা যে গ্রামের বা মহালের অন্তর্গত তথাকার কোন বাসেদ্যা রায়তকে বিলি করা গেলে, খাজানা বৃদ্ধি করিয়া দিবার রেজিষ্টরী করা চুক্তিপত্র ক্রমে না হইলে, পূর্ব্ব প্রজা যে খাজানা দিতেন উক্ত রায়ত ঐ জমীর জন্য তদপেক্ষা উচ্চতর খাজানা দিতে বাধ্য হইবেন না এবং তদ্রূপ প্রত্যেক চুক্তির প্রতি পূর্ব্বোল্লিখিত বিধি বর্ত্তিবে।

৩১। পৌনঃপুন্যক্রমে খাজানা বৃদ্ধি বিষয়ে আমাদের উদ্দেশ্য এই ভূম্যধিকারী ও প্রজা উভয়ের প্রতি বস্তুতঃই ন্যায্য হয় এইরূপ কতকগুলি বিধি প্রণয়ন করিয়া একটি কার্য্যপদ্ধতি নির্দ্দেশ করিতে হইবে যাহাতে বিচার্য্য বিষয় সম্বন্ধে বহুশ্রুত ও সুকঠিন সন্ধান জানিবার প্রয়োজন হইবে না। এই প্রয়োজন থাকা তেই খাজানাবৃদ্ধিসংক্রান্ত বর্ত্তমান আইনটি ভূম্যধিকারীদিগের হস্তে অকর্ম্মণ্য যন্ত্র স্বরূপ হইয়া রহিয়াছে।

এই অভিপ্রায়ে যে হেতুতে খাজানাবৃদ্ধিসংক্রান্ত মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে, তাহা নিম্নে উল্লেখ করিলাম (৪৩ ধারা)।—

(ক)—দখলীস্বত্ববিশিষ্ট রায়তের নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধা বিশিষ্ট ভূমির নিমিত্ত যে প্রচলিত হারে খাজানা দিয়া থাকে উক্ত রায়ত তদপেক্ষা কম হারে খাজানা দেয়।

(খ)—সেই স্থানে বা নিকটস্থ বাজারে প্রধানতঃ খাদ্য শস্যের গড় মূল্য বৃদ্ধি হইয়াছে।

(গ)—ভূমিকারীর দ্বারা বা তাঁহার খরচে যে উৎকর্ষসাধন হয় তাহাতে রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(ঘ)—রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বন্যা দ্বারা বর্দ্ধিত হইয়াছে।

৩২। অনুসন্ধানক্রমে অবগত হওয়া গিয়াছিল যে বঙ্গদেশের গবর্ণমেণ্ট কেবল বিশেষ বিশেষ স্থানের নিমিত্তই হারের প্রামাণিক তালিকা প্রস্তুত করিতে পারেন। ভূমির উৎপাদিকা শক্তি সম্বন্ধে যে সংবাদ অবগত হইতে পারিলে ঐ শক্তির বৃদ্ধি হইয়াছে বলিয়া আদালত খাজানাবৃদ্ধিসংক্রান্ত বিধি খাটাইতে পারেন, আদালতের নিকট সেই সংবাদ উপস্থিত করণার্থ আমাদিগের নিকট অন্য কোন সাধারণ উপায়ের উল্লেখ করা হয় নাই। খাজানাবৃদ্ধির আইনসম্মত এই হেতুটি এক কালে ত্যাগ করণ প্রতি জমীদারেরা আপত্তি করেন, এবং ইহা পূর্ব্বপ্রচলিত আইনের অন্যতম বিধান ছিল বলিয়া রক্ষিত হইল। এই হেতুতে খাজানা বৃদ্ধি করিতে হইলে যে স্থলে ভূম্যধিকারীকৃত উৎকর্ষ-সাধন বশতঃ উৎপাদিকা শক্তির বৃদ্ধি হয়, যে অনুসন্ধান ও রেজিস্টরী করণকার্য্যের বিধান পরে করা গিয়াছে তদ্দ্বারা ঐ খাজানা বৃদ্ধি করণ পক্ষে যথেষ্ট সহায়তা হইবে। কিন্তু বন্যা দ্বারা উৎপাদিকা শক্তির বৃদ্ধি হইয়াছে এই হেতুতে খাজানা বৃদ্ধি করিতে হইলে, আমাদিগের আশঙ্কা এই এতদ্বিষয়ক যে অসুবিধা বশতঃ অর্থাৎ ভূমির উৎপাদিকা শক্তি পূর্ব্বে কিরূপ ছিল তাহার প্রমাণাভাবে খাজানাবৃদ্ধির এই হেতুটি কার্য্যকর হইত না, এইক্ষণেও সেই অসুবিধা বিদ্যমান থাকিবে।

৩৩। শস্যাদির মূল্যবৃদ্ধির হেতুতে খাজানা বৃদ্ধি করিতে হইলে স্থানীয় গবর্ণমেণ্ট মূল্যের প্রামাণিক তালিকা প্রস্তুত করিলে, ঐ কার্য্যের বিশেষ সহায়তা হইবে। এস্থলে ইহা বলা উচিত প্রধান প্রধান খাদ্য শস্যের মূল্যের তালিকায় যে ভূমির খাজানা লইয়া বিবাদ তাহাতে যে বিশেষ কোন ফসল জন্মিয়াছে তাহা গণ্য না করিয়া মূল্যের সাধারণতঃ বৃদ্ধি কি হ্রাস সূচিত হইতেছে ইহাই দেখিতে হইবে। জষ্টিস শ্রীযুক্ত ফিলিপ সাহেব কৃত আইন সংগ্রহ পুস্তকের ১৫০ ও তৎপরবর্ত্তী পৃষ্ঠায় যে রূপ লিখিত হইয়াছে অর্থাৎ ইহাতেও ৬ মূল্যের যে নিয়ম ধরিয়া উৎপন্ন শস্যের জলমাংশের পরিবর্ত্তে মুদ্রাযোগে দেয় কর স্থির করা যায় এখানেও মূল্যের তালিকা লইয়া সেই নিয়মে কার্য্য করিতে হইবে ইহাই আমাদিগের অভিপ্রায়।

৩৪। কেহ কেহ এই কথা বলিয়াছেন যে শস্যের মূল্যবৃদ্ধিস্থলে অনুপাতের বিধি অনুসারে কার্য্য করিতে হইলে, মূল্যবৃদ্ধিজন্য আবাদ করিবার খরচ বৃদ্ধি হইয়াছে বলিয়া কতক টাকা ছাড়িয়া দেওয়া উচিত। আপাততঃ আমরা এই বিষয়ে রায়তকে রক্ষা করিবার ভার খাজানাবৃদ্ধিসংক্রান্ত অন্য যে সকল নিয়ম ধার্য্য হইয়াছে তাহার প্রতি, বিশেষতঃ ৪৮ ধারার প্রতি, অর্পণ করিলাম। ঐ ধারার বিধান এই— যাহা মোকদ্দমার অবস্থা বিবেচনায় অনুপযুক্ত বা অন্যায্য বোধ হয় আদালত কোন মোকদ্দমায় এরূপ খাজানা বৃদ্ধির ডিক্রী দিবেন না। কিন্তু এই অধ্যায়ে যে সকল পরিবর্ত্তন করা গিয়াছে তাহা জনসাধারণ কর্ত্তৃক সমালোচিত হইলে এই বিষয়টি অধিকতররূপে বিবেচিত হইবে।

৩৫। ভূমির উৎপাদিকা শক্তির বৃদ্ধি হইবার হেতুতে খাজানা বৃদ্ধি করণ পক্ষে যে অসুবিধা অন্তর্ভূত হয়, বর্দ্ধিত খাজানা গত বাৎসরিক মোট উৎপন্নের এক পঞ্চমাংশের অধিক হইবে না এই প্রস্তাবেও সেই অসুবিধা সদ্ভাবে অনুভূত হয়। কমিটীর অধিকাংশ ব্যক্তিরই মত এই যে প্রত্যেক স্থলেই গড় বাৎসরিক মোট উৎপন্ন অর্থাৎ প্রধান প্রধান খাদ্য শস্যের পরিমাণ অবধারণ করা একরূপ অসম্ভব। এই প্রস্তাবটির মূল নিয়মের প্রতিও গুরুতর আপত্তি উত্থাপিত হইয়াছে। আমরা এই কারণে মূল পাণ্ডুলিপির ৭২ (ঘ) ধারার পূর্ব্বোক্ত ভাবের বিধানটি উঠাইয়া দিয়াছি ও তৎপরিবর্ত্তে মূল পাণ্ডুলিপির অন্তর্গত আর একটি নিয়মের দৃঢ়তা বৃদ্ধি করিয়াছি। পূর্ব্বোক্ত প্রথম হেতুতে খাজানা বৃদ্ধি করিলে টাকা প্রতি আট আনার অর্থাৎ শতকরা ৫০ টাকার অধিক বৃদ্ধি করা যাইতে পারা যাইবে না; ২য় কিম্বা ৩য় হেতুতে খাজানাবৃদ্ধি করিলে টাকা প্রতি চারি আনার অর্থাৎ শতকরা ২৫ টাকার অধিক বৃদ্ধি করা যাইতে পারিবে না; এবং (৪৮ ধারা) আদালত কোন স্থলেই অনুপযুক্ত বা অন্যায় বোধ হইলে, খাজানাবৃদ্ধির ডিক্রী দিবেন না, আমরা এই সকল বিধান করিলাম।

৩৬। একই শ্রেণীর দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা প্রচলিত যে হারে খাজানা দেয় সেই হারের সীমা পর্য্যন্তই খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে, এই সম্বন্ধে আমরা উত্তর পশ্চিম প্রদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০ ধারা অবলম্বন করিয়া ৪৪ ধারায় একটি প্রকরণ (গ) সংযোগ করিয়াছি। এই প্রকরণে, যে২ স্থলে দেশাচারমতে রায়তের জাতির বিষয় বিবেচনা করা আবশ্যক, সেই২ স্থলের বিধান করা হইয়াছে।

৩৭। ভূম্যধিকারীকৃত উৎকর্ষসাধন হেতুতে খাজানা বৃদ্ধি সম্বন্ধে আমরা দৃঢ় ও অলঙ্ঘ্য কোন বিধি প্রণয়ন না করিয়া কেবল এই মাত্র বিধান করিলাম যে [৪৬ (খ) ধারা] কতদূর পর্য্যন্ত খাজানা বৃদ্ধি করিতে দেওয়া যাইবে ইহা নিরূপণ করণার্থে আদালত নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন, অর্থাৎ—

(১) উক্ত উৎকর্ষসাধন দ্বারা ভূমির উৎপন্নের মূল্য যতদূর বৃদ্ধি হইয়াছে;

(২) উৎকর্ষসাধন করিতে কত খরচ পড়িয়াছে;

(৩) উৎকর্ষসাধন কার্য্যে লাগাইতে হইলে চাষ করিতে কত খরচ পড়ে;

(৪) উক্ত ভূমির বর্ত্তমান খাজানা কত ও উচ্চতর খাজানা দিবার কিরূপ শক্তি আছে।

বহুকাল পূর্ব্বের কথা লইয়া কষ্টকর অনুসন্ধান পরিহারার্থে আমরা [৪৬ (ক) ধারায়] বিধান করিয়াছি যে উৎকর্ষসাধন রেজিষ্টরী করা না গেলে অর্থাৎ ৯ম অধ্যায়ের নির্দ্দিষ্ট বিধি অনুসারে রেজিষ্টরী করা না গেলে, আদালত খাজানাবৃদ্ধি দিবেন না। উক্ত বিধি সকল এরূপ ভাবে প্রণীত হইয়াছে দৃষ্ট হইবে যে তৎক্রমে আবশ্যক সকল সংবাদই উপযুক্তমতে লিপিবদ্ধ করিতে হইবে।

৩৮। বন্যাদ্বারা ভূমির উৎপাদিকা শক্তির বৃদ্ধি হেতুতে খাজানাবৃদ্ধি সম্বন্ধে খাজানা সংক্রান্ত কমিশ্যন যে মূলবিধির প্রস্তাব করেন, তাহাই অবলম্বন করিয়া আমাদিগের গৃহীত বিধিটি প্রণীত হইয়াছে। ঐ বিধির মর্ম্ম এই যে [৪৭ (গ) ধারা] ভূম্যধিকারী ভূমির উৎপন্নের নিট বৃদ্ধির মূল্যের অর্দ্ধেকের অধিক পাইবেন না।

৩৯। ক্রমাগত খাজানাবৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব সীমাবদ্ধ করণ বিষয়ক মূল পাণ্ডুলিপির ৭৮ ধারাটি (৫০ ধারা) এক্ষণে প্রচলিত হার অপেক্ষা কমহারে খাজানা দেওয়া হইতেছে কিম্বা মূল্য বৃদ্ধি হইয়াছে এইহেতুতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহার প্রতিই বর্ত্তিবে; পরন্তু ঐ নিয়মটি এক্ষণে খাজানা বৃদ্ধির যে মোকদ্দমা দোষ গুণ বিচারের পর ডিসমিস হইয়াছে ও যে মোকদ্দমায় খাজানা বৃদ্ধির ডিক্রী দেওয়া হইয়াছে এই উভয়ের প্রতি বর্ত্তিবে, ও একবার খাজানাবৃদ্ধি করা গেলে পনের বৎসর গত না হইলে আবার খাজানাবৃদ্ধি করা যাইতে পারিবে না। পূর্ব্বে দশ বৎসর গত হইলেই খাজানাবৃদ্ধি করা যাইতে পারিত।

৪০। যে২ হেতুতে খাজানা কমাইবার নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে সংশোধিত পাণ্ডুলিপিতে (৫১ ধারা) তাহা নিম্নলিখিত রূপে নির্দ্দিষ্ট হইয়াছে।—অর্থাৎ

(ক)—যোতের জমা রায়তের দোষ ব্যতিরেকে বাকি জমা হইয়া বা ঐ রূপ অন্য কোন দুর্ঘটনা ঘটিয়া স্থায়িরূপে অপকৃষ্ট হইয়া গিয়াছে, এবং

(খ)—ঐ স্থানে প্রধান২ খাদ্য শস্যের গড় মূল্য কমিয়া গিয়াছে।

ইহার প্রত্যেক স্থলেই আদালত যত দূর উপযুক্ত ও ন্যায্য বোধ করেন, তত দূর খাজানা কমাইবার আজ্ঞা করিতে পারিবেন।

৪১। মূল্যের প্রামাণিক তালিকা প্রস্তুত করণ সম্বন্ধীয় সংশোধিত পাণ্ডুলিপির ৪২ ধারাটী মূল পাণ্ডুলিপির অন্তর্গত উক্ত বিষয় সংক্রান্ত ধারা হইতে কএক বিষয়ে বিভিন্ন। এস্থলে কেবল একটি পরিবর্ত্তনের কথা বলা আবশ্যক, অর্থাৎ এই নূতন ধারাক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট পূর্ব্ব ও বর্ত্তমান উভয় কালের নিমিত্তই মূল্যের তালিকা প্রস্তুত করিবার জন্য আদেশ করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন। বঙ্গদেশের গবর্ণমেণ্ট গত বার বৎসর নিয়মিতরূপে যে মূল্যের তালিকা প্রকাশ করিয়া আসিতেছেন, তাহা অবলম্বন করিয়া উক্ত মূল্যের তালিকা প্রস্তুত করা যাইতে পারে। এই তালিকা গুলি সংশোধন করিয়া কোন স্থানের শস্যাদির মূল্য সম্বন্ধে উহাদিগকে বিশ্বাসযোগ্য লিখিত প্রমাণস্বরূপ করিয়া তুলিতে পারিলে, মূল্যবৃদ্ধির হেতুতে খাজানা বৃদ্ধি করণ সময়ে আদালতের কার্য্যের বিশিষ্টরূপ সরলতা সাধিত হইবে।

৪২। পশুচারণ ভূমির খাজানা বৃদ্ধি বিষয়ক মূল পাণ্ডুলিপির ৮০ ধারাটি উঠাইয়া দেওয়া গেল, কারণ পশুচারণের নিমিত্তে প্রজাবিশেষকে ভূমি খাজানা করিয়া দেওয়া অতীব বিরল, সুতরাং এই বিষয়ে বিধির প্রয়োজন নাই।

৪৩। দখলীস্বত্ববিশিষ্ট প্রজা শস্যরূপে বা ফসল অনুসারে যে খাজানা দিবেন তাহার সীমা নির্দ্দেশকারী মূল পাণ্ডুলিপির ৮১ ধারাটিও উঠাইয়া দেওয়া গেল; কারণ, এবিষয়ে স্থানীয় রীতি অতিশয় জটিল দৃষ্ট হইল। ফসল বিভাগ করিবার পূর্ব্বে নানা উপলক্ষ করিয়া উহা হইতে সচরাচর অনেক অংশ বাদ দেওয়া হইয়া থাকে। এরূপ স্থলে কোন দৃঢ় ও অলঙ্ঘ্য বিধি নির্দ্দেশ করিলে আদালতের ভ্রান্তি ঘটিয়া অনিষ্ট হইবারই সম্ভাবনা।

৪৪। শস্যরূপে দেয় খাজানা রূপান্তরিত করণ বিষয়ক (৫৩) ধারাটি মধ্য প্রদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৩ সালের আইনের ১৬ ধারা অবলম্বনে পুনর্গঠিত হইয়াছে। এক্ষণে ইহা যেরূপ দাঁড়াইয়াছে তাহাতে ভূম্যধিকারী কিম্বা প্রজার মধ্যে যে কেহ নির্দ্দিষ্ট কএক জন কর্ত্তৃপক্ষের নিকট খাজানা রূপান্তরিত হইবার প্রার্থনা করিতে পারিবেন এবং উক্ত যে কর্ত্তৃপক্ষের নিকট ঐ প্রার্থনা করা যায় তিনি তাহার প্রতিবাদ করা গেলে তাহা অগ্রাহ্য করিতে পারিবেন। আরও যুক্তাযোগে কত খাজানা দিতে হইবে ইহা নির্ণয় করণার্থে পুরাতন ধারা অপেক্ষা নূতন ধারায় বিবেচনামত কার্য্য করিবার অধিকতর অবসর প্রদান করা হইয়াছে। ইহাতে কেবল এই বিধান করা গিয়াছে যে ঐ খাজানা নির্ণয় করণকালীন পূর্ব্বোক্ত কর্ত্তৃপক্ষ নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন, অর্থাৎ,

(ক) দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত গড়ে যে মুদ্রারূপ খাজানা দিয়া থাকে, তাহার প্রতি ও

(খ) পূর্ব্ব দশ বৎসরে ভূম্যধিকারী প্রকৃত প্রস্তাবে যে খাজানা পাইয়া থাকেন তাহার গড় মূল্যের প্রতি।

৬ষ্ঠ অধ্যায়।

দখলীস্বত্বশূন্য রায়তদের সম্বন্ধীয় বিধি।

৪৫। মূল পাণ্ডুলিপির ৮৯ ধারায় এই বিধান ছিল, ঐ পাণ্ডুলিপির অভিহিত "সামান্য রায়ত" অর্থাৎ দখলীস্বত্বশূন্য রায়ত তদীয় ভূম্যধিকারীর সহিত কৃত নিয়মানুসারে সময়ের যে খাজানা ধার্য্য হয় ১১৯ ধারার বিধান অর্থাৎ তাহার দেয় অত্যুচ্চ খাজানা মোট উৎপন্নের গড় বার্ষিক মূল্যের পাঁচ আনার অধিক হইবে না এই বিধান প্রবল মানিয়া সেই খাজানা দিবে। আমরা যে কারণে দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরদের খাজানা বৃদ্ধি স্থলে এইপ্রকার অত্যুচ্চ খাজানা ধার্য্য করিবার প্রস্তাব ত্যাগ করিয়াছি, এই স্থলেও সেই কারণে তদ্রূপ প্রস্তাব ত্যাগ করিবার মানস করি। দখলীস্বত্বশূন্য রায়তের খাজানা ধার্য্য করিবার চুক্তি সম্বন্ধে অন্য কোন নিয়ম করা কর্ত্তব্য কি না এক্ষণে ইহাই কথা হইতেছে। আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তিই এরূপ কোন নিয়ম নির্দ্দেশ করিতে অনিচ্ছুক। অতএব সংশোধিত পাণ্ডুলিপিক্রমে ভূম্যধিকারী ও রায়ত উভয়েই এই বিষয়ে স্বাধীন রহিলেন। কেবলমাত্র (৫৭ ধারায়) এই বিধান করা গেল কোন দখলীস্বত্বশূন্য রায়তকে ভূমির দখল দেওয়া গেলে রেজিষ্টরী করা নিয়মপত্র ভিন্ন কিম্বা এই অধ্যায়ের যে কএকটি ধারার কথা শীঘ্রই বলা যাইবে তদুল্লিখিত প্রকারে না হইলে ঐ রায়তের খাজানা বৃদ্ধি করা যাইবে না।

৪৬। যে হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদ করা যাইতে পারে তদ্বিষয়ক ৫৮ ধারায় আমরা একটি প্রকরণ সংযোগ করিয়াছি। ঐ প্রকরণানুসারে উক্ত রায়তকে প্রথমবার রেজিষ্টরী করা পাট্টাক্রমে ভূমির দখল দেওয়া গেলে পাট্টার মিয়াদ অতীত হইয়াছে এইহেতু ধরিয়া উচ্ছেদ করা যাইতে পারিবে। কিন্তু আমরা পরবর্ত্তী (৫৯) ধারায় বিধান করিয়াছি যে মিয়াদ অতীত হইবার অন্যূন ছয় মাস থাকিতে রায়তের উপর উঠিয়া যাইবার নোটিস জারী করা না গেলে পাট্টার মিয়াদ অতীত হইয়াছে এইহেতু ধরিয়া উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা যাইবে না, এবং মিয়াদ অতীত হইবার ছয় মাসের পর উপস্থিত করা যাইবে না।

৪৭। আমরা দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদের নিমিত্ত ক্ষতিপূরণ দিবার বিধান সম্বন্ধীয় প্রকরণটি উঠাইয়া দিতে স্থির করিয়াছি এবং তৎপরিবর্ত্তে (৬০ ধারায়) এই বিধান করিয়াছি যে বর্দ্ধিত খাজানা দিতে অসম্মত এইহেতু ধরিয়া দখলীস্বত্বশূন্য কোন রায়তের নামে উচ্ছেদ করণার্থ মোকদ্দমা উপস্থিত করা গেলে আদালত উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিবেন। ঐ রায়তের পাঁচবৎসর কাল উক্ত খাজানায় ভূমি ভোগ করিবার অধিকার থাকিবে এবং তাহার পর প্রথম পাট্টার মিয়াদ অতীত হইলে যে নিয়মে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিত ইতিমধ্যে তাহার দখলীস্বত্ব না জন্মিলে সেই নিয়মে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিবে।

৭ম অধ্যায়।

কোর্ফা রায়তদের সম্বন্ধীয় বিধি।

৪৮। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপন ভোগের অর্দ্ধেক কোর্ফা বিলি করাতে তালুকদাররূপে পরিণত হইলে, তাহার কোর্ফা প্রজারা রায়তদের স্বত্ব ও সুবিধা ভোগ করিবার অধিকারী হইবে আমরা পূর্ব্বেই (২৬ ও ২৭ দফায়) পাণ্ডুলিপির অন্তর্গত এই নূতন বিধানের উল্লেখ করিয়াছি। যে কোর্ফা রায়তেরা এই বিধানের উপকারের অধিকারী নহে, উপস্থিত অধ্যায়ক্রমে তাহাদের কিয়ৎপরিমাণে রক্ষণোপায় লাভিত হইবে।

৬২ ধারার বিধান এই যে মুদ্রারূপ খাজানা দিয়া যে কোন কোর্ফা রায়ত ভূমি ভোগ করে, তাহার ভূম্যধিকারী নিজে যে খাজানা লেন, তাহার উপর নিম্নলিখিত শতকরার অধিক খাজানা আদায় করিতে পারিবেন না, অর্থাৎ,

(ক) রেজিষ্টরীকরা পাট্টা বা নিয়মপত্রক্রমে কোর্ফা রায়তদের খাজানা দেওয়া গেলে, শতকরা পঞ্চাশ টাকার, ও

(খ) অন্য কোন স্থলে, শতকরা পঁচিশ টাকার।

আর ৬৩ ধারায় এই বিধান করা গিয়াছে কোন কৃষি বৎসরের শেষে না হইলে এবং উক্ত বৎসর গত হইবার অন্যূন ছয় মাস থাকিতে নির্দ্দিষ্ট প্রকারে কোন কোর্ফা রায়তের উপর উঠিয়া যাইবার নোটিস জারী করা না গেলে পর তদীয় ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

৮ম অধ্যায়।

খাজানা বিষয়ক সাধারণ বিধান।

৪৯। এই অধ্যায়ের প্রথমেই তালুকদার ও রায়তদের অবধারিত হারে ভূমি ভোগ করণবিষয়ক স্বত্ব সম্বন্ধে বিধান আছে। এই বিধানগুলি তালুকদার সম্বন্ধীয় মূল অধ্যায়ের প্রথম ভাগহইতে স্থানান্তরিত করা হইয়াছে। ইহার মধ্যে যে সকল পরিবর্ত্তন করা গিয়াছে তাহার একটির কথা এস্থলে বলা আবশ্যক। ৬৪ ধারার অন্তর্গত (২) উপধারায় একটি প্রকরণ সংযোগ করা গিয়াছে। ইহার বিধান এই যদি চিরস্থায়ী তালুকি অবধারিত হারে ভোগকৃত প্রজাস্বত্ব রেজিষ্টরী করিতে হইবে বলিয়া পরে কোন আইন প্রণীত হয়, তবে যে সকল প্রজাস্বত্ব নির্দ্দিষ্ট সময়ের মধ্যে রেজিষ্টরী করা না হয়, তাহার প্রতি বিশ বৎসর ভোগ ঘটিত সুবিদিত অনুমানটি বর্ত্তিবে না। আমরা অবগত হইয়াছি স্থানীয় গবর্ণমেণ্টের বঙ্গদেশীয় ব্যবস্থাপকসভায় পূর্ব্বোক্ত ভাবের রেজিষ্টরী করণ প্রথা প্রচলিত করণার্থে শীঘ্রই আইনের এক খানি পাণ্ডুলিপি উপস্থিত করিবার অভিপ্রায় আছে। যদি ঐ পাণ্ডুলিপি আইনে পরিণত হয়, তাহা হইলে ব্যবস্থা গ্রন্থে পূর্ব্বোক্ত অনুমানের কথাটি অপরিবর্ত্তিত থাকাতে ভূম্যধিকারীদের যে কষ্ট হয় বলিয়া তাঁহারা আক্ষেপ করিয়া থাকেন ঐ আইন ও পূর্ব্বোক্ত প্রকরণক্রমে অন্ততঃ অবধারিত হারে ভোগকৃত প্রজাস্বত্বসম্বন্ধে সেই কষ্টের উত্তমরূপ প্রতিকার হইবে। স্বত্বের লিপি প্রস্তুত হইবার পরেও ঐ অনুমান আর খাটিবে না (পরবর্ত্তী ৭৭ দফা দেখ)।

৫০। কোন তালুকের অন্তর্গত ভূমির সহিত ভূমি যোজিত হওয়াতে ঐ তালুকের খাজানায় টাকা যোগ করিবার সময়ে লভ্য, মুঁকি ও আদায়ের খরচা বলিয়া শত করা ত্রিশ টাকা ধরিয়া দিতে হইবে মূলপাণ্ডুলিপির ৯৬ ধারার উল্লিখিত দৃঢ় ও অলঙ্ঘ্য এই বিধিটি তুল্যভাবের ৬৬ (২) ধারা হইতে উঠাইয়া দিয়া আমরা কেবল এই মাত্র বিধান করিলাম যে, তালুকদার আপনার তালুকের খাজানা সম্বন্ধে যত লভ্য পাইতে স্বত্ববান আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

৫১। আমরা খাজানার কিস্তি বিষয়ক (৬৭) ধারা হইতে মূল পাণ্ডুলিপির ৯৮ ধারা সংযুক্ত কিয়ৎপরিমাণে জটিল উপবিধিটি অনাবশ্যক বলিয়া উঠাইয়া দিয়াছি।

৫২। আমরা ৬৮ ধারার একটি প্রকরণ সংযোগ করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ক্ষমতা প্রদান করিয়াছি যে তাঁহারা পরীক্ষার্থে প্রজাকে পোষ্টাল মণিঅর্ডরক্রমে খাজানা দিবার ক্ষমতা দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন। আমাদিগের বিবেচনায় টাকা দিবার এই প্রণালীটি কোন কোন স্থলে সুবিধা জনক বোধ হইতে পারে।

৫৩। আমরা ৭০ ও ৭১ ধারায় প্রজাকে দেয় খাজানার কবজে ও হিসাবে যে সকল বিষয় লিখিতে হইবে তাহা দৃঢ় রূপে নির্দ্দেশ না করিয়া ওকনীলে ঐ২ দলীলের পাঠ দিয়া স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি সুবিধা বোধ হইলে তাহা পরিবর্ত্তন করিবার ক্ষমতা প্রদান করিলাম।

৫৪। আমরা ৭০ (৪) ধারায় মূল পাণ্ডুলিপির অন্তর্গত তুল্য ভাবের [১০০ (৪) ধারার] বিধানের দৃঢ়তা শিথিল করিয়া দিয়াছি। এক্ষণে এই বিধান করা গেল, যে প্রত্যেক কবজে সারতঃ আদেশমত সমস্ত বিশেষ কথা না থাকে তাহা যে তারিখে দেওয়া যায় সেই তারিখ পর্য্যন্ত খাজানার সমুদয় দাওয়ার সম্পূর্ণ নিষ্কৃতিপত্র বলিয়া গণ্য না হইয়া "বিপরীত দর্শান না গেলে" এইরূপ অনুমান হইবে।

৫৫। খাজানা আদায়ত করা গেলে তাহা ফিরাইয়া লইবার প্রার্থনাপত্রে যাহাতে কোর্ট ফী না লাগে তাহার বিধান করিবার নিমিত্তে কেহ২ আমাদিগকে পরামর্শ দিয়াছেন। এইরূপ হওয়া আমরা বাঞ্ছনীয় বোধ করি; কিন্তু শাসনকার্য্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষদিগের এই বিষয়ে ব্যবস্থা করিবার ক্ষমতা আছে বলিয়া তাঁহাদিগের হস্তেই ইহার ভার রাখা হইল।

৫৬। যে যোত হস্তান্তর করা যাইতে না পারে, বাকী খাজানার নিমিত্ত সেই যোত হইতে উদ্ভেদ করিবার বিধান বিষয়ক (৭৮) ধারার একটি উপধারা সংযোগ করিয়া আমরা, বিশেষ কারণ থাকিলে আদালত খাজানা দিবার নির্দ্দিষ্টকাল বাড়াইয়া দিতে পারিবেন, আদালতের প্রতি এই ক্ষমতা প্রদান করিলাম।

৫৭। ভাওলী যোতের উৎপন্ন ফসল বিভাগ বা যাচাই করণার্থে কালেক্টর সাহেব কোন কর্ম্মচারী প্রেরণ করিতে পারিবেন, তাঁহার প্রতি আমরা এই ক্ষমতা প্রদান করিলাম। স্বার্থবিশিষ্ট অন্যতর পক্ষের প্রার্থনামতে এবং অন্য যে কোন স্থলে জিলার বা মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের মতে ঐরূপ কার্য্য করিলে শান্তিভঙ্গ নিবারিত হইবার সম্ভাবনা সেই স্থলে কালেক্টর সাহেব তাহা করিতে পারিবেন। [৮১ (২) ধারা]

৫৮। যে কর্ম্মচারীকে প্রেরণ করা যায় তাঁহার প্রদত্ত রিপোর্টের উপর কালেক্টর সাহেব সকল স্থলেই যে আজ্ঞা ন্যায্য বোধ করেন সেই আজ্ঞা করিতে পারিবেন, তাঁহার প্রতি আমরা এই ক্ষমতা প্রদান করিয়া এই বিধান করিলাম যে পক্ষদের মধ্যে যে কোন বিষয়ে বিবাদ থাকে তাহা দেওয়ানী আদালতের নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করা উপযুক্ত বিবেচনা না করিলে তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে ও ডিক্রীর ন্যায় প্রবল করা যাইতে পারিবে। [৮২ (৪) ও (৫) ধারা] মূল পাণ্ডুলিপিক্রমে পক্ষদিগকে প্রথম স্থলেই উপকার লাভার্থে দেওয়ানী আদালতে যাইতে হইত, এক্ষণে যে কার্য্যপদ্ধতি নির্দ্দিষ্ট হইল তাহা আমাদিগের বিবেচনায় অধিকতর সরল ও সুবিধাজনক।

৫৯। মূল পাণ্ডুলিপির ১১৭ ধারার পরিবর্ত্তে আমরা পার্শ্বলিখিত ধারাটি সন্নিবেশ করিয়াছি

শস্যের দখল সম্বন্ধে স্বত্ব ও দায়ের কথা।

৮৩ ধারা। (১) উৎপন্ন ফসল যাচাই করিয়া খাজানা লওয়া গেলে, সমস্ত ফসল দখলে রাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(২) উৎপন্ন ফসল বিভাগ করিয়া খাজানা লওয়া গেলে যাবৎ উহা বিভাগ করা না হয়, তাবৎ সমস্ত ফসল দখলে রাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(৩) উভয় স্থলেই ভূম্যধিকারীর পক্ষে কোন হস্তক্ষেপ ব্যতিরেকে প্রজা কৃষি কার্য্যের নিয়মিতকালে ফসল কাটিয়া সংগ্রহ করিতে পারিবেন, কিন্তু যাহাতে যথাকালে উপযুক্ত যাচাই বা বিভাগ করিবার বাধা হয় এরূপ সময়ে বা এরূপ প্রকারে ফসলের কোন অংশ স্থানান্তর করিতে পারিবেন না।

(৪) যদি প্রজা ফসলের কোন অংশ এরূপ সময়ে বা এরূপ প্রকারে স্থানান্তর করেন, যাহাতে যথাকালে তাহার যাচাই বা বিভাগ করিবার বাধা হয়, তবে শস্য সংগ্রহের সময়ে নিকটস্থ সেই প্রকারের ভূমিতে সেই প্রকারের শস্য সর্ব্বাপেক্ষা পূর্ণ পরিমাণে যত যাচাই হয়, ফসল তত হইয়াছিল বলিয়া জ্ঞান করা যাইবে।

যেস্থলে উৎপন্ন যাচাই বা বিভাগ করিয়া খাজানা লওয়া যায়, সেস্থলে ফসলের দখল সম্বন্ধে ভূম্যধিকারী ও প্রজার স্বত্ব ও দায়ের বিষয়ে এই ধারায় সংক্ষেপে প্রকৃষ্টরূপবিধান করাগিয়াছে

মূল পাণ্ডুলিপির ১১৭ ধারার দণ্ড বিষয়ক বিধানটি এই স্থলে গৃহীত হইল না, কারণ ১৯ শ অধ্যায়ের (২২০ ধারা) মধ্যে দণ্ড বিষয়ক সাধারণ যে প্রকরণ সন্নিবেশ করা গিয়াছে তাহাতেই উক্ত বিষয়ের যথেষ্ট বিধান দৃষ্ট হইবে।

৯ম অধ্যায়।

ভূম্যধিকারী ও প্রজা বিষয়ক বিবিধ বিধান।

৬০। আমরা একটি নূতন ধারা (৮৮) সন্নিবেশ করিয়া বিধান করিলাম যে, রায়ত অবধারিত খাজানায় কিম্বা অবধারিত খাজানার হারে ভূমি ভোগ করিলে, তদীয় ভূম্যধিকারী তাহাকে কোন উৎকর্ষসাধন করিতে বাধা দিতে পারিবেন না।

৬১। আমরা ৮৯ (৩) ধারায় মৎপ্রস্তাবিত-অবধারিত রায়ত ও তদীয় ভূম্যধিকারীর মধ্যে

(ক) রায়তের উৎকর্ষসাধন করিবার স্বত্ব সম্বন্ধে ও

(খ) কোন বিশেষ কার্য্য উৎকর্ষসাধন কি না এতৎ সম্বন্ধে,

কোন বিবাদ উত্থিত হইলে কালেক্টর সাহেবের প্রতি তাহা চূড়ান্তরূপ নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিয়াছি।

৬২। উৎকর্ষসাধন ঘটিত বিবাদের সহজে নিষ্পত্তি হইতে পারিবার নিমিত্ত আমরা মধ্যপ্রদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৩ সালের আইনের ৮০ ধারা অবলম্বন করিয়া একটি ধারা (৯২) প্রণয়ন করিয়াছি। এই ধারার বিধান এই যে কোন ভূম্যধিকারী কি প্রজা যে উৎকর্ষসাধন করা যায় তাহার প্রমাণ লিপিবদ্ধ করিয়া রাখিতে চাহিলে কোন রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারীর নিকট প্রার্থনা করিতে পারিবেন, এবং কোন বিষয় এরূপ লিপিবদ্ধ করা গেলে পক্ষদের মধ্যে পরে যে কোন আনুষ্ঠানিক কার্য্য হয় তাহাতে ঐ লিপিবদ্ধ কথা প্রমাণ মধ্যে গ্রাহ্য হইতে পারিবে। ৩৭ দফার লিখিত মত ভূম্যধিকারী কৃত উৎকর্ষসাধন রেজিষ্টরী করিবার বিধান করিয়াও আমরা একটি ধারা (৯১) প্রণয়ন করিলাম।

৬৩। মূল পাণ্ডুলিপির ১২৯ (৪) ধারার বিধান এই ছিল, যদি ইহা দেখান না যায়, যে ভূম্যধিকারী রায়তকে উৎকর্ষসাধন করিতে নিষেধ করিয়াছিলেন, এবং আপনি তাহা করিতে প্রস্তুত ছিলেন, তবে এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে রায়ত যে উৎকর্ষসাধন করেন, তাহা এই আইন অনুসারে করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে। এই ধারার পরিবর্ত্তে আমরা একটি উপধারা [৯৩ (৪) ধারা] সন্নিবেশ করিয়া বিধান করিলাম যে ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখ অর্থাৎ উক্ত পাণ্ডুলিপি উপস্থিত করিবার তারিখ ও এই আইন প্রচলিত হইবার সময়ের মধ্যে রায়ত যে উৎকর্ষসাধন করেন, তাহা এই আইন অনুসারে করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে। ঐ পাণ্ডুলিপি উপস্থিত করিবার তারিখের পূর্ব্বে কোন উৎকর্ষসাধন করা গেলে এই ধারা তাহার প্রতি ভূতকাল সম্পর্কে বর্ত্তিবার পক্ষে বাধা হইবে।

৬৪। উৎকর্ষসাধনের নিমিত্তে ক্ষতিপূরণস্বরূপ যে টাকা দেয় হয় তাহা নিরূপণকালে আদালত-কর্ত্তৃক যে২ বিষয় বিবেচিত হইবে, আমরা ৯৪ ধারায় কিয়ৎপরিমাণে তাহার সংখ্যা বৃদ্ধি করিয়া দিয়াছি। নূতন যে কথাগুলি সংযোগ করা গিয়াছে তাহার মধ্যে এইগুলি গুরুতর অর্থাৎ উৎকর্ষসাধনের ফল যত কাল স্থায়ী হইবার সম্ভাবনা তদ্বিবেচনায় ঐ উৎকর্ষসাধনের অবস্থার প্রতি এবং "ভূমি কৃষি কার্য্যোপযোগী করা গেলে, কিম্বা অসেচিত ভূমি সেচিত ভূমিতে পরিণত করা গেলে, রায়ত যত কাল অবচ্ছিন্ন খাজানায় উৎকর্ষসাধনের লাভ ভোগ করিয়াছেন" সেই কালের প্রতি আদালতের দৃষ্টি রাখিতে হইবে।

৬৫। মধ্য প্রদেশের প্রজাস্বত্ববিষয়ক ১৮৮৩ সালের আইনের ৩৩ ধারা অবলম্বন করিয়া আমরা প্রজা কর্ত্তৃক ইস্তফা করণ বিষয়ক (৯৫) ধারাটি নূতন করিয়া প্রণয়ন করিয়াছি এবং কোন২ লোকের এই বিষয়ে একটি ভ্রান্ত সংস্কার আছে বলিয়া তাহার দূরীকরণার্থে একটি উপধারা (৫) যোগ করিয়া স্পষ্টরূপে বিধান করিয়াছি যে কোন রায়ত আপন ষোত ইস্তফা করিলে, ভূম্যধিকারী ঐ ষোতে প্রবেশ করিয়া উহা কোন প্রজাকে জমা করিয়া দিতে কিম্বা নিজে চাষ করণার্থ লইতে পারিবেন।

৬৬। আপাততঃ দেখিলে বোধ হয় যে রায়ত আপন ষোত পরিত্যাগ করিয়াছে কিন্তু ঐ ষোত যে পরিত্যাগ করিয়া গিয়াছে ইহা নির্বিঘ্ন রূপে ধরিয়া লইতে পারা যায় কি না এবং উহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দেওয়া যায় কি না ভূম্যধিকারী ইহা নিশ্চয় বুঝিতে পারেন না। এইরূপস্থলে যে অসুবিধা অনুভূত হয় আমরা পার্শ্বলিখিত ধারা প্রণয়ন করিয়া তাহা নিরাকৃত করিবার চেষ্টা পাইয়াছি।

৯৬ ধারা। পরিত্যাগের কথা।

(১) কোন রায়ত আপন ভূম্যধিকারীকে নোটিস না দিয়া ও খাজানা যেমন দেনা হয়, তাহা দিবার বন্দোবস্ত না করিয়া যদি আপন বাকী ত্যাগ করে, ও নিজে বা অন্য কোন ব্যক্তি দ্বারা আপন ষোত আর চাষ না করে, তবে রায়ত যে কৃষি বৎসরে ঐরূপ ত্যাগ করিয়া যায়, ও চাষ করিতে বিরত হয়, সেই কৃষি বৎসর অতীত হইবার পর যে কোন সময়ে ভূম্যধিকারী ঐ ষোতে প্রবেশ করিয়া তাহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দিতে পারিবেন, কিম্বা নিজে চাষ করণার্থ লইতে পারিবেন।

(২) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন ষোতে প্রবেশ করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে নির্দ্দিষ্ট পাঠে নোটিস প্রচার করাইবেন। তাহাতে এই কথা লেখা থাকিবে যে, তিনি উক্ত ষোত পরিত্যক্ত জ্ঞান করিয়া তাহাতে প্রবেশ করিয়াছেন।

(৩) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন ষোতে প্রবেশ করিলে, ঐ নোটিস প্রচার করিবার তারিখ অবধি দুই বৎসর কিম্বা দখলীয়ত্বশূন্য রায়ত হইলে, ছয়মাস অতীত না হওয়া পর্য্যন্ত ঐ রায়ত যে কোন সময়ে উক্ত ভূমির দখল ফিরিয়া পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে। তাহা হইলে যে সকল ব্যক্তি ক্ষতিগ্রস্ত হয় তাহাদের ক্ষতি পূরণ সম্বন্ধে আদালত যেরূপ (যদি কোন) শর্ত্ত ন্যায্য বোধ করেন, সেই শর্ত্তে দখল ফিরিয়া পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

৬৭। কোন ভূম্যধিকারী প্রজার সম্মতি বিনা কিম্বা কালেক্টর সাহেবের অনুমতি বিনা দশ বৎসরে একবারের অধিক ভূমি মাপ করিতে পারিবেন না এই বিধিবদ্ধ ৯৯ ধারায় আমরা নিম্নলিখিত স্থল বর্জ্জিত স্থল বলিয়া নির্দ্দেশ করিয়াছি, অর্থাৎ—

(ক) যে স্থলে ষোতের পরিমাণ, কিম্বা তাহা কি পৈতৃকীহেতুক বৎসর২ পরিবর্ত্তন হইতে পারে ও দেয় খাজানা ঐ পরিমাণের উপর নির্ভর করে।

(খ) যে স্থলে চাষের ভূমির পরিমাণ বৎসর২ পরিবর্ত্তন হইতে পারে এবং দেয় খাজানা চাষের ভূমির পরিমাণের উপর নির্ভর করে।

(গ) যে স্থলে ভূম্যধিকারী ইচ্ছাপূর্ব্বক হস্তান্তরক্রমে না হইয়া অন্যপ্রকারে খরিদার হন এবং খরিদক্রমে দখল করিবার তারিখ অবধি দুই বৎসরের অধিক কাল গত হয় নাই।

৬৮। মাপের কষ্টি বিষয়ক ১০১ ধারায় আমরা একটি উপধারা সন্নিবেশ করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি স্থানীয় তদন্ত লইবার পর কোন স্থানে যে বা যেং মানদণ্ড ব্যবহৃত হয় তাহা নির্দ্দেশ করিয়া বিধি প্রণয়ন করিবার ক্ষমতা প্রদান করিয়াছি এবং ঐরূপে যে নির্দ্দেশ করা যায় তাহা বিপরীত দর্শান না গেলে শুদ্ধ বলিয়া অনুমান হইবে এই বিধান করিয়াছি। আমাদিগের বিবেচনায় ইহাতে মূল পাণ্ডুলিপির ১৩৮ ধারার আর প্রয়োজন থাকিতেছে না, অতএব ঐ ধারাটি আমরা উঠাইয়া দিলাম। ভূমি মাপ করণ বিষয়ক অন্যান্য বিধান স্বত্বের লিপিসম্বন্ধীয় ১০ ম অধ্যায়ের মধ্যে দৃষ্ট হইবে।

৬৯। কোন মহাল কিম্বা তালুকের সহাধিকারিদের পক্ষে কার্য্য করণার্থে কার্য্যাধ্যক্ষ নিয়োগ বিষয়ক এই অধ্যায়ের অন্তর্গত পরিচ্ছেদে আমরা একটি ধারা (১০৯) সংযোগ করিয়া হাই কোর্টের প্রতি কার্য্যাধ্যক্ষদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দেশ করিয়া বিধি প্রণয়ন করিবার ক্ষমতা প্রদান করিয়াছি।

৭০। স্বত্বনিরূপণ বিষয়ক ধারাটি আমরা ত্যাগ করিয়াছি। ঐ ধারাটি থাকিলে দখলীস্বত্ব ভূম্যধিকারীর হস্তে রক্ষিত হওয়াতে তদীয় প্রজাদিগকে কোর্ট রায়তের অবস্থায় পতিত হইতে হয়, সুতরাং উপস্থিত পাণ্ডুলিপি প্রণেতৃগণের যাহা বিশেষ লক্ষ্য স্থল তদ্বিবেচনায় ঐ ধারাটি আমাদিগের মতে বিশেষ আপত্তিযোগ্য। আবার ঐ ধারাটি রক্ষিত হইলে উপযুক্ত কারণ না থাকিলেও যে কোন ব্যক্তির ঐ ধারা ক্রমে সম্পত্তিসংক্রান্ত আইনের অটিলতা ঘটাইবার প্রচুর ও যথেচ্ছ ক্ষমতা থাকে। ঐ জটিলতায় প্রতারণার সহায়তা হইবার সম্ভাবনা। সুতরাং সাধারণ উদ্দেশ্য বিবেচনা করিলে ও ঐ ধারাটির প্রতি গুরুতর আপত্তি উত্থাপিত হইতে পারে।

আমাদিগের বিবেচনায় এই পাণ্ডুলিপির উপস্থিত প্রয়োজন দখলীস্বত্বসম্বন্ধীয় অধ্যায়ের মধ্যে সন্নিবেশিত (২৮) ধারার বিধানক্রমেই যথেষ্টরূপে সাধিত হইবে। এই ধারার কথা পূর্ব্বেই (১২ দফায়) আমরা বলিয়াছি। মাননীয় জষ্টিস শ্রীযুত ফিলড সাহেব এই বিষয়ে যে মত প্রকাশ করিয়াছেন তাহা উত্তমরূপ বিবেচনা করিয়া এতৎসংক্রান্ত অন্যান্য বিষয় সম্বন্ধে আমাদিগের এই সংস্কার হইয়াছে যে স্বত্বনিরূপণঘটিত প্রস্তাবটি কিয়ৎপরিমাণে উপস্থিত আইনের ন্যায্য অধিকারের বহির্ভূত।

১০ম অধ্যায়।

স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত করিবার বিধি।

৭১। উপরি উক্ত দুইটী বিষয় লইয়া মূল পাণ্ডুলিপিতে যে দুইটী অধ্যায় ছিল তাহা এক অধ্যায়ের মধ্যে সংগ্রহ করা এবং সহজতর বিষয়টীর অর্থাৎ স্বত্বের লিপি বিষয়ক কথা প্রথমে বলা আমরা সুবিধা বোধ করিলাম।

৭২। স্বত্বের লিপি না থাকার জন সাধারণে কখনং, বিশেষতঃ কোন মহাল কি তালুক নীলামক্রমে বলপূর্ব্বক বিক্রয় করা গেলে যে ব্যক্তি তাহা ক্রয় করেন তিনি যে অসুবিধা অনুভব করেন, আমাদিগের বোধ হয় যে ১১২ সংখ্যক নূতন ধারাক্রমে তাহা দূরীকৃত হইবে। এই ধারাক্রমে বিশেষ কএকটী নিয়মাধীনে ভূস্বামী কি তালুকদারের প্রার্থনামতে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী স্বত্বের লিপি প্রস্তুত করিতে পারিবেন।

৭৩। ইহা দৃষ্ট হইবে যে স্বত্বের লিপি প্রস্তুত করিবার প্রণালী সম্বন্ধে গুরুতর একটী পরিবর্ত্তন করা গিয়াছে। মূল পাণ্ডুলিপির ১২শ অধ্যায়মত সকল স্থলেই, অর্থাৎ, লিপিমধ্যে যে কথা ধরিতে হইবে তাহা লইয়া বিবাদ থাকুক বা না থাকুক, সরাসরী কার্য্যবিধান নির্দ্দিষ্ট হইয়াছিল, সুতরাং সকল-স্থলেই একই ফল হইত অর্থাৎ লিপির মধ্যে কোন কথা ধরা গেলেই তাহা দৃষ্টিমাত্রই শুদ্ধ বলিয়া অনুমান করা যাইত, কিন্তু দেওয়ানী আদালতে তাহার গুরুতর প্রতিবাদ করা যাইতে পারিত। পক্ষান্তরে সংশোধিত পাণ্ডুলিপিতে স্বত্বের লিপি প্রথমেই প্রকাশিত হইবার বিধান করিয়া আপত্তি উত্থাপন করিবার অধিকতর সুবিধা করিয়া দেওয়া গিয়াছে। লিপির মধ্যে কোন কথা ধরা গিয়া থাকিলে কি ধরিবার প্রস্তাব করা গেলে যদি তাহার প্রতিবাদ করা হয়, তবে রাজস্বসংক্রান্ত কর্ম্মচারীকে দেওয়ানী আদালতের নিয়মিত কার্য্যপদ্ধতি অনুসারে ঐ বিবাদ সম্বন্ধে তদন্ত লইতে হইবে এবং তাঁহার কৃত নিষ্পত্তি ডিক্রীর ন্যায় প্রবল হইবে। বিশেষ যে জন্য তদ্রূপ সকল আপীল শুনিবার নিমিত্ত নিযুক্ত হন ঐ নিষ্পত্তির বিরুদ্ধে প্রথমতঃ তাহারই নিকট আপীল হইতে পারিবে ও পরে দ্বিতীয় আপীল সম্বন্ধীয় সাধারণ নিয়মাধীনে হাই কোর্টে আপীল হইতে পারিবে। সুতরাং লিপির বর্ণিত কোন কথা লইয়া বিবাদ হইলে, সকল স্থলেই বিবাদের বিষয়টি যে সকল কথার নিষ্পত্তি হইয়া গিয়াছে তাহার ন্যায় গণ্য হইবে। লিপি প্রথমে প্রকাশ করণের পর আপত্তি উত্থাপিত করণের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে যে স্থলে কোন আপত্তি উপস্থিত করা না যায়, লিপির বর্ণিত কথা সেই স্থলে অবিসংবাদিত বলিয়া চিহ্নিত করা যাইবে এবং মূল পাণ্ডুলিপির প্রস্তাবিত মতে যাবৎ বিপরীত দর্শান না যায় তাবৎ শুদ্ধ বলিয়া অনুমিত হইবে। উক্ত সকল কার্য্য বহু বিস্তারে সংঘটিত হইবে বিবেচনায় এবং স্বত্বের লিপি যেরূপেই প্রকাশিত হউক না কেন স্বার্থযুক্ত প্রত্যেক ব্যক্তিই যে তাঁহার সম্বন্ধে ঐ লিপির মধ্যে

যে কথা ধরা যায় তাহার যথার্থ ভাব হৃদয়ঙ্গম করিতে পারিবেন ইহা নিঃসন্দিগ্ধরূপে জানিতে পারিবার সম্ভাবনা নাই বলিয়া আমরা লিপির অন্তর্গত অবিসংবাদিত কথাগুলি যত দূর প্রামাণিক হইবে বলিয়া উল্লেখ করিয়াছি তদপেক্ষা অধিকতর প্রামাণিক বলিয়া নির্দ্দেশ করিতে সাহসী হইলাম না।

৭৫। যে কার্য্যকে "খাজানার বন্দোবস্ত" বলা হইয়াছে তাহাতে স্বত্বের লিপি প্রস্তুত করণ এবং দখলীস্বত্ববিশিষ্ট প্রজা ও তালুকদারেরা অবধারিত খাজানায় না হইয়া অন্যপ্রকারে ভূমি ভোগ করিলে ভূম্যধিকারী বা প্রজা উভয়ে সকল খাজানার বন্দোবস্ত করিয়া দিবার প্রার্থনা করেন সেই সকল খাজানার বন্দোবস্ত বুঝাইবে।

কোন মোকের খাজানার বন্দোবস্ত করা যাইতে পারে কি না এবং করা যাইতে পারিলে কত টাকায় তাহা নিরূপণ করিতে হইবে এইগুলি বড় জটিল ভাবের প্রশ্ন এবং দুটি বিভিন্ন পর্য্যায়ের যুক্তির উপর স্থাপিত। প্রথমতঃ প্রজা সম্বন্ধের আনুষঙ্গিক ভূমির পরিমাণ প্রজা স্বত্ব ও যে নিয়মে তিনি ভূমি ভোগ করেন এইরূপ অনেক বিষয়ঘটিত প্রস্তাবের উপর পূর্ব্বোক্তপ্রশ্ন গুলির নিষ্পত্তি নির্ভর করে। ঐ প্রশ্নের মধ্যে আইনঘটিত এমন নানা কথা থাকিবার সম্ভাবনা যাহা সন্তোষজনক ভাবে নিষ্পত্তি করিতে হইলে পরিশেষে উচ্চতম বিচারালয়ে আপীল হইবার ব্যবস্থা থাকা প্রয়োজন। দ্বিতীয়তঃ এ প্রশ্নগুলির অর্থনীতিঘটিত অনেক বিষয়ের সহিত অর্থাৎ বিভিন্ন সময়ে শস্যের দর, ও এবং উৎপাদনসাধনের ফল প্রভৃতি অনেক বিষয়ের সহিত ঘনিষ্ট সম্বন্ধ আছে। সকলেই স্বীকার করেন যে প্রথম স্থলেই হউক আর আপীল ক্রমেই হউক স্থানীয় তদন্ত না হইলে এবং বিচার্য্য বিষয়ে বিশেষ অভিজ্ঞ ব্যক্তি ভিন্ন এই সকল বিষয় লইয়া যথাযথ কার্য্য করা যাইতে পারে না। পূর্ব্বোক্ত দুইটি বিষয় স্বতন্ত্র করিয়া যাহাতে প্রত্যেকটি বিশেষ ব্যক্তি কর্তৃক বিচারপূর্ব্বক নিষ্পত্তি হইবার প্রকৃষ্ট বিধান করা যাইতে পারে ইহাই আমি দিগের বিবেচনা স্থল হইয়াছিল। এই প্রশ্নের যে মীমাংসা মূল পাণ্ডুলিপিতে প্রস্তাবিত হইয়াছিল, তাহা ঐ পাণ্ডুলিপির ১৬০ ধারায় দৃষ্ট হইবে। স্বত্বের লিপি সংক্রান্ত কার্য্যপদ্ধতির মধ্যে যে পরিবর্ত্তনের পূর্ব্বেই উল্লেখ করা গিয়াছে তাহাতে এবং অনেক বিশেষতঃ বিচারপটু ও স্থানীয় কর্ম্মকার্য্যপদ্ধতি সম্বন্ধে বিশেষজ্ঞ কর্ম্মচারী বিশেষ জজরূপে নিযুক্ত হইবেন পাণ্ডুলিপির উল্লিখিত এই বিধানক্রমে পূর্ব্বোক্ত প্রশ্নের অধিকতর সন্তোষজনক উত্তর পাইবার পক্ষে সাহায্য হইবে বোধ হয়। আমরা এক্ষণে এই প্রস্তাব করি যে, যে খাজানার বন্দোবস্ত করা যায় কি বন্দোবস্ত করিবার প্রস্তাব করা যায় তৎসম্বন্ধে বিবাদ উপস্থিত হইলে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী স্বত্বের লিপির অন্তর্গত কোন কথা-ঘটিত বিবাদের ন্যায় উক্ত বিবাদের নিষ্পত্তি করিবেন, ও পরে ঐ সমস্ত বিষয়ের আপীল বিশেষ জজের নিকট হইতে পারিবে এবং স্বত্বের লিপির অন্তর্গত যে কথা বিবেচনায় খাজানার বন্দোবস্ত করা গিয়াছে তাই কোর্ট দ্বিতীয় আপীলে সেই কথা উপলক্ষে বিশেষ জজের নিষ্পত্তি অন্যথা না করিলে ঐ নিষ্পত্তিই চূড়ান্ত হইবে। এইস্থলে হাই কোর্ট নূতন করিয়া খাজানা নিরূপণ করিয়া দিতে পারিবেন, কিন্তু চলিতরীতি লিখিত অন্য নানা খাজানাদেরই তাহা করিতে হইবে। অর্থাৎ খাজানার অত্যধিকতা অভাবপক্ষে করিয়া দাবা করা হইয়াছে কেবল এই হেতুবাদেই হাই কোর্টে দ্বিতীয় আপীল হইতে পারিবে না কিন্তু এ কয়েকটি বিষয়ে বুদ্ধিবার ভুল হইয়াছে বলিয়া, যথা কোন মোকের মূল্য এতদ্ভিন্ন সমক্ষমী আছে এতদপেক্ষা অধিক কি কম আছে ধরিয়াছেন এই প্রকার হেতুতে দ্বিতীয় আপীল করা যায় না। দ্বিতীয় আপীল করা গেলে ও আপীলকারী কৃতকার্য্য হইলে, হাই কোর্ট খাজানার হার পরিবর্ত্তন না করিয়া স্থলবিশেষে খাজানা কমাইয়া কি বাড়াইয়া দিতে পারিবেন।

৭৭। আমরা [illegible] কোন মোকের খাজানার টাকা ধার্য্য করিবার নিয়ম [illegible] তাহা করিলে মোকের [illegible] তাহার প্রার্থনামতে [illegible] হইতে [illegible] উৎপন্ন [illegible] ন্যায়সঙ্গত কারণ [illegible]।

৭৮। খাজানা দিতে হইবার বিষয়ক [illegible] এক্ষণে স্বত্বের লিপি প্রস্তুত করণ ও খাজানার বন্দোবস্তকরণ এই উভয় বিষয়ের প্রতিই [illegible]।

৭৯। এই অধ্যায়ের আর একটি বিষয়ের অর্থাৎ ১২২ সংখ্যক নূতন ধারার বিধানের বিষয় কিছু বলা আবশ্যক। বিধানটি এই। কোন প্রস্তাব করা সম্বন্ধে বিশেষ করা এই অধ্যায়ে লিখিবদ্ধ করা গেলে অবধারিত খাজানায় ভিন্ন ভূমি ভোগ করিলে যে অনুমান করা গিয়া থাকে বলিয়া সকলেই অবগত আছেন তাহা আর খাটিবে না।

১১শ অধ্যায়।

কার্য্যক্রম তালিকা বিষয়ক বিধি।

৮৮। এই অধ্যায়ের লিখিত বিষয় বিবেচনা করিবার সময়ে আমরা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অভিপ্রায়ানুসারে কার্য্য করিয়াছি। যে সকল তদন্তলওয়া হইয়াছে তদ্দৃষ্টে বোধ হয় যে খাজানার [illegible] মধ্যে বিলক্ষণ বিভিন্নতা আছে বলিয়া অনেক স্থলেই কোন বৃহৎ মহাল খাটিতে পারে এমন সাধারণ তালিকা প্রস্তুত করা অসাধ্য। কিন্তু রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী কর্তৃক খাজানার সাধারণ

বন্দোবস্ত করণের প্রস্তাব অপেক্ষা তৎকর্ত্তৃক বিশেষ স্থানের নিমিত্ত হারের উক্তরূপ তালিকা প্রস্তুত করিলে ভাল হয়, বঙ্গদেশের গবর্ণমেণ্ট এইরূপ বিবেচনা করেন। প্রথমোক্ত স্থলে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী স্বয়ং যে ভূমি লইয়া বিবাদ তথায় যাইয়া বিবাদের নিষ্পত্তি করিবেন। কিন্তু শেষোক্ত স্থলে তিনি কেবল যে সকল সাধারণ বৃত্তান্ত অনুসরণ করিয়া আদালতের কার্য্য করিতে হইবে সেই গুলিই নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিবেন। আদালতের সম্মুখে যে বিবাদের স্থল উপস্থিত করা যায় আদালত রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারীদের নিরূপিত সাধারণ বৃত্তান্ত গুলি সেই স্থলে খাটাইবেন। অতএব দুই একটি সামান্য পরিবর্ত্তন করিয়া আমরা এই কার্য্যপদ্ধতি অব্যাহত রাখিয়াছি। কিন্তু মূল পাণ্ডুলিপিতে ইহার যেরূপ গুরুত্ব ছিল এক্ষণে তাহা আর থাকিবে না।

১২শ অধ্যায়।

ভূস্বামীর নিজজমীর কথা লিপিবদ্ধ করিবার বিধি।

৭৯। খামার বা জেরাতভূমি সংক্রান্ত কঠিন প্রশ্নটির মীমাংসা করিতে গিয়া আমরা দুইটি বিভিন্ন কার্য্যপদ্ধতির বিধান করিয়াছি।—অর্থাৎ—

(ক) স্থানীয় গবর্ণমেণ্টের আদেশ ক্রমে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারি কর্ত্তৃক তদ্রূপ ভূমির জরীপ ও রেজিষ্টরী করণ;

(খ) স্বার্থযুক্ত ভূস্বাধিকারি অথবা প্রজার প্রার্থনামতে তদন্ত লওন।

বহুবিস্তৃত দেশ সম্বন্ধেএই বিষয় টির বিশেষ গুরুত্ব আছে বলিয়া তথায় প্রথমোক্ত কার্য্যপদ্ধতি অনুসারে কার্য্য হইবে। শেষোক্ত পদ্ধতি কেবল বিশেষ কোন ভূমি খণ্ড লইয়া বিবাদ থাকিলে ঐবিবাদস্থলে খাটিবে। বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুরোধক্রমে দুই কার্য্যপদ্ধতিই সমভাবে দেশের যে কোন অংশে খাটাইতে পারা যাইবে এইরূপ বিধান করা গিয়াছে। এই শ্রেণীর ভূমির বর্ণনায় আমরা বঙ্গদেশ ও বেহারদেশের মধ্যে কোন প্রভেদ করি নাই। কিন্তু আমরা আদেশ করিয়াছি যে প্রত্যেক স্থলেই দেশাচারের প্রতি দৃষ্টি রাখিতে হইবে। কোন্ শ্রেণী ভূমিকে রাজস্বসংক্রান্ত কর্ম্মচারী ভূস্বাধিকারীর নিজ জমী বলিয়া প্রমাণ লিপিবদ্ধ করিবেন ইহা বিধান করিলেও যে স্থল স্পষ্টতঃই পূর্ব্বোক্ত শ্রেণীর অন্তর্গত নহে সেইং স্থলে কার্য্য কণার্থে কএকটি বিধি প্রণয়ন করিয়া তাঁহার সাহায্য করিবার চেষ্টা পাইয়াছি। যে ধারায় এই সকল বিধি আছে তাহা নিম্নে উদ্ধৃত হইল।

ভূস্বামীর নিজ জমী নির্ণয় করিবার বিধি।

১৩৮ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী নিম্নলিখিত জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করিবেন।—

(ক) যে জমী খামার, জেরাত, সের, নিজ, নিজযোত বা কামাত বলিয়া ভূস্বামী নিজে আপন সরঞ্জামদ্বারা বা আপন চাকর দ্বারা বা বেতনভোগী মজুরদ্বারা এই আইন বিধিবদ্ধ হইবার অব্যবহিত পূর্ব্বে ক্রমাগত বার বৎসর চাষ করিয়াছেন বলিয়া প্রমাণ হয় সেই জমী এবং

(খ) যে আবাদী জমী গ্রাম্যাচারক্রমে ভূস্বামীর খামার, জেরাত, সের, নিজ, নিজযোত বা কামাত জমী বলিয়া স্বীকৃত হয়, সেই জমী।

(২) অন্য কোন জমী ভূস্বামীর নিজজমী বলিয়া লিপিবদ্ধ করা উচিত কি না, ইহা নিরূপণ করিতে হইলে, উক্ত কর্ম্মচারী দেশাচারের প্রতি এবং ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ১ তারিখের পূর্ব্বে ভূস্বামীর নিজ জমী বলিয়া বিশেষ করিয়া ঐ জমী জমা দেওয়া হইয়াছিল কি না এই কথার প্রতি দৃষ্টি রাখিবেন, কিন্তু যাবৎ বিপরীত দর্শান না যায়, তাবৎ উক্ত জমী ভূস্বামীর নিজ জমী নহে, এইরূপ অনুমান করিবেন।

(৩) জমী ভূস্বামীর নিজ জমী কি না, এবিষয়ে দেওয়ানী আদালতে কোন প্রশ্ন উত্থিত হইলে, রাজস্ব কর্ম্মচারীদের কার্য্যপদ্ধতি প্রদর্শনার্থ এই ধারায় যে বিধি নির্দ্দিষ্ট হইল, উক্ত আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

১৩শ অধ্যায়।

ক্রোক করিবার বিধি।

৮০। এই অধ্যায়গত যে ২ পরিবর্ত্তনের প্রতি আমাদিগের মতে মনোযোগ আকর্ষণ করা আবশ্যক তাহা এই ২।—

(ক) বাকী খাজানা আদায়ের নিমিত্ত মোকদ্দমা করিতে হইলে যে কোর্ট ফী দিতে হয় ক্রোকের দরখাস্তেও তাহাই দিতে হইবে, মূল পাণ্ডুলিপির ১৬৭ (২) সংখ্যক এই ধারাটি উঠাইয়া দেওয়া হইয়াছে।

(খ) উৎপন্নশস্য গোলাজাত করা গেলে তাহা ক্রোক করা যাইবে না।

(গ) যাবৎ ক্রোক করণের আদেশ প্রচার কি জারী করা না যায় উৎপন্ন শস্য স্থানান্তর করা যাইবে না, কোন২ স্থলে আদালতের প্রতি এইরূপ আজ্ঞা করিবার ক্ষমতা দেওয়া গেল। [১৪১ (৩) ও (৪) ধারা]

(ঘ) যে ফসল গোলাজাত করা যাইতে পারে, তাহা ক্ষেত্রে থাকিতে বিক্রয় করা যাইবে না, ১৪৭ ধারায় ইহার স্পষ্ট বিধান করা গিয়াছে।

(ঙ) কোন ব্যক্তির সপক্ষে মূল পাণ্ডুলিপির ১৮২ ধারা মতে অপরাধ করা গেলে, বিশেষ ২ স্থলে ঐ ব্যক্তির অর্থদণ্ড হইতে পারিবে, এই বিষয়ের বিধান সংক্রান্ত ঐ পাণ্ডুলিপির ১৮৬ ধারাটি ত্যাগ করা গিয়াছে।

(চ) পক্ষান্তরে, উক্ত অপরাধের সহায়তাকারিদের দণ্ড বিধানের নিমিত্ত ১৯ শ অধ্যায়ের প্রথম ধারায় স্পষ্ট বিধান করা গিয়াছে, এবং ১৫৮ ধারায় ইহা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট হইয়াছে যে এই অধ্যায়ের বলে কোন ব্যক্তির সম্পত্তি ক্রোক করা গেলে এবং ঐ স্থলে এই অধ্যায়ের বিধান ন্যায্যরূপে না বর্ত্তিলে তিনি যে ব্যক্তিরা তাঁহার বিরুদ্ধে আদালতকে চালিত করিয়াছিল তাহাদিগের বিরুদ্ধে মোকদ্দমা করিয়া উক্ত অনিষ্টের প্রতিকার করিতে পারিবেন।

(ছ) মূল পাণ্ডুলিপির ১৮৭ ধারাক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট এই অধ্যায়ের কার্য্য স্থগিত রাখিতে পারিতেন; এই ধারাটি ত্যাগ করা গিয়াছে।

১৪শ অধ্যায়।

বিচার সম্পর্কীয় কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

৮১। মূল পাণ্ডুলিপির ১৯১ অবধি ১৯৭ পর্য্যন্ত ধারার নির্দ্দিষ্ট বিশেষ কার্য্যপদ্ধতির অধিকার হইতে আমরা দণ্ড বিধানের নিমিত্ত ও ভূমির দখল ফিরিয়া পাইবার নিমিত্ত মোকদ্দমা মুক্ত করিয়াছি।

৮২। রাজধানী নগরের ছোট আদালত সংক্রান্ত আইনের একটি ধারা অবলম্বন করিয়া আমরা এই অধ্যায়ের প্রথমেই ১৫৯ সংখ্যক একটি ধারা সন্নিবেশ করিয়াছি। এই ধারাক্রমে হাই কোর্ট স্থানীয় গবর্ণমেণ্টের সম্মতি লইয়া ভূম্যধিকারী ও প্রজার মধ্যে মোকদ্দমায় দেওয়ানী কার্য্যবিধি আইনের কোন অংশ বর্জ্জিবে কি বিশেষ কোন নিয়মাধীনে বর্জ্জিবে ইহা প্রকাশ করণার্থ বিধি প্রণয়ন করিতে পারিবেন, হাই কোর্টের প্রতি এই ক্ষমতা প্রদান করা গিয়াছে। নূতন আইন অনুসারে আদালত সমূহে কিরূপ কার্য্য চলে এই বিষয়ে ভূয়োদর্শন লাভ হইলে, হাই কোর্টের প্রতি প্রদত্ত উক্ত ক্ষমতানুসারে এরূপ ভাবে কার্য্য করা যাইতে পারিবে, যাহাতে কার্য্যপদ্ধতির অধিকতর সরলতা সাধিত হইবে, ইহাই আমাদিগের বিশ্বাস।

৮৩। আমাদিগকে ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে খাজানা সংক্রান্ত মোকদ্দমার কার্য্য-পদ্ধতি স্বল্পতর ও সরলতার করিবার অভিপ্রায়ে যে নানাপ্রকার প্রস্তাব করা গিয়াছে, তাহা বিশেষ চিন্তাশীলতা সহকারে বিবেচনা করিয়া, আমরা উক্ত উদ্দেশ্য সাধনপক্ষে যাহাতে সুবিচারের ব্যাঘাত ঘটিবার সম্ভাবনা থাকিবে না এমন কোন উৎকৃষ্ট উপায়ই উদ্ভাবন করিতে পারিলাম না। বিশেষতঃ আমরা সমন জারীকরণকার্য্য ও ঐ কার্য্যের প্রমাণ সহজতর করিতে উৎসুক হইলেও সমনজারী হইয়াছে ইহা সম্পূর্ণরূপে প্রমাণিত না হইলে অনুপস্থিত প্রতিবাদির বিরুদ্ধে আইনঘটিত কোন অনুমান করিতে দিতে অনিচ্ছুক।

৮৪। পরন্তু খাজানা সংক্রান্ত মোকদ্দমায় ভূম্যধিকারীর স্বত্বঘটিত কোন কথা উত্থাপিত হইয়া যে জটিলতা ও বিলম্ব ঘটে, তাহা যতদূর সাধ্য পরিহার করণার্থে আমরা ১৬৪ ধারায় একটি গুরুতর পরি-বর্ত্তন করিয়াছি। ঐ ধারার আদেশ এই যে যদি প্রজা স্বীকার করে যে খাজানার নিমিত্ত তাহার স্থানে টাকা পাওনা আছে কিন্তু এই উত্তর দেয় যে ঐ খাজানা বাদীর নিকট নহে, অন্য কোন ব্যক্তির নিকট দিতে হইবে, তাহা হইলে সে ঐ খাজানা আদালতে দিবে। স্বত্বঘটিত যে কথা লইয়া বিবাদ তাহা খাজানার মোকদ্দমা হইতে স্বতন্ত্র ও পৃথক ভাবে উত্থাপন করিতে বাধ্য করাই আমাদের উদ্দেশ্য। অতএব আমরা এই বিধান করিয়াছি যে ঐরূপে টাকা দেওয়া গেলে আদালত ঐ টাকা দিবার নোটিস ঐ তৃতীয় ব্যক্তির উপর জারী করাইবেন; ঐ তৃতীয় ব্যক্তি তিন মাসের মধ্যে বাদীর বিরুদ্ধে স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত না করিয়া ঐ টাকা প্রদান নিষেধ করণার্থে আজ্ঞা না পাইলে বাদির প্রার্থনামতে ঐ টাকা তাঁহাকে বাহির করিয়া দেওয়া যাইবে।

৮৫। আমরা আরও ১৬২ সংখ্যক একটি ধারা সংযোগ করিয়া বিধান করিয়াছি যে যদি কোন খাজানার মোকদ্দমায় প্রতিবাদী স্বীকার করে যে তাহার স্থানে বাদীর টাকা পাওনা আছে কিন্তু যত টাকা পাওনা তাহার সম্বন্ধে আপত্তি উত্থাপন করে, তবে আদালত সাধারণতঃ যত টাকা পাওনা বলিয়া স্বীকৃত হয় তত টাকা আদালতে দিতে আদেশ করিবেন।

৮৬। আমরা ১৭৩ ধারায় বিধান করিয়াছি যে বাদী কোন অনধিকার প্রবেশকারীকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করিলে বিকল্পে এইরূপ প্রতিকারের দাওয়া করিতে পারিবেন যে, প্রতি-বাদির দখলে যে ভূমি থাকে সেই ভূমির নিমিত্ত সে আদালতের নির্দ্দেশ উপযুক্ত ও ন্যায্য খাজানা দিতে দায়ী বলিয়া প্রকাশ করা যায়।

৮৭। মূল পাণ্ডুলিপির ২০৭ ধারার বিধানক্রমে ভূম্যধিকারী কিম্বা প্রজা ইঁহাদের মধ্যে অন্যতর ব্যক্তি প্রজাস্বত্বের ভাব ও অনুষঙ্গ নিরূপণার্থে মোকদ্দমা উপস্থিত করিতে পারিতেন। ইহার পরিবর্ত্তে আমরা ১৭৪ ধারায়, পক্ষদিগের মধ্যে যে কেহ প্রার্থনাপত্র উপস্থিত করিতে পারিবেন, এই

অধিকতর সরল ও সুসঙ্গত কার্য্যপ্রণালী নির্দ্দেশ করিয়াছি। এবং যে আদালতের নিকট ঐ প্রার্থনা করা যায় সেই আদালতের প্রতি ক্ষমতা প্রদান করিয়াছি যে উচিত বোধ করিলে ঐ আদালত রাজস্ব কর্ম্মচারীর প্রতি কোন বিষয়ের স্থানীয় তদন্ত লইবার নিমিত্ত আদেশ করিতে পারিবেন।

১৬শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্তে সদরসরী নীলামের বিধি।

৮৮। আমরা ভূম্যধিকারিদের যেরূপ অভিপ্রায় বুঝিয়াছি তদনুসারে পত্তনী তালুকের নীলাম সংক্রান্ত আইনের বিধানগুলির কোন বস্তুগত পরিবর্ত্তন করি নাই, কেবল ভাষার লইয়া ও ক্ষুদ্র২ বিষয়ে কিছু পরিবর্ত্তন করিয়াছি। সংশোধিত বিধানগুলি এক্ষণে তফসীল হইতে স্থানান্তরিত করিয়া পাণ্ডুলিপির অন্তর্গত করা গেল। ঐ বিধান গুলি লইয়াই এই অধ্যায়ের প্রথম পরিচ্ছেদ হইয়াছে।

৮৯। এই অধ্যায়ের দ্বিতীয় পরিচ্ছেদে একটি মাত্র ধারা আছে। ঐ ধারার বিধান এই যে, পত্তনী তালুক ভিন্ন কোন তালুক সরকারী রেজিষ্টরে রেজিষ্টরী করিবার বিধান আইনে করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যেরূপ পরিবর্ত্তন নির্দ্দেশ করেন সেইরূপ পরিবর্ত্তন সহকারে এই অধ্যায়ের সকল বিধান উক্ত সকল তালুক সম্বন্ধে খাটিবে।

১৭শ অধ্যায়।

চুক্তি ও দেশাচার বিষয়ক বিধি।

৯০। ভূম্যধিকারী ও প্রজার মধ্যে চুক্তির স্বাধীনতা কতদূর পর্য্যন্ত সীমাবদ্ধ করা উচিত এতদ্বিষয় সম্পর্কে এই গুরুতর প্রশ্নটির মীমাংসা পাণ্ডুলিপির অন্তর্গত ঐ বিষয় সম্বন্ধীয় ধারায় দৃষ্ট হইবে (আমরা ধার্য্য করণার্থ চুক্তির বিষয়ে পূর্ব্ববর্ত্তী ২৯, ৩০, ও ৪৮ দফা দেখ)। কিন্তু চুক্তিক্রমে আইনের বিধান হইতে মুক্তিপত্র করিবার ক্ষমতা সংকোচ করণার্থে যে নিয়ম করা আমাদিগের মধ্যে অধিকাংশ ব্যক্তির মতে আবশ্যক, আমরা তাহার অনেক গুলিই এই অধ্যায়ের প্রথমে একটি ধারায় সংগ্রহ করা সুবিধাজনক বোধ করিলাম।

যে২ বিষয় চুক্তির সীমার বহির্ভূত করা গেল তাহা নিম্নে দৃষ্ট হইবে।—

(ক) বাসেন্দা রায়তের ও দখলীস্বত্ববিশিষ্ট রায়তের স্বত্বলাভ (২৪, ২৫, ও ২৬ ধারা)।

(খ) ৩১ ধারার নির্দ্দিষ্ট দখলীস্বত্বের অনুষঙ্গ।

(গ) ৫০ ধারামতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা কমাইবার দাওয়া করিবার স্বত্ব।

(ঘ) ৫৩ ধারামতে সমলী খাজানা বৃদ্ধি করিবার দাওয়া করিতে ভূম্যধিকারীর বা প্রজার স্বত্ব।

(ঙ) নির্দ্দিষ্ট হেতু ব্যতিরেক দখলীস্বত্ববিশিষ্ট রায়তকে ও কোর্ফা রায়তকে উচ্ছেদ করণ বিষয়ে এই পাণ্ডুলিপিতে প্রদত্ত সংরক্ষণ (৫৮, ৫৯, ৬০ ও ৬১ ধারা)।

(চ) যে ভূমি কর্ষিয়া রায়তের জীবিকা পাওয়া যায় তাহা ক্রয় করিবার স্বত্ব (৬৪ ধারা)।

(ছ) রায়তের উৎপন্নদ্রব্যের কতকাংশ ভূস্বামীকে দাওয়া করিবার স্বত্ব (৮৮, ৮৯, ৯০, ও ৯১ ধারা)।

(জ) ডিক্রীজারী ক্রমে বা হইলে, উহার বিষয়ে অন্যথা করিবার অনেক সংরক্ষণ (২৮ ধারা)।

৯১। আমরা যে কার্য্যপ্রণালী বিধিবদ্ধ করিবার প্রস্তাব করিয়াছি তদনুসারে উৎসাহ দিবার অভিপ্রায়ে আমরা এই অধ্যায়ে ... সংখ্যক একটী নূতন ধারা সন্নিবেশ করিয়া এই বিধান করিয়াছি যে মহালের চিরস্থায়ী বন্দোবস্ত হইবামাত্র সেই মহালের ভূম্যধিকারী ও প্রজার মধ্যে যে কোন বিষয় কর, সেই নিয়মানুসারে বাকেয়া খাজানা আদায় দিতে ভূম্যধিকারীর ব্যবস্থা করিতে এই আইনের কোন ধারাক্রমে এরূপ বাধা করিতে হইবে না।

৯২। আমাদিগের বাঙ্গালাদেশের সকলেই স্বীকার করিয়াছেন যে ভূমি কৃষিকার্য্যোপযোগী অথবা পতিত বা জঙ্গল বা বাদেয়াড়া ভূমি, চর ও দেয়াড়া ভূমি ও ঔলটী ও পলটী প্রভৃতি পুনর্লব্ধ ভূমি সম্বন্ধে বিশেষ বিধান আবশ্যক। উক্ত সকল প্রকারের ভূমি সম্বন্ধে যেরূপ বিশেষ বিধান করা আমাদিগের নিকট আবশ্যক বলিয়া বোধ হইল তাহা এই অধ্যায়ের পরবর্ত্তী লিখিত তিনটী ধারায় দৃষ্ট হইবে।

৯৩। ১১৩ ধারার বিধান এই যে, এই আইনের কোন কথাক্রমে পতিত ভূমি কৃষিকার্য্যোপযোগী করণার্থ কোন চুক্তির ব্যাঘাত হইবে না।

৯৪। ১১৪ ধারায় এই বিধান করা গিয়াছে যে যে সময়ে চর বাদেয়াড়া ভূমি ভোগ করে সে তাহা ক্রমাগত বারবৎসর ভোগ না করিলে ঐ ভূমিতে দখলীস্বত্ব, লাভ করিবে না এবং ঐ দখলীস্বত্ব লাভ না করে, তাবৎ তাহারও ভূম্যধিকারীর মধ্যে যে খাজানা দিবার নিয়ম হয় সে সেই খাজানা দিতে দায়ী থাকিবে। কিন্তু আদালত অন্যান্য পক্ষের আপনাকে নির্দ্দেশ করিতে পারিবেন যে কোন জমী এই ধারার অর্থমতে চর বা দেয়াড়া জমী বলিয়া গণ্য হইবে না। তাহা হইলে এই আইনের সমুদয় বিধান উক্ত জমী সম্বন্ধে খাটিবে।

৯৫। পরিশেষে ১১৫ ধারায় এই বিধান করা গিয়াছে যে "ঔলটী" প্রণালী ও "পলটী ফাসিলী" প্রণালী নামে খ্যাত প্রণালীমতে কোন ভূমি ভোগ করা গেলে, দেশাচারানুগত বা প্রকারান্তরের যে সকল নিয়মে ঐ ভূমি ভোগ হয়, এই আইনের কোন কথাক্রমে সেই সকল নিয়মের কোন ব্যাঘাত হইবে না।

৯৬। ইতিপূর্ব্বে বলা হইয়াছে, যে স্থলে কোন রায়ত রায়তস্বরূপ আপন ভোগের অংশ না হইয়া খাজনায় ভোগ করে সেই স্থলের কিরূপ বিধান মূল পাণ্ডুলিপির ৭ম অধ্যায়টি আমরা ত্যাগ করিয়াছি। কিন্তু পাণ্ডুলিপির মধ্যে তদ্রূপ প্রস্তাবের উল্লেখ না থাকিলে লোকের বুঝিবার ভুল হইতে পারে বলিয়া আমরা ২১৬ সংখ্যক একটি ধারা নিবেশিত করি। এইরূপ স্পষ্ট বিধান করা ভাল বোধ করিলাম যে পূর্ব্বোক্তরূপ প্রস্তাবের অনুযঙ্গ লোপের দ্বারা নিরাময় হইবে।

১৮শ অধ্যায়।

মিয়াদী ও অমিয়াদী বিষয়ক বিধি।

৯৭। দখলীস্বত্ববিশিষ্ট রায়ত বেআইনী তাহার অন্য কোন লোকের অন্যায় সেই জমীর পুনর্ব্বার দখল পাইবার নিমিত্ত যে কদ্দমা করিলে এ মোকদ্দমা সম্বন্ধে নিয়াদের কাল যুক্তিসঙ্গতরূপ অল্প করিয়া ধার্য্য করা উচিত, আমরা এরূপ বিবেচনা করি। মধ্য প্রদেশের প্রজাস্বত্বসম্বন্ধীয় ১৮৮১ সালের আইনের ৮১ ধারার প্রদর্শিত দৃষ্টান্ত অনুসরণ করিয়া আমরা সে তারিখে উক্ত প্রজাকে উচ্ছেদ করা যায় তদবধি তিন বৎসর কাল মিয়াদের কাল ধার্য্য করিয়াছি। যে মোকদ্দমা পূর্ব্বেই তামাদি হইয়া গিয়াছে, যাহাতে তাহার হেতু পুনরুত্থাপিত হইয়া এই জন্য একটী ৮নং বিধি সংযোগ করিয়াছি।

১৯শ অধ্যায়।

অতিরিক্ত বিধি।

৯৮। আমরা ভূম্যধিকারীর প্রতি আপন কর্ম্মচারীর দ্বারা কার্য্য করিবার ক্ষমতা প্রদান বিষয়ক ২২১ ধারার বিধান নিয়ং পরিমাণে প্রসারিত করিয়াছি এবং পাণ্ডুলিপির "নির্দ্দিষ্ট" ভূম্যধিকারী" শব্দের লক্ষণ হইতে কোন ২ ব্যক্তির ওঁ নাম ভ্রান্তি থাকাতে তাহা অপনোদন করণার্থে আমরা ২২২ সংখ্যক একটি ধারা সংযোগ করিয়া স্পষ্ট বিধান করিয়াছি যে উক্ত ব্যক্তি এজমালী ভূম্যধিকারী হইলে, ইহারা উভয়ে বা সকলে একত্র হইয়া যাহা করিতে পারিত তাহারা সকলে একত্র হইয়া যে কর্ম্মকারক নিযুক্ত করেন তাহার দ্বারা করা করাইতে পারেন।

৯৯। আমাদিগের বিবেচনাকালে এমন অনেক কথা উঠিয়াছিল যাহার সম্বন্ধে আমাদিগের প্রতীতি হয় নাই যে ঐ সকলের নিমিত্ত আইনী কার্য্যে যে সংবাদ পাওয়া যায় তদপেক্ষা অধিকতর সংবাদ না থাকিলে তাহারা ঐ কথাগুলির যথোপযুক্ত মীমাংসা করিতে সমর্থ হইবে না। তন্মধ্যে কতকগুলি কথা সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট ও হাই কোর্টের পরামর্শ প্রাপ্ত হইলে আমরা বিশেষ সন্তুষ্ট হইব।

প্রধান কথাগুলি এই।—

(১) ভূম্যধিকারীর উন্নতিসাধন উপলক্ষে জল নিষ্কাশের নিমিত্ত নালা কাটাইবার, জল বিতরণ করিবার ও ক্ষয়পূরণ নিবারণ করণার্থে তাহার কর্ম্মচারীর প্রতি ক্ষমতা প্রদান করা যাইতে পারে কি না, ও যাইতে পারিলে কিরূপ বিধান করিতে হইবে।

(২) খাজানা বকেয়া হইলে যাহাতে শীঘ্র হয় এই অভিপ্রায়ে বিধি প্রণয়ন করিয়া কি প্রকারে সেওয়ানী কার্য্যবিধি আইনের কোন পরিবর্ত্তন করা বাঞ্ছনীয় কি না, বিশেষতঃ যে স্থলে রায়তকে ক্ষতিগ্রস্থ করিয়া সেই খাজানার ডিক্রী জারী না হইয়া ভূমিভোগ করে সেই স্থলে ভূম্যধিকারীর প্রতি একই ট্রেসপাস ক্রমে তাহাদের বিরুদ্ধে ঐ খাজানার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিবার ক্ষমতা প্রদান করা যাইতে পারে কি না।

(৩) একজন ভূম্যধিকারী যেরূপে পুনর্ব্বার দখল পাইবার যে স্বত্ব আছে, তাহার সংরক্ষণ করণার্থে অতিরিক্ত উৎপাদন না করিলে কোন বিধান করা যাইতে পারে কি না। প্রতিবাদী নিজে এমন পীড়িত নাই কিম্বা কোন বিশিষ্ট হেতুবশতঃ প্রতিবাদী উপস্থিত হইতে পারে নাই কোন বিচারপতি ন্যায়ধর্ম্মতঃ ইহা বুঝিতে না পারিলে তিনি পুনর্ব্বার বিচার হইবার প্রার্থনা গ্রাহ্য করিতে বাধ্য নহেন আমরা ইহা অবগত আছি। কিন্তু আমাদিগের নিকট ইহা কথিত হইয়াছে যে উপযুক্তমতে সমনজারী অস্বীকার করাই এক্ষণে পদ্ধতি হইয়া দাঁড়াইয়াছে এবং আদালতও প্রতিবাদীকে পূর্ব্বোক্ত আপত্তি গ্রহণের গ্রাহ্য করেন। বিলম্ব সংঘটন ও আপন প্রাপ্য আদায় করিতে গিয়া ভূম্যধিকারীকে অনর্থক ব্যয়গ্রস্ত করার যে কার্য্যের উদ্দেশ্য, ইহাতে সেই কার্য্যের সফল হয়।

প্রতিবাদী ডিক্রীর টাকা আমানত না করিলে এতদ্দেশে মোকদ্দমার পুনর্ব্বার বিচার হইবে না আমাদিগের নিকট এই প্রস্তাব করা হইয়াছিল, কিন্তু আমাদিগের যে সংবাদ জানা ছিল তদ্দৃষ্টে ঐ প্রস্তাবে গ্রাহ্য করিতে অনিচ্ছুক হইয়া আমরা এই অভিপ্রায় প্রকাশ করিলাম যে হাই কোর্টের মাননীয় জজ সাহেবদের বিবেচনার্থ প্রস্তাবটি অর্পিত হউক।

(৪) আমাদিগের নিকট প্রায় এরূপ ভাবের আর একটি প্রস্তাব করা হইয়াছে, প্রস্তাবটি এই— বাকীখাজানার মোকদ্দমায় প্রতিবাদীর বিরুদ্ধে ডিক্রী হইলে, তিনি ডিক্রীর টাকা আমানত না করিলে ঐ ডিক্রীর বিরুদ্ধে আপীল করিতে পাইবেন না। এই প্রস্তাব সম্বন্ধেও জজ সাহেবদের মত জানিতে পারিলে আমরা সন্তুষ্ট হইব।

(৫) যে সকল স্বাধীন তালুকের রাজস্ব গবর্ণমেণ্টের সহিত সাক্ষাৎসম্বন্ধে বন্দোবস্ত হইলেও ঐ তালুকের অধিকারীরা জমীদারের দ্বারা ঐ রাজস্ব দেন, সেই সকল তালুক সম্বন্ধে সরাসরী নীলাম সংক্রান্ত কার্য্যপ্রণালী খাটিতে পারে কি না এই বিষয়ে আমরা স্থানীয় গবর্ণমেণ্টের মত জানিতে বাঞ্ছা করি। স্পষ্টই দেখা যাইতেছে যে ঐ সকল তালুকের কথা সরকারী রেজিষ্টরে নাই। পত্তনী সম্বন্ধীয় সংশোধিত কার্য্যপ্রণালী উক্ত সকল তালুকের প্রতি বর্ত্তান হউক এইরূপ প্রস্তাব করা হইয়াছিল।

(৬) খাজানা মুক্ত তালুকের অধিকারীদের নিকট পথকর ও পবলিক ওর্ক্সকরের টাকা বাকী পড়িলে ঐ টাকা আদায় করণসম্বন্ধে পূর্ব্বোক্ত কার্য্যপ্রণালী বর্ত্তাইবার নিমিত্ত ঐরূপ ভাবের একটি প্রস্তাব করা হইয়াছিল। এই বিষয়টিও আমরা স্থানীয় গবর্ণমেণ্টের পরামর্শের নিমিত্ত অর্পণ করিব স্থির করিয়াছি।

(৭) যেং নিয়মাধীনে বাস্তুভূমি ভোগ করা যায় তৎসম্বন্ধে অধিকতর সংস্কার লইবার আবশ্যকতার কথা পূর্ব্বেই বলা হইয়াছে। (পরবর্ত্তী ৪ দফা দেখ)

(৮) আমরা উচবন্দী ও তালুকদারী জমা সম্বন্ধে দেশাচারানুগত নিয়মাদি রক্ষণ করিয়া তাহা বিশেষমতে বর্ত্তাইয়াছি। অন্য নামে খ্যাত তদ্রূপ জমা সম্বন্ধেও উক্ত সকল নিয়মাদি রক্ষণ করা উচিত কি না এবং চট্টগ্রাম খণ্ডে যে বিশেষ নিয়মে ভূমি ভোগ করা যায় তৎসম্বন্ধেও বিশেষমতে কোন দেশাচারাদি রক্ষণ করা আবশ্যক কি না তাহা জানিতে ইচ্ছা করি।

(৯) তার তজাল্লা ও গোরা মোতের কন্তাত্তরযোগ্য দখলীস্বত্বের ন্যায় অন্য কোন স্বত্ব অগ্রেক্রয় করিবার স্বত্ব সম্বন্ধীয় ধারার বিষয় হইতে মুক্ত করণার্থে বিশেষ করিয়া নির্দ্দেশ করিতে পারা যায় কি না তাহা জানিতে ইচ্ছা করি।

(১০) পরিশেষে গত বারৎসর কালের মধ্যে যে সকল মূল্যের তালিকা প্রকাশিত হইয়াছে সেই গুলির শুদ্ধতা সম্বন্ধে উৎকর্ষ সাধন করা যাইতে পারে কি না এবং প্রধানতঃ ঐ সকল মূল্যের উপর নির্ভর করিয়া খাজানা বৃদ্ধির নিয়ম করিলে কি ফল সম্ভাবনা এই বিষয়ে বঙ্গদেশের গবর্ণমেণ্টের পরামর্শ জানিতে ইচ্ছা করি।

১০০। মূল পাণ্ডুলিপির প্রকাশ করণ সম্বন্ধীয় ব্যবস্থাপক সভার আজ্ঞা নিম্নলিখিতরূপে পালিত হইয়াছে:—

ইংরেজী ভাষায়:

গেজেট।	তারিখ।
ইণ্ডিয়া গেজেট	১৮৮৩ সালের ৩, ১০, ও ১৭ মার্চ্চ।
কলিকাতা গেজেট	১৮৮৩ সালের ৭, ১৪, ও ২১ মার্চ্চ।

দেশীয় ভাষায়।

প্রদেশ।	ভাষা।	তারিখ।
বঙ্গদেশ	বাঙ্গালা	১৮৮৩ সালের ৪ এপ্রিল।
	হিন্দী	১৮৮৩ সাল ৪ মে।
	উড়িয়া	১৮৮৩ সাল ১৭ মে।

এই পাণ্ডুলিপি গুরুতরের সংশোধিত আকারে পুস্তকাকার প্রকাশ করা উচিত ইহাই আমাদের মত।

এম, সি, পেরী।	টি, ওয়ালিস, বিহার।
বিহারী চক্রবর্ত্তী।	আমীর আলী।
সি, পি, ইলবার্ট।	ওয়েষ্ট, ৬ সিট, কটক।
জি, এফ, পি, কবারক্	৩৮, রেসলডস।
জে ডবলি ই, কুপ্তর	

কমিটীর মন্তব্যের মধ্যে এবং রিপোর্টে সমাপ্তাংশকে লিখিত হইয়াছে বলিয়া আমি উহাতে স্বাক্ষর করিলাম, কিন্তু পাণ্ডুলিপির মূল নিয়মের ও তদ্বিষয়ক অনেক কথার প্রতি আমার আপত্তি আছে, সুতরাং ভিন্নমতসূচক একটি স্বতন্ত্র মন্তব্য লিখিলাম।

কৃষ্ণদাস পাল।

পাণ্ডুলিপির মূল নিয়ম সমূহের প্রতি আমার সম্পূর্ণ আপত্তি আছে। আমাদের নাম শ্রীযুক্ত কৃষ্ণদাস পাল যে নিয়মের উল্লেখ করিয়াছেন সেই নিয়মানুসারে ও তিনি অনুরোধে এই রিপোর্টে আমি স্বাক্ষর করিতে বাধ্য হইয়াই আমার বিরোধ বলিয়া এই রিপোর্টে স্বাক্ষর করিলাম।

আর হলবার্ট।

১৮৮৪ সাল ১৭ই মার্চ্চ।

তফসীল।

রাজস্ব ও কৃষি সংক্রান্ত ডাইরেক্টরীভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১ লা মে তারিখের ৪৮৪—১১৬ R. নং আর্কিসের আরকলিপি ও তৎসহিতপত্র [১ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১৩ই জুলাই তারিখের ১৮২৭—৬৪৮ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [২ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮০ সালের ১৮ই জুলাই তারিখের ১৮৭৬—৬৬১ L. R. নং পত্র ও তৎসহিত-পত্র [৩ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮০ সালের ২৪শে জুলাই তারিখের ১৯২৮—৬৯১ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [৪ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮০ সালের ১৩ই আগষ্ট তারিখের ২১৭৯—৭৮৭ L.R. নং পত্র ও তৎসহিতপত্র [৫ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ২৪শে আগষ্ট তারিখের ৫৮৯ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [৬ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ৩রা সেপ্টেম্বর তারিখের ৬৮৬ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [৭ নং কাগজপত্র]।

মাননীয় শ্রীযুত টি, এম, গিবস সাহেবের মন্তব্যাবলি ৮ নং কাগজপত্র ।

পূর্ব্ব বাঙ্গালার ভূম্যধিকারীদের ১৮৮০ সালের ১৪ই সেপ্টেম্বর তারিখের আবেদন ও তৎসহিত মন্তব্যাবলি [৯ নং কাগজপত্র]।

দীঘাপতিয়ার রাজা প্রমথনাথ রায়বাহাদুরের ১৮৮০ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২১ নং পত্র [১০ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১৫ই সেপ্টেম্বর তারিখের ৮১১ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১১ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮০ সালের ২৭শে সেপ্টেম্বর তারিখের ১০৭২ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১২ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১লা অক্টোবর তারিখের ১০২১ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৩ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ৭ই অক্টোবর তারিখের ১০৮৫ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৪ নং কাগজপত্র]।

রাজস্ব ও কৃষি সংক্রান্ত ডাইরেক্টরীভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১৩ই অক্টোবর তারিখের ৫৮৭ R. নং আর্কিসের আরকলিপি ও তৎসহিতপত্র [১৫ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১৩ই অক্টোবর তারিখের ১১৫১ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৬ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১৬ই অক্টোবর তারিখের ১১৮০ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৭ নং কাগজপত্র]।

কলিকাতার শ্রীযুত বাবু কিশোরীলাল সরকারের ১৮৮০ সালের ১৮ই অক্টোবর তারিখের পত্র [১৮ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ২০শে অক্টোবর তারিখের ১২৯১ T. R. নং পত্র ও তৎসহিতপত্র [১৯ নং কাগজপত্র]।

কলিকাতার শ্রীযুত বাবু কিশোরীলাল সরকারের ১৮৮০ সালের ৩রা নবেম্বর তারিখের পত্র [২০ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১০ই নবেম্বর তারিখের ২৩১—১৩৭ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [২১ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১৭ই নবেম্বর তারিখের ২৩৮৯—৮৬১ পত্র ও তৎসহিতপত্র [২২ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮০ সালের ১৭ই নবেম্বর তারিখের ২৩৯৫—৮৬৩ L. R. নং পত্র ও তৎসহিতপত্র [২৩ নং কাগজপত্র]।

উড়িষ্যার জনসাধারণ সভার কমিটীর ১৮৮৩ সালের ১৯। নবেম্বর তারিখের আবেদনপত্র [২৪ নং কাগজপত্র]।

উত্তরপাড়ার শ্রীযুক্ত বাবু রাজকিশোর মুখোপাধ্যায়ের ১৮৮৩ সালের ১০ই নবেম্বর তারিখের পত্র ও তৎসহিতপত্র [২৫ নং কাগজপত্র]

ত্রিহুতের ভূম্যধিকারীদের সভার অবৈতনিক সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৩ই নবেম্বর তারিখের ১১ নং পত্র ও তৎসহিতপত্র [২৬ নং কাগজপত্র]

শ্রীযুক্ত বাবু কিশোরী লাল সরকারের ১৮৮৩ সালের ১৭ই নবেম্বর তারিখের পত্র [২৭ নং কাগজপত্র]।

বঙ্গ ও বেহারদেশের ভূম্যধিকারীদের সদর কমিটি ১৮৮৩ সালের ২৭শে নবেম্বর তারিখের ১১৮ নং পত্র ও তৎসহিত পত্র [২৮ নং কাগজপত্র]।

রাজস্ব ও কৃষিসংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ৫ই ডিসেম্বর তারিখের ১০৩৪ নং পৃচ্ছলিপি ও তৎসহিতপত্র [২৯ নং কাগজপত্র]।

ময়মনসিংহ জিলার অন্তর্গত সেরপুরের কএকজন জমিদার, তালুকদার, ও মধ্যবর্ত্তি ভূম্যধিকারিদের ১৮৮৩ সালের ১৬ই নবেম্বর তারিখের আবেদনপত্র [৩০ নং কাগজপত্র]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৩ সালের ১২ ডিসেম্বর তারিখের ২১৭০—৯৫৪ নং পত্র ও তৎসহিতপত্র [৩১ নং কাগজ পত্র]

ব্রিটিষ ইণ্ডিয়ান সভার সেক্রেটরীর ১৮৮৩ সালের ১৮ ডিসেম্বর তারিখের ১২৩ নং পত্র ও তৎসহিতপত্র ৩২ নং কাগজপত্র]।

রাজশাহীর ভূম্যধিকারীদের কমিটীর সেক্রেটরী ১৮৮৪ সালের ডিসেম্বর তারিখের পত্র ও তৎসহিতপত্র [৩৩ নং কাগজপত্র]।

ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের কার্য্যকারী ছোট সেক্রেটরীর ১৮৮৪ সালের ৫ই জানুয়ারি তারিখের ২ নং পৃচ্ছলিপি ও তৎসহিতপত্র [৩৪ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৪ সালের ১৯শে ডিসেম্বর তারিখের ২৭৮৯ ১০০১ L. R নং পত্র ও তৎসহিতপত্র [৩৫ নং কাগজপত্র]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৪ সালের ১৮ জানুয়ারি তারিখের ১৮২—৪৭ L. R নং পত্র ও তৎসহিতপত্র [৩৬ নং কাগজপত্র

ভালন্দ আর্য্য ইণ্ডিয়ান আসোসিয়েসনের ১৮৮৪ সালের ১৬ জানুয়ারি তারিখের সভার লিখিত বিবরণ ৩৭ নং কাগজপত্র]।

ভাগলপুরের ভূম্যধিকারী সভার সেক্রেটরীর ১৮৮৪ সালের ৯ জানুয়ারি তারিখের ১০৬ নং পত্র ও তৎসহিতপত্র ৩৮ নং কাগজ পত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর ১৮৮৪ সালের ২১ জানুয়ারি তারিখের ২১৭—৬৮ L. R নং পত্র ও তৎসহিতপত্র [৩৯ নং কাগজপত্র]।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরীর ১৮৮৪ সালের ২ ফেব্রুয়ারি তারিখের ৫৪০—২৩ L. R নং পত্র ও তৎসহিতপত্র [৪০ নং কাগজপত্র]।

ত্রিহুতের ভূম্যধিকারীদের সভার অবৈতনিক সেক্রেটরীর ১৮৮৪ সালের ৯ ফেব্রুয়ারি তারিখের ৫ নং পত্র ও তৎসহিত পত্র [৪১ নং কাগজপত্র]

২ নম্বর।

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৪ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

১ম অধ্যায়।

উপক্রমণিকা।

ধারা।

১। সংক্ষেপ নাম।
আরম্ভ।
স্থানীয় ব্যাপ্তি।

২। রহিত হইবার কথা।

৩। অর্থকরণের কথা।

২য় অধ্যায়।

প্রজাদের শ্রেণী বিষয়ক বিধি।

৪। প্রজাদের শ্রেণী বিষয়ক কথা।

৫। তালুকদার ও রায়ত শব্দের অর্থ।

৩য় অধ্যায়।

তালুকদারদের সম্বন্ধীয় বিধি।

খাজানা বৃদ্ধির কথা।

৬। চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে তালুক ভোগ হইয়া আসিতেছে, কোনও স্থলেমাত্র তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবার কথা।

৭। তালুকের খাজানা বৃদ্ধির সীমার কথা।

৮। বর্দ্ধিত খাজানা সাবেক খাজানার তিনগুণের অধিক না হইবার কথা।

৯ খাজানা ক্রমশঃ বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

১০ খাজানা একবার বর্দ্ধিত হইলে দশ বৎসর পরিবর্দ্ধিত হইতে না পারিবার কথা।

তালুকের অন্যান্য অনুষঙ্গের কথা।

১১। চিরস্থায়ী তালুকের হস্তান্তর ও উত্তরাধিকারিত্ব কথা।

১২। চিরস্থায়ী তালুকদারকে উচ্ছেদ করিতে না পারিবার কথা।

পত্তনী তালুকের কথা।

১৩। পত্তনীদারের পেটাও বিলি করিবার ক্ষমতার কথা।

১৪। পত্তনী তালুকের ভূম্যধিকারির হস্তান্তর ক্রমে গ্রহীতার স্থানে আমিন চাহিবার স্বত্বের কথা।

রেজিষ্টরী করিবার কথা।

১৫। ইচ্ছাপূর্ব্বক হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিতে হইবার কথা।

১৬ খাজানার ডিক্রী ছাড়া অন্য ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।

ধারা

১৭। খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা

১৮। রেজিষ্টরী না করিবার ফলের কথা।

১৯। ভূম্যধিকারীকে রেজিষ্টরী করিতে বাধ্য করিবার নিমিত্ত আদালতে প্রার্থনা করিবার কথা।

২০। রেজিষ্টরী করিতে বাধ্য করণার্থ ভূম্যধিকারীর প্রার্থনার কথা।

২১। ভূম্যধিকারীর রেজিষ্টরী বহীর লেখার নকল দিবার কথা।

২২। রেজিষ্টরী করণ সম্বন্ধে বিধিপ্রণয়ন করিতে পারিবার কথা।

৪র্থ অধ্যায়।

অবধারিত হারে যে রায়তেরা ভূমিভোগ করে তাহাদের সম্বন্ধীয় বিধি।

২৩। অবধারিত হারে ভূমি ভোগ করিবার অনুষঙ্গের কথা।

৫ম অধ্যায়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সম্বন্ধীয় বিধি।

সাধারণ।

২৪। বর্ত্তমান দখলীস্বত্ব চলিত থাকিবার কথা।

২৫। বাসেন্দা রায়তের দখলীস্বত্ব প্রাপ্ত হইবার কথা।

২৬। বাসেন্দা রায়ত শব্দের অর্থ।

২৭। গ্রাম ও মহাল শব্দের অর্থকরণের কথা

২৮। ভূম্যধিকারী দখলীস্বত্ব প্রাপ্ত হইলে তাহার ফলের কথা।

২৯। এজমালী মালিক ও ইজারাদারদের সম্বন্ধে বিশেষ বিধানের কথা।

৩০। খামার জমী সংরক্ষণের কথা।

৩১। দখলীস্বত্বের অনুষঙ্গের কথা।

হস্তান্তর বিষয়ে নিয়মের কথা।

৩২। দখলীস্বত্ব ইচ্ছাপূর্ব্বক বিক্রয় করিলে ভূম্যধিকারির অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।

৩৩। ডিক্রীজারীক্রমে নীলাম হইলে ভূম্যধিকারীর অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।

৩৪। উদ্ধার করিবার স্বত্ব রহিত করা গেলে ভূম্যধিকারীর বন্ধকগ্রহীতার স্থান লইবার স্বত্বের কথা।

৩৫। দখলীস্বত্বদান বিষয়ে নিয়মের কথা।

৩৬। পূর্ব্ব কএক ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারী শব্দের অর্থের কথা।

কোকা বিলি সম্বন্ধে বিশেষের কথা।

৩৭। দখলীস্বত্ববিশিষ্ট যে রায়তেরা কোকা বিলি করে, তাহাদের তালুকদারে পরিবর্ত্তিত হইবার কথা।

৩৮। দরপাট্টার কালের নিয়মের কথা।

ধারা।

খাজানা বৃদ্ধির কথা।

৩৯। উপযুক্ত ও ন্যায্য খাজানা বিষয়ক অনুমানের কথা।

৪০। মুদ্রা রূপ খাজানা বৃদ্ধি বিষয়ে নিয়মের কথা।

৪১। রেজিষ্টরী করা চুক্তিক্রমে খাজানা বৃদ্ধি করিবার কথা।

৪২। পুনর্ব্বার বিলি করিবার বেলা খাজানা বৃদ্ধির কথা

৪৩। মোকদ্দমার দ্বারা খাজানা বৃদ্ধি করিবার কথা।

৪৪। প্রচলিত হার ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।

৪৫। মূল্য বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।

৪৬। ভূম্যধিকারীর উৎকর্ষসাধন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি বিষয়ক বিধি।

৪৭। বনাকীর্ণ উৎপাদিকাশক্তিবৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।

৪৮। খাজানা বৃদ্ধি উপযুক্ত ও ন্যায্যরূপ হইবার কথা।

৪৯। ক্রমে২ খাজানা বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

৫০। ক্রমাগত খাজানা বৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব সীমাবদ্ধ করিবার কথা।

খাজানা কমাইবার কথা।

৫১। খাজানা কমাইবার কথা।

মূল্যের অর্থাৎ দরের তালিকার কথা।

৫২। প্রধান২ শস্যের মূল্যের তালিকার কথা।

খাজানা রূপ স্থির করিবার কথা।

৫৩। শস্যরূপে দেয় খাজানা রূপান্তরিত করিবার কথা।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৫৪। বিধি করিবার ক্ষমতার কথা।

৬ষ্ঠ অধ্যায়।

দখলীস্বত্বশূন্য রায়তদের সম্বন্ধীয় বিধি।

৫৫। এই অধ্যায় খাটিবার কথা।

৫৬। দখলীস্বত্বশূন্য রায়তের প্রথমস্থলীয় খাজানার কথা।

৫৭। খাজানা বৃদ্ধির নিয়মের কথা।

৫৮। যে যে হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদ করা যাইতে পারিবে তাহার কথা।

৫৯। পাট্টার মিয়াদ অতীত হইবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।

৬০। খাজানা বৃদ্ধি দিতে অস্বীকার করিবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।

৬১। "দখল দেওয়া" শব্দের অর্থ।

৭ম অধ্যায়।

কোর্ফা রায়তদের সম্বন্ধীয় বিধি।

৬২। কোর্ফা রায়তের স্থানে যে খাজানা আদায় করিতে পারা যাইবে, তাহার সীমার কথা।

৬৩। কোর্ফা রায়তদিগকে উচ্ছেদ করিবার নিয়মের কথা।

ধারা

৮ম অধ্যায়।

খাজানা বিষয়ক সাধারণ বিধান।

খাজানার পরিমাণ সম্বন্ধে বিধি ও অনুমান।

৬৪। খাজানা অবধারিত থাকিবার সম্বন্ধে বিধি ও অনুমানের কথা।

৬৫। খাজানার পরিমাণ ও ভোগের নিয়ম সম্বন্ধে অনুমানের কথা।

পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।

৬৬। পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।

খাজানা দিবার কথা।

৬৭। খাজানার কিস্তির কথা।

৬৮। খাজানা দিবার সময় ও স্থানের কথা।

৬৯। টাকা কোন্‌রূপে জমা দিতে হইবে, তাহার কথা।

কবজ ও হিসাবের কথা।

৭০। ভূম্যধিকারীকে টাকা দিলে প্রজার কবজ পাইবার স্বত্বের কথা।

৭১। বৎসরের শেষে প্রজার সম্পূর্ণ নিষ্কৃতি বা হিসাবের বিবরণপত্র পাইবার অধিকারের কথা।

৭২। কবজ ও হিসাবের বিবরণপত্র না দিলে এবং অনুলিপি না রাখিলে দণ্ডের কথা।

খাজানা আমানত করিবার কথা।

৭৩। রাজকীয় কার্য্যালয়ে খাজানা আমানত করিবার দরখাস্তের কথা।

৭৪। যে খাজানা আমানত করা যায় রাজকীয় কর্ম্মচারী তাহার রসীদ দিলে ঐ রসীদ নিষ্কৃতিপত্র হইবার কথা।

৭৫। আমানত পাইবার নোটিসের কথা।

৭৬। আমানতী টাকা দিবার বা ফিরাইয়া দিবার কথা।

বাকী খাজানার কথা।

৭৭। খাজানা হস্তান্তরযোগ্য মোতের প্রথম দায় হইবার কথা।

৭৮। যে মোত হস্তান্তর করা যাইতে না পারে সেই মোত হইতে উচ্ছেদ করিবার কথা।

৭৯। বাকী খাজানার সুদের কথা।

৮০। যুক্তিসিদ্ধ কারণ বিনা খাজানা না দেওয়া গেলে কিম্বা অন্যায়রূপে প্রতিবাদির নামে খাজানার মোকদ্দমা করা গেলে ক্ষতিপূরণের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

ফসলী বা ভাউলী খাজানার কথা।

৮১। ফসল যাচাই বা বিভাগ করিবার নিমিত্ত আজ্ঞার কথা।

৮২। কর্ম্মচারী নিযুক্ত করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

৮৩। শস্যের দখল সম্বন্ধে স্বত্ব ও দায়ের কথা।

ধারা।
ভূম্যধিকারীর পরিবর্ত্তন হইলে খাজানার দায়ের কথা।
৮৪। হস্তান্তরের নোটিস না পাইয়া পূর্ব্ব ভূম্যধিকারীকে যে খাজানা দেওয়া যায় তজ্জন্য ভূম্যধিকারির স্বার্থগ্রহীতার নিকট প্রজার দায়ী না হইবার কথা।
আইনবিরুদ্ধ কর প্রভৃতির কথা।
৮৫। আবওয়াব প্রভৃতি আইনবিরুদ্ধ হইবার কথা।
৮৬। দেয় খাজানার অতিরিক্ত টাকা প্রজার স্থানে ভূম্যধিকারী অন্যায় করিয়া লইলে দণ্ডের কথা।

৯ম অধ্যায়।

ভূম্যধিকারী ও প্রজা বিষয়ক বিবিধ বিধান।

উৎকর্ষসাধনের কথা।
৮৭। "উৎকর্ষসাধন" শব্দের অর্থ।
৮৮। অবধারিত করে ভূমি ভোগ করা গেলে উৎকর্ষ সাধন করিবার স্বত্বের কথা।
৮৯। দখলীস্বত্ববিশিষ্ট জোত সম্বন্ধে উৎকর্ষসাধন করিবার স্বত্বের কথা।
৯০। দখলীস্বত্বশূন্য জোত সম্বন্ধে উৎকর্ষসাধন করিবার স্বত্বের কথা।
৯১। ভূম্যধিকারীর উৎকর্ষসাধন রেজিষ্টরী করিবার কথা।
৯২। উৎকর্ষসাধন সম্বন্ধে প্রমাণ লিপিবদ্ধ করিবার প্রার্থনার কথা।
৯৩। রায়তকে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ দিতে হইবার কথা।
৯৪। যে বিধিক্রমে ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয় করিতে হইবে, তাহার কথা।
ইস্তফা ও পরিত্যাগ করিবার কথা।
৯৫। ইস্তফা করিবার কথা।
৯৬। পরিত্যাগের কথা।
জোতের অংশ করিবার কথা।
৯৭। জোতের অংশ হস্তান্তরযোগ্য না হইবার কথা।
উচ্ছেদের কথা।
৯৮। ডিক্রীজারীক্রমে না হইলে উচ্ছেদ না হইবার কথা।
ভূমি মাপ করিবার কথা।
৯৯। ভূম্যধিকারির ভূমি মাপিবার স্বত্বের কথা।
১০০। প্রজা উপস্থিত হইয়া সীমা দেখাইয়া দিবে, আদালতের এরূপ আজ্ঞা করিতে পারিবার কথা।
১০১। মাপের কষ্টির কথা।
কার্য্যাধ্যক্ষদের কথা।
১০২। কেন সহাধিকারিগণ এক জন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন না ইহার কারণ দর্শাইবার নিমিত্ত তাঁহাদের উপর আদেশ করিতে পারিবার কথা।
১০৩। কারণ দর্শান না গেলে একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করণার্থ তাঁহাদিগকে আজ্ঞা দিতে পারিবার কথা।
১০৪ আজ্ঞা পালিত না হইলে কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার ক্ষমতার কথা।
ধারা।
১০৫। পূর্ব্ব ধারার (খ) প্রকরণমত সকল স্থলে কার্য্য করণার্থ কোন ব্যক্তিকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।
১০৬। কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইন কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবার কথা।
১০৭। কার্য্যাধ্যক্ষের প্রতি যেরূ বিধান বর্ত্তিবে তাহার কথা।
১০৮। সহাধিকারীগণকে কার্য্যাধ্যক্ষতা ভার প্রত্যর্পণ করিবার ক্ষমতার কথা।
১০৯। বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১০ম অধ্যায়।

স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত করিবার বিধি।

স্বত্বের লিপির কথা।
১১০। স্বত্বের লিপি প্রস্তুত করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।
১১১। যেরূ বিশেষ কথা লিপিবদ্ধ করিতে হইবে তাহার কথা।
১১২। ভূস্বামির বা তালুকদারের প্রার্থনামতে রাজস্ব কর্ম্মচারীর বিশেষ কথা লিপিবদ্ধ করিতে পারিবার কথা।
১১৩। লিপি প্রকাশ করিবার কথা।
১১৪। লিপির লেখাসম্বন্ধে বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।
১১৫। রাজস্ব কর্ম্মচারীদের নিষ্পত্তির উপর আপীলের কথা।
১১৬। ঐ লিপির যে লেখা সম্বন্ধে বিবাদ না থাকে তাহা অনুমানমত প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবার কথা।
খাজানা ধার্য্য হইবার বিধি।
১১৭। খাজানা ধার্য্য করণার্থ রাজস্ব কর্ম্মচারীদের প্রতি আজ্ঞা করিতে পারিবার কথা।
১১৮। খাজানা ধার্য্য করিবার কার্য্যপ্রণালীর কথা।
১১৯। যে সময়ে খাজানার পরিবর্ত্তন ফলবৎ হইবে তাহার কথা।
১২০। ধার্য্যকরা খাজানা যত কাল অপরিবর্ত্তিত থাকিবে তাহার কথা।
অতিরিক্ত বিধানের কথা।
১২১। এই অধ্যায়মত কার্য্যানুষ্ঠানে যে খরচ পড়ে তাহার কথা।
১২২। লিপি প্রস্তুত হইয়া থাকিলে অবধারিত খাজানাসম্বন্ধীয় অনুমান না খাটিবার কথা।

১১শ অধ্যায়।

হারের তালিকা বিষয়ক বিধি

১২৩। তালিকা প্রস্তুত করিবার আদেশ দিতে পারিবার কথা।
১২৪। তালিকায় যাহা লেখা থাকিবে তাহার কথা।
১২৫। যে বিধি অনুসারে খাজানার হার ধার্য্য করিতে হইবে তাহার কথা।
১২৬। তালিকার স্থানীয় প্রকাশ করণের কথা।
১২৭। রাজস্ব কর্ম্মচারীর আপত্তি নিষ্পত্তি করিতে পারিবার কথা

ধারা।
১২৮। তালিকা উর্দ্ধতন রাজস্ব কর্ত্তৃপক্ষদের নিকট পাঠাইবার কথা।
১২৯। তাহা হইলে রেবিনিউ বোর্ডের কার্য্যপ্রণালীর কথা।
১৩০। চূড়ান্ত অনুমোদনের পর তালিকা প্রকাশ করিবার কথা।
১৩১। তালিকা যত কাল প্রবল থাকিবে তাহার কথা।
১৩২। তালিকা সিদ্ধান্ত প্রমাণ হইবার কথা।
১৩৩। তালিকা প্রস্তুত করিতে যে খরচ পড়ে তাহা যেরূপে দিতে হইবে তাহার কথা।
১৩৪। যেখানে তালিকা প্রবল থাকে সেখানে খাজানাবৃদ্ধির মোকদ্দমার কথা।

১২শ অধ্যায়

ভূস্বামীর নিজ জমী লিপিবদ্ধ করিবার বিধি।

১৩৫। ভূস্বামীর নিজ জমী জরীপ ও লিপিবদ্ধ করিবার আজ্ঞা দিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।
১৩৬। ভূস্বামীর বা প্রজার প্রার্থনামতে নিজ জমীর কথা লিপিবদ্ধ করিতে রাজস্ব কর্ম্মচারীর ক্ষমতার কথা।
১৩৭। নিজ জমী লিপিবদ্ধ করিবার কার্য্যপ্রণালীর কথা।
১৩৮। ভূস্বামীর নিজ জমী নির্ণয় করিবার বিধি।

১৩শ অধ্যায়।

ক্রোক করিবার বিধি।

১৩৯। যে স্থলে ক্রোকের দরখাস্ত করা যাইতে পারিবে তাহার কথা।
১৪০। যে পাঠে দরখাস্ত লিখিতে হইবে তাহার কথা।
১৪১। দরখাস্ত পাইলে কার্য্যপ্রণালীর কথা।
১৪২। ক্রোক করিবার আজ্ঞা জারী হইবার কথা।
১৪৩। দাবীপত্র ও হিসাব জারী করিবার কথা।
১৪৪। শস্যাদি কর্ত্তন প্রভৃতি করিবার স্বত্বের কথা।
১৪৫। দাবী শোধ করা না গেলে নীলামের ঘোষণাপত্র প্রচার করিবার কথা।
১৪৬। নীলাম হইবার স্থানের কথা।
১৪৭। ক্ষেত্রস্থশস্যাদি বিক্রয় করিতে পারিবার কথা।
১৪৮। যে প্রকারে বিক্রয় করিতে হইবে তাহার কথা।
১৪৯। বিক্রয় স্থগিত রাখিবার কথা।
১৫০। ক্রয়ের টাকা দিবার কথা।
১৫১। ক্রেতাকে যে সার্টিফিকেট দেওয়া যাইবে তাহার কথা।
১৫২। নীলামের উৎপন্নটাকা যেরূপে প্রয়োগ করিতে হইবে তাহার কথা।
১৫৩। কোন২ কর্ম্মচারীদের ক্রয় করিতে না পারিবার কথা।
১৫৪। নীলামের পূর্ব্বে দাবীর টাকা দেওয়া গেলে কার্য্যপ্রণালীর কথা।
১৫৫। পেটা ও প্রজা আপন পাটাদাতার জন্য যে টাকা দেন, তাহা খাজানা হইতে কাটিয়া লইতে পারিবার কথা।
ধারা।
১৫৬। ঊর্দ্ধতন ও অধস্তন ভূম্যধিকারীর স্বত্বের মধ্যে বিরোধের কথা।
১৫৭। যে সম্পত্তি আটক আছে তাহা ক্রোক করিবার কথা।
১৫৮। অন্যায় ক্রোকের নিমিত্ত ক্ষতিপূরণের মোকদ্দমার কথা

১৪শ অধ্যায়।

বিচার সম্পর্কীয় কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

১৫৯। ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমায় বর্ত্তাইতে হইলে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন পরিবর্ত্তিত করিবার ক্ষমতার কথা।
১৬০। আইনমত আনুষ্ঠানিক কার্য্যে বিচারাধিপত্যের কথা।
১৬১। মাতব্বর বা গোমস্তাদের স্বীকৃত মোক্তার হইবার কথা।
১৬২। মোকদ্দমার বিশেষ রেজিষ্টরের কথা।
১৬৩। খাজানার মোকদ্দমায় কার্য্যপ্রণালীর কথা।
১৬৪। তৃতীয় ব্যক্তির নিকট যে টাকা দেনা আছে স্বীকার করা যায়, তাহা আদালতে দিবার কথা।
১৬৫। ভূম্যধিকারীর পাওনা বলিয়া স্বীকৃত টাকা আদালতে দিবার কথা।
১৬৬। কিস্তিক্রমে টাকা দিবার বিধানের কথা।
১৬৭। আদালতের রসীদ দিবার কথা।
১৬৮। খাজানার মোকদ্দমায় আপীলের কথা।
১৬৯। খাজানাবৃদ্ধির ডিক্রী যে তারিখ অবধি কলবৎ হইবে তাহার কথা।
১৭০। সম্পত্তিদণ্ড হইবার প্রতিকারের কথা।
১৭১। যে রায়ওতদিগকে উচ্ছেদ করা যায় অথবা যখন পার্থে প্রস্তুত ভূমি সম্বন্ধে তাহাদের স্বত্বের কথা।
১৭২। উচ্ছেদ করিবার আনুষ্ঠানিক কার্য্যে পরস্পরের দাওয়ার নিষ্পত্তি হইবার কথা।
১৭৩। উচ্ছেদের বিকল্পে আদালতের ন্যায্য খাজানা ধার্য্য করিতে পারিবার কথা।
১৭৪। প্রজাস্বত্বের অনুষঙ্গ নিরূপণ করিবার প্রার্থনার কথা।

১৫শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্তে ডিক্রীমত বিক্রয়ের বিধি।

১৭৫। দায় অসিদ্ধ করণ সম্বন্ধে ক্রেতার সাধারণ ক্ষমতার কথা।
১৭৬। সংরক্ষিত স্বার্থের কথা।
১৭৭। "দায়" ও "রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়" শব্দের অর্থ।
১৭৮। মোতের নীলাম হইবার প্রার্থনাপত্রের কথা।
১৭৯। নীলাম হইবার বিজ্ঞাপনসূচক ঘোষণাপত্রের কথা।
১৮০। রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়সমূলিত তালুক বিক্রয়ের ও তাহার ফলের কথা।
১৮১। সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত তালুক বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।

ধারা।

১৮২। অবধারিত হারের খোতের প্রতি পূর্ব্ব কএক ধারার বিধান বর্ত্তিবার কথা।

১৮৩। সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতা সহিত দখলীস্বত্ববিশিষ্ট খোত বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।

১৮৪। পূর্ব্ব কএক ধারামতে দায় অসিদ্ধ করিবার কার্য্য-প্রণালীর কথা।

১৮৫। দখলীস্বত্ববিশিষ্ট খোত পূর্ব্ব কএক ধারামতে তালুক বলিয়া গণ্য হয় এরূপ আজ্ঞা দিবার ক্ষমতার কথা

১৮৬। বিক্রয়োৎপন্ন টাকা লইয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ক বিধির কথা।

১৮৭। খরচা সমেত ডিক্রীর টাকা আদালতে দেওয়া গেলেই কিম্বা ডিক্রীদার শোধ হইয়াছে স্বীকার করিলেই খোত ক্রোক হইতে মুক্ত হইবার কথা।

১৮৮। নীলাম নিবারণার্থ আদালতে টাকা দেওয়া গেলে, তাহা কোন্ স্থলে উক্ত খোতের বন্ধকী ঋণ হইবার কথা।

১৮৯। অধস্তন প্রজা আদালতে টাকা দিলে তাহা খাজানাহইতে কাটিয়া লইতে পারিবার কথা।

১৯০ নীলামে ডিক্রীদারের ডাকিতে পারিবার ও ডিক্রীমত খাতকের না পারিবার কথা।

১৯১। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৩ ও ৩২৬ ধারার কার্য্য না হইবার কথা।

১৯২ দায়স্থষ্টিকারী কোনং নিদর্শনপত্র রেজিস্টরী করিবার কথা।

১৯৩। ভূম্যধিকারীকে দায়ের নোটিস দিবার কথা।

১৬শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্ত সরাসরী নীলামের বিধি।

পত্তনী তালুক নীলামের কথা।

১৯৪। ভূস্বামীর সরাসরী নীলাম দ্বারা পত্তনীদারের স্থানে বাকী খাজানা আদায়ের কথা।

১৯৫। বৎসরের প্রারম্ভে নীলামের দরখাস্ত করিবার কথা।

১৯৬। নোটিস জারী করিবার কথা।

১৯৭। বৎসরের মাঝখানে নীলামের দরখাস্তের কথা।

১৯৮। তালুকদার তলবসম্বন্ধে আপত্তি করিলে কার্য্যপ্রণালীর কথা।

১৯৯। বাকীটাকা আমানত করা না গেলে তালুক নীলাম হইবার কথা।

২০০। নীলাম হইলে যেং নিয়ম মানিতে হইবে তাহার কথা

২০১। নীলামের কার্য্য যেরূপে চালাইতে হইবে, তাহার কথা।

২০২। খরিদারের স্বত্বের কথা।

২০৩। খরিদারকে দখল দিবার কথা।

২০৪। নীলাম বন্ধ করিতে যে ব্যক্তির স্বার্থ থাকে সেই ব্যক্তির আমানত করা টাকা আদায় করিবার কথা।

২০৫। নীলাম অসিদ্ধ করিবার মোকদ্দমার কথা।

২০৬। নীলাম হওয়াতে যে ব্যক্তির স্বার্থ অসিদ্ধ হইতে পারে তাঁহার ক্ষতিপূরণ পাইবার মোকদ্দমার কথা।

ধারা।

২০৭। নীলামের উৎপন্ন টাকা লইয়া যাহাং করিতে হইবে তাহার কথা।

২০৮। রবিবার ও বন্ধের দিন বিষয়ক বিধানের কথা।

অন্যান্য তালুক নীলামের কথা।

২০৯। অন্যান্য রেজিস্টরীকরা তালুক সম্বন্ধে এই অধ্যায় পরিবর্ত্তিত হইয়া খাটিবার কথা।

১৭শ অধ্যায়।

চুক্তি ও দেশাচার বিষয়ক বিধি।

২১০। চুক্তির বিরুদ্ধে যেং বিধান ফলবৎ হইবে তাহার কথা।

২১১। কায়েমী মকরারী পাট্টার কথা।

২১২। কৃষিকার্য্যোপযোগী ফসলের চুক্তির কথা।

২১৩। চর ও দেয়াড়া জমীর কথা।

২১৪। উঠবন্দী ও চালহাশিলী প্রণালীর কথা।

২১৫। চাকরাণ তালুক সম্বন্ধে না খাটিবার কথা

২১৬। বাস্তু ভূমির কথা।

২১৭। দেশাচার সংরক্ষণের কথা।

১৮শ অধ্যায়।

মিয়াদ বা তামাদি বিষয়ক বিধি

২১৮। ৪ তফসীলমত মোকদ্দমা, আপীল এবং প্রার্থনা বা দরখাস্তের মিয়াদের কথা।

২১৯। ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক আইনের কিয়দংশ ঐ মোকদ্দমা প্রভৃতিতে না খাটিবার কথা।

১৯শ অধ্যায়।

অতিরিক্ত বিধি।

দণ্ডের কথা।

২২০। ফসলে বে-আইনীমতে হস্তক্ষেপ করিলে দণ্ডের কথা।

ভূম্যধিকারীদের কর্ম্মকারক ও প্রতিনিধিদের কথা।

২২১। ভূম্যধিকারীর কর্ম্মকারকদ্বারা কার্য্য করিবার কথা

২২২। এজমালী ভূম্যধিকারীদের একত্রে বা সাধারণ কর্ম্মকারকের দ্বারা কার্য্য করিবার কথা।

রাজস্ব কর্ম্মচারিদের ক্ষমতার কথা।

২২৩। কর্ম্মচারীদের কার্য্যপ্রণালী ও ক্ষমতা সম্বন্ধীয় বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

বিধির কথা।

২২৪। বিধি প্রণয়ন, প্রকাশ ও দৃঢ় করিবার কার্য্যপ্রণালীর কথা।

যে জিলায় চিরস্থায়ী বন্দোবস্ত থাকে তৎসম্বন্ধীয় বিধানের কথা।

২২৫। যে জিলায় চিরস্থায়ী বন্দোবস্ত হয় নাই, সেই জিলায় যে ভূমি ভোগ হয় তৎসম্বন্ধে না খাটিবার কথা।

২২৬। রাজস্বের নূতন বন্দোবস্ত হইলে খাজানা পরিবর্ত্তন করিতে পারিবার কথা।

যাসকর প্রভৃতি স্বত্বের কথা।

২২৭। যাসকর ও বলকর প্রভৃতি স্বত্বের কথা

বিশেষ আইন সংরক্ষণের কথা।

২২৮। বিশেষ আইন সংরক্ষণের কথা।

তফসীল।

প্রথম।—যে২ আইন রহিত হইল।

দ্বিতীয়।—১৮৫৯ সালের ৮ আইনের হেতুবাদ হইতে উদ্ধৃত।

তৃতীয়।—কবজ ও হিসাবের পাঠ।

চতুর্থ।—মিয়াদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত ব্যবস্থা বিষয়ক কএকটী আইন সংশোধন ও সংগ্রহ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত ব্যবস্থা বিষয়ক কএকটী আইন সংশোধন ও সংগ্রহ করা বিহিত; অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

১ম অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। (১) এই আইন "বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৪ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

আরম্ভ।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক স্থানীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এতদর্থে যে তারিখ নিরূপণ করেন, সেই তারিখ অবধি এই আইন প্রবল হইবে। অতঃপর সেই তারিখ এই আইন প্রচলিত হইবার সময় বলিয়া খ্যাত হইবে।

স্থানীয় ব্যাপ্তি।

(৩) কলিকাতা নগর ও উড়িষ্যা খণ্ড ছাড়া এবং তফসীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের আইনের প্রথম তফসীলের তৃতীয় খণ্ডের নির্দ্দিষ্ট তফসীলে লেখা প্রদেশ ছাড়া বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীনে যৎকালে যে যে দেশ থাকে, সেই সেই দেশে এই আইন আপন বলে বর্ত্তিবে; এবং স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক স্থানীয় গেজেট বিজ্ঞাপন দিয়া এই আইনের সমুদয় বা কোন অংশ উড়িষ্যা খণ্ডে বর্ত্তাইতে পারিবেন

রহিত হইবার কথা।

২ ধারা। (১) যে যে দেশে এই আইন আপন বলে বর্ত্তে, সেই সেই দেশে ইহার প্রথম তফসীলের নির্দ্দিষ্ট আইনগুলি রহিত হইল।

(২) যৎকালে এই আইন উড়িষ্যা খণ্ডে বর্ত্তান যায়, তৎকালে এ সকল আইনের মধ্যে যে যে আইন উক্ত খণ্ডে প্রবল থাকে, অথবা এই আইনের কিয়দংশ মাত্র বর্ত্তান গেলে, তন্মধ্যে যে যে আইন ঐ অংশের সহিত অসঙ্গত হয়, সেগুলি উক্ত খণ্ডে রহিত হইবে।

(৩) এই আইন দ্বারা যে কোন আইন রহিত করা যায়, কোন আইনে বা দলীলে সেই আইনের উল্লেখ থাকিলে, উহা এই আইনের বা তদ্বিষয়ক এই আইনের অংশবিশেষের উল্লেখ জ্ঞান করিয়া অর্থ করিতে হইবে।

(৪) এই আইন প্রচলিত হইবার সময়ে যে কোন স্বত্ব, অধিকার, বিষয় বা বস্তু প্রবল বা বিদ্যমান না থাকে, এই আইন দ্বারা কোন আইন রহিত হইল বলিয়া সেই স্বত্ব প্রভৃতি পুনর্জ্জীবিত হইবে না।

অর্থকরণের কথা।

৩ ধারা। বিষয় বিবেচনায় বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর বোধ না হইলে এই আইনে,

(১) প্রচলিত আইনক্রমে কোন জিলার কালেক্টর মালগুজারী ভূমির ও লাখেরাজ ভূমির যে যে সাধারণ রেজিষ্টর প্রস্তুত করিয়া রাখেন, সেই রেজিষ্টরের কোন রেজিষ্টরে একই স্তম্ভার মধ্যে যে ভূমি লেখা যায়, "মহাল" শব্দে সেই ভূমি বুঝাইবে।

কিন্তু ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের আইনের ৩ ধারার ৮) প্রকরণের (গ) দফামতে কোন তালুক রেজিষ্টরী করা গেলে, তাহা এই লক্ষণের মর্ম্মানুযায়ী মহাল বলিয়া গণ্য হইবে না।

(২) "ভূস্বামী বা জমীদার" শব্দে কোন মহালের মালিকস্বরূপ এক বা বহু ব্যক্তিকে বুঝাবে।

(৩) যে কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তির অধীনে ভূমি ভোগ করে ও তাহার নিকট ঐ ভূমির নিমিত্ত খাজানা দিতে দায়ী হিল্লা বিশেষ চুক্তি না থাকিলে দায়ী থাকিত, "প্রজা" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

(৪) যে এক বা বহু ব্যক্তির অধিকারিত্ব অধীনে কোন প্রজা ভূমি ভোগ করেন, "ভূম্যধিকারী" শব্দে সেই এক বা বহু ব্যক্তিকে বুঝাইবে।

(৫) প্রজা যে ভূমি ভোগ করেন, তাহার ব্যবহার বা দখল নিমিত্ত আপন ভূম্যধিকারীকে মুদ্রা বা শস্য যোগে প্রজার যাহা কিছু দিতে বা অর্পণ করিতে হয়, "খাজানা" শব্দে তাহা বুঝাইবে।

(৬) খাজানা সম্বন্ধে "দেওয়া" "দিতে" ও "দেওন" ইত্যাদি শব্দ ব্যবহৃত হইলে, "অর্পণ করা," "অর্পণ করিতে," ও "অর্পণ করণ" ইত্যাদি বুঝাইবে।

(৭) এক পাট্টা ক্রমে বা এক প্রস্থালয়ের অধীনে কোন ভূম্যধিকারীর কোন প্রজা যে বা যেং ভূমিখণ্ড ভোগ করেন, "যোত" শব্দে তাহা বুঝাইবে।

(৮) "ভূমি বৎসর" বলিতে যেখানে বাঙ্গালা সন চলিত আছে, সেখানে বৈশাখ মাসের প্রথম দিবসে যে বৎসর আরম্ভ হয়, সেই বৎসর বুঝাইবে; যেখানে ফসলী বা অন্য সন লিখা আছে, সেখানে আশ্বিন মাসের প্রথম দিবসে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসর বুঝাইবে এবং যেখানে ব্যবহারার্থ অন্য কোন সন চলিত থাকে, সেখানে সেই সন বুঝাইবে।

(৯) ১৭৯৩ সালে বাঙ্গালা বেহার ও উড়িষ্যার যে চিরস্থায়ী বন্দোবস্ত হয়, "চিরস্থায়ী বন্দোবস্ত" বলিতে তাহা বুঝাইবে।

(১০) "হস্তান্তর" শব্দে ইচ্ছাপূর্ব্বক ক্রিয়া ডিক্রীজারীক্রমে বিক্রয় ও বন্ধক ও দানও বুঝাইবে।

(১১) "উত্তরাধিকার" শব্দে অকৃতচরমপত্র ও চরমপত্রানুযায়ী অর্থাৎ উইল বিনা ও উইলমত উভয় প্রকার উত্তরাধিকারই বুঝাইবে।

(১২) কোন ব্যক্তি আপনার নাম লিখিতে না পারাতে চেরাসহীকরিলে, 'স্বাক্ষরিত" শব্দে "চেরাসহী করা" বুঝাইবে। এই শব্দে পূর্ব্বোক্ত ব্যক্তির নামের "মোকরাজিত" ও বুঝাইবে।

(১৩) "নির্দ্দিষ্ট" শব্দে রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক নির্দ্দিষ্ট বুঝাইবে।

(১৪) "কালেক্টর" শব্দে কোন জিলার কালেক্টর সাহেব কিম্বা এই আইনমত কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত অন্য কোন কার্য্যকারক বুঝাইবে।

(১৫) এই আইনের কোন বিধানে "রাজস্ব কর্ম্মচারী" শব্দ থাকিলে, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত বিধানমত রাজস্ব কর্ম্মচারীর ক্ষমতানুসারে কার্য্য করিবার নিমিত্ত যে কর্ম্মচারীকে নিযুক্ত করেন উক্ত শব্দে সেই কর্ম্মচারী বুঝাইবে।

(১৬) "পত্তনী তালুক" শব্দে এই আইনের দ্বিতীয় তফসীলের বর্ণিত প্রকারের তালুক বুঝায়, এবং সেই তফসীলে উল্লিখিত দরপত্তনী ও অন্যান্য তদ্রূপ তালুকও তদন্তর্গত।

২য় অধ্যায়।

প্রজাদের শ্রেণী বিষয়ক বিধি।

প্রজাদের শ্রেণী বিষয়ক কথা।

৪ ধারা। এই আইনের কার্য্যপক্ষে নিম্নলিখিত কএক শ্রেণীর প্রজা থাকিবে, যথা,—

(১) তালুকদার, পেটাও তালুকদারেরা ইহার অন্তর্গত;

(২) রায়ত; এবং

(৩) কোফা রায়ত, অর্থাৎ, যে প্রজারা সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে রায়তের অধীনে ভূমি ভোগ করে;

আর নিম্নলিখিত কএক শ্রেণীর রায়ত, যথা,—

(ক) যে রায়তেরা অবধারিত হারে ভূমি ভোগ করে,—যাহারা অবধারিত খাজানায় কিম্বা অবধারিত খাজানার হারে ভূমি ভোগ করে, এই কথায় তাহাদিগকে বুঝাইবে;

(খ) দখলীস্বত্ববিশিষ্ট রায়ত, অর্থাৎ, যে রায়তদের ভোগকৃত ভূমিতে দখলীস্বত্ব আছে; এবং

(গ) দখলীস্বত্বশূন্য রায়ত, অর্থাৎ যে রায়তদের ঐরূপ দখলী স্বত্ব নাই।

তালুকদার ও রায়ত শব্দের অর্থ।

৫ ধারা। (১) যে ব্যক্তি খাজানা আদায় করিবার স্বত্ব কুর্ক্কির স্থানে বা অন্য কোন তালুকদারের স্থানে প্রাপ্ত হইয়াছেন, "তালুকদার" বলিতে মুখ্যতঃ সেই ব্যক্তিকে বুঝাইবে; এবং যাঁহারা ঐরূপ স্বত্ব পাইয়াছেন, তাঁহাদের স্বার্থগত উত্তরাধিকারীদিগকে ও যাঁহারা ২৭ ধারামতে তালুকদার বলিয়া গণ্য হইবেন সেই ব্যক্তিদিগকেও বুঝাইবে।

(২) যে ব্যক্তি আপনি, বা আপনার পরিবারস্থ ব্যক্তিবর্গদ্বারা, বা বেতনভোগী চাকরদ্বারা কিম্বা অংশীদের সাহায্যে ভূমির চাষ করিবার নিমিত্ত ভূমি গ্রহণ করিয়াছেন, "রায়ত" শব্দে মুখ্যতঃ সেই ব্যক্তিকে বুঝাইবে; এবং যে ব্যক্তিরা ঐরূপে ভূমি গ্রহণ করেন তাঁহাদের স্বার্থগত উত্তরাধিকারীরাও ৩৭ ধারার নিয়মাধীনে ঐ শব্দে বাচ্য হইবেন।

(৩) কোন ব্যক্তি কোন ভূস্বামীর বা তালুকদারের অব্যবহিত অধীনে ভূমি ভোগ না করিলে, তাহাকে রায়ত বলিয়া জ্ঞান করা যাইবে না।

(৪) কোন প্রজা তালুকদার কি রায়ত, ইহা নির্ণয় করিতে হইলে, আদালত নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,

(ক) দেশাচারের প্রতি;

(খ) যে রায়তেরা আপনাদের ভোগের অর্দ্ধেকের অধিক কোর্কী বিলি করে, তাহাদের সম্বন্ধীয় ৩৭ ধারার বিধানের প্রতি; এবং

(গ) প্রথম প্রাপ্তির সময়ে প্রজাস্বত্বের তারের প্রতি, অর্থাৎ, ঐ স্বত্ব খাজানা আদায় করিবার বা ভূমি চাষ করিবার স্বত্ব ছিল, ইহার প্রতি।

(৫) কোন ভোগের পরিমাণ নষ্টিমত ১০০ বিঘার অধিক হইলে, এবং উহার সমস্ত বা কিয়দংশ পেটাও বিলি করা গেলে, যাবৎ বিপরীত দর্শান না যায়, তাবৎ প্রজা তালুকদার বলিয়া অনুমান হইবে।

৩য় অধ্যায়।

তালুকদারের স্থায়ীর বিধি।

খাজানা বৃদ্ধির কথা।

চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে তালুক ভোগ হইয়া আসিতেছে কোন স্থলেমাত্র তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবার কথা।

৬ ধারা। (১) চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যে তালুক ভোগ হইয়া আসিতেছে, নিম্নলিখিতরূপ প্রমাণ ব্যতিরেকে তাহার খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে না, অর্থাৎ,

(ক) যে ভূম্যধিকারীর অধীনে ঐ তালুক ভোগ করা যায়, তিনি দেশাচারক্রমে, কিম্বা যে যে নিয়মের অধীনে ঐ তালুক ভোগ হয় তদনুসারে, তাহার খাজানা বৃদ্ধি করিতে স্বত্ববান, অথবা

(খ) ঐ তালুকদার আপনার খাজানা কমাইয়া লইয়া দায়ীকৃত বৃদ্ধি খাজানা দিতে দায়ী হইয়াছেন, এবং ভূমি হইতে ঐ খাজানা তোলা যাইতে পারে।

(২) শিকস্তী হওনাতে কিম্বা রাজকীয় কার্য্যের নিমিত্ত বা কোম্পানির নিমিত্ত ভূমি গ্রহণ বিষয়ক যে আইন যৎকালে বলবৎ থাকে, সেই আইনের বিধানমতে ভূমি গৃহীত হওয়াতে কোন তালুকদারের খাজানা কমাইয়া দেওয়া গেল, ঐ কমান এই ধারার মর্ম্মানুযায়ী কমান বলিয়া গণ্য হইবে না।

তালুকের খাজানা বৃদ্ধির সীমার কথা।

৭ ধারা। (১) যে স্থলে কোন তালুকদারের খাজানা বৃদ্ধি করা যাইতে পারে, সেই স্থলে উভয় পক্ষের মধ্যে কোন চুক্তি থাকিলে তাহা মানিয়া ঐ খাজানা নিষ্পত্তি হইবে। তালুকদারেরা ভোগ করেন, তাঁহারা দেশাচারানুসারে যে হারে খাজানা দেন সেই হারে কিম্বা বৃদ্ধি করা যাইতে পারিবে।

(২) যেস্থলে তদ্রূপ দেশাচার সুস্থির হয় নাই, সেই স্থলে উক্তরূপ চুক্তি মানিয়া আদালত যাহা উপযুক্ত ও ন্যায্য জ্ঞান করেন, সেই সীমা পর্য্যন্ত খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে।

(৩) যাহা উপযুক্ত ও ন্যায্য হয়, ইহা নির্ণয় করিবার সময়ে আদালত তালুকদারের মোট যত খাজানা পাওনা হয়, তাহা হইতে খাজানা আদায় করিবার খরচ বাদ দিলে যাহা অবশিষ্ট থাকে, তাঁহাকে তাহার শতকরা দশ ভাগের কম লভ্য দিবেন না, এবং নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,—

(ক) যে অবস্থায় তালুকের সৃষ্টি হয়, যথা, তালুকের অন্তর্গত ভূমি কিম্বা তাহার অধিকাংশ তালুকদারের কিম্বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারীদের দ্বারায় বা খরচে প্রথম চাষ করা হইয়াছিল কি না;

(খ) তালুকদার বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারীরা কোনরূপ উৎকর্ষসাধন করিয়াছেন কি না;

(গ) আদায় করিবার খরচ ও ঝুঁকি।

(৪ উক্ত তালুকদার আপন তালুকের অন্তর্গত ভূমির কোন অংশ আপনি দখল করিলে, অথবা ঐ ভূমির কোন অংশ খাজানামুক্ত করিয়া বা উপকারার্থ সামান্য খাজানায় দিলে, ঐ অংশের নিমিত্ত উপযুক্ত ও ন্যায্য খাজানা হিসাব করিয়া পূর্ব্বোক্ত মোট খাজানার মধ্যে ধরিতে হইবে।

৮ ধারা। যে স্থলে কোন তালুকদারের খাজানা বৃদ্ধি করা যাইতে পারে, সেই স্থলেপূর্ব্ব ধারামতে যে বর্দ্ধিত খাজানা ধার্য্য করা যায়, তাহা পূর্ব্বদেয় খাজানার দ্বিগুণের অধিক হইবে না

বর্দ্ধিত খাজানা সাবেক খাজানার দ্বিগুণের অধিক না হইবার কথা।

৯ ধারা। আদালত যদি বিবেচনা করেন যে একবারে খাজানা বৃদ্ধি করিলে কষ্টহইবে, তবে আজ্ঞা করিতে পারিবেন, যে, খাজানা বৃদ্ধি ক্রমে২ করা যাইবে, অর্থাৎ যাবৎ খাজানা বৃদ্ধির উর্দ্ধ সীমায় উপস্থিত হওয়া না যায়, পাঁচ বৎসরের অনধিক কএক বৎসর ব্যাপিয়া ক্রমে২ বৎসর বৎসর খাজানা বৃদ্ধি হইবে।

খাজানা ক্রমশঃ বৃদ্ধি করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

১০ ধারা। কোন তালুকদারের খাজানা আদালত দ্বারা কিম্বা চুক্তিক্রমে বৃদ্ধি করা গেলে, যে তারিখে বৃদ্ধি করা যায়, আদালত সেই তারিখের পর দশ বৎসর মধ্যে ঐ খাজানা আর বৃদ্ধি করিবেন না।

খাজানা একবার বর্দ্ধিত হইলে দশ বৎসর পরিবর্দ্ধিত হইতে না পারিবার কথা।

তালুকের অন্যান্য অনুষঙ্গের কথা।

১১ ধারা। প্রত্যেক চিরস্থায়ী তালুক, রেজিষ্টরী করণ সম্বন্ধে এই আইনের বিধানের নিয়মাধীনে, অন্য স্থাবর সম্পত্তি যে প্রকারে ও যে পরিমাণে হস্তান্তর করা ও উইল করা যাইতে পারে, সেই প্রকারে ও সেই পরিমাণে হস্তান্তর করা ও উইল করা যাইতে পারিবে।

চিরস্থায়ী তালুকের হস্তান্তর ও উত্তরাধিকারাদির কথা।

১২ ধারা। কোন চিরস্থায়ী তালুকদার ও তদীয় ভূম্যধিকারী এই উভয়ের মধ্যে যে চুক্তি থাকে তাহার শর্ত্তক্রমে এই আইনের বিধানসঙ্গত যে নিয়ম ভঙ্গ করিলে উক্ত তালুকদারকে উচ্ছেদ করা যাইতে পারে, তিনি সেই নিয়ম ভঙ্গ করিয়াছেন, এইরূপ হেতু বিনা উক্ত তালুকদারকে তদীয় ভূম্যধিকারী উচ্ছেদ করিবেন না।

চিরস্থায়ী তালুকদারকে উচ্ছেদ করিতে না পারিবার কথা।

পত্তনী তালুকের কথা।

১৩ ধারা। পত্তনী তালুকদার এই আইনের বিধান মানিয়া আপনার তালুকের বা তাহার কোন অংশের অন্তর্গত ভূমির বিলি করিতে পারিবেন।

পত্তনীদারের পেটাও বিলি করিবার ক্ষমতার কথা।

৪ ধারা। (১) ইচ্ছাপূর্ব্বক কিম্বা ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা পত্তনী তালুক হস্তান্তরিত হইলে, ভূম্যধিকারী খাজানা দিবার ও তালুকের অন্যান্য নিয়ম পালন করিবার সম্বন্ধে উক্ত তালুকের অর্দ্ধ বৎসরের খাজানা পরিমিত মাতব্বর জামিন হস্তান্তরক্রমে গ্রহীতার নিকট চাহিতে পারিবেন।

পত্তনী তালুকের ভূম্যধিকারি হস্তান্তরক্রমে গ্রহীতার স্থানে জামিন চাহিবার হুকুমের কথা।

(২) ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর হইলে, যদি ভূম্যধিকারী এই ধারামতে ক্রেতার স্থানে জামিন চাহেন, এবং চাহিবার তারিখ অবধি এক মাস মধ্যে ঐ জামিন না দেওয়া হয়, তবে যত দিন জামিন দেওয়া না হয়, তত দিন ভূম্যধিকারী হস্তান্তরক্রমে গ্রহীতাকে বাদ রাখিয়া উক্ত তালুক ক্রোক করিয়া দখল করিতে পারিবেন।

(৩) এই ধারামত ক্রোক থাকিবার কালে ভূম্যধিকারী পেটাও তালুকদার কিম্বা রায়তদের স্থানে খাজানা আদায় করিতে পারিবেন, এবং তাহা হইতে ক্রোক করিবার খরচ, আদায়ের খরচ, ও আপনার পাওনা খাজানা কাটিয়া লইয়া অবশিষ্ট টাকা ক্রেতার পক্ষে ন্যাস স্বরূপ রাখিবেন।

(৪) এরূপে যে খাজানা আদায় হয়, তাহাতে ক্রোকের খরচ, আদায়ের খরচ এবং ভূম্যধিকারির প্রাপ্য খাজানা দিতে না কুলাইলে, যত টাকা ন্যূন হয় তজ্জন্য ক্রেতা দায়ী থাকিবেন, এবং ভূম্যধিকারী তাহা আদায় করিবার নিমিত্ত তাঁহার বিরুদ্ধে কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন।

(৫) এই ধারামতে কোন হস্তান্তরক্রমে গ্রহীতা যে জামিন দিবার প্রস্তাব করেন ভূম্যধিকারী তাহা অগ্রাহ্য করিলে, হস্তান্তরক্রমে গৃহীতা অগ্রাহ্য করিবার তারিখ অবধি তিন মাসের মধ্যে দেওয়ানী আদালতে উক্ত জামিন গ্রহণার্থ ভূম্যধিকারির প্রতি আদেশসূচক আজ্ঞা পাইবার প্রার্থনা করিতে পারিবেন এবং আদালত প্রস্তাবিত জামিন উপযুক্ত বলিয়া বুঝিলে ঐরূপ আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা তাহা না বুঝিলে প্রার্থনা অগ্রাহ্য করিবার আজ্ঞা করিতে পারিবেন।

(২) এই ধারামত কোন আজ্ঞার উপর আপীল চলিবে না।

রেজিষ্টরী করিবার কথা।

১৫ ধারা। (১) ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হইয়া কোন চিরস্থায়ী তালুকের হস্তান্তর বা উক্ত তালুকের উত্তরাধিকার ঘটিলে, হস্তান্তরকর্ত্তা ও হস্তান্তরক্রমে গ্রহীতা একত্র কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তি ভূম্যধিকারীর নিকটে যদি প্রার্থনা করেন, এবংপ্রার্থক পক্ষান্নির্দ্দিষ্ট ফী দেন, তবে ভূম্যধিকারী পত্তনী তালুক হইলে পূর্ব্ব ধারার বিধান মানিয়া উক্ত হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবেন।

ইচ্ছাপূর্ব্বক হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিতে হইবার কথা।

কিন্তু কোন তালুকের খাজানা বাকী থাকিলে, ভূম্যধিকারী যদি উচিত বোধ করেন, তবে তাহার হস্তান্তর রেজিষ্টরী করিতে অসম্মত হইতে পারিবেন।

(২) এই ধারামত প্রার্থনাপত্রে যে ফী দিতে হইবে তাহা নিম্নলিখিতরূপ হইবে, যথা,—

(ক) উক্ত তালুক সম্বন্ধে খাজানা দিতে হইলে, উক্ত তালুকের বার্ষিক খাজানার উপর শতকরা দুই টাকা ফী দিতে হইবে। কিন্তু ঐরূপ কোন ফী এক টাকার কম কিম্বা এক শত টাকার অধিক হইবে না।

(খ) উক্ত তালুক সম্বন্ধে খাজানা দিতে না হইলে, দুই টাকা ফী দিতে হইবে।

(৩) এই ধারামতে যে প্রার্থনা করা যায়, ভূম্যধিকারী তদনুসারে কার্য্য করিতে অসম্মত হইলে, তাঁহার অসম্মতির কারণের বর্ণনাপত্র লিখিয়া প্রার্থককে দিবেন; এবং তিনি তাহা না করিলে, দণ্ডস্বরূপ এক শত টাকার অনধিক যত টাকা আদালত উচিত বোধ করেন, তত টাকা তাঁহার স্থানে আদায় করিবার নিমিত্ত প্রার্থক মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

খাজানার ডিক্রী ভাড়া জন্য ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।

১৬ ধারা। (১) কোন চিরস্থায়ী তালুক উহার নিজ বাকী খাজানার ডিক্রীজারীক্রমে নীলাম করা গেলে, তাহাতে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৩১৩ ধারামতে নীলাম দৃঢ় করিবার পূর্ব্বে ক্রেতার প্রতি এই আদেশ করিতে পারিবেন যে, তিনি পূর্ণ দাবার নির্দ্দিষ্ট রেজিষ্টরী করণের ফী এবং ভূম্যধিকারীর উপরে নীলামের নোটিস জারী করণার্থ ১২ ধারামতে নির্দ্দিষ্টক্রমে আর যে ফী নির্দ্দিষ্ট হয় তাহা আদালতে দাখিল করেন।

(২) নীলাম দৃঢ় করা গেলে, আদালত অধিকন্তু নীলামের নোটিস ভূম্যধিকারীর উপর জারী করাইবেন। নোটিসে তাঁহার প্রতি উক্ত নীলাম রেজিষ্টরী করিবার আদেশ থাকিবে ও তাঁহাকে জানান হইবে যে রেজিষ্টরীর জন্য যত ফী পাওনা দিয়াছে, এবং রেজিষ্টরী করা হইলে যাচিবামাত্র তাঁহাকে দেওয়া হইবে এবং উপযুক্ত কারণ না থাকিলে ভূম্যধিকারী অবিলম্বে উক্ত আদেশানুসারে কার্য্য করিবেন।

খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা অন্যরূপ নীলাম দ্বারা হস্তান্তর হইলে রেজিষ্টরী করিবার কথা।

১৭ ধারা। কোন চিরস্থায়ী তালুক উহার নিজ বাকী খাজানার ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তরিত হইলে, ভূম্যধিকারী একপক্ষে তাঁহার নিকট কোন প্রার্থনা বা তাঁহার প্রতি কোন আদেশ করা না গেলেও ও কোন ফী দেওয়া না গেলেও, উক্ত হস্তান্তর রেজিষ্টরী করিবেন।

রেজিষ্টরী না করিবার ফলের কথা।

১৮ ধারা। (১) বাকী খাজানার ডিক্রী জারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হইয়া, কোন চিরস্থায়ী তালুকের হস্তান্তর ঘটিলে, যাবৎ এই অধ্যায়মতে হস্তান্তর রেজিষ্টরী করা না যায়, তাবৎ ভূম্যধিকারী হস্তান্তরকারককে ও হস্তান্তরক্রমে গ্রহীতাকে হস্তান্তর হইবার পর যে খাজানা বাকী পড়ে, তজ্জন্য একত্র ও স্বতন্ত্র দায়ী করিতে পারিবেন।

(২) যাবৎ হস্তান্তর বা উত্তরাধিকার এই অধ্যায়মতে রেজিষ্টরী করা না হয়, কিম্বা ২২ ধারামত বিধির আদেশমতে ভূম্যধিকারীর উপর তাহার নোটিস জারী করা না হয়, তাবৎ যে ব্যক্তি হস্তান্তর বা উত্তরাধিকারক্রমে কোন চিরস্থায়ী তালুকের স্বত্ববান হন, তিনি তালুকদারস্বরূপ তাঁহার যে খাজানা পাওনা হয়, মোকদ্দমা, ক্রোক বা অন্য কার্য্যানুষ্ঠান দ্বারা সেই খাজানা আদায় করিতে পারিবেন না।

ভূম্যধিকারীকে রেজিষ্টরী করিতে বাধ্য করিবার নিমিত্ত আদালতে প্রার্থনা করিবার কথা।

১৯ ধারা। (১) পূর্ব্ব কএক ধারামতে ভূম্যধিকারী যে হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিতে বাধ্য, তিনি এক মাস কাল তাহা রেজিষ্টরী করিতে অস্বীকার বা উপেক্ষা করিলে, হস্তান্তরকর্ত্তা বা হস্তান্তরক্রমে গ্রহীতা কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তি দেওয়ানী আদালতের নিকট বলপূর্ব্বক রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিতে পারিবেন।

(২) তাহা হইলে আদালত ভূম্যধিকারীকে এবং হস্তান্তরের এক পক্ষ প্রার্থনা করিলে হস্তান্তরের অন্য বা অন্যান্য পক্ষকের নোটিস দিতে পারিবেন। ঐ নোটিসে তাঁহার বা তাঁহাদের প্রতি এই আদেশ থাকিবে যে উক্ত হস্তান্তর বা উত্তরাধিকার কেন রেজিষ্টরী করা যাইবে না, নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে তাহার কারণ দর্শান।

(৩) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান না গেলে, আদালত ভূম্যধিকারীর প্রতি উক্ত হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন, এবং ঐরূপ আজ্ঞা করা গেলে, হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ন্যায় ফল হইবে।

(৪) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান গেলে, আদালত কোন আজ্ঞা করিতে অস্বীকার করিতে, কিম্বা মোকদ্দমার অবস্থা বিবেচনায় যেরূপ আজ্ঞা উচিত বোধ করেন সেইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

রেজিষ্টরী করিতে বাধ্য করিবার নিমিত্ত ভূম্যধিকারীর প্রতি প্রার্থনার কথা।

২০ ধারা। (১) ডিক্রীজারীক্রমে নীলাম দ্বারা কিম্বা এই আইনমত সরাসরী নীলাম দ্বারা হস্তান্তর না হইয়া পূর্ব্ব কএক ধারামতে যাহা রেজিষ্টরী হইবার যোগ্য এরূপ হস্তান্তর কিম্বা উত্তরাধিকার ঘটিলে, তাহা ঘটিবার পর ছয় মাসের মধ্যে যদি রেজিষ্টরী করিবার প্রার্থনা না করা যায়, তবে ভূম্যধিকারী হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার আজ্ঞা হইবার নিমিত্ত ও হস্তান্তরের পক্ষদিগকে কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তিকে ১৫ ধারার লিখিত ফী দিতে বাধ্য করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

(২) তাহা হইলে সেই আদালত উক্ত হস্তান্তরের পক্ষদিগকে কিম্বা স্থলবিশেষে উত্তরাধিকারী ব্যক্তিকে নোটিস দিয়া এই আদেশ করিতে পারিবেন, যে কেন রেজিষ্টরী করা হইবে না ও তাঁহারা বা তিনি কী দিবেন না নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে ইহার কারণ দর্শান।

(৩) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান না গেলে, আদালত আজ্ঞা করিয়া হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ক্ষমতা ভূম্যধিকারীকে দিতে এবং হস্তান্তর ক্রমে গ্রহীতার কিম্বা স্থল বিশেষে উত্তরাধিকারী ব্যক্তির প্রতি উক্ত ফী দিবার আদেশ করিতে পারিবেন। ঐরূপ আজ্ঞা করা গেলে, হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করিবার ন্যায় ফল হইবে, এবং ঐরূপে যে আজ্ঞা করা যায়, তাহাতে ফী আদায় করিবার আদেশ যত দূর থাকে, তত দূর তাহা মোকদ্দমার ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

(৪) পূর্ব্বোক্তরূপ উপযুক্ত কারণ দেখান গেলে, আদালত কোন আজ্ঞা করিতে অস্বীকার করিতে, কিম্বা মোকদ্দমার অবস্থা বিবেচনায় যেরূপ আজ্ঞা উচিত বোধ করেন সেইরূপ আজ্ঞা করিতে পারিবেন

ভূম্যধিকারীর রেজিষ্টরী বহীর লেখার নকল দিবার কথা।

২১ ধারা। পূর্ব্ব কএক ধারামতে কোন তালুকের হস্তান্তর বা উত্তরাধিকার রেজিষ্টরী করা গেলে, যে ব্যক্তির প্রতি বা যাহার দ্বারা উক্ত তালুক বা তাহার কোন অংশ হস্তান্তর করা যায়, তিনি কিম্বা স্থল বিশেষে উক্ত তালুকের উত্তরাধিকারী প্রত্যেক ব্যক্তি রেজিষ্টরী বহীতে উক্ত তালুক সংক্রান্ত যে কথা লেখা থাকে, তাহার যত খান নকল সময়ে২ চাহেন, ভূম্যধিকারীর স্থানে যথার্থ নকল বলিয়া ভূম্যধিকারীর স্বাক্ষরযুক্ত তত খান নকল পাইতে পারিবেন; কিন্তু সমস্ত২ এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট এক আনার অন্যূন বা এক টাকার অনধিক যে ফী ধার্য্য করেন, এরূপ প্রত্যেক খণ্ড নকলের জন্য তিনি ভূম্যধিকারীকে সেই ফী দিবেন।

রেজিষ্টরী করণ সম্বন্ধে বিধিপ্রণয়ন করিতে পারিবার কথা।

২২ ধারা। (১) পূর্ব্ব কএক ধারামতে যে সকল রেজিষ্টরী বহী রাখিতে হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে প্রকাশিত ও এই আইনসঙ্গত বিধক্রমে সময়ে২ সেই সকল রেজিষ্টরী বহীর পাঠ নির্দ্দেশ করিতে পারিবেন, এবং সাধারণতঃ রেজিষ্টরী করিবার সম্বন্ধে যে কার্য্য প্রণালী অবলম্বিত হইবে তাহা নিরূপণ করিতে পারিবেন।

(২) (১) প্রকরণমত কোন বিধি প্রণয়ন কালে স্থানীয় গবর্ণমেণ্ট এই বিধান করিতে পারিবেন, যে উক্ত বিধি লঙ্ঘন হইলে পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

৪র্থ অধ্যায়

অবধারিত দরে যে রায়তেরা ভূমি ভোগ করে তাহাদের সম্বন্ধীয় বিধি।

অবধারিত দরে ভূমি ভোগ করিবার অনুবন্ধের কথা।

২৩ ধারা। অবধারিত খাজানায় বা অবধারিত খাজানার দরে যে রায়ত ভূমি ভোগ করে,

(ক) কোন তালুকদারের যে বিধানের নিয়মাধীন থাকিতে হয়, তাহারও আপন ভোগের হস্তান্তর ও উত্তরাধিকার সম্বন্ধে সেই২ বিধানের নিয়মাধীন থাকিতে হইবে, এবং

(খ) তাহার সহিত তদীয় ভূম্যধিকারীর যে চুক্তি থাকে, সেই চুক্তির শর্ত্তক্রমে এই আইনসঙ্গত যে নিয়ম ভঙ্গ করিলে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, সে সেই নিয়ম ভঙ্গ করিয়াছে, এইহেতু ভিন্ন অন্য কারণে তদীয় ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিবেন না।

৫ম অধ্যায়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সম্বন্ধীয় বিধি

সাধারণ।

বর্ত্তমান দখলীস্বত্ব চলিত থাকিবার কথা।

২৪ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়ের অব্যবহিত পূর্ব্বে আইনের বলে কিম্বা দেশাচারক্রমে কিম্বা প্রকারান্তরে কোন ভূমিতে যে রায়তের দখলীস্বত্ব থাকে, এই আইন প্রচলিত হইলে সেই রায়তের উক্ত ভূমিতে দখলীস্বত্ব থাকিবে।

বাসেন্দা রায়তদের দখলীস্বত্ব প্রাপ্ত হইবার কথা।

২৫ ধারা। (১) কোন গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত উক্ত গ্রামে বা মহালে রায়তস্বরূপ যে সকল ভূমি ভোগ করে, সেই সকল ভূমিতে সে দখলীস্বত্ব প্রাপ্ত হইবে।

(২) কোন গ্রামের বা মহালের কোন বাসেন্দা রায়ত ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখ অবধি এই আইন প্রচলিত হইবার সময় পর্য্যন্ত উক্ত গ্রামের বা মহালের অন্তর্গত কোন ভূমি রায়তস্বরূপ ভোগ করিলে, তৎকালে যে আইন বলবৎ থাকে সেই আইনমতে উক্ত ভূমিতে দখলী স্বত্বপ্রাপ্ত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

বাসেন্দা রায়ত শব্দের অর্থ।

২৬ ধারা। (১) এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে বা পরে যদি কোন ব্যক্তি ক্রমাগত বার বৎসর কাল কোন গ্রামের বা মহালের অন্তর্গত জমী রায়তস্বরূপ পাটাক্রমে বা প্রকারান্তরে ভোগ করিয়া থাকে, তবে ঐ ব্যক্তি উক্ত কাল অতীত হইলে পর ঐ গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) যদি এই আইনমত কোন কার্য্যস্থানে ইহা প্রমাণিত বা স্বীকৃত হয় যে, কোন ব্যক্তি রায়তস্বরূপ ভূমি ভোগ করে, তবে যাবৎ বিপরীত কথা প্রমাণ বা স্বীকার করা না হয়, তাবৎ এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তি ও সে যে ভূম্যধিকারীর অধীনে ভূমি ভোগ করে সেই ভূম্যধিকারীর মধ্যে এই অনুমান হইবে যে, সে ঐ ভূমি বা উহার কোন অংশ রায়তস্বরূপ বার বৎসর কাল ভোগ করিয়াছে।

(৩) কোন ব্যক্তি যে বিশেষ ভূমি ভোগ করে, তাহা ভিন্ন২ সময়ে ভিন্ন হইলেও, এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তি ক্রমাগত কোন গ্রামে বা মহালে ভূমি ভোগ করিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৪) কোন ব্যক্তি যে ব্যক্তির উত্তরাধিকারী সেই ব্যক্তি রায়তস্বরূপ যে জমী ভোগ করিয়া থাকে, প্রথমোক্ত ব্যক্তি এই ধারার কার্য্যপক্ষে সেই জমী রায়তস্বরূপ ভোগ করিয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) কোন জমী দুই বা তদধিক অংশীদার রায়তী যৌতস্বরূপ ভোগ করিলে, এই ধারার কার্য্যপক্ষে ঐ জমী ঐরূপ প্রত্যেক অংশীদার রায়তস্বরূপ ভোগ করিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(৬) কোন ব্যক্তি কোন গ্রামে বা মহালে যতকাল রায়তস্বরূপ জমী ভোগ করে, তত কাল ও তাহার পর এক বৎসর উক্ত গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত থাকিবে।

(৭) যদি কোন রায়ত ৯১ ধারামতে পুনর্বার ভূমির দখল পায়, তবে সে এক বৎসরের অধিক কাল বেদখল থাকিলেও বাসেন্দা রায়ত রহিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

গ্রাম ও মহাল শব্দের অর্থকরণের কথা।

২৭ ধারা। এই অধ্যায়ের পূর্ব্ব কএক ধারার কার্য্যার্থে,

(ক) গ্রাম শব্দে রাজস্বসংক্রান্ত জরীপের গ্রামের মানচিত্রে একই বহিঃসীমার মধ্যে যে স্থান ধরা যায় সেই স্থান বুঝাইবে এবং যদি মানচিত্র হইতে দেখা যায় যে বাহিরের কোন স্থান ঐ গ্রামের অংশ, তবে তাহাও বুঝাইবে; ও ঐরূপ মানচিত্র প্রস্তুত না হইয়া থাকিলে, স্থানীয় গবর্ণমেণ্ট স্বার্থবিশিষ্ট সকল ব্যক্তিকে সংবাদ দিবার নিমিত্ত যাহা উপযুক্ত বিবেচনা করেন এরূপ নোটিস দিয়া স্থানীয় তদন্ত লইলে পর এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন কার্য্যকারক যে স্থান নিরূপণ করেন, সেই স্থান বুঝাইবে।

(খ) যে স্থলে এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে বা পরে ১৮৫৩ সালের ৯ জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি এক বা অধিক বাটওয়ারা হওয়াতে দুই বা তদধিক মহাল সৃষ্ট হয়, সেই স্থলে ঐরূপ বাটওয়ারা না হইলে ঐ সকল যে মহালের অংশস্বরূপ হইত, সেই মূল মহালের অন্তর্গত স্থান একই মহাল বলিয়া গণ্য হইবে।

২৮ ধারা। দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তের ভূম্যধিকারী ক্রয় করিয়া বা প্রকারান্তরে ঐ রায়তের স্বার্থ প্রাপ্ত হইলে, দখলীস্বত্ব বিলুপ্ত হইবে; কিন্তু এই ধারার কোন কথায় অপর কোন ব্যক্তির স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

ভূম্যধিকারী দখলী-স্বত্ব প্রাপ্ত হইলে তাহার ফলের কথা।

২৯ ধারা। (১) কোন ব্যক্তি রায়তস্বরূপ ভূমি ভোগ করিলে, ঐ ভূমিতে ভূস্বামী বা তালুকদারস্বরূপ তাহার এজমালী স্বার্থ আছে বলিয়া কেবল এই কারণে তাহার উক্ত ভূমিতে দখলীস্বত্ব প্রাপ্ত হইবার বাধা হইবে না।

এজমালী মালিক ও ইজারদারদের সম্বন্ধে বিশেষ বিধানের কথা।

(২) কোন ব্যক্তি খাজানার ইজারদারস্বরূপ কোন ভূমি ভোগ করিলে ঐ ভোগহেতুক তৎসম্বন্ধে এই ধারামত দখলীস্বত্ব প্রাপ্ত হইবে না। কিন্তু কোন ব্যক্তি ভূমিতে দখলীস্বত্ব প্রাপ্ত হইলে পর সেই ভূমি ইজারা লইয়া ভোগ করিলে, ঐ দখলীস্বত্ব যাইবে না।

৩০ ধারা। ভূস্বামীর নিজ জমী বলিয়া বঙ্গদেশে খামার, নিজ বা নিজযোত নামে এবং বেহারে কেরাত, নিজ, সেন্ন বা কামাত নামে যে ভূমি খ্যাত, কএক সনের মিয়াদী পাট্টাক্রমে কিম্বা সন বসন পাট্টাক্রমে সেই ভূমি ভোগ করা গেলে, এই অধ্যায়ের কোন কথাক্রমে তাহাতে দখলীস্বত্ব জন্মিবে না।

খামার জমী সংরক্ষণের কথা।

৩১ ধারা। কোন ভূমি সম্বন্ধে কোন রায়তের দখলী স্বত্ব থাকিলে, নিম্নলিখিত বিধানগুলি বর্ত্তিবে, অর্থাৎ,

দখলী স্বত্বের অনুষঙ্গের কথা।

(ক) যাহাতে ভূমি প্রজাস্বত্বসংক্রান্ত কার্য্যের অনুপযোগী না হয় এরূপে তিনি ভূমি ব্যবহার করিতে পারিবেন, কিন্তু দেশাচারের বিরুদ্ধে বৃক্ষ কাটিতে পারিবেন না।

(খ) তিনি এই আইনের বিধানমতে ভূমির উৎকর্ষসাধন করিতে পারিবেন।

(গ) তিনি উপযুক্ত ও ন্যায্য হারে খাজানা দিবেন

(ঘ) (১) যাহাতে ভূমি প্রজাস্বত্বসংক্রান্ত কার্য্যের অনুপযোগী হয় এরূপে তিনি ভূমি ব্যবহার করিয়াছেন, অথবা

(২) তিনি এই আইনের বিধানসঙ্গত এরূপ এক নিয়ম ভঙ্গ করিয়াছেন যাহা ভঙ্গ হইলে, তদ্দায় ভূম্যধিকারির সহিত তাঁহার যে চুক্তি থাকে সেই চুক্তির শর্ত্তানুসারে তাঁহাকে উচ্ছেদ করা যাইতে পারে;

এই হেতু ধরিয়া উচ্ছেদ করিবার যে ডিক্রী হয়, সেই ডিক্রীজারীক্রমে না হইলে উক্ত ভূমি হইতে তাঁহার ভূম্যধিকারী তাঁহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

(ঙ) তিনি এই আইন অনুসারে আপন যোত ইস্তফা করিতে পারিবেন।

(চ) এই আইনক্রমে ভূম্যধিকারির যে সকল স্বত্ব রক্ষিত হইল, তাহা মানিয়া দখলীস্বত্ববিশিষ্ট রায়তের ভূমিগত স্বার্থ, অন্য স্থাবর সম্পত্তি যে প্রকারে ও যে পরিমাণে হস্তান্তর করা যাইতে পারে, সেই প্রকারে ও সেই পরিমাণে হস্তান্তর করা ও উইল ক্রমে দান করা যাইতে পারিবে।

(ছ) তিনি এই আইনের বিধান মানিয়া উক্ত ভূমি বা তাহার কোন অংশ কোর্ক বিলি করিতে পারিবেন।

(জ) তাঁহার ভূমিগত স্বার্থসম্বন্ধে তিনি উইল না করিয়া মরিলে অন্য কোন স্থাবর সম্পত্তির ন্যায় তাহার উত্তরাধিকার ঘটিবে; কিন্তু তিনি যে দায়ভাগ ব্যবস্থার অধীন সেই ব্যবস্থামতে যে কোন স্থলে তাঁহার অন্য সম্পত্তি রাজার প্রাপ্ত বর্ত্তে, সেই স্থলে তাঁহার দখলীস্বত্ব বিলুপ্ত হইবে।

হস্তান্তর বিষয়ে নিয়মের কথা।

৩২ ধারা। (১) রায়তের দখলীস্বত্ব বিক্রয় করিবার স্বত্ব তদীয় ভূম্যধিকারীর অগ্রে ক্রয় করিবার স্বত্বের নিয়মাধীন থাকিবে।

দখলীস্বত্ব ইচ্ছাপূর্ব্বক বিক্রয় করিলে ভূম্যধিকারির অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।

(২) অগ্রে ক্রয় করিবার যে স্বত্ব ভূম্যধিকারীর আছে, তদনুসারে কর্ম্ম করিতে তাঁহাকে সমর্থ করিবার নিমিত্ত, রায়ত ভূম্যধিকারী ভিন্ন অন্য কোন ব্যক্তির নিকট স্বীয় দখলীস্বত্ব বিক্রয় করিবার কল্পনা করিলে স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে যে আদালত বা কার্য্যকারককে নিযুক্ত করেন, সেই আদালতের বা কার্য্যকারকের আফিসে ভূম্যধিকারীর উপর জারী করণার্থ আপন অভিপ্রায়ের লিখিত নোটিস দাখিল করিবেন। যে ব্যক্তির নিকট যে শর্ত্তে তিনি উক্ত স্বত্ব বিক্রয় করিতে চাহেন এবং উক্ত স্বত্ব কিরূপ (যদি কোন) দায়যুক্ত থাকে ঐ নোটিসে তাহা লিখিবেন, এবং যে তারিখে নোটিস দাখিল করেন সেই তারিখ অবধি ছয় সপ্তাহ গত না হওয়া পর্য্যন্ত বিক্রয় করা বন্ধ রাখিবেন।

(৩) যে আদালতের বা কার্য্যকারকের আফিসে নোটিস দাখিল করা যায়, সেই আদালত বা কার্য্যকারক, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধিক্রমে যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে ঐ নোটিস অবিলম্বে ভূম্যধিকারির উপর জারী করাইবেন।

(৪) নোটিস দাখিল করিবার তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে ভূম্যধিকারী রায়তের স্থানে দখলীস্বত্ব ক্রয় করিবার দাওয়া করিতে পারিবেন। ভূম্যধিকারী ও রায়ত একমত হইয়া যে মূল্য স্থির করেন সেই মূল্যে ঐ স্বত্ব ক্রয় করা যাইবে, অথবা তাঁহারা মূল্য বিষয়ে একমত হইতে না পারিলে উক্ত ছয় সপ্তাহের মধ্যে ভূম্যধিকারী এতদর্থে দেওয়ানী আদালতে যে প্রার্থনা করেন সেই প্রার্থনামতে উক্ত আদালত যে মূল্য ধার্য্য করেন সেই মূল্যে বিক্রয় করা যাইবে। ভূম্যধিকারী উক্তরূপ দাওয়া করিলে এবং মূল্য স্থির হইবার বা আদালত কর্ত্তৃক ধার্য্য হইবার পরিশোধ অবধি এক মাসের মধ্যে রায়তকে ঐ মূল্য দিতে চাহিলে, রায়ত ঐ ভূমি বিক্রয় করিতে বিরত হইবেন, নয় ঐ মূল্যে উক্ত ভূম্যধিকারির নিকট ঐ স্বত্ব বিক্রয় করিবেন।

(৫) কোন রায়ত এই ধারার আদেশমত নোটিস দাখিল না করিয়া কিম্বা নোটিস দাখিল করিবার তারিখ অবধি ছয় সপ্তাহ কালের মধ্যে ভূম্যধিকারী ভিন্ন অন্য কোন ব্যক্তির নিকট স্বীয় দখলীস্বত্ব বিক্রয় করিলে, ভূম্যধিকারীর বিরুদ্ধে ঐ বিক্রয় বাধ্য হইবে।

(৬) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট যতজন আসেসর উপযুক্ত বোধ করেন, এই ধারামত দখলী স্বত্বের মূল্য ধার্য্য করিবার নিমিত্ত ততজন আসেসর সঙ্গে লইতে দেওয়ানী আদালতের প্রতি ঐ বিধিতে আদেশ করিতে পারিবেন এবং ঐ আসেসরদের যোগ্যতা ও নির্ব্বাচনপ্রণালী নিরূপণ করিতে পারিবেন।

ডিক্রীজারীক্রমে নীলাম হইলে ভূম্যধিকারীর অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।

৩৩ ধারা। যদি ডিক্রীজারীক্রমে দখলী স্বত্ব নীলাম হয় এবং দুই বা তদধিক ব্যক্তি কোন ডাকে একই টাকা ডাকেন ও তন্মধ্যে এক জন ভূম্যধিকারী হন, তবে ঐ ডাক ভূম্যধিকারীর ডাক বলিয়া গণ্য হইবে।

উদ্ধার করিবার স্বত্ব রহিত করা গেলে ভূম্যধিকারীর বন্ধকগ্রহীতার স্থান লইবার স্বত্বের কথা।

৩৪ ধারা। (১) যদি রায়ত দখলীস্বত্ব বন্ধক দিয়া থাকে এবং সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ক ১৮৮২ সালের আইনের ৮৭ ধারামতে তৎসম্বন্ধে উদ্ধার করিবার স্বত্ব রহিত করণার্থ চূড়ান্ত আজ্ঞা পাইবার প্রার্থনা হয়, তবে আদালত উক্ত আজ্ঞা করিবার প্রস্তাব করিলে উক্ত প্রার্থনার নোটিস ভূম্যধিকারীর উপর জারী করাইবেন এবং নোটিস জারী করণাবধি এক মাস কাল উক্ত আজ্ঞা করা বন্ধ রাখিবেন।

(২) বন্ধক উদ্ধার করিতে যে টাকা আবশ্যক হয় ভূম্যধিকারী উক্ত একমাস কালের মধ্যে আদালতে সেই টাকা দিলে, আদালত সেই টাকা মোকদ্দমার বাদিকে দিবেন, ভূম্যধিকারিকে বাদির স্থানে দণ্ডায়মান হইবার অধিকারী বলিয়া প্রকাশ করিবেন এবং ভূম্যধিকারির অনুকূলে উদ্ধার করিবার স্বত্ব রহিত করণার্থ চূড়ান্ত আজ্ঞা করিবেন।

(৩) (২) প্রকরণমতে যে চূড়ান্ত আজ্ঞা করা যায়, তাহাতে ভূম্যধিকারী বন্ধকগ্রহীতা ও মোকদ্দমার বাদী থাকিলে, যেরূপ ফল হইত সেইরূপ ফল হইবে।

দখলী স্বত্বদানবিষয়ে নিয়মের কথা।

৩৫ ধারা। (১) রেজিষ্টরী করা নিদর্শনপত্রক্রমে দান করা না গেলে, ভূমিগত দখলীস্বত্বদান ভূম্যধিকারীর বিরুদ্ধে সিদ্ধ হইবে না।

(২) রেজিষ্টরী করণের নোটিস ভূম্যধিকারীর উপর জারী করিবার নিমিত্ত নির্দ্দিষ্ট ফী দেওয়া না গেলে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ ঐরূপ কোন নিদর্শনপত্র রেজিষ্টরী করিবেন না।

(৩) ঐরূপ কোন দান রেজিষ্টরী করা গেলে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ রেজিষ্টরী করণের নোটিস ভূম্যধিকারীর উপর অবিলম্বে জারী করিবেন।

(৪) মুসলমানকর্ত্তৃক দান করা গেলে, এই ধারার কোন কথা বিবাহবিষয়ে নিষিদ্ধ সপিণ্ডের মধ্যে কোন ব্যক্তিকে দান করিবার সম্বন্ধে খাটিবে না।

পূর্ব্ব কএক ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারী শব্দের অর্থের কথা।

৩৬ ধারা। পূর্ব্ব চারি ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারী শব্দে কেবল

(ক) যে ভূস্বামীর অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই ভূস্বামীকে, কিম্বা

(খ) যে চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই চিরস্থায়ী তালুকদারকে বুঝাইবে, অথবা

(গ) অন্য যে কোন তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগ করে, সেই তালুকদারকে বুঝাইবে; কিন্তু এরূপস্থলে আবশ্যক যে, উক্ত তালুকদার ভূস্বামীর বা কোন চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে ভূমি ভোগ করেন, এবং উক্ত ভূস্বামীর কিম্বা স্থল বিশেষে চিরস্থায়ী তালুকদারের স্থানে ঐ ধারার কার্য্যপক্ষে ভূম্যধিকারীর স্বত্বক্রমে কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রাপ্ত হন।

কোর্ফা বিলি সম্বন্ধে নিয়মের কথা।

দখলীস্বত্ববিশিষ্ট যে রায়তেরা কোর্ফা বিলি করে তাহাদের তালুকদারে পরিবর্ত্তিত হইবার কথা।

৩৭ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপনার যোতের যে অংশ কোর্ফা বিলি করে, তাহা তাহার যোতের অর্দ্ধেকের অধিক হইলে, তালুকদারদের রেজিষ্টরী করিবার নিমিত্ত যে কোন আইন বিধিবদ্ধ হয়, সেই আইনমতে ঐ রায়ত তালুকদার বলিয়া সরকারী রেজিষ্টরে আপনাকে রেজিষ্টরী করাইলে, এই আইনের মর্ম্মানুসারী তালুকদার হইয়াছে বলিয়া গণ্য হইবে।

কিন্তু (ক) বয়ঃক্রমে, স্ত্রীলোক বলিয়া, পীড়াবশতঃ, দুর্ঘটনাক্রমে, কিম্বা সৈনিক বা গার্হস্থ্য চাকরীতে বা তীর্থযাত্রায় যাওয়াতে কিয়ৎকালের নিমিত্ত গৃহে উপস্থিত না থাকায়, যে কোন ব্যক্তি চাষ করিতে অক্ষম হইয়া আপনার অক্ষমতাকালের অনধিক কালের নিমিত্ত আপ-

নার যোত বা তাহার কোন অংশ কোর্ফা বিলি করে, তাহার সম্বন্ধে এই ধারার কোন কথা খাটিবে না।

(খ) যদি কোন ব্যক্তি এই ধারার বলে তালুকদারে পরিবর্ত্তিত হয়, তবে ঐ ব্যক্তি দখলীস্বত্ববিশিষ্ট রায়ত থাকিলে, যে শর্ত্তে ও যে নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিত, সেই শর্ত্তে ও সেই নিয়মাধীনে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবে।

ব্যাখ্যা।—এই ধারার বলে যে কোন ব্যক্তি তালুকদারে পরিবর্ত্তিত হয়, তাহার যোতের কোর্ফা বিলি করা অংশ ঐ যোতের অর্দ্ধেকের অধিক আর না থাকিলে, সেই ব্যক্তি আবার রায়তে পরিবর্ত্তিত হয় না।

দরপাট্টার কালের নিয়মের কথা।

৩৮ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত আপনার যোত বা তাহার কোন অংশ কোর্ফা বিলি করিলে, ঐরূপ বিলি করিবার দরপাট্টা সাত বৎসরের অধিক কালের নিমিত্ত প্রবল থাকিবে না।

কিন্তু (ক) কোন রায়ত বরকন্দেতুক, স্ত্রীলোক বলিয়া, পীড়াবশতঃ, দুর্ঘটনাক্রমে, কিম্বা সৈনিক বা গার্হস্থ্য চাকরীতে কিম্বা তীর্থযাত্রায় যাওয়াতে কিয়ৎকালের নিমিত্ত গৃহে উপস্থিত না থাকায়, চাষ করিতে অক্ষম হইলে, আপনার অক্ষমতা কালের অনধিক কালের নিমিত্ত আপন যোত বা তাহার কোন অংশ কোর্ফা বিলি করিতে এই ধারার কোন কথাক্রমে তাহার কোন বাধা হইবে না, কিম্বা বাধা হইল বলিয়া জ্ঞান করা যাইবে না।

(খ) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে দরপাট্টা দেওয়া গেলে, এই ধারার কার্য্যপক্ষে এই আইন প্রচলিত হইবার সময়াধীন সাত বৎসর কাল গণনা করা যাইবে।

খাজানা বৃদ্ধির কথা।

উপযুক্ত ও ন্যায্য খাজানা বিষয়ক অনুমানের কথা।

৩৯ ধারা। যাবৎ বিপরীত প্রমাণ না হয়, দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তের যৎকালে যে খাজানা দিতে হয়, তাহা উপযুক্ত ও ন্যায্য বলিয়া অনুমান হইবে।

মুদ্রারূপ খাজানা বৃদ্ধি বিষয়ে নিষেধের কথা।

৪০ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত মুদ্রারূপ (নগদী) খাজানা দিলে, তাহার খাজানা এই আইনের বিধানমতে না হইলে, প্রকারান্তরে বৃদ্ধি করা যাইবে না।

রেজিষ্টরী ও চুক্তিক্রমে খাজানা বৃদ্ধি করিবার কথা।

৪১ ধারা। (১) কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়তের যে মুদ্রারূপ খাজানা দিতে হয়, তাহা রেজিষ্টরী করা চুক্তিক্রমে নিম্নলিখিত নিয়মাধীনে বৃদ্ধি করা যাইতে পারিবে।—

(ক) খাজানা এরূপে বৃদ্ধি করিতে হইবে না যে, তাহা রায়তের পূর্ব্বদেয় খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অধিক হয়।

(খ) চুক্তিপত্রে অন্যূন সাত বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(গ) বর্দ্ধিত খাজানা পূর্ব্ব বা সাবেক খাজানা অপেক্ষা টাকায় দুই আনার অধিক হইলে, চুক্তিপত্রে অন্যূন পনের বৎসর কালের নিমিত্ত খাজানা ধার্য্য করিয়া দিতে হইবে।

(২) চুক্তি এই আইনের বিধানসম্মত ও ন্যায্য তাহা করিতে সক্ষম ও সম্মত ও তাহার মর্ম্ম বুঝে, রেজিষ্টরী করণের কর্ত্তৃপক্ষ এই ধারামত চুক্তিপত্র রেজিষ্টরী করিবার পূর্ব্বে এই কথা জানিয়া লইবেন।

পূর্ব্বদরে বিলি করিবার বেলা খাজানা বৃদ্ধির কথা।

৪২ ধারা। (১) যে জমী মুদ্রারূপ খাজানা দিয়া কোন প্রজা পূর্ব্বে ভোগ করিতেন, তাহা যে গ্রামের বা মহালের অন্তর্গত তথাকার কোন বাসেন্দা রায়তকে বিলি করা গেলে, খাজানা বৃদ্ধি করিয়া দিবার রেজিষ্টরী করা চুক্তিপত্রক্রমে না হইলে, পূর্ব্ব প্রজা যে খাজানা দিতেন, উক্ত রায়ত ঐ জমীর জন্য তদপেক্ষা উচ্চ হার খাজানা দিতে বাধ্য হইবেন না।

(২) এইরূপ প্রত্যেক চুক্তির প্রতি পূর্ব্বধারার বিধান বর্ত্তিবে।

মোকদ্দমা দ্বারা খাজানা বৃদ্ধি করিবার কথা।

৪৩ ধারা। কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত মুদ্রা যোগে খাজানা দিয়া যে যোত ভোগ করে, সেই যোতের ভূম্যধিকারী এই আইনের বিধানের নিয়মাধীনে লিখিত এক বা অধিক হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, যথা,—

(ক) দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত যে প্রচলিত হারে খাজানা দিয়া থাকে, উক্ত রায়ত তদপেক্ষা কম হারে খাজানা দেয়।

(খ) সেইস্থানে বা চলিত বাজারে প্রধান২ খাদ্য শস্যের গড় মূল্য বৃদ্ধি হইয়াছে।

(গ) ভূম্যধিকারীর দ্বারা বা তাঁহার খরচে যে উৎকর্ষসাধন হয়, তাহাতে রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(ঘ) রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বন্যাদ্বারা হ্রাস হইয়াছে।

প্রচলিত হার ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে।

৪৪ ধারা। প্রচলিত হারের সমতারে খাজানা দেওয়া হয়, এইহেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,

(ক) বর্দ্ধিত খাজানা সাবেক খাজানা অপেক্ষা টাকায় আট আনার অধিক হইবে না।

(খ) যদি আদালতের বিবেচনায় স্থানীয় তদন্ত ব্যতিরেকে খাজানার প্রচলিত হার সন্তোষজনকরূপে জানা যাইতে না পারে, তবে তদর্থে বিধি করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট যে রাজস্ব কর্ম্মচারীকে ক্ষমতা দেন তদ্বারা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫ম অধ্যায়মতে স্থানীয় তদন্ত দেওয়া হয় আদালত এইরূপ আজ্ঞা করিতে পারিবেন।

(গ) কোন রায়তের যে হারে খাজানা দিতে হইবে, এই ধারামতে তাহা নির্ণয় করিতে হইলে, যদি ইহা প্রমাণ না হয় যে, তার নির্ণয় করিবার সময়ে দেশাচারক্রমে জাতি বিচার করা হয়, তবে তাহার জাতি বিষয়ে বিবেচনা করিতে হইবে না; এবং যদি দেখা যায় যে, দেশাচারক্রমে কোন প্রকারের রায়তেরা অনুকূল হারে খাজানা দিয়া ভূমি ভোগ করে, তবে দেশাচার অনুসারে খাজানার হার নির্ণয় করা যাইবে।

(ঘ) খাজানার প্রচলিত হার নির্ণয় করিতে হইলে, ভূম্যধিকারীর উৎকর্ষসাধন হেতুক যত টাকা খাজানা বৃদ্ধি করিবার অনুমতি দেওয়া যায়, তাহা বিবেচনাধীনে লইতে হইবে না।

৪৫ ধারা। মূল্য বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,—

মূল্য বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধিসম্বন্ধীয় বিধি।

(ক) স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে নিয়মিত সময়ান্তরে যে মূল্যের তালিকা প্রকাশ করা যায়, আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন, এবং মোকদ্দমা উপস্থিত করিবার অব্যবহিত পূর্ব্ববর্ত্তী পাঁচ বৎসরের গড় মূল্য, অর্থ যে পাঁচ বৎসর তুলনার নিমিত্ত লওয়া ন্যায্য ও যথার্থ বোধ হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত মিলাইয়া দেখিবেন।

(খ) আদালত এরূপে খাজানা বৃদ্ধি করিবেন না যে বর্দ্ধিত খাজানা সাবেক খাজানা অপেক্ষা শতকরে চারি আনার অধিক হয়।

(গ) তুলনার নিমিত্ত পূর্ব্বের যে পাঁচ বৎসর লওয়া হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের যে অংশপাত থাকে, পূর্ব্বোক্ত নিয়মাধীনে ও ৪৮ ধারার নির্দ্দেশানুসারে সাবেক খাজানার সহিত বর্দ্ধিত খাজানার সেই অনুপাত থাকিবে।

অন্যাধিকারীর উৎকর্ষসাধন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি বিষয়ক বিধি।

৪৬ ধারা। ভূম্যধিকারীর উৎকর্ষসাধন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,—

(ক) এই আইন অনুসারে উৎকর্ষসাধন বেবিজারী করা না গেলে, আদালত খাজানা বৃদ্ধি দিবেন না।

(খ) যে পরিমাণে খাজানা বৃদ্ধি করা যাইবে, তাহা নির্দ্ধারণ করিবার সময়ে আদালত নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,—

(১) উৎকর্ষসাধনের নিমিত্ত ভূম্যধিকারী কি ব্যয় করিয়াছেন;

(২) উৎকর্ষসাধন করিতে কত খরচ পড়িয়াছে;

(৩) ঐ উৎকর্ষসাধন রায়তের ব্যয়ে করিতে কত খরচ পড়িত;

(৪) উক্ত ভূমির বর্ত্তমান খাজানা কত ও উৎকৃষ্ট খাজানা দিবার কিরূপ শক্তি আছে।

(গ) আদালত নিয়মানুসারে ডিক্রী করিতে পারিবেন, এবং নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উৎকর্ষসাধন হইতে আশানুরূপ ফল না ফলিলে, ডিক্রী পুনর্ব্বিবেচনা ও পুনর্ব্বিবেচনা সাপেক্ষ রাখিতে পারিবেন।

বর্দ্ধিত উৎপাদিকা শক্তি বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি সম্বন্ধীয় বিধি।

৪৭ ধারা। বর্দ্ধিত উৎপাদিকা শক্তি বৃদ্ধি হেতু ধরিয়া খাজানা বৃদ্ধির দাওয়া করা গেলে,

(ক) যে বৃদ্ধি কিয়ৎকালীন বা নৈমিত্তিক মাত্র, আদালত তাহা বিবেচনা করিবেন না।

(খ) বর্দ্ধিত খাজানা সাবেক খাজানা অপেক্ষা টাকায় চারি আনার অধিক হইবে না।

(গ) আদালত যাহা উপযুক্ত ও ন্যায্য বিবেচনা করেন, সেই পরিমাণে খাজনা বৃদ্ধি করিতে পারিবেন, কিন্তু খাজনা এরূপে বৃদ্ধি করিবেন না যাহাতে ভূমির উৎপন্নের নিট বৃদ্ধির মূল্যের অর্দ্ধেকের অধিক ভূম্যধিকারীকে দেওয়া হয়।

খাজানাবৃদ্ধি উপযুক্ত বলিয়া প্রতিপন্ন হইবার কথা।

৪৮ ধারা। যে মোকদ্দমায় খাজানা বৃদ্ধির দাওয়া হয়, সেই মোকদ্দমায় আদালত খাজানা বৃদ্ধি করিতে ডিক্রী করিলে যে পরিমাণে অর্থাৎ যত টাকা বৃদ্ধি করিবার ডিক্রী প্রদান করিলে বিবেচনার কর্ত্তব্য হইবে, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন যে ঐ বৃদ্ধি কিরূপে করা যাইবে, অর্থাৎ, কত দূর খাজানা বৃদ্ধি করিবার ডিক্রী হয়, তৎসম্বন্ধে খাজানা বৃদ্ধি করিয়া পাঁচ বৎসরের অধিক কাল বা অল্প কাল বর্দ্ধিত খাজানা দিতে হইবে, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন যে ঐ বৃদ্ধি কিরূপে করা যাইবে, অর্থাৎ, কত দূর খাজানা বৃদ্ধি করিবার ডিক্রী হয়, তৎসম্বন্ধে খাজানা বৃদ্ধি করিয়া পাঁচ বৎসরের অধিক কাল বা অল্প কাল বর্দ্ধিত খাজানা দিতে হইবে, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন।

ডিক্রী খাজানা বৃদ্ধি করিবার অজ্ঞাক্রমে পরিবর্ত্তন করিবার কথা।

৪৯ ধারা। যে আদালত খাজানা বৃদ্ধির ডিক্রী করেন, সেই আদালত যদি বিবেচনা করেন যে পূর্ব্ব পরিমাণে অধিক্ষেপে ডিক্রী প্রদান করিলে রায়তের কষ্ট হইবে, তবে তাহা করিতে পারিবেন যে ঐ বৃদ্ধি ক্রমে ক্রমে করা যাইবে, অর্থাৎ, যত দূর খাজানা বৃদ্ধি করিবার ডিক্রী হয়, তৎসমস্ত একেবারে খাজানা বৃদ্ধি করিয়া পাঁচ বৎসরের অধিক কাল বা অল্প কাল বর্দ্ধিত খাজানা দিতে হইবে, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন যে ঐ বৃদ্ধি ক্রমে ক্রমে করা যাইবে, অর্থাৎ, যত দূর খাজানা বৃদ্ধি করিবার ডিক্রী হয়, তৎসমস্ত একেবারে খাজানা বৃদ্ধি করিয়া পাঁচ বৎসরের অধিক কাল বা অল্প কাল বর্দ্ধিত খাজানা দিতে হইবে, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন।

প্রচলিত খাজানার হার অপেক্ষা কম হারে খাজানা দেওয়া হইতেছে, এই হেতু ধরিয়া কিম্বা মূল্য বৃদ্ধি হেতু ধরিয়া কোন শ্রেণীর খাজানা বৃদ্ধির মোকদ্দমা উপস্থিত করা গেলে, সেই মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্ববর্ত্তী পনর বৎসরের মধ্যে ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ১ তারিখের পর চুক্তিমতে ঐ শ্রেণীর খাজানা বৃদ্ধি করা গিয়া থাকে, কিম্বা সেই উক্ত পনর বৎসরের মধ্যে ৫৩ ধারামতে খাজানার রূপান্তরিকরণ করা গিয়া থাকে, অথবা এই অধ্যায়ের বিধিমতে এই আইন দ্বারা বা তদনুসারে কোন হেতু ধরিয়া খাজানা বৃদ্ধি করিবার কিম্বা কোন শ্রেণীর খাজানা বিবেচনা করিয়া মোকদ্দমা ডিসমিস করিবার ডিক্রী হইয়া থাকে, তবে ঐ মোকদ্দমা গ্রাহ্য হইবে না।

(২) এই ধারা, কোন পথ ক্রমে দেওয়ানী মোকদ্দমার বিষয়ীভূত বিষয়ের উপর ১৭৩ ধারার বিধানের কোন বিঘ্ন হইবে না।

খাজানা কমাইবার কথা।

৫০ ধারা। (১) মুনাফা খাজানা নিয়া ভোগকারী যে প্রজা বিশেষ বা শ্রেণীবিশেষ রায়ত নিম্নলিখিত হেতু খাজানা আপনার খাজানা কমাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং সেই মোকদ্দমা গ্রাহ্য হইলে, পরে যে বিধান করা গিয়াছে, সেই বিধানের স্থল ছাড়া প্রত্যাহার পারিবেন না, অর্থাৎ,

(ক) যৌতের জমী রায়তের দোষ ব্যতিরেকে বালি জমা হইয়া বা ঐরূপ অন্য কোন দুর্ঘটনা ঘটিয়া স্থায়িরূপে অপকৃষ্ট হইয়া গিয়াছে, কিম্বা

(খ) ঐ স্থানে বা চলিত বাজারে প্রধান২ খাদ্য শস্যের গড় মূল্য কমিয়া গিয়াছে।

(২) এই ধারামতে কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, আদালত যত দূর উপযুক্ত বা ন্যায্য বোধ করেন, তত দূর খাজানা কম হওয়ার আজ্ঞা করিতে পারিবেন।

মূল্যের অর্থাৎ দরের তালিকার কথা।

৫১ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে২ স্থান নির্দ্দেশ করেন, সেই২ স্থানে যে২ প্রধান খাদ্য শস্য জন্মে, প্রত্যেক জিলার কালেক্টর সাহেব স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে নিয়মের যে২ সময় ধার্য্য করেন, সেই২ সময়ে সেই২ শস্যের ফসলের সময়ে বাজার দরের তালিকা প্রস্তুত করিবেন, এবং অনুমোদনার্থ বোর্ড অব রেবিনিউ তাহা বোর্ডে পাঠাইবেন।

প্রধান২ শস্যের মূল্যের তালিকার কথা।

(২) কালেক্টর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের আদেশ পাইলে, ঐ গবর্ণমেণ্ট যে কাল উপযুক্ত বোধ করেন, সেই কাল পর্য্যন্ত কোন স্থানের ঐরূপ মূল্যের তালিকা প্রস্তুত করিতে পারিবেন, এবং প্রত্যেক যে তালিকা প্রস্তুত করেন তাহা অনুমোদনার্থ সদরোপযুক্ত সময় নিমিত্ত বোর্ড অব রেবিনিউ বোর্ডে পাঠাইতে হইবে।

(৩) উক্ত মূল্যের তালিকা বোর্ড অব রেবিনিউ কর্ত্তৃক অনুমোদিত বা সংশোধিত হইলে রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

(৪) ঐরূপ মূল্যের তালিকা উক্তরূপে প্রকাশ করা গেলে, উহা যে সময় সম্বন্ধীয় হয়, সেই সময়ে উক্ত স্থানে প্রচলিত মূল্যের সম্বন্ধে এই অধ্যায়মত কোন আনুষ্ঠানিক বাক্যে সিদ্ধান্ত হইবে।

(৫) কালেক্টর সাহেব এই ধারামতে কোন মূল্যের তালিকা বোর্ড অব রেবিনিউ বোর্ডে পাঠাইবার ১৫ দিন পূর্ব্বে উহা যে স্থানে সম্বন্ধীয় হয়, সেই স্থানের সদর সহরের নোটিস যেরূপে প্রকাশ করা যায়, সেইরূপে ঐ তালিকা প্রকাশ করিবেন, এবং ঐ স্থানের অন্যূন তিন জন ভূম্যধিকারী বা প্রজা উক্ত তালিকার মধ্যে ঐ স্থানীয় বিরুদ্ধে কালেক্টর সাহেবের নিকট লিখিত কোন আপত্তি দিলে তিনি তাহা ঐ তালিকার সহিত বোর্ড অব রেবিনিউ বোর্ডে পাঠাইবেন।

খাজানা রূপান্তরিত করিবার কথা।

৫২ ধারা। (১) কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কোন বৎসরের নিমিত্ত শস্যরূপে কিম্বা শস্যের কিয়দংশের পরিবর্ত্তে নির্দ্দিষ্ট পরিমাণ টাকা দিতে কবুল হইয়া কিম্বা শস্যভেদে ভিন্ন২ হারে খাজানা দিতে কবুল হইয়া এমত এক প্রণালীতে ও এমত সময়ে ও স্থানে খাজানা দিলে, রায়ত বা তাহার ভূম্যধিকারী ঐ খাজানা মুদ্রারূপ খাজানায় পরিবর্ত্তিত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

(২) এই প্রার্থনা কালেক্টর সাহেবের বা মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট, কিম্বা ১০ অধ্যায়মতে যে কোন কর্ম্মচারী খাজানার বন্দোবস্ত করেন, তাঁহার নিকট, কিম্বা এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্ম্মচারীর নিকট, করা যাইতে পারিবে।

(৩) ঐ প্রার্থনাপত্র পাইলে যত টাকা মুদ্রারূপ খাজানা দিতে হইবে, উক্ত কর্ম্মচারী তাহা নির্ণয় করিতে পারিবেন এবং এই আজ্ঞা করিবেন। যে, রায়ত শস্যরূপে বা পূর্ব্বোক্তরূপ অন্য প্রকারে আপনার খাজানা বাদে ঐরূপ নির্ণীত টাকা দিবেন।

(৪) তাহা নির্ণয় করিবার সময়ে উক্ত কর্ম্মচারী এই বিষয়ের প্রতি দৃষ্টি রাখিবেন,

(ক) তদানীন্তন নিকটস্থ হাসিলের নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাযুক্ত শস্য ভূমির নিমিত্ত গড়ে যে মূল্যকে খাজানা নির্ণয় করিবার প্রতি ও

(খ) পরে কম হওয়ার ভূম্যধিকারীর প্রার্থনা প্রস্তাবে যে আজ্ঞা পাইয়া থাকেন, তাহার প্রতি।

(৫) ঐ খাজানা নির্ণয় করিতে হইবে, এবং উহা যে হেতু নির্ণয় করা হয়, তাহা ও যে সময়ের জন্য ফলদায়ক হইবে, উহাতে তাহা লেখা থাকিবে; এবং রায়ত কর্ম্মচারীর আদেশ হইতে খাজানা পরিবর্ত্তনের যে প্রকারে আপীল হইতে পারে, ও আপীল উপরও সেই প্রকারে আপীল হইতে পারে।

(৬) কোন প্রার্থনাপত্রের বিষয়ে হইলে, উক্ত কর্ম্মচারী হেতু লিখিতরূপে লিখিয়া প্রার্থনা অগ্রাহ্য করিতে অধিকার করিতে পারিবেন।

বিধি প্রণয়নের ক্ষমতার কথা।

৫৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের মধ্যে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা গবর্ণর জেনরল সাহেবের বহুত্বাধীনে নিম্নলিখিত বিষয়ের বিধি প্রণয়ন করিতে পারিবেন, অর্থাৎ,

(ক) যে কর্ম্মচারীরা ৫২ ধারামতে মূল্যের তালিকা প্রস্তুত করিতে ক্ষমতাপন্ন থাকে, তাহাদের কার্য্য পদ্ধতি প্রণয়ন করিবার বিধি;

(খ) কোন স্থানে এই অধ্যায়ের কার্য্যারম্ভ কোন্২ খাজানা শস্যরূপে দেওয়া হইতে, তাহা নির্ণয় করিবার বিধি; এবং

(গ) ৪১ ও ৪২ ধারামতে যে কার্য্যকারকেরা চুক্তি রেজিষ্টরী করেন, তাঁহাদের কার্য্যপদ্ধতি প্রদর্শন করিবার বিধি।

৬ষ্ঠ অধ্যায়।

দখলীস্বত্বশূন্য রায়তদের সম্বন্ধীয় বিধি।

৫৪ ধারা। যে রায়তদের দখলীস্বত্ব না থাকে, ও দখলীস্বত্বশূন্য রায়ত বলিয়া এই আইনে যাহাদের উল্লেখ আছে, এই অধ্যায় তাহাদের সম্বন্ধে খাটিবে।

এই অধ্যায় খাটিবার কথা।

দখলীস্বত্বশূন্য রায়তকে ভূমির দখল দেওয়া গেলে, তাহাকে খাজানার কথা।

৫৬ ধারা। কোন দখলীস্বত্বশূন্য রায়তকে ভূমির দখল দেওয়া গেলে, তাহাকে দখল দিবার সময়ে তাহার সহিত ভূম্যধিকারীর যে খাজানার নিয়ম হয়, তাহার সেই খাজানা দিতে হইবে।

খাজানা বৃদ্ধির নিয়মের কথা।

৫৭ ধারা। রেজিষ্টরী করা নিয়মপত্র কিম্বা ৬০ ধারামত নিয়মপত্রক্রমে না হইলে, কোন দখলীস্বত্বশূন্য রায়তের খাজানা বৃদ্ধি করা যাইবে না।

যে যে হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তকে উচ্ছেদ করা যাইতে পারিবে তাহার কথা।

৫৮ ধারা। কোন দখলীস্বত্বশূন্য রায়তকে নিম্নলিখিত এক বা অধিক হেতু ধরিয়া উচ্ছেদ করা যাইতে পারিবে, প্রকারান্তরে নহে।—

(ক) সে বাকী খাজানা দেয় নাই, এই হেতু ধরিয়া।

(খ) উক্ত রায়ত ভূমি এইরূপে ব্যবহার করিয়াছে, যাহাতে উহা প্রজাস্বত্বসম্বন্ধীয় কার্য্যের অনুপযোগী হয়, অথবা সে এই আইনসঙ্গত এরূপ কোন নিয়ম ভঙ্গ করিয়াছে, যাহা ভঙ্গ করিলে তাহার ও তদীয় ভূম্যধিকারির মধ্যে যে চুক্তি থাকে তাহার শর্ত্ত অনুসারে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, এই হেতু ধরিয়া।

(গ) রেজিষ্টরী করা পাট্টাক্রমে তাহাকে ভূমির দখল দেওয়া গেলে, পাট্টার মিয়াদ অতীত হইয়াছে, এই হেতু ধরিয়া।

(ঘ) ৬০ ধারামতে ন্যায্য ও উপযুক্ত বলিয়া যে খাজানা ধার্য্য হইয়াছে, উক্ত রায়ত সেই খাজানা দিবার নিয়ম করিতে অস্বীকার করিয়াছে, কিম্বা ঐ খাজানা দিয়া যে মিয়াদ পর্য্যন্ত সে ভূমি ভোগ করিতে হকদার, সেই মিয়াদ অতীত হইয়াছে, এই হেতু ধরিয়া।

পাট্টার মিয়াদ অতীত হইবার হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।

৫৯ ধারা। মিয়াদ অতীত হইবার অন্যূন ছয় মাস থাকিতে, রায়তের উপর উঠিয়া যাইবার নোটিস জারী করা না গেলে, পাট্টার মিয়াদ অতীত হইয়াছে, এই হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তের বিরুদ্ধে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা যাইবে না, এবং মিয়াদ অতীত হইবার ছয় মাসের পর উপস্থিত করা যাইবে না।

খাজানা বৃদ্ধি দিতে অস্বীকার করিলে হেতু ধরিয়া উচ্ছেদ করিবার নিয়মের কথা।

৬০ ধারা। (১) তুম্যধিকারী বর্দ্ধিত খাজানা দিবার নিয়মপত্র রায়তের নিকট অর্পণ না করিলে, এবং রায়ত মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্ব তিন মাসের মধ্যে ঐ নিয়মপত্র সম্পাদন করিতে অস্বীকার না করিলে, খাজানা বৃদ্ধি দিতে অস্বীকার করিবার হেতু ধরিয়া কোন দখলীস্বত্বশূন্য রায়তের বিরুদ্ধে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

(২) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন রায়তের নিকট কোন নিয়মপত্র অর্পণ করিতে চাহিলে, উক্ত রায়তের উপর জারী করিবার নিমিত্ত এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে আদালত বা কার্য্যকারককে নিযুক্ত করেন, সেই আদালতের বা কার্য্যকারকের আফিসে ঐ নিয়মপত্র দাখিল করিতে পারিবেন। উক্ত আদালত বা কার্য্যকারক অবিলম্বে নির্দ্দিষ্ট প্রকারে ঐ রায়তের উপর তাহা জারী করাইবেন; এবং তাহা ঐ রূপে জারী করা গেলে, এই ধারার কার্য্যপক্ষে তাহা অর্পণ করা গিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৩) যে রায়তের উপর (২) প্রকরণমতে কোন নিয়মপত্র জারী করা যায়, সেই রায়ত যদি তাহা সম্পাদন করে, এবং যে আফিস হইতে উহা দেওয়া হইয়াছিল, জারী করিবার তারিখ অবধি এক মাসের মধ্যে সেই আফিসে দাখিল করে, তবে পরবর্ত্তী কৃষিবৎসরের প্রারম্ভাবধি ঐ নিয়মপত্র ফলবৎ হইবে।

(৪) কোন রায়ত (৩) প্রকরণমতে কোন নিয়মপত্র সম্পাদন করিয়া দাখিল করিলে, যে আদালতের বা কার্য্যকারকের আফিসে উহা ঐ রূপে দাখিল করা যায়, সেই আদালত বা কার্য্যকারক উহা উক্ত রূপে সম্পাদিত হইয়া দাখিল হইবার নোটিস নির্দ্দিষ্ট প্রকারে ভূম্যধিকারীর উপর অবিলম্বে জারী করাইবেন।

(৫) রায়ত (৩) প্রকরণমতে নিয়মপত্র সম্পাদন করিয়া দাখিল না করিলে, সে এই ধারার কার্য্যপক্ষে উহা সম্পাদন করিতে অস্বীকার করিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৬) এই ধারামতে কোন রায়তের নিকট যে নিয়মপত্র অর্পণ করা যায়, সে যদি তাহা সম্পাদন করিতে অস্বীকার করে, এবং তজ্জন্য ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করেন, তবে ঐ যোতের যে খাজানা উপযুক্ত ও ন্যায্য হয়, আদালত তাহা নির্ণয় করিবেন।

(৭) ঐরূপে যে খাজানা নির্ণীত হয়, রায়ত তাহা দিতে সম্মত হইলে, সম্মতির তারিখ অবধি পাঁচ বৎসর কাল ঐ খাজানা দিয়া আপন যোত দখল করিয়া থাকিতে স্বত্ববান থাকিবে; কিন্তু উক্তকাল গত হইলে, যদি সে দখলীস্বত্ব প্রাপ্ত না হইয়া থাকে, তবে পূর্ব্বধারার লিখিত নিয়মানুসারে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারিবে।

(৮) ঐরূপে যে খাজানা নির্ণীত হয়, রায়ত তাহা দিতে সম্মত না হইলে, আদালত উচ্ছেদ করিবার ডিক্রী দিতে পারিবেন।

(৯) যে খাজানা উপযুক্ত ও ন্যায্য, ইহা নির্ণয় করিতে হইলে, আদালত নিকটস্থ সেই প্রকারের ও সমান যোতবিশিষ্ট ভূমির নিমিত্ত রায়তেরা যত খাজানা দেয়, তৎপ্রতি দৃষ্টি রাখিবেন, কিন্তু সাবেক খাজানার উপর টাকায় আটআনার অধিক বৃদ্ধি দিবেন না।

(১০) এই পরিমাণে উচ্ছেদের ডিক্রী করা গেলে, যে কৃষি বৎসরের ঐ ডিক্রী হয়, সেই বৎসরের শেষ অবধি উহা ফলবৎ হইবে।

দখল দেওয়া করার কথা।

৬১ ধারা। কোন রায়তের দখলে ভূমি থাকিলে, ঐ দখল চালিবার নিমিত্ত পাট্টা লিখিয়া দেওয়া গেলে, যদিও তাহাকে দখল দেওয়া গেল, পাট্টার এই মর্ম্মের কথা লেখা থাকে, তথাপি এই

অধ্যায়ের কার্য্যপক্ষে ঐ পাট্টাক্রমে তাহাকে দখল দেওয়া গেল বলিয়া জ্ঞান করা যাইবে না।

৭ম অধ্যায়।

কোর্ফা রায়তদের সম্বন্ধীয় বিধি।

কোর্ফা রায়তের খাজনা যে খাজানা আদায় করিতে পারা যাইবে, তাহার সীমার কথা।

৬২ ধারা। মুক্তারূপ খাজানা দিয়া যে কোন কোর্ফা রায়ত ভূমি ভোগ করে, তাহার ভূম্যধিকারী নিজে যে খাজানা দেন, তাহার উপর নিম্নলিখিত শতকরার অর্থাৎ,

(ক) রেজিষ্টরী করা পাট্টা বা নিয়মপত্রক্রমে কোর্ফা রায়তের দেয় খাজানা দেওয়া গেলে, শতকরা পঞ্চাশ টাকার, ও

(খ) অন্য কোন স্থলে, শতকরা পঁচিশ টাকার অধিক খাজানা আদায় করিতে পারিবেন না,।

কোর্ফা রায়তদিগকে উচ্ছেদ করিবার নিয়মের কথা।

৬৩ ধারা। কোন কৃষি বৎসরের শেষে না হইলে এবং উক্ত বৎসর গত হইবার অন্যূন ছয়মাস থাকিতে নির্দ্দিষ্ট প্রকারে কোন কোর্ফা রায়তের উপর উঠিয়া যাইবার নিমিত্ত নোটিস জারী করা বা গেলে পর, তদীয় ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

৮ম অধ্যায়।

খাজানা বিষয়ক সাধারণ বিধান।

খাজানার পরিমাণ সম্বন্ধে বিধি ও অনুমান।

খাজানা অবধারিত থাকিবার সম্বন্ধে বিধি ও অনুমানের কথা।

৬৪ ধারা। (১) কোন তালুকদার বা রায়ত ও তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারীরা চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি যাহার পরিবর্ত্তন হয় নাই এরূপ খাজানায় বা খাজানার হারে ভূমি ভোগ করিয়া থাকিলে, যোতের পরিমাণ পরিবর্ত্তন হইয়াছে এই হেতু বিনা ঐ খাজানা বা খাজানার হার বৃদ্ধি হইতে পারিবে না।

(২) কোন তালুকদার বা রায়ত ও তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারীরা যাহা মোকদ্দমা বা আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত হইবার অব্যবহিত পূর্ব্ববর্ত্তী বিশবৎসর মধ্যে পরিবর্ত্তিত হয় নাই এরূপ খাজানায় বা খাজানার হারে ভূমি ভোগ করিয়াআসিতেছেন, এই আইনমত কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে ইহার প্রমাণ হইলে, যাবৎ বিপরীত দর্শান না যায়, এইরূপ অনুমান হইবে যে চিরস্থায়ী বন্দোবস্তের সময়াবধি ঐ খাজানায় বা খাজানার হারে তাঁহারা উক্ত ভূমি ভোগ করিয়া আসিতেছেন।

কিন্তু যদি কোন আইনে বা তৎক্রমে এইরূপ আদেশ থাকে যে, স্থানবিশেষে অবধারিত খাজানায় বা অবধারিত খাজানার হারে প্রজাস্বত্ব বা কোন শ্রেণীর প্রজাস্বত্ব থাকিলে, তাহা উক্ত আইনের দ্বারা বা তৎক্রমে নির্দ্দিষ্ট তারিখে বা তৎপূর্ব্বে রেজিষ্টরী করিতে হইবে, তবে ঐ স্থানে যে কোন প্রজাস্বত্ব বা স্থল বিশেষে উক্ত শ্রেণীর যে কোন প্রজাস্বত্ব রেজিষ্টরী করা হয় নাই, তৎসম্বন্ধে ঐ তারিখের পর পূর্ব্বোক্ত অনুমান খাটিবে না।

(৩) কোন রায়ত ভূমির উৎপন্নের অবধারিত অংশ বা অবধারিত অংশের মূল্য খাজানাস্বরূপ দিয়া থাকিলে, যে টাকা দেওয়া যায় তাহা বৎসর বৎসর বিভিন্ন হইয়াছে বলিয়া কিম্বা রায়ত ও ভূম্যধিকারী উভয়ের সম্মতিক্রমে উক্ত খাজানার পরিবর্ত্তে অবধারিত টাকা খাজানাস্বরূপ ধার্য্য করা গিয়াছে বলিয়া কেবল এই কারণে ঐ খাজানা বা খাজানার হার পরিবর্ত্তিত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে না।

(৪) কোন ভূমি অন্য যে ভূমির সহিত একযোগে কোন যোতের অংশ ছিল, সেই ভূমি হইতে পৃথক করা গেলে, অথবা অন্য ভূমির সহিত মিশাইয়া এক যোত করা গেলে, রায়তের ভোগকৃত ভূমিসম্বন্ধে এই ধারার কার্য্য হইবার কোন বিঘ্ন হইবে না।

(৫) কএক বৎসর মিয়াদে ভূমি ভোগ হইলে কিম্বা ভূম্যধিকারীর ইচ্ছামতে প্রজাস্বত্ব শেষ হইতে পারিলে, এই ধারার কোন কথা তৎপ্রতি বর্ত্তিবে না।

খাজানার পরিমাণ ও ভোগের নিয়ম সম্বন্ধে অনুমানের কথা।

৬৫ ধারা। কোনপ্রজার খাজানার পরিমাণসম্বন্ধে কিম্বা কোন কৃষি বৎসরে সে যেং নিয়মে ভূমিভোগ করে, তৎসম্বন্ধে কোন প্রশ্ন উত্থিত হইলে, অব্যবহিত পূর্ব্ববর্ত্তী কৃষি বৎসরে যে খাজানা দিয়া যেং নিয়মে সে ভূমি ভোগ করিয়াছে, বিপরীত দর্শান না গেলে, সেই খাজানা দিয়া সেইং নিয়মে সে ভূমি ভোগ করে এইরূপ অনুমান হইবে।

পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।

পরিমাণ পরিবর্ত্তন হইলে খাজানার পরিবর্ত্তনের কথা।

৬৬ ধারা। (১) প্রত্যেক প্রজা

(ক) পূর্ব্বে যৎপরিমাণ ভূমির জন্য খাজানা দিয়াছেন, মাপ করিয়া তদধিক যত ভূমি থাকা প্রমাণ হয়, তত ভূমির জন্য তাঁহার অতিরিক্ত খাজানা দিতে হইবে, এবং

(খ) শিকস্তীক্রমে বা প্রকারান্তরে যোতের পরিমাণ কম হইলে, উক্ত প্রজা খাজানা কমাইতে স্বত্ববান হইবেন; কিন্তু যদি প্রমাণ হয়, যে নষ্ট ভূমি পৈরস্তীক্রমে বা প্রকারান্তরে তাঁহার যোতে যোজিত হইয়াছিল, এবং ঐরূপ যোগ হওয়াতে খাজানা বৃদ্ধি করা যায় নাই, তবে এই বিধি খাটিবে না।

(২) খাজানায় যে টাকা যোগ করিতে হইবে, তাহা নির্ণয় করিতে হইলে, আদালত নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত সেই শ্রেণীর প্রজাদের যে হারে খাজানা দিতে হয়, তাহার প্রতি এবং তালুকদারের বেলা তিনি আপনার তালুকের খাজানা সম্বন্ধে যত লভ্য পাইতে স্বত্ববান্ তৎপ্রতি দৃষ্টি রাখিবেন

(৩) যোতের মোট বার্ষিক মূল্যের যত হ্রাস ঘটে, তাহা পূর্ব্বকার মোট বার্ষিক মূল্যের যে অংশ হয়, খাজানার যত টাকা কমাইতে হইবে, তাহা পূর্ব্বদেয় খাজানার সেই অংশ হইবে, কিম্বা নষ্ট ভূমির বার্ষিক মূল্যের সন্তোষজনক প্রমাণ পাওয়া না গেলে, যে পরিমাণ হ্রাস হয়, তাহা যোতের পূর্ব্ব পরিমাণের যে অংশ খাজানার যত টাকা কম করিতে হইবে, তাহা পূর্ব্বদেয় খাজানার সেই অংশ হইবে।

খাজানা দিবার কথা।

খাজানারকিস্তির কথা।

৬৭ ধারা। (১) তালুকদার ও তদীয় ভূম্যধিকারির মধ্যে যেরূপ নিয়ম থাকে, তদ্রূপ কিস্তিক্রমে তদ্রূপ তারিখে তালুকদারের দেয় মুজারূপ খাজানা দেওয়া যাইবে; নিয়ম না থাকিলে, দেশাচারমত কিস্তিক্রমে ও তারিখে দেওয়া যাইবে: এবং নিয়ম কিম্বা দেশাচার না থাকিলে, স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে কোন স্থানের নিমিত্ত যেং কিস্তি ও তারিখ নির্দ্দিষ্ট করেন, সেই কিস্তিক্রমে সেই২ তারিখে দেওয়া যাইবে।

(২) কোন রায়তের বা কোফা রায়তের যে মুজারূপ খাজানা দিতে হয়, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে বার্ষিক খাজানার অংশস্বরূপ যেং কিস্তি ও বৎসরে চারির অনধিক যেং তারিখ নির্দ্দেশ করেন, সেই২ কিস্তিক্রমে ও সেই২ তারিখে সেই খাজানা নিয়মক্রমে কিম্বা নিয়ম না থাকিলে দেশাচারক্রমে যে বিধি নির্দ্দিষ্ট হয়, সেই বিধির বিধানাধীনে দেওয়া যাইবে।

(৩) এই ধারামতে বিধি প্রণয়ন করিতে হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট প্রচলিত দেশাচার, ফসলের সময় এবং ভূমির রাজস্ব দিতে হইবার সময় বিবেচনা করিয়া দেখিবেন।

(৪) এই ধারামতে যে কোন বিধি প্রণয়ন করিতে হইবে, তাহা যে কৃষি বৎসরে কলবৎ হইবে সেই কৃষি বৎসর আরম্ভ হইবার পূর্ব্বে অন্যূন তিন মাস থাকিতে নির্দ্দিষ্ট প্রকারে প্রকাশ করা যাইবে

খাজানা দিবার সময় ও স্থানের কথা।

৬৮ ধারা। (১) প্রত্যেক কিস্তি যে তারিখে দেয় হয়, সেই তারিখের সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে প্রজা ঐ কিস্তির টাকা দিবেন।

(২) এই আইনমতে যেং স্থলে প্রজা আপন খাজানা আমানত করিতে পারে, সেই২ স্থল ছাড়া ভূম্যধিকারীর গ্রামে কাছারীতে কিম্বা তদর্থে ভূম্যধিকারী অন্য যে সুবিধামত স্থান নিরূপণ করেন, সেই স্থানে খাজানা দেওয়া যাইবে।

কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট প্রজাকে পোস্টাল মণিঅর্ডারক্রমে খাজানা দিবার ক্ষমতা দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

(৩) খাজানার কোন কিস্তি বা কিস্তির অংশ যে সময়ে দেয় হয়, সেই সময়ে বা তৎপূর্ব্বে যথাবিধি দেওয়া না গেলে, তাহা বাকী খাজানা বলিয়া গণ হইবে।

টাকা যেরূপে জমা দিতে হইবে, তাহার কথা।

৬৯ ধারা। (১) কোন প্রজা খাজানার হিসাবে কোন টাকা দিলে, যে বৎসরে কিম্বা যে বৎসরের যে কিস্তিতে উহা জমা দিতে চাহেন, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন, এবং তদনুসারে ঐ টাকা জমা দিতে হইবে।

(২) প্রজা ঐরূপ কোন নির্দ্দেশ না করিলে, ভূম্যধিকারী যে বৎসরের যে কিস্তি উচিত বোধ করেন, সেই বৎসরের সেই কিস্তির হিসাবে টাকা জমা দিতে পারিবেন।

কবজ ও হিসাবের কথা।

ভূম্যধিকারীকে টাকা দিলে প্রজার কবজ পাইবার যত্নের কথা।

৭০ ধারা। (১) কোন প্রজা আপন ভূম্যধিকারীকে খাজানার হিসাবে টাকা দিলে যত টাকা দেন, উক্ত ভূম্যধিকারীর স্বাক্ষরিত তত টাকার লিখিত কবজ উক্ত ভূম্যধিকারীর স্থানে তৎক্ষণাৎ পাইতে তাঁহার স্বত্ব আছে।

(২) ভূম্যধিকারী উক্ত কবজের অনুলিপি প্রস্তুত করিয়া রাখিবেন।

(৩) এই আইনের ৩য় তফসীলে কবজের যে পাঠ দেওয়া গেল, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ সাধারণতঃ কিম্বা বিশেষ কোন স্থানের কিম্বা বিশেষ কোন শ্রেণীর মোকদ্দমার নিমিত্ত অন্য যে পাঠ নির্দ্দেশ করেন, সেই পাঠে যেং বিশেষ কথা লিখিত থাকে, কবজে ও অনুলিপিতে সেই২ বিশেষ কথা লেখা থাকিবে।

(৪) যে প্রত্যেক কবজে সাধারণতঃ এই ধারার আদেশমত সমস্ত বিশেষ কথা না থাকে, বিপরীত দর্শান না গেলে, তাহা যে তারিখে দেওয়া যায়, সেই তারিখ পর্য্যন্ত খাজানার সমুদয় দাওয়ার সম্পূর্ণ নিষ্কৃতিপত্র বলিয়া অনুমান হইবে।

বৎসরের শেষে প্রজার সম্পূর্ণ নিষ্কৃতি বা হিসাবের বিবরণপত্র পাইবার অধিকারের কথা।

৭১ ধারা। (১) কৃষি বৎসরের শেষ পর্য্যন্ত প্রজার যত খাজানা দিতে হইবে, তৎসমস্ত দেওয়া হইয়াছে বলিয়া ভূম্যধিকারী স্বীকার করিলে, ঐ বৎসর অবসান হইবার তিন মাসের মধ্যে ঐ প্রজা বিনা খরচে আপন ভূম্যধিকারীর স্থানে উক্ত ভূম্যধিকারির স্বাক্ষরিত পূর্ণনিষ্কৃতিপত্রস্বরূপ কবজ পাইবার অধিকারী হইবেন।

(২) ভূম্যধিকারী ঐ কথা স্বীকার না করিলে, প্রজা চারিআনা ফী দিলে ঐ বৎসর শেষ হইবার পর তিন মাস মধ্যে এই আইনের তৃতীয় তফসীলের পাঠে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ সাধারণতঃ কিম্বা বিশেষ কোন স্থানের কিম্বা বিশেষ কোন শ্রেণীর মোকদ্দমার নিমিত্ত অন্য যে পাঠ নির্দ্দেশ করেন, সেই পাঠে যেং বিশেষ কথা লিখিত থাকে, তৎসম্বলিত হিসাবের বিবরণপত্র পাইবার অধিকারী হইবেন।

(৩) ভূম্যধিকারী উক্ত বিবরণপত্রের অনুলিপি প্রস্তুত করিয়া রাখিবেন তাহাতেও ঐরূপ বিশেষ কথা লেখা থাকিবে।

কবজ ও হিসাবের বিবরণপত্র না দিলে এবং অনুলিপি না রাখিলে দণ্ডের কথা।

৭২ ধারা। (১) প্রজা কোন খাজানা দিলে, যদি ভূম্যধিকারী তাঁহাকে ৭০ ধারার নির্দ্দিষ্ট বিশেষ কথা সম্বলিত কবজ দিতে অস্বীকার বা উপেক্ষা করেন, তবে প্রজা খাজানা দিবার তারিখ অবধি ছয় মাসের মধ্যে খাজানার পরিমাণের বা মূল্যের দ্বিগুণের অনধিক আদালত যাহা উচিত বোধ করেন সেইরূপ দণ্ডের টাকা উক্ত ভূম্যধিকারীর স্থানে আদায় করিবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(২) যদি ভূম্যধিকারী প্রজার দাওয়ামতে ৭১ ধারার নির্দ্দিষ্ট কোন বৎসরের সম্পূর্ণ নিষ্কৃতিপত্ররূপ কবজ বা হিসাবের বিবরণপত্র দিতে অস্বীকার বা উপেক্ষা করেন, তবে যে বৎসরের কবজ বা হিসাব দেওয়া উচিত ছিল, সেই বৎসর প্রজা ভূম্যধিকারীকে যে সমস্ত খাজানা দিয়া থাকুন, তাহার মোট পরিমাণের বা মূল্যের দ্বিগুণের অনধিক আদালত যত টাকা উচিত বোধ করেন, তত দণ্ডের টাকা উক্ত ভূম্যধিকারীর স্থানে আদায় করিবার নিমিত্ত উক্ত প্রজা পরবর্ত্তী কৃষি বৎসরের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(৩) কোন ভূম্যধিকারী উক্ত কোন ধারার আদেশমত কবজের বা বিবরণপত্রের অনুলিপি বা প্রতিলিপি প্রস্তুত করিয়া না রাখিলে, তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

খাজানা আমানত করিবার কথা।

রাজকীয় কার্য্যালয়ে খাজানা আমানত করিবার দরখাস্তের কথা।

৭৩ ধারা। (১) নিম্ন লিখিত কোন স্থলে, অর্থাৎ,

(ক) যে স্থলে প্রজা খাজানার নিমিত্ত টাকা দিবার প্রস্তাব করেন এবং ভূম্যধিকারী তাহা লইতে বা তজ্জন্য কবজ দিতে অস্বীকার করেন;

(খ) যে স্থলে খাজানার টাকা দিতে বাধ্য প্রজা এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে তাঁহার খাজানা যে ব্যক্তিকে দেয়, তিনি বিবাদ বা বিদ্বেষ বশতঃ তাহা লইতে বা তন্নিমিত্ত কবজ দিতে উদ্যুক্ত হইবেন না;

(গ) যে স্থলে ঐ টাকা সহাংশীদারদিগকে সংসৃষ্টভাবে দিতে হয়, এবং প্রজা তন্নিমিত্ত সহাংশীদারদের সংসৃষ্ট কবজ পাইতে না পারেন, এবং কোন ব্যক্তি তাঁহাদের পক্ষে খাজানা লইবার ক্ষমতাপ্রাপ্ত না হইয়া থাকেন; কিম্বা

(ঘ) যে স্থলে কোন্ ব্যক্তি ঐ খাজানা পাইবার স্বত্বাধিকারী এবিষয়ে প্রজার প্রকৃত সন্দেহ থাকে; সেই স্থলে

যে স্থানের মধ্যে থাকে, সেই স্থানের নিমিত্ত এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের যে কর্ম্মচারিকে নিযুক্ত করেন, প্রজা তৎকালীন পাওনা সমুদয় টাকা তাঁহার আফিসে আমানত করিবার অনুমতি পাইবার নিমিত্ত লিখিত দরখাস্ত দাখিল করিতে পারিবেন।

(২) যে যে হেতুতে দরখাস্ত করা যায়, ঐ দরখাস্তে তাহার বর্ণনা থাকিবে এবং (ঘ) স্থলে যে ব্যক্তিকে শেষবার খাজানা দেওয়া হয়, তাঁহার নাম, ও এক্ষণে যে বা যে২ ব্যক্তি দাওয়া করিতেছেন, তাঁহার বা তাঁহাদের নাম দিতে হইবে। তাহাতে প্রজা স্বাক্ষর করিবেন, অথবা মোকদ্দমার বৃত্তান্ত তিনি স্বয়ং না জানিলে, যিনি জানেন এরূপ কোন ব্যক্তি তাহাতে স্বাক্ষর করিবেন, এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়েই বিধিক্রমে আট আনার অনধিক যে ফী দিবার আজ্ঞা করেন, সেই ফী তৎসঙ্গে পাঠাইতে হইবে।

যে খাজানা আমানত করা যায় রাজকীয় কর্ম্মচারী তাহার রসীদ দিলে ঐ রসীদ নিষ্কৃতিপত্র হইবার কথা

৭৪ ধারা। (১) যে কর্ম্মচারির নিকট পূর্ব্বধারামত দরখাস্ত করা যায় যদি তাঁহার বোধ হয় যে দরখাস্তকারী উক্ত ধারামতে খাজানা আমানত করিবার অধিকারী, তবে খাজানা লইয়া তন্নিমিত্ত আপন সরকারী মোহরযুক্ত রসীদ দিবেন।

(২) উক্ত কর্ম্মচারী উচিত বোধ করিলে, খাজানা লইবার পূর্ব্বে, পূর্ব্বধারার আদেশমত বর্ণনায় যে ব্যক্তি স্বাক্ষর করিয়াছে, তাহার পরীক্ষা করিতে পারিবেন।

(৩) এই ধারামতে যে রসীদ দেওয়া যায় তাহা প্রজার দেয় যে খাজানা পূর্ব্বোক্তরূপে আমানত করা যায় তৎসম্বন্ধে নিষ্কৃতিপত্রস্বরূপ কার্য্যকর হইবে। উক্ত খাজানা

পূর্ব্ব ধারার (ক) প্রকরণের স্থল হইলে যে ব্যক্তির নিকট খাজানা দিবার প্রস্তাব করা যায় সেই ব্যক্তি,

উক্ত ধারার (খ) প্রকরণের স্থল হইলে যাঁহাকে খাজানা দিতে হইবে বলিয়া দরখাস্তে নাম লেখা থাকে সেই ব্যক্তি,

উক্ত ধারার (গ) প্রকরণের স্থল হইলে সংসৃষ্টভাবে সহাংশীদারেরা, এবং

উক্ত ধারার (ঘ) প্রকরণের স্থল হইলে খাজানা পাইবার স্বত্বাধিকারী ব্যক্তি,

গ্রহণ করিলে যে প্রকারে ও যে পরিমাণে হইত, সেই প্রকারে ও সেই পরিমাণে উক্ত রসীদ কার্য্যকর হইবে।

আমানত পাইবার নোটিসের কথা।

৭৫ ধারা। (১) যে কর্ম্মচারী আমানত লন তিনি তাহা প্রাপ্ত হইবার নোটিস আপন আফিসের কোন সুপ্রকাশ স্থানে অবিলম্বে লাগাইয়া দিবেন। ঐ নোটিসে সমুদয় প্রয়োজনীয় বৃত্তান্তের বর্ণনা থাকিবে।

(২) পূর্ব্বোক্তমতে যে তারিখে নোটিস লাগাইয়া দেওয়া যায় সেই তারিখের পর পনের দিনের মধ্যে পরবর্ত্তী ধারামতে আমানতের টাকা কাহাকেও দেওয়া না গেলে, যে প্রত্যেক ব্যক্তির ঐ টাকা পাইবার দাওয়া বা অধিকার আছে বলিয়া উক্ত কর্ম্মচারী বিশ্বাস করিবার কারণ দেখেন, সেই প্রত্যেক ব্যক্তির উপর বিনা খরচায় আমানত পাইবার নোটিস জারী করাইবেন।

আমানতী টাকা ফিরাইয়া দিবার বা ফিরাইয়া দিবার কথা।

৭৬ ধারা। (১) যে কোন ব্যক্তি উক্ত কর্ম্মচারির বিবেচনায় আমানতের টাকা পাইবার অধিকারী বলিয়া বোধ হয়, তিনি তাহাকে ঐ টাকা দিতে পারিবেন, অথবা উচিত বোধ করিলে যে ব্যক্তির ঐরূপ অধিকার থাকে তৎসম্বন্ধে দেওয়ানী আদালতের নিষ্পত্তির অপেক্ষায় ঐ টাকা রাখিতে পারিবেন।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট আদেশ করিলে, পোষ্টাল মণিঅর্ডর করিয়া ঐ টাকা দেওয়া যাইতে পারিবে।

(৩) যে তারিখে কোন আমানত করা যায় সেই তারিখ অবধি তিন বৎসর অতীত হইবার পূর্ব্বে এই ধারামতে কোন টাকা দেওয়া না গেলে, যদি আমানতকারী প্রার্থনা করেন ও যে কর্ম্মচারির নিকট খাজানা আমানত করা যায় তাহার দত্ত রসীদ ফিরাইয়া দেন, তবে দেওয়ানী আদালতের বিপরীত ভাবের আজ্ঞা না থাকিলে আমানতী টাকা আমানতকারীকে ফিরাইয়া দেওয়া যাইতে পারিবে।

(৪) পূর্ব্ব কএক ধারামতে আমানত গ্রহণকারী কোন কর্ম্মচারী যাহা কিছু করেন, তৎসম্বন্ধে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের

বিরুদ্ধে কিম্বা গবর্ণমেণ্টের কোন কর্ম্মচারির বিরুদ্ধে কোন মোকদ্দমা বা অন্য আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করা যাইবে না ; কিন্তু এই ধারামতে ঐরূপ কোন আদালতের টাকা যে কোন ব্যক্তিকে দেওয়া যায় ঐ টাকা পাইবার স্বত্বাধিকারী কোন ব্যক্তির তাঁহার স্থানে ঐ টাকা আদায় করিবার কোন বাধা এই ধারার কোন কথাক্রমে হইবে না।

বাকী খাজানার কথা।

খাজানা হস্তান্তরযোগ্য যোতের প্রথম দায় হইবার কথা।

৭৭ ধারা। (১) কোন হস্তান্তরযোগ্য যোতের খাজানা উহার প্রথম দায়ের মধ্যে গণ্য হইবে।

(২) ভূম্যধিকারী ভিন্ন অন্য কোন ব্যক্তি টাকার ডিক্রী পাইয়া ঐ ডিক্রী জারীক্রমে প্রজার স্বত্ব, অধিকার ও স্বার্থ নীলাম করিলে, উক্ত প্রজার স্থানে ভূম্যধিকারির যে খাজানা পাওনা থাকে, উক্ত নীলামের উৎপন্ন টাকা হইতে ভূম্যধিকারী প্রথমে তাহা পাইবার অধিকারী হইবেন। কিন্তু (১) প্রকরণমতে ভূম্যধিকারীর যে দাবী থাকে, এই স্বত্বক্রমে তাহার কোন বিঘ্ন হইবে না।

যে যোত হস্তান্তর করা যাইতে না পারে সেই যোত হইতে উচ্ছেদ করিবার কথা।

৭৮ ধারা। (১) যে কোন যোত হস্তান্তর করা যাইতে না পারে তৎসম্বন্ধে যেখানে বাঙ্গালা সন চলিত থাকে সেখানে ঐ সনের শেষে, কিম্বা যে খানে ফসলী বা আমলী সন চলিত থাকে সেখানে জ্যৈষ্ঠ মাসের শেষে বাকী খাজানা পাওনা থাকিলে, ভূম্যধিকারী উক্ত বাকী খাজানা আদায় করিবার ডিক্রী পাইয়া থাকুন বা না থাকুন এবং কোন চুক্তির শর্ত্তক্রমে উক্ত প্রজাকে বাকী খাজানা নিমিত্ত উচ্ছেদ করিতে স্বত্ববান হউন বা না হউন, তাহাকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(২) ঐরূপ কোন মোকদ্দমায় বাদির পক্ষে ডিক্রী দেওয়া গেলে তাহাতে বাকী খাজানার টাকা ও তদুপরি সুদ পাওনা হইলে ঐ সুদ নির্দ্দিষ্ট থাকিবে, এবং ডিক্রীর তারিখ অবধি পনের দিনের মধ্যে, কিম্বা পঞ্চদশ দিনে আদালত বন্ধ থাকিলে আদালত যে দিনে পুনর্ব্বার খোলে সেই দিনে উক্ত টাকা ও মোকদ্দমার খরচা আদালতে দেওয়া গেলে, ডিক্রী জারী করা যাইবে না।

(৩) বিশেষ কারণ থাকিলে, আদালত এই ধারার লিখিত পনের দিন কাল বাড়াইয়া দিতে পারিবেন।

বাকী খাজানার সুদের কথা।

৭৯ ধারা। বাকী খাজানার সুদের হার ধার্য্য করিবার সময়ে আদালত প্রচলিত প্রথার ও পক্ষদের মধ্যে কোন নিয়ম হইয়া থাকিলে তৎপ্রতি দৃষ্টি রাখিবেন ; কিন্তু যে কৃষি বৎসরে বাকী পড়ে, সেই বৎসরের অবসানাবধি মোকদ্দমা উপস্থিত করণ পর্য্যন্ত সামান্যতঃ বৎসর শতকরা বার টাকা হারে সুদের ডিক্রী দিবেন।

যুক্তিসিদ্ধ কারণ বিনা খাজানা না দেওয়া গেলে কিম্বা অন্যায়রূপে প্রতিবাদির নামে খাজানার মোকদ্দমা করা গেলে, হালিপুরণের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৮০ ধারা। (১) বাকী খাজানা আদায়ের নিমিত্ত আনীত কোন মোকদ্দমায় যদি আদালতের বোধ হয় যে প্রতিবাদী যুক্তিসিদ্ধ বা সম্ভাবিত কারণ বিনা তাহার দেয় খাজানা দিতে উপেক্ষা বা অস্বীকার করিয়াছে, তবে খাজানা ও খরচা বলিয়া যত টাকা ডিক্রী হয় তদতিরিক্ত আদালত যত টাকা খাজানার ডিক্রী হয় তাহার শতকরা ২৫ টাকার অনধিক যত হালিপুরণ উপযুক্ত বোধ করেন বাদির তত হালিপুরণের টাকা পাইবার আজ্ঞা করিতে পরিবেন।

কিন্তু এই ধারামতে হালিপুরণের আজ্ঞা হইলে, সুদের ডিক্রী হইবে না।

(২) বাকী খাজানা আদায়ের নিমিত্ত আনীত কোন মোকদ্দমায় যদি আদালতের বোধ হয় যে বাদী যুক্তিসিদ্ধ বা সম্ভাবিত কারণ বিনা মোকদ্দমা উপস্থিত করিয়াছে, তবে বাদী যে মোট টাকার দাওয়া করে তাহার শতকরা পঁচিশ টাকার অনধিক যত টাকা আদালত উপযুক্ত বোধ করেন তত টাকা হালিপুরণস্বরূপ প্রতিবাদীর পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

ফসলী বা তাওলীখাজানার কথা।

ফসল যাচাই বা বিভাগ করিবার নিমিত্ত আজ্ঞার কথা।

৮১ ধারা। যে স্থলে উৎপন্ন যাচাই বা বিভাগ করিয়া খাজানা লওয়া যায়, (ক) সেই স্থলে যাচাই বা বিভাগ করিবার উপযুক্ত সময়ে যদি ভূম্যধিকারী বা প্রজা স্বয়ং বা কর্ম্মকারক দ্বারা উপস্থিত হইতে উপেক্ষা করেন, কিম্বা

(খ) উৎপন্ন ফসলের পরিমাণ বা মূল্য বা বিভাগ বিষয়ে বিবাদ হয়,

তবে কালেক্টর কোন পক্ষের প্রার্থনামতে এবং কালেক্টর খরচ বলিয়া যত টাকা দিবার আজ্ঞা করেন উক্ত পক্ষ সেই টাকা আমানত করিলে, ঐ ফসল যাচাই বা বিভাগ করিবার নিমিত্ত যে কর্ম্মচারিকে উপযুক্ত বিবেচনা করেন তাঁহাকে নিযুক্ত করিতে পারিবেন।

(২) যে কোন স্থলে জিলার বা মকুমার মাজিষ্ট্রেট সাহেবের মতে ঐরূপ আজ্ঞা করিলে শান্তিভঙ্গ নিবারিত হইবার সম্ভাবনা, সেই স্থলে কালেক্টর সাহেব ঐরূপ প্রার্থনা না হইলেও উক্তরূপ আজ্ঞা করিতে পারিবেন।

(৩) কোন কালেক্টর এই ধারামতে কোন আজ্ঞা করিলে, যাবৎ যাচাই বা বিভাগ না হয়, তাবৎ আজ্ঞাদ্বারা ফসল স্থানান্তর করা নিষেধ করিতে পারিবেন।

কর্ম্মচারী নিযুক্ত করা গেলে, কার্য্যপ্রণালীর কথা।

৮২ ধারা। (১) কালেক্টর পূর্ব্ব ধারামতে কোন কর্ম্মচারীকে নিযুক্ত করিলে, আপন বিবেচনামতে উক্ত কর্ম্মচারীর প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে তিনি অন্য কোন ব্যক্তিদিগকে আসেসরস্বরূপ আপনার সহিত লন এবং আসেসর লওয়া গেলে উক্ত আসেসরদের সংখ্যা, যোগ্যতা ও নির্ব্বাচন প্রণালী সম্বন্ধে এবং যাচাই বা বিভাগ করণ কালে যে কার্য্যপ্রণালী অবলম্বন

করিতে হইবে তৎসম্বন্ধে তাঁহাকে আদেশ দিতে পারিবেন; এবং উক্ত কর্ম্মচারী সেই আদেশ অনুসারে কার্য্য করিবেন।

(২) উক্ত কর্ম্মচারী যাচাই বা বিভাগ করিবার পূর্ব্বে যে সময়ে ও স্থানে যাচাই বা বিভাগ করা যাইবে তাহার নোটিস ভূম্যধিকারীকে ও প্রজাকে দিবেন, কিন্তু ভূম্যধিকারী বা প্রজা নিজে বা কর্ম্মকারকদ্বারা উপস্থিত না হইলে, তিনি এক তরফা কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন।

(৩) উক্ত কর্ম্মচারী যাচাই বা বিভাগ করিলে, আপন কার্য্যানুষ্ঠানের রিপোর্ট কালেক্টরের নিকট পাঠাইবেন।

(৪) কালেক্টর উক্ত রিপোর্ট বিবেচনা করিয়া দেখিবেন এবং উভয় পক্ষকে তাহাদের কথা শুনিবার সুযোগ দিয়া কোন তদন্ত আবশ্যক বোধ করিলে সেই তদন্তের পর উক্ত রিপোর্টের উপর যে আজ্ঞা ন্যায্য বোধ করেন সেই আজ্ঞা করিবেন।

(৫) কালেক্টর উচিত বোধ করিলে, পক্ষদের মধ্যে যে কোন বিষয়ে বিবাদ থাকে, তাহা দেওয়ানী আদালতে নিষ্পত্তি নিমিত্ত অর্পণ করিতে পারিবেন; কিন্তু উক্তরূপ নিয়ম সাপেক্ষ করিয়া, তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে ও ডিক্রীর ন্যায় প্রবল করা যাইতে পারিবে।

(৬) উক্ত কর্ম্মচারী যাচাই অর্থাৎ দানাবন্দী করিলে, দানাবন্দী বা যাচাইর কাগজপত্র জিলার কালেক্টর সাহেবের কাছারীতে রক্ষিত হইবে।

শস্যের দখল সম্বন্ধে স্বত্ব ও দাবির কথা।

৮৩ ধারা। (১) উৎপন্ন ফসল যাচাই করিয়া খাজানা লওয়া গেলে, সমস্ত ফসল দখলরাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(২) উৎপন্ন ফসল বিভাগ করিয়া খাজানা লওয়া গেলে, যাবৎ উহা বিভাগ করা না হয়, তাবৎ সমস্ত ফসল দখলে রাখিতে কেবল প্রজার অধিকার থাকিবে।

(৩) উভয় স্থলেই ভূম্যধিকারির পক্ষে কোন হস্তক্ষেপ ব্যতিরেকে প্রজা কৃষিকার্য্যের নিয়মিত কালে ফসল কাটিয়া সংগ্রহ করিতে পারিবেন, কিন্তু যাহাতে যথাকালে উপযুক্ত যাচাই বা বিভাগ করিবার বাধা হয় এরূপ সময়ে বা এরূপ প্রকারে ফসলের কোন অংশ স্থানান্তর করিতে পারিবেন না।

(৪) যদি প্রজা ফসলের কোন অংশ এরূপ সময়ে বা এরূপ প্রকারে স্থানান্তর করেন, যাহাতে যথাকালে তাহার যাচাই বা বিভাগ করিবার বাধা হয়, তবে শস্য-সংগ্রহের সময়ে নিকটস্থ সেই প্রকারের ভূমিতে সেই প্রকারের শস্য সর্ব্বাপেক্ষা পূর্ণ পরিমাণে যত যাচাই হয়, ফসল তত হইয়াছিল বলিয়া জ্ঞান করা যাইবে।

ভূম্যধিকারির পরিবর্ত্তনহইলে খাজানার দায়ের কথা।

৮৪ ধারা। (১) কোন প্রজার ভূম্যধিকারির স্বার্থ হস্তান্তর করা গেলে, হস্তান্তর হইবার পর যে খাজানা পাওনা হয়, তাহা যে ভূম্যধিকারীর স্বার্থ হস্তান্তরিত হয়, সেই ভূম্যধিকারীকে দেওয়া গেলে, যদি হস্তান্তরক্রমে গ্রহীতা প্রজাকে হস্তান্তর হইবার নোটিস না দিয়া থাকেন, তবে ঐ প্রজা উক্ত খাজানার নিমিত্ত হস্তান্তরক্রমে গ্রহীতার নিকট দায়ী হইবে না।

হস্তান্তরের নোটিস না পাইয়া পূর্ব্ব ভূম্যধিকারীকে যে খাজানা দেওয়া যায়, তজ্জন্য ভূম্যধিকারের স্বার্থগ্রহীতার নিকট প্রজার দায়ী না হইবার কথা।

(২) যে ভূম্যধিকারির স্বার্থ হস্তান্তরিত হয়, তাঁহাকে একাধিক প্রজা খাজানা দিলে, যদি হস্তান্তরক্রমে গ্রহীতা নির্দ্দিষ্ট প্রকারে প্রজাদের নিকট এক সাধারণ নোটিস প্রচার করেন, তাহা এই ধারার কার্য্যপক্ষে উপযুক্ত নোটিস হইবে।

আইনবিরুদ্ধ কর প্রভৃতির কথা।

৮৫ ধারা। প্রচলিত খাজানার অতিরিক্ত আবওয়াব, মাথট কিম্বা তদ্রূপ অন্য নাম দিয়া প্রজাদের উপর যে কোন কর ধার্য্য করা যায়, তাহা আইনবিরুদ্ধ হইবে, এবং এরূপ কর দিবার সমুদয় শর্ত ও নিয়ম আগত্য হইবে।

আবওয়াব প্রভৃতি আইনবিরুদ্ধ হইবার কথা।

৮৬ ধারা। প্রচলিত কোন বিশেষ অংশক্রমে না হইলে, আংনমতে যে খাজানা দেয়, তদতিরিক্ত প্রজার স্থানে কোন টাকা বা তাহার ভূমির উৎপন্নের কোন অংশ ভূম্যধিকারী অন্যায় করিয়া লইলে দণ্ডের কথা।

দেয় খাজনার অতিরিক্ত টাকা প্রজার স্থানে ভূম্যধিকারী অন্যায় করিয়া লইলে দণ্ডের কথা।

৮৭ ধারা। (১) এই আইনের কার্য্যপক্ষে কোন রায়তের যোতের সম্বন্ধে "উৎকর্ষসাধন" শব্দ যোগ হইলে যে কোন কার্য্য তাহা যোতের জমাই মূল্যবৃদ্ধি হয়, যদ্দ্বারা উক্ত যোতের উপযোগী এবং তাহা যে উদ্দেশে জমা দেওয়া যায়, সে উদ্দেশ্য-সম্মত, এবং যাহা যোতের উপর করা না গেলেও সাক্ষাৎসম্বন্ধে উহার উপকারার্থ করা যায়, কিম্বা করিবার পর সাক্ষাৎসম্বন্ধে ঐ যোতের উপকারজনক করা যায়, সেই কার্য্য বুঝাইবে।

"উৎকর্ষসাধন" শব্দের অর্থ।

৯ম অধ্যায়।

ভূম্যধিকারী ও প্রজা বিষয়ক বিবিধ বিধান।

উৎকর্ষসাধনের কথা।

(২) বিপরীত দর্শান না গেলে, নিম্নলিখিত কার্য্য-গুলি এই ধারার মর্ম্মানুযায়ী উৎকর্ষ সাধন বলিয়া অনুমান হইবে,—

(ক) কৃষিকার্য্যের নিমিত্ত কিম্বা কৃষিকার্য্যে নিযুক্ত মনুষ্যের ও গবাদির ব্যবহার নিমিত্ত জলসঞ্চয়, যোগান বা বিতরণ করণার্থ কূপ ও পুষ্করিণী প্রভৃতি খনন ;

(খ) জলসেচনার্থে ভূমি প্রস্তুত করণ :

(গ) যে ভূমি কৃষিকার্য্যার্থ ব্যবহৃত হয়, কিম্বা যে পতিত ভূমি আবাদ করা যাইতে পারে, তাহার জল-নিঃসরণ কিম্বা নদী বা অন্য জল হইতে উদ্ধার করণ, কিম্বা জলপ্লাবন হইতে রক্ষা করণ, কিম্বা জলজনিত ক্ষয় বা অন্য হানি নিবারণ ;

(ঘ) কৃষিকার্য্যার্থ ভূমির আবাদ বা পরিষ্কার করণ কিম্বা তাহা সেরা বা তাহার স্থায়ী উৎকর্ষসাধন ;

(ঙ) পূর্ব্বোক্ত কোন কার্য্য নূতন করিয়া বা পুনরুদ্ধার করা, অথবা তাহার পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন করা ; ও

(চ) আবশ্যক বাটীর ঘর সমেত রায়ত ও তদীয় পরিবারের উপযোগী বাসগৃহ নির্ম্মাণ।

(৩) কিন্তু এমত কোন যোতে যে কার্য্য করেন তদ্দ্বারা স্থায়ী ভূম্যধিকারীর মকাসের বা তামুকের মূল্য বিশেষরূপ বর্দ্ধিত হইয়া পড়িলে, ঐ কার্য্য এই আইনের আরম্ভের পর উৎকর্ষসাধন বলিয়া গণ্য হইবে না।

৮৮ ধারা। রায়ত অবধারিত খাজনায় কিম্বা তদতিরিক্ত খাজানার হারে ভূমি ভোগ করা গেলে উৎকর্ষসাধন করিবার স্বত্বের কথা।

৮৯ ধারা। (১) কোন রায়তের যোতে তাহার দখলীস্বত্ব থাকিলে, রায়ত বা ভূম্যধিকারী নহে উৎকর্ষসাধন করিতে সম্মত আছেন, এই হেতু বিনা রায়ত বা ভূম্যধিকারীস্বরূপ উক্ত যোত সম্বন্ধে উৎকর্ষসাধন করিতে অপর পক্ষকে বাধা দিতে পারিবেন না।

দখলীস্বত্ববিশিষ্ট যোত সম্বন্ধে উৎকর্ষসাধন করিবার স্বত্বের কথা।

(২) যদি রায়ত ও ভূম্যধিকারী উভয়েই একই উৎকর্ষসাধন করিতে চাহেন, তবে উক্ত ভূম্যধিকারীর স্বাধীন জমা এক বা অধিক যোত তদ্দ্বারা স্পৃষ্ট না হইলে, রায়তের উৎকর্ষসাধন করিবার অগ্র স্বত্ব থাকিবে।

(৩) রায়ত ও তাহার ভূম্যধিকারীর মধ্যে
(ক) উৎকর্ষসাধন করিবার স্বত্বসম্বন্ধে, কিম্বা
(খ) কোন বিশেষকার্য্য উৎকর্ষসাধন কিনা, এতৎসম্বন্ধে বিবাদ উত্থিত হইলে,

কালেক্টর সাহেব কোন পক্ষের প্রার্থনামতে সেই বিবাদের নিষ্পত্তি করিতে পারিবেন, এবং তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

৯০ ধারা। (১) দখলীস্বত্বশূন্য কোন রায়ত আপনার ও স্বীয় পরিবারের নিমিত্ত আবশ্যক বাটীর ঘর সমেত উপযুক্ত বাসগৃহ প্রস্তুত করিতে পারিবেন, কিন্তু উক্তমতে কিম্বা পশ্চাল্লিখিত বিধানমতে না হইলে আপনার যোতসম্বন্ধে স্বীয় ভূম্যধিকারীর অনুমতি না লইয়া অন্য কোন উৎকর্ষসাধন করিতে পারিবেন না।

দখলীস্বত্বশূন্য যোত সম্বন্ধে উৎকর্ষ সাধন করিবার স্বত্বের কথা।

(২) স্বীয় ভূম্যধিকারীর অনুমতির প্রয়োজন না থাকিলে, যে দখলীস্বত্বশূন্য রায়ত আপন যোত সম্বন্ধে যে উৎকর্ষসাধন করিতে পারিতেন তিনি উক্ত উৎকর্ষসাধন করিতে চাহিলে, যুক্তিসিদ্ধ সময়ের মধ্যে ঐ উৎকর্ষসাধন করিবার নিমিত্ত ভূম্যধিকারীর প্রতি আদেশ করিয়া তাঁহাকে অনুরোধপত্র দিতে বা দেওয়াইতে পারিবেন, এবং ভূম্যধিকারী ঐ অনুরোধ পালন করিতে অক্ষম হইলে, বা অপেক্ষা করিলে, আপনি ঐ উৎকর্ষসাধন করিতে পারিবেন।

৯১ ধারা। (১) কোন ভূম্যধিকারী আইনমতে যে উৎকর্ষসাধন করেন, কিম্বা যাহা আইনমতে তাঁহার খরচে করা যায়, কিম্বা যাহা করিতে তিনি প্রজাকে সাহায্য করিয়াছেন, তিনি সেই উৎকর্ষসাধন স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কর্ম্মচারীর নিকট প্রার্থনা করিয়া রেজিষ্টরী করাইতে পারিবেন

ভূম্যধিকারীর উৎকর্ষসাধন রেজিষ্টরী করিবার কথা।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যেরূপ আদেশ করেন, প্রার্থনাপত্র সেরূপ পাঠে লিখিতে হইবে, ও তাহাতে সেরূপ সপ্রমাণ থাকিবে, ও সেই প্রকারে স্থানীয় তদন্তের দ্বারা বা অন্যোপায়ে তাহার সত্যতা নির্ণয় করা যাইবে।

(৩) যে কর্ম্মচারী প্রার্থনাপত্র প্রাপ্ত হন, তিনি,

(ক) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে উৎকর্ষসাধন হইলে, এই আইন প্রচলিত হইবার সময়াবধি,

(খ) এই আইন প্রচলিত হইবার পর উৎকর্ষসাধন হইলে, উক্ত কার্য্য সম্পন্ন হইবার তারিখ অবধি,

১২ মাসের মধ্যে প্রার্থনা করা না গেলে, তাহা অগ্রাহ্য করিতে পারিবেন।

৯২ ধারা। (১) কোন যোতের ভূম্যধিকারী বা প্রজা উৎসম্বন্ধে যে উৎকর্ষসাধন করা যায় তাহার প্রমাণ লিপিবদ্ধ করিয়া রাখিতে চাহিলে, কোন রাজস্ব কর্ম্মচারীর নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে যদি তিনি এরূপ বিবেচনা না করেন যে, ঐ প্রার্থনা করিবার যুক্তিসিদ্ধ কারণ নাই, অথবা এরূপ দেখা না যায় যে, ঐ বিষয় কোন দেওয়ানী আদালতে তদন্তাধীনে রহিয়াছে, তবে উক্ত কর্ম্মচারী উভয় পক্ষের সমক্ষে প্রমাণ লিপিবদ্ধ করিবেন।

উৎকর্ষ সাধন সম্বন্ধে প্রমাণ লিপিবদ্ধ করিবার প্রার্থনার কথা।

(২) এই ধারামতে কোন বিষয় লিপিবদ্ধ করা গেলে, ভূম্যধিকারী ও প্রজার মধ্যে কিম্বা তাঁহাদের অধীন দাওয়াদার ব্যক্তিদের মধ্যে পরে যে কোন আনুষ্ঠানিক কার্য্য হয়, তাহাতে ঐ লিপিবদ্ধ কথা প্রমাণ মধ্যে গ্রাহ্য হইতে পারিবে।

রায়তকে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ দিতে হইবার কথা।

৯৩ ধারা। (১) যে কোন রায়তকে তদীয় ভোগ হইতে উচ্ছেদ করা যায়, সেই রায়ত বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারী এই আইন অনুসারে যে সকল উৎকর্ষসাধন করিয়াছেন, তজ্জন্য পূর্ব্বে ক্ষতিপূরণ দেওয়া না হইয়া থাকিলে, উক্ত রায়ত ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।

(২) কোন আদালত কোন রায়তকে উচ্ছেদ করিবার ডিক্রী বা আজ্ঞা করিলে, যদি সে পরিমাণে উক্ত রায়তকে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ দেয় হয়, তবে ঐ ক্ষতিপূরণের টাকা নিরূপণ করিবেন, এবং রায়তের ঐ টাকা পাইবার নিয়মানীনে উচ্ছেদ করিবার ডিক্রী বা আজ্ঞা করিবেন।

(৩) যেস্থলে কোন বিশেষ কবিয়া থাকেন বলিয়া রায়ত ক্ষতিপূরণদিন উৎকর্ষসা ন করিবার চুক্তি করিয়া, বা পাট্টা লইয়া তদনুসারে উৎকর্ষসাধন করিয়াছেন, এবং উক্ত সুবিধা প্রাপ্ত হইয়াছেন, সেই স্থলে এ ধারা-মতে উৎকর্ষসাধনের নিমিত্ত ক্ষতিপূরণ পাইবার দাবী করা যাইতে পারিবে না।

(৪) ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ১ তারিখ ও এই আইন প্রচলিত হইবার সময়ের মধ্যে রায়ত যে উৎকর্ষ-সাধন করেন, তাহা এই আইন অনুসারে করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(৫) কোন উৎকর্ষসাধনের নিমিত্ত এই ধারামতে যে ক্ষতিপূরণের আজ্ঞা করিতে হবে, সেই ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয়ার্থ স্থানীয় গবর্ণমেণ্ট যত জন আসেসর উপযুক্ত বোধ করেন, তত জন আসেসর আপন সঙ্গে লইবার নিমিত্ত আদালতের প্রতি আজ্ঞা করিয়া এবং আসেসরদের খাতা ও নিয়োগপ্রণালী স্থির করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

যে বিধিক্রমে ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয় করিতে হইবে, তাহার কথা।

৯৪ ধারা। (১) উৎকর্ষসাধনের নিমিত্ত পূর্ব্ব ধারা-মতে যে ক্ষতিপূরণ দিবার আজ্ঞা করিতে হইবে, তাহার পরিমাণ নির্ণয় করিতে হইলে, এই বিষয়ের প্রতি দৃষ্টি রাখিতে হইবে,—

(ক) ভোগের জন্যই মূল্য বা উৎপন্নের মূল্য উৎকর্ষসাধন দ্বারা যে পরিমাণে বর্দ্ধিত হইয়াছে, সেই পরিমাণের প্রতি;

(খ) উৎকর্ষসাধনের অবস্থার প্রতি ও তাহার ফল যত কাল স্থায়ী হইবার সম্ভাবনা তাহার প্রতি;

(গ) উক্ত উৎকর্ষসাধন করিতে যে পরিশ্রম ও মূলধন লাগে তৎপ্রতি;

(ঘ) ঐ উৎকর্ষসাধন উপলক্ষে ভূম্যধিকারী কোনরূপে খাজানা হ্রাস বা ক্ষমা করিলে বা রায়তকে অন্য কোন সুবিধা করিয়া দিলে, তৎপ্রতি; এবং

(ঙ) ভূমি কৃষিকার্য্যোপযোগী করা গেলে, কিম্বা অসেচিত ভূমি সেচিত ভূমিতে পরিণত করা গেলে, রায়ত যতকাল অবর্দ্ধিত খাজানায় উৎকর্ষসাধনের লাভ ভোগ করিয়াছেন, সেই কালের প্রতি।

(২) ক্ষতিপূরণের পরিমাণ নির্দ্ধারিত হইলে, ভূম্যধিকারী ও রায়ত উচিত বোধ করিলে, এইরূপ সম্মতি দিতে পারিবেন যে সম্পূর্ণরূপে মুদ্রাযোগে প্রদত্ত না হইয়া উহা সম্পূর্ণরূপে বা অংশতঃ অন্য কোনরূপে প্রদত্ত হইবে।

ইস্তফা ও পরিত্যাগ করিবার কথা।

ইস্তফা করিবার কথা।

৯৫ ধারা। (১) কোন রায়ত পাট্টা বা অন্য নিয়মপত্রক্রমে অবধারিত কালের নিমিত্ত বাধ্য না থাকিলে, কোন কৃষিবৎসরের শেষে আপন ভোগের স্বত্ব ও স্বার্থ ইস্তফা করিতে পারিবে।

(২) কিন্তু ইস্তফা করিলেও যদি সে ইস্তফা করিবার অন্যূন তিন মাস পূর্ব্বে ইস্তফা করিবার আপন অভিপ্রায়ের লিখিত নোটিস আপন ভূম্যধিকারীকে না দিয়া থাকে, তবে ইস্তফা করিবার তারিখের পরবর্ত্তি কৃষিবৎসরের নিমিত্ত ঐ রায়ত উক্ত ভোগের খাজানা দিতে দায়ী থাকিবে।

(৩) নিম্নলিখিত স্থলে যাবৎ বিপরীত দর্শান না যায়, উক্ত নোটিস এরূপে দেওয়া হইয়াছিল, এই ধারার কার্য্যার্থে আদালত এই অনুমান করিবেন, অর্থাৎ,

(ক) যদি রায়ত ইস্তফা করিবার পরবর্ত্তী কৃষি বৎসরে সেই ভূম্যধিকারীর স্থানে সেই গ্রামে নূতন ভোগ লয়;

(খ) যে কৃষি বৎসরের শেষে ইস্তফা করা হয়, সেই বৎসর শেষ হইবার অন্যূন তিন মাস থাকিতে যদি রায়ত ইস্তফা করা ভোগ যে গ্রামে থাকে, সেই গ্রামে আর বাস না করে;

(গ) যদি ইস্তফা করিবার পরবর্ত্তী কৃষি বৎসরের কোন সময়ে ভূম্যধিকারী নিজে অন্য কোন প্রকারে ঐ ভোগ বা তাহার কোন অংশ জমা করিয়া দেন কিম্বা চাষ করেন।

(৪) রায়ত উচিত বোধ করিলে, উক্ত ভোগ বা তাহার কোন অংশ যে আদালতে বিচারাধীন স্থানে থাকে, সেই আদালতের দ্বারা নোটিস জারী করাইতে পারিবেন।

(৫) কোন রায়ত আপন ভোগ ইস্তফা করিলে ভূম্যধিকারী ঐ ভোগে প্রবেশ করিয়া উহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দিতে কিম্বা নিজে চাষ করণার্থ লইতে পারিবেন।

পরিত্যাগের কথা।

৯৬ ধারা। (১) কোন রায়ত আপন ভূম্যধিকারীকে নোটিস না দিয়া ও খাজানা যেমন দেনা হয়, তাহা দিবার বন্দোবস্ত না করিয়া যদি আপন বাটী ত্যাগ করে, ও নিজে বা অন্য কোন ব্যক্তিদ্বারা আপন ভোগ আর চাষ না করে, তবে রায়ত যে কৃষিবৎসরে ঐরূপ ত্যাগ করিয়া যায় ও চাষ করিতে বিরত হয়, সেই কৃষি বৎসর অতীত হইবার পর যে কোন সময়ে ভূম্যধিকারী ঐ ভোগে প্রবেশ করিয়া তাহা অন্য কোন প্রজাকে জমা করিয়া দিতে পারিবেন, কিম্বা নিজে চাষ করণার্থ লইতে পারিবেন।

(২) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন যোতে প্রবেশ করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে নির্দ্দিষ্ট পাঠে নোটিস প্রচার করাইবেন। তাহাতে এই কথা লেখা থাকিবে যে, তিনি উক্ত যোত পরিত্যক্ত জ্ঞান করিয়া তাহাতে প্রবেশ করিয়াছেন।

(৩) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন যোতে প্রবেশ করিলে, ঐ নোটিস প্রচার করিবার তারিখ অবধি দুই বৎসর কিম্বা, দখলীকৃতশূন্য রায়ত হইলে, ছয় মাস অতীত না হওয়া পর্য্যন্ত এ রায়ত যে কোন সময়ে উক্ত ভূমির দখল ফিরিয়া পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে। তাহা হইলে যে সকল ব্যক্তি ক্ষতিগ্রস্ত হয়, তাহাদের ক্ষতিপূরণ সম্বন্ধে আদালত যেরূপ (যদি কোন) শর্ত্তে ন্যায্য বোধ করেন, সেই শর্ত্তে দখল ফিরিয়া পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

যোতের অংশ হস্তান্তরযোগ্য হইবার কথা।

যোতের অংশ হস্তান্তর-যোগ্য না হইবার কথা।

৯৭ ধারা। যে প্রজার যোত হস্তান্তরযোগ্য, এই আইনের কোন কথাক্রমে সেই প্রজা ভূম্যধিকারীর সম্মতি বিনা আপনার যোতের অন্তর্গত ভূমি কিয়দংশমাত্র এরূপ হস্তান্তর বা উইল করিতে পারিবেন না, যাহাতে হস্তান্তর বা উইলক্রমে গ্রাহীতা ঐ অংশ পৃথক যোতস্বরূপ উক্ত ভূম্যধিকারীর নিকট ভোগ করিতে পারেন।

উচ্ছেদের কথা।

ডিক্রী জারীক্রমে না হইলে উচ্ছেদ না হইবার কথা।

৯৮ ধারা। ডিক্রী জারীক্রমে না হইলে কোন প্রজাকে তদীয় যোত হইতে উচ্ছেদ করা যাইবে না।

ভূমি মাপ করিবার কথা।

ভূম্যধিকারীর ভূমি মাপিবার ক্ষমতার কথা।

৯৯ ধারা। (১) ভূম্যধিকারী এই ধারার ও কোন চুক্তি থাকিলে, তাহার বিধান মতে কিম্বা স্বয়ং কিম্বা প্রতিনিধি দ্বারা আপন স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি দ্বারা আপন তালুকের বা তালুকের অংশের সমুদয় ভূমিতে প্রবেশ করিয়া তাহা মাপ করিতে পারিবেন।

(২) কোন ভূম্যধিকারী প্রজার সম্মতি বিনা, কিম্বা কালেক্টর সাহেবের লিখিত অনুমতি বিনা দশ বৎসরের একবারের অধিক ভূমি মাপ করিতে পারিবেন না। কেবল নিম্নলিখিত স্থলে এই নিয়ম খাটিবে না যথা—

(ক) যে স্থলে যোতের পরিমাণ, শিলাবৃষ্টী উপলবৃষ্টী হেতুক বৎসরে পরিবর্ত্তন হইতে পারে ও দেয় খাজানা ঐ পরিমাণের উপর নির্ভর করে।

(খ) যেস্থলে বৎসরে চাসের ভূমির পরিমাণ পরিবর্ত্তন হইতে পারে, এবং দেয় খাজানা চাসের ভূমির পরিমাণের উপর নির্ভর করে।

(গ) যে স্থলে ভূম্যধিকারী ইচ্ছাপূর্ব্বক হস্তান্তরক্রমে না হইয়া অন্য প্রকারে খরিদার হন, এবং খরিদক্রমে দখল করিবার তারিখ অবধি দুই বৎসরের অধিক কাল গত হয় নাই।

(৩) উক্ত দশ বৎসর শেষ মাপের তারিখ অবধি গণনা করা যাইবে, ঐ মাপ এই আইন প্রচলিত হইবার পূর্ব্বেই হইয়া থাকুক বা পরেই হইয়া থাকুক।

প্রজা উপস্থিত হইয়া সীমা দেখাইয়া দিবে, আদালতের এরূপ আজ্ঞা করিতে পারিবার কথা।

১০০ ধারা। (১) কোন ভূম্যধিকারী পূর্ব্বধারামতে যে ভূমি মাপ করিতে পারেন তাহা মাপ করিতে চাহিলে ভূম্যধিকারীর প্রার্থনামতে দেওয়ানী আদালত এই আজ্ঞা করিতে পারিবেন যে প্রজা উপস্থিত থাকিয়া উক্ত ভূমির সীমা দেখাইয়া দিবে।

(২) যদি প্রজা উক্ত আজ্ঞামতে সীমা করিতে অস্বীকার বা উপেক্ষা করে, তবে যে সময়ে উপস্থিত থাকিবার জন্য প্রজার প্রতি আজ্ঞা হয়, সেই সময়ে ভূম্যধিকারীর আদেশমতে ভূমির সীমার ও মাপের যে মানচিত্র বা অন্য কাগজপত্র প্রস্তুত করা যায়, তাহা বিপরীত দর্শান না গেলে, পরিশুদ্ধ বলিয়া অনুমান হইবে।

মাপের কষ্টর কথা।

১০১ ধারা। (১) কোন ভূম্যধিকারী ও প্রজার মধ্যে কোন মোকদ্দমায় বা আনুষ্ঠানিক কার্য্যে কোন দেওয়ানী আদালতের বা রাজস্ব কর্ম্মকারীর আদেশক্রমে ভূমির যে মাপ হয়, তাহা যে মাপে প্রতিমণ এক বিঘাতে ১৪,৪০০ বর্গ ফুট হয়, সেই গবর্ণমেণ্টের মাপ অনুসারে হইবে।

(২) উভয় পক্ষের স্বত্ব ভিন্নরূপ কোন স্থানীয় মাপ অনুসারে নিয়মিত হইলে, গবর্ণমেণ্টের মাপ উক্ত মোকদ্দমার কার্য্যার্থে স্থানীয় মাপে পরিণত করা যাইবে।

(৩) কোন স্থানে যে বা যেরূপ মাপদণ্ড ব্যবহৃত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট স্থানীয় তদন্ত অনুসারে পর তাহা নির্দ্দেশ করিয়া বিজ্ঞাপন করিতে পারিবেন, এবং এরূপে যে নির্দ্দেশ করা যায় তাহা বিপরীত দর্শান না গেলে, শুদ্ধ বলিয়া অনুমান হইবে।

কার্য্যাধ্যক্ষদের কথা।

কোন সহাধিকারিগণ এক জন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন বা উহার কারণ দর্শাইবার নিমিত্ত উহাদের উপর আদেশ করিতে পারি বার কথা।

১০২ ধারা। কোন মহালের বা তালুকের সহাধিকারিগণ যদি তাহার কার্য্যসাধ্যতা সম্বন্ধে একমত না হন, এবং সেই কারণে

(ক) সাধারণের অসুবিধা কিম্বা

(খ) ব্যক্তিবিশেষের স্বত্বের হানি হয় বা হইবার সম্ভাবনা হয়,

তবে জিলার জজ সাহেব (ক) চিহ্নিত স্থলে কালেক্টরের এবং (খ) চিহ্নিত স্থলে ঐ মহালে বা তালুকে যাহার কোন স্বার্থ থাকে, এরূপ কোন ব্যক্তির প্রার্থনামতে যেন উক্ত সহাধিকারিগণ এক জন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন না, তাহার কারণ দর্শাইবার আদেশসূচক নোটিস তাঁহাদের সকলের উপর জারি করিবার আজ্ঞা করিতে পারিবেন।

কিন্তু কোন মহালের বা তালুকের সহাধিকারী যে স্বার্থের দাওয়া করেন, প্রকৃত প্রস্তাবে সেই স্বার্থ তাঁহার দখলে না থাকিলে, এবং তিনি কোন মহালের সহাধিকারী হইলে তাহার নাম ও স্বার্থের পরিমাণ ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের আইনমতে রেজিষ্টরী করা না হইয়া থাকিলে, তিনি এই ধারামতে প্রার্থনা করিতে পারিবেন না।

কারণ দর্শান না গেলে একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করণার্থে তাঁহাদিগকে আজ্ঞা দিতে পারিবার কথা।

১০৩ ধারা। যদি পূর্ব্ব ধারামত নোটিস জারী হইবার পর এক মাসের মধ্যে উক্ত সহাধিকারিগণ পূর্ব্বোক্তরূপ কারণ দেখাইতে না পারেন, তবে জিলার জজ সাহেব তাঁহাদিগকে একজন সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার আদেশসূচক আজ্ঞা দিতে পারিবেন; এই আজ্ঞা দিবার পূর্ব্বে যে কোন সহাধিকারী উপস্থিত হন নাই, ঐ আজ্ঞার নকল তাঁহার উপর জারী করা যাইবে।

আজ্ঞা পালিত না হইলে কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

১০৪ ধারা। পূর্ব্ব ধারামত আজ্ঞা হইবার পর এক মাসের মধ্যে যে সময় জিলার জজ সাহেব এতদর্থে ধার্য্য করিয়া দেন সেই সময় মধ্যে তদ্বারা উক্ত ধারামতে উক্ত নোটিস জারী করা হইয়া থাকিলে, এরূপ জারি করিবার পর এরূপ সময়ের মধ্যে সাধারণ কার্য্যাধ্যক্ষ নিযুক্ত না করেন, এই জিলার জজ সাহেবের একপক্ষীয় নিষ্পত্তি দেন, তবে যুক্তিসিদ্ধ সময় মধ্যে সন্তোষজনক রূপে কার্য্য হইবার না আছে, জিলার জজ সাহেবকে ইহা বুঝাইয়া দেওয়া না গেলে তিনি

(ক) যে স্থলে কোর্ট অব ওয়ার্ডস কোন মহালের বা তালুকের কার্য্যাধ্যক্ষতা গ্রহণ করিতে সম্মত হন সেই স্থলে কোর্ট অব ওয়ার্ডস দ্বারা ঐ মহালের বা তালুকের কার্য্যাধ্যক্ষতা করিবার আদেশ দিতে পারিবেন; কিম্বা

(খ) যে কোন স্থলে একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন।

পূর্ব্ব ধারার (খ) প্রকরণমত সকল স্থলে কোর্ট অব ওয়ার্ডস কোন ব্যক্তিকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

১০৫ ধারা। কোন স্থলের অন্তর্গত যে সকল মহালের ও তালুকের নিমিত্ত পূর্ব্ব ধারার (খ) প্রকরণমতে একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা আবশ্যক হয়, সেই সকল মহালের ও তালুকের কার্য্যাধ্যক্ষতা ঐ স্থলের নিমিত্ত বঙ্গদেশের ঐযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর এক ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন; এই কোন ব্যক্তিকে এরূপ নিযুক্ত করা গেলে, জিলার জজ সাহেব উক্ত প্রকরণমতে অন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করিবেন না। কিন্তু কোন মহালসম্বন্ধে যদি জজ সাহেব সহাধিকারিগণের এক জনকে কার্য্যাধ্যক্ষরূপে নিযুক্ত করা উচিত বোধ করেন, তবে এই বিধি খাটিবে না।

সহাধিকারিগণকে কার্য্যাধ্যক্ষতা ভার প্রত্যর্পণ করিবার ক্ষমতার কথা।

১০৬ ধারা। যে কোন স্থলে কোর্ট অব ওয়ার্ডস ১০৪ ধারামতে কোন মহালের বা তালুকের কার্য্যাধ্যক্ষতা ভার গ্রহণ করেন, সেই স্থলে কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইনের যে সমস্ত বিধান স্থাবর সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা সম্পর্কীয় হয়, সেই সমস্ত বিধান উক্ত কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবে।

কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের আইন কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে খাটিবার কথা।

১০৭ ধারা। (১) জিলার জজ সাহেব সময়ে সময়ে যেরূপ আদেশ করেন, ১০৪ ধারার (খ) প্রকরণমতে নিযুক্ত কার্য্যাধ্যক্ষ পারিশ্রমিকস্বরূপ সেইরূপ অবধারিত বেতন কিম্বা কার্য্যাধ্যক্ষরূপে তিনি যে টাকা আদায় করেন, সেই টাকার সেইরূপ শতকরা প্রাপ্ত হইবেন।

কার্য্যাধ্যক্ষের প্রতি যে বিধান বর্ত্তিবে তাহার কথা।

(২) জিলার জজ সাহেব যেরূপ জামিন দিবার আদেশ করেন, উক্ত কার্য্যাধ্যক্ষ তদনুসারে আপনার কর্ত্তব্য সম্পাদন করিবার সেইরূপ জামিন দিবেন।

(৩) তিনি নিযুক্ত না হইলে, যাহারা কার্য্যতঃ সংসৃষ্টভাবে যে সকল ক্ষমতা ব্যবহার করিতে পারিতেন, তিনি সাধারণ জজ সাহেবের কর্ত্তৃত্বাধীনে তাহাদিগকে তিনি সেই সকল ক্ষমতা সেই রূপে ব্যবহার করিতে পারিবেন, এই ব্যবস্থা ব্যতীত এই বিষয়ে কোন ব্যবস্থানুসারে [illegible]

(৪) তিনি জিলার জজ সাহেবের আজ্ঞানুসারে [illegible] কার্য্য করিবেন ও তাহা বন্ধ করিবেন।

(৫) তিনি বিশ্বস্ত হিসাবে রাখিবেন, এবং সহাধিকারিদিগকে বা তাঁহাদের কোন জনকে উক্ত হিসাব দেখিতে ও তাহার নকল লইতে দিবেন।

(৬) উক্ত জিলার জজ সাহেব যে সময়ের ও যে পরীক্ষা আজ্ঞা করেন, তিনি সেই সময়ে ও সেই পরীক্ষা আপনার হিসাব পাস করিবেন।

(৭) ভূস্বামীরা ১১২ ধারামতে যে কোন প্রার্থনা করিতে পারিতেন, তিনি সেই প্রার্থনা করিতে পারিবেন।

(৮) জিলার জজ সাহেবের আজ্ঞাক্রমে তাঁহাকে পদচ্যুত করা যাইতে পারিবে, প্রকারান্তরে নহে।

১০৮ ধারা। কোন মহাল বা তালুক কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতাধীনে স্থাপন করা গেলে, কিম্বা ১০৪ ধারামতে তন্নিমিত্ত একজন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা গেলে, যদি জিলার জজ সাহেবের এইরূপ আজ্ঞা জন্মে, যে সাধারণের অসুবিধা বা ব্যক্তিবিশেষের স্বত্বের হানি বিনা সহাধিকারিদের দ্বারা কার্য্যাধ্যক্ষতা চলিবে, তবে তিনি যে কোন সময়ে সহাধিকারিদিগকে উক্ত মহালের বা তালুকের কার্য্যাধ্যক্ষতা ভার প্রত্যর্পণ করিবার আদেশ করিতে পারিবেন।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১০৯ ধারা। হাই কোর্ট সময়ে সময়ে পূর্ব্ব প্রকরণ ধারামত কার্য্যাধ্যক্ষদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দেশ করিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

১০ম অধ্যায়।

স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত করিবার বিধি

স্বত্বের লিপির কথা।

স্বত্বের লিপি প্রস্তুত করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

১১০ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন স্থলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক এবং পশ্চাল্লিখিত কোন স্থলে উচিত বোধ করিলে ঐরূপ অনুমতি গ্রহণ না করিয়া এইরূপ আজ্ঞা করিতে পারিবেন, যে সময়ের স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত রাজস্ব কর্ম্মচারি কর্ত্তৃক কোন স্থানের সমুদয় প্রজাদের বা কোন শ্রেণীর প্রজাদের স্বত্বের লিপি প্রস্তুত করা যাইবে।

(২) নিম্নলিখিত স্থলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি পূর্ব্ব গ্রহণ না করিয়া এই ধারামতে আজ্ঞা করা যাইতে পারিবে, অর্থাৎ—

(ক) যে স্থলে ভূম্যধিকারী কিম্বা ভূম্যধিকারীদের বা প্রজাদের অনেকাংশ লোকে উক্ত আজ্ঞা পাইবার প্রার্থনা করেন, এবং খরচ দিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের আদেশমত টাকা আমানত করেন, সেই স্থলে;

(খ) যে স্থলে ঐরূপ লিপি প্রস্তুত করিলে, সাধারণতঃ প্রজা ও ভূম্যধিকারীদের মধ্যে যে গুরুতর বিবাদ আছে, বা হইবার সম্ভাবনা, তাহার নিষ্পত্তি বা নিবারণ হইতে পারে, সেই স্থলে; এবং

(গ) যে স্থলে গবর্ণমেণ্ট বা কোর্ট অব ওয়ার্ডস যাহার মালিক বা কার্য্যাধ্যক্ষ, এরূপ কোন মহালের বা তালুকের মধ্যে উক্ত স্থান অন্তর্ভুক্ত থাকে, সেই স্থলে

(৩) এই ধারামত কোন আজ্ঞার বিজ্ঞাপন রাজকীয় গেজেটে দেওয়া গেলে, তাহাই উক্ত আজ্ঞা যথাবিধি হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

যে যে বিশেষ কথা লিপিবদ্ধ করিতে হইবে, তাহার কথা।

১১১ ধারা। পূর্ব্ব ধারামতে কোন আজ্ঞা করা গেলে যে যে বিশেষ কথা লিপিবদ্ধ করিতে হইবে, উক্ত আজ্ঞায় তাহা নির্দ্দেশ করা যাইবে, ও নিম্নলিখিত সমুদয় বা কতকগুলি তন্মধ্যে থাকিতে পারিবে, অর্থাৎ,—

(ক) প্রত্যেক প্রজার নাম;

(খ) তিনি যে শ্রেণীর প্রজা, অর্থাৎ, তিনি পাকুড়দার কি অবধারিত হারে ভূমি ভোগকারি রায়ত কি দখলীস্বত্বশিশিষ্ট রায়ত কি দখলীস্বত্বশূন্য রায়ত কি কোর্ফা রায়ত;

(গ) তিনি যে ভূমি ভোগ করেন, তাহার অবস্থান, পরিমাণ ও সীমা;

(ঘ) তদীয় ভূম্যধিকারির নাম;

(ঙ) দেয় খাজানা;

(চ) চুক্তিক্রমে কি আদালতের আজ্ঞাক্রমে কি প্রকারান্তরে হউক যে প্রকারে উক্ত খাজানা ধার্য্য হইয়া থাকে তাহা।

(ছ) খাজানা ক্রমশঃ বৃদ্ধি হইয়া থাকিলে, যে সময়ে ও যে ক্রমে বৃদ্ধি হয় তাহা।

(জ) কোন বিশেষ নিয়মে প্রজা ভূমি ভোগ করিলে তাহা।

ভূস্বামীর বা তালুকদারের প্রার্থনামতে রাজস্ব কর্ম্মচারীর বিশেষকথা লিপিবদ্ধ করিতে পারিবার কথা।

১১২ ধারা। ভূস্বামী বা তালুকদার প্রার্থনা করিলে ও যত টাকা খরচ দিবার আদেশ হয় তাহা আমানত করিলে, এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে বিধি প্রণয়ন করেন সেই বিধি মানিয়া ও তদনুসারে কোন রাজস্ব কর্ম্মচারী কোন মহাল বা তালুক বা তাহার কোন অংশ সম্বন্ধে পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট বিশেষ কথা নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিতে পারিবেন।

লিপি প্রকাশ করিবার কথা।

১১৩ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী ঐ লিপি সম্পূর্ণ করিলে স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারে ও যত কাল প্রকাশ করিবার আদেশ দেন, সেই প্রকারে ও ততকাল ঐ লিপির পাণ্ডুলেখ্য ঐ স্থানে প্রকাশ করাইবেন, এবং উক্ত কালমধ্যে ঐ লিপির কোন লেখা সম্বন্ধে যে কোন আপত্তি করা যায়, তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিয়া দেখিবেন।

(২) উক্ত কাল অতীত হইলে, রাজস্ব কর্ম্মচারী উক্ত লিপি চূড়ান্তরূপে স্থির করিয়া ফেলিবেন ও স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে প্রকারে প্রকাশ করিবার আদেশ করেন, সেই প্রকারে উহা ঐ স্থানে প্রকাশ করাইবেন; এবং উক্ত লিপি যে এই অধ্যায়মতে যথাবিধি প্রস্তুত করা গিয়াছে ঐরূপ প্রকাশকরণই তাহার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

লিপির লেখা সম্বন্ধে বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

১১৪ ধারা। পূর্ব্ব ধারামতে উক্ত লিপি চূড়ান্তরূপে প্রকাশ করিবার পূর্ব্বে কোন সময়ে রাজস্ব কর্ম্মচারী তাহাতে কোন কথা লিখিবার প্রস্তাব করিলে বা লিখিলে যদি তাহার শুদ্ধতাসম্বন্ধে বিবাদ উপস্থিত হয়, তবে রাজস্ব কর্ম্মচারী ঐ বিবাদ শ্রবণ করিয়া নিষ্পত্তি করিবেন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনে মোকদ্দমার বিচার করিবার যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট আছে, এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বিধি মানিয়া উক্ত কার্য্যপক্ষে সেই কার্য্যপ্রণালী অবলম্বন করিবেন, এবং তাঁহার নিষ্পত্তি ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

রাজস্ব কর্ম্মচারীদের নিষ্পত্তির উপর আপীলের কথা।

১১৫ ধারা। (১) পূর্ব্ব ধারামত রাজস্ব কর্ম্মচারীদের নিষ্পত্তির উপর আপীল শুনিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট এক বা একাধিক ব্যক্তিকে বিশেষ জজ বলিয়া নিযুক্ত করিবেন।

(২) পূর্ব্ব ধারামত রাজস্ব কর্ম্মচারীর নিষ্পত্তির উপর বিশেষ জজের নিকট আপীল হইতে পারিবে; এবং আপীলসম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে যে সকল বিধান আছে তাহা উক্ত আপীলসম্বন্ধে যতদূর খাটিতে পারে খাটিবে।

(৩) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪২ অধ্যায়ের প্রথম ধারার অর্থমতে বিশেষ জজ হাই কোর্টের অধীন আদালত হইলে যেরূপ হইত, উক্ত অধ্যায়ের বিধানের নিয়মাধীনে তাঁহার নিষ্পত্তির উপর হাই কোর্টে সেইরূপ আপীল হইতে পারিবে।

ঐ লিপির যে লেখা সম্বন্ধে বিবাদ না থাকে তাহা অনুমানমত প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবার কথা।

১১৬ ধারা। (১) এই অধ্যায়মতে যে লিপি প্রস্তুত করা যায় তাহাতে যে যে লেখা সম্বন্ধে বিবাদ আছে ও যে যে লেখা সম্বন্ধে বিবাদ নাই, ইহা পৃথক করিয়া নির্দ্দেশ করিতে হইবে।

(২) উক্ত লিপির যে লেখা সম্বন্ধে বিবাদ নাই তাহা বিপরীত দর্শান না গেলে শুদ্ধ বলিয়া অনুমান হইবে।

খাজানা ধার্য্য হইবার বিধি।

খাজানা ধার্য্য করণার্থ রাজস্ব কর্ম্মচারীদের প্রতি আজ্ঞা করিতে পারিবার কথা।

১১৭ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে, পশ্চাল্লিখিত কোন স্থলে এইরূপ আদেশমূলক আজ্ঞা করিতে পারিবেন, যে কোন স্থানের অন্তর্গত সমুদয় প্রজার বা কোন শ্রেণীর প্রজার খাজানা, স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে রাজস্ব কর্ম্মচারীদিগকে নিযুক্ত করেন, তাঁহাদের দ্বারা ধার্য্য হইবে।

কিন্তু ঐরূপ আজ্ঞা করা বাঞ্ছনীয়, স্থানীয় তদন্ত লইয়া স্থানীয় গবর্ণমেণ্টের এরূপ প্রবোধ না জন্মিলে, উক্ত গবর্ণমেণ্ট ঐরূপ আজ্ঞা করিবেন না।

(২) নিম্নলিখিত স্থলে এই ধারামতে আজ্ঞা করা যাইতে পারিবে, অর্থাৎ,

(ক) যে কোন স্থলে স্বত্বের লিপি প্রস্তুত করিতে এই অধ্যায়মতে কোন রাজস্ব কর্ম্মচারীর প্রতি আদেশ করা যায়, এবং

(খ) যে স্থলে কোন স্থান সম্বন্ধে রাজস্ব ধার্য্য হইতেছে।

(৩) এই ধারামতে রাজকীয় গেজেটে কোন আজ্ঞার বিজ্ঞাপন দেওয়া গেলে, উক্ত বিজ্ঞাপনই উক্ত আজ্ঞা যথাবিধি হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে, এবং কোন আজ্ঞা ঐরূপে বিজ্ঞাপিত হইলে, তাহা যতকাল এরূপে বিজ্ঞাপিত আজ্ঞাক্রমে রহিত না হয়, ততকাল প্রবল থাকিবে।

(৪) কোন প্রজাদের সম্বন্ধে এই ধারামত আজ্ঞা প্রবল থাকিতে, কোন দেওয়ানী আদালত এই আইনমতে উক্ত প্রজাদের কাহারও খাজানা বৃদ্ধি বা কম করিবার মোকদ্দমা গ্রহণ করিবেন না।

খাজানা ধার্য্য করিবার কার্য্যপ্রণালীর কথা।

১১৮ ধারা। (১) কোন রাজস্ব কর্ম্মচারী এই অধ্যায়মতে খাজানা ধার্য্য করিবার আজ্ঞা প্রাপ্ত হইলে, ১১১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ কথা ও স্থানীয় গবর্ণমেণ্ট অন্য কোন কথা নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিবার আদেশ দিলে সেই অন্য কথা নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিবেন।

(২) (১) প্রকরণমত লিপিতে উক্ত কর্ম্মচারী কোন কথা লিখিয়া থাকিলে বা লিখিবার প্রস্তাব করিলে, তাহার শুদ্ধতা সম্বন্ধে, পশ্চাল্লিখিত বিধানমতে জমাবন্দী চূড়ান্তরূপে প্রকাশ করিবার পূর্ব্বে কোন সময়ে বিবাদ উত্থিত হইলে, ১১৪ ও ১১৫ ধারার বিধান খাটিবে।

(৩) যে তালুকের খাজানা পরিবর্ত্তিত হইতে পারে সেই তালুক হইলে, কিম্বা দখলীস্বত্ববিশিষ্ট রায়তের ভোগ হইলে, ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে উক্ত কর্ম্মচারী তৎসম্বন্ধে উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিবেন।

(৪) যাবৎ বিপরীত দর্শান না যায় এই কার্য্যের নিমিত্ত তিনি বর্ত্তমান খাজানা উপযুক্ত ও ন্যায্য বলিয়া অনুমান করিবেন, এবং খাজানা ধার্য্য করিবার নিমিত্ত দেওয়ানী আদালতের উপদেশার্থ এই আইনে যে সকল বিধি নির্দ্দিষ্ট হইল, তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

(৫) (৩) ও (৪) প্রকরণমত সমুদয় আনুষ্ঠানিক কার্য্যে উক্ত কর্ম্মচারী, এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বিধি মানিয়া, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের নির্দ্দিষ্ট প্রণালী অবলম্বন করিবেন এবং ঐরূপ প্রত্যেক আনুষ্ঠানিক কার্য্যে তাঁহার নিষ্পত্তি ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

(৬) ঐরূপ প্রত্যেক নিষ্পত্তির উপর ১১৫ ধারামতে নিযুক্ত বিশেষ জজের নিকট আপীল হইতে পারিবে। তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে, কিন্তু তাহা এই নিয়মের অধীন থাকিবে যে, এই ধারার (২) প্রকরণমত দ্বিতীয় আপীলে যদি হাই কোর্ট, যে সকল বিশেষ কথা ধরিয়া কোন যোতের খাজানা ধার্য্য হইয়াছে, তন্মধ্যে কোন কথা সম্বন্ধে বিশেষ জজের নিষ্পত্তি পরিবর্ত্তন করেন, তবে উক্ত কোর্ট ঐ যোতের নিমিত্ত নূতন খাজানা ধার্য্য করিতে পারিবেন, কিন্তু তাহা ধার্য্য করিবার কালে একই জমাবন্দীর মধ্যে সেই শ্রেণীর অন্যান্য যোতের যেরূপ খাজানা এই ধারামতে নির্ণীত বা ধার্য্য হইয়া থাকে, তাহা দেখিয়া চলিবেন।

(৭) রাজস্ব কর্ম্মচারী যে সকল বিশেষ কথা লিখিতে ও যে খাজানা ধার্য্য করিতে আদেশ প্রাপ্ত হন, সেই সকল বিশেষ কথা ও খাজানা লিখিলে ও ধার্য্য করিলে, তিনি এক বা একাধিক জমাবন্দীর পাণ্ডুলেখ্য প্রস্তুত করিবেন। তিনি যে যে বিশেষ কথা লিপিবদ্ধ করেন ও খাজানা ধার্য্য করিলে যত টাকা খাজানা ধার্য্য করেন তাহা উক্ত জমাবন্দীতে লেখা করিতে হইবে।

(৮) জমাবন্দী ১১৭ ধারার মর্ম্মানুযায়ী লিপি হইলে, ১১৭ ধারা তৎসম্বন্ধে যেরূপ খাটিত, এই ধারামত প্রত্যেক জমাবন্দী সম্বন্ধেও সেইরূপ খাটিবে এবং এই ধারার (১) প্রকরণমতে ঐরূপ কোন জমাবন্দীতে যে সকল কথা লেখা যায় তৎসম্বন্ধে ১১৬ ধারা খাটিবে।

যে সময়ে খাজানার পরিবর্ত্তন কলবৎ হইবে তাহার কথা।

১১৯ ধারা। পূর্ব্ব ধারামতে কোন খাজানা পরিবর্ত্তন করা গেলে, জমাবন্দী চূড়ান্তরূপে প্রকাশ করিবার পরবর্ত্তী কৃষিবৎসরের প্রারম্ভাবধি ঐ পরিবর্ত্তন কলবৎ হইবে।

ধার্য্যকরা খাজানা যতকাল অপরিবর্ত্তিত থাকিবে তাহার কথা।

১২০ ধারা। ১১৮ ধারার (৩) প্রকরণমতে কোন যোতের খাজানার টাকা ধার্য্য করাইবার নিমিত্ত কোন ভূম্যধিকারীর প্রার্থনা করিবার স্বত্ব থাকিলে, ভূম্যধিকারীর উৎকর্ষসাধন কিম্বা যোতের পরিমাণ পরিবর্ত্তন হেতুক

না হইলে এই অধ্যায়মতে যোতের যে খাজানা নির্ণীত বা ধার্য্য হয়, তাহা অমাবন্দী চূড়ান্তরূপে প্রকাশ করিবার তারিখ অবধি পনের বৎসর কাল মধ্যে বৃদ্ধি করা যাইবে না।

অতিরিক্ত বিধানের কথা।

এই অধ্যায়মত কার্য্যানুষ্ঠানে যে খরচ পড়ে তাহার কথা।

১২১ ধারা। একজন ভূম্যধিকারীর, কিম্বা অনেক ভূম্যধিকারীর ও প্রজার প্রার্থনামতে, কিম্বা প্রজা ও ভূম্যধিকারীদের মধ্যে কোনরূপ বিবাদ নিষ্পত্তি বা নিবারণ করিবার উদ্দেশে, এই অধ্যায়মতে কোন আজ্ঞা করা গেলে, কেবল এই অধ্যায়ের বিধান সফল করিতে নিযুক্ত সমুদয় কর্ম্মচারীদের বেতন এবং যে সকল কর্ম্মচারী আপন রাজকীয় কর্ম্মাতিরিক্ত উক্ত বিধান সকল করিতে নিযুক্ত হয়েন তাঁহাদের বেতনের যে অংশ স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের ধার্য্য করেন, সেই অংশ সমেত উক্ত বিধান কোন স্থানে সফল করিতে গবর্ণমেণ্টের যে সমুদয় খরচ পড়ে, তাহা ঐ স্থানের যে ভূম্যধিকারী ও প্রজাদের খাজানা ঐ অন্য সময়ে ধার্য্য বা নির্ণীত হয়, তাঁহারা স্থানীয় গবর্ণমেণ্ট ঐ তাবৎ স্থলে সমুদয় তাবৎগতিক বিবেচনায় যেরূপ হারবারীমতে স্থির করিয়া দেন, সেইরূপ হারবারীমতে দিবেন; এবং কোন ব্যক্তির ঐরূপ খরচের যে হারবারীমত অংশ দিতে হয়, তাহা তাঁহার দেয় বাকী রাজস্বের ন্যায় তাহার স্থানে আদায় করা যাইতে পারিবে।

লিপি প্রস্তুত হইয়া থাকিলে অবশিষ্ট খাজানা সম্বন্ধীয় অনুমান না খাটিবার কথা।

১২২ ধারা। কোন প্রজাস্বত্ব সম্বন্ধে ১১৯ ধারার (খ) প্রকরণের লিখিত বিশেষ কথা এই অধ্যায়মতে লিপিবদ্ধ করা গেলে পর ৬৪ ধারামত অনুমান তৎসম্বন্ধে খাটিবে না।

১১শ অধ্যায়।

হারের তালিকাবিষয়ক বিধি।

তালিকা প্রস্তুত করিবার আদেশ দিতে পারিবার কথা।

১২৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া কোন রাজস্ব কর্ম্মচারীকে এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত আমেসরদের সাহায্যে কোন স্থানের জন্য এইরূপ একটী তালিকা প্রস্তুত করিবার উপায় অবলম্বন করিতে আদেশ দিতে পারিবেন, যাহাতে উক্ত স্থানের অন্তর্গত প্রত্যেক শ্রেণীর ভূমির নিমিত্ত উপযুক্ত ও ন্যায্যমতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের দেয় খাজানার হার দেখান যাইবে।

তালিকায় যাহা লেখা থাকিবে তাহার কথা।

১২৪ ধারা। উক্ত তালিকায় এই এই কথা লেখা থাকিবে, যথা,

(ক) ভূমির প্রকৃতি, অবস্থান, জলসেচনের উপায় ও তদ্রূপ অন্যান্য বিষয় বিবেচনায় যে কএক শ্রেণীর ভূমির জন্য ভিন্ন ভিন্ন খাজানার হার ধার্য্য করা আবশ্যক হয় তাহা; এবং

(খ) ঐরূপ প্রত্যেক শ্রেণীর ভূমি যে দখলীস্বত্ব বিশিষ্ট রায়তেরা ভোগ করে, উপযুক্ত ও ন্যায্যমতে তাহাদের দেয় খাজানার হার।

যে বিধি অনুসারে খাজানার হার ধার্য্য করিতে হইবে তাহার কথা।

১২৫ ধারা। ১২৪ ধারামতে কোন শ্রেণীর ভূমির খাজানার হার ধার্য্য করিবার সময়ে নিম্নলিখিত বিষয়ের প্রতি দৃষ্টি রাখিতে হইবে,—

(ক) ঐ তালিকা প্রস্তুত করিবার সময়ে উক্ত শ্রেণীর ভূমির জন্য দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা সাধারণতঃ যে হারে খাজানা দিয়া থাকে, তৎপ্রতি;

(খ) যে সময়ে হার ধার্য্য হয় সেই সময়ে ঐ স্থানে যে চলিত বাজারে প্রধানতঃ খাদ্য শস্যের গড়ে যে মূল্য ছিল, অথবা উক্ত সময় কিম্বা সেই সময়ের গড় মূল্য জানা যাইতে না পারিলে, অন্য যে সময় তুলনার নিমিত্ত লওয়া ন্যায্য ও কার্য্যকর বোধ হয়, সেই সময়ে যে গড় মূল্য ছিল, তাহার প্রতি;

(গ) যে সময়ে তালিকা প্রস্তুত করা যায় সেই সময়ে ঐ স্থানে যে চলিত বাজারে প্রধানতঃ খাদ্য শস্যের গড়ে যে মূল্য থাকে তাহার প্রতি; এবং

(ঘ) নিম্নলিখিত বিধির প্রতি, অর্থাৎ, যদি প্রধানতঃ খাদ্য শস্যের গড় মূল্য বৃদ্ধিহেতুক কোন শ্রেণীর ভূমির খাজানার হার বৃদ্ধি করা যায়, তবে পূর্ব্ব গড় মূল্যের সহিত বর্দ্ধিত গড় মূল্যের যে অনুপাত থাকে, পুরাতন হারের সহিত নূতন হারের তদপেক্ষা উচ্চতর অনুপাত থাকিবে না, এই বিধির প্রতি।

কিন্তু কোন শ্রেণীর ভূমির নিমিত্ত ধার্য্য করা হার বর্ত্তমান হার অপেক্ষা টাকায় চারি আনার অধিক হইবে না।

তালিকার স্থানীয় প্রকাশকরণের কথা।

১২৬ ধারা। উক্ত রাজস্ব কর্ম্মচারী ঐ তালিকা প্রস্তুত করিলে, উহা যে স্থান সম্পর্কীয় হয়, সেই স্থানের প্রচলিত দেশীয় ভাষায় তিনি, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ান্তরে যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে উক্ত স্থানে ঐ তালিকা প্রকাশ করিবেন।

রাজস্ব কর্ম্মচারীর আপত্তি নিষ্পত্তি করিতে পারিবার কথা।

১২৭ ধারা। তালিকার কোন লেখাসম্বন্ধে কোন ব্যক্তির আপত্তি থাকিলে তিনি ঐরূপ প্রকাশ করিবার পর এক মাস মধ্যে উক্ত রাজস্ব কর্ম্মচারীর নিকট দরখাস্ত করিতে পারিবেন; এবং রাজস্ব কর্ম্মচারী আমেসরদের সাহায্যে ঐরূপ আপত্তি বিবেচনা করিয়া দেখিবেন এবং তালিকা পরিবর্ত্তন বা সংশোধন করিতে পারিবেন।

তালিকা উর্দ্ধতন রাজস্ব কর্ত্তৃপক্ষদের নিকট পাঠাইবার কথা।

১২৮ ধারা। উক্ত এক মাস কালের মধ্যে আপত্তি করা না গেলে অথবা আপত্তি করা গেলেও তাহার নিষ্পত্তি হইলে পর, রাজস্ব কর্ম্মচারী খণ্ডের কমিশনর সাহেবের দ্বারা রেবিনিউ বোর্ডে উক্ত তালিকা অনুমোদনের নিমিত্ত পাঠাইবেন, এবং তৎসঙ্গে আপনার কার্য্যবিবরণ, প্রত্যেক বিষয়ে তিনি যে নিষ্পত্তি করেন তাহার হেতু লিখিয়া রিপোর্ট ও যে আপত্তির দরখাস্ত পাওয়া গিয়া থাকে তাহাও পাঠাইবেন।

১২৯ ধারা। রেবিনিউ বোর্ড যে প্রকারে উচিত বোধ করেন, পূর্ব্ব ধারামতে প্রেরিত তালিকা সেই প্রকারে সংশোধন করিতে পারিবেন এবং তৎসঙ্গে যে কোন আপত্তি

তাহা হইলে রেবিনিউ বোর্ডের কার্য্যপ্রণালীর কথা।

পাঠান যায় বা পরে যে কোন আপত্তি করা যায়, তাহা সম্পূর্ণরূপে বা অংশতঃ গ্রাহ্য করিতে পারিবেন, অথবা অতিরিক্ত অনুসন্ধানের নিমিত্ত মোকদ্দমা ফিরাইয়া দিতে পারিবেন।

১৩০ ধারা। বোর্ড যে প্রকারে তালিকা অনুমোদন করিবেন, তাহা স্থানীয় গবর্ণমেণ্টে প্রেরিত হইবে। উক্ত গবর্ণমেণ্ট যে কোন লিখিত আপত্তি গ্রাহ্য করেন, তাহা বিবেচনা করিয়া

চূড়ান্ত অনুমোদনের পর তালিকা প্রকাশ করিবার কথা।

দেখিলে পর, যে কোন রূপে উচিত বোধ করেন, তাহা সংশোধন করিতে পারিবেন, এবং উচিত বোধ করিলে এইরূপ আদেশ দিতে পারিবেন, যে উক্ত তালিকা বা সংশোধিত তালিকার যে স্থানে বর্ত্তিবে সেই স্থানের বিবরণ সহিত রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

১৩১ ধারা। কোন স্থান সম্বন্ধীয় তালিকা পূর্ব্ব ধারামতে যে তারিখে এবং যে প্রকারে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রবল হইবে, এবং প্রকাশ করিবার সময়ে স্থানীয়

তালিকা যত কাল চলিত থাকিবে তাহার কথা।

গবর্ণমেণ্ট গেজের বিজ্ঞাপন দ্বারা বা তদ্রূপ অন্য রূপে বিংশ বৎসরের অনধিক যত কাল প্রবল থাকিবার আদেশ করেন, তত কাল প্রবল থাকিবে।

১৩২ ধারা। ১৩০ ধারামতে তালিকা প্রকাশ করা গেলে তাহা ঐ আইনমতে তালিকা বিষয়ে চূড়ান্ত হইবার কথা।

করের নিমিত্ত নিরূপিত হইবার চূড়ান্ত নিষ্পত্তির সিদ্ধান্ত প্রমাণস্বরূপ হইবে; অর্থাৎ,

(ক) তালিকা প্রস্তুত করিবার কার্য্য এই আইন অনুসারে যথানিয়মে করা হইয়াছে; এবং

(খ) এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, প্রত্যেক শ্রেণীর ভূমির নিমিত্ত তালিকায় যে হার চূড়ান্ত হয় তাহা উক্ত তালিকা যে স্থানে বর্ত্তে, সেই স্থানের অন্তর্গত ঐ শ্রেণীর ভূমির জন্য দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের দেয় উপযুক্ত ও ন্যায্য হার।

১৩৩ ধারা। কোন স্থানের নিমিত্ত হারের তালিকা-মাত্র প্রস্তুত করিতে নিযুক্ত সমুদয় কর্ম্মচারীদের বেতন এবং যে সকল কর্ম্মচারী আপনা সরকারী কর্ম্মাতিরিক্ত উহা প্রস্তুত করিতে নিযুক্ত থাকেন তাঁহাদের বেতন নয় যেরূপ

তালিকা প্রস্তুত করিতে যে খরচ পড়ে তাহা যে রূপে দিতে হইবে তাহার কথা।

অংশ স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে নিরূপণ করেন সেইরূপ অংশ সমেত এ তালিকা প্রস্তুত করিতে গবর্ণমেণ্টের যে খরচ পড়ে, তাহা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে যেরূপ হারবারীমতে স্থির করিয়া দেন, সেইরূপ হারবারীমতে উক্ত স্থানের দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা ও ভূম্যধিকারীরা দিবেন; এবং কোন ব্যক্তির উক্ত খরচের হারবারীমত যে অংশ দিতে হইবে, তাহা তাঁহার দেনা বাকী ভূমির রাজস্বের ন্যায় তাঁহার স্থানে আদায় করা যাইতে পারিবে।

১৩৪ ধারা। পূর্ব্ব কএক ধারামতে কোন স্থানে কোন তালিকা প্রবল থাকিলে, উক্ত স্থানের অন্তর্গত যে যোত কোন দখলী স্বত্ববিশিষ্ট রায়ত মুজারূপ খাজানা দিয়া ভোগ করে,

যেখানে তালিকা প্রবল থাকে সেখানে খাজানা বৃদ্ধির মোকদ্দমার কথা।

সেই যোতের ভূম্যধিকারী তৎকালে দেয় খাজানা এই বলিয়া বৃদ্ধি করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, যে তালিকার নির্দ্দিষ্ট হারে যে খাজানা দেয় হয় তাহা তদপেক্ষা কম। তাহা হইলে আদালত তালিকার নির্দ্দিষ্ট হারানুসারে খাজানা বৃদ্ধি করিবেন। কিন্তু

তবে।—রায়ত কিম্বা তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারী ভূমি ভোগ করিতে আরম্ভ করিবার পরে ভূমিতে বা ভূমিসম্বন্ধে যে পরিবর্ত্তন সঙ্ঘটিত হইয়াছে, তন্নিমিত্ত যদি যোতের অন্তর্গত কোন ভূমির খাজানা এই ধারামতে উচ্চতর হারে ধার্য্য করিতে হয়, এবং উক্ত পরিবর্ত্তন না ঘটিলে যদি তাহা এই ধারামতে নিম্নতর হারে ধার্য্য করা যাইত, তবে নিম্নলিখিত বিধি খাটিবে, যথা,—

(ক) যদি কেবল রায়তের বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারীর পরিশ্রমে বা খরচে ঐ পরিবর্ত্তন ঘটিয়া থাকে, তবে আদালত নিম্নতর হারে ঐ ভূমির খাজানা ধার্য্য করিবেন;

(খ) যদি অংশতঃ ভূম্যধিকারীর কিম্বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারীর পরিশ্রমে বা খরচে, এবং অংশতঃ রায়তের কিম্বা তদীয় স্বার্থগত পূর্ব্বাধিকারীর পরিশ্রমে বা খরচে ঐ পরিবর্ত্তন ঘটিয়া থাকে, তবে ঐ মোকদ্দমার সমুদয় তাৎকালিক বিবেচনার যাহা আবশ্যক ও ন্যায্য বিবেচনা করেন, উচ্চতর হার ও নিম্নতর হারের মধ্যবর্ত্তী এরূপ হারে উক্ত ভূমির খাজানা ধার্য্য করিবেন; এবং

(গ) ভূম্যধিকারীর বা রায়তের কিম্বা তাঁহাদের স্বার্থগত পূর্ব্বাধিকারীর পরিশ্রমে বা খরচে উক্তরূপ পরিবর্ত্তন ঘটিয়াছে, ইহা প্রমাণ না হয়, তবে আদালত উচ্চতর ও নিম্নতর হারের অন্তরের অঙ্কের সহিত নিম্নতর হার যোগ করিয়া সেই হারে উক্ত ভূমির খাজানা ধার্য্য করিবেন।

তয়।—এই ধারামতে যে হার খাটে, চুক্তি বা দেশাচারক্রমে কিম্বা কোন ন্যায্য কারণে রায়ত তদপেক্ষা নিম্নতর হারে ভোগ করিবার অধিকারী ইহা প্রমাণ করিলে, আদালত নিম্নতর হারে খাজানা ধার্য্য করিবেন।

৩য়।—এই ধারামতে খাজানা বৃদ্ধির যে সকল ডিক্রী হয়, তৎপ্রতি ৪৯ ধারা বাতিবে। এবং খাজানা প্রচলিত হার অপেক্ষা কম এই হেতু কিম্বা মূল্যবৃদ্ধি হেতু ধরিয়া এ অধ্যায়মতে খাজানাবৃদ্ধির মোকদ্দমা হইলে যেরূপ হইত, সেইরূপ এই ধারামতে সমুদয় খাজানাবৃদ্ধির মোকদ্দমার প্রতি ৫০ ধারা বর্ত্তিবে।

উদাহরণ।

(ক) কোন২ প্রকারের ভূমির জন্য তালিকায় এইরূপ হার লিখিত আছে।—

কূপ হইতে ভূমিতে জলসেচন করা যেলে ... একর প্রতি ৪ টাকা।
ঐরূপে জলসেচন করা যা যেলে ... একর প্রতি ২ টাকা।

প্রথমীয়ত্ববিশিষ্ট রায়ত আবদ্ধ, বলরাম, চন্দ্র ও দীঘ যাদের ষোত, ঐপ্রকারের ভূমি। ঐ২ ষোতের অন্তর্গত কূপ হইতে তাহাতে জলসেচন হয়।

আবদ্ধের ষোতের কূপ পুরাতন, প্রজাস্বত্বসৃষ্টির পূর্ব্ব হইতে আছে। বলরামের ষোতের কূপ প্রজাস্বসৃষ্টি হইবারপর ভূস্বামিকারী প্রস্তুত করাইয়াছেন। চন্দ্রের ষোতের কূপ রায়ত প্রস্তুত করাইয়াছেন। দীঘযাদের ষোতের কূপ ভূস্বামিকারী ও রায়ত প্রত্যেকপরিশ্রম ও মালমশলার কিয়দংশ দিয়া প্রস্তুত করাইয়াছেন। আবদ্ধ ও বলরামের ষোতের খাজানা একর প্রতি ৪৭ টাকা হারে, চন্দ্রের ষোতের খাজানা একর প্রতি২৭ টাকা হারে, এবং দীঘযাদের ষোতের খাজানা ২৭ টাকা ও ৪৭ টাকা এই উভয়ের যথাবর্ত্তী যে হারে আদালত উপযুক্ত ও ন্যায্য বিবেচনা করেন, সেই হারে ধার্য্য করিতে হইবে

(খ) কোন এক প্রকারের ভূমির নিম্নে তাদিবাহে যার লিখিত আছে, তাহা নিম্নলিখিতরূপ ;—

কোন জমীর খাজা হইতে উক্ত ভূমিতে

জল সেচন করা গেলে ...একর প্রতি ৪৭ টাকা

ঐরূপে জল সেচন করা না গেলে ... একর প্রতি ২৭ টাকা

প্রথমীয়ত্ববিশিষ্ট রায়ত ঈশান ও যাদবের ষোতের ভূমি উক্ত প্রকারের, এবং তাহাতে চল্লিশ বৎসর পূর্ব্বে ঐ রূপ জল সেচন করা যাইত না, কিন্তু ঐ সময়ে নিকটস্থ একটী জমীর গতি পরিবর্ত্তন হওয়াতে ঐ ষোতের পার্শ্বে দুরুস্ত একটী নদীশ খাত হয়। ঈশান পঞ্চাশ বৎসর আসিয়ার ষোত দখল করিতেছেন, যাদব ত্রিশ বৎসর যাত্র, ঈশানের ষোতের খাজানা ২৭ টাকা হারে এবং যাদবের ষোতের খাজানা ৪৭ টাকা হারে ধার্য্য করিতে হইবে।

১২শ অধ্যায়।

ভূস্বামীর নিজ জমী লিপিবদ্ধ করিবার বিধি।

ভূস্বামীর নিজ জমী তরীপ ও লিপিবদ্ধ করিবার আজ্ঞা দিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

১৩৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ এইরূপ আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন যে, কোন নির্দ্দিষ্ট স্থানে ৩০ ধারার মর্ম্মানুযায়ী ভূস্বামীর নিজ জমী বলিয়া যে সকল জমী থাকে, কোন রাজস্ব কর্ম্মচারী তাহা তরীপ করিয়া লিপিবদ্ধ করেন।

ভূস্বামী বা প্রজার প্রার্থনামতে নিজ জমীর কথা লিপিবদ্ধ করিতে রাজস্ব কর্ম্মচারীর ক্ষমতার কথা।

১৩৬ ধারা। ভূস্বামীর নিজ জমী বলিয়া কোন জমী কথিত হইলে, উক্ত জমীর ভূস্বামীর বা কোন প্রজার প্রার্থনামতে ও খরচের মত টাকা পাওয়া যায়, তিনি সেই টাকা আদালতে জমা করিলে, কোন রাজস্ব কর্ম্মচারী এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে বিধি প্রণয়ন করেন, সেই বিধি মানিয়া ও তদনুসারে উক্ত জমী ভূস্বামীর নিজ জমী কি না, ইহা নির্ণয় করিয়া লিপিবদ্ধ করিতে পারিবেন।

নিজ জমী লিপিবদ্ধ করিবার কার্য্যপ্রণালীর কথা।

১৩৭ ধারা। কোন রাজস্ব কর্ম্মচারী পূর্ব্ব দুই ধারার কোন ধারামতে কার্য্যানুষ্ঠান করিলে, ১১৩, ১১৪, ১১৫ ও ১১৬ ধারার বিধান বর্ত্তিবে।

ভূস্বামীর নিজ জমী নির্ণয় করিবার বিধি।

১৩৮ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী নিম্নলিখিত জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করিবেন।—

(ক) যে জমী খামার, জেরাত, সের, নিজ, নিজ ষোত বা নামান্ত বলিয়া ভূস্বামী নিজে আপন সরঞ্জাম দ্বারা বা আপন চাকর দ্বারা বা বেতনভোগী মজুর দ্বারা এই আইন বিধিবদ্ধ হইবার অব্যবহিত পূর্ব্বে ক্রমাগত বার বৎসর চাষ করিয়াছেন বলিয়া প্রমাণ হয়, সেই জমী, এবং

(খ) যে আবাদী জমী প্রথাচারক্রমে ভূস্বামীর খামার, জেরাত, সের, নিজ, নিজ ষোত বা কামাত জমী বলিয়া স্বীকৃত হয়, সেই জমী।

(২) অন্য কোন জমী ভূস্বামীর নিজজমী বলিয়া লিপিবদ্ধ করা উচিত কি না, তাহা নিরূপণ করিতে হইলে, উক্ত কর্ম্মচারী দেশাচারের প্রতি এবং ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ৩ তারিখের পূর্ব্বে ভূস্বামীর নিজ জমী বলিয়া বিশেষ করিয়া ঐ জমী জমা দেওয়া হইয়াছিল কি না এই কথার প্রতি দৃষ্টি রাখিবেন, কিন্তু যাবৎ বিপরীত প্রমাণ না যায়, তাবৎ উক্ত জমী ভূস্বামীর নিজ জমী নহে, এইরূপ অনুমান করিবেন।

(৩) জমী ভূস্বামীর নিজ জমী কিনা, এবিষয়ে দেওয়ানী আদালতে কোন প্রশ্ন উত্থিত হইলে, রাজস্ব কর্ম্মচারীর কার্য্যপদ্ধতি প্রদর্শনার্থ এই ধারার যে বিধি নির্দ্দিষ্ট হইল, উক্ত আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন

১৩শ অধ্যায়।

ষোত করিবার বিধি।

যে স্থলে ষোতের দরখাস্ত করা যাইতে পারিবে তাহার কথা

১৩৯ ধারা। কোন রায়তের বা কোর্ফা রায়তের ভূস্বামিকারীর বাকী খাজানা পাওনা হইলে, ও এক বৎসরে অধিক কাল পাওনা হইয়া না থাকিলে, এবং তজ্জন্য ভূস্বামিকারী কোন জমা মনসা না করিয়া থাকিলে, উক্ত ভূস্বামিকারী আদালতে অন্য যে প্রতিকার পাইতে পারেন, তদতিরিক্ত দেওয়ানী আদালতে দরখাস্ত দাখিল করিয়া এই প্রার্থনা করিতে পারিবেন, যে উক্ত আদালত ঐ কৃষকের দখলে যাহা আছে,

(ক) এরূপ যে কোন শস্য বা ভূমির অন্য উৎপন্ন ঐ ষোতে কাটা বা তোলা না হইয়া থাকে, ও

(খ) এরূপ যে কোন শস্য বা ভূমির অন্য উৎপন্ন উক্ত ষোতে জন্মিয়াছে, এবং কাটা বা তোলা গিয়া ঐ ষোতে বা শস্য রাখিবার স্থানে, কিম্বা (ক্ষেত্রই হউক বা বাটীতেই হউক) শস্যমাড়াই প্রভৃতি করিবার স্থানে রাখা হইয়াছে,

তাহা ক্রোক করিয়া উক্ত বাকী খাজানা আদায় করেন।

কিন্তু

(১) ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনমত অর্থকরণানুযায়ী ভূস্বামিকারীর বা কার্য্যাধ্যক্ষের কিম্বা তদীয় বন্ধকগ্রহীতার নাম ও যে

ভূমি সম্বন্ধে বাকী খাজানা পাওনা হয় সেই ভূমিতে তাঁহার স্বার্থের পরিমাণ যদি উক্ত আইনের বিধান-মতে রেজিস্টরী করা না হইয়া থাকে, তবে তৎকর্ত্তৃক, কিম্বা

(২) পূর্ব্ব কুসি বৎসরে যোতের নিমিত্ত দেয় খাজানার অতিরিক্ত যে কোন টাকা লিখিত চুক্তিমতে কিম্বা এই আইনমত বা এতদ্দ্বারা বৃদ্ধিত করা কোন আইনমত কার্য্যানুষ্ঠান-ক্রমে দিতে না হয়, সেই টাকা আদায়ের নিমিত্ত; কিম্বা

(৩) যোতের যে কোন অংশ প্রজা ভূমাধিকারীর লিখিত সম্মতি লইয়া পেটাও দিয়া রাখিয়াছে, সেই অংশের উৎপন্ন সম্বন্ধে,

এই ধারামতে দরখাস্ত করা যাইবে না।

যে পাতে দরখাস্ত লিখিতে হইবে তাহার কথা।

১৪৩ ধারা। (১) পূর্ব্ব ধারামতে প্রত্যেক দরখাস্তে এই এই বিশেষ কথা লিখিত থাকিবে,—

(ক) যে যোত সম্বন্ধে বাকী খাজানার দাওয়া হয় তাহা এবং তাহার সীমা এরূপ ভাবে, যাহাতে চেনা যায় এরূপ অন্যান্য বৃত্তান্ত;

(খ) প্রজার নাম;

(গ) যে কালের বাকী খাজানার দাওয়া হয়, তাহা;

(ঘ) সেই বাকী খাজানা এবং তাহার উপর সুদের দাওয়া থাকিলে, সেই সুদ, এবং পূর্ব্ব কুসি বৎসরে প্রজার দেয় খাজানা অপেক্ষা অধিক টাকার দাওয়া করা গেলে, যে চুক্তি বা অন্য বিশেষে, আনুষ্ঠানিক কার্য্যক্রমে ঐ টাকা দেয় হয়, তাহা;

(ঙ) যে উৎপন্ন ক্রোক করিতে হইবে, তাহার ভাব ও আনুমানিক মূল্য;

(চ) যে স্থানে উহা পাওয়া যাইবে, তাহা কিম্বা উহা চিনিবার নিমিত্ত অন্য যে বৃত্তান্ত প্রচুর হয়, তাহা; এবং

(ছ) উহা জমীতে থাকিলে বা সংগ্রহ করা না গিয়া থাকিলে, যে সময়ে উহা কাটা বা সংগৃহীত হইবার সম্ভাবনা, সেই সময়।

(২) দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনে আবেদনপত্রে যেরূপে স্বাক্ষর করিতে ও সত্যপাঠ লিখিতে হয়, পূর্ব্বোক্তরূপ প্রত্যেক দরখাস্তে সেই রূপে স্বাক্ষর করিতে ও সত্যপাঠ লিখিতে হইবে; এবং ঐরূপ সত্যপাঠযুক্ত দরখাস্তে যদি এরূপ কোন কথা থাকে, যাহা সত্যপাঠকারী ব্যক্তি মিথ্যা বলিয়া জানেন বা বিশ্বাস করেন, কিম্বা যাহা সত্য বলিয়া জানেন না বা বিশ্বাস করেন না, তবে মিথ্যা সাক্ষ্য দিবার বা প্রস্তুত করিবার দণ্ডবিষয়ক যৎকালে যে আইন প্রচলিত থাকে, সেই আইনের বিধানানুসারে ঐ ব্যক্তির দণ্ড হইতে পারিবে।

দরখাস্ত পাইলে কার্য্য প্রণালীর কথা।

১৪১ ধারা। (১) দরখাস্তকারী পূর্ব্ব ধারা-মতে দরখাস্ত দাখিল করিবার সময়ে দরখাস্তের কার্য্য পক্ষে সাক্ষ্যস্বরূপ কোন দলীল আবশ্যক বিবেচনা করিলে, তাহা উক্ত আদালতে দাখিল করিতে পারিবেন।

(২) আদালত উচিত বোধ করিলে দরখাস্তকারীকে পরীক্ষা করিতে পারিবেন, ও যত দূর সাধ্য সংক্ষিপ্ত করিয়া দরখাস্ত গ্রাহ্য বা অগ্রাহ্য করিবেন, কিম্বা তাহার প্রতিপোষণার্থ অধিকের সাক্ষ্য দিবার নিমিত্ত দরখাস্তকারীর প্রতি অনুমতি দিতে পারিবেন।

(৩) আদালত (২) প্রকরণমতে দরখাস্ত অগ্রাহ্য বা অগ্রাহ্য করিতে না পারিলে, যদি উচিত বোধ করেন, দরখাস্তের লিখিত শস্য ক্রোক করিবার আজ্ঞা জারী হইবার কিম্বা দরখাস্ত অগ্রাহ্য হইবার অপেক্ষায় ঐ শস্য স্থানান্তর করিতে নিষেধ করিয়া আজ্ঞা করিতে পারিবেন।

ক্রোক করিবার আজ্ঞা জারী হইবার কথা।

১৪২ ধারা। (১) পূর্ব্ব ধারামতে দরখাস্ত গ্রাহ্য করা গেলে, আদালত কল্পিত উৎপন্ন শস্যাদি অথবা ঐ শস্যাদির যে অংশ উচিত বোধ করেন, সেই অংশ ক্রোক করিবার নিমিত্ত একজন কর্ম্মচারী প্রেরণ করিবেন; এবং ঐ উৎপন্ন শস্যাদি যেখানে থাকে, উক্ত কর্ম্মচারী সেইখানে গিয়া আপনি ঐ শস্যাদি লইবে, কিম্বা আপনার পক্ষে তাহা অন্য কোন ব্যক্তির জিম্মা রাখিবে; এবং তাহা ক্রোক করণের যে ব্যয় করুন, তদনুসারে ক্রোকের বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ঐ উৎপন্ন শস্যাদি ক্রোক করিবেন।

কিন্তু যে উৎপন্ন শস্যাদির ভাব বিবেচনায় তাহা সংরক্ষিত রাখা যায় না, সেই শস্যাদি কাটা বা সংগ্রহ করিবার যোগ্য হইবার পূর্ব্বে বিশ দিনের ন্যূন কোন সময়ে এই ধারামতে তাহা ক্রোক করা যাইবে না।

দাবীপত্র ও হিসাব দাখিল করিবার কথা।

১৪৩ ধারা। (১) ক্রোককারী কর্ম্মচারী ক্রোক করিবার সময়ে পাওনা বাকী খাজানার ও ক্রোক করিবার খরচের দাবীপত্র লিখিয়া বাকীদারের উপর জারী করিবেন এবং যে হেতুতে ক্রোক করা যায়, তাহা দর্শাইয়া ঐ পত্রে এক হিসাব দিবেন।

(২) যে স্থলে ক্রোককারী কর্ম্মচারী এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন, যে বাকীদার ছাড়া অন্য কোন ব্যক্তি ক্রোকভুক্ত সম্পত্তির মালিক, সেই স্থলে তিনি উক্ত ব্যক্তির উপরও দাবীপত্রের ও হিসাবের নকল জারী করিবেন।

(৩) দাবীপত্র ও হিসাব সাধ্য হইলে যে ব্যক্তির উপর জারী করিতে হইবে, নিজ তাঁহাকেই দেওয়া যাইবে; কিন্তু যে ব্যক্তির উপর জারী করিতে হইবে সেই ব্যক্তি পলাইলে বা গোপনে থাকিলে, কিম্বা অন্য কারণে তাঁহাকে পাওয়া যাইতে না পারিলে, তিনি সচরাচর যে বাটীতে বাস করেন সেই বাটীর কোন ব্যক্তির উক্ত কর্ম্মচারী উক্ত দাবীপত্রের ও হিসাবের নকল লাগাইয়া দিবেন।

শস্যাদি কর্ত্তন প্রভৃতি করিবার স্বত্বের কথা।

১৪৪ ধারা। (১) এই ধারামতে ক্রোক হইলে, তাহাতে কাল শস্যাদি কাটিতে বা তুলিতে বা গোলাজাত করিতে কিম্বা তাহা উপযুক্তরূপে রক্ষা করণার্থ অন্য যে কোন কার্য্য করা আবশ্যক হয়, তাহা করিতে কোন ব্যক্তির বাধা হইবে না।

(২) যে ব্যক্তির পূর্ব্বোক্ত শস্য করিবার স্বত্ব থাকে যথাকালে সেই ব্যক্তির ক্রটি হইলে, ক্রোককারী কর্ম্মচারী ক্রোকভুক্ত ক্ষেত্রস্থ কাল বা অপক্কাবস্থায় শস্যাদি কাটাইবেন বা সংগ্রহ করাইবেন, এবং গোলা প্রভৃতি যে স্থান তদর্থে সচরাচর ব্যবহৃত হয়, তথায় কিম্বা নিকটস্থ অন্য কোন সুবিধাজনক স্থানে এ ফসল প্রভৃতি সঞ্চয় করিয়া রাখিবেন, কিম্বা তাহা উপযুক্তমতে রক্ষা করিবার নিমিত্ত অন্য যাহা কিছু আবশ্যক হয় তাহা করিবেন।

(৩) উভয় স্থলেই ক্রোকভুক্ত সম্পত্তি ক্রোককারী কর্ম্মচারীর জিম্মায় কিম্বা তিনি এতদর্থে অন্য যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন, সেই ব্যক্তির জিম্মায় থাকিবে।

দাবী শোধ করা না গেলে নীলামের ঘোষণা-পত্র প্রচার করিবার কথা।

১৪৫ ধারা। (১) ক্রোক করিবার সমুদয় খরচা সমেত দাবীর টাকা অবিলম্বে শোধ করা না গেলে, সম্পত্তি ক্রোককারী কর্ম্মচারী ঘোষণা-পত্র প্রচার করিবেন। তাহাতে ক্রোকভুক্ত সম্পত্তির বিবরণ এবং যে দাবীর জন্য তাহা ক্রোক করা হয়, তাহা লেখা যাইবে, এবং এ সম্বন্ধে দেওয়া যাইবে যে উনি ক্রোক করিবার পর তিন দিনের কম না হয় কিম্বা সাত দিনের অধিক না হয়, এরূপ কোন নির্দ্দিষ্ট দিনে কোন স্থানে ক্রোকভুক্ত সম্পত্তি প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রয় করিবেন।

কিন্তু ক্রোকভুক্ত শস্যের বা দ্রব্যের তাব বিবেচনায় তাহা সঞ্চিত করিয়া রাখা যাইতে পারিলে কিন্তু সঞ্চিত না হইয়া থাকিলে, নীলামের দিন এরূপ ধার্য্য করিতে হইবে যাহাতে ঐ দিনের পূর্ব্বে ঐ শস্যাদি সঞ্চিত করণার্থ প্রস্তুত করিয়া রাখা যায়।

(২) যে ভূমির বাকী খাজানার দাওয়া হয়, সেই ভূমি যে গ্রামে থাকে, সেই গ্রামের কোন সুপ্রকাশ স্থানে এ ঘোষণাপত্র লাগাইয়া দেওয়া হইবে।

নীলাম হইবার স্থানের কথা।

১৪৬ ধারা। ক্রোক করা দ্রব্য যেখানে থাকে সেই স্থানে নীলাম করা যাইবে, কিম্বা যদি ক্রোককারী কর্ম্মচারীর এরূপ মত হয় যে নিকটস্থ সাধারণের গমনাগমনের স্থানে নীলাম হইলে, অধিকতর মূল্য পাইবার সম্ভাবনা, তবে সেই স্থানে নীলাম হইবে।

ক্ষেত্রস্থ শস্যাদি বিক্রয় করিতে পারিবার কথা।

১৪৭ ধারা। (১) যে সকল ফসলের বা উৎপন্ন দ্রব্যের তাব বিবেচনায় তাহা সঞ্চিত করিয়া রাখা যাইতে পারে, তাহা কাটিয়া বা তুলিয়া সঞ্চিত করণার্থ প্রস্তুত করিবার পূর্ব্বে বিক্রয় করা যাইবে না।

(২) যে সকল ফসলের বা উৎপন্ন দ্রব্যের তাব বিবেচনায় তাহা সঞ্চিত করিয়া রাখিতে পারা যায় না, সেই সকল ফসল প্রভৃতি কাটিবার বা তুলিবার পূর্ব্বে বিক্রয় করা যাইতে পারিবে; এবং ক্রেতা নিজে কিম্বা এতদর্থে তাঁহার নিযুক্ত কোন ব্যক্তির দ্বারা উক্ত ভূমিতে প্রবেশ করিয়া ঐ ফসল প্রভৃতির রক্ষা করিতে ও তাহা কাটিতে বা তুলিতে গেলে, যাহা কিছু আবশ্যক হয়, তাহা করিতে স্বত্ববান হইবেন।

যে প্রকারে বিক্রয় করিতে হইবে তাহার কথা।

১৪৮ ধারা। নীলামকারক কর্ম্মচারী যাহা পরামর্শসিদ্ধ জ্ঞান করেন, তদ্রূপ এক বা অধিক লটে উক্ত সম্পত্তি প্রকাশ্য নীলামে বিক্রয় করা যাইবে; এবং ক্রোক ও নীলাম করিবার খরচা সমেত দাবীর টাকা উক্ত সম্পত্তির কোন অংশ বিক্রয় দ্বারা শোধ করা গেলে, তৎক্ষণাৎ অবশিষ্টাংশ সম্বন্ধে ক্রোক উঠাইয়া লওয়া যাইবে।

বিক্রয় স্থগিত রাখিবার কথা।

১৪৯ ধারা। উক্ত সম্পত্তি নীলামে চড়ান গেলে, যদি নীলামকারক কর্ম্মচারী বিবেচনায় তাহার ন্যায্য মূল্য ডাকা না হয়, এবং ঐ সম্পত্তির মালিক অথবা তাহার পক্ষে কার্য্য করিতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি পরদিন পর্য্যন্ত কিম্বা নীলামের স্থানে হাজির হইয়া থাকিলে, পরবর্ত্তী হাটের দিন পর্য্যন্ত নীলাম স্থগিত রাখিবার প্রার্থনা করেন, তবে উক্ত দিন পর্য্যন্ত নীলাম বন্ধ থাকিবে, এবং সেই দিন উক্ত সম্পত্তির নিমিত্ত যে কোন মূল্য ডাক হইয়াছে কেন বিক্রয় কার্য্য সম্পূর্ণ করা যাইবে।

ক্রয়ের টাকা দিবার কথা।

১৫০ ধারা। প্রত্যেক লটের মূল নীলামের সময়ে, কিম্বা নীলামকারক কর্ম্মচারী উৎপরে যত শীঘ্র দিবার আদেশ করেন, দেওয়া যাইবে; এবং এরূপে টাকা দেওয়া না গেলে, উক্ত সম্পত্তি পুনর্ব্বার নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে।

ক্রেতাকে যে সার্টিফিকেট দেওয়া যাইবে তাহার কথা।

১৫১ ধারা। সমস্ত ক্রয়ের টাকা দেওয়া গেলে, নীলামকারক কর্ম্মচারী ক্রেতাকে এক সার্টিফিকেট দিবেন। ক্রেতা যে সম্পত্তি ক্রয় করিলেন, এবং যে মূল্য দিলেন, এ সার্টিফিকেটে তাহা লেখা থাকিবে।

নীলামের উৎপন্ন টাকা যেরূপে প্রয়োগ করিতে হইবে তাহার কথা।

১৫২ ধারা। (১) এই অধ্যায়মতে ক্রোক করা সম্পত্তির প্রত্যেক নীলামে যে টাকা উৎপন্ন হয়, তাহা হইতে নীলামকারক কর্ম্মচারী ক্রোকের ও নীলামের খরচ দিবেন। এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে রীতি প্রণয়ন করিবেন, সেই বিধির নির্দ্দিষ্ট খরচের হারানুসারে উক্ত খরচ ধরা যাইবে।

(২) যে বাকী খাজানার জন্যে ক্রোক হয়, নীলামের দিন পর্য্যন্ত তাহার সুদ সমেত সেই বাকী খাজানা শোধ করিতে অবশিষ্ট টাকা প্রয়োগ করা যাইবে; এবং কিছু উদ্বৃত্ত থাকিলে যে ব্যক্তির সম্পত্তি নীলাম হয় সেই ব্যক্তিকে দেওয়া যাইবে।

১৫৩ ধারা। এই আইনমতে সম্পত্তি নীলামকা

কোর্ট কর্ম্মচারীদের ক্রয় করিতে না পারিবার কথা।

কর্ম্মচারীদিগকে এবং তাঁহাদের নিযুক্ত বা অধীন সকল ব্যক্তিকে নিষেধ করা যাইতেছে, যে তাঁহারা উক্ত কর্ম্মচারীদের নীলাম করা কোন সম্পত্তি নিজে বা অন্যের দ্বারা ক্রয় করিবেন না।

১৫৪ ধারা। (১) এই অধ্যায়মত ক্রোক করিবার পরে এবং ক্রোক করা সম্পত্তির নীলাম হইবার পূর্ব্বে কোন সময়ে যদি বাকীদার কিম্বা ক্রোক করা সম্পত্তির মালিক বাকীদার না হইলে তিনি, যে আদালত ক্রোকের

নীলামের পূর্ব্বে দাবীর টাকা দেওয়া গেলে কার্য্য-প্রণালীর কথা।

আজ্ঞা দেন, সেই আদালতে কিম্বা ক্রোককারী কর্ম্মচারীর হস্তে ১৪৩ ধারামতে জারী করা দাবীপত্রের নির্দ্দিষ্ট টাকা ও উক্ত দাবীপত্র জারী করা গেলে পর যে সকল খরচা পড়িয়া থাকে, তাহা আদালত করেন, তবে উক্ত আদালত কিম্বা স্থল বিশেষে উক্ত কর্ম্মচারী তাহার রসীদ দিবেন, এবং ঐ ক্রোক তৎক্ষণাৎ উঠাইয়া লওয়া যাইবে।

(২) ক্রোককারী কর্ম্মচারী ঐরূপ আমানত পাইলে, উহা তৎক্ষণাৎ উক্ত আদালতে দিবেন।

(৩) যিনি বাকীদার নহেন, ক্রোক করা সম্পত্তির এরূপ মালিককে এই ধারামতে রসীদ দেওয়া গেলে, যে বাকী খাজানার নিমিত্ত ক্রোক করা যায়, সেই বাকী খাজানার জন্য পরবর্ত্তী কোন দাওয়া হইতে তিনি সম্পূর্ণরূপে নিষ্কৃতি পাইবেন।

(৪) ক্রোক করা সম্পত্তির মালিক ক্রোকের বৈধতার প্রতিবাদ করিয়া ক্ষতিপূরণ পাইবার দাওয়া করিয়া দরখাস্তকারীর বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিয়া না থাকিলে, এই ধারামতে আমানত করিবার তারিখ অবধি এক মাস গত হইলে পর আদালত ক্রোকের দরখাস্তকারীকে আমানতী টাকা হইতে তাঁহার পাওনা টাকা দিবেন।

(৫) কোন অধস্তন প্রজা এই ধারামতে টাকা আমানত করিলে, ভূম্যধিকারী তাহা লইয়াছেন বলিয়া কেবল এই কারণে তিনি তাঁহার প্রজার যোত বা তাহার কোন অংশ পেটাও বিলি করিতে সম্মতি দিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে না।

১৫৫ ধারা। (১) উর্দ্ধতন প্রজার ত্রুটি হেতুক যে কোন অধস্তন প্রজার সম্পত্তি এই অধ্যায়মতে বৈধভাবে ক্রোক করা যায়, তিনি পূর্ব্ব ধারামতে কোন টাকা দিলে, তাঁহার নিজ ভূম্যধিকারীকে যে খাজানা দিতে হয়, সেই খাজানা হইতে উক্ত টাকা কাটিয়া লইতে পারিবেন, এবং সেই ভূম্যধিকারী বাকীদার না হইলে, তিনি তাঁহার নিজ ভূম্যধিকারীকে দেয় খাজানা হইতে ঐরূপে উক্ত টাকা কাটিয়া লইতে পারিবেন; এবং যাবৎ বাকীদার পর্য্যন্ত না পঁহুছে তাবৎ এইরূপ চলিবে।

পেটাও প্রজা আপন পাটাদাতার জন্য যে টাকা দেয়, তাহা খাজানা হইতে কাটিয়া লইতে পারিবার কথা।

(২) কোন অধস্তন প্রজা পূর্ব্ব ধারামতে কোন টাকা দিলে, এই ধারামতে উক্ত টাকার যে কোন অংশ কাটিয়া লয় নাই, বাকীদারের স্থানে তাহা আদায় করণার্থ তাঁহার যে মোকদ্দমা করিবার স্বত্ব আছে, এই ধারার কোন কথাক্রমে সেই স্বত্বের বিঘ্ন হইবে না।

১৫৬ ধারা। ভূমি পেটাও বিলি করা গেলে, যদি

উর্দ্ধতন ও অধস্তন ভূম্যধিকারীর স্বত্বের মধ্যে বিরোধের কথা।

একই সম্পত্তিক্রোককারী উর্দ্ধতন ও অধস্তন ভূম্যধিকারীর স্বত্বের মধ্যে এই অধ্যায়মতে বিরোধ উপস্থিত হয়, তবে উর্দ্ধতন ভূম্যধিকারীর স্বত্ব প্রবল হইবে।

১৫৭ ধারা। এই অধ্যায়মতে দত্ত ক্রোকের আজ্ঞা

যে সম্পত্তি আটক আছে তাহা ক্রোক করিবার কথা।

এবং ক্রোকের বিষয়ীভূত সম্পত্তি আটক বা বিক্রয় করণার্থ কোন দেওয়ানী আদালতের দত্ত আজ্ঞা, এই উভয়ের মধ্যে বিরোধ উপস্থিত হইলে, ক্রোকের আজ্ঞা প্রবল হইবে; কিন্তু উক্ত আজ্ঞাক্রমে ঐ সম্পত্তি নীলাম করা গেলে, নীলামের উৎপন্ন উদ্বৃত্ত টাকা যে আদালত আটক বা বিক্রয় করিবার আজ্ঞা দেন, সেই আদালতের অনুমতি বিনা ১৫৯ ধারামতে উক্ত সম্পত্তির মালিককে দেওয়া যাইবে না।

১৫৮ ধারা। এই অধ্যায়মতে কোন দেওয়ানী আদালত

অন্যায় ক্রোকের নিমিত্ত ক্ষতিপূরণের মোকদ্দমার কথা।

যে কোন আদেশ করেন, তাহার উপর আপীল চলিবে না; কিন্তু যে স্থলে ১৪৯ ধারামতে দরখাস্ত করিবার অনুমতি নাই সেই স্থলে ১৪০ ধারামতে দরখাস্ত হওয়াতে যাহার সম্পত্তি ক্রোক করা গিয়াছে, সেই ব্যক্তি দরখাস্তকারীর বিরুদ্ধে ক্ষতিপূরণ পাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

১৪শ অধ্যায়।

বিচার সম্পর্কীয় কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

১৫৯। (১) হাই কোর্ট সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে এইরূপ আদেশসূচক বিধি প্রণয়ন করিতে পারিবেন যে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিশেষ কোন অংশ ভূম্যধিকারী ও প্রজার মধ্যে ভূম্যধিকারী ও প্রজা বলিয়া কোন মোকদ্দমার প্রতি কিম্বা ঐরূপ বিশেষ কোন শ্রেণীর মোকদ্দমার প্রতি বর্ত্তিবে না, কিম্বা বিধির নির্দ্দিষ্ট পরিবর্ত্তন সহকারে বর্ত্তিবে

ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমায় বন্ধ হইতে হইলে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন পরিবর্ত্তিত করিবার ক্ষমতার কথা।

(২) ঐরূপে প্রণীত বিধির নিয়মাধীনে এবং এই আইনের অন্যান্য বিধানের নিয়মাধীনে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন ঐরূপ সকল মোকদ্দমার প্রতি বর্ত্তিবে।

১৬০ ধারা। (১) যে ভূমি সম্পর্কে পক্ষদিগের মধ্যে

আইনমত আনুষাঙ্গিক কার্য্যে বিচারাধিপত্যের কথা।

ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধ থাকে, তাহার দখল পাইবার মোকদ্দমা গ্রহণ করিতে যে দেওয়ানী আদালতের ক্ষমতা থাকে, প্রজা ও ভূম্যধিকারীর মধ্যে যে সকল মোকদ্দমা

উপস্থিত হয়, তাহার হেতু দেওয়ানী মোকদ্দমার কার্য্য-প্রণালী বিষয়ক আইনের কার্য্যপক্ষে সেই দেওয়ানী আদালতের বিচারাধীন স্থানের মধ্যে উপস্থিত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(২) এই আইন অনুসারে কোন দেওয়ানী আদালত ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইলে, ঐ খোতের দখল পাইবার মোকদ্দমা গ্রহণ করিতে যে আদালতের ক্ষমতা থাকে, সেই আদালতে প্রার্থনা করিতে হইবে।

বাসের বা গোমস্তাদের স্বীকৃত মোক্তার হইবার কথা।

১৬১ ধারা। কোন ভূম্যধিকারীর যে কোন বাসের বা গোমস্তা ভূম্যধিকারীর স্বাক্ষরিত ক্ষমতাপত্রক্রমে এতদর্থে ক্ষমতা প্রাপ্ত হন, তিনি ঐরূপ প্রত্যেক মোকদ্দমার কার্য্যপক্ষে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের অর্থমতে উক্ত ভূম্যধিকারীর স্বীকৃত মোক্তার বলিয়া গণ্য হইবেন। যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে, বা উপস্থিত থাকে, সেই আদালতের বিচারাধীন স্থানের মধ্যে উক্ত ভূম্যধিকারী উপস্থিত থাকিলেও এইরূপ হইবে।

মোকদ্দমার বিশেষ রেজিষ্টরের কথা।

১৬২ ধারা। উক্তরূপ মোকদ্দমা হইলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫৮ ধারার উল্লিখিত বিশেষ রুক্কার উক্ত ধারা নির্দ্দিষ্ট দেওয়ানী মোকদ্দমার রেজিষ্টরে না লিখিয়া বিশেষ এক রেজিষ্টরে লিখিত হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে পাঠ নির্দ্দেশ করেন, সেই পাঠ প্রত্যেক দেওয়ানী আদালত ঐ বিশেষ রেজিষ্টর রাখিবেন।

খাজানার মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

১৬৩ ধারা। খাজানার আদায় করিবার মোকদ্দমায় নিম্নলিখিত বিধি খাটিবে।—

(ক) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১২১ অবধি ১২৭ পর্য্যন্ত ধারা ও ১২৯ ধারা ও ৩০৫ ধারা ও ৩২০ অবধি ৩২৫ পর্য্যন্ত ধারা এরূপ কোন মোকদ্দমায় খাটিবে না।

(খ) আবেদনপত্রে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫০ ধারার লিখিত বিশেষ কথার অতিরিক্ত প্রজার ভোগকৃত ভূমির অবস্থান ও নাম ও পরিমাণ ও সীমা লিখিতে হইবে, অথবা বাদী পরিমাণ বা সীমা দিতে অক্ষম হইলে তৎপরিবর্ত্তে চিহ্নিবার উপযুক্ত বর্ণন দিতে হইবে।

(গ) কেবল তমু মাফা করিবার নিমিত্ত সমন দেওয়া উচিত, আদালতের এরূপ মত না হইলে, ঐরূপ প্রত্যেক মোকদ্দমায় মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া যাইবে।

(ঘ) প্রতিবাদীর উপর সমন জারী করিতে হইলে, যদি আদালত আদেশ করেন তবে অন্য কোন প্রকারে জারী করিবার অতিরিক্ত বা পরিবর্ত্তে প্রতিবাদির নামে শিরোনামা দিয়া ও ভারতবর্ষীয় ডাকঘর বিষয়ক ১৮৬৬ সালের আইনের ৩য় খণ্ডমতে রেজিষ্টরী করিয়া পত্রদ্বারা ডাকযোগে সমন পাঠাইয়া তাহা জারী করা যাইতে পারিবে।

(ঙ) আদালতের অনুমতি বিনা বর্ণনাপত্র দাখিল করা যাইবে না।

(চ) আপীলের অনুমতি থাকুক বা না থাকুক, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৮৯ ধারায় সাক্ষীদের সাক্ষ্য লিপিবদ্ধ করিবার যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা খাটিবে।

(ছ) বাকীখাজানার নিমিত্ত উচ্ছেদ করিবার ডিক্রী না হইলে, আদালত ডিক্রী দিবার সময়ে ডিক্রীদারের বাচনিক প্রার্থনামতে ঐ ডিক্রী জারী করিবার আজ্ঞা দিতে পারিবেন।

(জ) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৩১ ধারায় প্রকারান্তরের কথা থাকিলেও, কোন ভূম্যধিকারী বাকী খাজানার যে ডিক্রী পান সেই ডিক্রী যাঁহাকে হস্তান্তর করিয়া দেওয়া যায়, তাঁহার প্রতি ভূম্যধিকারির জমিগত স্বত্ব বর্ত্তিয়া না থাকিলে তিনি ঐ ডিক্রীজারী রিবার দরখাস্ত করিবেন না।

তৃতীয় ব্যক্তির নিকট যে টাকা দেনা আছে তাহার করা যায়, তাহা আদালতে দিবার কথা।

১৬৪ ধারা। (১) যদি প্রতিবাদী স্বীকার করে, যে খাজানার নিমিত্ত তাহার স্থানে টাকা পাওনা আছে, কিন্তু তদ্ভিন্ন দেয় যে বাদীর নিকট নহে, তৃতীয় কোন ব্যক্তির নিকট ঐ খাজানা দিতে হইবে, তবে আদালত পরে প্রতিবাদী আদালতে ঐরূপ দেনা বলিয়া স্বীকৃত টাকা না দেয়, তাবৎ ঐ উত্তর গ্রাহ্য করিতে অস্বীকার করিবেন, অন্যথা বিশেষ হেতু লিপিবদ্ধ করিবেন।

(২) এরূপে টাকা পাওয়া গেলে আদালত ঐ টাকা দিবার নোটীস আদালতে ঐ তৃতীয় ব্যক্তির উপর জারী করাইবেন।

(৩) ঐ তৃতীয় ব্যক্তি নোটীস প্রাপ্ত হন তাহার তিন মাসের মধ্যে বাদীর বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিয়া ঐ টাকা প্রদান নিষেধ করণার্থ আজ্ঞা না পাইলে, বাদীর প্রার্থনামতে ঐ টাকা তাঁহাকে বাহির করিয়া দেওয়া যাবে।

(৪) (৩) প্রকরণমতে যে টাকা দেওয়া যায়, তাহার স্থানে তাহা পাইবার জন্য কোন ব্যক্তির দাবি থাকিলে, এই হেতুবাদে কোন ক্রমেই ঐ স্বত্বের বিঘ্ন হইবে না।

ভূম্যধিকারীর পাওনা বলিয়া স্বীকৃত টাকা আদালতে দিবার কথা।

১৬৫ ধারা। যদি প্রতিবাদী স্বীকার করে যে, খাজানার বাবদ তাহার স্থানে বাদীর টাকা পাওনা আছে, কিন্তু উত্তর দেয় যে পাওনা টাকা অপেক্ষা অধিক টাকার দাওয়া হইয়াছে, তবে আদালত, যাবৎ প্রতিবাদী আদালতে ঐরূপ দেনা বলিয়া স্বীকৃত টাকা না দেয়, তাবৎ ঐ উত্তর গ্রাহ্য করিতে অস্বীকার করিবেন, অন্যথা বিশেষ হেতু লিপিবদ্ধ করিবেন।

কিস্তিক্রমে টাকা দিবার বিধানের কথা।

১৬৬ ধারা। পূর্ব্ব দুই ধারার কোন ধারামতে কোন প্রতিবাদী আদালতে টাকা দিতে দায়ী হইলে, যদি আদালত বিবেচনা করেন যে ঐ টাকা কিস্তিক্রমে দিবার আজ্ঞা করিবার উপযুক্ত হেতু আছে, তবে আদালত যে কিস্তির টাকা দিবার আদেশ করেন তাহা প্রতিবাদী আদালতে দিলে, তাহার উত্তর গ্রাহ্য করিতে পারিবেন।

আদালতের রসীদ দিবার কথা।

১৬৭ ধারা। উক্ত দুই ধারার কোন ধারামতে কোন প্রতিবাদী আদালতে টাকা দিলে, আদালত প্রতিবাদীকে রসীদ দিবেন; এবং বাদী বা তৎপরিশোধে তৃতীয় ব্যক্তি রসীদ দিলে, তাহাতে যে প্রকারে ও যে পরিমাণে উক্ত বাকী খাজানার নিষ্পত্তি লিখিত হইত, ঐরূপে যে রসীদ দেওয়া যায়, তাহাতেও সেই প্রকারে ও সেই পরিমাণে নিষ্পত্তি হইবে।

খাজানার মোকদ্দমায় আপীলের কথা।

১৬৮ ধারা। কোন স্থলে ডিক্রীতে বা আজ্ঞায় নিরূপ দাওয়াবিশিষ্ট পক্ষদের মধ্যে ভূমির স্বত্বসংক্রান্ত কিম্বা ভূমিগত কোন স্বার্থ সংক্রান্ত কোন প্রশ্নের কিম্বা কোন প্রজার খাজানা বৃদ্ধি বা পরিবর্ত্তন করিবার স্বত্ব সংক্রান্ত কোন প্রশ্নের নিষ্পত্তি না হইলে;

(ক) যে স্থলে জিলার জজ সাহেব কিম্বা অতিরিক্ত জজ কিম্বা সবডিবিসনের জজ ডিক্রী বা আজ্ঞা দেন, এবং মোকদ্দমার দাওয়ার টাকা একশত টাকার অধিক না হয় কিম্বা

(খ) যে স্থলে এই আইনমতে চূড়ান্ত বিচারাধিপত্যে কার্য্য করিতে স্থানীয় গবর্ণমেণ্টের স্থানবিশেষে ক্ষমতাপ্রাপ্ত কোন বিচার সম্পর্কীয় কার্য্যকারক ডিক্রী বা আজ্ঞা দেন, এবং মোকদ্দমার দাওয়ার টাকা পঞ্চাশ টাকার অধিক না হয়,

সেই স্থলে খাজানা পাইবার নিমিত্ত ভূম্যধিকারী মোকদ্দমা উপস্থিত করিলে, এই মোকদ্দমায় প্রথমতঃ বা আপীলে যে ডিক্রী বা আজ্ঞা হয়, তাহার উপর আপীল চলিবে না।

কিন্তু যদি দৃষ্ট হয় যে উক্ত বিচারসম্পর্কীয় কার্য্যকারকের আদৌ সে ক্ষমতা নাই, তিনি সেই ক্ষমতা গ্রহণ করিয়াছেন, কিম্বা তাঁহার যে ক্ষমতা আছে তদনুসারে কার্য্য করিতে ত্রুটি করিয়াছেন, কিম্বা আপন ক্ষমতানুসারে কার্য্য করিতে কিম্বা বে-আইনীমতে বা অন্যায় অধিক্ষেপসহকারে কার্য্য করিয়াছেন, তবে যে ডিক্রী বা আজ্ঞা সম্বন্ধে এই ধারা খাটে, সেই মোকদ্দমার পূর্ব্বোক্তরূপ কোন বিচারসম্পর্কীয় কার্য্যকারক তদ্রূপ ডিক্রী বা আজ্ঞা দিলে, জিলার জজ সাহেব ঐ মোকদ্দমার নথী তলব করিতে পারিবেন; এবং সেরূপ আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

খাজানাবৃদ্ধির ডিক্রী যে তারিখ অবধি কলবৎ হইবে তাহার কথা।

১৬৯ ধারা। কৃষি বৎসরের প্রথম আটমাস মধ্যে যে কোন মোকদ্দমা উপস্থিত হয়, সেই মোকদ্দমায় এই আইনমতে খাজানাবৃদ্ধি করিবার ডিক্রী হইলে, সামান্যতঃ পরবর্ত্তী কৃষি বৎসরের প্রারম্ভাবধি তাহা কলবৎ হইবে এবং কৃষি বৎসরের শেষ চারি মাসে যে কোন মোকদ্দমা উপস্থিত হয়, তাহাতে ঐরূপ ডিক্রী হইলে, সেই ডিক্রী সামান্যতঃ আগামী কৃষি বৎসরের পরবর্ত্তী বৎসরের প্রারম্ভাবধি কলবৎ হইবে। কিন্তু যে তারিখ অবধি ডিক্রী কলবৎ হইবে, বিশেষ কারণে ইহার পরেও সেই তারিখ নির্দ্দিষ্ট করিতে এই ধারার কোন কথাক্রমে আদালতের বাধা হইবে না।

সম্পত্তি দত্ত হইবার প্রতিবাদের কথা।

১৭০ ধারা। (১) কোন প্রজা এরূপে ভূমি ব্যবহার করিয়াছে, যাহাতে তাহা প্রজাস্বত্বসংক্রান্ত কার্য্যের অনুপযোগী হয়, কিম্বা এরূপ কোন নিয়ম ভঙ্গ করিয়াছে, যাহাতে ভঙ্গ হইলে, ভূম্যধিকারির সহিত তাহার যে চুক্তি থাকে, সেই চুক্তির সত্ত্ব অনুসারে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, এই হেতু ধরিয়া কোন প্রজাকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করা গেলে, যে হানি বা নিয়ম ভঙ্গ হয়, তাহার প্রতিকার করা যাইতে পারিলে যদি ভূম্যধিকারী ঐ প্রতিকার করিবার নিমিত্ত প্রজাকে আদেশ দিয়া থাকেন, এবং কোন স্থলে উক্ত হানি বা নিয়ম ভঙ্গের যুক্তিসিদ্ধ ক্ষতিপূরণ দিবার আদেশ করিয়া থাকেন, এবং উক্ত প্রজা যদি সিদ্ধ সময়ের মধ্যে ঐ আদেশ পালন না করিয়া থাকে, তবে উক্ত মোকদ্দমা গ্রাহ্য করা যাইবে বটে না।

(২) এইরূপ কোন মোকদ্দমায় ভূম্যধিকারীর অনুকূলে যে ডিক্রী হওয়া যায়, তাহাতে হানি বা নিয়মভঙ্গ জন্য ক্ষতিপূরণ করিতে বাদীকে যে টাকা দিতে হয়, তাহার টাকার পরিমাণ এই আদালতের বিবেচনায় উক্ত হানি বা নিয়মভঙ্গ প্রতিকারযোগ্য কি না এই কথা প্রকাশ থাকিবে, এবং প্রতিবাদী যে সময়ের মধ্যে ঐ টাকা বাদীকে দিতে পারিবেন, ও উক্ত হানি বা নিয়মভঙ্গ প্রতিকারযোগ্য বলিয়া প্রকাশ করা গেলে, যে সময়ের মধ্যে তাহা প্রতিকার করিতে পারিবেন, ডিক্রীতে সেই সময় নির্দ্দিষ্ট থাকিবে।

(৩) (২) প্রকরণমতে আদালত যে সময় নির্দ্দিষ্ট করেন, তাহা বিশেষ কারণে সময়ের বৃদ্ধি করিতে পারিবেন।

(৪) এই ধারামতে আদালত কর্ত্তৃক নির্দ্দিষ্ট সময়ের (যদি কোন সময়ের) বর্দ্ধিত সময়ের মধ্যে যদি প্রতিবাদী ডিক্রীর টাকা পরিশোধ না দেন, এবং হানি বা নিয়মভঙ্গ প্রতিকারযোগ্য বলিয়া আদালত প্রকাশ করেন থাকিলে, উক্ত আদালতের অধীনস্থ যে হানি বা নিয়মভঙ্গ জন্য প্রতিকার করেন, সেই উক্ত ডিক্রী জারী করা যাইবে না।

যে রায়তদিগকে উচ্ছেদ করা যায়, শস্য ও বপনার্থে প্রস্তুত ভূমি সম্বন্ধে তাহাদের স্বত্বের কথা।

১৭১ ধারা। যে রায়তদিগকে কোন ভোগ হইতে উচ্ছেদ করা যায়, তাহাদের সম্বন্ধে নিম্নলিখিত বিধি খাটিবে।—

(ক) উক্ত রায়ত ঐ ভোগের অন্তর্গত কোন ভূমিতে আপনার উচ্ছেদের তারিখের পূর্ব্বে শস্য বপন বা রোপণ করিয়া থাকিলে, তিনি ভূম্যধিকারীর ইচ্ছানুসারে, তত্ত্ব উক্ত শস্য রক্ষা ও সংগ্রহ করণার্থ ঐ ভূমি স্থলে রাখিয়া ব্যবহার করিতে পারিবেন, নয় উচ্ছেদের ডিক্রীজারীকারী আদালতের আদালতমত ঐ শস্যের মূল্য ভূম্যধিকারীর স্থানে পাইতে পারিবেন।

(খ) রায়ত আপনার উচ্ছেদের তারিখের পূর্ব্বে আপন ভোগের অন্তর্গত কোন ভূমি বপনার্থ প্রস্তুত করিয়া থাকিলে, কিন্তু উক্ত ভূমিতে শস্য বপন বা রোপণ না করিয়া থাকিলে, উচ্ছেদের ডিক্রীজারীকারী আদালতের আদালতমতে উক্ত ভূমি প্রস্তুত করিতে

তাঁহার যে পরিশ্রম ও মূলধন লাগিয়াছে, তাহার মূল্য ও ঐ মূল্যের যুক্তিসিদ্ধ সুদ তিনি উক্ত ভূম্যধিকারীর স্থানে পাইতে পারিবেন

(গ) কিন্তু ভূম্যধিকারী কোন রায়তের উচ্ছেদ নিমিত্ত আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করিলে পর উক্ত রায়ত স্থানীয় রীতির বিরুদ্ধে উক্ত ভূমি আবাদ বা প্রস্তুত করিয়া থাকিলে, এই ধারামতে উক্ত ভূমি দখলে রাখিতে কিম্বা তজ্জন্য টাকা পাইতে স্বত্ববান হইবেন না।

(ঘ) কোন ভূম্যধিকারী এই ধারামতে কোন রায়তকে কোন ভূমি দখলে রাখিতে দিলে, যত কাল তিনি দখলে রাখিতে পান, তত কাল উক্ত ভূমি ব্যবহার ও দখলকরণার্থ উচ্ছেদের ডিক্রীজারীকারী আদালত যেরূপ খাজানা যুক্তিসিদ্ধ জ্ঞান করেন, উক্ত রায়ত ঐ ভূম্যধিকারীকে সেইরূপ খাজানা দিবেন।

উচ্ছেদ করিবার আনুষ্ঠানিক কার্য্যে পরস্পরের দাওয়ার নিষ্পত্তি হইবার কথা।

১৭২ ধারা। (১) উচ্ছেদ করিবার সমুদয় মোকদ্দমায় ও আনুষ্ঠানিক কার্য্যে এই আইনমতে প্রজা ও ভূম্যধিকারী বলিয়া প্রজার বিরুদ্ধে ভূম্যধিকারীর কিম্বা ভূম্যধিকারীর বিরুদ্ধে প্রজার যে সকল দাওয়া থাকে, আদালত তাহার অনুসন্ধান লইয়া নিষ্পত্তি করিবেন।

(২) আদালত যদি দেখিতে পান, যে প্রজা বলিয়া এক জনকে ভূম্যধিকারীর যে টাকা দিতে হয়, সেই টাকা ভূম্যধিকারী বলিয়া ভূম্যধিকারীকে প্রজার যে টাকা দিতে হয়, তদপেক্ষা অধিক, তবে উচ্ছেদের ডিক্রী বা আজ্ঞা হইলে, ও ঐ অতিরিক্ত টাকা দিবার সম্বন্ধে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে কোন বন্দোবস্ত না হইয়া থাকিলে, যে সময়ের মধ্যে উহা আদালতে দিতে হইবে, উক্ত ডিক্রীতে বা আজ্ঞায় সেই সময় নির্দ্দিষ্ট থাকিবে।

(৩) ঐ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উক্ত টাকা দেওয়া গেলে, আদালত প্রজাকে উচ্ছেদ করিবেন; এবং

উক্ত টাকা ঐরূপে দেওয়া না গেলে, আদালত প্রজাকে উচ্ছেদ করিতে অস্বীকার করিবেন।

উচ্ছেদের বিকল্পে আদালতের ন্যায্য খাজানা ধার্য্য করিতে পারিবার কথা।

১৭৩ ধারা। বাদী কোন অনধিকারপ্রবেশকারীকে উচ্ছেদ করিবার মোকদ্দমা উপস্থিত করিলে, যদি উচিত বোধ করেন তবে বিকল্পে এইরূপ প্রতিকারের দাওয়া করিতে পারিবেন যে, প্রতিবাদীর দখলে যে ভূমি থাকে, সেই ভূমির নিমিত্ত সে আদালতের নিকট উপযুক্ত ও ন্যায্য খাজানা দিতে দায়ী বলিয়া প্রকাশ করা যায়। তাহা হইলে আদালত ঐরূপ প্রতিকার দিতে পারিবেন।

প্রজাস্বত্বের অনুবন্ধ নিরূপণ করিবার প্রার্থনার কথা।

১৭৪ ধারা। (১) প্রজার ভোগকৃত ভূমির দখল ফিরিয়া পাইবার মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা যে আদালতের থাকে, সেই আদালত ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে নিম্নলিখিত সকল বা কোন বিষয় নিরূপণ করিতে পারিবেন, যথা,—

(ক) প্রজা যে ভূমি ভোগ করেন, তাহার অবস্থান, পরিমাণ ও সীমা;

(খ) তিনি যে শ্রেণীর প্রজা, অর্থাৎ, তিনি তালুকদার কি অবধারিত হারে ভূমি ভোগকারী রায়ত কি দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কি দখলীস্বত্বশূন্য রায়ত কি কোফা রায়ত, এবং তালুকদার হইলে, তাঁহার খাজানা বৃদ্ধি করা যাইতে পারে কি না; এবং

(গ) যে সময়ে প্রার্থনা করা হয়, সেই সময়ে তাঁহার যে খাজানা দেয় তব।

(২) যদি আদালতের বিবেচনায় উহার মধ্যে কোন বিষয় স্থানীয় তদন্ত বিনা সন্তোষজনকরূপে নিরূপণ করা যাইতে না পারে, তবে আদালত এই আজ্ঞা করিতে পারিবেন যে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে যে রাজস্ব কর্ম্মচারীকে আদেশ করেন, তিনি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৫ অধ্যায়মতে স্থানীয় তদন্ত লন।

(৩) এই ধারামত কোন প্রার্থনার উপর যে আজ্ঞা করা যায়, তাহা ডিক্রীর তুল্য কলবৎ হইবে ও তাহার উপর ডিক্রীর ন্যায় আপীল হইতে পারিবে।

১৫শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্ত ডিক্রীমতে বিক্রয়ের বিধি।

দায় অসিদ্ধ করণ সম্বন্ধে ক্রেতার সাধারণ ক্ষমতার কথা।

১৭৫ ধারা। কোন হস্তান্তরযোগ্য যোত তাহার বাকী খাজানার ডিক্রীজারীক্রমে বিক্রয় করা গেলে "সংরক্ষিত স্বার্থ" বলিয়া এই অধ্যায়ে যে স্বার্থ নির্দ্দেশ করা গেল সেই স্বার্থ ব্যতিরেকে এবং "দায়" বলিয়া এই অধ্যায়ে যে স্বার্থ নির্দ্দেশ করা গেল, তাহা অসিদ্ধ করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়া, ক্রেতা ঐ যোত গ্রহণ করিবেন।

কিন্তু (ক) তদর্থে পরে যে স্থলের উল্লেখ করা গেল সেই স্থল না হইলে, এই অধ্যায়ের অর্থমত রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায় ঐরূপে অসিদ্ধ করা যাইবে না;

(খ) অসিদ্ধ করিবার ক্ষমতাক্রমে কেবল এই অধ্যায়ের আদেশমতে কার্য্য করিতে হইবে।

সংরক্ষিত স্বার্থের কথা।

১৭৬ ধারা। নিম্নলিখিত স্বার্থগুলি এই অধ্যায়ের অর্থমত সংরক্ষিত স্বার্থ বলিয়া গণ্য হইবে।—

(ক) যে কোন পেটাও তালুক চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে আছে, তাহা;

(খ) যে কোন পেটাও তালুক কোন চলিত চিরৎকালীন বন্দোবস্তের বন্দোবস্তী আনুষ্ঠানিক কার্য্যে উক্ত বন্দোবস্তের মিয়াদ পর্য্যন্ত অবধারিত খাজানা দায়ী তালুক বলিয়া স্বীকৃত হইয়াছে, তাহা;

(গ) যে ভূমির উপর বাসগৃহ, কারখানা, কিম্বা অন্যরূপ স্থায়ী ইমারতাদি নির্ম্মিত হইয়াছে, কিম্বা স্থায়ী বাগান, ক্ষেত্র, পুষ্করিণী, খাল, ভজনালয়, শ্মশান বা গোরস্থান করা গিয়াছে, সেই ভূমির পাট্টাই স্বত্ব;

(ঘ) দখলী স্বত্ব;

(ঙ) যে সময়ে স্বত্ব দেওয়া যায়, সেই সময়ে যাহা ন্যায্য ও যুক্তিসিদ্ধ খাজানা ছিল, সেই খাজানা দিয়া ভোগ করিবার যে স্বত্ব দখলীস্বত্ববিশিষ্ট কোন রায়তকে দেওয়া যায়, সেই স্বত্ব ; এবং

(চ) যে ভূম্যধিকারীর প্রার্থনামতে ঘোত বিক্রয় হয় সেই ভূম্যধিকারী কিম্বা তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারী যাহা সৃষ্টি করিতে প্রজাকে স্পষ্ট বাক্যে লিখিয়া অনুমতি দিয়াছেন, এরূপ কোন স্বত্ব বা স্বার্থ।

"দায়" ও "রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়" শব্দের অর্থ।

১৭৭ ধারা। এই অধ্যায়ের কার্য্যপক্ষে,

(ক) কোন প্রজাস্বত্ব সম্বন্ধে "দায়" শব্দ ব্যবহৃত হইলে, প্রজা আপন ঘোতের উপর কিম্বা আপন স্বার্থ সঙ্কোচ করিয়া যে কোন দাওয়া, পেটা ও প্রজাস্বত্ব, স্বাচ্ছন্দ্য-ভোগস্বত্ব বা অন্য স্বত্ব বা স্বার্থ সৃষ্টি করিয়া থাকেন, ও যাহা পূর্ব্ব ধারার অর্থমত সংরক্ষিত স্বার্থ নহে, তাহা বুঝাইবে।

(খ) দেনা বাকী খাজানার ডিক্রী জারীক্রমে যে ঘোত বিক্রয় হইয়াছে বা হইতে পারে, সেই ঘোত সম্বন্ধে "রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়" এই শব্দ ব্যবহৃত হইলে, রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনমতে যে কোন নিদর্শনপত্র রেজিষ্টরী করা গিয়াছে, এবং যাহার নকল বাকী খাজানা পাওনা হইবার পূর্ব্বে অন্যূন তিন মাস থাকিতে পশ্চাল্লিখিত বিধানমতে ভূম্যধিকারীর উপর জারী করা গিয়াছে, সেই নিদর্শনপত্রক্রমে যে কোন দায় সৃষ্টি করা হইয়া থাকে, সেই দায় বুঝাইবে।

ঘোতের নীলাম হইবার প্রার্থনাপত্রের কথা।

১৭৮ ধারা। কোন হস্তান্তরযোগ্য ঘোতের বাকী খাজানার নিমিত্ত ডিক্রী হইলে, এবং ডিক্রীদার দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৩৫ ধারামতে ডিক্রী জারীক্রমে উক্ত ঘোত ক্রোক ও নীলাম হইবার প্রার্থনা করিলে, উক্ত ঘোতের বাকী খাজানার বর্ণনাপত্র ও উক্ত ঘোত চিরস্থায়ী তালুক হইলে, ৩য় অধ্যায়মতে রক্ষিত রেজিষ্টরের যে অংশ ঐ তালুক সম্বন্ধীয় হয়, সেই অংশের নকল দাখিল করিবেন।

নীলাম হইবার বিজ্ঞাপনসূচক ঘোষণাপত্রের কথা।

১৭৯ ধারা। (১) পূর্ব্ব ধারামত কোন প্রার্থনাপত্রক্রমে কোন ঘোতের নীলাম হইবার আজ্ঞা হইলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৮৭ ধারামতে যে ঘোষণাপত্র দেওয়া যায়, তাহাতে উক্ত ধারার উল্লিখিত বিশেষ কথা লিখিবার ও নির্দ্দেশ করিবার অতিরিক্ত এই২ কথা বিজ্ঞাপিত হইবে,—

(ক) তালুক হইলে, যে টাকা ডাক হয়, তাহাতে যদি ডিক্রীর টাকা ও খরচা দিতে কুলায়, তবে উক্ত তালুক প্রথমে রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায় সম্বলিত নীলামে চড়ান যাইবে, এবং উক্ত দায়সম্বলিত বিক্রীত হইবে ; নতুবা ডিক্রীদার ইচ্ছা করিলে, পরে কোন দিনে সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত ঐ তালুক নীলাম করা যাইবে, ঐ দিনের নোটিস যথাবিধি দিতে হইবে ; এবং

(খ) দখলীস্বত্ববিশিষ্ট ঘোত হইলে, সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত উক্ত ঘোত বিক্রীত হইবে।

(২) উক্ত আইনের ২৮৯ ধারার নির্দ্দিষ্ট প্রকারে ঐ ঘোষণা করা যাইবে। তদ্ভিন্ন স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে উক্ত ঘোষণাপত্র প্রকাশ করা যাইবে।

রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়সম্বলিত তালুক বিক্রয়ের ও তাহার ফলের কথা।

১৮০ ধারা। (১) কোন তালুক নীলাম হইবার বিজ্ঞাপন পূর্ব্ব ধারামতে দেওয়া গেলে, উহা রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়সম্বলিত নীলামে চড়ান যাইবে, এবং নীলামের খরচা সমেত ডিক্রী ও খরচার টাকা দিতে যাহাতে কুলায়, তত টাকা ডাক হইলে, উক্ত তালুক ঐরূপ দায়সম্বলিত বিক্রয় করা যাইবে।

(২) এই ধারামত নীলামখরিদার উক্ত তালুকের উপর রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায় ভিন্ন যে কোন দায় থাকে, তাহা ১৮২ ধারার নির্দ্দিষ্ট প্রকারে অসিদ্ধ করিতে পারিবেন, প্রকারান্তরে নহে।

সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত তালুক বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।

১৮১ ধারা। (১) পূর্ব্ব ধারামতে যে কোন তালুক নীলামে চড়ান যায়, তন্নিমিত্ত যত টাকা পর্য্যন্ত ডাক হয়, তাহাতে পূর্ব্বোক্ত ডিক্রীর ও খরচার টাকা দিতে যদি না কুলায়, এবং তজ্জন্য যদি ডিক্রীদার সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত ঐ তালুক বিক্রয় করিতে চাহেন, তবে নীলামকারী কর্ম্মচারী নীলাম স্থগিত রাখিয়া দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৮৯ ধারামতে নূতন ঘোষণা করিবেন। সেই ঘোষণাপত্রে এই কথা জানান হইবে, যে নীলাম স্থগিত করিবার তারিখ অবধি পনের দিনের কম না হয়, ও ত্রিশ দিনের অধিক না হয়, ঐ ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট এরূপ ভবিষ্যৎ কোন দিনে সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত ঐ তালুক নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে। সেই দিন সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত উক্ত তালুক নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে।

(২) এই ধারামত নীলামখরিদার ১৮৪ ধারার নির্দ্দিষ্ট প্রকারে উক্ত তালুকের কোন দায় অসিদ্ধ করিতে পারিবেন, প্রকারান্তরে নহে।

অবধারিত খারের ঘোতের প্রতি পূর্ব্ব কএক ধারার বিধান বর্ত্তিবার কথা।

১৮২ ধারা। যে ঘোতের অবধারিত খাজানা বা খাজানার ভার থাকে, তাহা তালুক হইলে, তৎপ্রতি পূর্ব্ব কএক ধারার যেরূপ বর্ত্তিত সেইরূপ বর্ত্তিবে।

সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত দখলীস্বত্ববিশিষ্ট ঘোত বিক্রয় করিবার ও তাহার ফলের কথা।

১৮৩ ধারা। (১) ১৭৯ ধারামতে কোন দখলীস্বত্ব বিশিষ্ট ঘোতের নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া গেলে, সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত উহা নীলামে চড়াইয়া বিক্রয় করা যাইবে।

(২) এই ধারামত নীলামখরিদার ১৮৪ ধারার নির্দ্দিষ্ট প্রকারে উক্ত ঘোতের কোন দায় অসিদ্ধ করিতে পারিবেন, প্রকারান্তরে নহে।

পূর্ব্ব কএক ধারামতে দায় অসিদ্ধ করিবার কার্য্য প্রণালীর কথা।

১৮৪ ধারা। (১) কোন খরিদার পূর্ব্ব কএক ধারামতে কোন দায় অসিদ্ধ করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়া ঐ দায় অসিদ্ধ করিতে চাহিলে, তিনি যে তারিখে প্রথমে উক্ত দায়ের সংবাদ পান, সেই তারিখ অবধি এক বৎসরের মধ্যে কালেক্টরের নিকট লিখিয়া দরখাস্ত দিয়া এই প্রার্থনা জানাইতে পারিবেন, যে উক্ত কালেক্টর ঐ দায় অসিদ্ধ করা হইয়াছে, এই মর্ম্মের নোটিস দায়-ধারীর উপর জারী করিবেন।

(২) এতদর্থে রেবিনিউ বোর্ড যে ফী ধার্য্য করেন, উক্ত নোটিস জারী করিবার নিমিত্ত সেই ফী ঐরূপ প্রত্যেক দরখাস্তের সঙ্গে দিতে হইবে।

(৩) কোন নোটিস জারী করিবার দরখাস্ত এই ধারার নির্দ্দিষ্টমতে কোন কালেক্টরের নিকট করা গেলে, তিনি তদনুসারে নোটিস জারী করাইবেন, এবং যে তারিখে ঐ নোটিস জারী হয়, সেই তারিখ অবধি উক্ত দায় অসিদ্ধ করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

দখলীস্বত্ববিশিষ্ট যোত পূর্ব্ব কএক ধারামতে তালুক বলিয়া গণ্য হয় এরূপ আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

১৮৫ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এই আজ্ঞা করিতে পারিবেন, যে কোন স্থানের অন্তর্গত দখলী-স্বত্ববিশিষ্ট যোতের কিম্বা বিশেষ কোন শ্রেণীর দখলী-স্বত্ববিশিষ্ট যোতের দেনা খাজানার ডিক্রীজারীক্রমে তাহা নীলামে চড়ান গেলে, সমুদয় দায় অসিদ্ধ করিবার ক্ষমতাসহিত নীলামে চড়াইবার পূর্ব্বে রেজিষ্টরী করা ও বিজ্ঞাপিত দায়-সম্বলিত নীলামে চড়ান যাইবে, এবং ঐরূপ বিজ্ঞাপন দিয়া উক্তরূপ কোন আজ্ঞা রহিত করিতে পারিবেন।

(২) কোন স্থান সম্বন্ধে এইরূপ কোন আজ্ঞা প্রবল থাকিলে, ঐ স্থানের অন্তর্গত সমুদয় দখলীস্বত্ববিশিষ্ট যোত কিম্বা, স্থল-বিশেষে, উক্ত বিশেষ শ্রেণীর দখলী-স্বত্ববিশিষ্ট যোত এই অধ্যায়ের পূর্ব্ব কএক ধারামত নীলামের কার্য্যপক্ষে সর্ব্বতোভাবে তালুকের ন্যায় গণ্য হইবে।

বিক্রয়োৎপন্ন টাকা লইয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ক বিধির কথা।

১৮৬ ধারা। (১) এই অধ্যায়মত বিক্রয়োৎপন্ন টাকা প্রয়োগ সময়ে দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালীবিষয়ক আইনের ২৯৫ ধারার নির্দ্দিষ্ট বিধির পরিবর্ত্তে নিম্নলিখিত বিধি পালন করিতে হইবে, অর্থাৎ,

(ক) ঐ যোত বিক্রয় করাইতে ডিক্রীদারের যে খরচ হইল, তাঁহাকে প্রথমতঃ সেই খরচের টাকা দেওয়া যাইবে।

(খ) তাহার পর যে ডিক্রী জারী করাতে নীলাম হয়, সেই ডিক্রীক্রমে ডিক্রীদারের যত টাকা পাওনা হয়, তাঁহাকে সেই টাকা দেওয়া যাইবে।

(গ) এই সমস্ত টাকা শোধ হইয়াও উদ্বৃত্ত থাকিলে, মোকদ্দমা উপস্থিত করিবার তারিখ অবধি নীলামের তারিখ পর্য্যন্ত কিম্বা মোকদ্দমার চূড়ান্ত ডিক্রী হইবার তারিখ অবধি ছয় মাসের অনধিক কাল পর্য্যন্ত উক্ত যোত সম্বন্ধে যে কোন খাজানা ডিক্রীদারের পাওনা হইয়া থাকে, ঐ উদ্বৃত্ত টাকাহইতে তাঁহাকে সেই খাজানা দেওয়া যাইবে।

(ঘ) (গ) প্রকরণের লিখিত খাজানা দিবার পরও উদ্বৃত্ত থাকিলে, তাহা নীলাম দৃঢ় করণাবধি দুই মাস অতীত হইলে, ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে।

(২) ডিক্রীমত খাতক (গ) প্রকরণমত খাজানা বলিয়া ডিক্রীদারের কোন টাকা পাইবার স্বত্ব সম্বন্ধে বিবাদ উত্থাপন করিলে, আদালত ঐ বিবাদের নিষ্পত্তি করিবেন, এবং ঐ নিষ্পত্তি ডিক্রীর তুল্য বলবৎ হইবে।

খরচা সমেত ডিক্রীর টাকা আদালতে দেওয়া গেলেই কিম্বা ডিক্রীদার শোধ হইয়াছে স্বীকার করিলেই, যোত ক্রোক হইতে মুক্ত হইবার কথা।

১৮৭ ধারা। (১) কোন যোতের দেনা বাকী খাজানার ডিক্রীজারীক্রমে ঐ যোত ক্রোক করা গেলে, তৎসম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২৭৮ অবধি ২৮৩ পর্য্যন্ত ধারা খাটিবে না।

(২) ঐরূপ কোন ডিক্রীজারীক্রমে কোন যোত নীলাম হইবার আজ্ঞা করা গেলে, যদি নীলাম খরিদারের ডাক গ্রাহ্য হইবার পূর্ব্বে ডিক্রীমত খরচা ও নীলাম করিবার খরচা সমেত ডিক্রীর টাকা আদালতে দেওয়া না যায়, কিম্বা আদালতের বাহিরে ডিক্রীর টাকা শোধ করা হইয়াছে, এই হেতু দেখাইয়া যদি ডিক্রীদার উক্ত যোত মুক্ত করণার্থ দরখাস্ত না করেন, তবে উক্ত যোত ক্রোক হইতে মুক্ত হইবে না।

(৩) এই অধ্যায়মতে কোন যোত নীলাম করা গেলে, ঐ নীলাম অসিদ্ধ করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে কোন ব্যক্তির যে স্বত্ব থাকে, এই ধারার কোন কথাক্রমে তাহার বিঘ্ন হইবে না।

নীলাম নিবারণার্থ আদালতে টাকা দেওয়া গেলে, তাহা কোন২ স্থলে উক্ত যোতের বন্ধকী ঋণ হইবার কথা।

১৮৮ ধারা। (১) এই অধ্যায়মতে যে কোন যোত নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া যায়, সেই যোতে যদি কোন ব্যক্তির এরূপ স্বার্থ থাকে যাহা ঐরূপ নীলাম হইলে অসিদ্ধ হইতে পারে, তবে তিনি নীলাম বন্ধ করণার্থ আবশ্যক টাকা আদালতে দিলে,

(ক) ঐরূপে তিনি যে টাকা দেন, তাহা শতকরা ১২৲ টাকা সুদ সহিত ঋণ বলিয়া গণ্য হইবে, এবং তজ্জন্য উক্ত যোত তাঁহার নিকট বন্ধক আছে বলিয়া জ্ঞান হইবে;

(খ) তাঁহার বন্ধক বাকী খাজানার দায় ছাড়া উক্ত যে ভোগ দখল আর যে কোন দায় থাকে, তদপেক্ষা অগ্রগণ্যতা প্রাপ্ত হইবে; এবং

(গ) যাবৎ উক্ত ঋণ পাওনা সুদসমেত শোধ করা না হয়, তাবৎ তিনি বন্ধকগ্রহীতাস্বরূপ উক্ত যোতের দখল লইতে ও উহা দখলে রাখিতে স্বত্ববান হইবেন।

(২) ঐরূপ কোন ব্যক্তির অন্য যে কোন প্রতিকার পাইবার স্বত্ব থাকে, এই ধারার কোন কথাক্রমে তাহার বিঘ্ন হইবে না।

১৮৯ ধারা। বাকীদার উর্দ্ধতন প্রজার বিরুদ্ধে ডিক্রীদারীক্রমে এই অধ্যায়মতে কোন যোত নীলাম হইবার বিজ্ঞাপন দেওয়া গেলে, এবং নীলাম হইলে যে অধস্তন প্রজার স্বার্থ অসিদ্ধ হইতে পারে, সেই অধস্তন প্রজা নীলাম নিবারণার্থ আদালতে টাকা দিলে, তাহার নিমিত্ত আইনে অন্য যে প্রতিকারের বিধান থাকে, তদতিরিক্ত তাঁহার নিজ ভূম্যধিকারীকে তাঁহার যে খাজানা দিতে হয়, তাহা হইতে তিনি ঐরূপে প্রদত্ত টাকার সমুদয় বা কোন অংশ কাটিয়া লইতে পারিবেন; এবং উক্ত ভূম্যধিকারী বাকীদার না হইলে, তিনিও ঐরূপে তাঁহার নিজ ভূম্যধিকারীকে দেয় খাজানা হইতে ঐরূপ কর্ত্তিত টাকা কাটিয়া লইতে পারিবেন; এবং যাবৎ বাকীদার পর্য্যন্ত না পঁহুছে তাবৎ এইরূপ চলিবে।

অধস্তন প্রজা আদালতে টাকা দিলে তাহা খাজানা হইতে কাটিয়া লইতে পারিবার কথা।

১৯০ ধারা। (১) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৯৪ ধারায় প্রকারান্তরের বিধান থাকিলেও, যে ডিক্রীজারীক্রমে এই অধ্যায়মতে কোন যোত নীলাম হয়, সেই ডিক্রীদার আদালতের অনুমতি বিনা ঐ যোত ডাকিতে বা ক্রয় করিতে পারিবেন।

নীলামে ডিক্রীদারের ডাকিতে পারিবার ও ডিক্রীমত খাতকের না পারিবার কথা।

(২) ঐরূপে যে যোত নীলাম হয়, ডিক্রীমত খাতক তাহা ডাকিবেন না বা ক্রয় করিবেন না।

১৯১ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৩ ও ৩২৬ ধারার এই অধ্যায়মত কোন নীলাম সম্বন্ধে খাটিবে না।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৩ ও ৩২৬ ধারার কার্য্য না হইবার কথা।

১৯২ ধারা। ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের চতুর্থ ভাগে প্রকারান্তরের বিধান থাকিলেও, হস্তান্তরযোগ্য কোন যোতের উপর যাহাতে দায় সৃষ্টি হয়, এরূপ কোন নিদর্শনপত্র এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে সম্পাদিত হইয়া থাকিলে, এবং উক্ত রেজিষ্টরী আইনের ১৭ ধারামতে তাহা রেজিষ্টরী করা আবশ্যক না হইলে, যদি তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি এক বৎসরের মধ্যে উপযুক্ত কার্য্যকারকের নিকট রেজিষ্টরী করণার্থ উপস্থিত করা যায়, তবে তাহা উক্ত আইনমতে রেজিষ্টরী করিবার নিমিত্ত গৃহীত হইবে।

দায়সৃষ্টিকারী কোন২ নিদর্শনপত্র রেজিষ্টরী করিবার কথা।

১৯৩ ধারা। কোন হস্তান্তরযোগ্য যোতের প্রজার সম্পাদিত যে নিদর্শনপত্রক্রমে উক্ত যোতের উপর কোন দায় সৃষ্টি হয়, কোন কার্য্যকারক এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে বা পরে সেই নিদর্শনপত্র রেজিষ্টরী করিলে, উক্ত প্রজার প্রার্থনামতে কিম্বা যে ব্যক্তির অনুকূলে ঐ দায় সৃষ্টি হয়, সেই ব্যক্তির প্রার্থনামতে এবং স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে যে ফী ধার্য্য করেন, তাহা তাঁহার স্থানে পাইলে, ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের সপ্তম ভাগে সমন জারী করিবার যে প্রণালী নির্দ্দিষ্ট আছে, সেই প্রণালীতে ভূম্যধিকারীর উপর উক্ত নিদর্শনপত্রের নকল জারী করাইয়া তাঁহাকে উক্ত দায়ের নোটিস দিবেন।

ভূম্যধিকারীকে দায়ের নোটিস দিবার কথা।

---

১৬ শ অধ্যায়।

বাকী খাজানার নিমিত্ত সরাসরী নীলামের বিধি।

পত্তনী তালুক নীলামের কথা।

১৯৪ ধারা। নিজ ভূস্বামীর স্থানে প্রাপ্ত পত্তনী তালুকের পাওনা খাজানা দিতে ত্রুটি হইলে, ভূস্বামী আইনমতে অন্য যে প্রতিকার পাইতে পারেন, তদতিরিক্ত এই অধ্যায়ের নিম্নলিখিত কএক ধারায় যে বিধি আছে, তদনুসারে উক্ত তালুকের সরাসরী নীলাম হইবার নিমিত্ত প্রার্থনা করিতে পারিবেন।

ভূস্বামীর সরাসরী নীলামদ্বারা পত্তনীদারের স্থানে বাকী খাজানা আদায়ের কথা।

১৯৫ ধারা। (১) বৈশাখ মাসের ১ম দিনে, অর্থাৎ, যে বৎসরের খাজানা বাকী হয়, তাহার পরবৎসরের প্রারম্ভে, ভূস্বামী কালেক্টরের নিকট দরখাস্ত দিতে পারিবেন। পূর্ব্ব ধারায় যে২ তালুকের উল্লেখ হইল, তাহার সমুদয় বা কোন তালুক সম্বন্ধে অতীত বৎসরের হিসাবে ভূস্বামীর যত বাকী টাকা পাওনা থাকে, ঐ দরখাস্তে তাহা নির্দ্দেশ করিতে হইবে।

বৎসরের প্রারম্ভে নীলামের দরখাস্ত করিবার কথা।

(২) তাহা হইলে ঐ দরখাস্ত কালেক্টরী কাছারীর কোন সুপ্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে, ও তৎসঙ্গে এই নোটিস থাকিবে যে, যে টাকার দাওয়া হয়, তাহা জ্যৈষ্ঠ মাসের ১ তারিখের পূর্ব্বে দেওয়া না গেলে, বাকীদারদের তালুক ঐ টাকা শোধ করণার্থ উক্ত তারিখে প্রকাশ্য নীলামে বিক্রয় করা যাইবে।

(৩) ভূস্বামী ঐরূপ আর এক খান নোটিস আপন সদর কাছারীতে লাগাইয়া দিবেন, এবং স্থলবিশেষে নোটিসের যে অংশ খাটে, সেই অংশের নকল বা উদ্ধৃত লিপি পাঠাইয়া যে কাছারীতে ঐ তালুকের প্রধান কার্য্য চলে, সেই কাছারীতে কিম্বা বাকীদারের তালুকের অন্তঃপাতে যে প্রধান নগর বা গ্রাম থাকে, তথায় উক্তরূপে প্রচার করাইবেন।

(৪) এই ধারামতে যে২ নিয়ম নির্দ্দিষ্ট হইল তাহার পালন নিমিত্ত কেবল ভূস্বামী দায়ী থাকিবেন।

১৯৬ ধারা। (১) মফঃসলে যে নোটিস পাঠাইবার আজ্ঞা হইল, তাহা একজন পেয়াদা যাইয়া জারী করিবে। ঐ পেয়াদা তন্নিমিত্ত উক্ত বাকীদারের কিম্বা তাহার কার্য্যাধ্যক্ষের রসীদ লইয়া আসিবে; অথবা উহা পাইতে না পারিলে, ঐ নোটিস ঐ স্থানে আনিয়া প্রচার করা হইয়াছে, ইহার সাক্ষ্যস্বরূপ তন্নিকটবর্ত্তী স্থানবাসী তিনজন ভাতস্থ লোকের স্বাক্ষর লইয়া আসিবে।

নোটিস জারী করিবার কথা।

(২) উক্ত গ্রামের লোকে স্বাক্ষ্যস্বরূপ আপনাদের নাম স্বাক্ষর করিতে আপত্তি বা অস্বীকার করিলে, উক্ত পেয়াদা নিকটস্থ মুনসেফের আফিসে কিম্বা মুনসেফ না থাকিলে, নিকটস্থ পোলীস থানায় যাইবে, এবং ঐ নোটিস যে যথাবিধি প্রচারিত হইয়াছে, এবিষয়ে তথায় ইচ্ছাপূর্ব্বক শপথ করিবে। এই মর্ম্মের এক সর্টিফিকেটে উক্ত কার্য্যকারকেরা স্বাক্ষর ও মোহর করিয়া ঐ পেয়াদাকে দিবেন।

(৩) উক্ত রসীদের বা সার্টিফিকেটের মর্ম্ম বুঝিয়া যদি দেখা যায় যে, বৈশাখ মাসের ১৫ তারিখের পূর্ব্বে কোন সময়ে নোটিস প্রচার করা হইয়াছে, তবে নির্দ্দিষ্ট তারিখে নীলাম চালাইবার পক্ষে উহাই যথেষ্ট হইবে।

বৎসরের মধ্যখানে নীলামের দরখাস্তের কথা।

১৯৭ ধারা। বৎসরের মাঝখানে কার্ত্তিক মাসের ১ তারিখে ভূস্বামী আশ্বিন মাসের শেষপর্য্যন্ত চলিত সনের খাজানার হিসাবে যে বাকী টাকা পাওনা থাকে, তাহার বর্ণনাপত্র সহিত ঐরূপ দরখাস্ত করিতে পারিবেন, এবং বাকীদারদের তালুক বিক্রয় হইবার কথা উক্তরূপে প্রচার করাইতে পারিবেন। যত টাকা বাকী খাজানার ইস্তাহার দেওয়া যায়, যদি অগ্রহায়ণ মাসের ১ তারিখের পূর্ব্বে তৎসমস্ত দেওয়া না যায়, অথবা কার্ত্তিক মাসের তলবসমেত ঐ টাকার মধ্যে এত দেওয়া না হয়, যাহাতে উক্ত বৎসরের প্রারম্ভাবধি কার্ত্তিক মাসের শেষ দিন পর্য্যন্ত কিস্তিবন্দী অনুসারে ভূস্বামীর মেট তলবের চারি আনার কম বাকী থাকে, তবে উক্ত তারিখে নীলাম হইবে।

তালুকদার তলব সম্বন্ধে আপত্তি করিলে কার্য্যপ্রণালীর কথা।

১৯৮ ধারা। (১) কোন তালুকদারের নিকট বাকী খাজানা পাওনা আছে বলিয়া কথিত হইলে, তৎসম্বন্ধে পূর্ব্ব কএক ধারামতে নোটিস দেওয়া গেলে, উক্ত তালুক নীলামের নিমিত্ত ঐ নোটিসে যে তারিখ ধার্য্য থাকে, সেই তারিখের পূর্ব্বে কোন সময়ে তালুকদার তলবের সমস্ত বা কোন অংশ সম্বন্ধে আপত্তি করিয়া কালেক্টরের নিকট দরখাস্ত দিতে পারিবেন।

(২) কালেক্টর (১) প্রকরণমতে দরখাস্ত পাইলে, ভূস্বামীর নিকট সমন দিবেন, তাহাতে সমনের নির্দ্দিষ্ট সময়ে ও তারিখে উপস্থিত হইতে এবং নীলাম কেন স্থগিত রাখা যাইবে না, অথবা স্থল বিশেষে কেন তলবের টাকা কমান যাইবে না, ইহার কারণ দেখাইতে ভূস্বামীর প্রতি আদেশ থাকিবে; এবং কালেক্টর সাধ্য হইলে উভয় পক্ষের কথা কিম্বা তন্মধ্যে যাঁহারা উপস্থিত থাকেন, তাঁহাদের কথা শুনিবেন, ও তাঁহাদের মধ্যে যে বিষয়ের বিবাদ থাকে, নীলামের নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বে তাহার মীমাংসা করিবেন।

(৩) নীলামের নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে যদি কালেক্টর এইরূপ নিষ্পত্তি করেন যে, যত বাকীর দাওয়া হয়, তাহার কোন অংশই পাওনা নাই, তবে তিনি ভূস্বামীর দরখাস্ত নামঞ্জুর করিবেন।

(৪) যদি উক্ত সময়ের পূর্ব্বে তিনি নিষ্পত্তি করেন যে, যত বাকীর দাওয়া হয়, তাহার অংশ বিশেষ পাওনা নাই, তবে তিনি তদনুসারে তলব কমাইয়া দিবেন; এবং তাঁহার নিষ্পত্তি এই অধ্যায়মত কার্য্যানুষ্ঠান পক্ষে চূড়ান্ত হইবে।

(৫) যে সকল স্থলের বিধান (৩) ও (৪) প্রকরণে নাই, সেই সকল স্থলে তালুকদারের দরখাস্ত নামঞ্জুর করা যাইবে; কিন্তু নীলাম অসিদ্ধ করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে তাঁহার যে স্বত্ব থাকে, ঐরূপ নামঞ্জুর করাতে সেই স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

বাকী টাকা আমানত করা না গেলে তালুক নীলাম হইবার কথা।

১৯৯ ধারা। পূর্ব্ব ধারার বিধানের স্থল না হইলে, যে তালুক সম্বন্ধে পূর্ব্ব কএক ধারামতে নোটিস দেওয়া গিয়াছে, সেই তালুক নোটিসের নির্দ্দিষ্ট তারিখে নীলাম করা যাইবে; কিন্তু পূর্ব্ব দিনের সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে তলবের টাকা অথবা পূর্ব্ব ধার মতে ঐ টাকা কমান গেলে, সেই কমান টাকা ভূমাধিকারীকে দিবার নিমিত্ত বাকীদার বা অন্য কোন ব্যক্তি কালেক্টরী কাছারীতে আমানত করিলে, নীলাম হইবে না।

নীলাম হইলে, যে২ নিয়ম মানিতে হইবে, তাহার কথা।

২০০ ধারা। (১) পূর্ব্বে কাছারীতে যে নোটিস লাগাইয়া দেওয়া যায়, নীলামের সময়ে তাহা নামাইয়া ফেলিতে হইবে, এবং লাটগুলি নোটিসে যে ক্রমে লেখা থাকে, সেই ক্রমানুসারে পরে ডাকা যাইবে।

(২) যে প্রত্যেক লাট সম্বন্ধে ইস্তাহার দেওয়া যায় তাহার বাকীর হিসাবে নীলামের তারিখ পর্য্যন্ত যে২ টাকা দেওয়া হইয়াছে, তাহার বিশেষ বর্ণনাপত্রের সহিত ও মফঃসলে যে নোটিস প্রচার করিবার আদেশ দেওয়া যায়, তাহার রসীদ বা সর্টিফিকেট সহিত ভূস্বামীর পক্ষীয় এক ব্যক্তি নীলামে উপস্থিত থাকিবেন।

(৩) যে বর্ণনাপত্র দাখিল করা যায়, যাবৎ তাহা দেখিয়া লওয়া না হয় ও তাহা হইতে উক্ত বৎসরের বাকী থাকা নির্ণয় করা না হয় এবং যাবৎ নোটিস দিবার রসীদ পাঠ করা না হয়, তাবৎ কোন লাট নীলামে চড়ান যাইবে না। যে প্রত্যেক লাটের নীলাম হয়, তৎসম্বন্ধে স্বতন্ত্র রুবকারী করিয়া সেই রুবকারীতে এই সকল নিয়ম পালিত হইবার কথা লিখিত হইবে।

(৪) কার্ত্তিক মাসের প্রথম দিনে যে দরখাস্ত দেওয়া যায়, সেই দরখাস্তমতে নীলাম হইলে, নীলামের তারিখ পর্য্যন্ত তলবের চারি আনার অধিক বাকী আছে, ইহা দেখিতে পাইবার নিমিত্ত বাকীদারের কিস্তিবন্দীও দাখিল করিতে হইবে; এবং ইহা নির্ণয় করা না গেলে, নীলাম হইবে না।

(৫) এইরূপে যে সকল কাগপত্র দেখাইতে হইবে, তাহার শুদ্ধতা ও অনন্যতা সম্বন্ধে কেবল ভূস্বামী দায়ী থাকিবেন; এবং যে কার্য্যকারক নীলাম করেন, তিনি নীলাম ন্যায্য ও প্রকাশ্যরূপে হওয়া ছাড়া এবং তাঁহার উপদেশার্থে এই অধ্যায়ে যে২ বিধি নির্দ্দেশ করা গেল তাহা পালিত হওয়া ছাড়া অন্য কোন বিষয়ে দায়ী থাকিবেন না।

নীলামের কার্য্য যে-রূপে চালাইতে হইবে তাহার কথা।

২০১ ধারা। (১) এই অধ্যায়মতে তালুকের সমস্ত নীলাম সরকারী কাছারীতে হইবে।

(২) যে ব্যক্তির সর্ব্বাপেক্ষা উচ্চ ডাক হয়, তুমি তাঁহার নিকট বিক্রয় করা যাইবে, এবং বাকীদার ছাড়া প্রত্যেক ব্যক্তি অবাধে ডাকিতে পারিবেন।

(৩) লাটের ডাক মঞ্জুর হইবামাত্র ক্রয়ের টাকার শতকরা ১৫ টাকা দিতে হইবে।

(৪) যে কার্য্যকারক নীলামের কার্য্য চালান, তাঁহার সন্তোষমতে যাবৎ প্রত্যয় না জন্মে যে, মত টাকা আমানত করিতে হইবে তাহা তদর্থে হাতে আছে কিম্বা ছয় ঘণ্টার মধ্যে দাখিল করা যাইবে, তাবৎ তিনি কোন ডাক গ্রাহ্য করিতে কিম্বা তিনি ডাকেন এরূপ কোন ব্যক্তির নামে কোন লাট ফেলিতে অস্বীকার করিতে পারিবেন।

(৫) নীলাম হইবার পর দুই ঘণ্টার মধ্যে শতকরা পনের টাকা নগদ দেওয়া না গেলে কিম্বা তত্তুল্য মূল্যের গবর্ণমেণ্ট সিকিউরিটী দাখিল করা না গেলে, উক্ত লাট ঐ দিনেই পুনর্ব্বার নীলাম করা যাইবে।

(৬) ক্রয়ের টাকার অবশিষ্টাংশ অষ্টম দিবসের দুই প্রহর রর মধ্যে দেওয়া না গেলে, জিলার সদর মোকামের বাজারে ঢেঁড়রা পিটিয়া নীলাম ঘোষণা করিয়া পর দিনে অর্থাৎ প্রথম নীলাম অবধি নবম দিবসে পুনর্ব্বার নীলাম হইবার নোটিস দেওয়া হইবে।

৭) তাহা হইলে উক্ত লাট প্রথম খরিদারের ঝুঁকিতে নির্দ্দিষ্ট সময়ে পুনর্ব্বার নীলাম করা যাইবে। প্রথম খরিদার পূর্ব্ব বা পরের টাকা হিসাবে অধিক যে টাকা দিয়াছিলেন তাহা বাদ হইবে এবং দ্বিতীয় বার নীলাম করিয়া যে টাকা অপেক্ষা হয় তাহা পূর্ব্ব নীলামের টাকা অপেক্ষা যত টাকা কম হয় তত টাকার জন্যে দায়ী থাকিবেন। দেওয়ানী আদালতের ডিক্রীজারী করিবার যে প্রণালী আছে সেই প্রণালীমতে এ কমতী টাকা আদায় করা যাইবে।

(৮) আমানত করা যে টাকা বাদ হয়, তাহা হইতে নীলামের খরচ দেওয়া যাইবে; এবং বাকী যদি কিছু থাকে তাহা পরে মতে জমা দেওয়া যাইবে।

১০৩ ধারা। (১) এই অধ্যায়মতে কোন তালুকের খরিদার ক্রয়ের সমস্ত টাকা দিলে, কালেক্টর তাঁহাকে ঐ টাকা দিবার সার্টিফিকেট দিবেন।

খরিদারের ক্রয়ের কথা।

(২) তাহা হইলে তালুকদার কিম্বা তাঁহার স্বার্থগত পূর্ব্বাধিকারীদের মধ্যে কেহ কিম্বা তাঁহার বা তাঁহাদের অধীন কোন দাওয়াদার ঐ তালুকের উপর যে সকল দায়, দাবী, খোরাক প্রজাস্বত্ব, খাচ্ছদখলীস্বত্ব স্বত্ব এবং অন্যান্য স্বত্ব বা স্বার্থ সৃষ্টি করিয়াছেন, তাহা অবিদ্ধ করণার্থ ১৮৮ ধারায় যে প্রণালী নির্দ্দিষ্ট করিয়াছে, সেই প্রণালীমতে অবিদ্ধ করিবার দরখাস্ত সহিত খরিদার উক্ত তালুক প্রাপ্ত হইবেন। নিম্নলিখিত কয়েকটী স্বত্বসম্বন্ধে এই বিধি খাটিবে না।

(ক) দখলী স্বত্ব;

(খ) যে সময়ে স্বত্ব দেওয়া যায়, সেই সময়ে যাহা ন্যায্য ও যুক্তিসিদ্ধ খাজনা ছিল, সেই খাজনা দিয়া ভোগ করিবার যে স্থায়ী দখলীস্বত্ব নির্দ্দিষ্ট কোন খাজনা ধার্য্য দেওয়া যায়, সে স্বত্ব; কিম্বা

(গ) যে লিখিত দলিলপত্রক্রমে তালুকের সৃষ্টি হয়, তাহাতে স্পষ্ট বাক্যে যে ক্ষমতা প্রদত্ত হয়, সেই ক্ষমতাক্রমে সৃষ্ট কোন স্বত্ব বা স্বার্থ।

২০৩ ধারা। এই অধ্যায়মতে কোন তালুকের খরিদার তৎসম্বন্ধে পূর্ব্ব ধারামত সার্টিফিকেট পাইলে, এবং ৩য় অধ্যায়মতে তাঁহার প্রতি তালুক হস্তান্তর হইবার কথা রেজিষ্টরী করা গেলে, তাঁহাকে তালুক দখল দিবার নিমিত্ত তিনি কালেক্টরের নিকট প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে কালেক্টর তাঁহাকে তালুকের দখল দেওয়াইবেন; এবং ডিক্রীজারীক্রমে নীলাম হইলে যে দেওয়ানী আদালত খরিদারকে দখল দেন, সেই আদালতের প্রতি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে যে ক্ষমতা অর্পিত হইয়াছে, কালেক্টর সেই সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

খরিদারকে দখল দিবার কথা।

২০৪ ধারা। এই অধ্যায়মতে কোন তালুক নীলাম হইবার স্থগিত রাখা গেলে যদি কোন ব্যক্তির ঐ তালুকে এরূপ স্বার্থ থাকে যাহা নীলাম হইলে অবিদ্ধ হইতে পারে এবং তিনি নীলাম নিবারণার্থ ১৯৯ ধারামতে আবশ্যক টাকা কালেক্টরী কাছারীতে আমানত করেন তবে ১৮৮ ধারার বিধান খাটিবে; এবং যদি ঐ ব্যক্তি তালুকদারের অধস্তন প্রজা হন, তবে ১৫ অধ্যায়মতে যে সোত নীলাম করার বিচারণ দেওয়া যায়, উক্ত তালুক সেই সোত হইল এবং নীলাম নিবারণার্থে উক্ত টাকা আদালতে দেওয়া গেলে, ১৮৯ ধারার বিধান সেরূপে খাটিবে সেইরূপে বর্ত্তিবে।

নীলাম বন্ধ করিতে যে ব্যক্তির স্বার্থ থাকে সেই ব্যক্তির আমানত করিবার কথা।

২০৫ ধারা। ১ এই অধ্যায়ের বিধানের আশ্রয়ে কোন তালুক নীলাম করা গেল কিন্তু উক্ত নীলাম ওই কল বিধানক্রমে সিদ্ধ না হইল, তাহাতে যে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হন, তিনি নীলাম অসিদ্ধ করিবার নিমিত্ত ও তাহাতে তাঁহার যে হানি হয় তাহার ক্ষতিপূরণ পাইবার নিমিত্ত, যে ভূস্বামীর প্রার্থনামত নীলাম হয় তাঁহার বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিতে পারেন।

নীলাম অসিদ্ধ করিবার মোকদ্দমার কথা।

২ তালুকের খরিদারকে মোকদ্দমার এক পক্ষ করিতে হইবে; এবং নীলাম অসিদ্ধ হইলে তাঁহার যে কোন ক্ষতি হয়, তজ্জন্য তিনি উক্ত মোকদ্দমায় ভূস্বামীর স্থানে ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।

২০৬ ধারা। এই অধ্যায়মতে কোন তালুক বিক্রয় করা গেলে, ঐ তালুকে যে কোন ব্যক্তির এরূপ স্বার্থ থাকে যাহা খরিদার ২০৩ ধারামতে অবিদ্ধ করিতে পারেন, তিনি নীলাম দ্বারা তাঁহার যে হানি হয় তাহার ক্ষতিপূরণ পাইবার নিমিত্ত নীলামের তারিখ অবধি এক মাসের মধ্যে খরিদারের বিরুদ্ধে মোকদ্দমা করা

নীলাম হওয়াতে যে ব্যক্তির স্বার্থ আছে বলিয়া দাবী করে সে ক্ষতিপূরণ পাইবার মোকদ্দমার কথা।

কিন্তু বাকীদারের অধস্তন কোন প্রজার স্থানে নীলামের সময়ে কোন বাকী খাজানা পাওনা থাকিলে, ঐ প্রজা এইরূপ কোন মোকদ্দমা চালাইতে পারিবেন না।

নীলামের উৎপন্ন টাকা লইয়া যাহা২ করিতে হইবে, তাহার কথা।

২০৭ ধারা। (১) এই অধ্যায়মত নীলামের উৎপন্ন টাকা লইয়া নিম্নলিখিতমতে কার্য্য করিতে হইবে, যথা,—

(ক) এই অধ্যায়ের বিধান কলবৎ করণার্থ যে কোন অতিরিক্ত সেরেস্তা রাখা আবশ্যক হয়, তাহার খরচ কুলাইবার নিমিত্ত শতকরা এক টাকা করিয়া বিক্রয়োৎপন্ন টাকা হইতে প্রথমতঃ কাটিয়া লইয়া গবর্ণমেণ্টের হিসাবে জমা দেওয়া যাইবে।

(খ) যে বাকী খাজানার নিমিত্ত নীলাম হইয়াছে তাহা (সুদসমেত ও তালুক নীলাম করাইতে যে সকল খরচ পড়িয়াছে তাহা সমেত) ইহার পর ভূম্যধিকারীকে দেওয়া যাইবে।

(গ) (ক) ও (খ) প্রকরণের নির্দ্দিষ্ট টাকা দেওয়া গেলে পর উদ্বৃত্ত থাকিলে, যে কার্য্যকারক নীলাম কার্য্য চালান, তিনি তাহা অবিলম্বে কালেক্টর সাহেবের খাজানাখানায় পাঠাইবেন। ২০৬ ধারামতে যাঁহারা ক্ষতিপূরণের ডিক্রী পান, তাঁহাদের দাওয়া শোধ করিবার নিমিত্ত ঐ উদ্বৃত্ত টাকা নীলামের তারিখ অবধি দুই মাস গত না হওয়া পর্য্যন্ত উক্ত খাজানাখানায় আমানত করিয়া রাখিতে হইবে, এবং উক্ত কাল মধ্যে ঐ ধারামতে মোকদ্দমা উপস্থিত করা গেলে যাবৎ ঐ সকল মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি না হয়, তাবৎ উক্ত টাকা আমানত রাখিতে হইবে।

(ঘ) যে উদ্বৃত্ত টাকা (গ) প্রকরণমতে রাখা যায়, তাহাহইতে প্রথমতঃ ২০৬ ধারামতে বাকীদারের বিরুদ্ধে ডিক্রী হইয়া থাকিলে, ঐ ডিক্রীর টাকা দিতে হইবে। উদ্বৃত্ত টাকা হইতে ডিক্রীর টাকা সম্পূর্ণরূপে দিতে না কুলাইলে, যাহার যত টাকার ডিক্রী থাকে, তদনুসারে ডিক্রীদারদের মধ্যে ঐ টাকা হারাহারীমতে বণ্টন করিয়া দেওয়া যাইবে।

(ঙ) উক্ত উদ্বৃত্ত টাকার কিছু অবশিষ্ট থাকিলে, তাহা বাকীদারকে দেওয়া যাইবে।

(চ) যে টাকা (গ) প্রকরণমতে আমানত রাখা যায়, যে কোন ব্যক্তির তাহাতে স্বার্থ থাকে, তিনি আমানতী টাকার পরিবর্ত্তে যাহার সুদ চলে, এরূপ গবর্ণমেণ্ট সিকিউরিটী রাখিয়া উক্ত টাকা সমস্ত কিম্বা তাহার কোন অংশ ফিরাইয়া লইতে পারিবেন। শেষ যে গবর্ণমেণ্ট গেজেট পাওয়া যায়, তাহাতে যে ডিস্কৌণ্টের বা প্রিমিয়মের হার দেখা যায়, সেই হারে উক্ত সিকিউরিটী লওয়া যাইবে।

রবিবার ও বন্ধের দিন বিষয়ক বিধানের কথা।

২০৮ ধারা। এই অধ্যায়ের নির্দ্দিষ্ট কোন দিন রবিবার বা বন্ধের দিন হইলে, ঐ দিনে এই অধ্যায়মতে যাহা কিছু করিবার আদেশ বা অনুমতি থাকে, তাহা তাহার পরদিন রবিবার বা বন্ধের দিন না হইলে করা যাইতে পারিবে।

অন্যান্য তালুক নীলামের কথা।

অন্যান্য রেজিষ্টরী করা তালুক সম্বন্ধে এই অধ্যায় পরিবর্ত্তিত হইয়া খাটিবার কথা।

২০৯ ধারা। এই অধ্যায়ের পূর্ব্ব কএক ধারামতে যে সকল তালুক নীলাম করা যাইতে পারে, তদ্ভিন্ন কোন তালুক সরকারী রেজিষ্টরে রেজিষ্টরী করিবার বিধান আইনে করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিধিক্রমে সময়েং যেরূপ পরিবর্ত্তন নির্দ্দেশ করেন, সেইরূপ পরিবর্ত্তন সহকারে ঐ সকল ধারা উক্তরূপে রেজিষ্টরী করা তালুক সম্বন্ধে খাটিবে।

১৭শ অধ্যায়।

চুক্তি ও দেশাচার বিষয়ক বিধি।

চুক্তির বিরুদ্ধে যেং বিধান কলবৎ হইবে তাহার কথা।

২১০ ধারা। প্রকারান্তরের চুক্তি থাকিলেও নিম্নলিখিত বিষয় সম্বন্ধে এই আইনের বিধান কলবৎ হইবে, যথা,—

(ক) বাসেমা রায়তের ও দখলীস্বত্ববিশিষ্ট রায়তের স্বত্ব লোপ (২৪, ২৫ ও ২৬ ধারা)।

(খ) ৩০ ধারার নির্দ্দিষ্ট দখলী স্বত্বের অনুষঙ্গ।

(গ) ৫১ ধারামতে দখলীস্বত্ববিশিষ্ট রায়তের খাজানা কমাইবার দাওয়া করিবার স্বত্ব।

(ঘ) ৫৩ ধারামতে কবুলী খাজানা পরিবর্ত্তনের দাওয়া করিতে ভূম্যধিকারীর বা প্রজার স্বত্ব।

(ঙ) নির্দ্দিষ্ট হেতু বিনা দখলীস্বত্বশূন্য রায়তকে ও কোফা রায়তকে উচ্ছেদ করণ বিষয়ে আইনমতে প্রদত্ত সংরক্ষণ (৫৮, ৫৯, ৬০, ও ৬৩ ধারা)।

(চ) মোক্তের ভুল করিয়া যাওয়াতে প্রজার খাজানা কমাইবার স্বত্ব (৬৬ ধারা)।

(ছ) রায়তের উৎকর্ষসাধন করিবার ও তজ্জন্য ক্ষতিপূরণের দাওয়া করিবার স্বত্ব (৮৮, ৮৯, ৯০, ও ৯১ ধারা)।

(জ) ডিক্রীজারীক্রমে না হইলে, উচ্ছেদ বিষয়ে সমুদয় প্রজাকে প্রদত্ত সংরক্ষণ (৯৮ ধারা)।

কায়েমী মকররী পাট্টার কথা।

২১১ ধারা। যে স্থানের চিরস্থায়ী বন্দোবস্ত হইয়াছে, সেই স্থানে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে যে কোন নিয়ম হয়, সেই নিয়মানুসারে কায়েমী মকররী পাট্টা দিতে ভূম্যধিকারীর বাধ্য হইবে, এই আইনের কোন কথাক্রমে এরূপ জ্ঞান করিতে হইবে না।

কৃষিকার্য্যোপযোগীকরণে চুক্তির কথা।

২১২ ধারা। এই আইনের কোন কথাক্রমে পতিত ভূমি কৃষিকার্য্যোপযোগী করণার্থ কোন চুক্তির ব্যাঘাত হইবে না।

চর ও দেয়াড়া জমীর কথা।

২১৩ ধারা। (১) এই আইনে প্রকারান্তরের কথা থাকিলেও, যে প্রকারের জমী চর বা দেয়াড়া নামে খ্যাত, অর্থাৎ সামান্যতঃ বন্যা দ্বারা যে ভূমির উৎকর্ষ বা অপকর্ষ সাধন হইতে পারে, যে রায়ত সেই ভূমি ভোগ করে, সেই রায়ত তাহা ক্রমাগত দশ বৎসর ভোগ না করিলে ঐ ভূমিতে দখলী স্বত্ব লাভ করিবে না, এবং যাবৎ ঐ দখলীস্বত্ব লাভ না করে, তাবৎ তাহার ও ভূম্যধিকারীর মধ্যে যে খাজানা দিবার নিয়ম হয়, তাহার যোতের নিমিত্ত সেই খাজানা দিতে দায়ী থাকিবে।

(২) কিন্তু ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে আদালত নির্দ্দেশ করিতে পারিবেন যে কোন জমী এই ধারার অর্থমত চর বা দেয়াড়া জমী বলিয়া আর গণ্য হইবে না। তাহা হইলে, এই আইনের সমুদায় বিধান উক্ত জমী সম্বন্ধে খাটিবে।

উঠবন্দী ও ভাসবাসিল প্রণালীর কথা।

২১৪ ধারা। "উঠবন্দী" প্রণালী ও "ভাসবাসিল" প্রণালী নামে খ্যাত প্রণালীমতে কোন ভূমি ভোগ করা গেলে, দেশাচার বা প্রকারান্তরের যে সকল নিয়মে ভূমি ভোগ হয়, এই আইনের কোন কথাক্রমে সেই সকল নিয়মের কোন ব্যাঘাত হইবে না।

চাকরাণ তালুক সম্বন্ধে বা খাটিবার কথা।

২১৫ ধারা। এই আইনের কোন কথায় কোন মাটওয়ালী বা অন্য চাকরাণ তালুকের কোন অনুষঙ্গের ব্যাঘাত হইবে না, বিশেষতঃ এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে চাকরাণ তালুক হস্তান্তর করিতে বা উইলক্রমে দান করিতে পারা যাইত না, তাহা হস্তান্তর করিবার বা উইলক্রমে দান করিবার স্বত্ব প্রদত্ত হইবে না।

বাস্তু ভূমির কথা।

২১৬ ধারা। কোন রায়ত রায়তস্বরূপ আপন যোতের অংশ না হইয়া বাস্তুভূমি ভোগ করিলে, ঐ বাস্তুভূমির প্রজাস্বত্বের অনুষঙ্গ দেশাচার দ্বারা নিয়মিত হইবে।

দেশাচার সংরক্ষণের কথা।

২১৭ ধারা। কোন দেশাচার বা দেশাচারানুগত স্বত্ব এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হইলে অথবা এই আইনের বিধানক্রমে স্পষ্টতঃ বা আবশ্যক অনুমানানুসারে পরিবর্ত্তিত বা রহিত না হইলে, এই আইনের কোন কথায় তাহার কোন ব্যতিক্রম হইবে না।

উদাহরণ।

কোর্ট অব রায়ত কোন অবস্থায় দখলীস্বত্ব প্রাপ্ত হয় এই দেশাচার এই আইনের বিধানের সহিত অসঙ্গত নহে, এবং এই আইনের বিধান দ্বারা স্পষ্টতঃ বা আবশ্যক অনুমানানুসারে পরিবর্ত্তিত বা রহিত করা যায় নাই; সুতরাং উক্ত দেশাচার কোর্ট স্থানে থাকিলে, এই আইন দ্বারা তাহার কোন ব্যতিক্রম হইবে না।

১৮শ অধ্যায়।

মিয়াদ বা তামাদি বিষয়ক বিধি।

ডফসীলমত মোকদ্দমা, আপীল এবং প্রার্থনা বা দরখাস্তের মিয়াদের কথা।

২১৮ ধারা। (১) এই আইনের দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট মোকদ্দমা, আপীল এবং প্রার্থনা বা দরখাস্ত তত্তৎ জন্য ঐ তফসীলের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উপস্থিত করিতেও করিতে হইবে; এবং ঐরূপ মিয়াদ কালের পর উক্তরূপ যে প্রত্যেক মোকদ্দমা বা আপীল উপস্থিত করা যায়, এবং প্রার্থনা বা দরখাস্ত করা যায়, তাহা মিয়াদ উত্তীর্ণ হইবার কথা না তোলা গেলেও অগ্রাহ্য হইবে।

(২) এই আইন প্রচলিত হইবার সময়ের অব্যবহিত পূর্ব্বে যে মোকদ্দমা বা আপীল কিম্বা প্রার্থনা বা দরখাস্ত উপস্থিত করিলে মিয়াদ উত্তীর্ণ হওয়া প্রযুক্ত ব্যাহত হইত এই ধারার কোন কথাক্রমে সেই মোকদ্দমা বা আপীল কিম্বা প্রার্থনা বা দরখাস্ত করিবার স্বত্ব পুনঃস্থাপিত হইবে না।

ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক আইনের কিয়দংশ এ মোকদ্দমা প্রভৃতিতে না খাটিবার কথা।

২১৯ ধারা। ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৭, ৮ ও ৯ ধারা ২১৮ ধারায় লিখিত মোকদ্দমা বা প্রার্থনা সম্বন্ধে খাটিবে না।

১৯শ অধ্যায়।

অতিরিক্ত বিধি।

ফসলে বে-আইনীমতে হস্তক্ষেপ করিলে দণ্ডের কথা।

২২০ ধারা। (১) এই আইন অনুসারে কিম্বা অন্য যে কোন আইন যৎকালে বলবৎ থাকে, সেই আইন অনুসারে না হইয়া, যদি কোন ব্যক্তি

(ক) কোন প্রজার যোতের ফসল ক্রোক করে কিম্বা ক্রোক করিবার উদ্যোগ করে, কিম্বা

(খ) এই আইনমতে নিয়মিতরূপে যে ক্রোক করা যায়, তাহার বাধা দেয়, কিম্বা এই আইনমতে নিয়মিতরূপে যে কোন সম্পত্তি ক্রোক করা যায়, তাহা বলপূর্ব্বক বা গোপনে স্থানান্তর করে, কিম্বা

(গ) প্রজার অনুমতি বা সম্মতি ব্যতিরেকে কোন যোতের ফসল কাটিতে, সংগ্রহ করিতে সরিতে করিতে, স্থানান্তর করিতে কিম্বা প্রকারান্তরে তাহা লইয়া যাইতে করিতে বাধা দেয়, বা দিবার উদ্যোগ করে,

তবে তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমতে অপরাধ ভাবে অনধিকার প্রবেশ করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

(২) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমতে যে কোন ব্যক্তি (১) প্রকারের লিখিত কোন কার্য্য করিতে সহায়তা করেন, তিনি উক্ত আইনের অর্থমতে অপরাধ ভাবে অনধিকার প্রবেশ প্রভৃতির সহায়তা করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

ভূম্যধিকারীদের কর্ম্মকারক ও প্রতিনিধিদের কথা।

ভূম্যধিকারীর কর্ম্মকারক দ্বারা কার্য্য করিবার কথা।

২২১ ধারা। (১) কোন আদালতে বা অন্য কর্ত্তৃপক্ষের সকটে এই আইনমতে কোন ভূম্যধিকারীর উপস্থিত হইবার, প্রার্থনা করিবার বা কোন কার্য্য করিবার আদেশ বা অনুমতি থাকিলে, উক্ত আদালত বা কর্ত্তৃপক্ষ এরূপ রাস্তবের আজ্ঞা না করিলে, ভূম্যধিকারীর স্বাক্ষরিত ক্ষমতাপত্র ক্রমে এতদর্থে ক্ষমতাপ্রাপ্ত ভূম্যধিকারীর কর্ম্মকারকও ঐ সকল কর্ম্ম করিতে পারিবেন।

(২) এই আইনে যে প্রত্যেক নোটিস ভূম্যধিকারীর উপর জারী করিবার বা তাঁহাকে দিবার আদেশ আছে, তাহার জারী স্বীকার করিতে বা তাহা লইতে পূর্ব্বোক্তমতে ক্ষমতাপ্রাপ্ত ভূম্যধিকারীর কর্ম্মকারকের উপর তাহা জারী করা গেলে, কিম্বা তাঁহাকে দেওয়া গেলে, যদি নিজ ভূম্যধিকারীর উপর তাহা জারী করা যাইত কিম্বা তাঁহাকে দেওয়া যাইত, তাহা হইলে যেরূপ ফল হইত, এই আইনের কারণার্থে সেইরূপ বলা হইবে।

(৩) কর্ম্মকারক নিয়োগ করিবার লিখিত ক্ষমতা দিবার নিদর্শনপত্র ছাড়া যে প্রত্যেক দলীল এই আইনের আদেশমতে ভূম্যধিকারী কর্ত্তৃক স্বাক্ষরিত বা সার্টিফিকেটযুক্ত হওয়া আবশ্যক, তাহা এতদর্থে ক্ষমতাপত্রপ্রাপ্ত এরূপ কোন কর্ম্মকারকের দ্বারা স্বাক্ষরিত বা সার্টিফিকেটযুক্ত হইতে পারিবে।

একাধিক ভূম্যধিকারীদের একত্রে বা সাধারণ কর্ম্মকারকের দ্বারা কার্য্য করিবার কথা।

২২২ ধারা। দুই বা ততোধিক ব্যক্তি একত্রশালী ভূম্যধিকারী হইলে, যাহা কিছু করিতে এই আইনমতে ভূম্যধিকারীর প্রতি আদেশ বা অনুমতি আছে, তাহা তাঁহারা উভয়ে বা সকলে একত্র হইয়া করিবেন কিম্বা তাঁহাদের উভয়ের বা সকলের পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মকারক করিবেন।

রাজস্ব কর্ম্মচারীদের ক্ষমতার কথা।

কর্ম্মচারীদের কার্য্যপ্রণালী ও ক্ষমতা সম্বন্ধীয় বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

২২৩ ধারা। রাজস্ব কর্ম্মচারীদের উপর এই আইনের দ্বারা বা এই আইনমতে যে কোন কার্য্যের ভার অর্পিত হয়, সেই কর্ম্ম সম্পাদনার্থে তাঁহাদের যে কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে, তাহার বিধান করণার্থ স্থানীয় গবর্ণমেণ্ট সময়ের রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এই আইনসঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন, এবং ঐ বিধি দ্বারা এরূপ কোন কর্ম্মচারীর প্রতি

(ক) মোকদ্দমার বিচারকালে কোন দেওয়ানী আদালত যে কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন এরূপ কোন ক্ষমতা, ও

(খ) কোন ভূমিতে প্রবেশ করিবার এবং তাহা জরীপ ও চিহ্নিত করিবার ও তাহার মানচিত্র করিবার ক্ষমতা, ও

(গ) জমীর শক্তি বুঝিয়া দেখিবার নিমিত্ত কোন ভূমির কাটিবার ও খাড়িবার ও উৎপন্ন শস্যাদি ওজন করিবার ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

বিবিধ কথা।

বিধি প্রণয়ন, প্রকাশ ও দৃঢ় করিবার কার্য্যপ্রণালীর কথা।

২২৪ ধারা। (১) এই আইনের কোন ধারামতে বিধি প্রণয়ন করিবার ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক কর্ত্তৃপক্ষ উক্ত বিধি করিবার পূর্ব্বে প্রস্তাবিত বিধির পাণ্ডুলেখ, যে ব্যক্তিদের উপর তাহা প্রযুক্ত হইবার সম্ভব না, তাঁহাদের অবগতি নিমিত্ত প্রকাশ করিবেন।

(২) স্থানীয় গবর্ণমেণ্টের বা হাই কোর্টের প্রণীত বিধি হইলে, উক্ত গবর্ণমেণ্টের বা কোর্টের বিবেচনায় সম্পর্কযুক্ত ব্যক্তিদিগকে সম্বাদ দিবার পক্ষে যাহা উপযুক্ত বোধ হয়, সেই প্রকারে ঐ বিধি প্রকাশ করা যাইবে; অন্য কোন কর্ত্তৃপক্ষের প্রণীত বিধি হইলে তাহা নিম্নলিখিত প্রকারে প্রকাশ করা যাইবে। কিন্তু এরূপ বিধির পাণ্ডুলেখ যে জমীর সেটেল্‌মেণ্ট প্রকাশিত হইবে।

(৩) উক্ত পাণ্ডুলেখের সহিত একটি নোটিস প্রকাশ করিতে হইবে। এক পক্ষ কালের তারিখ হইতে এ নোটিস তারিখ হইবার পূর্ব্বে উক্ত পাণ্ডুলেখ এরূপ যে তারিখের পর বিবেচনা করিয়া দেখা হইবে, ঐ নোটিসে সেই তারিখ নির্দ্দিষ্ট থাকিবে।

(৪) ঐ নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে উক্ত পাণ্ডুলেখ সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন, উক্ত কর্ত্তৃপক্ষ তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিবেন।

(৫) এই আইনমতে প্রণীত হইয়াছে বলিয়া কোন বিধি রাজকীয় গেজেটে প্রকাশ করা গেলে, ঐ প্রকাশ করণের পর উক্ত বিধি যথাযথরূপে প্রণীত হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

যে জিলায় কিংবা কালীন বন্দোবস্ত থাকে তৎসম্বন্ধীয় বিধানের কথা।

যে জিলায় চিরস্থায়ী বন্দোবস্ত থাকে সেই জিলায় যে ভূমি সেই প্রকারের মধ্যে পড়িলে, এই আইনের কোন কথাক্রমে, রাজস্বের চিরস্থায়ী বন্দোবস্তের নিয়ম ফুরাইলে, খাজনা বৃদ্ধির বাধা হইবে না। কিন্তু কোন রাজস্ব কর্ত্তৃপক্ষ গবর্ণমেণ্টের

স্থানে চূড়ান্ত বন্দোবস্ত করিবার, বা বন্দোবস্ত দৃঢ় করিবার ক্ষমতা পাইয়া বন্দোবস্তী কার্য্যানুষ্ঠান মধ্যে বন্দোবস্তের মিয়াদ অতীত হইবার পর অবধারিত ভাবে খাজানা দিয়া ভোগ করিবার স্বত্ব স্পষ্ট বাক্যে স্বীকার করিয়া থাকিলে, অতন্ত্র কথা।

রাজস্বের নূতন বন্দোবস্ত হইলে খাজানা পরিবর্ত্তন করিতে পারিবার কথা।

২২৬ ধারা। যাহা চিরস্থায়ী বন্দোবস্তী ভূমির অন্তর্গত নহে, এরূপ কোন ভূমি বিনা খাজানায় কিম্বা অবধারিত খাজানায় ভোগ করিবার স্বত্বে এ ভূমির কোন দেওয়া গেল বলিয়া ভূম্যধিকারী পাট্টা দিলে কিম্বা অন্য কোন চুক্তি করিলে, এবং পাট্টা বা চুক্তি বলবৎ থাকিতে

(ক) ভূমির রাজস্ব উক্ত ভূমির সম্বন্ধে প্রথম দেয় হইলে, কিম্বা

(খ) তৎসম্বন্ধে ভূমির রাজস্ব পূর্ব্বে দেয় হইয়া থাকিলেও ভূমির রাজস্বের নূতন বন্দোবস্ত করা গেলে,

উভয় পক্ষের মধ্যে চুক্তিতে প্রকারান্তরের কথা সত্ত্বেও, কোন রাজস্ব কর্ম্মচারী ভূম্যধিকারীর বা প্রজার প্রার্থনামতে আজ্ঞাক্রমে এই আইনের বিধান অনুসারে উক্ত ভূমির উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিতে পারিবেন।

খালকর প্রভৃতি স্বত্বের কথা।

২২৭ ধারা। বাকী খাজানা আদায় করণার্থ মোকদ্দমায় এই আইনের যে সকল বিধান খাটে, কোন খালকর, বনকর, জলকর প্রভৃতি স্বত্ব সম্বন্ধে যাহা কিছু দিতে বা গ্রহণ করিতে হয়, তাহা আদায় করিবার মোকদ্দমায় যত দূর সম্ভব সেই সকল বিধান খাটিবে।

খালকর ও বনকর প্রভৃতি স্বত্বের কথা।

বিশেষ আইন সংরক্ষণের কথা।

২২৮ ধারা। এই আইনের কোন কথায়—

(ক) এই আইনের দ্বারা স্পষ্ট করিয়া যে কোন আইন রহিত করা হয় নাই, সেই আইনের নির্দ্দিষ্ট বন্দোবস্তকারকদের ক্ষমতার ও কর্ম্মের,

বিশেষ আইন সংরক্ষণের কথা।

(খ) গবর্ণমেণ্টের মহালের কিম্বা কোট অব ওয়ার্ডস বা রাজস্ব বন্ধুপক্ষদের অসাধারণ মহালের খাজানা আদায়ের কার্য্য প্রণালীর বিধান করণার্থ কোন আইনের,

(গ) গবর্ণমেণ্টের বাকী রাজস্বের নিমিত্ত নীলাম দ্বারা প্রজাস্বত্ব অবিলুপ্তকরণ সম্বন্ধে কোন আইনের,

(ঘ) মহাজনী মহালের বাঁধ দেওয়া সম্বন্ধে কোন আইনের, কিম্বা

(ঙ) এই আইনের দ্বারা স্পষ্টতঃ বা বিশুদ্ধ অনুমানানুসারে যে বিশেষ বা স্থানীয় অন্য আইন রহিত করা না যায়, তাহার কোন ব্যতিক্রম হইবে না।

প্রথম তফসীল।

(২ ধারা দেখ।)

যে আইন রহিত হইল।

বঙ্গদেশে প্রচলিত আইন।

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেল।
১৭৯৩ সালের ৮ আইন।	সুবেজাৎ বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যার সমস্ত জমীদার ও তালুকদার প্রভৃতি ভূম্যধিকারিদিগের সহিত সরকারের মালগুজারীর অর্থে দশসনী বন্দোবস্তের বিষয়ের যে সকল আইন ইঙ্গরেজী ১৭৮৯ সালের ১৮ সেপ্টেম্বর ও ২২ নবেম্বর এবং ইঙ্গরেজী ১৭৯০ সালের ১০ ফেব্রুয়ারি ও তাহার পর যে তারিখে নিষ্পত্তি হইয়াছে তাহার পরিবর্ত্তে পরিবর্ত্তন ও চিরস্থায়ী করিবার আইন।	৫১, ৫৭, ৫৯, ৬১, ৬৫, ৬৬, ৬৮ ধারা।
১৮০৫ সালের ১২ আইন।	এইক্ষণে মোগলবন্দী পরগণা ভুক্ত পাটাশপুর, কর্ম্মদিঘীর ও বগ্রা পরগণা ভুক্ত কটক জিলার বন্দোবস্ত ও সরকারী রাজস্ব আদায় করণার্থ আইন	৭ ধারা।
১৮১২ সালের ৫ আইন।	ভূমির মালগুজারী তহসীলের বিষয়ে যে সকল দাঁড়া এইক্ষণে চলন আছে তাহার কোন২ দফা সংশোধিবার ও সংশোধিবার নিমিত্তে আইন	২, ৩, ৪, ২৭ ধারা।
১৮১৯ সালের ১৮ আইন।	ইঙ্গরেজী ১৮১২ সালের ৫ আইনের ২ ধারার মর্ম্ম সুস্পষ্ট ও বিবরণ করিয়া লিখিবার ও ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪৪ আইনের ৩ ও ৮ ধারা ও ১৭৯৫ সালের ৫০ আইনের ৩ ও ৬ ধারার সংশোধন করিবার ও এ সকল ধারায় লিখিত দণ্ড সকলের পরিবর্ত্তে নূতন দণ্ড নির্দ্দিষ্ট করিয়া দিবার আইন।	হেতুবাদ এবং ২ ও ৫ ধারা।
১৮১৯ সালের ৮ আইন।	কোন অধিকার সিদ্ধ হইলে ও তাহা স্থাপনার্থ কোন মকদ্দমা করিবার সময় হওনের কথা স্পষ্ট করিয়া লিখিবার ও জমীদারদিগের ও পত্তনী তালুকদার প্রভৃতির পরস্পর স্বত্বের বিবরণের ও জমীদারের বাকীর নিমিত্তে নীলাম হওনের নকশা নির্দ্দিষ্ট করিবার ও তাহার প্রকার ও পরগণা বিবরণের ও বাঙ্গালা দেশের জমীদারদিগের ও তালুকদার প্রভৃতির তহসীলের দাঁড়ার মধ্যে পূর্ব্বে নির্দ্দিষ্ট কোন২ দাঁড়ার তাৎপর্য্য স্পষ্ট করণের ও তাহার কোন২ দাঁড়া রহিতকরণের নিমিত্তে আইন	সমুদয় আইন।

১ম তকসীল—(চলিতেছে।).

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেল।
১৮২০ সালের ১ আইন।	যদি জমীদারের বাকী তাহায় তালুকদারের বিরে পড়ে ও সে নিমিত্তে জমীদার তালুক নীলাম করাইবার ক্ষমতা পা, তবে সেই নীলামই ১৮১৯ সালের ৮ আইনের নীলামের মতে হইবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৫ সালের ১১ আইন।	নদীর কি কোন নদী কি সমুদ্র স্থান ত্যাগ করণ প্রযুক্তহে ভূমি পাওয়া যায় সেই ভূমির দাওয়ার নিষ্পত্তি যেং করিতে দৃষ্টি রাখিয়া করিতে হইবেক সেই ভূমি প্রকাশ করিবার নিমিত্তে আইন।	৪ ধারার ১ প্রকরণে "এবং ঐ দৃষ্ট হওয়া জমি যদি কোন প্রধান দখীলকারের পেটার কোন দখলের ভূমিতে সংলগ্ন হয়" এই২ কথা ভিন্ন প্রকরণের শেষ পর্য্যন্ত।

বঙ্গদেশের মন্ত্রিসভার প্রণীত আইন।

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেল।
১৮৩২ সালের ৬ আইন।	১৮১৯ সালের ১০ আইন (অর্থাৎ কোর্ট উইলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশের মধ্যে খাজানা আদায় করণের আইন সংশোধন করিবার আইন) সংশোধন করণের আইন।	সম্পূর্ণ আইন
১৮৩৮ সালের ৮ আইন।	আগমপত্রের কিম্বা অন্য লিখনে যেখানে বলে যে পোত্তি তালুক বিক্রয় দ্বারা কি প্রকারান্তরে হস্তান্তর হইতে পারে এমন সম্পত্তির বাকী খাজানা আদায় করণার্থকে তাহা বিক্রয় করিবার ব্যবস্থা সংশোধনার্থ আইন।	সম্পূর্ণ আইন
১৮৪০ সালের ৪ আইন।	মন্ত্রিসভাধিষ্ঠিত গভর্ণর জেনরল শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বেরগুলেসন ১৮১৯ সালের ৬ আইনের ব্যাখ্যা ও সংশোধন করিবার এবং কোন বিচার নিষ্পত্তি করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৫৯ সালের ৮ আইন।	ভূম্যধিকারী ও প্রজার মধ্যেং মোকদ্দমা হয় তাহার কার্য্য প্রণালী সংশোধন করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৭৯ সালের ৮ আইন	বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা বিস্তারিত ও সীমাবদ্ধ করিবার নিমিত্ত আইন।	সম্পূর্ণ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইন।

সাল ও নম্বর।	যে বিষয়ের আইন।	যতদূর রহিত করা গেলে।
১৮৫০ সালের ২৫ আইন।	১৮১৯ সালের ৮ আইন ও ১৮৪৬ সালের ৪ আইন অনুসারে যে ভূমির নীলাম সম্পূর্ণ না হয় তাহাতে বাকির টাকা সংক্রান্তে ভুক করণের আইন।	যে পর্য্যন্ত রহিত হয় নাই সেই পর্য্যন্ত।
১৮৫০ সালের ৩৩ আইন।	বাঙ্গলাদেশে পত্তনী তালুকের নীলামের নিমিত্তে যে দাঁড়ার আবশ্যক আছে তাহা শুধরিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৫০ সালের ৩ আইন।	মালগুজারীর বাকীর বিশেষে সরাসরী মোকদ্দমা এবং পত্তনী তালুক ও বিক্রয়যোগ্য অন্যান্য অধিকারের নীলাম এবং খাজানার বিষয়ের সরাসরী ডিক্রীজারী করণার্থে ভূমির নীলামের বিষয়ে আইন।	সম্পূর্ণ আইন।
১৮৫৯ সালের ১০ আইন।	কোর্ট উইলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলাদেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইন।	সম্পূর্ণ আইন।

দ্বিতীয় তকসীল।

[৩ (১৬) ধারা দেখ।]

১৮১৯ সালের ৮ আইনের হেতুবাদ হইতে উদ্ধৃত।

"দশসালা বন্দোবস্তের তালুকদারেরা আপনাদিগের ইজারা ইত্যাদি দিতে কিঞ্চিদ্রূপ ক্ষমতা আছে দেখিয়া, নূতন করাদাদের সৃষ্টি করিয়াছে ও প্রথমতঃ তাহা বর্দ্ধমানের রাজ এস্টেটেতে প্রকাশ হইয়াছে এক্ষণে অন্য স্থানেও হইতেছে ও এ অধিকারের প্রকাশ এই যে জমীদার কোন ব্যক্তিকে হস্তমরারি জমাস্ত তালুক দেয় ও তাহার মুনফা যে ব্যক্তি তাহা লয় তাহার ও তাহার উত্তরাধিকারিদিগের পাওন সরকারের নিমিত্তে ধরিয়া দেয় ও তালুকদারের স্থানে মাল জামিন ও ফেলায় জামিন দেওয়া ও পা লওয়ার ক্ষমতা আপনি রাখে কেন না যদি তালুকদারকে জামিন দেওন হইতে মাফ করে তবে তাহার পরে ঐ তালুক বিক্রয়াদির দ্বারা যে ব্যক্তির হাতে যায় সে এড়াইতে পারে না বরং তাহার স্থানে লইতে পারে ও ইহা এইরূপকার রেওয়াজ অর্থাৎ চলনমতে জারী গেল।

"তাহার দস্তাবেজেতে নিয়মের মধ্যে ইহা লেখা থাকে যে বাকী পড়িলে সে নিমিত্তে জমীদার তাহা বিক্রয় করাইতে পারিবেক ও যদি বিক্রয়ের পর বাকীর সংখ্যা গত তত না হয় তবে যাহা বাকী থাকে তাহা তালুকদারের শিরে থাকিবেক সে সে নিমিত্তে তাহার মাল আমলদারি বিক্রয় হইতে পারে।

"এ সকল এলাকা অর্থাৎ অধিকারকে পত্তনি তালুক বলে ও তাহা শুনিয়া অনেক২ লোক এ সকল নিয়ম ও লিখিতে তাহা জান২ লোককে দেয় ও তাহারা দর পত্তনীদার কর্ণদার ও দরপাকনীদার অন্যেরে দেয় ও ক্রমে এইরূপ। ও ইহারদিগের প্রত্যেকের দস্তাবেজ এক রকমের হয়।"

কবজের পাঠ।

১। নম্বর

২। সাল

৩। গ্রামের নাম ——— থানা ———

৪। প্রজার নাম

৫। তাহার খোতের বিবরণ (পরিমাণ, খাজানা প্রভৃতি) ———

নগদী বিঘা ——— টাকা ———

ভাওলী বিঘা ——— মণ ——— বা টাকা ———

সায়ের { বনকর ——— টাকা।
জলকর ——— টাকা।
ফলকর ——— টাকা।

গবর্ণমেণ্টের কর ... { পথকর
পূর্ত্তকার্য্যের কর

৬। যাহার মারফতে দেওয়া গেল ———

৭। দিবার তারিখ ———

৮। যত টাকা দেওয়া গেল (পৃষ্ঠে বিবরণ) ——— টাকা।

৯। তুম্বামীর বা ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকের স্বাক্ষর

কবজের পাঠ।

১। নম্বর

২। সাল

৩। গ্রামের নাম ——— থানা ———

৪। প্রজার নাম

৫। তাহার খোতের বিবরণ (পরিমাণ, খাজানা প্রভৃতি) ———

নগদী বিঘা ——— টাকা ———

ভাওলী বিঘা ——— মণ ——— বা টাকা ———

সায়ের { বনকর ——— টাকা।
জলকর ——— টাকা।
ফলকর ——— টাকা।

গবর্ণমেণ্টের কর ... { পথকর
পূর্ত্তকার্য্যের কর

৬। যাহার মারফতে দেওয়া গেল ———

৭। দিবার তারিখ ———

৮। যত টাকা দেওয়া গেল (পৃষ্ঠে বিবরণ) ——— টাকা

৯। তুম্বামীর বা ক্ষমতা প্রাপ্ত কর্ম্মকারকের স্বাক্ষর

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের আইনের ১৯ ধারায় নিম্নলিখিত বিধান আছে।—

"৬৯ ধারা। (১) কোন প্রজা খাজানার হিসাবে কোন টাকা দিলে, যে বৎসরে কিম্বা যে বৎসরের যে কিস্তিতে উহা জমা দিতে চাহেন, তাহা নির্দ্দেশ করিতে পারিবেন এবং তদনুসারে ঐ টাকা জমা দিতে হইবে।"

টাকা যেরূপে জমা দিতে হইবে তাহার কথা।

"(২) প্রজা এরূপ কোন নির্দ্দেশ না করিলে, ভূম্যধিকারী যে বৎসরের যে কিস্তি উচিত বোধ করেন, সেই বৎসরের সেই কিস্তির হিসাবে ঐ টাকা জমা দিতে পারিবেন।"

তৃতীয় তকসীম।—কবজ ও হিসাবের পাঠ।





হিসাবের পাঠ।

১। সাল

২। প্রজার নাম

৩। যোতের বিবরণ (পরিমাণ, খাজানা প্রভৃতি)

	বিঘা	হার	টাকা।
নগদী			
গবর্ণমেণ্টের কর			
	বিঘা	মণ	টাকা।
ভাওলী			
জলকর	..		
বনকর	...		
ফলকর	...		
		মণ	টাকা।

৪। বৎসরের তলব ...

৫। পূর্ব্বং বৎসরের বাকী (বকেয়া) ...

টাকা।

৬। মোট তলব (হাল ও বকেয়া) ...

৭। প্রত্যেকের হিসাবে দেওয়া গেল { হাল তলব ... ; বকেয়া তলব ... } মণ

৮। শস্যে দেওয়া গেল ...

টাকা।

৯। বৎসরের শেষে বাকী

১০। ভূস্বামীর স্বাক্ষর

হিসাবের পাঠ।

১। সাল

২। প্রজার নাম

৩। যোতের বিবরণ (পরিমাণ, খাজানা প্রভৃতি)

	বিঘা	হার	টাকা।
নগদী			
গবর্ণমেণ্টের কর			
	বিঘা	মণ	টাকা।
ভাওলী			
জলকর	...		
বনকর	...		
ফলকর	...		
		মণ	টাকা।

৪। বৎসরের তলব ...

৫। পূর্ব্বং বৎসরের বাকী (বকেয়া) ...

টাকা।

৬। মোট তলব (হাল ও বকেয়া) ...

৭। প্রত্যেকের হিসাবে দেওয়া গেল { হাল তলব ... ; বকেয়া তলব ... } মণ

৮। শস্যে দেওয়া গেল ...

টাকা

৯। বৎসরের শেষে বাকী

১০। ভূস্বামীর স্বাক্ষর

চতুর্থ তফসীল।

মিয়াদ।

(২১৮ ধারা দেখ।)

১ খণ্ড।—মোকদ্দমা।

মোকদ্দমার বর্ণনা।	মিয়াদ।	যে অবধি মিয়াদ চলে।
১। যে নিয়ম সম্বন্ধে এরূপ স্পষ্ট বিধানাত্মক চুক্তি আছে যে ঐ নিয়মভঙ্গের দণ্ডস্বরূপ উচ্ছেদ করা যাইবে, সেই নিয়মভঙ্গ-হেতু তালুকদার বা রায়তকে উচ্ছেদ করিবার মোকদ্দমা।	এক বৎসর	নিয়মভঙ্গের তারিখ অবধি।
২। বাকী খাজানা আদায়ের মোকদ্দমা—		
(ক) ৩৩ ধারামতে ঐ দেওয়ের খাজানার নিমিত্ত আমানৎ করিবার পূর্ব্বে বাকী পড়িয়া থাকিলে।	ছয় মাস	আমানতের তারিখ অবধি।
(খ) অন্যস্থলে ...	তিন বৎসর	বাঙ্গালা সন যে২ স্থানে চলিত আছে সেই২ স্থানে বাঙ্গালা সনের শেষ যে দিনে বাকী পড়ে সেই দিন অবধি এবং আমলী ও ফসলী সন যে২ স্থানে চলিত আছে সেই২ স্থানে জ্যৈষ্ঠ মাসের শেষ যে দিনে বাকী পড়ে সেই দিন অবধি।
৩। বাদী দখলীস্বত্ববিশিষ্ট রায়তস্বরূপ ভূমির দাওয়া করিলে, উক্ত ভূমির দখল ফিরিয়া পাইবার মোকদ্দমা।	দুই বৎসর	বে-দখল হইবার তারিখ অবধি।

২ খণ্ড।—আপীল।

আপীলের বর্ণনা।	মিয়াদ।	যে অবধি মিয়াদ চলে।
৪। এই আইনমত কোন ডিক্রী বা আজ্ঞার উপর জিলার জজ বা বিশেষ জজ সাহেবের আদালতে আপীল হইলে।	ত্রিশ দিন	যে ডিক্রী কি আজ্ঞার উপর আপীল হয় তাহার তারিখ অবধি।
৫। এই আইনমত কালেক্টরের কোন আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইলে।	ত্রিশ দিন	যে আজ্ঞার উপর আপীল হয় তাহার তারিখ অবধি

৩ খণ্ড।—প্রার্থনাপত্র।

প্রার্থনাপত্রের বর্ণনা।	মিয়াদ।	যে অবধি মিয়াদ চলে।
৬। যে স্থলে ডিক্রীমত খাতক ছলে বা বলে ডিক্রী জারী হইতে দেন নাই সেই স্থলভিন্ন এই আইনমত কিম্বা এই আইনদ্বারা রক্ষিত করা কোন আইনমত ডিক্রী বা আজ্ঞা জারী করিবার প্রার্থনাপত্র; যদি ডিক্রীর টাকার উপর ডিক্রীর পর যে সুদ জমে তাহা বাদে কিম্বা ঐ ডিক্রী জারী করিবার খরচা সমেত ৫০০৲ শতের অধিক টাকার নিমিত্ত ডিক্রী না হয়।	তিন বৎসর	(১) ডিক্রীর বা আজ্ঞার তারিখ অবধি; কিম্বা (২) আপীল করা গেলে, আপীল আদালতের চূড়ান্ত ডিক্রীর বা আজ্ঞার তারিখ অবধি কিম্বা (৩) বিচার সমালোচনা করা গেলে, সমালোচনাক্রমে নিষ্পত্তি হইবার তারিখ অবধি।

ভিন্ন ভিন্ন মত।

বঙ্গদেশের প্রজাস্বত্ববিষয়ক আইনের পাণ্ডুলিপি সম্বন্ধীয় সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের রিপোর্ট হইতে আমার মত ভিন্ন।

১৮৮৩ সালের ১ নবেম্বর অবধি কমিটীর অধিবেশন আরম্ভ হয় এবং ১৮৮৪ সালের ১৩ মার্চ্চে উহার কার্য্য শেষ হয়। প্রথমতঃ সপ্তাহে দুইবার মাত্র কমিটীর অধিবেশন হইত। কোন বিষয়ে সংশোধনের প্রস্তাব করিতে হইলে সভ্যদের ৪৮ ঘণ্টা পূর্ব্বে সংবাদ দিতে হইত। ২৬ জানুয়ারি তারিখে স্থির হয় যে সপ্তাহে তিন দিন ২ টা অবধি ৫ টা পর্য্যন্ত কমিটীর অধিবেশন হইবে, সংশোধন প্রস্তাবের সংবাদ অধিবেশনের পূর্ব্ব দিন সেক্রেটরীর নিকট প্রেরণ করিতে হইবে। অধিবেশনের দিন প্রাতে সংশোধনের প্রস্তাব মেম্বরগণের নিকট প্রেরিত হইত। এইরূপ নূতন বন্দোবস্ত প্রস্তাব করার কারণ এই যে, তখনও কমিটীর হাতে অনেক কার্য্য বাকী ছিল ও সিমলা গমনের সময়ও উপস্থিত প্রায় হইয়াছিল। এই বন্দোবস্তে মেম্বরদিগের নিজের২ যে অসুবিধা হইয়াছিল তাহা অগ্রাহ্য করিলেও এবং তাঁহারা এই কার্য্যে সমস্ত সময়ক্ষেপ করিয়াছেন স্বীকার করিলেও সংশোধনের জন্য প্রস্তুত হইতে তাঁহাদের ১০ ঘণ্টা এবং উহার বিশেষ আলোচনার্থ ৬ ঘণ্টা সময়ও প্রায় থাকিত না, আমি একথা না বলিয়া থাকিতে পারিতেছি না। এরূপ বন্দোবস্তে মেম্বরদিগের প্রত্যেকের প্রতিই অন্যায় করা হইয়াছিল। আমার মত অবস্থার লোকের প্রতি আরও অবিচার হইয়াছিল, কারণ আমি যাঁহাদের অভিপ্রায় ব্যক্ত করি বলিয়া লোকের বিশ্বাস, আমি তাঁহাদের সহিত পরামর্শ করিবার সময় পাইতাম না। ইহাতে যে কেবল মেম্বরদিগের প্রতিই অবিচার হইয়াছিল এমন নহে, যে সকল গুরুতর বিষয় লইয়া বাদানুবাদ তাহার প্রতিও অবিচার হইয়াছিল। আমি কর্ত্তব্য বিবেচনায় এবিষয়ে প্রতিবাদ করিয়াছিলাম, কিন্তু আমার প্রতিবাদ ফলোপধায়ক হয় নাই। ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে কমিটীর নিকট যে সকল বিষয় উপস্থিত করা হইয়াছিল এরূপ অবস্থায় যত দূর সম্ভব তাঁহারা সকল বিষয়েই বিশেষ মনোযোগ দিয়া কার্য্য করিয়াছেন, এবং আমার প্রতি যত দূর সম্ভব শিষ্টতা ও সম্মান প্রদর্শন করিয়াছেন, কিন্তু শেষাশেষি গুরুতর প্রশ্ন সমূহের মীমাংসায় অত্যন্ত ত্বরা করা হইয়াছিল। এরূপ ত্বরা অপরিহার্য্য হইলেও ইহা একান্ত দুঃখের বিষয় সন্দেহ নাই।

মন্ত্রিসভার বিধি অনুসারে কমিটীর এই পাণ্ডুলিপি সম্বন্ধীয় কাজের কথা বিষয়ে সাক্ষীর এজাহার গ্রহণের ক্ষমতা থাকিলে ভাল হইত। কমিটী যে এই ক্ষমতার আবশ্যকতা বিশেষরূপে অনুভব করিয়াছিলেন, সে বিষয়ে আমার কিছুমাত্র সন্দেহ নাই। পদ্ধতিসিদ্ধ না হইলেও, মানবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পরামর্শমতে পেটাও বিলি সম্বন্ধে কমিটীতে কয়েকজন বহুদর্শী জমীদারের সাক্ষ্য গ্রহণ করা হইয়াছিল।

কমিটীর হস্তে পড়িয়া পাণ্ডুলিপির অনেক গুরুতর পরিবর্ত্তন হইয়াছে। কিন্তু উহার মূল সূত্র অপরিবর্ত্তিত রহিয়াছে। কোন২ বিষয়ে মূল পাণ্ডুলিপিতে যেরূপ ছিল তদপেক্ষা জমীদারদিগের অবস্থা অধিকতর মন্দ করা হইয়াছে। কয়েকটী ক্ষুদ্র২ বিষয়ে জমীদার ও রায়ত উভয়ের প্রতিই অপক্ষপাতে সুবিচার করা হইয়াছে। বর্ত্তমান আইনে যেরূপ আছে তাহা অপেক্ষা মধ্যবর্ত্তী ভূম্যধিকারীগণের বিলক্ষণই লাভ হইয়াছে। কিন্তু প্রকৃতপক্ষে যে ভূমিকর্ষক, যাহার জন্য কমিটী এত চিন্তিত ভাব প্রকাশ করিয়াছেন, আমার ভয় হয় যে ফলে তাহার অবস্থা বর্ত্তমান অপেক্ষা মন্দ দাঁড়াইবে। আমি এখন সমস্ত পাণ্ডুলিপির বিচার করিতে ইচ্ছা করি না এবং তজ্জন্য এই সকল বিষয়ের বিস্তারিত কথায় প্রবেশ করিব না।

এই পাণ্ডুলিপির বিরুদ্ধে আমার আপত্তির প্রধান কারণ এই :—

১ম।—ইহা বর্ত্তমান ও প্রাচীন ভূমিসংক্রান্ত আইনের বিরোধী। ইহা একদিকে কতকগুলি স্বত্ব অপহরণ করিতেছে ও অপরদিকে উক্ত আইনের ব্যভিচারী কতকগুলি স্বত্ব প্রদান করিতেছে। ২য়।—ইহাতে রেগুলেশন আইন সমূহের যেরূপ ব্যাখ্যা কল্পনা করা হইয়াছে, তাহা আদালতের মীমাংসার বিরোধী, এবং প্রমাণরহিত ঘটনা ও বিবরণ সমূহকে প্রমাণ বলিয়া গ্রাহ্য করা হইয়াছে। ৩য়।—খাজানা আদায় ও খাজানার বন্দোবস্ত সম্বন্ধীয় কার্য্যপ্রণালীর সরলতাপাদনরূপ যে মুখ্য উদ্দেশ্য তাহা এতদ্দ্বারা সুসিদ্ধ হইবে না। ৪র্থ।—ইহাতে ভূম্যধিকারী ও প্রজাপুঞ্জের মধ্যে বিবাদ ও বিসম্বাদ উৎপাদিত হইবার ও মোকদ্দমায় মোকদ্দমায় দেশ প্লাবিত করিবার সম্ভাবনা। তাহাতে কৃষক সম্প্রদায়ের শান্তি ও মঙ্গলের হানি হইবে। ৫ম।—ইহাতে বহুসংখ্যক কৃষক প্রজাকে কৃষাণ (কৃষিশ্রমজীবী) করিয়া তুলিবে। ৬ষ্ঠ।—জমীদার ও প্রজার চুক্তি সম্বন্ধে স্বাধীনতা উঠাইয়া দেওয়ায় ও জমীদারী কার্য্যনির্ব্বাহ ও রায়তদের কার্য্য সম্বন্ধে আদালত ও রাজস্বসংক্রান্ত কার্য্যকারককে মধ্যস্থ ও জিজ্ঞাসার স্থল করায়, ইহাতে কৃষকসম্প্রদায়ের উন্নতির নিদানভূত আত্মনির্ভর শক্তিকে অকর্ম্মণ্য করা হইবে, ও উহার মেরুদণ্ড বিচ্ছিন্ন করা হইবে, অর্থনীতি সম্বন্ধীয় নিয়মাবলীর অবাধ কার্য্যের ব্যাঘাত করা হইবে, গবর্ণমেণ্টের পিতৃস্থানীয় ভাব বদ্ধমূল করা হইবে ও প্রায় প্রতিপদে মোকদ্দমারূপ গুরুতর অনিষ্টের উৎপাদন করা হইবে। গত বৎসর যখন এই পাণ্ডুলিপি উপস্থিত করা হয় তখন আমি এই সকল আপত্তি উত্থাপন করিয়াছিলাম এবং এক্ষণে দুঃখসহকারে প্রকাশ করিতেছি যে সিলেক্ট কমিটী যে সকল পরিবর্ত্তন করিয়াছেন তাহাতে ইহার একটীরও খণ্ডন হয় নাই।

এই পাণ্ডুলিপিতে আমার যে সকল আপত্তি আছে তাহাদের উল্লেখ করিতেছি বলিয়া আমি ইহার অধ্যায়ে অধ্যায়ে বিচার করিব অথবা ইহার সমস্ত অংশ বিশেষরূপে পর্য্যালোচনা করিব এরূপ প্রস্তাব করিতেছি না। আমি কেবল পাণ্ডুলিপির মূল সূত্র ও কএকটী প্রধান বিশেষ স্থলের আলোচনা করিতে চাহি।

তালুকদার।

যাঁহারা এক্ষণে তালুকদার বলিয়া গণ্য তদতিরিক্ত দুই নূতন শ্রেণীর তালুকদার সন্নিবেশিত করা হইয়াছে যথা, (১ম) দখলীস্বত্ববিশিষ্ট যে সকল রায়ত তাহাদের যোতের অর্দ্ধেকের অধিক অংশ কোর্ফা বিলি করে (৩৭ ধারা), এবং (২য়) যে সকল রায়তের যোতের পরিমাণ ১০০ বিঘার অধিক এবং যাহাদের যোতের সমস্ত বা ভিন্নদংশ কোর্ফা বিলি করা আছে। এরূপ স্থলে বিপরীত প্রমাণ না পাইলে প্রজাকে তালুকদার বলিয়া গণ্য করিয়া লইতে হইবে (৫ ধারা ৫ প্রকরণ)। প্রথমোক্ত ব্যক্তির নাম রূপান্তরিত তালুকদার হইবে। খাজানাবৃদ্ধির দায়িত্ব ভিন্ন তালুকদার পদের সমস্ত আনুষঙ্গিক স্বত্ব তাহাতে বর্ত্তিবে। শেষোক্ত শ্রেণীর প্রজা তালুকদারদিগের সমস্ত স্বত্ব ও অধিকার প্রাপ্ত হইবে। প্রথম শ্রেণী সম্বন্ধে কোন্ বিচারে যে দখলী-স্বত্ববিশিষ্ট রায়তকে এই পাণ্ডুলিপি অনুসারে অগ্রক্রয় করিবার স্বত্ব ও ক্রোকের দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল, এবং দখলীস্বত্ববিশিষ্ট রায়ত ইচ্ছা করিয়া অর্দ্ধেকের অধিক ভূমি কোর্ফা বিলি করিয়াছেন বলিয়া প্রজা সম্বন্ধে জমীদারের ক্ষমতা হ্রাস করা হইল, তাহা আমি বুঝিয়া উঠিতে পারিলাম না। ১০০ বিঘার অতিরিক্ত পরিমাণ যোতের দখলীস্বত্ববিশিষ্ট রায়তকে তালুকদার রূপে পরিণত করা আমার মতে আরো অন্যায় হইয়াছে। তালুকদারের পদবীর কতগুলি বিশেষ অধিকার আছে, উহা দখলীস্বত্ববিশিষ্ট প্রজার নাই। ঐ সকল অধিকারের জন্য সাধারণতঃ জমীদারকে বিলক্ষণ দুপয়সা দেওয়া হয়। প্রায় দেখিতে পাওয়া যায় যে, তালুক চুক্তির শর্ত্ত অনুসারে উত্তরাধিকারযোগ্য ও হস্তান্তরযোগ্য চিরস্থায়ী যোত, এবং উপস্থিত পাণ্ডুলিপি অনু-সারে উহার খাজানার হার সুলভ হইবে, ও উহা অগ্রক্রয় স্বত্ব ও ক্রোকের দায় হইতে অব্যাহতি পাইবে। ব্যবস্থা-পক সভার হুকুম অনুসারে ১০০ বিঘার যোতদারকে তালুকদাররূপে গণ্য করা এদেশের প্রাচীন ও বর্ত্তমান ভূমি-সংক্রান্ত আইনের অনুযায়ী বলিয়া নিশ্চয়ই কেহ তর্ক করিতে পারেন না। এই বিষয়ে ভূস্বামী শ্রেণীর স্বত্বের উপর সাক্ষাৎসম্বন্ধে হস্তক্ষেপ করা হইয়াছে।

তালুকদারদিগের খাজানাবৃদ্ধি সম্বন্ধে, ১৮১২ সালের ৫ আইনের ৮ ধারায় যে হারে নীলামখরিদার আদায় করিবে, তৎসম্বন্ধে এই নিয়ম আছে। "মফঃসলী কোন তালুকদারের ভূমির খাজানার হার তাহারই মত অন্য ভূমির খাজানার হারেতে ধরা গেলে সে তালুকের জমার বন্দোবস্ত এই হিসাবে হইবেক এতাবতা ভূমির উৎপন্নের মুখে শতকরা ১০ দশ টাকা করিয়া তালুকদারের নানকর ও তালুক বুঝিয়া তহসীলের খরচা যত উচিত হয় তাহা মিনাহ হইয়া যাহা বাকী থাকে তাহা ঐ মফঃসলী তালুকের জমা ঠাহরিবেক"। ১৮৫৯ সালের ১০ আইনে এই ধারা রহিত করা হইয়াছে কিন্তু উহাতে তালুকদার ও পেটাও তালুকদারদিগের খাজানাবৃদ্ধির সীমা ও কারণ সম্বন্ধে কোন কথারই উল্লেখ নাই। কিন্তু আদালতের মীমাংসা অনুসারে নিকট-বর্ত্তি তৎসদৃশ তালুকের অধিকারী কর্ত্তৃক প্রদেয় চলিত হারের সীমা পর্য্যন্ত অথবা যে স্থলে চলিত হার সহজে নির্ণয় করিতে পারা যায় না সেস্থলে আদায়ের খরচা বাদ দিয়া মোট আদায়ের শতকরা দশ টাকা অতিক্রম করিয়া না যায় এরূপ সীমা পর্য্যন্ত বৃদ্ধি করা যাইতে পারে (ফীল্ড সাহেবের ডাইজেষ্ট দেখ)। আদালতের এই মীমাংসা এই পাণ্ডুলিপিতে সন্নিবেশিত করা হইয়াছে, কিন্তু পরিবর্ত্তনও অনেক করা হইয়াছে, যথা, "চলিত হারের" পরি-বর্ত্তে "দেশাচারানুগত হার" লেখা হইয়াছে, কিন্তু শেষোক্ত হার নির্ণয় করা প্রথমোক্তটী নির্ণয় করা অপেক্ষা অধিক কঠিন। আদালতের মীমাংসায় তালুকদারের লাভ আদায়ের শতকরা দশ টাকার অতিরিক্ত না হয়; কিন্তু পাণ্ডুলিপি অনুসারে তাঁহার লভ্য শতকরা ১০৲ টাকার ন্যূন হইবে না। ঐ শতকরা দশটাকা আবার আদায়ের নহে। আদায় বলিতে গেলে আমার মতে প্রকৃত প্রস্তাবে আদায়ের টাকা বুঝায়। সে আদায়ের শতকরা দশ টাকা তালুক-দারের লভ্য নহে, মোট জমাহইতে কেবল খরচা নহে আবার তাহার উপর আদায়ের ঝুঁকিও বাদ দিলে যাহা অব-শিষ্ট থাকে তাহার শতকরা দশটাকা অপেক্ষা তালুকদারের লাভ ন্যূন হইবে না। এস্থলে আমার বক্তব্য এই যে, কোন দেশের রাজস্ব সংক্রান্ত আইনে যে আদায়ের ঝুঁকির জন্য বাদ পড়ে একথা আজিও আমার কর্ণগোচর হয় নাই। পব্লিক ওয়ার্ক্স সেস ও রোড সেসের হিসাবে প্রজাদের নিকট হইতে অনাদায়ী টাকার জন্য জমীদার শতকরা কিছুমাত্র বাদ পান না। অথচ সে টাকা দেওয়ার দায়ী তাঁহারা নহেন। তাঁহারা বিনা বেতনে গবর্ণমে-ণ্টের জন্য টাকা আদায় করেন মাত্র। এইরূপে দৃষ্ট হইবে যে বর্ত্তমান আইনমতে তালুকদারের যে অবস্থা আছে, তাহার সহিত তুলনা করিলে উহাদের অবস্থা এই পাণ্ডুলিপিতে কত ভাল করিয়া দেওয়া হইল। কিন্তু এখনও সব হয় নাই। বর্ত্তমান আইন অনুসারে তালুকদারের খাজানা যুক্তিসঙ্গতরূপে বৃদ্ধি করা যাইতে পারে, কিন্তু উপস্থিত পাণ্ডুলিপি অনুসারে উহাদের খাজানা পূর্ব্ববর্ত্তী খাজানা অপেক্ষা দ্বিগুণের অধিক বর্দ্ধিত করা যাইতে পারিবে না। বর্ত্তমান আইন অনুসারে যাহা বৃদ্ধি হইবে তাহা একেবারেই দিতে হইবে; কিন্তু পাণ্ডুলিপি অনুসারে আদালত আদেশ দিতে পারেন যে অল্পে অল্পে বৃদ্ধি হইবে এবং সমস্ত বৃদ্ধি পাঁচ বৎসরে দিতে হইবে। বর্ত্তমান আইন অনুসারে খাজানা বৃদ্ধির কালের সীমা নির্দ্দিষ্ট নাই, কিন্তু পাণ্ডুলিপিতে দশ বৎসর সীমা নির্দ্দিষ্ট হইয়াছে। শেষোক্ত তিনটী বিধান উল্লেখের কারণ এই যে, উহাদ্বারা দৃষ্ট হইবে যে, যে জমীদার ভূমির স্বামী এবং দারুণ সূর্য্যাস্ত আইনমতে গবর্ণমেণ্টের রাজস্বের জন্য দায়ী, তাঁহার বিষয়ে কিছুমাত্র বিবেচনা করা হয় নাই; কিন্তু যে তালুকদারকে লোকে কোন কাজের নয় বলিয়া জানে তাহার প্রতি কত মমতা প্রদর্শন করা হইয়াছে। পেটাও বিলি হতাদর করার এ উপায় কখনই প্রশস্ত নহে।

অবধারিত হারের রায়ত।

১৮৫৯ সালের ১০ আইনে সর্ব্ব প্রথমে এই মর্ম্মের একটী আইনসম্মত অনুমান সন্নিবিষ্ট হয় যে, কোন মোকদ্দমা আরম্ভ হইবার বিংশতি বৎসর পূর্ব্ব অবধি যদি কোন প্রজার খাজানা অপরিবর্ত্তিত থাকে, তবে চিরস্থায়ী বন্দোবস্ত অবধি সেই হারে খাজানা দিয়া ভূমি ভোগ করিয়া আসিতেছে বলিয়া অনুমান করিতে

(৫) কোন জমী দুই বা তদধিক অংশীদার রায়তী যোতস্বরূপ ভোগ করিলে, এই ধারার কার্য্যপক্ষে ঐ জমী ঐরূপ প্রত্যেক অংশীদার রায়তস্বরূপ ভোগ করিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(৬) কোন ব্যক্তি কোন গ্রামে বা মহালে যতকাল রায়তস্বরূপ জমী ভোগ করে, ততকাল ও তাহার পর এক বৎসর উক্ত গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত থাকিবে।

(৭) যদি কোন রায়ত ২৬ ধারামতে পুনরায় ভূমির দখল পায়, তবে সে এক বৎসরের অধিক কাল বেদখল থাকিলেও বাসেন্দা রায়ত রহিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

আমার নিবেদন এই যে, এই সমস্ত বিধান শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের মীমাংসার অতিরিক্ত। ২৫ ধারার (২) প্রকরণে যেরূপ বিধিবদ্ধ হইয়াছে কোন স্থলেই সেরূপ দখলের সময় বার বৎসর হইতে কমান শ্রীযুত ষ্টেট-সেক্রেটরী সাহেবের অভিপ্রায় নহে; এবং কোন স্থলেই বিরুদ্ধ প্রমাণ না দিতে পারিলে প্রত্যেক রায়তকেই দখলীস্বত্ববিশিষ্ট বাসেন্দা রায়ত বলিয়া গণ্য করিতে হইবে তিনি এরূপ আইনসঙ্গত অনুমানের সপক্ষে মত প্রদান করেন নাই। দৃষ্ট হইবে যে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের অভিপ্রায় এই যে "বাসেন্দা রায়ত" দখলীস্বত্ববিশিষ্ট রায়ত বলিয়া গণ্য হয়, কিন্তু পূর্ব্ব উদ্ধৃত বিধান সকলে "বাস" কে দখলীস্বত্ব উৎপত্তির কারণ বলিয়া গণ্য করা হয় নাই। দ্বিতীয়তঃ শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব, দুই বা তদধিক অংশীদারের দখলকে তাহাদের প্রত্যেকের দখলীস্বত্ব উৎপত্তির প্রমাণ বলিয়া উল্লেখ করেন নাই। তৃতীয়তঃ তিনি কোন স্থলেই বলেন নাই যে যদি বাসেন্দা রায়ত তাহার যোত ছাড়িয়া দেয় ও খাজানা না দেয় তথাপি তাহাকে তৎপরবর্ত্তী এক বৎসরের জন্য বাসেন্দা রায়ত বলিয়া গণ্য করিতে হইবে, বরঞ্চ তিনি খাজানা দেওয়াকেই উক্ত স্বত্বের অপরিহার্য্য কারণ বলিয়া প্রকাশ করিয়াছেন। শেষতঃ শ্রীযুত ষ্টেটসেক্রেটরী সাহেব কোন স্থলেই এরূপ কথা বলেন নাই যে যদি কোন রায়ত একবার ভূমি পরিত্যাগ করে এবং পরে ক্ষতিপূরণ দিয়া আবার সেই ভূমির অধিকার পুনঃ গ্রহণ করে, তাহা হইলে যদিও সে এক বৎসরের অধিক কাল অধিকারচ্যুত ছিল তথাপি সে বাসেন্দা রায়ত বলিয়া গণ্য হইতে পারিবে। আমি পুনরায় বলিতেছি যে, এই সমস্ত প্রস্তাব শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের মীমাংসার অতিরিক্ত এবং বাস্তবিক জমীদারের ভূস্বামীস্বত্বের উপর হস্তক্ষেপ।

দৃষ্ট হইবে যে রায়তরূপে ভূমিভোগকারী কোন ব্যক্তির সেই ভূমিতে যদি ভূস্বামী বা তালুকদাররূপে একযোগে কোন স্বার্থ থাকে, তাহা হইলে তাহার দখলীস্বত্বের উৎপত্তির কোন বাধা হইবে না এবং ইজারদার হইলেও পরে সে যে জমীর ইজারা লইয়াছে তাহাতে তাহার দখলীস্বত্ব লোপ পাইবে না। কিন্তু ভূম্যধিকারী যদি দখলীস্বত্ববিশিষ্ট যোত প্রাপ্ত হন, তাহা হইলে তাহাতে দখলীস্বত্ব বিলুপ্ত হইবে (২৮ ধারা)। তালুকদারকে ও ইজারদারকে যে স্বত্ব প্রদান করা হইল, কোন্ নিয়মে তাহা ভূম্যধিকারীকে দেওয়া হইল না, তাহা আমি পরিষ্কার করিয়া বলিতে পারিলাম না। তালুকদারও চিরস্থায়ী স্বত্ববান হইতে পারেন। কেবল মাত্র জমীদার জমীদার হইয়াছেন এই অপরাধে খরিদারের যে সাধারণ স্বত্ব থাকে তাহা পাইবেন না, ইহা আশ্চর্য্য ও বুদ্ধির অগম্য বলিয়া বোধ হয়।

এই বিষয়ে আমি সাহসপূর্ব্বক রেবেনিউ বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়ার সাহেবের নিম্নলিখিত মন্তব্য পাঠ করিতে অনুরোধ করিতে পারি। বাঙ্গালায় ডাম্পিয়ার সাহেবকে সকলেই রাজস্ববিষয়ে উচ্চদরের প্রামাণিক ব্যক্তি বলিয়া মনে করেন এবং উক্ত সাহেব এরূপ সম্মানের সম্পূর্ণরূপে উপযুক্ত। তিনি বলেন "কোন নির্দ্দিষ্ট ভূমিতে দখলীস্বত্বমান খাজনা কতকগুলি স্বত্ব পৃথিবীর যে কেহ ক্রয় বা অন্যোপায়ে অর্জ্জন করিতে ও ভোগ করিয়া আসিতে পারে, কেবল এক ব্যক্তি পারে না। দূরবর্ত্তী কৃষি-কর্ম্মবর্জ্জিত যে কোন মহাজন, যে মহালের ভূমি তাহার পার্শ্ববর্ত্তী মহালের জমীদার, যদি জমী তালুক ভুক্ত হয় তাহা হইলে মহালের জমীদার বাসেন্দাই হউক, অনুপস্থিতই হউক, সেই মহালেই হউক অথবা অন্য যে কোন মহালেই হউক অবাসেন্দা তালুকদার, এ জমী সর্ব্বনিম্নবর্ত্তী যে পেটাও তালুকের অন্তর্ভূত তদুপরিস্থিত যে কোন তালুকের অধিকারী এরূপস্বত্ব অর্জ্জন করিতে ও ভোগ করিতে পারিবেন। কেবল একজন মাত্র ব্যক্তি সর্ব্বশেষে যাহার উপর উক্ত স্বত্ব বর্ত্তিয়াছে তাহার নিকট ক্রয় করিলেও উহা ভোগ করিতে পারিবেন না। তিনি ভূম্যধিকারী অর্থাৎ লক্ষণ অনুসারে "যে এক বা বহু ব্যক্তির অব্যবহিত অধীনে কোন প্রজা ভূমি ভোগ করে," অথবা ১৪ দফার শেষের দিকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে প্রস্তাব করিয়াছেন তদনুসারে বা "যে ভূস্বামীর চিরস্থায়ী তালুকদারের অব্যবহিত অধীনে রায়ত ভূমি ভোগকরে"। এই মন্তব্যের যথার্থতা এত বিশদ যে আমার আর ইহার টীকা টিপ্পণী করা আবশ্যক বোধ হয় না।

দখলীস্বত্ববিশিষ্ট যোতের হস্তান্তর ও অগ্রক্রয় স্বত্ব।

দখলীস্বত্ববিশিষ্ট যোতের হস্তান্তরযোগ্যতা বিষয় এত তন্ন তন্ন করিয়া বিচার করা হইয়াছে; অতএব আমি ইহার বিরুদ্ধে তর্কাবলীর পুনরাবৃত্তি করিতে চাহি না, কারণ সকলেই তাহা জানে। এই মাত্র বলিলেই যথেষ্ট হইবে যে ইহাতে জমীদার ও রায়ত উভয়েরই অনিষ্ট হইবে। জমীদারের একটী মূল্যবান স্বত্ব অন্যায়রূপে কাড়িয়া লওয়া হইবে এবং তাহাদের মহালে শত্রুপক্ষীয় লোকের প্রবেশ দ্বার মুক্ত হইবে। রায়তের যেরূপ অবস্থা তাহাতে যে যোতের উপর তাহাদের গ্রাসাচ্ছাদন নির্ভর করে তাহা অল্প দিনের মধ্যেই বিক্রয় করিয়া তাহারা মজুরের অবস্থায় উপনীত হইবে। চিরস্থায়ী বন্দোবস্তের আইনেই বল আর ১৮৫৯ সালের ১০ আইনেই বল দখলী-স্বত্ববিশিষ্ট যোত কখনই হস্তান্তরযোগ্য ছিল না। বঙ্গদেশের গবর্ণমেণ্ট যখন প্রথমে দখলীস্বত্ববিশিষ্ট যোত হস্তান্তরযোগ্য করিবার প্রস্তাব করেন, তখন ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাহা অনুমোদন করেন নাই। এই বিষয়ে মত

প্রদানার্থ ব্রিটিষ ইণ্ডিয়ান আসোসিয়েশনকে আহ্বান করা হয় এবং উক্ত আসোসিয়েশন খাজানার ডিক্রীর টাকা শোধ করণার্থ দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় আইনসম্মত করার প্রস্তাবে সম্মত হন এবং উপদেশ দেন জমীদার এই উপায় অবলম্বন করিলে যে দখলীস্বত্ববিশিষ্ট যোত একবার বিক্রয় হইল তাহা হস্তান্তরযোগ্য তালুক হইল বলিয়া প্রকাশ থাকিবে। তৎকালীন লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কার্য্যতঃ এই পরামর্শ গ্রহণ করিয়াছিলেন, কারণ সেক্রেটরী রেনল্ডস সাহেব ১৮৭৮ সালের ২রা ফেব্রুয়ারি তারিখের এক পত্রে লিখিয়াছেন।

" শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিঞ্চিৎপরিমাণে অনিচ্ছাপূর্ব্বকই আপোষ বিক্রয় বা অন্য নিয়মক্রমে দখলীস্বত্ব সাধারণতঃ হস্তান্তরযোগ্য করিবার প্রস্তাব উঠাইয়া লইতেছেন। রেবিনিউ বোর্ডের পত্রের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলেই দৃষ্ট হইবে যে বহুসংখ্যক লোকের মতই এই প্রস্তাবের অনুকূল এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বুঝিতে পারিয়াছেন যে সময়ে সময়ে যেরূপ আশঙ্কা হয় হস্তান্তর দ্বারা সেরূপ মন্দ ফল উৎপন্ন হইত না, এবং যাহাদের ভূমিতে স্বত্বাধিকার উৎপন্ন হওয়া অভিপ্রেত নয় এরূপ লোকের হস্তেও ভূমি হস্তান্তরিত হইয়া আসিত না। তাঁহার বিশ্বাস এই যে এরূপ হস্তান্তরস্বত্ব দ্বারা জমীদার ও রায়ত উভয়েরই বিশেষ উপকার হইত। কিন্তু দেখা যাইতেছে যে জমীদার শ্রেণী সাধারণতঃ হস্তান্তর ক্ষমতা প্রদানের অত্যন্ত বিরোধী; এবং মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পাণ্ডুলিপিতে এরূপ বিধানের ব্যবস্থা করার ঔচিত্য বিষয়ে বিশেষ সন্দেহ প্রকাশ করিয়াছেন। এই জন্য পাণ্ডুলিপিতে জমীদারের অনুরোধক্রমে আদালতের ডিক্রীজারীমতে দখলীস্বত্ববিশিষ্ট যোত বিক্রয় সিদ্ধ করিবার প্রস্তাব আছে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিশ্বাস এই যে এবিষয়ে কোন আপত্তি হইবে না।"

তাহার পর বঙ্গদেশের গবর্ণমেণ্টের মত পরিবর্ত্তন হইয়াছে এবং জমীদারেরা ১৮৭৮ সালে যে স্বত্ব ছাড়িয়া দিতেছিলেন তাহা বৃথা হইল। উপস্থিত পাণ্ডুলিপিতে দখলীস্বত্ববিশিষ্ট যোতের হস্তান্তরযোগ্যতা অগ্রক্রয়স্বত্ব বিষয়ক একটী নিয়মের অধীনে ব্যাপক ও একান্তসিদ্ধ করিয়া দেওয়া হইয়াছে। এ পাণ্ডুলিপিতে এমন কিছুই নাই যাহাতে সর্ব্বগ্রাসী ভূমিব্যবসায়ী বা দাঁওঅন্বেষী লোকের জমীদারের ক্ষতি করিয়া ভূমি ক্রয়বিক্রয় বন্ধ করিতে পারে। জমীদারকে যে পূর্ব্বক্রয়ের স্বত্ব প্রদান করা হইয়াছে আমার ভয় হয় যে কার্য্যকালে তাহা সারবস্তু না হইয়া ছায়া বলিয়া প্রতিপন্ন হইবে। প্রথমতঃ জমীদার যে জমীর ভূস্বামী ও যাহা আইন অনুসারে কখনই হস্তান্তরযোগ্য ছিল না তাহার জন্য তাঁহার মূল্য দিতে হইবে। তাহার পর অন্যান্য খরিদারের সঙ্গে ডাকাডাকি করিতে হইবে এবং যদি মূল্য সম্বন্ধে রায়তের সঙ্গে তাঁহার না বনিয়া উঠে তাহা হইলে তাঁহাকে খরচান্ত করিয়া সালিশীর জন্য আদালতকে জানাইতে হইবে এবং আদালত বিচারে যেরূপ নিষ্পত্তি করিয়া দেন তাঁহাকে সেই মূল্য দিতে হইবে। যদি কোন জমীদারের অনেকসংখ্যক রায়ত বিদ্রোহী হয় ও তাহাদের যোত বিক্রয় করিবে বলিয়া ভয় দেখায়, তাহাহইলে জমীদারের যদি সমস্ত যোত কিনিবার মত ভাণ্ডারভরা টাকা না থাকে, তাহা হইলে ঐ সমস্ত যোত দুষমন লোকের হস্তগত হওয়া কোন ক্রমেই রহিত হইতে পারে না; অতএব রায়তদের অভিপ্রায় মন্দ হইলে দখলীস্বত্বের হস্তান্তরযোগ্যতা স্বীকার হওয়াতে তাহারা কার্য্যতঃ জমীদারকে সম্পূর্ণরূপে উৎসন্ন করিয়া দিতে পারে। এস্থলে আর একটী বিষয় বিশেষরূপে দেখিতে হইবে। জমীদারকে খরচপত্র করিয়া আদালতের সমস্ত নিয়ম পালন করিয়া মূল্য সম্বন্ধে আদালতের নিষ্পত্তি গ্রহণ করিতে হইবে, কিন্তু রায়ত সে মীমাংসায় বাধ্য নহে, কারণ ৩২ ধারার ৪ প্রকরণে বলে যে যখন জমীদার রায়তকে মূল্য গ্রহণ করিতে বলেন " রায়ত হয় ঐ ভূমি বিক্রয় করিতে বিরত হইবেন, নয় ঐ মূল্যে উক্ত ভূম্যধিকারীর নিকট ঐ স্বত্ব বিক্রয় করিবেন।" অতএব জমীদারকে সম্পূর্ণরূপে রায়তের দয়ার উপর নির্ভর করিতে হইবে।

পূর্ব্বক্রয়ের স্বত্ব যদিও কার্য্যতঃ সম্পূর্ণরূপে অসার, সংশোধিত পাণ্ডুলিপিতে আবার কৌশল করিয়া সমস্ত সম্পন্ন রায়তকে এই বিধানের অধীনতা হইতে মুক্ত করিয়া দিয়াছে। কারণ পাণ্ডুলিপি অনুসারে পূর্ব্বক্রয়স্বত্বের নিয়ম তালুকদারের প্রতি বর্ত্তিবে না ও যে সকল দখলীস্বত্ববিশিষ্ট রায়ত যোতের অর্দ্ধেকের অধিক কোর্ফা বিলি করে অথবা ১০০ বিঘার অধিক পরিমাণ জমী যোত রাখিয়া তাহার কিয়দংশ কোর্ফা বিলি করে, তাহারা তালুকদাররূপে পরিণত হইয়াছে।

খাজানা বৃদ্ধি।

তালুকদারদিগের খাজানা বৃদ্ধির কথা আমি পূর্ব্বেই উল্লেখ করিয়াছি। জমীদারের ক্ষতি করিয়া তাহাদিগের অনেক সুবিধা করিয়া দেওয়া হইয়াছে। এক্ষণে তাহাদের যে সুখের অবস্থা হইয়াছে তাহা চিরস্থায়ী বন্দোবস্তের আইন অথবা ১৮৫৯ সালের ১০ আইনমতে কখনই হয় নাই। দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের খাজানাবৃদ্ধি সম্বন্ধে আমি বলিতে চাহি যে এক্ষণে খাজানা বৃদ্ধি করা একপ্রকার স্থগিত হইয়া রহিয়াছে, এবং এই সম্বন্ধে জমীদারদিগের সুবিধা করিয়া দেওয়াই নূতন ব্যবস্থাপনের প্রধান উদ্দেশ্য তাহাও সকলে স্বীকার করিয়া থাকেন। কিন্তু আমার বোধ হইতেছে যে কমিটী যে সকল পরিবর্ত্তন করিয়াছেন তাহাতে জমীদারদিগের প্রতি সুবিচার না হইয়া এখন যে অবস্থা আছে সেই অবস্থা বদ্ধমূল হইবার অধিকতর সম্ভাবনা। প্রথমতঃ বর্ত্তমান আইন অনুসারে জমীদার ও রায়তের, আদালতের বাহিরে খাজানা বৃদ্ধি সম্বন্ধে চুক্তি করিবার সম্পূর্ণ স্বাধীনতা আছে। কিন্তু উপস্থিত পাণ্ডুলিপিতে সে স্বাধীনতা একেবারে লোপ করা হইয়াছে। ইহাতে বিধান আছে যে, যেখানে ইচ্ছামত বন্দোবস্ত হইবে সে স্থলে চারি আনার অধিক বৃদ্ধি হইতে পারিবে না অর্থাৎ টাকায় দুই আনার অধিক বৃদ্ধি হইলে অন্ততঃ সাত বৎসর সময়ের জন্য এবং টাকায় দুই আনার অধিক ও চারি আনার অনধিক বৃদ্ধি হইলে অন্ততঃ পনের বৎসর সময়ের জন্য বৃদ্ধি হইবে। আদালতের বাহিরে

হইবে। ১৮৫৯ সালের ১০ আইন পাস করার সময় এরূপ অনুমানের যতই প্রয়োজন হইয়া থাকুক না কেন, এখন যে সে প্রয়োজন নাই একথা কেহই অস্বীকার করিতে পারিবেন না। রায়তদিগের বুদ্ধি ও স্বাধীন কর্ম্মক্ষমতা বৃদ্ধি হইয়াছে এবং দেশের অনেক অংশে ছাপান দাখিলা দিবার প্রথা প্রচলিত হইয়া উঠিয়াছে। এজন্য ১৮৫৯ সালে তাহাদিগকে খাজানা বৃদ্ধির দায় হইতে রক্ষা করা যে পরিমাণে আবশ্যক বিবেচনা করা হইয়াছিল, এক্ষণে সে পরিমাণে আবশ্যক নাই। আর একদিকে দেখিতে গেলে এই বিধান দ্বারা জমীদারের সর্ব্বনাশ হইয়াছে। মান্যবর শ্রীযুত রেনল্‌ডস্ সাহেব খাজানা কমিশ্যনের পাণ্ডুলিপিসম্বন্ধে যে মন্তব্য প্রকাশ করিয়াছিলেন তাহাতে এবিষয়ের বিশেষ উল্লেখ ছিল। তিনি অনেক লোকের মত সংগ্রহ করিয়াছিলেন; তাঁহারা সকলেই বলিয়াছেন যে "ইহাদ্বারা জমীদারের উপর অসঙ্গত প্রমাণের ভার অর্পিত হইয়াছে" এবং "নীলাম খরিদারের পক্ষে ইহাতে অত্যন্ত কষ্ট হইয়াছে, কারণ অনেক স্থলে সে পূর্ব্ববর্ত্তী জমীদারের জমীদারী কাগজপত্রের দখল পায় না।" শ্রীযুত রেনলড্‌স সাহেব বলিয়াছেন যে পুর্ণিয়ার কালেক্টর বিশেষ দক্ষতা সহকারে এইমত সমর্থন করিয়াছেন, কারণ উক্ত কালেক্টরের বিশ্বাস এই যে "সমস্ত বঙ্গদেশে এমন মহাল অতি অল্পই আছে, এই অনুমান দ্বারা যাহার ভূস্বামি-স্বত্বের ক্ষতি করা হয় নাই" এই অনুমান প্রথা একবারে রহিত না করিয়া শ্রীযুত রেনল্‌ড্‌স সাহেব অনুরোধ করিয়াছিলেন যে আইনে এই অনুমান প্রথা প্রবর্ত্তিত হইবার পূর্ব্ববর্ত্তী বিংশতি বৎসর সমান হারে খাজানা প্রদানের প্রমাণ দেওয়া স্থলেই এই অনুমানের কার্য্য সীমাবদ্ধ হওয়া উচিত। তিনি নীলাম খরিদারদের সপক্ষে আরও এই সুবিধা করিয়া দিতে চাহিয়া ছিলেন যে এই অনুমান তাঁহাদের বিরুদ্ধে উত্থাপিত হইতে পারিবে না। এইরূপ অনুরোধ করার সময় শ্রীযুত রেনল্‌ড্‌স্ সাহেব বলিয়াছিলেন যে "ব্যবস্থাপক সভা কি নিয়ম অনুসারে কার্য্য করিবেন তাহা নির্ণয় করিবার সময় ১৮৫৯ সালে যে অনুমান প্রথা প্রবর্ত্তিত হইয়াছিল তাহাতে তাহার কি ফল দাঁড়াইয়াছে প্রধানতঃ তদ্বিষয়েরই বিবেচনা করা উচিত"। এ অনুমান দ্বারা কি জমীদারের পক্ষ হইতে কোন অসঙ্গত দাবী সাধারণতঃ নিরস্ত করা হইয়াছে; না ন্যায়ানুসারে প্রজার যেরূপ অবস্থায় থাকিবার স্বত্ব ছিল না তাহাকে সেই স্বত্ব প্রদান করা হইয়াছে? অনেকেরই বিশ্বাস যে এই প্রশ্নের কেবল একমাত্র উত্তর হইতে পারে। যে সকল স্থলে আদালতে এই অনুমানের কথা উত্থাপিত হইয়া সফল হইয়াছে, তাহার অধিকাংশস্থলেই যে প্রজার যোত প্রকৃত প্রস্তাবে ১৭৯৩ সালের পরে আরম্ভ হইয়াছে তাহাকে, যাহারা চিরস্থায়ী বন্দোবস্তের তারিখ হইতে ভূমিভোগ করিয়া আসিতেছে, কেবল মাত্র তাহাদেরই জন্য অভিপ্রেত অধিকার সকল প্রদান করা হইয়াছে। যদি যথার্থই এইরূপ দাঁড়াইয়া থাকে, যেরূপে ঐ নিয়ম পরিবর্ত্তিত করিবার প্রস্তাব এক্ষণে হইল, তাহা করা অবিচার বোধ হয় না।

শ্রীযুত রেনল্‌ডস্ সাহেব তাঁহারমত পরিবর্ত্তন করিয়াছেন, ইহাতে আমি অত্যন্ত দুঃখিত হইয়াছি, কিন্তু তথাপি তাঁহার মত পূর্ব্বেও যেমত ন্যায় ও বিচার সঙ্গত ছিল এখনও তেমনিই আছে। ঐ মতের উপর নির্ভর করিয়া শ্রীযুক্ত রেনলড্‌স্ সাহেব পূর্ব্বে যেরূপ প্রস্তাব করিয়াছিলেন, আমি তদনুযায়ী আইন সংশোধনের কথা উত্থাপন করি। কিন্তু কমিটীর অধিকাংশসভ্য আমার প্রস্তাব গ্রাহ্য করেন নাই, ইহা অপেক্ষা আরও পরিবর্ত্তিত করিয়া এক প্রস্তাব উপস্থিত করা হয়, উহাতে উপস্থিত পাণ্ডুলিপি পাস হওয়ার তারিখের পূর্ব্ব হইতে ঐ বিংশতি বৎসর গণনা করিবার কথা হয়, কিন্তু অধিকাংশ সভ্য তাহাও অগ্রাহ্য করিয়াছেন। পাণ্ডুলিপিতে নির্দ্দিষ্ট হারে ভূমি ভোগের আনুষঙ্গিক নিম্নলিখিত অংশসমূহের উল্লেখ আছে।

১৩ ধারা।—অবধারিত খাজানায় বা অবধারিত খাজানার হারে যে রায়ত ভূমি ভোগ করে,

(ক) কোন তালুকদারের যে যে বিধানের নিয়মাধীন থাকিতে হয়, তাহারও আপন যোতের হস্তান্তর ও উত্তরাধিকার সম্বন্ধে সেই সেই বিধানের নিয়মাধীন থাকিতে হইবে, এবং

(খ) তাহার সহিত তদীয় ভূম্যধিকারীর যে চুক্তি থাকে, সেই চুক্তির কোনমতে এই আইন সঙ্গত যে নিয়ম ভঙ্গ করিলে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে, সে সেই নিয়ম ভঙ্গ করিয়াছে, এই হেতু ভিন্ন অন্য কারণে তদীয় ভূম্যধিকারী তাহাকে উচ্ছেদ করিতে পারিবেন না।

এই বিধানের সহিত পূর্ব্বোল্লিখিত বিংশতি বৎসর সম্বন্ধীয় অনুমান একত্র করিলে, আমার মনে সতাই এই ধারণা হয় যে, ইহাদ্বারা অনুমানের ফল পাইতে অধিকারী হউক আর নাই হউক প্রজারা আপনাদিগকে অবধারিত হারধারী রায়ত বলিয়া প্রকাশ করিতে প্রলোভিত হইবে, এবং এইরূপে জমীদারকে তাঁহার যথার্থ স্বত্ব হইতে বঞ্চিত করিবে। জমীদার সক্ষম হইলেও মোকদ্দমায় খরচান্ত ও জ্বালাতন না হইয়া আপন স্বত্বরক্ষা করিতে পারিবেন না।

অনুমানের এই ব্যবস্থা প্রবর্ত্তিত করায় ব্যবস্থাপক সভার অভিপ্রায় এই ছিল যে, উহাদ্বারা যে সকল জমীদারের কিছুতেই সঙ্কোচ নাই তাহারা যেন আপন ইচ্ছামতে, চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে ভূমি ভোগকারী রায়তদিগের খাজানা না বাড়াইয়া লইতে পারে। কিন্তু আজিও যদি এই বিধান বলবৎ রাখা যায়, তাহা হইলে এক ঝাপটে সমস্ত দখলীস্বত্ববিশিষ্ট রায়তকে মোকররীদার বা চিরস্থায়ী তালুকদাররূপে পরিণত করিবে। ভাল ও মন্দ জমীদারের প্রতি এই বিধানের ফল আশ্চর্য্যরূপে পৃথক হইবে। যে স্থলে জমীদার মোকদ্দমা করিতে অনিচ্ছা, সহিষ্ণুতা অথবা দয়াপ্রযুক্ত বিংশবৎসর ধরিয়া খাজানা বৃদ্ধি করেন নাই, তাঁহার যে রায়তেরা যত্নপূর্ব্বক দাখিলা গুলি রক্ষা করিয়াছে তাহারা অনায়াসেই আপনাদের দাবী প্রমাণ করিয়া দিবে। অপরন্তু যে জমীদার কখনও এরূপ আস্থা ও সদয়ভাব প্রদর্শন করেন নাই এবং সময়ে২ খাজানা বৃদ্ধি করিয়া প্রজাকে জ্বালাতন করিতে ও উত্যক্ত করিতে সঙ্কুচিত হন নাই, তাহার নিশ্চয়ই বিলক্ষণ সুবিধা হইবে! ফল এই হইবে যে ভাল জমীদারের ক্ষতি হইবে ও মন্দ জমীদারের লাভ হইবে।

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত।

সকলেই জানে যে ১৮৫৯ সালের ১০ আইন হইতেই বর্ত্তমান কালের দখলীস্বত্ববিশিষ্ট রায়তের উৎপত্তি। কিন্তু আমি এবিষয়ের বাদানুবাদ পুনরুল্লেখিত করিতে ইচ্ছা করি না। দ্বাদশ বৎসরের নিয়ম ২৫ বৎসরের উপর চলিয়া আসিতেছে এবং এক্ষণে তাহা লইয়া নাড়া চাড়া করা ন্যায্য বা বিচারসঙ্গত নহে। এবিষয়ে এক্ষণে যে আইন আছে তাহার এক মাত্র দোষ এই যে জমীদার ইচ্ছা করিলে রায়তকে এক ক্ষেত্র হইতে অন্য ক্ষেত্রে উঠাইয়া দিয়া তাহার দখলীস্বত্ব উৎপাদনের ব্যাঘাত করিতে পারেন। সকলেই স্বীকার করেন যে এরূপ প্রথা বাঙ্গালায় প্রচলিত নাই। কিন্তু শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেব, ক্রমাগত দ্বাদশ বৎসর অধিকারের সপক্ষে আপন মত দৃঢ়তা সহকারে ব্যক্ত করিয়া নিম্নলিখিত পরিবর্ত্তন করার জন্য অনুরোধ করিয়াছেন। তাঁহার অভিপ্রায় যে এইরূপ বিধান হয় "কোন বাসেন্দা রায়ত যে ভূমি অধিকার করে অথবা যাহার জন্য খাজানা দেয় তাহাতে তাহার দখলীস্বত্ব জন্মিবে, যে নিজে অথবা যাহার পূর্ব্ব পুরুষ কোন গ্রাম বা মহালে ১২ বৎসর কোন ভূমি অধিকার করিয়াছে সেই বাসেন্দা রায়ত হইবে"। আমি এই বিধান যে সুবিচারসম্মত তাহা কখনই স্বীকার করিতে পারি না। একজন লোক যে বিনা স্বত্বে ভূমি অধিকার করে, সে কোন মহালের কোন অংশে বার বৎসর ধরিয়া ভূমি ভোগ করিয়া আসিতেছে বলিয়াই যে সেই কারণ বশতঃই সমস্ত মহাল মধ্যে দখলীস্বত্ববিশিষ্ট অথবা বিশেষ অধিকারপ্রাপ্ত রায়ত হইয়া ভূমি ভোগে স্বত্ববান হইবে, এনিয়ম যে নির্দ্দোষ এবং বিচারসঙ্গত এরূপ আমি কখনই বিবেচনা করিতে পারি না। যদি দেশের কোন অংশে জমিদার রায়তকে এক খণ্ড ভূমি হইতে অন্য খণ্ডে সরাইয়া দিয়া দখলীস্বত্ব উৎপন্ন হওয়া রহিত করিয়া থাকেন, তাহা হইলে তিনি আইন সঙ্গতরূপেই কার্য্য করিয়াছেন, একথা কেহই অস্বীকার করিতে পারিবেন না। কোন ব্যবসাদার যদি তামাদি আইনমতে যে সময় অতীত হইয়া গেলে তাহার দাবীতে তামাদি ঘটনা হইবে তাহার পূর্ব্বেই দেনাদারের নামে নালিশ করে, সে অন্যায় করিয়াছে মনে করাও যেরূপ যুক্তিবিরুদ্ধ এরূপ জমিদার অন্যায় করিয়াছেন বলাও ঠিক সেইরূপ। যদি এক খণ্ড ভূমি হইতে অন্য খণ্ডে প্রেরণ নিবারণ করা একান্তই আবশ্যক বলিয়া বোধ হয়, তাহা হইলে গুরুতর দণ্ড বিধান দ্বারা এরূপ কার্য্যের শাস্তি বিধান করিলে আমার মতে ভাল হইত। কিন্তু কমিটী স্থির করিলেন যে যখন মহামহিমবর শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেব এবিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি করিয়া দিয়াছেন, তখন একথা পুনরুত্থাপন করিতে তাঁহারা সমর্থ নহেন। কিন্তু এস্থলে আমি একথা না বলিয়া থাকিতে পারিতেছি না যে কমিটী শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরীর মীমাংসায় যাহা বলেন তাহা অতিক্রম করিয়াগিয়াছে। প্রথম পাণ্ডুলিপিতে বাসেন্দা রায়তের অবস্থা সম্বন্ধে নিম্নলিখিত বিধান ছিল।—

৪৫ ধারা।—এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে বা পরে যদি কোন ব্যক্তি ক্রমাগত বার বৎসর কাল কোন গ্রামের বা মহালের অন্তর্গত রায়তী জমী রায়তস্বরূপ ভোগ করিয়া থাকে, তবে বিপরীত ভাবের চুক্তি থাকিলেও এবং ঐকাল মধ্যে ভিন্ন২ সময়ে সেই ব্যক্তি যে ভূমি এরূপে ভোগ করে তাহা ভিন্ন২ হইলেও ঐব্যক্তি উক্ত কাল অতীত হইলে পর ঐ গ্রামের ও মহালের বাসেন্দা রায়ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আবার

৪৭ ধারা।—কোন গ্রামের বা মহালের কোন বাসেন্দা রায়ত ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখের পর উক্ত গ্রামের বা মহালের অন্তর্গত কোন রায়তী জমী রায়তস্বরূপ ভোগ করিলে, বিপরীত ভাবের চুক্তি সত্ত্বেও যৎকালে যে আইন বলবৎ থাকে সেই আইনমতে উক্ত ভূমিতে দখলীস্বত্ব প্রাপ্ত হয় বা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

বাঙ্গালা গবর্ণমেণ্টের প্রস্তাব অনুসারে কমিটী বাসেন্দা রায়ত সম্বন্ধীয় মত বিলক্ষণরূপে বিস্তার করিয়াছেন এবং উহার সপক্ষে এক নূতন আইনসম্মত অনুমানের সৃষ্টি করিয়াছেন। যথা:—

২৫ ধারা।—(১) কোন গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত উক্ত গ্রামে বা মহালে রায়তস্বরূপ যে সকল ভূমি ভোগ করে, সেই সকল ভূমিতে সে দখলী স্বত্ব প্রাপ্ত হইবে।

(২) কোন গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখ অবধি এই আইন প্রচলিত হইবার সময় পর্য্যন্ত উক্ত গ্রামের বা মহালের অন্তর্গত কোন ভূমি রায়তস্বরূপ ভোগ করিলে, তৎকালে যে আইন বলবৎ থাকে সেই আইনমতে উক্ত ভূমিতে দখলী স্বত্ব প্রাপ্ত হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

২৬ ধারা।—(১) এই আইন প্রচলিত হইবার সময়ের পূর্ব্বে বা পরে যদি কোন ব্যক্তি ক্রমাগত বার বৎসর কাল কোন গ্রামের বা মহালের অন্তর্গত জমী রায়তরূপে পাট্টাক্রমে বা প্রকারান্তরে ভোগ করিয়া থাকে, তবে ঐ ব্যক্তি উক্ত কাল অতীত হইলে পর ঐ গ্রামের বা মহালের বাসেন্দা রায়ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) যদি এই আইনমত কোন কার্য্যানুষ্ঠানে কোন প্রমাণিত বা স্বীকৃত হয় যে কোন ব্যক্তি রায়তস্বরূপ ভূমি ভোগ করে, তবে যাবৎ বিপরীত কথা প্রমাণ বা স্বীকার করা না হয়, তাবৎ এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তির ও সে যে ভূম্যধিকারীর অধীনে ভূমি ভোগ করে সেই ভূম্যধিকারীর মধ্যে এই অনুমান হইবে যে, সে ঐ ভূমি বা উহার কোন অংশ রায়তস্বরূপ বার বৎসরকাল ভোগ করিয়াছে।

(৩) কোন ব্যক্তি যে বিশেষ ভূমি ভোগ করে তাহা ভিন্ন২ সময়ে ভিন্ন২ হইলেও, এই ধারার কার্য্যপক্ষে ঐ ব্যক্তি ক্রমাগত কোন গ্রামে বা মহালে ভূমি ভোগ করিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

(৪) কোন ব্যক্তি যে ব্যক্তির উত্তরাধিকারী সেই ব্যক্তি রায়তস্বরূপ যে জমী ভোগ করিয়া থাকে, প্রথমোক্ত ব্যক্তি এই ধারার কার্য্যপক্ষে সেই জমী রায়তস্বরূপ ভোগ করিয়াছে বলিয়া গণ্য হইবে।

খাজানা নির্ণয় বিষয়ে এইরূপে জমীদারের উপর বিষম অক্ষমতা আরোপ করা হইল। যে স্থলে মোকদ্দমা দ্বারা খাজানা বৃদ্ধি করিবার চেষ্টা হয়, সে স্থলে যে সকল কারণে খাজানা বৃদ্ধির জন্য দরখাস্ত হইতে পারে তাহা এইরূপে প্রদর্শিত হইয়াছে।

(ক) দখলীস্বত্ববিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধাবিশিষ্ট ভূমির নিমিত্ত যে প্রচলিত হারে খাজানা দিয়া থাকে উক্ত রায়ত তদপেক্ষা কম হারে খাজানা দেয়।

(খ) সেই স্থানে বা চলিত বাজারে প্রধান প্রধান খাদ্য শস্যের গড়মূল্য বৃদ্ধি হইয়াছে।

(গ) ভূম্যধিকারীর দ্বারা বা তাঁহার খরচে যে উৎকর্ষসাধন হয় তাহাতে রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে।

(ঘ) রায়তের ভোগকৃত ভূমির উৎপাদিকাশক্তি নদী দ্বারা বর্দ্ধিত হইয়াছে।

আমি বেশ বলিতে পারি যে, সংশোধিত কারণাবলীতে খাজানা বৃদ্ধি সমস্যাপূরণের বিশেষ সাহায্য হইবে না। প্রথম কারণ "প্রচলিত হার" পরিষ্কার বুঝা যায় না এবং এখন এবিষয়ে যে সকল সন্দেহ ও গোলযোগ আছে তাহার কিছুই দূর হয় নাই। এই বিষয় বিশদ করার জন্যে চেষ্টা করা হয় কিন্তু বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাহার বিরোধী হন। আমার ভয় এই যে দ্বিতীয় কারণ অলীক বলিয়া পরিণত হইবে। কারণ গবর্ণমেণ্ট কর্ম্মচারীরা যে মূল্যের তালিকা প্রস্তুত করিয়া দেন তাহার উপর কিছু মাত্র বিশ্বাস করা যায় না। ইংলণ্ডে আমিয়াণ্ডলিয়ার গড় মূল্য নিরূপণার্থ বিশ্বাসযোগ্য প্রমাণ পাওয়া যে নিতান্ত সুকঠিন, বিশেষ "সেই স্থানে বা চলিত বাজারে", কমিটী তাহা অস্বীকার করিতে পারেন না। চলিত বাজার কে নির্ণয় করিয়া দিবে? পরে যে সকল শর্ত উল্লিখিত হইয়াছে তাহাতে তৃতীয় কারণ কার্য্যতঃ অনির্দ্দিষ্ট বলিয়া পরিত্যক্ত হইবে। চতুর্থ কারণ অনুসারে যদি সুন্দররূপেও কার্য্য হয়, তথাপি উহা কখন কখন ক্ষতিকারক হইবে।

যে সকল নিয়মে রাজস্ব কার্য্যকারক কর্ত্তৃক খাজানা বৃদ্ধি সম্বন্ধে তদারক হইবার বিধান আছে তাহাতে কার্য্যতঃ সমস্ত ব্যাপারই রাজস্ব কার্য্যকারকের বিবেচনাধীন হইবে। উদাহরণ, প্রচলিত হার নির্ণয়জন্য রাজস্বকার্য্যকারকের উপর তত্তৎস্থলে তদারকের উপদেশ আছে; কিন্তু কি সূত্র ধরিয়া প্রচলিত হার নির্ণয় করিবেন তাহার কিছুই বলিয়া দেওয়া হয় নাই। ফল এই হইবে যে ভিন্ন ভিন্ন কার্য্যকারক ভিন্ন ভিন্ন রীতিতে কার্য্য করিবেন। মূল্য বৃদ্ধিহেতুক খাজানা বৃদ্ধি করিবার এই বিধান আছে।—

(ক) স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে নিয়মিত সময়ান্তরে যে মূল্যের তালিকা প্রকাশ করা যায় আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন, এবং মোকদ্দমা উপস্থিত হওয়ার অব্যবহিত পূর্ব্ববর্ত্তী পাঁচ বৎসরের গড় মূল্য অন্য যে পাঁচ বৎসর তুলনার নিমিত্ত লওয়া ন্যায্য ও কার্য্যকর বোধ হয়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত মিলাইয়া দেখিবেন।

(খ) আদালত এরূপে খাজানা বৃদ্ধি করিবেন না যে বর্দ্ধিত খাজানা পূর্ব্বের খাজানা অপেক্ষা টাকায় চারি-আনার অধিক হয়।

(গ) তুলনার নিমিত্ত পূর্ব্বের যে পাঁচ বৎসর লওয়া যায়, সেই পাঁচ বৎসরের গড় মূল্যের সহিত শেষ পাঁচ-বৎসরের গড় মূল্যের যে অনুপাত থাকে, পূর্ব্বোক্ত নিয়মানুসারে ও যে হারের নিয়মানুসারে থাকে খাজানার সহিত বর্দ্ধিত খাজানার সেই অনুপাত রাখিবে।

এই সকল বিধান অনুসারে কার্য্যকরণ বিষয়ে মূল্যের তালিকার উপর অনেকটা নির্ভর করিতে হইবে, কিন্তু আমি পূর্ব্বেই বলিয়াছি গবর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতা গেজেটে প্রকাশিত তালিকার উপর কিছুমাত্র বিশ্বাস করিতে পারা যায় না। পোলীসে উক্তবিবরণ সংগ্রহ করে এবং পোলীস যে এবিষয়ে বড় সতর্ক হইবে তাহার আশা করা যায় না। প্রায় সর্ব্বদাই খোরাকী বিক্রয়ের দর মিশ্রিত থাকায় উহা হইতে ন্যায়রূপ গড় হিসাব করা যায় না সে কথা না ধরিলেও বোল দারিদ্ধবিশিষ্ট লেফ্‌টেনাণ্ট তাহার পরীক্ষা করিয়া লওয়া হয় না। যদি বিশেষ যত্নপূর্ব্বক তালিকা প্রস্তুত করা যায়, (একথা শুদ্ধ ভবিষ্যৎ তালিকার প্রতিই বলিবে)—এই সকল তালিকা বিচারালয়ে প্রকৃষ্ট ও সিদ্ধ প্রমাণ বলিয়া গ্রাহ্য হইতে পারে না এবং হওয়াও উচিত নহে। আবার এই প্রশ্ন আসিতেছে—পুরাণ মূল্যের তালিকা কিরূপে প্রস্তুত হইবে?

আমরা দেখিতে হইবে যে সমস্ত শস্যের মূল্য বাঙ্গালার চাউলের এক রোকের ভুট্টা, যব ও গমের মূল্যে পরিণত করিতে হইবে। প্রধান খাদ্য শস্যের নামোল্লেখ করার ভার স্থানীয় গবর্ণমেণ্টের হস্তে সমর্পিত হইল। উক্ত গবর্ণমেণ্ট বিবেচনামত সময়ের ভিন্ন২ শস্যের নাম উল্লেখ করিতে পারেন। তামাক, ইক্ষু, তুঁত, আখু, পাট প্রভৃতি মূল্যবান উৎপন্ন দ্রব্যের বিষয় কোন বিশেষ বন্দোবস্ত করা হয় নাই। স্পষ্টই দেখা যাইতেছে যে ইংলণ্ডের টাইথস কমুটেশন আক্‌ট যে মূল সূত্রে গ্রথিত এ নিয়মও সেই সূত্রানুযায়ী। কিন্তু আমি সাহস করিয়া নিবেদন করিতে পারি যে বিলাতের টাইথের সহিত বাঙ্গালার খাজানার কোন সৌসাদৃশ্য নাই; কারণ প্রথমোক্তটী ফসলের নির্দ্দিষ্ট অর্থাৎ দশম অংশ, আর শেষোক্তটী উৎপন্নের অংশ মূলক হইলেও এক্ষণে পুরাতন নিরিখ হইতে অনেক দূরে আসিয়া পড়িয়াছে। ইংরেজী টাইথের কখন বৃদ্ধি হয় না; কিন্তু আইনেই বাঙ্গালার টাকার দের

খাজানা বৃদ্ধিযোগ্য বলিয়া প্রকাশ করিতেছে। এস্থলে জিজ্ঞাসা করা যাইতে পারে যে, যে মূল সূত্র টাইদকে মুদ্রায় পরিণত করারসময় সুবিচার সঙ্গত বলিয়া গৃহীত হয়, টাকার দেয় খাজানা বৃদ্ধি বিষয়ে সেই মূল সূত্র কি প্রকৃষ্ট ও সুবিচার সঙ্গত হইবে? আমি যতদূর বুঝিতে পারি, বর্ত্তমান আইনমতে এই সূত্র ধরিয়া কার্য্য করা যেরূপ কঠিন পরের তাহা অপেক্ষা কোনমতেই সহজ হইবে না। ভূম্যধিকারী কর্ত্তৃক উৎকর্ষসাধনহেতুক খাজানাবৃদ্ধিসম্বন্ধেও বিশেষ বিধি দ্বারা কার্য্যক্ষেত্র এত সঙ্কীর্ণ করা হইয়াছে যে আমার ভয় হয় উহার সহিত দেশের আর্থিক অবস্থার সামঞ্জস্য রক্ষা হইবে না। এই কারণবশতঃ বৃদ্ধির আজ্ঞা দিবার সময় আদালতের যে সকল অবস্থার বিষয় বিবেচনা করিতে হইবে তাহার উল্লেখ করিবার পর ৪৬ ধারায় বলে যে আদালত দেখিবেন ঐ ভূমি উচ্চতর হারে খাজানা দিতে সক্ষম হইবে কি না? যখন সকল বিষয়ই অনিশ্চিত, তখন কোন্ বুদ্ধিমান্ জমীদার উৎকর্ষসাধন করিতে অগ্রসর হইবে? টাকা দিয়া তাহাতে লাভ হইবে কি না ঠিক বুঝিতে না পারিলে কেহই টাকা বাহির করিবে না। এই সম্বন্ধে আরও দুইটী কথা আছে। বঙ্গদেশের গবর্ণমেণ্টের সহিত ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশনের পত্র লেখালেখিদ্বারা পূর্ব্বে স্থির হইয়াছিল যে কোন স্থানেই বর্ত্তমান খাজানা দ্বিগুণের অধিক বৃদ্ধি হইতে পারিবে না এবং একবার বৃদ্ধি হইলে তাহা দশ বৎসর বলবৎ থাকিবে। প্রথমকার পাণ্ডুলিপিতে এই সকল নিয়ম অন্তর্ভুক্ত হইয়াছিল। কিন্তু বঙ্গদেশের বর্ত্তমান গবর্ণমেণ্টের পরামর্শমতে উভয় নিয়মই পরিবর্জ্জিত হইয়াছে। এক্ষণে এইরূপ প্রকাশ করা হইয়াছে যে যেস্থলে প্রচলিত হার অপেক্ষা ন্যূনতা বশতঃ বৃদ্ধির চেষ্টা হয় সেস্থলে খাজানা টাকায় এআটআনার অথবা শত করা পঞ্চাশ টাকার অধিক বৃদ্ধি হইবে না, এবং যে স্থলে মূল্য বৃদ্ধি বশতঃ খাজানা বৃদ্ধির চেষ্টা হয় সে স্থলে বর্দ্ধিত খাজানা পূর্ব্বতন খাজানা হইতে টাকায় চারিআনা অথবা শত করা পঁচিশ টাকা অপেক্ষা অধিক হইবে না, আর খাজানা বৃদ্ধি হইলে তাহা পনের বৎসর চলিবে। এতদ্বারা দৃষ্ট হইবে, যে গবর্ণমেণ্টের মীমাংসা কখনই চূড়ান্ত হয় না। জমীদারেরা যতই অধিক ছাড়িয়া দিতেছেন ততই তাঁহাদের নিকট অধিক দাবী করা হইতেছে।

সহজেই বুঝা যায় যে, যে স্থলে প্রচলিত হার অপেক্ষা বর্ত্তমান খাজানার ন্যূনতা বশতঃ বৃদ্ধি করিবার চেষ্টা হয় সে স্থলে উক্ত খাজানা প্রচলিত হারের সীমা পর্য্যন্ত বর্দ্ধিত হওয়াই উচিত। কেন যে এরূপ স্থলেও শতকরা পঞ্চাশ টাকা উর্দ্ধতন সীমা নির্দ্দিষ্ট হইতে তাহা বুঝা যাইতেছে না। আবার যে স্থলে মূল্য বৃদ্ধি বশতঃ খাজানা বৃদ্ধির জন্য চেষ্টা করা হয় এবং অনুপাত ধরিয়া বৃদ্ধি দিতে হইবে, সেস্থলে শতকরা পঁচিশ টাকা উর্দ্ধতন সীমা নির্দ্দেশ করা সুবিচারসঙ্গত নহে।

শস্যে দেয় খাজানা টাকায় পরিবর্ত্তন।

পাণ্ডুলিপির এই অংশ বাঙ্গালা অপেক্ষা বেহারেই অধিক খাটে; এবং আমার মান্যবর সহযোগী মহিমান্বিত দ্বারভঙ্গার মহারাজা নিশ্চয়ই এই বিষয়ের সমালোচনা করিবেন, অতএব আমার এবিষয়ে অধিক না বলিলেও চলে। যাহাই হউক আমার কথা এই, যে মূল সূত্র ধরিয়া পরিবর্ত্তনকার্য্য সম্পাদনের উপদেশ হইয়াছে তদ্দ্বারা বর্ত্তমান খাজানা কম হইবারই সম্ভাবনা। এ দুইটী সূত্র এই—

(ক) দখলী স্বত্ব বিশিষ্ট রায়তেরা নিকটস্থ সেই প্রকারের ও তদ্রূপ সুবিধা বিশিষ্ট ভূমির নিমিত্ত পক্ষে যে পরিমাণ খাজানা দিয়া থাকে,

(খ) পূর্ব্ব দশ বৎসরে ভূম্যধিকারী প্রকৃত প্রস্তাবে যে খাজানা পাইয়া থাকেন তাহার গড় মূল্য।

এস্থলে আমার বলা উচিত যে যখন পাণ্ডুলিপি উত্থাপিত হইয়াছিল, তখন বর্ত্তমান খাজানা কমান হইবে না, এরূপ স্পষ্ট আশ্বাস দেওয়া হইয়াছিল।

দখলীস্বত্বশূন্য রায়ত।

চিরস্থায়ী বন্দোবস্তের আইন এ° ১৮৫৯ সালের ১০ আইন এ উভয় মতেই দখলীস্বত্বশূন্য রায়তের সহিত কারবারে জমীদারের সম্পূর্ণ স্বাধীনতা প্রদান করা হইয়াছিল। দখলীস্বত্বহীন প্রজা ইচ্ছাধীন প্রজা ভিন্ন আর কিছুই নহে। কিন্তু এই পাণ্ডুলিপিতে ভূম্যধিকারী ও দখলীস্বত্বহীন প্রজার সম্বন্ধ বহুল পরিমাণে পরিবর্দ্ধিত হইতেছে। যদি দখলীস্বত্বহীন প্রজা কোনমতে একখণ্ড ভূমির উপর এক মুঠা বীজ ছড়াইবার যোগাড় করিতে পারে, তাহা হইলে কিছুতেই তাহার দখলীস্বত্বলাভ বন্ধ করিতে পারিবে না এবং পূর্ব্বে যেরূপ বলিয়াছি পাঁচসনা রায়ত সম্বন্ধে যে আইনসম্মত অনুমান আছে সে তাহার সম্পূর্ণ ফল লাভ করিবে। সে যখন প্রথম আসিবে তখন জমিদারের সহিত তাহার যেরূপ খাজানা দিবার কথা থাকিবে সে তাহাই দিতে বাধ্য হইবে। কিন্তু রেজিষ্টরী করা নিয়মপত্র ব্যতীত খাজানা বৃদ্ধি হইতে পারিবে না। বরং যখন জমীদার রায়তকে এরূপ নিয়মপত্র দিতে যাইবেন সে উহা অস্বীকার করিতে পারে। তাহা হইলে জমীদারকে প্রজা দূর করিবার জন্য মোকদ্দমা রুজু করিতে বাধ্য হইতে হইবে। আদালত তখন ঐ যোতের কি খাজানা প্রকৃষ্ট ও সুবিচারসঙ্গত তাহা স্থির করিয়া দিবেন, এবং আদালতের হুকুমমত জমীদার প্রজাকে পাঁচবৎসরের জন্য পাট্টা দিতে বাধ্য হইবেন; এবং যদি এই পাট্টার বিয়াদ অতীত হইবার পূর্ব্বেই রায়তের দখলীস্বত্ব জন্মে তাহা হইলে সে দখলীস্বত্ববিশিষ্ট প্রজার সমস্ত স্বত্বও অধিকার পাইতে স্বত্বান হইবে। এইরূপে দখলীস্বত্বহীন প্রজা নাম মাত্রেই পর্য্যবসিত হইবে। এই শ্রেণীর রায়তের সহিত আপনার ইচ্ছামত কারবার করিবার জমীদারের এক্ষণে যে স্বত্ব ছিল তাহা সম্পূর্ণরূপে কাড়িয়া লওয়া হইল। চুক্তিসম্বন্ধে স্বাধীনতা অবৈধ করা হইল। জমীদারকে আদালতের আজ্ঞাক্রমে পাঁচ বৎসরের জন্য পাট্টা দিতে বাধ্য করা হইল। এস্থলে আমার বলা উচিত যে বিচারাধীন পাট্টা দেওয়ার প্রথা প্রচলিত করণ হেতুকই প্রজার উচ্ছেদের ক্ষতিপূরণ সম্বন্ধীয়

প্রথমকার বিধান সকল ছাড়িয়া দেওয়া হইয়াছে। এই সকল বিধানে এদেশে অজ্ঞাত কতকগুলি নূতন তাঁতের সূত্র অন্তর্নিহিত ছিল। এপাণ্ডুলিপিতে সেগুলি থাকিলে নূতন বিবাদের মূল হইত। কিন্তু তাহার পরিবর্ত্তে বিচারাধীন পাঁচ বৎসরের পাট্টা প্রবর্ত্তিত করায় জমীদারের প্রতি বিশেষ অবিচার করা হইয়াছে। যে বিষয়ে জমীদারেরা চিরকাল সম্পূর্ণরূপে স্বাধীনভাবে কার্য্য করিয়া আসিয়াছেন, সেই বিষয়েই আদালত তাঁহাদের হস্ত পদ বন্ধন করিয়া দিলেন। আর যে রায়তের সুবিধার জন্য বিচারাধীন পাট্টার হুকুম দেওয়া হইল, সে অত্যন্ত দুর্বৃত্ত ও গোলযোগকারী হইতে পারে। সে মন্দ পরামর্শ দিয়া চতুষ্পার্শ্ববর্ত্তী প্রজার পালকে কেপাইয়া দিতে পারে এবং অত্যন্ত ক্ষতিকারক বলিয়া প্রতিপন্ন হইতে পারে। হয়ত জমিদার অন্য প্রজার সহিত ভূমির বন্দোবস্ত করিলে উহা অপেক্ষা বেশী খাজানা পাইতে পারিতেন এবং তদ্দরুণ খাজানা আদায়ের ভাল প্রতিভাবা পাইতে পারিতেন। কিন্তু বিচারাধীন পাট্টায় তাঁহার সুবিধা বা স্বাধীনতা রহিল না। দখলীস্বত্বহীন রায়ত সম্বন্ধীয় বিধান সকলে জমীদারের ভূস্বামী স্বত্বের প্রতি আরো এক বিষয়ে আক্রমণ করা হইয়াছে একথা আমি না ভাবিয়া থাকিতে পারিতেছি না। যে শ্রেণীর রায়তের সুবিধার জন্য এরূপ আক্রমণ হইতেছে জমির উপর তাহার কিছু মাত্র মায়া নাই সুতরাং জমীদারের অনুগ্রহ পাইতে তাহাদের কিছু মাত্র ধর্ম্মতঃ দাবী নাই।

কোর্কা বিলি ও কোর্কা রায়ত।

যে পাণ্ডুলিপি প্রথম উপস্থিত করা হয় তাহার এক প্রধান দোষ এই যে, যদিও উহাতে জমিদারের স্বত্ব ও অধিকার বিশেষ রূপে খর্ব্ব করা হইল, তথাপি যে প্রকৃত প্রস্তাবে ভূমিকর্ষক, যাহার পরিশ্রমে দেশে ধন-ধান্য হয় ও সাধারণের প্রতিনিধিস্বরূপ গবর্ণমেণ্ট ও ভূস্বামী ও পেটাও ভূস্বামীর দল আহার প্রাপ্ত হন, তাহার কার্য্যতঃ অল্পই উপকার করা হয়। মধ্যবর্ত্তী লোকের অবশ্য বিশেষরূপে উন্নতি করা হইল। কিন্তু কোর্কা রায়ত, যে প্রায়ই প্রকৃত প্রস্তাবে ভূমি কর্ষণ করে, তাহাকে সম্পূর্ণরূপে মধ্যবর্ত্তী লোকের দয়ার উপর ফেলিয়া দেওয়া হইল। এই বিধানে যেরূপ ইতরবিশেষ করা হয় কমিশনর তাহা সম্পূর্ণরূপে বুঝিয়াছিলেন, এবং তাঁহারা কোর্কা রায়তের অবস্থার উন্নতি করিবার জন্য নানাবিধ উপায়ের প্রস্তাব করিয়াছেন। তদনুসারে এই পাণ্ডুলিপিতে কোর্কা বিলি নিয়মিত করিবার প্রস্তাব হইয়াছে। কিন্তু আমার সন্দেহ এই যে, এসকল বিধান কার্য্যে পরিণত হইবে না। প্রথমতঃ যদি দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তাহার যোতের অর্দ্ধেকের অধিক কোর্কা বিলি করে, উহা রেজিষ্টরী হইবামাত্র, তালুকদাররূপে পরিণত হইবে। তালুকদারের অবস্থা বিশেষরূপ সুবিধাজনক। অতএব তাহাতে কোর্কা বিলি বন্ধ হওয়া দূর থাকুক বরং উহার প্রশ্রয় দেওয়া হইবে। দ্বিতীয়তঃ যদি কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কোর্কা বিলি করে, তাহা হইলে কোর্কা পাট্টা দাতৃ রায়তের অধিক কালের জন্য সিদ্ধ হইবে না, এবং উহা ভূতকালেও কলবৎ হইবে। যে কোর্কা পাট্টা লিখিতে তাহার অবশ্য ইহাতে কোন ক্ষতি নাই। কারণ পাট্টার মিয়াদ যত অল্প হইবে তাহার পাট্টা তত অধিক হইবে। তৃতীয়তঃ কোর্কা রায়তের ভূম্যধিকারীরা যদি পাট্টাস্থলে নিজে যাহা দিয়া থাকেন তাহার উপর শতকরা ৫০ টাকার অধিক খাজানা আদায় করিতে পারিবেন না এবং অন্য স্থলে শতকরা ২৫ টাকার অধিক পাইবেন না। আমি বুঝিতে পারিতেছি না যে স্থলে পরস্পর সন্নিহিত অনেক মধ্যবর্ত্তী লোক আছেন, (কলিকাতার পরস্পর ১৩ শ্রেণীর মধ্যবর্ত্তী লোক আছে) সেই স্থলে কিরূপে এই বিধিমতে কার্য্য চলিবে। প্রত্যেক মধ্যবর্ত্তী কি কোর্কা রায়তের নিকট হইতে তিনি আপন ভূম্যধিকারীকে যাহা দিয়া থাকেন তাহা অপেক্ষা শতকরা ৫০ টাকা অধিক দাবী করিতে স্বত্বধান হইবেন? তাহা হইলে এই দলের সর্ব্ব শেষ ব্যক্তির, যে ব্যক্তি স্বহস্তে চাস করে তাহার, দশা কি হইবে? চতুর্থতঃ ভূম্যধিকারী কোর্কা রায়তকে কৃষি সম্বৎসরের শেষে তিন ও ৭ বৎসর শেষ হইবার ছয়মাস পূর্ব্বে উঠিয়া যাইবার লিখিত নোটিস দান ভিন্ন উঠাইয়া দিতে পারিবেন না। আমার ধারণা এই যে উর্দ্ধতন রায়ত অর্দ্ধেকের অধিক ভূমি কোর্কা বিলি করিয়াছে কিনা তাহাই লইয়া উর্দ্ধতন রায়তের সহিত কোর্কা রায়তের সর্ব্বদা বিবাদ হইবে। ফল এই হইবে যে অধিক কোর্কা রায়ত নিঃশব্দে অত্যাচার সহ্য করিয়া যাইবে, না হয় সর্ব্বদা মোকদ্দমা মামলা হইবে। আর আমি যত দূর বিচার করিতে পারি তাহাতে যে সকলস্থলে উর্দ্ধতন রায়ত তাহার যোতের অর্দ্ধেকের অধিক ভূমি কোর্কা বিলি করিবে কেবল সেইসকল স্থলেই ৬১ ধারা তে খাজানার সীমা নির্দ্ধারণ কার্য্য হইবে। এই জন্য সেই রায়ত আইনের হস্ত হইতে মুক্ত হইবার অভিপ্রায়ে আপনাকে সাবধানে এই সীমার মধ্যে রাখিবে। আরও উর্দ্ধতন রায়ত যদি আইন লঙ্ঘন করে, তাহাহইলে তাহাকে আদালতে আনায় কাহারও স্বার্থ নাই, কারণ আইন লঙ্ঘন করিলে কোনরূপ শাস্তিরই বিধান নাই। উর্দ্ধতন রায়ত যে রায়ত তাহার নিজের শর্ত্তমত জমী লইতে স্বীকার না করিবে, সেইরূপ রায়তকে ভূমি না দেওয়া ই স্থির করিয়া রাখিবে, এবং যখন কোন কোর্কা রায়ত ঐ শর্ত্ত স্বীকার করে সে আর আইনপ্রদত্ত উপকারের প্রত্যাশী হইবে না। তৃতীয় ব্যক্তি আর একজন রায়ত আইনের নির্দ্দিষ্ট শর্ত্তে জমী লইতে ইচ্ছা করিতে পারে, কিন্তু যদি উর্দ্ধতন রায়ত তাহাকে গ্রহণই না করিল তবে সে দাঁড়ায় কিসের জোরে। অতএব কোর্কা বিলি নিয়মনার্থে যে সকল ধারা প্রস্তাব হইয়াছে অকার্য্যকর হইবে, না হয় অশেষ-প্রকার মোকদ্দমা মামলা উৎপাদন করিবে।

উৎকর্ষসাধন।

উৎকর্ষসাধন অধ্যায়ে ভূম্যধিকারী ও প্রজা এ উভয়ের সম্বন্ধ বিষয়ে যে পরিবর্ত্তন প্রবর্ত্তিত করা হইয়াছে তাহা না বর্ত্তমান আইনের অনুযায়ী না দেশাচারের অনুযায়ী। বর্ত্তমান সময়ে ভূম্যধিকারীরাই প্রায় ভূমির উৎকর্ষসাধন করিয়া থাকেন। প্রজারা ভূমির উৎকর্ষসাধন করিতে গেলে তাহারা ভূম্যধিকারীর সম্মতি ও অনুমোদন লইয়া করিয়া থাকে। কিন্তু এই অধ্যায়ে বলিতেছে যে (১) যে রায়ত অবধারিত খাজানায় ভূমিভোগ

করে সে আপন ভোগ সম্বন্ধে কোনরূপ উৎকর্ষসাধন করিতে চাহিলে ভূম্যধিকারী তাহাকে বাধা দিতে পারিবেন না। (২) যে স্থলে রায়তের দখলীস্বত্ব আছে সে স্থলে সেই ভূম্যধিকারীর অধীনে অন্য এক বা তদধিক ভোগ সম্বন্ধে কোন ক্ষতি হইবার সম্ভাবনা না থাকিলে উক্ত রায়তের উৎকর্ষসাধন করিতে অগ্র স্বত্ব থাকিবে। (৩) যে স্থলে দখলীস্বত্বশূন্য রায়ত আপন ভোগে কোনরূপ উৎকর্ষসাধন করিতে ইচ্ছা করে সে উপযুক্ত সময়ের মধ্যে তাহা করিয়া দিবার জন্য ভূম্যধিকারীর উপর এক নোটিস দিবে। যদি ভূম্যধিকারী তাহার অনুরোধ রক্ষা করিতে না পারেন অথবা অমনোযোগ করেন তাহা হইলে রায়ত নিজেই উৎকর্ষসাধন করিয়া লইবে। এই বিধান সমূহের মর্ম্ম এই যে উহাতে ভূম্যধিকারীর ভূম্যসী স্বত্ব অস্বীকার করিয়া ভূমিতে উৎকর্ষসাধন করিবার স্বত্ব কাহার এবিষয়ের মীমাংসা করিবার ভার কালেক্টরের হস্তে অর্পণ করা হইয়াছে। যদি রায়তকে ভূমির উৎকর্ষসাধন বিষয়ে উৎসাহ দেওয়া রাজনীতিসিদ্ধ হয়, তাহা হইলে প্রথম কল্পে ভূম্যধিকারীকেই উক্ত উৎকর্ষসাধনের ভার দেওয়া উচিত। অর্থ নীতি-মতে দেখিতে গেলে ভূম্যধিকারীর অনেক সময় যাহায় তিনিই উৎকর্ষসাধনে অধিকতর সমর্থ। কিন্তু এ বিষয়ে তাঁহার কিছুমাত্র সুবিধা করিয়া দেওয়া হয় নাই। তিনি উৎকর্ষসাধনের জন্য যে টাকা খরচ করিবেন, খাজানা বৃদ্ধি করিয়া তাহার মুনাফা তুলিয়া লইবেন এ আশ্বাসও তাঁহাকে দেওয়া হয় নাই, কারণ খাজানা বৃদ্ধি দেওয়া না দেওয়া আদালতের বিবেচনার উপর নির্ভর করিবে, এবং আদালত যদি দেখেন যে ঐ ভূমি খাজানা বৃদ্ধি দিতে সমর্থ তবেই বৃদ্ধির আদেশ করিবেন। আমার আশঙ্কা হয় এই সকল বিষয়ের অপরিণামে ফল এই হইবে যে উৎকর্ষসাধন সহসা একেবারে বন্ধ হইয়া যাইবে। যাহারা উৎকর্ষসাধন করিবার সামর্থ্য নাই তাহাদের নিকট উৎকর্ষসাধনের আশা করা এ সম্প্রদায়ের পক্ষে কাহাকে তাহাদের প্রতিবন্ধক দেওয়া যে কিরূপ পাকা রাজনীতি তাহা আমার বুদ্ধির অগম্য। আমি প্রস্তাব করিয়াছিলাম যে কৃষিবিষয়ক পরীক্ষা, আদর্শক্ষেত্র প্রভৃতির জন্য ভূমি গ্রহণ বিষয়ে ভূম্যধিকারীর সুবিধা করিয়া দেওয়া হয়, কিন্তু আমার প্রস্তাব গ্রহণ করা হয় নাই। আমাকে ভূমি গ্রহণ বিষয়ক আইনের সংশোধন সেলেক্ট কমিটিতে দেওয়া হয়।

[illegible]

পাণ্ডুলিপিতে জিলার জজকে ক্ষমতা দেওয়া হইয়াছে যে কালেক্টর অথবা স্বার্থবান যে কোন ব্যক্তি, ভূমিতে তাহার স্বত্ব না থাকিলেও, আবেদন করিলে যদি তাঁহার বোধ হয় যে (ক) সাধারণের অসুবিধা বা (খ) ব্যক্তি বিশেষের অসুবিধা হইতেছে বা হইবার সম্ভাবনা, তাহা হইলে সহাধিকারীদিগকে উহার তত্ত্বাবধারণের স্বত্ব হইতে বঞ্চিত করিতে পারিবেন। আমি শেষ বিষয়ের কথাই প্রথমে বলিব। সহাধিকারীগণের মধ্যে বিবাদ থাকিলে অথবা সাধারণ কার্য্যাদি চলিলে রায়তদিগের কষ্ট ও বিরক্তি হইতে পারে এ কথা আমি স্বীকার করি, কিন্তু কমিটী খাজানা আদায়ের বিষয়ে করিয়া এ অসুবিধার প্রতিবিধান করিয়াছেন। ৭৩ ধারার (গ) প্রকরণে বলে যে যে স্থলে অনেক গুলি অংশীদারকে একযোগে খাজানা দিতে হয় এবং তাহা-দিগের পক্ষ হইতে খাজানা প্রদানের সময়ে কোন ব্যক্তি নিযুক্ত না থাকায় প্রজা টাকার জন্য উক্ত সহাধিকারীদিগের একযোগে সন্ধান পাইতে না পারে সে স্থলে উক্ত প্রজা খাজানা আমানত করিয়া দিতে পারিবে। আরও যদি সহাধিকারীরা একযোগে অথবা সহাধিকারী বিশেষের দ্বারা দরখাস্ত না মোকদ্দমা রুজু না করে তাহা হইলে সহাধিকারীরা জোকের দরখাস্ত অথবা মোকদ্দমা ব্যতীত খাজানার জন্য মোকদ্দমা করিতে পারিবে না। এদ্দ্বারা দৃষ্ট হইতেছে যে এই পাণ্ডুলিপি দ্বারা অধিকাংশ স্থলের রায়তদিগের সমস্ত যুক্তিযুক্ত কষ্টের কারণ সম্পূর্ণরূপে দূরীকৃত হইয়াছে। অধিকন্তু তাহে কোন স্থলের তত্ত্বাবধারণ হইলে সাধারণের যে কি ক্ষতি হইতে পারে তাহা আমি পরিষ্কাররূপে বুঝিতে পারিতেছি না। দৃষ্টান্তস্বরূপ বলিতেছি, যদি সহাধিকারীরা রাজস্ব দিতে ত্রুটি করে, তাহাদের মহাল নীলাম হইতে পারে। যদি তাহারা আইন অতিক্রম করে অথবা সরকারী আদেশমত কার্য্য করিতে অপারগ হয়, তাহা হইলে রায়তের দারিত্বের কথা বঙ্গদেশের বেঙ্গি ঘটী বিষয়ক আইনের কথা দৃষ্টান্তস্থলে করা যাইতে পারে এবং তাহাদের শাস্তিও হইতে পারে। এজন্য কালেক্টর অথবা জজ সাধারণের অসুবিধা হইতেছে মনে করিলেই সহাধিকারীরা আপন সম্পত্তির তত্ত্বাবধারণ হইতে কেনই বঞ্চিত হইবেন, পরিষ্কার বুঝা যায় না। আমার নিবেদন এই যে সেরূপ কারণের কখনই অস্তিত্ব নাই, তাহারই ভান করিয়া ভূম্যধিকারীদিগের সম্পত্তির তত্ত্বাবধারণের ভার আদালতের প্রতি অর্পণ করিয়া, উহাদিগের পরিশ্রম ও উৎকর্ষসাধনের উদ্রেকের কারণ অপনোদন করা, প্রকৃত রাজনীতির একান্ত বিরোধী।

স্বত্বের লিপি, খাজানার বন্দোবস্ত, হারের তালিকা, ও ভূস্বামীর নিজ জমী লিপিবদ্ধ করণ।

চিরস্থায়ী বন্দোবস্তের যে সকল ভাগে নির্দ্দিষ্ট সময়ান্তে বন্দোবস্ত হয় তথায় অধুনা যে ভাবে ভূমির ব্যবস্থা হইয়া থাকে, উপরি উক্ত বিষয় সম্পর্কীয় অধ্যায়গুলিতে সেই ভাবে লিখিত হইয়াছে। কিন্তু বাঙ্গালার ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের স্বত্ব ও স্বার্থ প্রায়ই উভয়রূপে নির্দ্দিষ্ট আছে, এবং এই অধ্যায় সকলের বিষয় সম্বন্ধে যে যে স্থলে প্রজা ও ভূম্যধিকারীতে বিবাদ হইবার সম্ভাবনা, সেই সেই স্থলে সম্পর্কবিশিষ্ট সম্প্রদায়ের নিজ নিজ স্বার্থের উপর আইনের কার্য্য নির্ভর করিতে দেওয়াই সঙ্গতবোধ হয়। কিন্তু এই সকল অধ্যায়ের মর্ম্ম এই যে, একদিকে ভূম্যধিকারী ও প্রজা উভয়কেই তাহাদের জন্য নির্দ্দিষ্ট উপায় অবলম্বন করিতে স্বাধীনতা দেওয়া হইয়াছে, অপরদিকে স্থানীয় গবর্ণমেণ্টকে নিজের ইচ্ছামত সেই উপায় অবলম্বন করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। এই সকল অধ্যায়ে যে সকল বিধান আছে তাহাদের কার্য্য চলিতে আরম্ভ হইলে, আমার ভয় হয় যে দেশ মোকদ্দমা সাগরে ডুবিয়া যাইবে, ভূম্যধিকারী ও প্রজার কুপ্রবৃত্তি সমূহ উত্তেজিত হইবে, মিথ্যা সাক্ষ্য ও জাল করণের দ্বার একাণ্ডরূপে উদ্ঘাটিত হইবে, অধীনস্থ আমলারা অশেষরূপে অত্যাচার করিতে থাকিবে,

এবং কৃষিজীবিরা ক্ষতি, ব্যয় ও বিপদের সাগরে পতিত হইবে। রাজস্ববিষয়ক জরীপে এই শিক্ষাই প্রদান করিয়াছিল। যখন লোকে নিজেই এই সকল বিধান বলবৎ করার জন্য আবেদন করিবে, তখন ইহা দেখিয়া লওয়া তাহাদেরই কাজ, কিন্তু লোকের কোনরূপ আবেদন ব্যতিরেকে কেন যে গবর্ণমেণ্ট যাইয়া দেশের লোকের উপরি উক্ত অনিষ্ট সাধন করিবেন আমি তাহার যুক্তিযুক্ত ও সিদ্ধ কার দেখিতে পাইতেছি না। আগামী দুই তিন পুরুষ মধ্যে উদ্দিষ্ট কার্য্য সমাধা হইবে না এবং এই সমস্ত সময় ধরিয়া পূর্ব্বোল্লিখিত ক্ষত বর্দ্ধিত হইতে থাকিবে। যে স্থলে রাজস্ব সংক্রান্ত বা সরাসরী বিক্রয়ে নীলাম খরিদার নিজের অবগতির জন্য জমাবন্দীর কাগজ পায় না, স্বত্বের লিপি শুদ্ধ যদি সেই স্থলের জন্য প্রস্তুত হয়; যেস্থলে রায়তেরা ধর্ম্মঘট করিয়া খাজানা দিতে অস্বীকার করে এবং যে স্থলে রায়তদের কর্ত্তৃক অত্যাচার হইবার সম্ভাবনা, যদি কেবল সেই সকল স্থলের জন্য খাজানার বন্দোবস্ত হয়; যেস্থলে জমীদারেরা নিজে আবেদন করে যদি কেবল সেই স্থলের জন্যই জমীদারের নিজ জমীর রেজিষ্টরী করা হয়; সেই সকল স্থলে পক্ষগণের দরখাস্তমত উহা ন্যায্য ও যুক্তিযুক্ত হইবে। কিন্তু গবর্ণমেণ্টের হস্তে অসীম বিবেচনার ভার দিয়া এই সকল অধ্যায়ের লক্ষ্য বিষয় যেরূপ বিস্তৃত করা হইয়াছে, তাহার সেরূপ কোন আবশ্যকতাই নাই এবং ইহাদ্বারা এত অনিষ্ট সংঘটিত হইবে যে উহাতে কৃষক সম্প্রদায়ের শান্তি, সুখ, ও প্রকৃত স্বার্থের বিলক্ষণ ক্ষতি হইবে। হারের তালিকা সম্বন্ধে এই বলা যাইতে পারে যে, এবিষয়ে যে অনুসন্ধান করা গিয়াছে তাহাতে স্পষ্ট বুঝা গিয়াছে যে দেশের অধিকাংশ স্থলেই উহা নির্ণয় করা অসাধ্য। ঐতিহাসিক, ব্যক্তিগত, অর্থশাস্ত্রসম্মত ও সামাজিক কারণ বশতঃ একই গ্রামের মধ্যে এত বিভিন্ন বিভিন্ন প্রকার হার প্রচলিত আছে, কোন কোন গ্রামে শত শত প্রকার হার আছে, যে নমুনার হার বা এক সমান হার বা পূর্ব্বে যাহাকে পরগনা হার বলিত কোন নির্দ্দিষ্ট ভূখণ্ডের জন্যে তাহা নির্ণয় করা আশাতীত। প্রজা ও ভূম্যধিকারী কাহারই একার্য্য দ্বারা কিছুমাত্র উপকার প্রাপ্ত হইবার সম্ভাবনা নাই, তথাপি স্থানীয় গবর্ণমেণ্ট বিশেষ ভূখণ্ডের জন্য হারের তালিকা প্রস্তুত করার ও ভূম্যধিকারী এবং প্রজার উপর দিয়া তাহার খরচ উঠাইয়া লইবার ক্ষমতা গ্রহণ করিয়াছেন। এইরূপে ভূম্যধিকারী ও প্রজা কোনরূপ আবেদন না করিলেও স্বত্বের লিপি ও খাজানার বন্দোবস্ত সম্বন্ধীয় বিধান সকল বলবৎ করিবার খরচ ভূম্যধিকারী ও প্রজার ঘাড়ে চাপান হইবে। যে কার্য্যপ্রণালী অবলম্বন করিলে ভূমিবিশিষ্ট শ্রেণীর উপকার অপেক্ষা অপকার হইবার অধিক সম্ভাবনা, এইরূপে তাহার জন্য ভূমির উপর নূতন কর বসান হইবে।

খামার নামে অভিহিত ভূম্যধিকারীর নিজ জমী লিপিবদ্ধ করণ সম্বন্ধে আমার বক্তব্য এই যে উহার যে লক্ষণ নির্দ্দেশ করা হইয়াছে তাহা চিরস্থায়ী বন্দোবস্তের আইনে নির্দ্দিষ্ট লক্ষণের সম্পূর্ণ বিরোধী, এবং উহাদ্বারা সমস্ত পতিত ভূমি লক্ষণবহির্ভূত করা হইয়াছে। ১৩৮ ধারায় বলে,

১৩৮ ধারা। (১) রাজস্ব কর্ম্মচারী নিম্নলিখিত জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করিবেন।—

(ক) যে জমী খামার, জেরাত, সের, নিজ, নিজযোত বা কামাত বলিয়া ভূস্বামী নিজে আপন সরঞ্জাম দ্বারা বা আপন চাকর দ্বারা বা বেতনভোগী মজুর দ্বারা এই আইন বিধিবদ্ধ হইবার অব্যবহিত পূর্ব্বে ক্রমাগত বার বৎসর চাষ করিয়াছেন বলিয়া প্রমাণ হয়, সেই জমী; এবং

(খ) যে আবাদী জমী গ্রাম্যাচারক্রমে ভূস্বামীর খামার, জেরাত, সের, নিজ, নিজযোত বা কামাত জমী বলিয়া স্বীকৃত হয়, সেই জমী।

(২) অন্য কোন জমী ভূস্বামীর নিজ জমী বলিয়া লিপিবদ্ধ করা উচিত কিনা, ইহা নিরূপণ করিতে হইলে, উক্ত কর্ম্মচারী দেশাচারের প্রতি এবং ১৮৮৩ সালের মার্চ্চ মাসের ২ তারিখের পূর্ব্বে ভূস্বামীর নিজ জমী বলিয়া বিশেষ করিয়া ঐ জমী জমা দেওয়া হইয়াছিল কিনা, এই কথার প্রতি দৃষ্টি রাখিবেন কিন্তু যাবৎ বিপরীত দর্শান না যায়, তাবৎ উক্ত জমী ভূস্বামীর নিজজমী নহে, এই রূপ অনুমান করিবেন।

(৩) জমী ভূস্বামীর নিজ জমী কিনা, এবিষয়ে দেওয়ানী আদালতে কোন প্রশ্ন উত্থিত হইলে, রাজস্ব কর্ম্মচারীদের কার্য্য পদ্ধতি প্রদর্শনার্থ এই ধারায় যে বিধি নির্দ্দিষ্ট হইল, উক্ত আদালত তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

১৭৯৩ সালের ৮ আইনের ৩৭ ধারায় খামার ভূমির নিম্নলিখিত বিবরণ আছে।—

১৭৯৩ সালের ৮ আইনের ৩৭ ধারা। জানিবেক যে সুবে বেহারের মধ্যের খালিকানা জমীন এবং সুবে বাঙ্গালা ও মোদনীপুরের জমিদার ও তালুকদার ও অন্য ভূম্যধিকারীদিগের নিজের খানকার ও খামার ও নিজ যোত ওগয়রহ ভূমিউপরের লিখিত [সাধারণ রাজস্ব হইতে লাখেরাজ ভূমির বহিষ্করণ] দাড়া সকলের বাহির আছে, ইত্যাদি।

আইনের ভাষার সহিত পাণ্ডুলিপির ভাষা তুলনা করিয়া দেখিলে দৃষ্ট হইবে পুরাতন আইনানুসারে জমীদারের খামার জমীতে ক্রমাগত বার বৎসর ধরিয়া চাষ করার শর্ত্ত নির্দ্দিষ্ট ছিলনা। পতিত ভূমিসম্বন্ধে একথা সকলেই জানে যে চিরস্থায়ী বন্দোবস্তের শুকতর খাজানা ধার্য্য করায় জমীদারের যে অপরিহার্য্য ক্ষতি হইয়াছিল তাহারই পূরণার্থ উহা জমীদারকে প্রদত্ত হইয়াছিল।

ক্রোক।

খাজানা আদায়ের সম্বন্ধে ক্রোকের আইনের সহায়তা অত্যন্ত প্রয়োজনীয় ও কার্য্যকর বলিয়া সাধারণতঃ লোকের বিশ্বাস। আমি জানি বেহারে ইহার সহায়তা অধিক পরিমাণে গৃহীত হয়। বস্তুতঃ ক্রোক আইনের সার এই যে ইহাদ্বারা শীঘ্র ও অব্যর্থপ্রদ টাকা হয়, কিন্তু ভূম্যধিকারীর শিরে সমস্ত দায়িত্ব অর্পিত থাকে। ক্ষমতার অপব্যবহার করিলে তাঁহাকে বিলক্ষণ দণ্ড ভোগ করিতে হয়। পাণ্ডুলিপি অনুসারে এই আদালতের

দ্বারা করিতে হইবে, উহার প্রতিপদে নানা প্রকার নিষেধাত্মক নিয়ম আছে, আদালতের হুকুম জারী হইবার সময় হয়ত মাঠ হইতে শস্য অন্যত্র নীত হইয়া গিয়াছে। ইহার কার্য্যপ্রণালী এত বিস্তৃত হইয়া পড়িয়াছে যে উহ দ্বারা আর শীঘ্র প্রতীকার পাওয়া অসম্ভব। সত্বর প্রতীকারই ক্রোক আইনের মর্ম্ম হওয়া উচিত। আবার ক্রোক করিতে গেলে ভূম্যধিকারীর এত ব্যয় করিতে ও এত বিরক্ত হইতে হইবে যে তিনি অগত্যা এই উপায় সম্পূর্ণরূপে পরিত্যাগ করিতে বাধ্য হইবেন। আমার এইরূপ বোধ হইতেছে যে এই পাণ্ডুলিপিতে যেরূপ ক্রোকী আইনের বিধান হইয়াছে, তাহা সম্পূর্ণরূপে অকার্য্যকর হইয়া থাকিবে; এবং তাহাতে এক্ষণে শীঘ্র খাজানা আদায় করিবার বিষয়ে জমীদারের যে একমাত্র সুবিধা আছে, তাহা তাঁহার নিকট হইতে কাড়িয়া লওয়া হইবে।

আদালতের কার্য্যপ্রণালী।

গবর্ণমেণ্ট যে খাজানা আদায়ের প্রণালীর সরলতাপাদন করিবেন বলিয়া পুনঃ২ প্রতিজ্ঞা করিয়াছেন, তাহা আমার বার২ বলিবার প্রয়োজন নাই। চিরস্থায়ী বন্দোবস্তের সময় অবধি আজি পর্য্যন্ত এবিষয়ে আপনাদের কর্ত্তব্য গবর্ণমেণ্ট স্বীকার করিয়া আসিয়াছেন। আর উপস্থিত পাণ্ডুলিপির প্রথম সূচনা হইতে খাজানা আদায় প্রণালীর সরলতাপাদন ইহার একটি মুখ্য উদ্দেশ্য বলিয়া প্রকাশ করা হইয়াছে। এবিষয়ে বাদানুবাদের সময় কমিটীও ইহা সম্পূর্ণরূপে স্বীকার করিয়াছেন। কিন্তু আমি বলিতে বাধ্য হইতেছি যে এই সকল বাদানুবাদের ফল কার্য্যতঃ আমাদিগকে নিরাশ করিয়াছে। আমি এবিষয়ে ত্রিবিধ উপায় অবলম্বন করিতে পরামর্শ দিয়াছিলাম।

(১) পত্তনী কার্য্যপ্রণালী (২) গবর্ণমেণ্ট ও রাজানুপালিত মহালে এক্ষণে যে কার্য্যপ্রণালী চলে তাহা ও

(৩) বর্ত্তমান কার্য্যপ্রণালীর পরিবর্ত্তন। আমি নিম্নে তৃতীয় উপায়ের বিস্তারিত বিবরণ দিতেছি।—

বাকী খাজানার জন্য মোকদ্দমা রুজু করিতে হইলে জমীদার বা খাজানাগ্রহীতা জমাওয়াশীল বাকীর কাগজ, দাখিলার মুড়ি প্রভৃতি আবশ্যক কাগজ দাখিল করিয়া এবং আবশ্যকমত প্রমাণ দিয়া আপাততঃ মোকদ্দমা খাড়া করিবেন।

তাহার পর আদালত সমন বাহির করিবেন। সমন জারী হইলে জারী হয় নাই বলিয়া সচরাচর যে আপত্তি হইয়া থাকে, তাহা দূর করিবার জন্য আমি নিম্নলিখিত মর্ম্মের একটী বিধান করিতে পরামর্শ দিই—

"সাধারণতঃ সমন যে ব্যক্তির নামে হয় তাহাকে দিয়া অথবা রেজিষ্টরী চিঠি দ্বারা পাঠাইয়া জারী করা হইবে। যদি কোনকারণ বশতঃ নিজ প্রতিবাদীর উপর সমন জারী হইতে না পারে, তাহা হইলে যে গ্রাম ঐ ভূমি অবস্থিত সেই গ্রামে উক্ত ব্যক্তির নয়তঃ বাসস্থানে অথবা তাহার পাঁচ মাইলের মধ্যে উহা লট্‌কাইয়া দিতে হইবে। ঐ ভূমির মালকাছারীতে, অথবা যে ভূমির জন্য বাকী খাজানা পাওনা, তথায় অথবা তদুপরিস্থিত অন্য কোন সদর জায়গায় অথবা গ্রামের চৌকি বা চৌপালে, অথবা যে গ্রামে ঐ জমী অবস্থিত তাহার অন্য কোন সুবিধাপ্রদ স্থানে লট্‌কাইয়া দিয়া নোটিস জারী করা যাইতে পারে। যেখানে যেমন হয় গ্রামের চৌকিদার, গ্রামের মণ্ডল, না হয় গ্রামের দুইজন সম্ভ্রান্ত অধিবাসী, নাহয় গ্রামা সব-রেজিষ্ট্রারের নিকট হইতে জারীর সাক্ষ্য লইতে হইবে।"

অপব্যবহার বন্ধ করিবার জন্য প্রত্যেক স্থলেই উপরি উক্ত কার্য্যপ্রণালীর অন্ততঃ দুইটি অবলম্বন করিতে হইবে। এরূপ সতর্কতার সহিত কার্য্য করিলে সমন জারী হয় নাই, এ আপত্তি যে মোকদ্দমার এক তরফা বিচার হইয়া গিয়াছে, তাহার পুনর্ব্বিচার বা পুনরান্দোলনের যুক্তিযুক্ত কারণ বলিয়া আদালতে গ্রাহ্য হইবে না

সমনে এরূপ এক নোটিস থাকিবে যে যদি জারীর তারিখ হইতে এক সপ্তাহ মধ্যে প্রতিবাদী হাজির না হয়, তাহা হইলে দাবীর টাকার জন্য আদালত ডিক্রী দিবেন এবং তৎক্ষণাৎ জারীর হুকুম দিবেন। আদালত প্রতিবাদী যে তারিখে হাজির হয়, তাহার আট দিনের মধ্যে উহার এজাহার লইবেন এবং বাদীকে নির্দ্দিষ্ট দিনের নোটিস দিবেন। প্রতিবাদীকে তাহার উত্তর সমর্থনের জন্য যে দিবসে তাহার এজাহার হইবে সেই দিবসে তাহার সমস্ত দলীলপত্রাদি দাখিল করিতে এবং সাক্ষী আনিতে বলিয়া দেওয়া হইবে। যদি মোকদ্দমার অবস্থা এমন হয় যে উহা তৎক্ষণাৎ নিষ্পত্তি করা যাইতে পারে, আদালত তাহাই করিবেন; অথবা যদি মোকদ্দমার প্রতিবাদ হয়, তাহা হইলে উভয় পক্ষের সমক্ষে সেই দিনই ইস্যু ধার্য্য করিবেন; এবং মোকদ্দমার শুনানি ও চূড়ান্ত নিষ্পত্তির জন্য আর এক দিন ধার্য্য করিয়া দিবেন। ঐ দিন প্রতিবাদির এজাহারের দিন হইতে এক পক্ষের অতিরিক্ত না হয়।

জারীর সম্বন্ধে কথা এই যে যদি বাকীদার, তালুকদার বা দখলীস্বত্ববিশিষ্ট রায়ত হয়, তাহা হইলে ডিক্রী জারীক্রমে তাহার তালুক বা ভোগ বিক্রয় হইবে। যদি সে দখলস্বত্ব ন্য রায়ত হয়, তাহা হইলে তাহাকে ভোগ হইতে উচ্ছেদ করা যাইবে।

ডিক্রীর টাকা আমানত করিয়া না দিলে আপীল গ্রাহ্য হইবে না। খাজানাগ্রহীতা রীতিমত প্রতিভাবা দিলে আমানতের টাকা বাহির করিয়া লইবার অনুমতি প্রাপ্ত হইবেন।

কমিটীতে আমার অনেক মহামান্য সভ্যসোদরীর আমার পরামর্শমত উপায়ে সহানুভূতি আছে বলিয়া বোধ হইল, কিন্তু আমার এমনি দুর্ভাগ্য, যে অধিকাংশ সভ্য আমার মত গ্রহণ করিতে পারিলেন না। তাঁহারা বলেন—

আমাদিগকে ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে খাজানাসংক্রান্ত মোকদ্দমার কার্য্যপদ্ধতি স্বল্পতর ও সরলতর করিবার অভিপ্রায়ে যে নানাপ্রকার প্রস্তাব করা গিয়াছে তাহা বিশেষ চিন্তাশীলতা সহকারে বিবেচনা করিয়া আমরা উক্ত উদ্দেশ্য সাধনপক্ষে যাহাতে সুবিচারের ব্যাঘাত ঘটিবার সম্ভাবনা থাকিবে না এমন কোন উৎকৃষ্ট উপায়ই উদ্ভাবন করিতে পারিলাম না। বিশেষতঃ আমরা সমন জারীকরণকার্য্য ও ঐ কার্য্যের প্রমাণ সহজতর করিতে উৎসুক হইলেও সমনজারী হইয়াছে ইহা সম্পূর্ণরূপে প্রমাণিত না হইলে অনুপস্থিত প্রতিবাদীর বিরুদ্ধে আইনঘটিত কোন অনুমান করিতে দিতে অনিচ্ছুক।

যাহাই হউক, কমিটী নিম্নলিখিত নূতন বিধান প্রবর্ত্তিত করিয়াছেন।—

পরন্তু খাজানাসংক্রান্ত মোকদ্দমায় ভূম্যধিকারীর স্বত্বঘটিত কোন কথা উত্থাপিত হইয়া যে জটিলতা ও বিলম্ব ঘটে তাহা যতদূর সাধ্য পরিহার করণার্থে আমরা ১৬৪ ধারায় একটি গুরুতর পরিবর্ত্তন করিয়াছি। ঐ ধারার আদেশ এই যে যদি প্রজা স্বীকার করে যে খাজানার নিমিত্ত তাহার স্থানে টাকা পাওনা আছে কিন্তু এই উত্তর দেয় যে ঐ খাজানা বাদীর নিকট নহে, অন্য কোন ব্যক্তির নিকট দিতে হইবে, তাহা হইলে সে ঐ খাজানা আদালতে দিবে। স্বত্বঘটিত যে কথা লইয়া বিবাদ তাহা খাজানার মোকদ্দমা হইতে স্বতন্ত্র ও পৃথকভাবে উত্থাপন করিতে বাধ্য করাই আমাদের উদ্দেশ্য। অতএব আমরা এই বিধান করিয়াছি যে ঐরূপে টাকা দেওয়া গেলে আদালত ঐ টাকা দিবার নোটিস ঐ তৃতীয় ব্যক্তির উপর জারী করাইবেন; ঐ তৃতীয় ব্যক্তি তিন মাসের মধ্যে বাদীর বিরুদ্ধে স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত করিয়া ঐ টাকা প্রদান নিষেধ করণার্থে আজ্ঞা না পাইলে বাদীর প্রার্থনামতে ঐ টাকা তাঁহাকে বাহির করিয়া দেওয়া যাইবে।

এ ক্ষুদ্র জনের মতে যে রায়ত আপন ভূম্যধিকারীর স্বত্ব অস্বীকার করে অ দালতে তাহার কথা অপ্রমাণ হইলে, সে রায়তের স্বত্ব বাজেয়াপ্ত হইয়া যাইবে, এইটি প্রকাশ করিলে প্রতিকারের পথ আরও অধিক পরিমাণে পরিষ্কার হইত, আমি ইহা কমিটীকে দেখাইয়াও দিয়াছিলাম। কমিটী যে পরিবর্ত্তন প্রস্তাব করিয়াছেন তাহাতে চক্রের মধ্যে চক্র, বাকী খাজানার মোকদ্দমার মধ্যে স্বত্বের মোকদ্দমা, বর্দ্ধিত হইবে মাত্র; খাজানা আদায় সহজ হওয়া দূরে থাকুক উহার বিলক্ষণ বিলম্ব পড়িয়া যাইবে।

বিচারের সাধারণতঃ যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট আছে, খাজানার মোকদ্দমায় ব্যবহার করিবার সময়, আবশ্যক হইলে সে প্রণালীর পরিবর্ত্তন করিবার ক্ষমতা কমিটী হাই কোর্টকে দিবার প্রস্তাব করিয়াছেন। আমার বোধ হয় এরূপ করাও যাহা, এবিষয়ের মীমাংসার ভার পরিহার করাও তাহাই। যে ব্যবস্থাপক সভা কার্য্যপ্রণালী বিষয়ক আইন বিধিবদ্ধ করিয়াছেন, নিশ্চয়ই সেই ব্যবস্থাপক সভা খাজানার মোকদ্দমার বিচারের শীঘ্রত্ব সম্পাদনের জন্য উহার পরিবর্ত্তন করিতে সমর্থ।

আমার ভরসা আছে যখন আগামি নবেম্বরে কমিটীর অধিবেশন হইবে, তখন সভ্যেরা খাজানা আদায়ের বর্ত্তমান কার্য্যপ্রণালীকে সরল ও অধিক পরিমাণে কার্য্যকর করিবার কোন না কোন উপায় উদ্ভাবন করিতে সমর্থ হইবেন। ইহা না হইয়া থাকাই ভূম্যধিকারীদিগের বিশেষ কষ্টের কারণ এবং ইহা না থাকাতেই রাজস্ব ও সেস সম্বন্ধে গবর্ণমেণ্টের দাবির টাকা দিতে অনেক সময়ে তাঁহারা বিলক্ষণ ক্ষতিগ্রস্ত হন। যদি খাজানার আইন সম্বন্ধে কোনবিষয়ে সকলের মত একরূপ, তবে সে এই বিষয়, এবং যখন সমস্ত আইন উলট পালট হইয়া যাইতেছে তখনও যদি ভূম্যধিকারীদিগকে তাঁহাদের যথার্থ পাওনা আদায়ের বিশেষ সাহায্য না করা হয়, তাহা হইলে বিলক্ষণ নিন্দা হইবে।

চুক্তির স্বাধীনতা।

পাণ্ডুলিপি অনুসারে ভূম্যধিকারী ও প্রজার মধ্যে চুক্তির স্বাধীনতা কার্য্যতঃ রহিত করা হইয়াছে। যে সকল বিষয় চুক্তির বাহির করিয়া দেওয়া হইয়াছে, কমিটী তাহা এইরূপে নির্দ্দেশ করিয়াছেন।—

(ক) বাসেন্দা রায়তের ও দখলী স্বত্ববিশিষ্ট রায়তের স্বত্ব লাভ (২৪, ২৫ ও ২৬ ধারা)
(খ) ৩১ ধারার নির্দ্দিষ্ট দখলী স্বত্বের অনুষঙ্গ।
(গ) ৫১ ধারামতে দখলী স্বত্ববিশিষ্ট রায়তের খাজনা কমাইবার দাওয়া করিবার স্বত্ব।
(ঘ) ৫৩ ধারামতে ফসলী খাজানা পরিবর্ত্তনের দাওয়া করিতে ভূম্যধিকারীর বা প্রজার স্বত্ব।
(ঙ) নির্দ্দিষ্ট হেতু ভিন্ন দখলীস্বত্বশূন্য রায়তকে ও কোর্ফা রায়তকে উচ্ছেদ করণ বিষয়ে আইনমতে প্রদত্ত সংরক্ষণ (৫৮, ৫৯, ৬০ ও ৬৩ ধারা)
(চ) গোতের ভূমি কমিয়া যাওয়াতে প্রজার খাজানা কমাইবার স্বত্ব (৬৬ ধারা)।
(ছ) রায়তের উৎকর্ষসাধন করিবার ও তজ্জন্য ক্ষতিপূরণের দাওয়া করিবার স্বত্ব (৮৮, ৮৯, ৯০ ও ৯৩ ধারা)।
(জ) ডিক্রীজারী ক্রমে না হইলে, উচ্ছেদ বিষয়ে সমুদয় প্রজাকে প্রদত্ত সংরক্ষণ (৯৮ ধারা)।

পাণ্ডুলিপি উত্থাপনের সময় আমি যে মন্তব্য প্রকাশ করিয়াছিলাম। তাহাতে আমি এই অবনতিকর প্রস্তাবের বিলক্ষণ প্রতিবাদ করিয়াছিলাম, চিরস্থায়ী বন্দোবস্তের আইন সমূহে যে কোন চুক্তির স্বাধীনতা স্বীকার করা হইয়াছে এরূপ নহে, প্রকাশ্যভাবে উহার উৎসাহ দেওয়া হইয়াছে, ১৮৫৯ সালের ১০ আইনেও ঠিক তাহাই করা হইয়াছে। আমি কিছুতেই বুঝিয়া উঠিতে পারিতেছি না যে, যে রায়ত আপনার বাড়ী, ঘর, ক্ষেত,

খোলা বিক্রয় বা বন্ধক দিবার সময়, তাহার ক্ষেত্রের উৎপন্ন বিক্রয় করিবার সময়, মজুর নিয়োগ করিবার সময় এবং জীবনের প্রতিদিন প্রয়োজনীয় সহস্র অন্য কার্য্য করিবার সময় স্বাধীন বলিয়া গণ্য হয়, কেবল আপন ভূম্যধিকারীর সহিত চুক্তি করিবার সময় তাহাকে কেন অসমর্থ বলিয়া মনে করিতে হইবে। আমি বিশেষ করিয়া এই বিষয় পুনর্ব্বার বিবেচনা করিতে বলি।

দেওয়ানী আদালত ও রাজস্ব কর্ম্মচারী।

এই পাণ্ডুলিপি অনুসারে দেওয়ানী আদালত ও রাজস্ব কর্ম্মচারী এই উভয়ের মধ্যে বিচারাধিপত্য বিভাগ হইয়াছে। বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুরোধে, রাজস্ব কর্ম্মচারীর উপর যে বিস্তৃত ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তাহার অভিপ্রায় স্পষ্টই এই যে ভারতবর্ষের উত্তরাংশে যেরূপ সব একসমান করিবার প্রণালী চলিতেছে, এবং যাহাদ্বারা ঐ অঞ্চলে মূলধনের কার্য্য প্রায় বন্ধ হইয়াছে এবং পরিশ্রমের প্রস্রবণ শুকাইয়া আসিয়াছে, বাঙ্গালায়ও ভূমিবন্দোবস্তের সেই প্রণালী প্রবর্ত্তিত করা হয়, আমারত এই বোধ। কিন্তু আমি স্মরণ করি যে আমার বোধ ভ্রমাত্মক বলিয়া প্রমাণ হইবে। শস্যে দেয় খাজানা মুদ্রারূপে পরিবর্ত্তনেই হউক, স্বত্বের লিপি অথবা খাজানার বন্দোবস্তেই হউক, হারের তালিকা প্রস্তুত বিষয়েই হউক, ভূম্যধিকারী ও প্রজার মধ্যে চুক্তির তত্ত্বাবধারণেই হউক, কল্পিত মাপের কাটি নির্দ্দেশ করণেই হউক, মূল্যের তালিকা প্রস্তুত করণেই হউক, অথবা অন্য কোন বিষয়েই হউক, আমি যে বিষয়ই দেখিতে যাই দেখি যে রাজস্ব কর্ম্মচারীকেই স্থিরবিন্দু করা হইয়াছে, পাণ্ডুলিপিরূপ অট্টালিকার অধিকাংশ সেই স্থিরবিন্দুর উপর নির্ভর করিতেছে। যদি রাজস্ব কর্ম্মচারীকে কার্য্য-নির্ব্বাহক অথবা শাসনকার্য্য সম্বন্ধীয় কার্য্যকারক করা হইত, তাহা হইলে আমার আপত্তি ছিল না, কিন্তু তাঁহাকে বিচারের ক্ষমতা দেওয়া হইয়াছে, এবিষয়ে বিলক্ষণ আপত্তি আছে। যে প্রণালীতে বিচারসম্বন্ধীয় কার্য্যকারককে শাসনকার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের ইঙ্গিতমতে চলিতে হয়, সে প্রণালীতে সুবিচারের যত ক্ষতি হইবার সম্ভাবনা, এত আর কিছুতেই নয়। এই বিষয়ে ১৭৯৩ খৃঃ অব্দের দ্বিতীয় আইনের হেতুবাদে লর্ড কর্ণওয়ালিস যে উদার ও সমীচীনমত প্রকাশ করিয়াছেন, আমি তাহা উদ্ধৃত করিয়া দিতেছি।

"যে ভূমির রাজস্বের ও তাহা উসুলের বিষয় সরকারের সহিত ভূম্যধিকারিদিগের যে বাধ্যানুবন্ধ এবং যাবতীয় ভূম্যধিকারী ও তাহাদিগের প্রজাবর্গের সঙ্গে যে সকল দাওয়া ও বিরোধের মোকদ্দমা অদ্যাবধি মাল আদালতে উপস্থিত হইতেছে ও তাহার বিচারের ভার যাহা কালেক্টর সাহেবদিগের প্রতি আছে তদনুসারে তাঁহারা অন্যের মতে মাল আদালতে বসিয়া যে সকল মোকদ্দমার বিচার করেন ও তাঁহাদিগের কৃত নিষ্পত্তি সমস্ত মোকদ্দমার আপীল বোর্ড রেবিনিউতে ও তথা হইতে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের হজুরে মালের কৌন্সেলে হয় এই দুই ভার অর্থাৎ আদালত ও তহসীল কালেক্টর সাহেবদিগের জিম্মা থাকিলে মাল আদালতের সেরেস্তার দীর্ঘিমান এই সকল কারণ দৃষ্টে এই ক্ষণে ভূম্যধিকারিদিগের সম্পর্কে সরকারের দত্ত যে সকল হক অর্থাৎ যে সকল বস্তুতে স্বত্ব আছে তাহা স্থিরতার বিষয়ে নিতান্তই মনস্থির রাখিবেক না, কারণ এই যে মাল আদালতে উপস্থিত হওয়া মোকদ্দমা কখন বিরুদ্ধমতে ও কখন যথার্থ ক্রমে ও কখন উভয়ের অপ্রত্যক্ষে এতাবতা বিনা হাজিরীতে নিষ্পত্তি হইত এবং কালেক্টর সাহেবদিগের তহসীলের কার্য্যের নিরবকাশেও মাল আদালতের উপস্থিত অনেক মোকদ্দমাই যবছর থাকিত। আর ইহাও সুন্দর জানা আছে যে কখন কালেক্টর সাহেবের দিগ হইতে ভূমির রাজস্ব ধার্য্য ও তহসীলের মোকদ্দমার আইনের অন্যথার হুকুম হইলে অন্যায়গ্রস্তের আশা ভরসার স্থান ছিল না যে বিপক্ষ হইতে যে পীড়া পাইয়া থাকে ও কালেক্টর সাহেব মাল আদালতে বসিয়া যে হুকুম দেন তাহাতে যে অন্যায়গ্রস্ত হইয়া থাকে তাহার সংশোধন সেই কালেক্টর সাহেবের কৃত বিচারে দেওয়ানী আদালত হইতে হয়। আর তদনুসারে কালেক্টর সাহেবের দিগ হইতে তহসীলের কার্য্যের বাহুল্য জন্য ভূম্যধিকারীদিগের সহিত তাহাদিগের তাবের প্রজা বর্গের বিবাদেও যথার্থ বিচার হইতে পারিত না অতএব চাসের আধিক্যজন্য উচিত যে উপরের লিখিত সমস্ত উদ্যোগ ছাড়া ভূমির অধিকারী ও তৎসম্বন্ধিত সকল স্বত্বের স্থৈর্য্য কারণ উদ্যোগান্তর করা যায়। দেশাধিপতির কর্ত্তব্য এই যে অধিকারীদিগের সম্বন্ধে যে সকল স্বত্ব ও উপায় রাখিয়াছেন তাহা অন্যথা করণের শক্তি ত্যাগ করেন এবং মাল আদালতের সমস্ত কার্য্যের কর্ত্তৃত্বভার কালেক্টর সাহেবদিগের প্রতি না থাকে এবং যে কালে সরকারের পাওনা আদায়ের আপত্তি উপস্থিত হয় তাহা যে সকল আদালতের জজ সাহেবদিগের যে প্রকারে আদালতের শাসন সমর্পণ হয় সে সকল আদালতে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর কৌন্সেলের হজুরের আইনের মতে উপস্থিত করিবার যোগ্য হইলে কহা যায় যে তাহাতে কোনক্রমে জজ সাহেবদিগের স্বেচ্ছাচরের বিষয় না থাকে বরং সরকারের সহিত ভূম্যধিকারীদিগের ও ভূম্যধিকারী প্রভৃতির সঙ্গে তাহাদিগের তাবের প্রজাবর্গাদির বিরোধের বিচার ও নিষ্পত্তি যথার্থক্রমে ও বিনা পক্ষপাতে করিতে মনোনিবেশ রাখেন এবং ইহাও কর্ত্তব্য যে কালেক্টর সাহেবেরা আপনাদিগের অর্পিত যাবৎ কর্ম্মের বিচার ও নিষ্পত্তির বিষয়ে যে শক্তি রাখেন তাহা না করিতে পারেন ও করিলে তাহার জওয়াব আদালতে দেন এবং সরকারেরও প্রকৃত প্রাপ্তব্য ছাড়া কাহার স্থানে কিছু অতিরিক্ত চাহিলে কিম্বা ঐ হজুরের আইন অতিক্রম করিয়া তাহা লইতে লাগিলে আদালত হায়ে উপস্থিত হইবার যোগ্য হন। এমত হইলে যে শক্তিক্রমে ভূম্যধিকারিদিগের স্বত্বের অন্যথা কিম্বা ভূমির মর্য্যাদার হানি হইতে পারে তাহা না হইতে পারিয়া অন্য সমস্ত বস্তু হইতে ভূমির অধিকারিত্ব গুরুতর হইবেক এবং যে চাসের আধিক্যে সকলের কল্যাণ ও দেশের সৌন্দর্য্য অতিশয় হয় তন্নিমিত্ত সকল লোকেই শ্রম ও চেষ্টা স্বীকার করিবেক।"

১৭৯৩ সালে গবর্ণমেণ্ট যে সকল উদার ভাব প্রকাশ করিয়াছিলেন, তাহা ১৮৮৩ সালে দশগুণ অধিক খাটে।

পত্তনী তালুক।

জমীদারেরা এই পাণ্ডুলিপিতে পত্তনী আইনের সন্নিবেশ সম্বন্ধে আপত্তি করেন। এরূপ করিবার যে কারণ নাই তাহা নহে। তাঁহাদের মত এই যে গত পঁয়ষট্টি বৎসর ধরিয়া ঐ আইনের প্রত্যেক কথা কর্ত্তৃপক্ষকর্ত্তৃক এক প্রকার অর্থ লাভ করিয়াছে ও সেই অর্থেই চলিয়া আসিতেছে; জমীদার, পত্তনীদার, আদালত ও আমলা সকলেই উহা বেশ বুঝে; উহার ভাষার আধুনিকত্ব সম্পাদন করিতে গেলে যাহা বৎসরের অতিরিক্ত কালের স্মৃতি ও পরম্পরাগত কথা লোপ হইবে, অতএব হাত না দিলে ভাল, এই বচনানুসারে পত্তনী আইনের যাহা ও যাথার্থ যেভাবে আছে সেইভাবে থাকিতে দেওয়াই সর্ব্বতোভাবে উচিত। আমিও এই মতের অনুরোধন করি এবং আমার ইচ্ছা যে পত্তনী অধ্যায় এই পাণ্ডুলিপির বাহির করিয়া দেওয়া হয়।

যে সকল সূত্র ধরিয়া এই পাণ্ডুলিপি প্রধানতঃ লিখিত হইয়াছে তাহার উপর আমার প্রধান প্রধান আপত্তিগুলি আমি তাড়াতাড়ী লিখিয়া ফেলিলাম। বিশেষবিধির সম্বন্ধে আপত্তি করিবার সময় আমার নাই। আগামী সম্বৎসরে যখন কমিটির অধিবেশন হইবে, তখন আমি যে সকল আপত্তি উত্থাপিত করিব বাসনা রহিল।

১৮৮৩ সাল ১৪ মার্চ্চ।

কৃষ্ণদাস পাল।

প্রস্তাবিত প্রজাস্বত্ববিষয়ক পাণ্ডুলিপির কতকগুলি বিধানের উপর সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের সিদ্ধান্ত হইতে ভিন্ন মতের মন্তব্যলিপি।

১। সংশোধিত পাণ্ডুলিপির ৪র্থ অধ্যায়ে বিধান আছে যে, যে রায়ত অবধারিত হারে খাজানা দিয়া ভূমি ভোগ করে সে,

(ক) কোন তালুকদার যে যে বিধানের নিয়মাধীন থাকেন, যোতের হস্তান্তর ও উত্তরাধিকার ইত্যাদি সম্বন্ধে সেই সেই বিধানের নিয়মাধীন থাকিবে, এবং

(খ) তাহার সহিত তদীয় ভূম্যধিকারীর লিখিত যে চুক্তি থাকে সেই চুক্তির শর্ত্তক্রমে এই যে নিয়ম তঙ্গ করিলে তাহাকে উচ্ছেদ করা যাইতে পারে সেই নিয়ম তঙ্গ করিলেই উচ্ছেদের দায়ী হইবে।

যে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত অবধারিত হারে খাজানা দিয়া ভূমি ভোগ করিতেছে বলিয়া দাবী করে তাহাকে তাহার ভোগ সম্বন্ধে সাধারণ দখলীস্বত্ববিশিষ্ট রায়ত অপেক্ষা অনেক সুবিধাজনক অবস্থায় স্থাপিত করা হইয়াছে, যেহেতু

(ক) উক্ত রায়ত যদি তৃতীয় ব্যক্তিকে নিজ ভোগ হস্তান্তর করে, তাহা হইলে ভূম্যধিকারী অগ্রক্রয় করিতে অসমর্থ হইবেন;

(খ) যদি সে নিজ জমী এরূপে ব্যবহার করে যে উহা প্রজাস্বত্বের কার্য্যের সম্পূর্ণরূপ অনুপযোগী হয় তাহা হইলেও দখল হইতে উচ্ছেদের দায়ী হইবে না।

কমিটীর অধিকাংশ সভ্যের মত এই যে, যে দখলীস্বত্ববিশিষ্ট ভোগের খাজানা অবধারিত, তাহার অনুরূপ সাধারণ দখলীস্বত্ববিশিষ্ট ভোগের অনুরূপ হইতে স্বতন্ত্র হইবে। এবিষয়ে আমার মত অন্যরূপ।

যদি একস্থলে ভূম্যধিকারীকে অগ্রক্রয় স্বত্ব দেওয়া হয়, তাহা হইলে অপর স্থলেও তাঁহাকে সে স্বত্ব দেওয়া উচিত। যদি একস্থলে ভূমিকে প্রজার কার্য্যের অনুপযুক্ত করায় রায়তের উচ্ছেদের ব্যবস্থা হয় অপরস্থলেও সে উচ্ছেদের দায়ী হইবে।

একস্থলে এরূপ হইবার অনুকূলে যত তর্ক উত্থাপিত করা যায়, অন্য স্থলেও তাহা সমানরূপে খাটে।

আমার বোধ হইতেছে অগ্রক্রয় স্বত্ব মহম্মদীয় আইনের শাখা। মোহারের হিন্দুরা পূর্ব্ব ক্রয়ের স্বত্বের দাবী করিলে, উহার ব্যবস্থা দেশাচারমত হইয়া থাকে।

আমার বোধ হয় যে কোন ব্যক্তি ভূম্যধিকারীর অনিষ্ট করিবার অভিপ্রায়ে দখলীস্বত্ব খরিদ করিতে পারে, তাহার হস্ত হইতে ভূম্যধিকারীকে আত্মরক্ষার উপায় করিয়া দিবার অভিপ্রায়ে এই সর্ব্বপ্রথম ইংরাজী আইন অনুসারে পূর্ব্বক্রয়ের স্বত্ব এই পাণ্ডুলিপির বিধানে সন্নিবিষ্ট হইল।

একস্থলে শত্রুপক্ষীয় ক্রেতা ভূম্যধিকারীকে যেরূপ ভয়ানক অসুবিধায় ফেলিতে পারে, অপর স্থলেও সেইরূপ, ক্ষেত্র নষ্ট করা সম্বন্ধেও সেইরূপ। একস্থলে তাহার পক্ষে এইস্বত্ব যেরূপ অনর্থক হইবে অপর স্থলেও সেই রূপ অনর্থক হইবে।

এই সকল বিধান ৮ অধ্যায়ের সহিত যোগ হইলে ফল এই হইবে, ভূম্যধিকারী উৎসন্ন যাইবে।

যখনই ভূম্যধিকারী পূর্ব্বক্রয়ের স্বত্ব অনুসারে কার্য্য করিতে ইচ্ছা করিবেন, তখনই অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব খাড়া করা হইবে।

যখনই কোন রায়ত অবধারিত হারের যোত বলিয়া আপন যোত হস্তান্তর করিতে যাইবে অথবা যদিও ভূম্যধিকারী পূর্ব্ব ক্রয় করিতে ইচ্ছা না করেন, হস্তান্তরগ্রহীতা পূর্ব্বেই পূর্ব্বক্রয় স্বত্বের ভয় করিয়া যখনই আইনের চক্ষে ধূলি দিবার চেষ্টা করে, তখনই ভূম্যধিকারীকে বাধ্য হইয়া হস্তান্তরে আপত্তি করিতে হইবে। কারণ ভয় আছে যে যদি তিনি তৎক্ষণাৎ আপত্তি না করেন, তাহা হইলে সেই না করাই হস্তান্তরগ্রহীতার অবধারিতহারে চিরদিনের জন্য ভূমি ভোগের স্বত্ব স্বীকার বলিয়া গৃহীত হইবে।

যদি কমিটী আমার সংশোধন গ্রহণ করিবার উপায় দেখিতে পাইতেন এবং এই অধ্যায়ের কার্য্য যোকরারী পাট্টাধীন যোতে অথবা যে সকল রায়তের স্বত্ব আদালতের ডিক্রীদ্বারা নির্দ্দিষ্ট হইয়াছে তাহাদেরই মধ্যে সীমাবদ্ধ করিতেন, তাহা হইলে যদিও ভূম্যধিকারিদিগের স্বত্ব সম্পূর্ণরূপে তাঁহাদিগকে প্রত্যর্পণ করা হইত না, তথাপি অনুমান খাড়া করিয়া আইনের চক্ষে ধূলি প্রদান করিবার চেষ্টায় লোককে উৎসাহ দেওয়ায় যে হানিকর ফল উৎপন্ন হইবে তাহার পরিহার করা যাইতে পারিত।

২। ৫ম অধ্যায়—কোর্ফা বিলির নিয়ম।

কোর্ফাবিলি সম্বন্ধে কিরূপ ব্যবস্থা হইলে ভাল হয়, সে বিষয়ে কমিটী অধিকাংশ সভ্যের মত হইতে সকল বিষয়ে আমার মত ভিন্ন।

কোর্ফাবিলি বিষয়ে উৎসাহ দেওয়া হইবে না কেবল এই উদ্দেশে কোর্ফাবিলি সম্বন্ধে বাধ্যজনক নিয়ম বিধানের কোন আবশ্যকতা আছে বলিয়া আমার বোধ হয় না।

আমার বিশ্বাস এই যে, যে দখলীস্বত্ববিশিষ্ট রায়ত কোর্ফাবিলি করে তাহাকে তালুকদাররূপে পরিণত করিলে ভূম্যধিকারীদিগের বিশিষ্ট অংশের হানি হইবে।

আমার বিশ্বাস এই যে, কতকটা দখলীস্বত্ববিশিষ্ট রায়তকে রক্ষা করিবার জন্য বিশেষতঃ রায়তদিগের মধ্যে অতি দরিদ্র শ্রেণী অর্থাৎ রায়তের রায়তদিগকে রক্ষা করিবার জন্য, এই প্রণালীকে ভূমাধিকারীদিগের আনিবার আবশ্যকতা আছে।

কোর্ফা বিলির ক্ষমতা রায়তের পক্ষে একান্ত আবশ্যক। বোধ হয় হস্তান্তরের ক্ষমতা অপেক্ষা ইহা তাহার পক্ষে অধিকতর প্রয়োজনীয়।

দখলীস্বত্ববিশিষ্ট রায়ত হঠাৎ দেনায় জড়াইয়া পড়িলে ইহাদ্বারা সে সেই দায় হইতে উদ্ধার পাইতে পারে।

যে সকল মজুর পরিবারের প্রতিপালনের সাহায্যার্থে অন্য কোন উপায়ে ভূমি সংগ্রহ করিতে পারে না, এই নিয়ম দ্বারা তাহারা ভূমি অর্জ্জন করিতে পারে।

ইহা আইনসঙ্গত। এতদিন কোর্ফা বিলি সম্বন্ধে কোন প্রকার বাধাজনক নিয়ম ছিলনা। আর যতই কেন বাধাজনক নিয়ম হউক না, কখনই কোর্ফা বিলি পরিত্যক্ত হবে না।

যতদিন পর্য্যন্ত, যে সকল লোকের ভূমি আছে তাহাদের অপেক্ষা দরিদ্র আর এক শ্রেণীর লোক ভূমি পাইবার জন্য হাঁ করিয়া থাকিবে, ততদিন যাহারা এক্ষণে ভূমি ভোগ করিতেছে তাহাদের অপেক্ষা ভালরূপ বন্দোবস্ত করিতে পারে এরূপ এক শ্রেণীর লোক থাকিবে, যতদিন ফলভোগবন্ধক হইতে কোর্ফা পাট্টার বিভিন্নতা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট করিয়া না দেওয়া হইবে, ততদিন লোক বেশি চলিতে থাকিবে।

কোফাপাট্টাধারীদিগকে রক্ষা করিতে হইবে, এবং এখনও যখন সময় আছে এপ্রশ্নটীকে কোন না কোন রূপ তত্ত্বাবধানে আনিতে হইবে।

অবিলম্বে শীঘ্রই এমত ভাবে গবর্ণমেণ্টের গোচরে আসিয়া উপস্থিত হইতে পারে যে ইহার মীমাংসা পরিহার করা অসম্ভব হইয়া উঠিবে।

৪। ৫ম অধ্যায়—খাজানা বৃদ্ধি।

সিলেক্ট কমিটীর নিকট রিপোর্টের জন্য যে প্রস্তাবিত পাণ্ডুলিপি প্রেরিত হইয়াছিল, তাহার বিধান অনুসারে বর্দ্ধিত খাজানা ভূমি হইতে মোট উৎপন্ন প্রধান শস্যের মূল্যের এক পঞ্চমাংশের অধিক না হইলে পূর্ব্বের পর ৫ বৎসর পর্য্যন্ত বর্দ্ধিত খাজানা গ্রহণের জন্য ভূম্যধিকারী প্রজার সহিত দর ও বন্দোবস্ত করিয়া লইতে পারিতেন।

অধিক জন্য যে কর প্রজা দিতে স্বীকৃত হয় তাহা নিকটস্থ স্থানের প্রচলিত হার অপেক্ষা কম এই কারণে, প্রজা দ্বারা না হইয়া ভূমি উৎপাদিকা শক্তি বর্দ্ধিত হওয়াতে এই কারণে মোকদ্দমা করিয়া ভূম্যধিকারী খাজানা বাড়াইয়া লইতে পারিতেন। কিন্তু তাঁহার এই নিয়ম মানিতে হইত যে বর্দ্ধিত খাজানা উৎপন্ন প্রধান শস্যের মূল্যের এক পঞ্চমাংশের অতিরিক্ত না হয় এবং কোন স্থলে পূর্ব্বতন খাজানার দ্বিগুণের অধিক না হয়।

ইচ্ছাপূর্ব্বক খাজানা বৃদ্ধি ও মোকদ্দমা করিয়া খাজানা বৃদ্ধি উভয় স্থলেই বর্দ্ধিত খাজানা দশ বৎসরের মত ঠিক থাকিবার কথা ছিল। সিলেক্ট কমিটীর সংশোধিত পাণ্ডুলিপি অনুসারে চুক্তিমত খাজানা-বৃদ্ধি কোন স্থলেই টাকায় চারি আনার অধিক হইবে না।

দু আনার কম বা দু আনা পর্য্যন্ত হইলে উহা সাত বৎসর পর্য্যন্ত ঠিক থাকিবে, দু আনার অধিক হইলে পনের বৎসর পর্য্যন্ত।

কোন জেলের খাজানা নিকটস্থ স্থানের প্রচলিত হার অপেক্ষা অল্প এবং কারণবশতঃ আদালতের সাহায্যে খাজানা বৃদ্ধি হইলে উহা পূর্ব্বতন হারের উপর শতকরা পঞ্চাশ টাকা পর্য্যন্ত বৃদ্ধি হইতে পারে, এবং মূল্যের চিরস্থায়ী বৃদ্ধিবশতঃ হইলে শতকরা পঁচিশ টাকা পর্য্যন্ত হইতে পারে।

যে স্থলে কোন মোকদ্দমার দোষগুণ দেখিয়া বিচার হয়, তাহাতে বৃদ্ধি হউক আর নাই হউক, তার পনের বৎসর পর্য্যন্ত ঠিক থাকে।

উভয় স্থলে পঞ্চমাংশরূপ সীমা পরিত্যক্ত হইয়াছে।

আমি স্বীকার করি আইনমত খাজানা বৃদ্ধি করা এক্ষণের আইনের অপেক্ষা অনেক সহজ ব্যাপার হইয়াছে, কিন্তু আমার বিনীতভাবে নিবেদন এই যে, সীমা নির্দ্দেশ করা অসম্ভব সকলেই এ কথা স্বীকার করায় খাজানা বৃদ্ধির সীমা পরিত্যাগ করা হইয়াছে, বলিয়া সীমা সঙ্কোচ ও সময় বৃদ্ধি করিয়া কমিটীর অধিকাংশ সভ্য খাজানাবৃদ্ধির উপর যে বাধা জনক নিয়ম স্থাপন করা আবশ্যক বিবেচনা করিয়াছেন, তাহার উপযুক্ত কারণ নাই।

ইহা অবশ্য ধরিয়া লইতে হইবে যে, যে প্রজাদিগকে ভোগ ভোগ করিবার স্বত্ব স্থায়ীরূপে দেওয়া হইয়াছে তাহারা যখন জানে যে, ভূম্যধিকারী আদালতে গেলেই অনেক উচ্চহারে ডিক্রী পাইতে পারেন, তখন তাহারা আদালতের বাহিরে অনায়াসেই খাজানা বৃদ্ধি দিতে স্বীকৃত হইবে।

ভূম্যধিকারী ও প্রজা নিজে নিজে যে সকল বিষয়ে অনেকাংশে উৎকৃষ্টতর ব্যবস্থা করিয়া লইতে পারে, যে রাজনীতিতে সেই সকল বিষয়ের জন্য তাহাদিগকে আদালতে পাঠাইয়া দেয় আমি সে রাজনীতি অনুমোদন করি না।

ইচ্ছাপূর্ব্বক খাজানা বৃদ্ধিস্থলে কেবল এই কথা বলার আবশ্যক ছিল যে চুক্তিমত খাজানা বৃদ্ধি রেজিষ্টরী করা করারপত্র দ্বারা করিতে হইবে এবং ইহা দেখিতে হইবে যে প্রজা তাহাতে স্বীকৃত হইতে গিয়া স্বাধীনভাবে কার্য্য করিয়াছে।

টাকার একটা সীমা নির্দ্দিষ্ট করিবার আবশ্যকতা ছিল। সময়ের বিষয় চুক্তির উপর নির্ভর করিলেই হইত।

উভয় স্থলেই পঞ্চদশ বৎসর সীমা নির্দ্দেশ করায় ভূম্যধিকারী তাঁহার যত পাওনা হয় তাহার এক কড়াও আদায় করিয়া লইতে ছাড়িবেন না। আমরা রক্ষা করিবার কোন পথ রাখি নাই।

এস্থলে কমিটীর প্রতি সুবিচারের জন্য একথা বলা আবশ্যক যে নিকটস্থ স্থানে প্রচলিত খাজানা অপেক্ষা অল্প হারে যোত ভোগ করণ হেতুক খাজানা বৃদ্ধির যে পঞ্চদশ সীমা নির্দ্দিষ্ট হইয়াছে তাহা উঠাইয়া লওয়া কেবল মাত্র আমারই অভিপ্রায় ছিল। কিন্তু আমি এখনও বিবেচনা করি যে এবিষয় আদালতের বিবেচনার উপর ফেলিয়া রাখিলেই ভাল হইত।

ক্রমে ক্রমে পাঁচ বৎসর ধরিয়া খাজানা বৃদ্ধি করিয়া দিবার ক্ষমতা আদালতকে দেওয়া হইয়াছে। এ উভয় বিষয়েরই আদালতের হস্ত পদ বন্ধন না করাই উচিত ছিল।

৪। ৮ম অধ্যায়।—দখলী স্বত্ববিশিষ্ট রায়তদিগের অবধারিত হারে ভূমি ভোগ করিবার স্বত্বের কথা।

৬৪ ধারা (১) } চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে যে রায়তের খাজানা পরিবর্ত্তিত হয়
ঐ ,, (২) } নাই, চিরকালের জন্য সেই খাজানায় সেই রায়ত ভূমি ভোগ করিতে
ঐ ,, (৩) } পারিবে প্রথমটীর এই মর্ম্ম।

দ্বিতীয়টীর মর্ম্ম এই যে, বিপক্ষ প্রমাণ না পাওয়া গেলে যে রায়ত মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্ববর্ত্তী বিশ বৎসর ধরিয়া এক খাজানায় ভূমি ভোগ করিয়া আসিতেছে, সে চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে ঐ খাজানায় ভোগ করিয়া আসিতেছে এই অনুমান হইবে।

তৃতীয়টী দ্বারা ঐ নিয়ম মুক্তারূপে পরিণত খাজানাতেও খাটিবে।

এই পাণ্ডুলিপির উপর অন্যান্য কাগজের সহিত আমি যে মন্তব্য দাখিল করিয়াছিলাম, তাহাতে আমি এই সকল ধারার বিধান পাণ্ডুলিপিতে তৎকালে যেরূপ ছিল তাহা হইতে আমার ভিন্নমত লিখিয়া রাখিয়াছিলাম এক্ষণে যেসকল পরিবর্ত্তন হইয়াছে তাহা পাঠের পরিবর্ত্তনমাত্র, সারতঃ কিছুই নহে।

কমিটীতে এই বিষয় বাদানুবাদের সময় ১৮৫৯ সালের ১০ আইনে এই সকল কথা কেন গৃহীত হইয়াছিল তৎসমর্থনার্থ একটীও যুক্তি বা চেষ্টা করা হয় নাই; উহা দ্বারা চিরস্থায়ী বন্দোবস্তের শর্ত্তের অতিক্রম করা হইয়াছে, এ উক্তির প্রত্যুত্তর দেওয়া হয় নাই। এবং এমন কোন কথাই বলা হয় নাই যাহাতে আমি আমার মন্তব্যে যে মত প্রকাশ করিয়াছি তাহা পরিবর্ত্তন করিতে প্রবৃত্ত হই।

উপস্থিত পাণ্ডুলিপিতে উহা রাখিবার ওজর এই যে উহা বর্ত্তমান আইন, বর্ত্তমান আইন পরিবর্ত্তনার্থ কমিটীকে প্রবৃত্ত করিতে পারে এমন কোন যুক্তিপরম্পরা প্রদর্শিত হয় নাই এবং কখন কেমন করিয়া ও কি কি শর্ত্তে রায়তকে ভূমির দখল দেওয়া হইয়াছিল একথা প্রমাণ করা ভূম্যধিকারীর পক্ষে যত কঠিন রায়তের পক্ষে অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব প্রমাণ করা তাহা অপেক্ষা অনেক অধিক পরিমাণে কঠিন।

আমরা দেখাইয়াছিলাম যে চিরস্থায়ী বন্দোবস্ত ও তাহার আনুষঙ্গিক আইনাবলীর কখনই এমন অভিপ্রায় ছিলনা যে মোকররীদার ও ইস্তমরারদার ভিন্ন অন্য কোন রায়ত অবধারিত ও অপরিবর্ত্তনীয় হারে চির দিনের জন্য ভূমি ভোগ করে।

দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের মধ্যে কোন শ্রেণী যে বিশেষ অধিকার প্রাপ্ত হয়, ঐ সকল আইনের কখনও এরূপ অভিপ্রায় ছিল না।

১৮৫৯ সালের ১০ আইন দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের মধ্যে বিশেষ অধিকার বিশিষ্ট একটী শ্রেণীর সৃষ্টি করিয়া জমীদারদিগের ভূস্বামীস্বত্বের উপর হস্তক্ষেপ করিয়াছে এবং রায়তগণকে চিরদিনের জন্য অবধারিত খাজানায় ভূমি ভোগের স্বত্ব প্রদান করিয়া ভূস্বামীদিগকে আপন আপন মহালে বাৎসরিক বৃত্তিভোগী করিয়া তুলিয়াছে।

কোন নির্দ্দিষ্ট তারিখের পরিবর্ত্তে মোকদ্দমা রুজু হইবার পূর্ব্ববর্ত্তী ২০ বৎসর হইতে অনুমান চলিবে এইরূপ প্রকাশ করায় ইহাদ্বারা ক্রমাগতই নূতন স্বত্ব জন্মাইয়া দিতেছে।

এঅধিকার অত্যন্ত প্রয়োজনীয়, ভবিষ্যতে এ অধিকার অর্জ্জন করা রায়তের স্বার্থ, এবং ইহার অর্জ্জনে বাধা দেওয়া জমীদারের স্বার্থ, অতএব ইহা বর্ত্তমান আকারে পাণ্ডুলিপিতে সন্নিবেশিত করায়, উভয়ের স্বার্থেরই বিশেষ ক্ষতি হইতেছে। চহাতে ক্রমাগতই বিবাদ বাধিতেছে।

আমি ১৮৫৯ সালের ১০ আইন বিধিবদ্ধ করা সুবিচারসঙ্গত হয় নাই স্বীকার করিলেও বর্ত্তমান আইনের কার্য্য চলন দ্বারা যে সকল স্বত্ব জন্মিয়াছে তাহা উচ্ছেদ করাও অন্যায় ও কষ্টজনক হইবে স্বীকার করি।

যে সকল রায়ত এইরূপে স্বত্ব অর্জ্জন করিয়া ফেলিয়াছে তাহাদের উপর কোনরূপ অবিচার না হয়, সেই জন্য আমি বলিয়াছিলাম যে উক্ত আইন প্রবর্ত্তিত হইবার পূর্ব্ববর্ত্তী ২০ বৎসর হইতে এই অনুমানের কার্য্য চলিবে, এক্ষণকার ন্যায় মোকদ্দমা রুজু করিবার ২০ বৎসর পূর্ব্ব হইতে নহে। আমার বিনীত ভাবে নিবেদন এই যে, যদি কমিটী আমার পরামর্শ গ্রহণ করিতেন, যে সকল রায়ত অবধারিত হারে ভূমি

ভোগের স্বত্ব অর্জ্জন করিয়া ফেলিয়াছে, তাহাদেরও স্বত্ব স্থির থাকিত এবং "জমীদারদিগের প্রতিও প্রথম কিস্তি সুবিচার প্রদত্ত হইত। ভবিষ্যতে ভূম্যধিকারী ও প্রজার স্বত্ব নির্দ্দেশ করিয়া দিবার জন্য যে পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইতেছে স্বীকার করা যায়; অতীত কালের আইন দ্বারা রায়তের যে সকল স্বত্ব লোপ করা হইয়াছে বলিয়া অনুমিত হইয়াছে অথবা নিজের অসাবধানতা ও নিজের কার্য্য দ্বারা যে সকল স্বত্ব বাজেয়াপ্ত হইয়াছে সেই সকল স্বত্ব পুনঃ প্রদানের জন্য যে পাণ্ডুলিপি পাস করা হইতেছে, সেই পাণ্ডুলিপিতে অতীতকালে শিথিল ভাবে আইন করার দোষে ভূম্যধিকারী যে সকল স্বত্বে বঞ্চিত হইয়াছেন তাহাও তাঁহাকে প্রত্যর্পণ করা সুবিচারসঙ্গত।

অতীত কালে তিনি যাহাতে বঞ্চিত হইয়াছেন তাহা প্রত্যর্পণ করা যদি একান্ত অসম্ভব হয়, ভবিষ্যতে যাহাতে তাঁহার রক্ষা হয় তাহাও অন্ততঃ করা উচিত।

চিরস্থায়ী বন্দোবস্তের শর্ত্তমতে কেবল মাত্র মোকররীদার ও ইস্তমরারদার অবধারিত হারে ভূমি ভোগের অনুমতি পায়, দখলীস্বত্ববিশিষ্ট রায়ত তাহা পায় নাই।

১৮৫৯ সালের ১০ আইনের পূর্ব্বে অবধারিত হারে বা খাজানায় ভূমি ভোগ করিবার স্বত্বের দাবী করিলে দশ-সালা বন্দোবস্তের বার বৎসর পূর্ব্ব পর্য্যন্ত তাহার স্বত্ব সাব্যস্ত করিতে বাধ্য হইতে হইত। অন্যথা তাহার স্বত্ব সম্পূর্ণ হইত না। অর্থাৎ, চিরস্থায়ী বন্দোবস্তে যাহা কিছু আছে তাহার উপর উহার স্বত্ব নির্ভর করিত না, কিন্তু উক্ত বন্দোবস্তের পূর্ব্বে জমীদারের কার্য্যের উপর নির্ভর করিত।

চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে ভূমিকর্ষকেরা তিন শ্রেণীতে বিভক্ত ছিল। মোকররীদার বা তালুকদার বাসেন্দা রায়ত। ইহাদের দীর্ঘকাল দখলজন্য স্বত্ব জন্মিয়াছিল, আর পাইকস্ত রায়ত বা ইচ্ছাধীন প্রজা। ৬৬ বৎসরের মধ্যে ১৮৫৯ সালের ১০ আইনেই সর্ব্ব প্রথম পাইকস্ত রায়তকে দখলীস্বত্ব দিবার চেষ্টা করা হয় অন্ততঃ তাহাদের বেলা চিরস্থায়ী বন্দোবস্তের শর্ত্তে এমন কোন কথা পাওয়া যায় না যাহার উপর তাহাদের অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব স্থাপিত হইতে পারে। সুতরাং ভূম্যধিকারীকে অনুমান খণ্ডনের আজ্ঞা করা উচিত নহে। স্বত্ব প্রমাণের ভার রায়তের উপর নিক্ষেপ করা কর্ত্তব্য।

চিরস্থায়ী বন্দোবস্তের সময় এবং ১৮৫৯ সালের ১০ আইনের পূর্ব্বে খাজানা দেওয়া সম্বন্ধে যত রায়তের দখলীস্বত্ব ছিল সকলের উপরই একপ্রকার ব্যবহার করা হইত অর্থাৎ সকলেই প্রচলিত হার দিবে আশা করা হইত।

১৮৫৯ সালের ১০ আইন পাসের সম্বন্ধে যত কাগজপত্র প্রকাশ হইয়াছে তাহাতে দৃষ্টি করিয়া কিসের জন্য ঐ আইনে এই সকল বিধান বিবদ্ধ হইয়াছিল তাহা বুঝিয়া উঠা কঠিন।

১৮৫৭ সালে যে খসড়া পাণ্ডুলিপি প্রকাশিত হয় তাহাতে "যে সকল বংশানুক্রমিক রায়ত অবধারিত হারে খাজানা দিয়া ভূমি ভোগ করে তাহারা ঐ হারে পাট্টা পাইতে স্বত্ববান হইবে" লেখা আছে। কিন্তু পরে ১৮৫৯ সালের ১০ আইনে যে ২০ বৎসরের অনুমানের কথা বিধিবদ্ধ হইয়াছে তাহার কোন উল্লেখই নাই।

যদি ১৮৫৭ সালের পাণ্ডুলিপি সংশোধিত না হইত, তাহা হইলে অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব প্রমাণের ভার আজিও দাখিকারি রায়তের উপরই অর্পিত থাকিত।

উক্ত খসড়া আইনের মত সমালোচনা প্রকাশিত হইয়াছে, তাহার মধ্যে শ্রীযুত স্কোল্স সাহেবই রায়তের অবধারিত হারে ভূমি ভোগের স্বত্ব বিষয়ে পূর্ণমাত্রায় বাদানুবাদ করিয়াছেন। তাঁহার মতে উক্ত স্বত্ব এই উচ্চতর ও সুগমতর যুক্তির উপর স্থাপিত যে "চিরস্থায়ী বন্দোবস্ত জমিদারের পক্ষেই চিরস্থায়ী প্রজার পক্ষে অস্থায়ী, এরূপ একতরফা বন্দোবস্ত নহে" কিন্তু ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ও ৬০ ধারার বিধান হইতেই এইরূপ অনুমান করায় তাঁহার ভ্রম হইয়াছিল। এই সকল ধারা খুলিয়া দেখিলেই দেখা যাইবে যে প্রথমটী তালুক সম্বন্ধীয় ও দ্বিতীয়টীর কার্য্য চলন হইতে বেহার মুক্ত হইয়াছিল।

আমার নিবেদন এই যে, যদি কেবল মাত্র বর্ত্তমান আইন বলিয়াই আমরা ভূম্যধিকারীর বিরুদ্ধে বর্ত্তমান আইন রক্ষা করি, তাহা হইলে রায়তের উপকারার্থ আমরা অনেক স্থলে যেরূপ গিয়াছি সেরূপ বর্ত্তমান আইন ছাড়াইয়া যাওয়া কোনমতেই উচিত হয় নাই।

অনেক সময়ে যে বলা হয় যে অনুমান খণ্ডন করা ভূম্যধিকারীর পক্ষে যত সহজ, রায়তের পক্ষে স্বত্বসাব্যস্ত করা তত সহজ নহে, ইহার সম্বন্ধে আমি এই মাত্র বলিতে চাই যে যে সকল লোক এই কথা বলে ভূম্যধিকারীর পক্ষে এরূপ করা যে কত শক্ত তাহার কোন ছদ্বোধই নাই। কোন নির্দ্দিষ্ট সংখ্যক রায়তের পক্ষে ভূম্যধিকারীর হস্তাক্ষর প্রমাণকরা অতি সহজ, কিন্তু ভূম্যধিকারীর পক্ষে যে সকল লোক লিখিতে জানে না তাহাদের দেওয়া দলীল প্রমাণকরা বড় সহজ ব্যাপার নহে। যত পুরাণ আইন আছে সকলেই ভূম্যধিকারীর পক্ষে রায়তের অনুকূলে দলীল লিখিয়া দেওয়া অবশ্য কর্ত্তব্য বলিয়া দিয়াছে। কিন্তু কোন আইনেই ভূম্যধিকারীর অনুকূলে দলীল লিখিয়া দেওয়া রায়তের পক্ষে অবশ্য কর্ত্তব্য করিয়া দেয় নাই।

বর্ত্তমান আইনে যেস্থলে ৫০ টাকায় খাজানা দেওয়া হইতেছে সেই সকল স্থলের জন্যই বিধান আছে, কিন্তু উপস্থিত পাণ্ডুলিপিতে আর এক পদ অধিক অগ্রসর হওয়ার প্রস্তাব হইয়াছে, ঐ নিয়ম যুক্তিরূপে পরিণত খাজানায়ও খাটাইবার অভিপ্রায় হইয়াছে।

যদিও কমিটীতে আমিই একাকী এই বিষয়ে ভিন্নমত হইয়াছিলাম এবং আমার এই অবস্থা অত বাঞ্ছনীয় হয় নাই, তথাপিও এই প্রকরণ বিধিবদ্ধ হওয়ার বিরুদ্ধে প্রতিবাদ করিবার অনুমতি প্রার্থনা করি।

আমাদের যত দূর বিধিবদ্ধ করা উচিত আমরা এবিষয়ে তাহা অপেক্ষা অনেক অধিক দূর গিয়া পড়িয়াছি। এপ্রকরণ বিধিবদ্ধ করাও যাহা আর যেসকল রায়ত শস্যে খাজানা দিত ও এক্ষণে টাকায় খাজানা দেয়, তাহাদিগকে ভবিষ্যতে অবধারিত ও অপরিবর্ত্তনীয় হারে খাজানা দিয়া ভূমিভোগের স্বত্ব দেওয়াও ঠিক তাহাই।

বর্ত্তমান আইনেই ত এই সকল বিধান ভূম্যধিকারীর পক্ষে অত্যন্ত কষ্টকর হইয়া উঠিয়াছে, ভবিষ্যতে উহা আর দশগুণ অধিক কষ্টকর হইয়া উঠিবে।

যখন পাট্টা কবুলিয়ত পরস্পর দেওয়া আর আবশ্যক রহিল না, তখন রায়ত যা করে ভবিষ্যতে তাহাই হইবে।

স্বত্বের লিপি প্রস্তুতকরণ ও হারের বন্দোবস্ত করণের অধ্যায় অনুসারে স্থানীয় গবর্ণমেণ্টের উপর যে সকল ক্ষমতা অর্পিত হইয়াছে তাহা ভবিষ্যতে অত্যন্ত কার্য্যকর হইবে সত্য, কিন্তু এই সকল বিধান অপরিবর্ত্তিত থাকিলে আদালত সকল মোকদ্দমায় মোকদ্দমায় প্লাবিত হইয়া যাইবে ও জমীদারেরা উৎসন্ন যাইবে।

ভবিষ্যতে যে সকল খাজানা মুদ্রারূপে পরিণত হইবে তাহাতেই এই সকল বিধান সীমাবদ্ধ করিয়া এবং যে তারিখ হইতে অনুমানের কাল গণনা করিতে হইবে সেই তারিখ নির্দ্দেশ করিয়া দিলেই ইহাদের কুফলের অল্পতা সাধন করা যাইতে পারে।

হস্তান্তর ও অগ্রক্রয় সংক্রান্ত প্রকরণের উপর এই সকল বিধানের কার্য্যের কথা পূর্ব্বেই বলা হইয়াছে।

৫। ৯ম অধ্যায়।—যোতের অবান্তর বিভাগ।

পাণ্ডুলিপিতে বলে যে দখলীস্বত্ববিশিষ্ট যোত ভবিষ্যতে হস্তান্তরযোগ্য হইবে এবং পূর্ণ যোতই হস্তান্তর যোগ্য হইবে বলিয়া প্রকাশ করিয়া ন্যায্য কার্য্যই করা হইয়াছে।

কোন যোতের কিয়দংশের হস্তান্তর ভূম্যধিকারীর বিরুদ্ধে অসিদ্ধ বলিয়া প্রকাশ করা হইয়াছে।

এত দিন পর্য্যন্ত হস্তান্তরকরণের স্বত্ব দখলীস্বত্ববিশিষ্ট যোতের অনুষঙ্গের মধ্যে ছিল না। অসংখ্য স্থলে আদালত ভূমিভোগের স্বত্ব ক্রীত হইলেও ভূম্যধিকারীর ইচ্ছার বিরুদ্ধে হস্তান্তরগ্রহীতাকে তাহা প্রদান করিতে অস্বীকার করিয়াছেন। হস্তান্তরগ্রহীতার স্বত্বের অনিশ্চয়তা সত্ত্বেও আমরা দেখিতে পাই, যে এপ্রদেশের প্রতি জিলাতেই দখলীস্বত্ব ইচ্ছামত বিক্রয় হইতেছে ও আদালতের ডিক্রীমত বিক্রয় হইতেছে।

কোন২ জিলায় ইহা এরূপ অবধারিত হইয়াছে, আইনবিরুদ্ধ হইলেও ইহা এত বহুল পরিমাণে চলিতেছে, যে দেশাচার এক্ষণে আইনকে অতিক্রম করিয়াছে।

আইনবিরুদ্ধ হইলে ও দেশাচাররূপে প্রচলিত হইতেছে দেখিয়া গবর্ণমেণ্ট ইহাকে সিদ্ধ বলিয়া প্রকাশ করিতে বাধ্য হইতেছেন।

এক্ষণে পূর্ণ যোতের হস্তান্তর আইনসম্মত করার প্রস্তাব হইয়াছে, কিন্তু যোতের কিয়দংশের হস্তান্তর ভূম্যধিকারীর বিরুদ্ধ হইলে আইনবিরুদ্ধ বলিয়া প্রকাশ করিবার প্রস্তাব হইয়াছে।

যোতের কিয়দংশ হস্তান্তর আইনসম্মত করার ফল মন্দ হইবে। ভূম্যধিকারীর পক্ষেও মন্দ হইবেই, রায়তের পক্ষে আরও মন্দ হইবে। কিন্তু রায়তের কার্য্য ভূম্যধিকারীর বিরুদ্ধে অসিদ্ধ এবং তাহার নিজের বিরুদ্ধে সিদ্ধ প্রকাশ করিলে ক্রমে এমন একটী অবস্থা আসিয়া উপস্থিত হইবে যে এক্ষণে গবর্ণমেণ্ট যে কার্য্যপ্রণালীর নিন্দা করিতেছেন পরিণামে তাহাতে হস্তক্ষেপ করিতে ও তাহা আইনসম্মত বলিয়া প্রকাশ করিতে বাধ্য হইবেন।

ভূম্যধিকারীর বিরুদ্ধে অসিদ্ধ ও রায়তের বিরুদ্ধে সিদ্ধ হইতে দেওয়ায় রায়তের হস্তান্তর করিতে কোন বাধা হইবে না, কেবলমাত্র যোতের বাজার দর অত্যন্ত কমিয়া যাইবে।

রায়তের যেমন টানাটানি হইবে ভূম্যধিকারীর বিরুদ্ধে ইহা অসিদ্ধ এই কারণ বশতঃ হয়ত সে অর্দ্ধেক মূল্যে তাহার যোতের এক২ খণ্ড বিক্রয় করিতে থাকিবে।

রায়তের খণ্ডশঃ যোত বিক্রয় বন্ধ করার তিন উপায় আছে, যথা,—

যোতের কিয়দংশের হস্তান্তর ভূম্যধিকারী ও রায়ত উভয়েরই বিরুদ্ধে অসিদ্ধ বলিয়া প্রকাশ করা।

ভূম্যধিকারীকে এইরূপ হস্তান্তর উক্ত অংশের ইজারা বলিয়া গণ্য করিতে অনুমতি দেওয়া।

ভূম্যধিকারী ও রায়তের মধ্যে যে করার আছে তাহার শর্ত্ত অনুসারে যেরূপ শর্ত্ত ভঙ্গ করিলে তাহাকে সেই যোত হইতে উচ্ছেদ করা যাইতে পারে এরূপ শর্ত্ত ভঙ্গ করিয়াছে বলিয়া গণ্য করা।

শেষোক্তটী অত্যন্ত কার্য্যকর বলিয়া আমি উহারই অনুকূলে যুক্তিবিন্যাস করিয়াছিলাম।

৬। ১০ম অধ্যায়।

এই অধ্যায় অনুসারে স্থানীয় গবর্ণমেণ্ট ভূম্যধিকারীর অনুরোধে, বহুসংখ্যক রায়তের অনুরোধে, অথবা বিবাদ নিবারণের জন্য সমস্ত মহালের খাজানার বন্দোবস্ত করিয়া দিবার আজ্ঞা দিতে পারেন।

এই অধ্যায় যেরূপ আছে তদনুসারে মহালের জমাবন্দী স্থির বা নিশ্চয় করার পর তাহা পনের বৎসর সময়ের জন্য ঠিক থাকিবে। কিন্তু কিছুতেই ভূম্যধিকারীর খাজানা বৃদ্ধি করিবার দরখাস্ত বন্ধ হইবে না।

১। যেস্থলে ভূম্যধিকারী খাজানা বৃদ্ধির জন্য দরখাস্ত করেন ও বৃদ্ধির অনুমতি হয়, তথায় ইহা খাটিবে।

২। যেস্থলে আবেদন অগ্রাহ্য হয়, তথায় ইহা খাটিবে।

৩। যেস্থলে ভূম্যধিকারীর আবেদনের স্বত্ব আছে অথচ আবেদন করেন নাই, তথায় ইহা খাটিবে।

৪। যেস্থলে কিয়ৎসংখ্যক রায়তের অনুরোধে বন্দোবস্ত হইল, তথায় ইহা খাটিবে।

৫। ইহাতে যেসকল রায়ত দরখাস্তের পক্ষ নহে এরূপ সকল রায়তের খাজানা বৃদ্ধি করিতে হয় জমীদার বাধ্য হইবেন, না হয়, পনের বৎসর বৃদ্ধি করিতে অসমর্থ হইয়া থাকিবেন।

৬। ইহা দখলীস্বত্ববিশিষ্ট ও দখলীস্বত্বশূন্য উভয়প্রকার রায়তের পক্ষেই খাটিবে। অতএব ইহার এই ফল হইবে যে সমস্ত দখলীস্বত্বহীন রায়ত দখলীস্বত্ব প্রাপ্ত হইবে।

৭। ইহাতে রায়তদের যেসকল স্বত্ব নাই তাহা অর্জ্জন করিতে পারিবে বলিয়া বন্দোবস্তের দাবী করিতে তাহাদিগকে প্রবৃত্তি দিবে। ইহার এদিক ওদিক হইতে দিবে না।

পাণ্ডুলিপিতে যেরূপ সময় ছিল তাহাই থাকা উচিত অর্থাৎ দশ বৎসর হওয়া উচিত।

যে সকল স্থলে ভূম্যধিকারী খাজানা বৃদ্ধির জন্য প্রার্থনা করেন অথবা দখলীস্বত্ববিশিষ্ট রায়তদিগের খাজানা সম্বন্ধে কোন বিবাদ থাকে, এই অধ্যায় সেই সকল স্থলেই খাটা উচিত।

ইহার দ্বারায় দখলীস্বত্বহীন রায়তের দখলীস্বত্ব অর্জ্জনের উপায় করিয়া দেওয়া উচিত নয়। দিলে একটী অত্যন্ত প্রয়োজনীয় অধ্যায় অত্যাচারের যন্ত্র হইয়া দাঁড়াইবে।

৭। ১৫শ অধ্যায়—দায়।

অবশেষে যে বিষয়ে আমি কমিটীর সিদ্ধান্ত হইতে আমার মত ভিন্ন বলিয়া লিপিবদ্ধ করিতে অনুমতি প্রার্থনা করি, তাহা ব্যবসাদারের পক্ষে এবং রায়তের পক্ষেও বিশেষ প্রয়োজনীয়।

পাণ্ডুলিপিতে প্রকাশ যে যখন বাকী খাজানার জন্য আদালতের ডিক্রী অনুসারে কোন তালুক বিক্রয় হয়, তখন প্রথমতঃ উহা রেজিষ্টরী করা দায় সম্বলিত বিক্রীত হইবে। কিন্তু ইহাতে দখলীস্বত্ববিশিষ্ট ষোত দায়মুক্ত করিয়া বিক্রীত হইতে দিতেছে।

একথা অবশ্যই স্বীকার্য্য যে, যে ব্যক্তি দখলী স্বত্ববিশিষ্ট ষোতে কোন রূপ দাবী থাকিবার দাওয়া করে, পাণ্ডুলিপিতে তাহাকে পাওনা বাকী খাজানা প্রদান করিয়া এবং তদ্দ্বারা প্রথম বন্ধক স্বত্ব লাভ করিয়া আপন স্বার্থ রক্ষা করিবার অনুমতি আছে। কিন্তু ইহাতে সেই স্বার্থ সম্পূর্ণভাবে রক্ষা হইবে না।

তালুকদার ও দখলী স্বত্ববিশিষ্ট ষোতদারের মধ্যে কোন প্রভেদ রাখা উচিত কমিটীর এইরূপ বিবেচনা। আমি এবিষয়ে তাঁহাদের সহিত একমত নহি।

অবধারিত হারে ভূমিভোগী রায়তেরা তালুকদারদিগের সহিত একপ্রকার বিধানের অধীন হওয়ায়, যোকদ্দমার উৎসাহ দেওয়া হইবে।

বিক্রয়ের পর অবধারিত হারে ভূমি ভোগের অনুমান খাড়া করিয়া দখলীস্বত্ববিশিষ্ট ষোত বিক্রয় মামঞ্জুর করিবার চেষ্টা হইবে।

যে ষোত বিক্রয়ার্থ আনীত হইয়াছে তাহা সাধারণ দখলীস্বত্ববিশিষ্ট ষোত বা অবধারিত হারের দখলীস্বত্ববিশিষ্ট ষোত এবিষয়ে তদারক করা আদালতের, ডিক্রীদারের, দেনাদারের, বা ক্রেতার কাহার কর্ত্তব্য হইবে, অথবা যদি কোন ক্ষতি হয়, কে ক্ষতির জন্য দায়ী হইবে, পরিষ্কার বুঝা যায় না।

যে দায় রক্ষা করিতে হইবে তাহা সমস্ত ষোতে বর্ত্তিবে, কেবল মাত্র একঅংশে বর্ত্তিবে না, ইহাই প্রকাশ করা আবশ্যক ছিল, কিন্তু ইহার অধিক কিছুই আবশ্যক ছিল না।

দখলীস্বত্ববিশিষ্ট প্রজাকে এবিষয়ে রক্ষা না করায়, তাহার বাজার সম্ভ্রমের ক্ষতি করা হইয়াছে। যে স্থলে সে অল্প সুদে টাকা ধার করিতে পারিত, সে স্থলে তাহাকে অধিক সুদ দিতে হইবে।

ষ্টি, এম, গিবন।

প্রস্তাবিত প্রজাস্বত্ববিষয়ক পাণ্ডুলিপির কতকগুলি বিধানের উপর সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের সিদ্ধান্তহইতে ভিন্নমতের মন্তব্যলিপি।

পাণ্ডুলিপির বিধানসকল এক্ষণে যেরূপ সংশোধিত হইয়াছে, সিলেক্ট কমিটীর অধিকাংশ সভ্যের ন্যায় আমিও সাধারণতঃ তাহা গ্রহণ করিতে প্রস্তুত ; কিন্তু আমার এ কথা বলা আবশ্যক যে আমার বিবেচনায় কয়েকটী বিষয়ে প্রজার স্বার্থ উপযুক্তরূপে রক্ষিত হইয়াছে বলিয়া বোধ হয় না। পাণ্ডুলিপিতে খাজানাবৃদ্ধির যথেষ্ট সুবিধা করিয়া দিয়াছে, বিশেষতঃ পূর্ব্বে যে নিয়মে উৎপন্ন দ্রব্যের মূল্যবৃদ্ধির প্রমাণের আবশ্যকতা ছিল, তাহার পরিবর্ত্তে কেবলমাত্র দররৃদ্ধি প্রযুক্ত বৃদ্ধি প্রস্তাব করায় আরও সুবিধা হইয়াছে। ভূম্যধিকারীর এই বিষয়ে অনেক সুবিধা করিয়া দিলেও মূল পাণ্ডুলিপির ৭৫ (ঘ) * ধারার শাসনটী তুলিয়া লওয়া হইয়াছে। রাইয়তের দেয় খাজানার হার প্রচলিত হার অপেক্ষা ন্যূন এই কথা খাজানাবৃদ্ধির একটি হেতু বলিয়া রাখা হইয়াছে : এবং বাসেন্দা রায়ত ভিন্ন অন্য রায়তকে যখন প্রথম ভূমির দখল দেওয়া হয়, তখন ভূম্যধিকারী কত খাজানার দাবী করিবেন পাণ্ডুলিপিতে তাহার কোন সীমা নির্দ্দেশ করা হয় নাই, বাসেন্দা রায়তের সম্বন্ধেও ভূম্যধিকারী পূর্ব্বতন খাজানার শতকরা পঁচিশ টাকা বৃদ্ধি দাবী করিতে পারেন। প্রজা জমী না ছাড়িয়া যতদূর পর্য্যন্ত খাজানা বৃদ্ধি দিতে পারে তাহার চরম সীমা পর্য্যন্ত খাজানা বাড়াইয়া লইতে পারেন এমন বিষম শক্তি এই সকল ধারায় ভূম্যধিকারীর হস্তে অর্পণ করা হইয়াছে। কারণ, কৃষিব্যাপ্ত নিশ্চয়ই কোন না কোন সময়ে ভূম্যধিকারীর হাতে পড়িবে এবং যখন তিনি এই সকল শোত বিলি করিবার সময় অবাধে যত ইচ্ছা খাজানা লইতে পারেন, তখন স্পষ্টই বোধ হইতেছে প্রচলিত হার ক্রমেই বাড়িয়া যাইবে, এবং এই হার দ্বারা যে কেবল নূতন রায়তদিগেরই খাজানা নিয়মিত হইবে এরূপ নহে, সাধারণ প্রজা সম্প্রদায় মাত্রেরই খাজানা নিয়মিত হইবে। এই কারণ বশতঃ প্রচলিত হার খাজানা বৃদ্ধির কারণ বলিয়া রাখায় ভবিষ্যতে বিলক্ষণ বিপদ হইবার সম্ভাবনা আছে বলিয়া আমার বোধ হয় এবং উহা পাণ্ডুলিপি হইতে উঠাইয়া লওয়া হয় সেইলে আমি অত্যন্ত আনন্দিত হইব।

এইরূপ আমার বিবেচনায় যেস্থলে ভূম্যধিকারী শস্য রূপে দেয় খাজানা মুদ্রারূপ খাজানায় পরিণত করিবার আবেদন করেন সেস্থলে প্রজার স্বার্থ সংশোধিত পাণ্ডুলিপির ৫৩ ধারায় উপযুক্তরূপে রক্ষিত হয় নাই। এই ধারায় এইরূপ বিধান থাকা উচিত যে, প্রথমতঃ কোন স্থলেই মুদ্রারূপ খাজানা ভূম্যধিকারীর পথকর বিহীনে ঐ শোতের যে খাজানার উল্লেখ আছে তাহা অপেক্ষা অধিক হইবে না। দ্বিতীয়তঃ, ভূম্যধিকারী দশবৎসর ধরিয়া যে খাজানা লইয়া আসিতেছেন তাহার গড় মূল্য ধরিয়া যদি মুদ্রারূপ খাজানা স্থির হয়, তাহা হইলে চাসকার্য্যের সমস্ত ঝুঁকি প্রজা গ্রহণ করে এবিবেচনায় তাহা হইতে বিলক্ষণ বাদ দেওয়া উচিত। খাজানার কমিশনর যে খসড়া পাণ্ডুলিপি প্রস্তুত করেন ও বঙ্গদেশের গবর্ণমেণ্ট যে পাণ্ডুলিপি অর্পণ করেন, তাহাতে এরূপ বাদ দিবার বিধান করা হইয়াছিল।

আমার বোধ হয় পরিত্যাগ করণ বিষয়ক পাণ্ডুলিপির ৯৬ ধারায় যেরূপে কথা যোজনা করা হইয়াছে, তাহাতে আমার বোধ হয় অপব্যবহারের দ্বার বিলক্ষণরূপে উদ্ঘাটিত হইবার সম্ভাবনা। যখন রায়ত পরিত্যাগ করিয়াছে এই ওজরে তাহাকে তাহার শোত হইতে বঞ্চিত করা হয়, তখন তাহাকে দখল পুনঃপ্রাপ্তির জন্য মোকদ্দমা রুজু করিবার ক্ষমতা দেওয়ার ফল অতি অল্পই হইবে। যদি এই ধারার কোন প্রয়োজন থাকে, তবে উহার কার্য্যকারিতা দখলীস্বত্বশূন্য রায়তের দখলস্থ শোতে সীমাবদ্ধ রাখা কর্ত্তব্য। দখলীস্বত্ববিশিষ্ট শোতে উহা বিস্তার করার অতি অল্পমাত্রও কারণ নাই, কারণ এই সকল স্থলে বাকী খাজানার নিমিত্ত শোত বিক্রয়ের ক্ষমতা দ্বারা ভূম্যধিকারীর খাজানা সম্পূর্ণরূপে রক্ষিত হইয়াছে।

১৮৮৪ সাল ১৭ মার্চ্চ। এচ. জে. রেনল্ড্স।

* এই প্রকরণে প্রকাশ করে যে, "রায়তেরা ফসলের সময় যে মূল্যে বিক্রয় করে সেই মূল্য ধরিয়া প্রধান শস্যযোগে ভূমির যে উৎপন্নের আনুমানিক গড় বার্ষিক মূল্য যত হয়, বর্দ্ধিত খাজানা কোন স্থলে তাহার পঞ্চমাংশের অধিক হইবেনা।"

প্রস্তাবিত বঙ্গদেশীয় প্রজাস্বত্ববিষয়ক আইনের পাণ্ডুলিপি সম্বন্ধে সিলেক্ট কমিটীর অধিকাংশ ব্যক্তি যে নিষ্পত্তি করিয়াছেন, তাহা হইতে ভিন্নমতাত্মকলিপি।

পাণ্ডুলিপির মূলসূত্র।

এই পাণ্ডুলিপি সম্বন্ধে আমার ভিন্নমত এই প্রশস্ত হেতুমূলে স্থাপন করিতে চাই যে, বঙ্গদেশের ভূমিসংক্রান্ত আইন এক্ষণে যেরূপ ভিত্তির উপর সংস্থাপিত আছে, এই পাণ্ডুলিপির দ্বারা তদপেক্ষা দৃঢ়তর, ন্যায্যতর, কিম্বা অধিকতর সন্তোষজনক ভিত্তির উপর স্থাপিত হইতেছে না এবং ইহাতে দুর্বৎসর সহ্য করিতে সক্ষম এরূপ সম্পত্তিপন্ন কৃষকদের হস্তে ভূমির চাষকার্য্য রক্ষিত হইবে না, অথবা ধনসঞ্চয়, বিশ্বস্ততার সুন্দররূপ বৃদ্ধি ও কোন কৃষিকার্য্য সংক্রান্ত উৎকর্ষসাধনের উন্নতি বিষয়ে সহায়তা হইবে না। আর যে অভিপ্রায়েই লর্ড হার্টিংটন সাহেবেরমতে এইরূপ পাণ্ডুলিপি উপস্থিত করণের ন্যায্যতা প্রতিপাদন করা যায়, এই পাণ্ডুলিপিতে কেবল যে সেই অভিপ্রায় সাধন হইতেছে না এরূপ নহে, ইহাতে বঙ্গদেশের প্রাচীন দেশাচার ও বর্ত্তমান আইন হইতেও অধিক দূরে ও সম্পূর্ণরূপ নূতন পথে যাইতে হইতেছে। উক্ত কর্ত্তৃপক্ষ প্রকৃত রাজনীতিজ্ঞতার সংস্কার বশতঃ এরূপ প্রণালী অবলম্বন করা পরামর্শসিদ্ধ নহে বলিয়া নিন্দা করিয়াছেন।

১৮৮২ সালের ১৭ আগষ্টের বিজ্ঞাপনীর ২১ প্রকরণ।

১৮৮২ সালের ১৭ আগষ্টের বিজ্ঞাপনীর ৯ প্রকরণ।

ভূম্যধিকারী ও প্রজাসংক্রান্ত বর্ত্তমান আইন কিং মূলসূত্র অবলম্বন করিয়া গবর্ণমেণ্ট পরিবর্ত্তন করিবার প্রস্তাব করেন, ইহা বুঝা আমি কঠিন দেখিতেছি। অভিপ্রায় ও হেতুর যে বর্ণনাপত্র প্রত্যেক পাণ্ডুলিপির সঙ্গে মন্ত্রিসভার সভ্যদের নিকট পাঠাইবার রীতি আছে, তাহাতে লিখিত আছে যে, ১৮৫৯ সালের ১০ আইন যদিও উপকার করিয়াছে স্বীকার করা যায়, তথাপি কোনং গুরুতর বিষয়ে উহা এতদূর নিষ্ফল হইয়াছে যে বেহারে প্রতিযোগিতার অত্যুচ্চহারে রায়তদের স্থানে খাজানা লওয়া হইয়াছে ও জমীদারের কর্ত্তৃক অত্যাচার ঘটিয়াছে, এবং পূর্ব্ব বাঙ্গালার জমীদারেরা আইনমতে যে খাজানা বৃদ্ধি করিবার অধিকারী, সেই খাজানা বৃদ্ধি পাইতে পারেন নাই, এবং আপনং বৈধ খাজানা আদায় করাও তাঁহাদের পক্ষে কঠিন হইয়া উঠিয়াছে। ইহা হইতে আমরা এই কথা সংগ্রহ করিতে পারি, একপক্ষে রায়তদের রক্ষা করা ও অপর পক্ষে জমীদারদের বৈধ খাজানা আদায় করিবার ও তাহা আইনমতে বৃদ্ধি করিবার সুবিধা করিয়া দেওয়া পাণ্ডুলিপির প্রধান উদ্দেশ্য।

শ্রীযুক্ত ইলবার্ট সাহেব যেরূপ বলেন, ১৮৫৯ সালের ১০ আইনের ফল প্রকৃত প্রস্তাবে সেইরূপ হইয়াছে ইহা যদি দেখান যাইতে পারে (কিন্তু আমি বেহার সম্বন্ধে নির্ব্বন্ধসহকারে একথা অস্বীকার করি, এবং আমি এস্থলে বিশেষ করিয়া উল্লেখ করিতেছি যে, ইহার কোন প্রমাণ দেওয়া হয় নাই।) তাহা হইলে প্রস্তাবিত পাণ্ডুলিপির নামে যেং উদ্দেশ্য আছে বলিয়া দেখা যায়, আমি পূর্ব্বে বলিয়াছি, সেই২ উদ্দেশ্য সাধনার্থ যেং ন্যায্য উপায় অবলম্বিত হইত, কোন ভূম্যধিকারী বা রায়ত তৎসম্বন্ধে কোন আপত্তি করিতে পারিতেন না; এবং জমীদারদের নালিশ আবেদনপত্রের কোনখানীতেই এই সকল বিষয়ে যে কিছুমাত্র আপত্তি উত্থাপিত হইয়াছে ইহা আমি দেখিতেছি না।

পাণ্ডুলিপিতে যদি এই সকল উদ্দেশ্যেরপ্রতি দৃষ্টি থাকিত, তাহা হইলে সর্ব্বপ্রকারে ভাল হইত, কিন্তু এই সকল উদ্দেশ্য সম্পূর্ণরূপে ছাড়িয়া গিয়া উক্ত পাণ্ডুলিপির মধ্যে অত্যন্ত বিপ্লবজনকভাবের প্রকরণপরম্পরা সন্নিবিষ্ট হইয়াছে, তাহাতে দৃঢ়রূপে সংরক্ষিত স্বত্বের প্রতি আক্রমণ হইয়াছে, ও ভূম্যধিকারীদের মনে বহু পরিমাণে অশান্তি ও অবিশ্বাস জন্মিয়াছে। সত্য বটে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এমন কথা কখন বলেন নাই যে, তাঁহারা ভূম্যধিকারীদিগকে তাঁহাদের নির্দ্ধারিত স্বত্বে বঞ্চিত করিতে চাহেন। প্রত্যুত তাঁহারা নিয়ত নির্দ্দেশ করিয়াছেন যে, চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে ভূম্যধিকারীদিগকে যে নির্দ্ধারিত স্বত্ব প্রতিজ্ঞাপূর্ব্বক দেওয়া যায়, তাঁহারা কোনরূপে সেই স্বত্বের প্রতি আক্রমণ করিতে চাহেন না। কিন্তু এই পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলে, কার্য্যতঃ ঐ নির্দ্দেশ বাক্য ব্যর্থ করা হইবে।

ক্ষতিপূরণ না দিয়া এক শ্রেণীকে তদীয় নির্দ্ধারিত স্বত্বে বঞ্চিত করিয়া অন্য শ্রেণীকে সেই স্বত্ব দেওয়া যাহার উদ্দেশ্য এরূপ ব্যবস্থা আমার বিবেচনায় অদ্যাপি ভারতবর্ষে বিধিবদ্ধ হয় নাই, এবং আমি বিবেচনা করি যে এরূপ ব্যবস্থা কখনও বিধিবদ্ধ হইবার সম্ভাবনা নাই। এরূপ মত ইংলণ্ডে কোনং উন্নত চিন্তাশীল ব্যক্তি সমর্থন করিয়াছেন, কিন্তু ভারতবর্ষে এই পাণ্ডুলিপি প্রকাশ হইবার পূর্ব্বে এরূপ কোন মতের কথা শুনা যায় নাই এবং ইংলণ্ডেও অত্যুন্নত চিন্তাশীল ব্যক্তিবর্গের মধ্যে এবিষয়ে বিলক্ষণ মতভেদ আছে।

আমি পূর্ব্বেই বলিয়াছি, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যদিও একথা কখনও সরকারী কাগজপত্রে বলেন নাই যে, তাঁহারা চিরস্থায়ী বন্দোবস্ত রহিত করিতে চাহেন; এবং যদিও ষ্টেট সেক্রেটরী সাহেব তাঁহার পত্রে বিশেষরূপ স্পষ্ট করিয়া বলিয়াছেন যে, যাহাতে সমাজের কোন শ্রেণীর নির্দ্ধারিত স্বত্বের উপর আক্রমণ হইবার সম্ভাবনা তিনি তদ্রূপ ব্যবস্থাপনের বিরোধী, তথাপি খাজানা সংক্রান্ত প্রস্তাবিত পাণ্ডুলিপি হইতে যত অসদ্ভাব ও অবিশ্বাস জন্মিয়াছে, লোকের স্বত্বসম্পর্কীয় কোন পাণ্ডুলিপিহইতে ভারতবর্ষে পূর্ব্বে কখনও তত জন্মে নাই। মনে এইরূপ ভাব জন্মিবার কারণ এই যে যদিও গবর্ণমেণ্ট মুখে এইরূপ কথা বলিতেছেন, তথাপি প্রস্তাবিত পাণ্ডুলিপির অধিকাংশ প্রকরণই বিপ্লবজনক এবং আমরা যেং সূত্রানুসারে ব্যবস্থাপনকার্য্য করি বলিয়া অনুমান হয়, সাক্ষাৎসম্বন্ধে সেই২ সূত্রের বিরুদ্ধ। আমি যে ভাবের উল্লেখ করিতেছি, ১৮৮৪ সালের ৫ জানুয়ারি তারিখে বঙ্গদেশের গবর্ণমেণ্ট এক স্মারকলিপি প্রকাশ করায়, সেই ভাব সম্প্রতি অত্যন্ত বর্দ্ধিত ও বলবৎ হইয়াছে।

আমি এই স্মারকলিপি হইতে একটি অংশ নিম্নে উদ্ধৃত করিলাম। ইহাতে যে মূলসূত্র গ্রথিত আছে, তাহাতে আমার বোধ হয় পাণ্ডুলিপিতে যে কোন ব্যক্তির স্বার্থ থাকে তাহার মনে সহজে অবিশ্বাস ও অসদ্ভাব জন্মিতে পারে। উক্ত অংশটি এইরূপ।—

"এই নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিবেচনা করেন যে, যদিও * * * আপনার পক্ষে ইতিহাস থাকা ভাল তথাপি এই প্রশ্নের নিষ্পত্তি ঐতিহাসিক গবেষণা অপেক্ষা * * * বর্ত্তমানের প্রয়োজনের কথার উপর অধিক নির্ভর করে। এজন্য তিনি এই পাণ্ডুলিপিতে যে সকল প্রস্তাব আছে তাহার ঐতিহাসিক সমর্থন অপেক্ষা কার্য্যকর ভাবের প্রতি অধিকতর মনোযোগ দিয়াছেন।"

জমিদারস্বরূপ আমাদের স্বত্ব চিরস্থায়ী বন্দোবস্তের সময় স্পষ্ট করিয়া নির্দ্দিষ্ট ও ব্যবস্থাপনক্রমে লিপিবদ্ধ হইয়াছে, ইহার প্রতি বোধহয় যেন দৃষ্টি না করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এস্থলে ভাবতঃ ধরিয়া লইয়াছেন যে আমাদের স্বত্ব, ও আমি অনুমান করি রায়তদের স্বত্বও, ঐতিহাসিক গবেষণার কুজ্ঝটিকায় অস্পষ্ট দৃষ্ট হয়, সুতরাং ঐ সকল স্বত্ব সম্পর্কে যে সকল বর্ত্তমান অভাব কথিত হয়, তজ্জন্য এরূপ ব্যবস্থা করা উচিত যাহা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অতীত প্রতিজ্ঞানুসারে প্রণীত নহে, কোন বর্ত্তমান স্থানীয় গবর্ণমেণ্টের মতানুসারে প্রণীত। এই হেতুতে বোধ হয় তিনি কেহং যাহা বর্ত্তমান প্রয়োজন জ্ঞান করেন তদনুসারে গঠিত মতের পক্ষপাতী হইয়াছেন, এবং জমীদারদের নির্দ্ধারিত স্বত্বে অবহেলা করিয়াছেন।

পক্ষান্তর, আমরা জমিদারেরা বলি যে এই পাণ্ডুলিপিতে যাহাদের অত্যন্ত অধিক স্বার্থ আছে, আমরা তদ্রূপ এক শ্রেণী; এবং স্বভাবতঃ আমাদের স্বত্ববিষয়ে কেবল যে সম্পূর্ণরূপে অনুসন্ধান লওয়া উচিত এরূপ নহে, এই স্বত্বরক্ষা করাও উচিত।

কেহং বিবেচনা করিতে পারেন, যদিও আমি ইহা এক মুহূর্ত্তের জন্যও স্বীকার করি না, যে ভূম্যধিকারীর স্বত্ব জনসাধারণের স্বার্থের বিরুদ্ধ। যদি তাহাই হয়, সাহসপূর্ব্বক এবিষয়ে হস্তক্ষেপ করা উচিত, এবং ভূম্যধিকারীদিগকে "উপদ্রব জন্য ক্ষতি পূরণ" দিয়া তাঁহাদিগকে স্বত্ব ত্যাগ করিবার আজ্ঞা করা উচিত। কিন্তু বঙ্গদেশের গবর্ণমেণ্টের গত সেপ্টেম্বর মাসের যে পত্রে ভূম্যধিকারীদের স্বত্ব সম্বন্ধীয় প্রশ্নের ভাল করিয়া বিচার করা হয় নাই এমন বোধ হইতেছে, এবং যাহাতে সিলেক্ট কমিটীর বিবেচনা কালে বিশেষ গুরুত্ব স্থাপিত হইয়াছিল, সেই পত্র যে অপক্ষপাত অনুসন্ধানের ফল বলিয়া উক্ত কমিটীর সম্মুখে উপস্থিত করা হইয়াছিল, এবং চীফ জষ্টিস সাহেব যে সুন্দর মন্তব্যলিপিতে এবিষয়ের সমুদয় আইন সম্পর্কীয় ভাবের সম্পূর্ণরূপ বিচার করিয়াছেন, তাহা যে অন্যান্য সরকারী কাগজপত্রের সহিত প্রকাশিত হয় নাই, ইহা জমিদারদের সম্বন্ধে কোন ক্রমে ন্যায্য বলা যায় না।

এই পাণ্ডুলিপি আজ্ঞাবার কমিশনের হস্তে হইতে যখন বহির্গত হইয়াছে তদবধি বরাবর জমিদারেরা দলবদ্ধ ভাবে ইহার সম্বন্ধে আপত্তি করিয়াছেন। বেহার ও বঙ্গদেশের প্রায় প্রত্যেক জিলায় সভা হইয়াছিল। এই সকল সভায় পাণ্ডুলিপির বিপদ্‌জনক প্রকরণ গুলির উপর দোষারোপ করা হইয়াছিল, এবং সাধারণমত এইরূপ হইয়াছিল, যে পাণ্ডুলিপিতে বর্ত্তমান দেশাচার ও বেশের ভূমি সংক্রান্ত পুরাতন আইনের উপর অনর্থক হস্তক্ষেপ করা হইয়াছে। গত মার্চ্চ মাসে যখন রাজা শিব প্রসাদ মন্ত্রিসভায় বলেন যে "এরূপ পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলে লোকের বিশ্বাস ও প্রত্যয় বিচলিত হইবে" তখন তিনি ভূম্যধিকারীদের মনের ভাব পরিশুদ্ধরূপে ব্যক্ত করিয়াছিলেন।

এই দফার মধ্যে আমি কেবল আর এই কয়েকটি কথা বলিতে চাই যে, দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সহিত যে দিন কোন নূতন জমীর বন্দোবস্ত হয় সেই দিনেই তাহাদিগকে দখলীস্বত্ব দিবার প্রস্তাব, জমিদারদিগকে তুলা সুবিধা করিয়া না দিয়া স্বাধীন চুক্তির স্বত্ব সম্বন্ধে রায়তদের অনুকূলে প্রথম এইবার নিষেধাত্মক নিয়ম স্থাপনের প্রস্তাব, এবং ভূম্যধিকারীকে খাজানা বৃদ্ধির আরো সুবিধা করিয়া দেওয়া যে পাণ্ডুলিপির একটি মুখ্য উদ্দেশ্য সেই পাণ্ডুলিপিতে প্রথম এইবার শতকরা পাঁচশ টাকা খাজানাবৃদ্ধির উদ্ধতীম করিবার প্রস্তাব, এই পাণ্ডুলিপির এই সকল সাধারণ সূত্র কেবল যে বেশের স্বীকৃত আইন ও দেশাচার হইতে অনর্থক ভিন্ন পথে যাওয়া হইতেছে এরূপ নহে, জমীদারদের নির্দ্ধারিত স্বত্বও ক্ষুণ্ণ করা হইতেছে, জমীদারদের নিশ্চয়ই এইরূপ জ্ঞান হইবে। একটি শ্রেণী বলিয়া দেখিতে গেলে বঙ্গদেশের ও বেহারের জমীদার বর্গ শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় প্রজাদের মধ্যে অত্যন্ত রাজভক্ত এবং ইংরাজ গবর্ণমেণ্টের কথা ঠিক এই প্রসিদ্ধির উপর প্রস্তাব স্থাপন করিয়া তাঁহারা সর্ব্বদা বিশ্বাস করিয়াছেন যে কোন ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাঁহাদিগকে তাঁহাদের নির্দ্ধারিত স্বত্বে বঞ্চিত করিতে কিম্বা তাঁহাদের কথায় বধির হইতে চাহিবেন না অথবা ইহা মনেও করিবেন না।

এরূপ অবস্থায় আজ্ঞা হইতে আমি কিয়দংশ উদ্ধৃত করিয়াছি বঙ্গদেশের গবর্ণমেণ্ট এরূপ এক সরকারি স্মারকলিপি প্রকাশ করায় জমীদারদের স্বভাবতঃ আশঙ্কা হইয়াছে। ইহাতে তাঁহাদের এইরূপ বিশ্বাস হইতেছে যে, বঙ্গদেশের গবর্ণমেণ্ট গত সেপ্টেম্বর মাসের পত্রে যে মত প্রকাশ করিয়াছেন, সেই মত অবলম্বন করিবার পূর্ব্বে জমীদারদের স্বত্বসম্বন্ধে সম্পূর্ণরূপ অনুসন্ধান লওয়া উচিত বোধ করেন নাই।

আমি জিজ্ঞাসা করিতে চাই, জমীদারেরা এমন কি কাজ করিয়াছেন যাহাতে তাঁহারা এরূপ ব্যবহারের যোগ্য হইয়াছেন। বঙ্গদেশের গবর্ণমেণ্ট তাঁহাদিগকে যেরূপ অর্থগৃধ্নু ও বিবেক শূন্য জ্ঞান করেন তাঁহারা কি বাস্তবিক সেইরূপ অর্থগৃধ্নু ও বিবেক শূন্য? যদি তাহাই হয়, তবে এরূপ প্রমাণ দেখাইবার ভারটি কোথায়? আমাদের নিকট কি এমন কোন স্থিতিস্থাপক বিষয়ক বিবরণ আছে যাহাতে দেখান যায় যে প্রতি ছাপ্পান্নসংবৎসরে

প্রজাদের ভূমি পরিবর্ত্তন করা বঙ্গদেশের জমীদারদের সাধারণ রীতি ও এরূপ কোন স্থিতিরীতি ঘটিত বিবরণ আছে কি যাহাতে দেখান যায় যে দখলীস্বত্বশূন্য রায়তদের প্রতি এইই অত্যাচার হইয়া থাকে, যে তজ্জন্য আমাদের ব্যবস্থাপক সভায় উপদ্রব জন্য ক্ষতিপূরণ দিবার মত গ্রহণ করা ন্যায়ানুগত হয়, যদিও এইমত এদেশের লোকের পক্ষে সম্পূর্ণরূপে নূতন ও প্রাচীন আইন প্রণেতারা ইহার কথা স্বপ্নেও ভাবেন নাই? বস্তুগত্যা ইহার কি কোন প্রমাণ আছে যে, বেহারে প্রতিযোগিতার অত্যুচ্চহারে খাজানা গ্রহণ ও অত্যাচার এত সাধারণ, যে তজ্জন্য ভূস্বামীদের স্বত্ব নষ্ট করা আবশ্যক?

অনেক রাজকর্ম্মচারীর মত প্রকাশ করা হইয়াছে, কিন্তু বঙ্গদেশের গবর্ণমেণ্টের উল্লিখিতপত্রে যে রূপ বর্ণনা আছে, জমিদারেরা বাস্তবিক সেইরূপ অত্যাচারী ইহা দেখাইবার স্থিতিরীতি ঘটিত বিবরণ প্রায় বা একেবারে প্রকাশিত হয় নাই। আর আমি জিজ্ঞাসা করিতে চাই, এমন কোন পুরাতন আইন কি আছে যাহাতে দেখা যায় যে, প্রাচীন দেশাচারমতে গ্রামের সমুদয় জমীতে রায়তদের দখলীস্বত্ব থাকিত এবং জমীদারেরা নিজে যে ভূমি চাষ করিতেন তদ্ভিন্ন কোন ভূমিতে তাঁহাদের ভূস্বামীর স্বত্ব ছিল না।

সিলেক্ট কমিটীর হস্ত হইতে প্রস্তাবিত পাণ্ডুলিপি যে আকারে বাহির হইয়াছে, তৎসম্বন্ধীয় যে২ বিষয়ে আমার মতভেদ ঘটিয়াছে, এক্ষণে ভিন্নং দফাতে অধিকতর বিস্তারিত করিয়া সেই২ বিষয় লিপিবদ্ধ করিতে চাহি।

চিরস্থায়ী বন্দোবস্ত।

খাজানা সংক্রান্ত পাণ্ডুলিপির বাদানুবাদে আবশ্যক সরকারী কাগজপত্রে একথা নিয়ত প্রকাশ আছে যে, চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে জমিদারদিগকে বা রায়তদিগকে যে স্বত্ব প্রতিজ্ঞাপূর্ব্বক নিশ্চয় করিয়া দেওয়া হয় তাহার কোন স্বত্ব ভঙ্গ করা গবর্ণমেণ্টের উদ্দেশ্য নহে। সুতরাং এবিষয়ে জমীদার ও রায়ত ও গবর্ণমেণ্ট সকলেই একমত। এক্ষণে এই প্রশ্নের নিষ্পত্তি করিতে হইবে এই সকল স্বত্ব কি? কিন্তু এবিষয়ে অনেক মতভেদ আছে, যদিও আমি বুঝিতে পারি না যে, এইরূপ সুনির্দ্দিষ্ট বিষয়ে কেমন করিয়া কোন মতভেদ ঘটিতে পারে। চিরস্থায়ী বন্দোবস্ত সংক্রান্ত আইনের ভাষা অতি পরিষ্কার, এবং তাহাতে স্পষ্ট করিয়া লেখা আছে যে জমীদারেরা প্রকৃতপক্ষে "ভূমির মালিক" এবং কেহ কেহ যেরূপ কল্পনা করেন বোধ হয় সেরূপ খাজানা-সংগ্রাহক মাত্র নহেন।

আরো কেহ কেহ আছেন যাঁহারা ইহাও ছাড়াইয়া যান ও বলেন যে চিরস্থায়ী বন্দোবস্তের সময়ের পূর্ব্বে জমীদার শ্রেণী ছিল না, এই সময়ের পূর্ব্বে তাঁহারা কেবল গবর্ণমেণ্টের খাজানা আদায় করিতেন। এই সকল কথার উত্তরস্বরূপ আমি ইহার সঙ্গে প্রকাশ করিবার নিমিত্ত দুই খানি সনন্দের অনুবাদ দিলাম। মুসলমান সম্রাটেরা বেহারের দুটি অতি প্রাচীন রাজবংশকে ঐ সনন্দ দিয়াছিলেন। ঐ দুইখানির মধ্যে এক খান ভোজপুরের বা ভোমরাঁওর রাজবংশকে ও অন্যখানে হাবভদার রাজবংশকে দেন; ইহা হইতে স্পষ্ট প্রমাণ হইতেছে যে, অন্ততঃ বেহারের কোন২ জমীদার বংশ কোন মে চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্বে ছিল এরূপ নহে, ভারতবর্ষের কোন স্থানে ইংরাজ গবর্ণমেণ্ট স্থাপনের পূর্ব্বেও ছিল।

চিরস্থায়ী বন্দোবস্ত ক্রমে জমীদারদের প্রতি যে স্বত্ব প্রদত্ত হইয়াছে, তৎসম্বন্ধে ঐ বিষয়ের আইন হইতে একটি অংশ উদ্ধৃত করা অপেক্ষা উৎকৃষ্টতর উপায় দেখিতে পাইতেছি না। ঐ অংশটি এই রূপ।—

"মহিমান্বিতা ইংলণ্ডেশ্বরীর উত্তরাধিকারিগণ ও নিযুক্ত গবর্ণর জেনেরল সাহেব জমীদারদিগকে তদ্বংশীয়দিগকে ও ভূমির অন্যান্য প্রকৃত স্বত্বাধিকারিদিগকে এই সংবাদ দিতেছেন যে তাঁহারা যে জমা দিতে করার করিয়াছেন, তাহাতে কোন পরিবর্ত্তন করা যাইবে না, কিন্তু তাঁহারা ও তাঁহাদের ওয়ারিশানেরা আইনমত উত্তরাধিকারিরা অপর সকল প্রজা হইতে চিরকাল তেমনধরণ করিতে পারিবেন। শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আশা করেন যে ভূমির মালিকেরা সরকারী জমা চিরকালের নিমিত্ত অবধারিত হওয়ায় তাঁহাদের যে উপকার হইল তাহা বুঝিয়া এইরূপ নিয়মে প্রজাদের ভূমি চাষ করিতে যত্ন করিবেন যে নিজের উচিত কার্য্যধারভার ও পরিশ্রমের ফলভোগ নিজেই ভোগ করেন। বিনা বা অন্যায় বৃদ্ধি করিয়া নির্দ্দিষ্ট সময়ে রাজস্ব দেওয়া ও আপনাদের সামিলী তালুকদার ও রায়তদের প্রতি সভ্যতা ও মমতা সহকারে ব্যবহার করা কর্ত্তব্যবোধে করিবেন। কিন্তু যদি নিজের কর্ত্তব্য কর্ম্ম এবং এক্ষণে যে সকল ক্ষমতা পাইলেন, তাহা হইতে তাঁহারা যে উপকার প্রাপ্ত হইলেন তজ্জন্য এই সকল কর্ম্ম ঠিক পালন করা তাঁহাদের পক্ষে অধিকতর প্রয়োজনীয় হইয়াছে।"

সার জন শোর সাহেব আপনার মন্তব্যলিপিতে এইরূপ লিখিয়াছেন।—

"আমি জমীদারদিগকে ভূমির মালিক বা স্বামী জ্ঞান করি। তাঁহারা আপনং ধর্ম্মের ব্যবস্থানুসারে উত্তরাধিকারীর স্বত্ব ঐ ভূমি পাইবার যোগ্য হন, এবং আইনমত উত্তরাধিকারী থাকিলে, রাজা ন্যায়তঃ রূপে তাঁহাদিগকে উত্তরাধিকারে বঞ্চিত করিতে পারেন না কিম্বা উত্তরাধিকার পরিবর্ত্তন করিতে পারেন না। বিক্রয় বা বন্ধকক্রমে ভূমি লইয়া কার্য্য করিবার অধিকার এই মূল স্বত্ব হইতে উদ্ভূত, এবং আমল দেওয়ানী প্রাপ্ত হইবার পূর্ব্বে ঐ অধিকারমতে জমীদারেরা কার্য্য করিতেন।"

চিরস্থায়ী বন্দোবস্তের প্রকৃত প্রণেতা লর্ড কর্ণওয়ালিস ও সার জন শোরের এইরূপ মত, এবং তাঁহারা উভয়েই দৃঢ়তা সহকারে জমীদারদিগকে "ভূমির মালিক" বলেন। আবার যে সে লোক নয়, পিট সাহেবও এই সকলমত গ্রহণ করিয়াছিলেন। বোর্ড অব কণ্ট্রোলের সভাপতি শ্রীযুত ডণ্ডাস সাহেব লর্ড কর্ণওয়ালিসকে পত্র লিখিয়া বলেন।—

"আমি ইহা নিতান্ত আবশ্যক বিবেচনা করিলাম যে, বোর্ড অব কণ্ট্রোল হইতে এই ব্যবস্থা উদ্ভূত হওয়া উচিত, আর এরূপ গুরুতর ও বিবাদীয় ব্যবস্থার চূড়ান্ত বিবেচনা কালে পিট সাহেবকে আমার অংশী করিতে যত্ন করা উচিত। এই নিমিত্ত তিনি স্বয়ং আমার সহিত উনবলডনে দশ দিন বদ্ধ থাকিয়া কেবল ঐ কার্য্যের প্রতি মনোযোগ দিতে সম্মত হইলেন। ঐ সময়ের অনে-

* মানবর মহারাজার স্থানে এরূপ সনন্দ পাওয়া যায় নাই।

কাংশকাল চার্লস গ্রাণ্ট সাহেব আমাদের সঙ্গে ছিলেন। সমুদয় বিষয় পুঙ্খানুপুঙ্খরূপে মনোযোগপূর্ব্বক বিবেচনা করিয়া পি সাহেব সম্পূর্ণরূপে আমাদিগের সহিত একমত হইলেন, দেখিয়া আমি সন্তুষ্ট হইলাম। এই নিমিত্ত আমাদের যেরূপ ধারণা হইয়াছিল, তদনুসারে বিজ্ঞাপনী স্থির করিয়া কোর্ট অব ডিরেক্টরদের নিকট পাঠাইলাম।"

রায়তদের স্বত্বসম্বন্ধে আমি এইমাত্র বলিতে পারি যে, এক্ষণে তাহাদিগকে যেং স্বত্ব দিবার প্রস্তাব হইতেছে, তাহা চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে তাহারা যেং স্বত্বভোগ করিত, সেইং স্বত্ব হইতে অত্যন্ত বিভিন্ন, বস্তুতঃ যথার্থ কথা বলিতে গেলে, ভূমিতে তাহাদের কোন মালিকীস্বত্ব ছিল না। তাহারা আপনং যোত হস্তান্তর করিতে পারিত না, এবং আইনে এমন কিছু নাই, যাহাতে দেখায় যে, জমীদারের সম্মতি বিনা অবধারিত হারে রায়তের ভূমি ভোগ করিবার স্বত্ব ছিল। এতদ্ব্যতীত এমন কিছু পাওয়া যায় না, যাহাতে দেখা যায় যে, বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী যে চাউল, গম বা অন্য সস্তা খাদ্য শস্যকে কেবল মাত্র "প্রধান শস্য" বলিয়া সংজ্ঞা নির্দ্দেশ করিয়াছেন, তাহার মূল্য দ্বারা খাজানার হার নিয়মিত হইত।

আমি এস্থলে এই বিষয়ে স্যর জন শোরের লেখা হইতে একটী অংশ উদ্ধৃত করিব।—

"কিন্তু ইহা সাধারণতঃ জানা আছে যে, রায়তেরা বহুকাল দখল করিলে ভূমিতে দখলীস্বত্বপ্রাপ্ত হয় ও তাহাদিগকে উঠাইয়া দেওয়া যাইতে পারে না। কিন্তু এই স্বত্বক্রমে তাহারা ভূমি বিক্রয় করিবার, কিম্বা বন্ধক দিবার ক্ষমতাপ্রাপ্ত হয় না, সুতরাং এই পরিমাণে উক্ত স্বত্ব মালিকীস্বত্ব হইতে স্বতন্ত্র। যথেচ্ছাচারী রাজার অধীন অন্যান্য স্বত্বের ন্যায় এই স্বত্বও অনিশ্চিত। জমীদারদের স্থানে জোর করিয়া বৃদ্ধি লওয়া গেলে রায়তদের স্থানে ঐ বৃদ্ধি চাহিবার স্বত্বক্রমে তাঁহারা কার্য্য করিয়াছেন। ভূমির মালিকত্ব কেবল জমীদারদের প্রতি ন্যস্ত আছে, ইহা যদি আমরা স্বীকার করি, তাহা হইলে রায়তেরা ঐ স্বত্ব ভূস্বামীর স্থানে প্রাপ্ত না হইলে, রায়তদের অনুকূলে আমরা এইরূপ কোন স্বত্ব স্বীকার করিতে পারি না।

"বঙ্গদেশের যে কোন জিলায় বিধি লঙ্ঘন করিয়া অন্যায় খাজানা গ্রহণ করা না হয়, তথায় ভূমির খাজানা আদা হারানুসারে নিয়মিত হইয়াছে, এবং কোনং জিলায় প্রত্যেক গ্রামের স্বতন্ত্র হার আছে। বিঘা প্রতি ভূমির উৎপন্ন ধরিয়া এই সকল হার স্থির হয়। কোনং ভূমিতে বৎসরে দুই ফসল, কোনং ভূমিতে তিন ফসল জন্মে। তুতগাছ, পান, তামাক ও আখ প্রভৃতি অধিকতরলাভজনক দ্রব্য হইলে, সেই পরিমাণে ভূমির মূল্য বৃদ্ধি হয়। এই সকল হার ভূমি মাপ করিয়া অবশ্য স্থির করা হইয়া থাকিবে। এবং তোড়ল মলের বন্দোবস্ত এই সকল হারের মূল হইতে পারে। কালক্রমে ঐ আসলের উপর আবওয়াব যোগ করা হয়, পরে মূল্য নির্দ্ধারণের মধ্যে ধরিয়া লওয়া হয়। পরং যেরূপ মাপ হইয়াছে তদনুসারে হারভেদ হইয়াছে। জমী মাপ করাগেলে সামান্যতঃ কিঞ্চিৎ বৃদ্ধির সহিত চলিত হার দৃঢ় করা হয়।"

এই স্থলে প্রধান শস্য বলিতে কেবল চাউল, গম ও অন্য সস্তা খাদ্য শস্য বুঝিতে হইবে, প্রধান শস্য শব্দের এইরূপ অর্থ করা হয় না। পক্ষান্তরে এইরূপ দেখা যাইতেছে যে তৎকালে তামাক, তুত প্রভৃতি অধিকতর মূল্যবান্ উৎপন্ন দ্রব্যের মূল্য বিবেচনাধীনে লওয়া হইত।

এই বিষয় সমাপ্ত করিবার পূর্ব্বে আমি আর একজন উচ্চ কর্ত্তৃপক্ষের লেখা হইতে একটী স্থল উদ্ধৃত করিলাম। তিনি চিরস্থায়ী বন্দোবস্তের অব্যবহিত পরেই জীবিত ছিলেন। আমি লর্ড মেটকাফের উল্লেখ করিতেছি। ইহা সুবিদিত যে তিনি চিরস্থায়ী বন্দোবস্তের প্রশংসাকারী ছিলেন না। আমি নিম্নে যে স্থল উদ্ধৃত করিলাম, তাহা হইতে ইহা স্পষ্ট বুঝা যাইবে। কিন্তু তাঁহার মত এই যে, চিরস্থায়ী বন্দোবস্তদ্বারা জমীদারদিগকে ভূমিতে মালিকীস্বত্ব দেওয়া হয়।—

"আমরা আইনেরদ্বারা যে সকল ভূস্বামীর সৃষ্টি করিয়াছি, আমি তাঁহাদের সপক্ষ নহি, ইহা বলিবার প্রয়োজন নাই। আমি বিবেচনা করি, তাঁহাদিগকে সৃষ্টি করা একটী বিষম ভ্রান্তি হইয়াছে ও তাহাতে কোন উপকার হয় নাই। কিন্তু তাঁহাদিগকে সৃষ্টি করিয়া ও তাঁহাদিগকে ভূস্বামী বলিয়া নির্দ্দেশ করিয়া আমি বিবেচনা করি আমরা গবর্ণমেণ্টের রাজস্ব রক্ষাকরণানন্তর যে সকল মালিকী স্বত্ব দিবার ক্ষমতা আমাদের ছিল, অর্থাৎ, যে সকল স্বত্ব পূর্ব্বে কাহারও ছিল না, সেই সকল আমরা তাঁহাদিগকে দিয়াছি। পূর্ব্ব হইতে অন্যের যে স্বামিত্ব ছিল, আমাদের নূতন সৃষ্ট ভূস্বামীদিগকে দিবার নিমিত্ত সেই স্বামিত্ব নষ্ট করিবার স্বত্ব আমাদের ছিল না। যাহা পূর্ব্বে অন্যের ছিল এরূপ একটী ক্ষেত্রও তাঁহাদিগকে আইনমতে বা ন্যায়রূপে দিতে আমাদের ক্ষমতা ছিল না। কিন্তু তাঁহাদের জমীদারীর অন্যান্য প্রত্যেক ক্ষেত্রে গবর্ণমেণ্টের যে স্বত্ব ছিল, তাঁহাদিগকে সেই স্বত্ব দিতে পারিতাম ও দিয়াছিলাম। এবং স্থায়ী বন্দোবস্তক্রমে যাহাতে অন্যের স্বামিত্ব বা দখল ছিলনা, সেই সকল ভূমিতে ও আমরা সম্পূর্ণ স্বামিত্ব প্রদান করিয়াছিলাম। এই রূপ করাতে পুরাতন চাষীমালীক ও দখলকারদের যে সকল স্বত্ব ছিল বটে ও আমরা সেই সকল স্বত্ব রক্ষা করিতে স্বীকার ও বাধ্য ও বস্তুতঃ উহা রক্ষা না করাতে আমাদের আপনা আপনি লজ্জিত হওয়া উচিত, তথাপি আমাদের ঐ ভূস্বামীর নিজ সম্পত্তি বলিয়া যে ভূমি নির্দ্দেশ করা গিয়াছে, সেই ভূমিতে তিনি যে চাষী বসাইয়াছেন সেই চাষী ও ভূস্বামী পরস্পর যে নিয়ম করিয়াছেন, সেই নিয়মভঙ্গ করিয়া আমাদের মনোযোগ অন্য নিয়ম নির্দ্দেশ করিবার নিমিত্ত তাঁহাদের যথাবস্থা হইতে আমাদের কোন স্বত্ব নাই। * * * * * আমি আইনমত ভূস্বামীকে তাঁহার সমুদয় ন্যায্য স্বত্ব দিতে চাই। আমরা যখন ভূস্বামী দিগকে সৃষ্টি করিয়াছি, তখন তাঁহারা যে কেবল রাজস্বের শতকরা কিয়দংশ পাইবার অধিকারী থাকিবেন, কখন এরূপ অভিপ্রায় থাকা সম্ভবে না। এরূপ অভিপ্রায় ছিল যে, তাঁহারা প্রকৃত ভূস্বামী হইবেন এবং যে স্থলে অন্যের পূর্ব্বস্বত্বের বিঘ্ন না হয়, সেই স্থলে তাঁহারা ভূস্বামী আছেন ও তাঁহাদের ভূস্বামী থাকাই উচিত। কিন্তু যখন অন্যের স্বত্বহরণ করিবার ক্ষমতা, অর্থাৎ আইনমত ক্ষমতা আমাদের ছিল না, তখন ঐ সকল স্বত্বের কিছুই আমরা ভূস্বামী দিগকে দিই নাই, এবং আমাদের সৃষ্ট ভূস্বামীদের বিরুদ্ধে পুরাতন ভূস্বামী দিগকে ও স্থায়ীস্বত্বভোগাধিকারীদিগকে রক্ষা করিতে বাধ্য।"

আইনঘটিত এই রূপ বিবাদীয় প্রশ্ন সম্বন্ধে হাই কোর্টের জজদের, এডবোকেট জেনরল সাহেবের ও গবর্ণমেণ্টের অন্য আইন সংক্রান্ত কর্ম্মচারীদের এবং দেশের প্রধান আইন ব্যবসায়ীদের মত জিজ্ঞাসা করিলে ভাল হইত। কিন্তু যে সকল সরকারী কাগজপত্র প্রকাশিত হইয়াছে, তাহাতে যেরূপ ক্ষিতিরীতি বিষয়ে, তদ্রূপ এই বিষয়েও বিশেষরূপ সম্বাদাভাব দেখিতে পাই। চিরস্থায়ীবন্দোবস্ত জমীদারদের একটী প্রধান দাঁড়াইবার স্থল, এবং এই বিষয়েও আইন সংক্রান্ত যে সর্ব্বোৎকৃষ্ট মত পাওয়া যাইতে পারে, সিলেক্ট কমিটীর তাহা পাওয়া নিতান্ত আবশ্যক ছিল। কিন্তু এরূপ কোন মত জিজ্ঞাসা করা হয় নাই।

পাণ্ডুলিপির ৩য় অধ্যায়।—তালুকদারদের সম্বন্ধীয় বিধি।

তালুকদারেরা রায়তি স্বার্থ হইতে স্বতন্ত্র ভূমিগত মালিকী স্বার্থের একাংশমাত্রে নিবদ্ধ। প্রকৃত তালুকদারদের জন্য এক্ষণে ব্যবস্থা করিবার আমি কোন বিশেষ প্রয়োজন দেখি না। তাঁহাদের স্বত্ব যথোচিত পরিমাণে নিশ্চিত; এবং একটি শ্রেণীস্বরূপ তাঁহারা অন্ততঃ আপনাদের স্বার্থের প্রতি দৃষ্টি রাখিতে সম্পূর্ণরূপে সক্ষম। তালুক ও পেটাও তালুক সম্বন্ধে ১৮৫৯ সালের বঙ্গীয় ৮ আইনের বিধান রীতিমত পুনঃপ্রবর্তন করণ আমি বুঝিতে পারিতাম; কিন্তু এতদ্বিষয়ে মূল ব্যবস্থার পরিবর্ত্তনের উপযুক্ত কারণ যে আছে তাহা বুঝিতে পারিতেছি না। আমার মতে সমস্ত তৃতীয় অধ্যায়টি নূতন করিয়া লেখা উচিত, ১৮৫৯ সালের ৮ আইনের বিধান অখণ্ডাকারে রাখা উচিত, এবং বঙ্গদেশের ব্যবস্থাপক সভার প্রণীত ১৮৬৯ সালের ৮ আইনের প্রাসঙ্গিক বিধান গুলি শুদ্ধ তুলিয়া লওয়া উচিত।

দখলীস্বত্ববিশিষ্ট কোন কোন রায়তকে (অর্থাৎ যাহারা কোর্ফা রিলিকরে ও যাহাদের দখলে একশত বিঘার অধিক জমা থাকে তাহাদিগকে) তালুকদারের পদে, সাক্ষাৎ বা পরম্পরাভাবে উন্নীত করায়, আমার মাননীয় সহযোগীর বিস্তারিত ব্যাখ্যামতে মূল ব্যবস্থা যতটুকু পরিবর্ত্তনের অনুযায়ী অত শুদ্ধ বৃদ্ধি হইয়াছে।

পাণ্ডুলিপির ৪র্থ অধ্যায়।—যে রায়তেরা অবধারিত হারে ভূমি ভোগ করে তাহাদের সম্বন্ধীয় বিধি।

ভূমির উপর গবর্ণমেণ্টের নূতন কর নির্দ্ধারণ অথবা বাকী খাজানা আদায়ের সুবিধা করা ভূম্যধিকারীরা যত কেন আবশ্যক বিবেচনা করিয়া থাকুন না, এবং নিজ বঙ্গদেশে খাজানা বৃদ্ধি সম্বন্ধে অধিকতর সুবিধা করিয়া দেওয়া শ্রেণীবিশেষের ভূম্যধিকারিরা যত কেন অত্যাবশ্যক মনে করুন না, আমি বলিতে পারি বঙ্গদেশের ও বেহারের জমীদারেরা এবিষয়ে সম্পূর্ণরূপে একমত যে, প্রস্তাবিত ব্যবস্থা গ্রহণ করা অপেক্ষা তাঁহারা বরং বর্ত্তমান অসুবিধা ও কষ্ট ভোগ করিতেও সম্মত। কিন্তু যদি আইন পরিবর্ত্তন করিতে হয় তবে ইহা ন্যায্য ও বিচারসিদ্ধ যে, ১৮৫৯ সালের ১০ আইনের নূতন যে যে বিধানে উচ্চতম কর্তৃপক্ষেরা স্থির করিয়াছেন জমীদারদের অন্যায়ে ক্ষতি হইয়াছে, সেই সেই বিধান পরিবর্ত্তিত বা রহিত করা উচিত। খাজানার এরূপ হারে দশ বৎসর জোর করিলে প্রজার অনুকূলে যে অনুমান হয় তাহার উদ্দেশ্য কি সিদ্ধ হইয়াছে বলা যাইতে পারে? কারণ যে কোন প্রজার উহার প্রতি দৃষ্টি থাকে, সে গত পঁচিশ বৎসর ধরিয়া কবুলতি লিখিয়া লইতে ও তাহার রক্ষাকরণার্থ যত্ন করিতে সুযোগ পাইয়াছে। অন্য কোন কথা না থাকিলেও এরূপ হওয়াতে যত কাল একরূপ খাজানা দিলে এরূপ অনুমান হইবে সেই কাল বৃদ্ধি করিয়া দেওয়া উচিত হইত। কিন্তু এইরূপ পরিবর্ত্তন এই কারণে অসম্ভব শক্ত হইয়া উঠিয়াছে যে বর্ত্তমান আকারে এই অনুমান অনেক জমীদারের নিশ্চিত ও অনুচিত ক্ষতি হইতেছে।

১৮৫৯ সালের ১০ আইনের ৩৩ ধারা দেখ।

মাননীয় শ্রীযুক্ত রেনল্ডস সাহেব ১৮৮১ সালের ১৮ মে তারিখের আপন মন্তব্যলিপি ও যে মত লিপিবদ্ধ করিয়াছেন, মাননীয় পায় বাহাদুর তাঁহার লিখিত বিবরণে পূর্ব্বেই তৎপ্রতি মনোযোগ আকর্ষণ করিয়াছেন। রেবিনিউ বোর্ডের পদজ্যেষ্ঠ মেম্বর ও খাজানা সংক্রান্ত কমিশানের সভাপতি শ্রীযুক্ত ডাম্পিয়র সাহেবও তাঁহার ১৮৮১ সালের ১৯ মে তারিখের মন্তব্যে তদ্রূপ মত লিপিবদ্ধ করিয়াছেন, এবং যদিও মাননীয় শ্রীযুক্ত রেনল্ডস সাহেব আপন মত পরিবর্ত্তন করা উচিত বোধ করিয়াছেন, তথাপি তিনি ও ডাম্পিয়র সাহেব যে সকল যুক্তি উত্থাপন করেন, তাহার খণ্ডন হয় নাই। এই রূপ আইনমত অনুমানের প্রকৃত ফল রক্ষণাত্মক হয় নাই, সৃজনাত্মক হইয়াছে, অর্থাৎ সে "সকল স্বত্ব আছে কিন্তু যাহার প্রতিপোষণার্থ সম্পূর্ণরূপ প্রমাণ পাওয়া যাইতে পারে না, কেবল তাহাই সাব্যস্ত না করিয়া অধিকাংশ স্থলে নূতন স্বত্ব সৃষ্টি হইয়াছে" মাননীয় শ্রীযুক্ত রেনল্ডস সাহেব এই যে হেতু উত্থাপন করেন কেবল যে তাহা ধরিয়াই শ্রীযুক্ত ডাম্পিয়র সাহেব অনুমান ঘটিত ধারাটি রক্ষণের দোষ দিয়াছেন এমন নহে, তিনি সাধারণ রাজনীতি ঘটিত এই হেতুপরিবর্ত্তন করিয়াছেন যে, "বলপূর্ব্বক নীলাম দ্বারা বিরোধী বিক্রেতার নিকট হইতে কোন খরিদার কোন মহাল পাইলে অধিকাংশ স্থলেই খরিদার জমীদারী কাগজপত্র পায় না বলিয়া উক্ত অনুমান দ্বারা কার্য্যতঃ উহা নির্দ্দেশ করা হয় যে, কোন প্রজা খাজানা পরিবর্ত্তন বিনা বিশ বৎসর ভূমি ভোগ করিলে অবধারিত হারে চিরস্থায়ী দখলীস্বত্ব প্রাপ্ত হইবে।" শ্রীযুক্ত ডাম্পিয়র সাহেব সাধারণ রাজনীতি ঘটিত হেতু ধরিয়া এরূপ আর একটী যুক্তি দিয়াছেন যে "চুপ করিয়া থাকিলে আপনাদের স্বত্ব পাছে চলিয়া যায়" এই ভয়ে উক্ত বিধানহেতুক ভূম্যধিকারীদের বিশ বৎসর অন্তর খাজানা বৃদ্ধি করিবার চেষ্টা উপস্থিত করিতে হয়।

বঙ্গদেশের ভূম্যধিকারী ও প্রজা সংক্রান্ত ব্যবস্থার প্রস্তাবিত সংশোধন সম্বন্ধে বঙ্গদেশের গবর্ণমেণ্টের রিপোর্টের ২ বালামের ১৮১ ও ১৮২ পৃষ্ঠা।

বঙ্গদেশের ভূম্যধিকারী ও প্রজা সংক্রান্ত ব্যবস্থার প্রস্তাবিত সংশোধন সম্বন্ধে বঙ্গদেশের গবর্ণমেণ্টের রিপোর্টের ২ বালামের ৪৬০ পৃষ্ঠা।

পাণ্ডুলিপির ৫ম অধ্যায়।—দখলীস্বত্ববিশিষ্ট রায়তদের সম্বন্ধীয় বিধি।

এইবিষয়ের বিচার করিতে প্রবৃত্ত হইলে, প্রকৃত চাষী ও মধ্যবর্ত্তী প্রজা এই উভয়ের মধ্যে যে অসাম্য প্রভেদ আছে, ইহা আমাদের মনে রাখা আবশ্যক। যাহাতে কৃষকের সমৃদ্ধি বৃদ্ধি হয়, তাহাতে জাতীয় সমৃদ্ধির সম্ভাবনা হয়। কিন্তু চাষীকে নিষ্পীড়ন করিয়া মধ্যবর্ত্তী প্রজা যাহা আদায় করিতে পারেন, তাহারই উপর তাঁহার সমৃদ্ধি নির্ভর করে। সুতরাং মধ্যবর্ত্তী প্রজা সমাজের অনাবশ্যক অঙ্গস্বরূপ এবং তিনি থাকাতে কেবল অবস্থাগত অসুবিধা বৃদ্ধি হয়। প্রাচীন দেশাচার কিম্বা পূর্ব্ব কালের সরকারী কাগজপত্রে যে কিছু দয়া দেখান হয়, তাহা কেবল ভূমির চাষীদের প্রতি দেখান হইয়া থাকে, কিন্তু যাঁহারা কৃষকের নিমিত্ত ভূমি দখল করিয়া ক্ষুদ্র ভূস্বামী হইয়া বসেন, ও আপনাদের সীমাবদ্ধ কার্য্যক্ষেত্রে জমীদারীপ্রণালীর যত কিছু দোষ ও

অপব্যবহার সম্ভব, তৎসমুদয়ের পরিসংখ্যান দেখাইয়া থাকেন, তাঁহাদের প্রতি ঐরূপ দয়া দেখান হয় না। যদি আইনের পরিবর্তন করিতে হয়, তবে আমাদের কৃষিপ্রণালী হইতে এই শ্রেণীর লোকদিগকে তাড়াইয়া দেওয়া উচিত; কারণ "দুর্বৃত্তদের সহ্য করিতে অক্ষম, এরূপ যে সকল শ্রমশীল কৃষকদল" সৃষ্টি করিবার ইচ্ছা আছে, তাহাদের উৎপত্তি সম্বন্ধে এই শ্রেণীর লোকেরাই বহুতর প্রতিবন্ধক। কোনও বিশেষ স্থলে কোর্ফা বিলি সম্বন্ধ হইতে বিরত থাকিতে আমি সম্মত আছি, কিন্তু সেই সীমার বাহিরে আমি যাইতে চাহি না। যে সকল স্থলে কৃষিকার্য্যোপযোগী ভূমির দখল দেওয়া যায়, সেই সকল স্থলে প্রজা নিযুক্ত বা বেতনভোগী মজুরের দ্বারা প্রকৃত প্রস্তাবে ভূমির চাষ করিবেন, জমীদারী স্বত্ব এইরূপ নিয়মাধীন থাকে, আমি এইরূপ ব্যবস্থা করিতে চাই এবং বাসেন্দা রায়ত ছাড়া অন্য কাহাকেও একরারে কবুলতি দিবার অনুমতি দিতে চাহি না। আমি কমিটীতে যে সংশোধনের প্রস্তাব করি, তন্মধ্যে দুইটী এই বিষয় সম্বন্ধীয় ছিল। স্ত্রীলোকের নাবালগ প্রভৃতির বেলা সমুদয় যোত কোফা বিলি করিবার অনুমতি দান সূচক সংশোধনটী বিধিবদ্ধ হইয়াছে, কিন্তু কোন প্রকৃত বাসেন্দা কৃষককে এইরূপ ঠিকাদার করিয়া দিতে হইবে, এই মর্ম্মের অন্য সংশোধনটী গ্রাহ্য হয় নাই।

The Zemindari Settlement of Bengal নামক পুস্তকের ২ খণ্ডের ৩৫৭-৬০, ও ৮৫ পৃষ্ঠায় ইহার একটী সুন্দর উদাহরণ দৃষ্ট হইবে, তাহাতে অনেক সরকারী ও বেসরকারী লেখা উদ্ধৃত হইয়াছে।

এই কথার উত্তম প্রমাণ আছে যে কোফা বিলি করায় কৃষকের সর্ব্বনাশ হইয়াছে, এবং কৃষিসংক্রান্ত অন্যান্য ঘটিত গোলযোগ সম্বন্ধে মধ্যশ্রেণীর প্রজারা সর্ব্বাপেক্ষা দায়ী এবং যে রায়ত জমীদারের অবারিত অধীনে আছে, তাহার অবস্থা কোর্ফা বা কলায়ত রায়তের অপেক্ষা অনেক ভাল। এইরূপ অবস্থায় মধ্যশ্রেণীর রায়তের চলকে আবওয়াব ও মাতব্বরীর পদে উন্নীত করিলে, এবং কৃষক ছাড়া অন্য লোকদিগকে দখলক্রমে এই প্রকার স্বত্বে দখলীস্বত্ব লাভ করিবার সুবিধা করিয়া দিলে, বক্তব্য এতদ্ব্যতীত অনর্থক বৃদ্ধি করা হইবে মাত্র। রায়ত কোন একখণ্ড ভূমিতে দখলীস্বত্ব লাভ করিতে পারে না, এই নিমিত্ত যে জমীদার তাহাকে ইচ্ছাপূর্ব্বক একজমী হইতে অন্য জমীতে চালান করে (আমি বলি এরূপ রীতি থাকার প্রমাণ নাই), সেইরূপ জমীদারের হস্তক্ষেপ হইতে রায়তকে রক্ষা করা আবশ্যক, ইহা স্বীকার করিয়া লইয়া কমিশনর রায়তের অনুকূলে এই অনুমান সৃষ্টি করিতে চাহেন যে যেহেতু এক্ষণে তাহারা ভূমি ভোগ করিতেছে, তাহারা অবশ্যই ১২ বৎসর এ ভূমি ভোগ করিয়া থাকিবে। এইরূপ অনুমান কৃষিসংক্রান্ত লোকদের প্রকৃত অবস্থার বিরুদ্ধ। তাহার উপর জমীদারদের কোন ক্ষমতা নাই, এরূপ নানা হেতুবশতঃ ভূমির দখল দিনদিন পরিবর্ত্তন হইতেছে। এই প্রদেশে বৃহৎ নদীতীরস্থিত ভূমিখণ্ড আছে, যেখানে নিয়ত শিকস্তী ও পয়স্তী ঘটিতেছে, এই প্রদেশের সীমান্ত স্থানে সর্ব্বত্র অনাবাদি জঙ্গল কাটিয়া ভূমি কৃষিকার্য্যোপযোগী করিবার প্রক্রিয়া চলিতেছে; মধ্যস্থিত জিলা সমূহে ভূমির উপর লোক সংখ্যার চাপবশতঃ পতিত ও অনুর্ব্বর জমীর উপর চাষের আক্রমণ হইতেছে ও প্রসার হইতেছে; এরূপ বহুসংখ্যক পাইকস্ত কৃষক আছে বলিয়া প্রসিদ্ধ যাহারা কোন বিশেষ স্থানে বাঁধাবাঁধী না থাকিয়া সকল দিকে আপনাদের ভাগ্য পরীক্ষা করে। অনেকস্থলে ভূমির উৎপাদিকা শক্তি কম হওয়াতে ও অন্য উপযুক্ত ভোগ্যে পুরাতন রায়তেরা ইচ্ছাপূর্ব্বক আপনাদের যোত হস্তান্তর করে; এই সকল কথার প্রতি ভ্রূক্ষেপ না করিয়া অনুমানের উপেক্ষা করা হইয়াছে। এই সকল কথা বিবেচনা করিয়া ইহা কি বলা যাইতে পারে যে, একজন অপক্ষপাতী ও যুক্তিযুক্ত বিচারক, লোকদমার সম্ভাবিত অবস্থা সম্বন্ধে অন্য কোন প্রমাণ না পাইয়া, প্রজা অদ্য কোন ভূমি ভোগ করিতেছে কেবল ইহা হইতে (এইরূপ অনুমান করিতে তাঁহাকে বাধ্য বিবেচনা করা দূরে থাকুক,) এইরূপ অনুমান করিতে পারিতেন যে উক্ত প্রজা উক্ত সমস্ত ভূমিখণ্ড কিম্বা অন্ততঃ তাহার কিয়দংশ ১২ বৎসর দখল করিয়াছে?

সকল রায়তের দখলীস্বত্ব আছে, এই প্রস্তাবিত অনুমান সম্বন্ধে, আমি এখানে কতকটি স্থলের উল্লেখ করিব, যে স্থলে রায়তের দখলীস্বত্ব না থাকা সত্ত্বেও জমীদারের বা ঠিকাদারের পক্ষে এরূপ অনুমান খণ্ডন করা আমি প্রকৃতপক্ষে অসম্ভব বলিয়া কি বলিতে পারি।—

১ম।—যেখানে রায়তের গ্রামত্যাগের নিমিত্ত বলপূর্ব্বক নীলাম করা গেলে, সম্পত্তি ক্রয় করিয়া যে স্থলে ভূম্যধিকারী খাস দখল লইতে পারেন, সেই স্থলে মধ্যবর্ত্তীনা জমীদারের সম্পত্তি এইরূপে ক্রয় করা যায় সেই জমীদার প্রায়ই স্বীয় ক্রেতার পক্ষে হস্তান্তরের সার্টিফিকেট দিতে অস্বীকার করে। এরূপ স্থলে জমীদার কর্ত্তৃক উক্ত অনুমান খণ্ডন করিতে পারেন।

২য়।—যে স্থলে এক মহাল দুই কিম্বা অধিক পত্তনীদার বা ঠিকাদারকে বিলি করিয়া দেওয়া যায় সেই স্থলে এই মহাল বা অন্য পত্তনীর ঠিকাজমিতে রায়তের দখলীস্বত্ব কোন ক্রমে প্রমাণিত হয় না, এ অনুমান একজন পত্তনীদার বিরুদ্ধে খণ্ডন করিতে পারে।

কোন দখলীস্বত্ববিশিষ্ট রায়তের [illegible] এক বা একাধিক খণ্ড ভূমি লইলে, যে দিন তাহার [illegible] সেই দিন হইতে [illegible] এই অনুমানের [illegible] ১২ বৎসর ভূমি খাস চাষ করিতে পারিবে [illegible] বলিয়াই সে বৃহৎ ভূখণ্ড চাষ করিতে পারিবে [illegible] সে [illegible] ভূমি লইতে পারে।

আবার "মালিক" শব্দ [illegible] সম্বন্ধে [illegible] পুরুষ হইতে পারে, অপর দেশের বৃহৎ [illegible] পারে। "আর কখন [illegible] খাস [illegible] সীমা আছে ও উহাদের [illegible]

দখলীস্বত্ব হস্তান্তর করিবার ও তাহা অগ্রে ক্রয় করিবার স্বত্বের কথা।

ইহা অতি স্পষ্টরূপে জানা যাইতেছে যে, এ দেশের ভূমি সংক্রান্ত প্রাচীন ব্যবস্থাক্রমে, কোন রায়ত ও ব্যবস্থা হউক বা না হউক, তাহার পায়ত স্বার্থ বিক্রয় করিবার বা বন্ধক দিবার ক্ষমতা ছিল না। যে দেশাচারক্রমে না হইলে জমিদারীর হস্তান্তর বিরুদ্ধে দখলীস্বত্ব হস্তান্তর করা যাইতে পারে না এই কথা বলিয়া ব্যবস্থাপকেরা ও বিচারপতিরা এই বিষয় মীমাংসা করিয়াছেন। গবর্নমেণ্টের পক্ষের কথা এই বলিয়া বোধ হয় যে দেশাচার সর্ব্বত্র চলিতেছে, কিন্তু যে স্থানীয় বিবরণের দোহাই দেওয়া হয়, তাহা বাস্তবিক প্রাসঙ্গিক নহে, কারণ তাহাতে দেখান না কত স্থলে হস্তান্তর হইবার পূর্ব্বে বা পরে জমীদার সম্মতি দিয়াছেন।

* "ইহা সাধারণতঃ জানা আছে যে, রায়তেরা বন্ধক কাল দখল করিলে ভূমিতে দখলীস্বত্বপ্রাপ্ত হয় ও তাহাদিগকে উঠাইয়া দেওয়া যাইতে পারে না, কিন্তু এই স্বত্বক্রমে তাহারা ভূমি বিক্রয় করিবার বা বন্ধক দিবার ক্ষমতাপ্রাপ্ত হয় না।" শোর সাহেবের ১৭৮৯ সালের ২৮ জুনের মন্তব্যলিপি; হারিংটন সাহেবের Analysis নামক পুস্তকের ৩য় খণ্ডের ৪০৩ পৃষ্ঠা।

এপ্রকারের কোন দেশাচার এরূপ প্রচ্ছন্ন হইবে যে, সকল শ্রেণীর ও স্বার্থের সম্ভোষে জমীদারেরা ইহা বিচারালয়ে প্রমাণ করিতে কিছুমাত্র কষ্ট হওয়া উচিত নহে। আর (১ম) হস্তান্তরযোগ্যতা সর্ব্বত্র স্বীকৃত হয়, তাহার বিশেষ ও উপযুক্ত কারণ না থাকায়, এবং (২য়) যে দেশাচার প্রকৃত প্রস্তাবে প্রচলিত ও প্রবল আছে, তাহার প্রমাণ দিতে রায়তদারদের অক্ষমতা হেতুক দেওয়ানী আদালতে অধিকার সাব্যস্ত হইবার বিশেষ কোন দৃষ্টান্ত না থাকায়, সর্ব্বত্র হস্তান্তরযোগ্যতার বিধান করা অনাবশ্যক বলিয়া আমি বিবেচনা করি। এক্ষণে যেরূপ কল্পনা হইতেছে, তদনুসারে সর্ব্বত্র দখলীস্বত্ব বিস্তার করা গেলে, ভূস্বামী ও গ্রাম্য সমাজ উভয়েরই অপকার হইবে; কারণ, যে সকল শান্ত ও মৈত্রভাবাপন্ন রায়তদিগকে রাখা ভূস্বামীর স্বার্থ, আপন ভূমিতে তাহাদিগকে রাখিবার ক্ষমতা ইহা হইতে আর তাঁহার থাকিতেছে না, এবং যে মহাজনেরা ও বিরোধী জমীদারেরা রায়তদের স্বত্ব ক্রয় করিতে পারে ও তাহাদের জমীতে ভিন্নশ্রেণীর লোক বসাইয়া গ্রামে বিবাদ, আন্দোলন ও সর্ব্বনাশ উপস্থিত করিতে পারে, সেই মহাজন বা জমীদারদের দ্বারা রায়তদের উচ্ছেদ হইবার দ্বার উদ্ঘাটিত হইতেছে।

আমি বলিতে চাহি যে, এদেশের যে প্রাচীন দেশাচারক্রমে এরূপ যোক্ত হস্তান্তর করিতে পারা যাইত না তাহাতে গ্রাম্য সমাজের নির্ব্বিঘ্নতা ও মঙ্গল হইবার বিশেষরূপ সম্ভাবনা ছিল, কারণ, ঐ সমাজে যাহাদের স্বার্থ ছিল না, তাহাদের ভূমি বলপূর্ব্বক প্রবেশ করা এবং সাধারণতঃ ঐ সমাজের ও ভূস্বামীদের বিরুদ্ধ স্বার্থ স্থাপন করিয়া গ্রামের শান্তি ও সমৃদ্ধি নষ্ট করা ঐ দেশাচারবলে বহুপরিমাণে নিবারিত হইত।

দক্ষিণাপথের রায়তদের মধ্যে হস্তান্তরকরণস্বত্ব স্বীকৃত হওয়াতে যে অনিষ্টজনক ফল ফলিয়াছে; এবং যেসকল জমীদারের হাতে সাঁওতালেরা পড়ে, প্রধানতঃ তাহাদের অত্যাচারহেতুক সাঁওতালদের মধ্যে যে বিক্ষোভ ঘটে আমার মতের প্রতিপোষণার্থ আমি তাহার উল্লেখ করিতে চাই; এবং এই আইন বিধিবদ্ধ হইলে, আমার নিজ ও অন্যের জমীদারীর রায়তদিগকে মহাজন ও অন্য ভূমিব্যবসায়ীদের কবলের উপর ফেলা যে ইহার স্বাভাবিক ফল হইবে, তদ্বিষয়ে আমি আপত্তি করিতে চাই।

সত্য বটে, নূতন হস্তান্তরস্বত্বস্থাপনের ক্ষতিপূরণস্বরূপ ভূস্বামীকে অগ্রে ক্রয় করিবার স্বত্ব দিবার প্রস্তাব হইয়াছে, কিন্তু আমি জিজ্ঞাসা করিতে চাই, যাহে ভূস্বামীর নিজের আছে, তিনি কেন তাহা ক্রয় করিতে বাধ্য হইবেন? অগ্রে ক্রয় করিবার প্রস্তাবিত সীমাবদ্ধ স্বত্বে ভূস্বামীর আপাতঃ উপকার হইবে, এবং আমি প্রস্তাব করি যে, এইস্বত্ব যদি দেওয়াই হয়, তবে ভবিষ্যদধিকারক্রমে না হইয়া বর্ত্তমান স্বত্বের যে প্রত্যেক হস্তান্তর হয়, তাহাতেই এই স্বত্ব বর্ত্তাইয়া তাহা অধিকতর কার্য্যকর করা উচিত। এবং "তালুক" সম্বন্ধেও উক্ত স্বত্ব বর্ত্তাইতে পারিলে মধ্যবর্ত্তী প্রজাদের স্বার্থলোপ করিয়া একটি স্বতঃ কার্য্যকর ব্যবস্থা বিধান করা হইবে ইহাতে সকল পক্ষের বিশেষ মঙ্গল। অগ্রে ক্রয় করিবার অলীক স্বত্বাধীনে, যাহার ওই রকম নিকট বিক্রয় করিবার স্বত্ব অপেক্ষা প্রকৃতবাসেন্দা কৃষকদের নিকট স্বাধীন ভাবে বিক্রয় করার আমার নিকট উৎকৃষ্টতর বোধ হয়। কেহ অনুমান করেন যে, দখলীস্বত্ব হস্তান্তরযোগ্য হইলে বেহারের নীলকরদের উপকার হবে; কিন্তু আমি ইহাদের মধ্যে এমন অনেক লোককে জানি, যাঁহারা এই প্রস্তাবের বিরোধী, এবং বঙ্গদেশের নীলকরগণ সম্পূর্ণরূপে ইহার বিরোধী।

খাজানা মুদ্রা রূপে পরিবর্ত্তন করণ।

এই বিষয় বিবেচনা করার সময় আমি এই কথা প্রথম বলিতে ইচ্ছা করি যে আমার মতে জমীদারী শস্যরূপ খাজানা দেওয়া রীতি নহে; এবং আমার এমন বিবেচনায় নয় না যে উহা মুদ্রায় হওয়া। খাজানা দেওয়ার নিয়ম ঐসকল অঞ্চলে জমীদার বা কৃষকের উপযোগী হইবে। কিন্তু বেহারে এমন অনেক স্থান আছে যথায় মুদ্রাতেই সকলই চলিত ও টাকায় খাজানা কদাচ কখন দেখা যায়। ঐ সকল স্থানের অবস্থা বিবেচনায় এবং এই বিষয়ে যেরূপ কল্পনা হইতেছে তদ্রূপ সম্পূর্ণ পরিবর্ত্তন যদি সহসা প্রবর্ত্তিত করা যায়, তবে উহাতে সকল শ্রেণীরই বিশেষ কষ্ট হইবার সম্ভাবনা। এরূপ বিষয়ে সময়ের উপর নির্ভর করা উচিত। ক্রমোন্নতির অভিজ্ঞতায় দৃষ্ট হইতেছে যে, সভ্যতা ও সমৃদ্ধির সঙ্গে সঙ্গে উন্নতির সঙ্গে সমাজরূপে দেশ সকলের, ক্রমে ক্রমে পরিবর্ত্তিত হইয়া থাকে। অতএব হঠাৎ লপ্যরূপ একপ পরিবর্ত্তন না করিয়া ভাবি বংশের নিমিত্ত ইহা

এবিষয়ে আমার নিজের বক্তব্য কিছুই নাই। কিন্তু অন্যের ইচ্ছা যে তাহাদের জমীদারীর প্রতিনিধি স্বরূপ আমি তাঁহাদের মত প্রকাশ করি। আমার বিবেচনায় এই সকল মত নিম্নে দেওয়া গেল।

শস্যরূপে খাজানা দেওয়ার রীতিই নিঃসন্দেহ খাজানা দিবার আদিম উপায় ; এবং বেহারের অনেকাংশে উহা যে আজিও রক্ষিত হইয়াছে তাহার কারণ এই যে লোকের বর্ত্তমান অবস্থায় উহাতে সাধারণ প্রকারে সুবিধা হয় এবং সকলেই জানে এদেশের লোক পুরাণ রীতি অনুসারে কার্য্য করিতেই অধিক ভাল বাসে। আকবরের প্রধান হিন্দু রাজস্ব সচিব রাজা তোড়রমল রায়তের খাজানা মোট উৎপন্নের একতৃতীয়াংশ বলিয়া নির্দ্দেশ করেন। আরজীব বৃদ্ধি করিয়া অল্পেক করিয়া তুলেন। জমীদারেরা বিচালির মূল্য নির্দ্ধারণ অত্যন্ত দুরূহ বিবেচনা করিয়া শস্যরূপ উৎপন্নের ১৬ ষোলভাগের নয় ভাগ খাজানা অবধারিত করেন এবং বিচালির সমস্ত মূল্য রায়তকে প্রদান করেন।

যেখানে দুর্ভিক্ষাদি উপস্থিত হইলে কৃষক সম্প্রদায়ের ব্যবসায়ান্তর অবলম্বনের কোন উপায় নাই, সেখানে অজন্মার সময় উৎপন্ন যতই কম হউক না কেন উহার এক অংশ রক্ষা করাই কৃষকের পক্ষে স্পষ্টই সুবিধা। আর একদিক দেখিতে গেলে যে প্রজা এক সমান মুদ্রারূপ খাজানা দিতে বাধ্য, সময়ে সময়ে তাহার সমস্ত উৎপন্নের মূল্য ভূম্যধিকারীর অবধারিত টাকার দাবীর সমান হয় না। এইরূপ বিবেচনা করিলে দৃষ্ট হইবে যে, যে কৃষক খাজানা শস্যে দেয় সে, যে মুদ্রারূপ খাজানা দেয় তাহার অপেক্ষা দুর্ভিক্ষ সহ্য করিতে অধিক সমর্থ।

দৃষ্টান্তস্বরূপ এমন বৎসরও যাহাতে শস্য একেবারেই জন্মে নাই। ভাওলীদার আপন ভূম্যধিকারীকে সে বৎসর কিছুই দিবে না, যেহেতু তাঁহার সহিত ভাগ হয় এমন শস্যই নাই। কিন্তু শস্য উৎপন্ন হউক আর নাই হউক। মুদ্রারূপ খাজানাদাতা সম্পূর্ণ বৎসরের খাজানা দিতে বাধ্য, তাহাকে হয় যে সময়ে তাহার বাজার সম্ভ্রম অত্যন্ত কম সেই সময়ে জ্বলা সুদে টাকা ধার করিতে বাধ্য হইতে হইবে, না হয় ভূম্যধিকারী মোকদ্দমা রুজু করিলে তাহার খরচা ও সুদ দিতে হইবে। অতএব শস্যরূপে দেয় খাজানা পরিবর্ত্তনের বিধান বাঞ্ছনীয় নহে, কারণ উহাতে অজন্মা ও দুর্ভিক্ষের সময় কৃষক সম্প্রদায়কে অত্যন্ত কষ্টে ফেলিবার সম্ভাবনা।

খাজানার দাবীর সময় সাধারণতঃ ফসলের সময়ের সঙ্গে এক হওয়ায় সচরাচরও দৃষ্ট হয়, যে সকল কৃষক মুদ্রারূপে খাজানা দেয়, অনেকস্থলে, যদিও এরূপ স্থল অতিবিরল, তাহাদিগকে অতি অল্পমূল্যে শস্য ছাড়িয়া দিতে বাধ্য হইতে হয়। এরূপ সময়ে ভাওলী প্রজাকে কোন প্রকার ক্ষতি স্বীকারই করিতে হয় না।

আবার অনেক স্থলে বড় বড় চর আছে, তথায় প্রতি ফসলেই ভূমির উৎপাদিকা শক্তির বিলক্ষণ হ্রাস বৃদ্ধি হয়। এরূপ স্থলে জমীদার ও রায়ত উভয়ের পক্ষেই ভাওলী প্রথায় খাজানার বন্দোবস্ত করায় সুবিধা ও সুবিচার হয়।

আরও ভাওলী প্রথানুসারে বন্দোবস্ত জমীদার রায়তের সহিত ভাগ করায় প্রতিবৎসরই ভূমির উৎপাদিকা শক্তি, পরিমাণ, ও উৎপন্নের মূল্য বৃদ্ধির ফল পাইয়া থাকেন। যদি হ্রাস হয় তবে তাঁহার সে ক্ষতি ভাগ করিয়া লইতে হয়। এজন্য কোন পক্ষেরই বিশেষ আন্দোলনের বিশেষ কারণ থাকে না এবং জমীদারেরও খাজানা বৃদ্ধির মোকদ্দমা রুজু করিবার বিশেষ আবশ্যকতাও থাকে না।

এই পর্য্যন্ত মুদ্রারূপে পরিবর্ত্তন সম্বন্ধে গেল। এই পরিবর্ত্তন কার্য্যে পরিণত করা সম্বন্ধে রাজস্ব কর্ম্মচারীই মুদ্রারূপে দেয় খাজানা অবধারিত করার ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন, এবং পাণ্ডুলিপিতে বিধান আছে যে এরূপ বন্দোবস্তের সময় তিনি নিকটস্থ স্থানে প্রচলিত মুদ্রারূপ খাজানা দেখিয়া ও গত দশ বৎসরে জমীদার প্রকৃতপক্ষে যে খাজানা পাইয়াছেন তাহার গড় মূল্য ধরিয়া কার্য্য করিবেন। এই সকল নিয়ম অত্যন্ত আলগা, এবং আমরা সকলেই জানি যে প্রকৃত প্রস্তাবে ডিষ্ট্রিক্ট কর্ম্মচারীর মত অত্যন্ত ভ্রান্ত। আমার বিবেচনায় এরূপ অত্যন্ত প্রয়োজনীয় বিষয়ে রাজস্ব কর্ম্মচারীকে তাঁহার নিজ মতলবমত মীমাংসার উপর নির্ভর করিতে দেওয়া উচিত নহে এবং এসকল বিষয় ভূম্যধিকারী ও প্রজার ব্যক্তিগত চুক্তিও পরস্পরের সম্মতি অনুসারে হইলেই ভাল হয়। জমীদারের পক্ষসমর্থনে একথাও বলা হইয়া থাকে যে শস্যরূপে খাজানা লওয়াই জমীদারের পক্ষে লাভ, কারণ রায়তের ন্যায় তাঁহাকে ফসলের সময়েই বিক্রয় করিতে হয় না। তিনি শস্য কিছু দিন ধরিয়া রাখিয়া ফসলের সময় বাজারে না পাঠাইয়া বৎসরের যে সময়ে শস্যের মূল্য অধিক হয় এরূপ সময়েই অনেক সুবিধা করিয়া শস্য বিক্রয় করিতে পারেন। সুতরাং এরূপ খাজানার পরিবর্ত্তনে কার্য্যতঃ জমীদারের আয় কমান হইবে, আমার বোধ হয় না যে এরূপ করা গবর্ণমেণ্টের যথার্থ অভিপ্রায়।

আমার ভরসা আছে যে আমি শীঘ্রই এবিষয় সম্বন্ধে কতক গুলি ছিদ্ভিরীতি ঘটিত সংবাদ দিতে পারিব। ঐ গুলি এখনও আমি সম্পূর্ণ করিয়া উঠিতে পারি নাই। এই সম্বন্ধে আর এক কথা আছে। রায়তের স্বার্থের জন্য তাহা প্রকাশ করা উচিত, সে কথাটী এই।—যে স্থলে ভাওলীপ্রথা প্রচলিত আছে সে স্থলে জলসেচন কার্য্যের জন্য আবশ্যক ধুর বাঁধ সকল জমীদারকে নিজের খরচে রক্ষা করিতে হয়, যদিও সাক্ষাৎসম্বন্ধে রায়ত ইহার উপকার লাভ করে, তথাপি তাহাকে এসম্বন্ধে কোনরূপ খরচার দায়ী হইতে হয় না। কিন্তু যেস্থলে টাকার খাজানা দিতে হয়, সেস্থলে জমীদার যদি জলসেচনকার্য্য দ্বারা ভূমির উৎপাদিকাশক্তি বৃদ্ধি করেন, রায়তকে খাজানা বৃদ্ধি দিতে হয় এবং স্থানীয় প্রথা অনুসারে আশা করা যায় যে বর্ত্তমান ধুর বাঁধ প্রভৃতি মেরামতে রাখার খরচ জমীদারকে ও তাহাকে অংশ অনুসারে দিতে হইবে।

খাজানা বৃদ্ধি।

এই বিষয়ে ও খাজানা আদায় বিষয়ে জমীদারদিগের আরও সুবিধা করিয়া দেওয়া পরামর্শসিদ্ধ বলিয়া বিবেচনা করা হইয়াছে। বর্ত্তমান আইনে কেবল তিনটী কারণ বশতঃ আদালতের দ্বারা খাজানা বৃদ্ধি করার অনুমতি আছে। তাহার মধ্যে প্রধান কারণ এই যে, রায়তের ব্যয় বা পরিশ্রম ব্যতীত উৎপন্নের মূল্য অথবা ভূমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে। সকলে স্বীকার করিবেন যে এই সূত্র ধরিয়া বৃদ্ধি দেওয়া ন্যায্য, কিন্তু কার্য্যকালে দৃষ্ট হইয়াছে যে এরূপ "বৃদ্ধি" আদালতে প্রমাণ করা অত্যন্ত দুষ্কর, অতএব আদালত দ্বারা বৃদ্ধি এক প্রকার বন্ধই হইয়াছে। এই জন্য জমীদার দ্বারাও চুক্তি দ্বারা খাজানা বৃদ্ধি করা অপেক্ষাকৃত সহজ ও অল্পব্যয়সাধ্য বিবেচনা করেন, কিন্তু এরূপ করাও কে সকলেই সহজ বলিয়া বোধ হয় না। কারণ জমীদার দেওয়ানী আদালত দ্বারা যে বৃদ্ধি পাইতে পারেন না, তাহা দিতে রায়তেরা নিতান্ত অনিচ্ছুক।

যাহাহউক, যে অবধি গবর্ণমেণ্ট গেজেটে প্রত্যেক জিলার খাদ্য শস্যের সাপ্তাহিকমূল্যের তালিকা প্রকাশ করিতেছেন তদবধি মূল্য বৃদ্ধি জানার উত্তম উপায় হইয়া রহিয়াছে। এইজন্য আমি এই সকল মূল্যের তালিকাকে মূল্যবৃদ্ধির চূড়ান্ত প্রমাণ করার প্রস্তাবকে অতি উত্তম প্রস্তাব বলিয়া মনে করি। এবং এইরূপ করিলে জমীদার অনেকটা উপকার প্রাপ্ত হইবেন। বর্ত্তমান আইনের শব্দরচনা সাধারণতঃ রক্ষিত হয় এবং এক্ষণে খাজানা বৃদ্ধির কারণ যেরূপ নিয়মবদ্ধ করার প্রস্তাব হইয়াছে তাহা না হয় আমি এই মর্ম্মে প্রস্তাব করিতে ইচ্ছা করি।

এই পাণ্ডুলিপিতে যেরূপ কল্পনা করা হইয়াছে অনেকস্থলে তদ্ভিন্ন অন্য কারণেও ভূমির উৎকর্ষসাধন হইতে পারে। এরূপ স্থল অতি বিরল ও ব্যয়ও প্রমাণ করা দুষ্কর, কিন্তু তাই বলিয়া তাহাদের অস্তিত্ব বিষয়ে কোন বিধান না করার কোন কারণ নাই।

এই বৃদ্ধি সম্বন্ধে প্রধান শস্যের লক্ষণ, কেবলমাত্র মুখ্য খাদ্য শস্যে সীমাবদ্ধ থাকা আমার মতে উচিত নহে।

দেশের কোনরূপ শস্যের পরিবর্ত্তন হইলে জমীদারেরা তাহার উপকার লাভ করিবে, একথা সমস্ত পুরাণ আইন এক বাক্যে প্রকাশ করিয়াছে। সার জন শোর সাহেব বলিয়াছেন যে চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্বেও এইরূপ দেশাচার প্রচলিত ছিল। বর্ত্তমান সময়েও যে সকল অঞ্চলে শস্যরূপ খাজানা দেওয়া হইয়া থাকে, তথায় যে কেবল খাদ্য শস্যের উৎপন্ন নির্ণয় করা হয় এরূপ নহে, ইক্ষু, তামাক, পান এবং অন্যান্যপ্রকার শস্যও যাচাই করা হয়। অন্যান্য জিলাতেও যে সকল জমীতে খাদ্য শস্য উৎপন্ন হয় ও যে সকল জমীতে অধিক মূল্যবান শস্য উৎপন্ন হয় তাহাদের খাজানার হার সম্বন্ধে বিশেষ প্রভেদ দৃষ্ট হয়।

অতএব এই বিধানে আবার "নূতন করিয়া পুরাতন আইন ও দেশের সর্ব্ববাদিসম্মত দেশাচার পরিত্যাগ করিয়া যাওয়া হইল।"

বিধায়ীর স্থলে পুরাতন আইনে আদালতের উপর খাজানার ন্যায্য ও উপযুক্ত হার নির্দ্ধারণ করিবার যে ভার ছিল তাহার উপর আর এরূপ কিছু বেশী করিবার আবশ্যকতা দেখিতেছি না এবং খাজানাবৃদ্ধির হার সীমাবদ্ধ করিবার কোন আবশ্যকতা দেখিতে পাই না। প্রত্যেক স্থলে দেওয়ানী আদালতকে যেরূপ অনুসন্ধান লইতে হইত, তাহাতে কোন্ হার ন্যায্য ও উপযুক্ত হইবে আদালতে তাহা জানিবার বিলক্ষণ সুবিধা হইত। এই জন্য ইহার ক্ষমতা হ্রাস করার উপযুক্ত কারণ আছে বলিয়া বোধ হয় না, এবং উচ্চতর হার দেওয়া উচিত আদালতের সন্তোষজনক এই বিশ্বাস জন্মিলেও টাকায় চারিআনার উচ্চতর হার দেওয়া বন্ধ করিবার উপযুক্ত কারণ আছে বলিয়া বোধ হয় না।

দরাও খাজানাবৃদ্ধি সম্বন্ধে আমার বক্তব্য এই যে, এরূপ স্থলে কোন্ বিচারে স্বাধীনভাবে চুক্তি পরিহার করা হইল, তাহা আমি বুঝিতে অক্ষম। দরাপ বন্দোবস্ত দ্বারা খাজানা বৃদ্ধি পাওয়া জমীদারের পক্ষে সহজ ব্যাপার নহে। এরূপ স্থলে ভবিষ্যৎ বিবাদের জন্য কোনরূপ ছিদ্র থাকিবে এবং রায়ত যে চুক্তি পূর্ব্বেই স্বাক্ষর করিয়াছে করুলিয়ৎ রেজিষ্টরী করার সময় তদনুযায়ী দায়িত্ব সম্বন্ধে গোলযোগ উত্থাপনের সুযোগ পাইবে, এরূপ করা কখনই বাঞ্ছনীয় নহে।

পাণ্ডুলিপির ৯ম অধ্যায়।—এজমালী সম্পত্তির তত্ত্বাবধান।

মহিসভার উত্থাপিত আদিম পাণ্ডুলিপির অভিপ্রায় ও হেতুর বর্ণনার ২৭ দফা হইতে এবং তাহাতে উল্লিখিত উদ্ধৃত অংশ সকল হইতে আমি জানিতে পারিয়াছি যে লোকের সংস্কার জন্মিয়াছে যে এজমালী মালিকদের কার্য্যাধ্যক্ষ নিয়োগের বিধান করা বিশেষ প্রয়োজনীয় এবং ১৮২৭ সালের ৫ আইনের কিয়দংশ ১৮৭৪ সালে রহিত করায় বর্ত্তমান আইন অর্থাৎ ১৮১২ সালের ৫ আইনের ২৬ ধারা অনুসারে কার্য্য করা দুর্ঘট হইয়াছে বলিয়া এবিষয়ে আইন প্রণয়ন করা আবশ্যক হইয়াছে। পুরাণ আইনে যে স্থলে এজমালী ভূস্বামী আছে ও যেস্থলে এরূপ এজমালী ভূস্বামিদের ব্যবহারে শান্তিভঙ্গের আশঙ্কা আছে, সেস্থলে ঐ সম্পত্তির জন্য কার্য্যাধ্যক্ষ নিয়োগের ক্ষমতা গবর্ণমেণ্টকে দেওয়া আছে। এই সকল আইন ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন বিধিবদ্ধ হইবার অনেক পূর্ব্বে পাস হইয়াছিল। উক্ত কার্য্যপ্রণালীবিষয়ক আইনে শান্তিভঙ্গ গুরুতর ফৌজদারী অপরাধ বলিয়া সাব্যস্ত হইয়াছে। অতএব শান্তিভঙ্গ এককালে ফৌজদারী ও দেওয়ানী অপরাধ সাব্যস্ত করা আর আবশ্যক বলিয়া বোধ হয় নাই। এই জন্য অপ্রচলিত আইন বলিয়া ১৮৭৪ সালে এই সকল আইন রহিত করা হয়। অতএব এই সকল কার্য্যপ্রণালী পুনরুজ্জীবিত করার পূর্ব্বে, সরকারী কার্য্যকারকেরা ও অভিযোক্তাগণ প্রকৃতপক্ষে কতদূর ১৮১২ ও ১৮২৭ সালের আইনের সহায়তা গ্রহণ করিতেছেন এবং তাহার কি বা ফল হইয়াছে এবিষয় অনুসন্ধান করার বিশেষ কারণ আছে। আমি এবিষয়ে কমিটীতে একটী নির্দ্দিষ্ট প্রশ্ন করিয়াছিলাম; কিন্তু আমি এই মাত্র উত্তর পাইয়াছিলাম যে এবিষয়ে সংবাদ অনুসন্ধান করা যাইবে এবং

অদ্যাবধি এবিষয়ে আর আমি কিছুই শুনি নাই। আমার সামান্য বুদ্ধিতে এই বোধ হয় যে যখন একটা আইন অপ্রচলিত বলিয়া যথারীতি একারে রহিত করা হইল, তখন উহা পুনরুজ্জীবিত করণের প্রস্তাব করার পূর্ব্বে ইহার স্থিতিরীতি বিষয়ক সংবাদ সংগ্রহ ও প্রকাশ করা আবশ্যক। আইন বিধিবদ্ধ করার প্রস্তাবের পূর্ব্বে কেবল মাত্র অনুমান বা সাধারণ সংস্কারের উপর নির্ভর করা উচিত নহে। উত্তমরূপে প্রমাণ করা ও শ্রেণীবদ্ধ করা ঘটনাবলিই কেবল আইন প্রণয়ন ন্যায্য বলিয়া প্রতিপন্ন করিতে পারে।

আমি এই কথা না বলিয়া এবিষয় ত্যাগ করিয়া যাইতে পারিতেছি না যে, বিদ্যার ও সাম্যবাদের বহুল প্রচারের সহিত রায়তদিগের উপকারার্থ গবর্ণমেণ্টের পিতৃস্থানীয় ভাব রক্ষা করার কোন আবশ্যকতা নাই। অতএব যদি এই সকল বিধান পুনঃপ্রবর্ত্তিত করা হয়, তাহা হইলে মহাল ও তালুকের ভূস্বামিগণ এমন কি পাণ্ডুলিপির কষ্ট নূতন তালুকদারেরাও আপনাদের সমস্ত সম্পত্তির সম্পূর্ণ তত্ত্বাবধারণের তার আপীলশূন্য ভাবে জিলার জজের হস্তে সমর্পণ করিবার প্রস্তাবে নিশ্চয়ই অসন্তুষ্ট হইবেন। এরূপ স্থলে জজ সাহেবের ভুল সিদ্ধান্ত করার সম্ভাবনা কি এত অল্প যে তাঁহার সিদ্ধান্তই চূড়ান্ত হইবে? অথবা জজস্বরূপ তাঁহার অন্যান্য যে নানা মোকদ্দমার নিষ্পত্তি করিতে হয় এবং যাহাতে আইনে তাঁহার বিচার চূড়ান্ত বলিয়া স্বীকার না করিয়া হাই কোর্টে আপীলের বিধান করা হইয়াছে, তাহাতে তাঁহার আজ্ঞা দ্বারা যেরূপ অনিষ্ট হইতে পারে, এস্থলে কি তদপেক্ষা কম অনিষ্ট হইবার সম্ভাবনা আছে?

যখন এই বিষয়েই বলিতেছি তখন আমি বোধ হয় একথা বলিতে পারি যে তত্ত্বাবধারণের ব্যয় ও তত্ত্বাবধারকের ক্ষমতা সম্বন্ধে আমি কতকগুলি নিয়ম প্রস্তাব করিয়াছিলাম। আমি আরও প্রস্তাব করিয়াছিলাম যে কোন স্থলেই তত্ত্বাবধারণের খরচ মহালের মোট আয়ের শতকরা ১২ টাকার অধিক হইবে না। আমার এরূপ প্রস্তাব করিবার কারণ এই যে কোন কোন স্থলে গবর্ণমেণ্টের অধীন কোর্টঅবওয়ার্ডসের তত্ত্বাবধারণের ব্যয় মোট আয়ের শতকরা ২০ টাকার অধিক হইয়াছে।

"দেশখণ্ডে দেশখণ্ডে ভার ভিন্ন ভিন্ন। রাজশাহী ও কুচবিহারে শতকরা ১৫ টাকা হইতে (এই সকল স্থলে তত্ত্বাবধারণপ্রণালীর পুনঃ গঠনের জন্য বিশেষরূপে বলা হইয়াছে এবং সেইরূপ কার্য্যও আরম্ভ হইয়াছে) উড়িষ্যায় শতকরা ৫১ টাকা।" বঙ্গদেশের বার্ষিক বিজ্ঞাপনী ১৮৭৯-৮০ সাল, ৪৪ ও ৪৫ পৃষ্ঠা।"

সংক্ষিপ্ত আমি এই মর্ম্মে আর এক প্রস্তাব করিয়াছিলাম যে সকল বা অধিকাংশ এজমালী ভূস্বামী আবেদন না করিলে শান্তিভঙ্গকারী কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা হইবে না। আমার এরূপ প্রস্তাব করার কারণ এই যে আমি বিবেচনা করিয়াছিলাম যে এরূপ নিয়ম স্থাপিত না করিলে আমাদের নিশ্চয়ই বলা উচিত যে সমস্ত এজমালী মহাল ও যেস্থলে বাস্তবিক অংশীদারকে বিরক্ত করিবার জন্য শান্তিভঙ্গ অপরাধে ফৌজদারী মোকদ্দমা রুজু করিয়া রাখিয়া গিয়াছে সেই সকল স্থলে প্রজাগণ এজমালী কার্য্যাদি সম্পাদনের জন্য আবেদন করে। এরূপ বিষয়ে দেওয়ানী আদালত অপেক্ষা ফৌজদারী আদালত সুবিধারূপ কার্য্য করিতে পারে, কারণ শান্তিভঙ্গ নিবারণার্থ ফৌজদারী আদালতের উপর যেরূপ ক্ষমতা দেওয়া আছে তাহা দেওয়ানী আদালতের উপর এক্ষণে যেরূপ ক্ষমতা দিব স্তাবে হইতেছে তাহা অপেক্ষা অনেক অধিক পরিমাণে কার্য্যকর।

সিলেক্ট কমিটীতে আমার তৃতীয় প্রস্তাব এই ছিল যে কার্য্যাধ্যক্ষ সমস্ত এজমালী ভূস্বামীদিগের সম্মতি ব্যতিরেকে কোনমতে খাজানা কম করিবার ক্ষমতা প্রাপ্ত হইবেন না। আমার মত এই যে, গ্রামে কার্য্যাধ্যক্ষের স্বার্থ কিয়ৎকালের নিমিত্ত যে গবর্ণমেণ্ট কার্য্যকারক তাঁহার তত্ত্বাবধারণ করিবেন তাঁহার কার্য্য এত অধিক যে এবিষয়ের তত্ত্বাবধারণে মনোযোগ দিবার তাঁহার যথেষ্ট সময় থাকিবে না। সুতরাং প্রস্তাবিত পাণ্ডুলিপি অনুসারে রায়তের খাজানা কমাইয়া দিয়া জমীদারকে বাৎসরিক আয় হইতে বঞ্চিত করিবার ও উক্ত রায়তদিগের নিকট কমিশুন স্বরূপ উৎকোচ গ্রহণ করিয়া নিজ উদর পূর্ণ করিবার পক্ষে কার্য্যাধ্যক্ষের চমৎকার সুবিধা হইবে। কেবল আমার মত যে এরূপ তাহা নহে, যাঁহারা কিঞ্চিত মনঃ করিয়া এবিষয় আলোচনা করিয়াছেন, ভূমি সম্পত্তির তত্ত্বাবধারণে যাঁহাদের কিছুমাত্র অভিজ্ঞতা আছে এবং যাঁহারা এবিষয়ে রাজপুরুষদিগের মত গ্রহণ করিতে বাধ্য হন নাই, তাঁহারাও আমার সহিত একমত হইবেন। এরূপ স্থলে গবর্ণমেণ্ট কিরূপ লোকের মধ্য হইতে কার্য্যাধ্যক্ষ সংগ্রহ করিতে পারেন? এরূপ চাকরীর যেরূপ বেতন তাহাতে গবর্ণমেণ্ট যে শ্রেণী হইতে আমীন ও পুলিস ইনিস্পেক্টর নিযুক্ত করেন সেই শ্রেণীহইতেই কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিবেন। আর কে না জানে যে আমীন ও পুলিস ইনিস্পেক্টরই এদেশের একটী প্রধান বালাই? এরূপ চাকরীতে যেরূপ অল্প বেতন হইবার সম্ভাবনা, তাহাতে গবর্ণমেণ্ট কার্য্যাধ্যক্ষ করিবার জন্য উচ্চশ্রেণীর দেশীয় ভদ্রলোক পাইবেন এরূপ ভরসা একেবারেই নাই। সাধারণতঃ এজমালী ভূস্বামীদের আয় অতি অল্প; আর আজি কালি শান্তিভঙ্গ অপরাধের ফৌজদারী দণ্ড এত অধিক যে গবর্ণমেণ্ট যে কয়েকখানি মহালের জন্য এক জন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিয়া তাঁহাকে উপযুক্তরূপ অধিক পরিমাণে বেতন দিবেন এবং সর্ব্বদা বিশ্বাসী লোক নিযুক্ত হয় এরূপ বন্দোবস্ত করিতে পারিবেন, তাহা সম্ভব নহে।

কার্য্যাধ্যক্ষের ক্ষমতা ও তাঁহার সেরেস্তার খরচ সম্বন্ধে নিয়ম প্রণয়ন বিষয়ে আমি যে সকল জমীদারের সহিত পরামর্শ করিয়াছি, তাঁহারা সকলেরই মত যে এরূপ নিয়ম অত্যন্ত আবশ্যক। কিন্তু এ বিষয়ে আমি যত প্রস্তাবই করিয়াছি, সিলেক্ট কমিটীতে তাহার এই মাত্র উত্তর পাইয়াছি যে তাই কোর্টকে এসম্বন্ধে নিয়ম প্রণয়নার্থ অনুরোধ করা হইবে। কিন্তু আমরা জমীদার, আমরা বলি যে কার্য্যাধ্যক্ষের ক্ষমতা আইনসিদ্ধ থাকা উচিত নহে এবং ব্যবস্থাপকসভার স্পষ্টরূপে তাহা নির্ণয় করিয়া দেওয়া উচিত। যদি সত্য সত্যই এরূপ বিবেচনা করা

হইয়া থাকে যে হাই কোর্ট ব্যবস্থাপক সভা হইতে এবিষয়ে অধিক অভিজ্ঞ, তাহা হইলে চিরস্থায়ী বন্দোবস্তে প্রতিজ্ঞা পূর্ব্বক নিশ্চয়রূপে জমীদারদিগকে প্রদত্ত আইনসঙ্গত স্বত্ব সম্বন্ধীয় ইহা অপেক্ষা গুরুতর বিষয় সকলে হাই কোর্টের সঙ্গে মন্ত্রণা করা হয় নাই কেন ?

পাণ্ডুলিপির ১২ অধ্যায়।—স্বত্বের লিপি।

বলা হইয়াছে যে কোন কোন মহালে জমীদারেরা উপযুক্ত কাগজপত্র রাখে না। যদি এই রূপ হয়, তাহা হইলে এরূপ জমীদারীতে জরীপ ও স্বত্বের ভালরূপ লিপি আবশ্যক হইতে পারে। কিন্তু তাই বলিয়া যে সকল মহালে কাগজপত্র নির্দ্দোষ এবং যেখানে সম্পর্ক বিশিষ্ট সকল লোকেই তাহাদের যেরূপ কাগজপত্র আছে তাহাতে সন্তুষ্ট, সেখানেও কেন যে জমীদার ও প্রজাকে জরীপের হাঙ্গাম সহ্য করিতে হইবে তাহার কোন কারণ দৃষ্ট হয় না।

মাপের প্রাচীন প্রণালীমতে সকল জমীদারই নিয়মিত সময়ান্তরে তাঁহাদের মহালের মাপকরেন এবং তাঁহাদের এক প্রকার না এক প্রকারের মোটা মোটি মাপের কাগজ আছে; অনেকে আবার ইহা অপেক্ষাও অধিক করেন, ইঁহারা যে আপন মহালের কেবল মাপ করেন তাহা নহে, গবর্ণমেণ্ট মহালের যেরূপ নক্শা প্রস্তুত হয় প্রায় সেইরূপেই নক্শা প্রস্তুত করিয়া রাখেন। তাঁহাদের কাগজপত্রে রায়তের জোতের সূক্ষ্ম পরিমাণ ও ঠিক জায়গা ও জমীর গুণ ও দেয় খাজানার হার দেখাই যাইতে পারে।

অতি অল্পসংখ্যক জমীদার তাহার ইহা অপেক্ষাও অধিক করেন। তাঁহারা প্রত্যেক রায়তকে তাঁহার ক্ষেত্রের বিশেষ বিবরণ ইত্যাদি বুঝাইয়া দিয়া খাতে বহিতে তাহা লিখিয়া স্বাক্ষর করাইয়া লন। জমীদারের পক্ষে ইহা বড় সহজ ব্যাপার নহে। খাস মহালে গবর্ণমেণ্ট বন্দোবস্ত কার কারকের যেরূপ ক্ষমতা করণের ক্ষমতা আছে, তাঁহার সে ক্ষমতা নাই; সুতরাং তাঁহাকে বিস্তর ব্যয় করিতে হয় ও সুতরাং তাঁহার কষ্টের ইয়ত্তা থাকে না।

এরূপ অবস্থায় কি বলা যাইতে পারে যে, সমস্ত দেশটা জরীপ করার আবশ্যকতা আছে? অন্ততঃ যে সকল জমীদারির নির্দ্দোষ কাগজপত্র আছে তাহা পরিদর্শক আমার বিবেচনায় অব্যাহতি দেওয়া উচিত।

আমার প্রস্তাব এই যে যদি জরীপ করিতে হয় তো কেবল গ্রামে জমীদার ও রায়ত উভয়েই জরীপ করা ইচ্ছা করে এমন সব গ্রামেই উহা করা হউক। কিন্তু কি বিচারে যে যাহারা ইচ্ছা করেনা তাহাদের শিরেও জরীপের খরচা চাপান হয় আমি তাহা বুঝিতে পারিনা। জরীপে তাহাদের উপকার না হইয়া অনন্ত মামলা মোকদ্দমার উৎপত্তি হইবে।

১৮৭৬ সালে জমীদারদিগকে স্বত্ব রেজিষ্টরী করিতে বাধ্য করার জন্য আইন পাস হয়। ইহাতে যে কি পরিমাণে মোকদ্দমার উৎপত্তি হয় তাহা আমরা কলেক্টরেরা জানি। যে সকল লোকের কিছুমাত্র স্বত্ব ছিল না তাহারা ও কোন না কোন রূপ স্বত্ব সাব্যস্ত করাইবার জন্য অগ্রসর হইল, তাহার ফল এই হইয়াছে যে যদিও এই আইন পাস হওয়ার পর আট বৎসর অতীত হইয়া গিয়াছে, তথাপি অনেক মোকদ্দমার এখনও নিষ্পত্তি হয় নাই। এমন অনেক জমীদার আছেন যাঁহাদের সম্পূর্ণ সহজে সম্ভব উৎকৃষ্ট স্বত্ব থাকিলেও এরূপ মোকদ্দমায় দুষ্পরিহার্য্য চিন্তার উপর অনর্থক অনেক খরচপত্র করিতে হইয়াছে।

জমীদারেরা সমস্ত অধিবাসীর শত্রুরা এক জন ও নাই, তাহাদের স্বত্ব রেজিষ্টরী করিতে গিয়াই এই হইল।

যদি এত অল্পসংখ্যক লোকের স্বত্ব রেজিষ্টরী করিতে আট বৎসর কালও অল্প সময় বলিয়া গণ্য হইল, তাহাহইলে প্রজার স্বত্ব রেজিষ্টরী করিতে কি তাহার দশগুণ অধিক সময় লাগিবে না? বাঙ্গালা ও বেহারের প্রায় সমস্ত অধিবাসীই প্রজা। এবিষয়ে যেরূপ অনুসন্ধানের প্রয়োজন তাহাতে যে কতসময় লাগিবে এই সমস্ত সময় ধরিয়া মোকদ্দমা, ব্যয়, হয়রাণ ও দুশ্চিন্তায় কি সকল শ্রেণীর লোকেরই ক্ষতি হইবে না?

এই সকল কারণে আমার বোধ হয়, যে সকল গ্রামে সম্পর্কবিশিষ্টলোকে গবর্ণমেণ্টের নিকট জরীপের প্রার্থনা করে তদ্ভিন্ন অন্য গ্রামে জরীপ প্রবর্ত্তিত করা অনাবশ্যক।

জমীদারের রেজিষ্টরী।—খামার বা নিজজমী।

আমার সুযোগ্য সহযোগী রায় কৃষ্ণদাস পাল বাহাদুর তাঁহার মতভেদসংক্রান্তকালে এরূপ দক্ষতা সহকারে এই বিষয়ে লিখিয়াছেন যে তাহাতে আমার আর অধিক কিছু বলিবার আবশ্যকতা নাই। আমি কেবলমাত্র বলিব যে এবিষয়ে তাঁহার সহিত আমার মত সম্পূর্ণরূপে এক।

পাণ্ডুলিপির ১৩ অধ্যায়।—ক্রোক ও খাজানা আদায়।

চারিদিক হইতে সকলেই স্বীকার করিয়াছেন যে খাজানা আদায়ের পক্ষে এখন জমিদারদিগের যে উপায় আছে তাহা অপেক্ষা শীঘ্রকর ও সরল উপায় হওয়া আবশ্যক এবং যে স্থলে প্রজারা বদ্মায়েসী করিয়া খাজানা দেওয়া বন্ধ করে সে স্থলে বর্ত্তমান আইন সম্পূর্ণরূপে অকার্য্যকর। আর জেমস কেয়ার্ডের ন্যায় প্রধান প্রামাণিক ব্যক্তিও যে সকল মহালে "খাজানা দিব না" বলিয়া চীৎকার একবার উঠে তথায় জমীদারের বিভ্রাটের কথা স্বীকার করিয়াছেন, এমন কি বঙ্গদেশের গবর্ণমেণ্টের গত জানুয়ারী মাসের মন্তব্যলিপিতেও এরূপ এবভ্রাটের কথা স্বীকার করা হইয়াছে।

এই জন্য আমরা (জমিদারবর্গ) স্বভাবতঃই ভরসা করিয়াছিলাম যে এই উদ্দেশ্যে আমাদিগকে খাজানা আদায়ের পক্ষে অধিকতর সুবিধা করিয়া দেওয়া হইবে। কিন্তু আমরা এবিষয়ে অত্যন্ত নিরাশ হইয়াছি, এবং যদি এই পাণ্ডুলিপি এখন যে ভাবে আছে এই ভাবেই পাস হয়, তাহা হইলে এখনকার অপেক্ষা আমাদের অবস্থা

খারাপ হইয়া পড়িবে। কারণ আমাদের আইনসঙ্গত খাজানা আদায়ের সরাসরি ও ব্যয়শূন্য উপায় বিধানা করিয়া ইহা দ্বারা কার্য্যতঃ যে ক্রোক একমাত্র নিশ্চিত, সুবিচারসঙ্গত ও ব্যয়শূন্য কার্য্যপ্রণালী আমাদের এখনও আছে, তাহা রহিত করা হইতেছে।

বর্ত্তমান আইনে বিধান আছে যে রায়তের খাজানা বাকী পড়িলে জমিদার নিজের লোকের দ্বারা তাহাদে বাকী খাজানার বিবরণ লিখিয়া নোটিস জারী করিয়া শস্য ক্রোক করিতে পারেন। দেশের প্রান্তবর্ত্তী যে সকল স্থানের প্রজাবর্গের মধ্যে অনেকেই ইংরাজ রাজের অধীন নহে এবং এজন্য সহজেই ইংরাজদের দেওয়ানী আদালতের বিচারাধিপত্য অতিক্রম করিতে পারে এবং পূর্ণিয়া জিলার অন্তর্গত কুশী দিয়াড়ার মত বিস্তীর্ণ যে সকল বিস্তীর্ণ ভূখণ্ডের প্রজারা অর্দ্ধ যাযাবর অবস্থায় থাকে এবং এক ফসলের অধিক কাল এক জায়গায় বাস করে না, তথায় এই এক মাত্র প্রণালী সম্ভবপর।

এরূপস্থলে এক দিনের বিলম্বে বিস্তর হানি হয়। যদি রায়তেরা খাজানা দিতে অস্বীকার করে, তাহা হইলে শস্য পাকিবামাত্র ক্রোক করিতে হইবে এবং খাজানা না দিয়া শস্য কাটিবার উপযুক্ত সময় তাহাদিগকে দেওয়া উচিত নহে, যেহেতু ফসল কাটিয়া ফেলিবা মাত্র তাহারা চিরদিনের মত গ্রাম ত্যাগ করিয়া যায়।

যাহা হউক, এই পাণ্ডুলিপিতে প্রস্তাব হইয়াছে ভবিষ্যতে ভূম্যধিকারীগণের প্রত্যেক স্থলে দেওয়ানী আদালতে আবেদন করা আবশ্যক এবং শস্য আদালতের সহায়তা ভিন্ন ক্রোক হইবে না। ইহাতে আদালতের কর্ম্মচারীর ক্রোক করণার্থ সেইস্থানে পঁহুছিবার পূর্ব্বে রায়তকে ফসল কাটিয়া লইয়া পলায়ন করিবার যথেষ্ট সময় দেওয়া হইবে। এরূপ কার্য্যপ্রণালীতে যে জমীদারের উপর কেবল কোর্টফী ও অন্যান্য যে সকল আদালতের লোক নিয়োগ করিতেই হইবে, তাহার জন্য নূতন ও অতিরিক্ত খরচার ভার চাপান হইবে এরূপ নহে, ইহাতে আরও ফল এই হইবে যে এই যে সকল অর্দ্ধযাযাবর প্রজা শস্য কর্ত্তন হইবা মাত্র গ্রাম ত্যাগকরিয়া যায়, তাহাদের নিকট খাজানা আদায় করিবার জমীদারের কোন ক্ষমতা থাকিবে না। দেওয়ানী মোকদ্দমা করাই তাঁহার একমাত্র প্রতিকারের উপায় থাকিবে, কিন্তু যে রায়তের বিরুদ্ধে মোকদ্দমা করিতে হইবে তিনি হয়ত সে কোথায় থাকে তাহাও জানেন না এবং যদি তাহার নামে ডিক্রী পাইতে সমর্থ হন সে ডিক্রী জারী করা প্রায় অসম্ভব হইবে।

আমার বিশেষরূপে লিপিবদ্ধ করিবার কথা এই যে, অত্যন্ত আবশ্যক, বলিয়া স্বীকৃত হওয়াতে জমীদারের খাজানা আদায়ের অধিকতর সুবিধা করিয়া দেওয়াই যে পাণ্ডুলিপির একটি প্রকাশ উদ্দেশ্য, সিলেক্ট কমিটীর হাত দিয়া সেই পাণ্ডুলিপি এমন আকারে বাহির হইল যে তরূপ করা দূরে থাকুক এখনও যে কষ্ট আছে তাহা বর্দ্ধিত করা হইয়াছে এবং এখন যে একটু উপায় আছে তাহাও লোপ করা হইতেছে ইহা আমার অত্যন্ত আশ্চর্য্য বোধ হয়।

জমীদারেরাই তাহাদের অংশের গবর্ণমেণ্টের রাজস্ব প্রদানের জন্য দায়ী। তাহারা রায়তের নিকট ঐ রাজস্ব আদায় করিয়া থাকে। তাহারা যে শুদ্ধ গবর্ণমেণ্টের রাজস্ব আদায় করে এরূপ নহে। সংপ্রতি তাহাদিগকে রায়তদের নিকট হইতে রায়তের দেয় কোন কোন গবর্ণমেণ্টের কর আদায় করিতে হইতেছে, এবং যদি গবর্ণমেণ্টের রাজস্ব দিবার জন্য অবধারিত দিবসের সূর্য্যাস্তের পূর্ব্বে তাহারা গবর্ণমেণ্টের পাওনা না দিয়া থাকে, তাহা হইলে তাহারা সরাসরি নীলামের দায়ী হইবে এবং তাহাদের সম্পত্তি হইতে বিচ্যুত হইবে। অথচ গবর্ণমেণ্টকে দিতে এক দিবস অন্যথা হইলে যাহার জন্য এত গুরুতর শাস্তি অবশ্য ভোগ করিতে হইবে রায়তদের নিকট হইতে তাহা নিশ্চয় রূপে পাইবার কোন উপায় করিয়া দেওয়া হইবে না।

এক্ষণে আইনের যে অবস্থা তাহার কার্য্য প্রকৃত প্রস্তাবে এইরূপ হইতেছে; বর্ত্তমান আইনে দোষ আছে বলিয়া ভূস্বামী তাহার রায়তের নিকট হইতে আইনমত খাজানা আদায় করিতে অসমর্থ হওয়া তাঁহার নিজের কিছুমাত্র দোষ না থাকিলেও তাহার পিতৃপুরুষাগত সম্পত্তি বিক্রীত ও সে ভূমি হইতে বহিষ্কৃত হইতেপারে। অথচ আমি পূর্ব্বে দেখাইয়া দিয়াছি যে প্রস্তাবিত পাণ্ডুলিপি আইনের সেই দোষ বর্দ্ধিত করিয়া দিতেছে।

যে আইনে গবর্ণমেণ্টের রাজস্বের অতি অল্প অংশমাত্র বাকী পড়ায় বড় বড় মহাল বিক্রীত হওয়ার বিধান করিতেছে সে আইনের অবিশ্যকতা ও সুবিচার বিষয়ে আমার এক মুহূর্ত্তের জন্য ও প্রতিবাদ করিবার ইচ্ছা নাই, আমি কেবল এইমাত্র দেখাইয়া দিতে ইচ্ছাকরি যে গবর্ণমেণ্ট যখন নিজের হস্তে সরাসরি বিক্রয়ের ক্ষমতা রাখিয়া দিয়াছেন, তখন জমীদারকে রায়তের নিকট খাজানা আদায়ের জন্য সরাসরি ক্ষমতা দিতে অস্বীকার করায় জমীদারেরা গবর্ণমেণ্টের সুবিচারের অভাব হইয়াছে বলিয়া মনে করে।

নিজের মহাল অর্থাৎ খাসমহালের জন্য নিজের মত বিশেষ আইন রাখায়, গবর্ণমেণ্ট নিজেই খাজানা আদায় সম্বন্ধে দেওয়ানী আদালতের অকার্য্যকরতা স্বীকার করেন; তাহা যদি গবর্ণমেণ্টের পক্ষে এইরূপ নিয়মই প্রয়োজন হয়, তাহা হইলে নিশ্চয়ই সেইরূপ নিয়ম আমাদের পক্ষেও প্রয়োজন। আমার একান্ত ভরসা যে এবিষয়ে চূড়ান্ত নিষ্পত্তি হইবার পূর্ব্বে বিশেষ মনোযোগের সহিত এবিষয়ের পর্য্যবেক্ষণ করা কর্ত্তব্য, কারণ ইহাতে বেহারস্থ জমীদারবর্গের অধিকাংশেরই ক্ষতি হইবার সম্ভাবনা।

১৭শ অধ্যায়।—চুক্তির স্বাধীনতা।

জমীদার ও রায়তের মধ্যে চুক্তির স্বাধীনতা উঠাইয়া দিবার ও অধুনা বর্ত্তমান সমস্ত চুক্তি খণ্ডন করিয়া দিবার চেষ্টার আমি সম্পূর্ণ বিরোধী, একথা আমি বিশেষ করিয়া বলিতে ইচ্ছা করি। বর্ত্তমান চুক্তি যখন করা হয়, তখন গবর্ণমেণ্টের কথার ঠিক আছে বলিয়া চুক্তিকারীদের বিশ্বাস ছিল এবং গবর্ণমেণ্টও বিশেষরূপে এই সকল চুক্তি আইনসঙ্গত করিয়া এবিষয়ে উৎসাহ প্রদান করিয়াছিলেন।

আমি বিশেষ করিয়া বলিতে চাহি যে এই সকল চুক্তি হইতে যে অনিষ্ট উৎপন্ন হইতেছে বলা হয়, তাহার কিছুমাত্র প্রমাণ দেখান হয় নাই ; অথবা জমীদারেরা যে এইরূপ চুক্তির অবথা ব্যবহারদ্বারা অসন্দিহান কৃষককুলের ক্ষতি করিয়াছেন তাহারও কোন প্রমাণ নাই। অতএব যতক্ষণ এরূপ অনিষ্ট যে অত্যন্ত অধিক হইয়াছে, এবিষয়ে চূড়ান্ত প্রমাণ না দেওয়া হয়, ততক্ষণ পরস্পরের সম্মতি ক্রমে ও গবর্ণমেণ্টের অনুমোদন অনুসারে বর্ত্তমান যে বন্দোবস্ত ন্যায্যরূপে উৎপন্ন হইয়াছে, যেন তাহার এরূপ ভয়ানক তাঁজাচুরা করা না হয়।

জমীদার ও রায়তের মধ্যে যত চুক্তি হইয়াছে তাহার সমস্তেই রায়তের ক্ষতি হইতেছে এই সিদ্ধান্তটী ধরিয়া লইয়াই প্রস্তাবিত ব্যবস্থাপনকার্য্য আরম্ভ হইয়াছে বলিয়া বোধ হয়, কিন্তু এরূপ সিদ্ধান্ত সম্পূর্ণরূপ ভ্রমাত্মক। কারণ অনেক স্থলে চুক্তি দ্বারা স্পষ্টরূপেই রায়তের সুবিধা হয়। রায়ত জমীদারের কথামত কাজ করায় অনেক উপকার প্রাপ্ত হয়। এরূপ চুক্তিতে সম্ভবমত কোন আপত্তি থাকিতে পারে না, কিন্তু তথাপি এগুলিও বন্ধ করা হইবে।

উপসংহার কালে এই সিলেক্ট কমিটীর মীমাংসায় আমার যে বিশেষ আপত্তি আছে, তাহা আমি লিপিবদ্ধ করিতে ইচ্ছা করি ; কারণ আমার বিবেচনায় এরূপ গুরুতর বিষয়ে যাহাদ্বারা ন্যায্য সিদ্ধান্ত করিয়া উঠা যায় আমরা এরূপ উপযুক্ত উপকরণ পাই নাই।

যে সকল কারণের কথা বলা হইল, যাহার জন্য কেবল যে গবর্ণমেণ্টের প্রতিজ্ঞা ভঙ্গ ও ভূস্বামিত্বের হানি করণরূপ উৎকট উপায় অবলম্বন করাই আবশ্যক তাহা নহে, যাহার জন্য এমন এক অসম্পূর্ণ আইনের অবতারণা করা হইল যে গবর্ণমেণ্টের আইনের সভ্যগণ উহা উত্থাপিত করার সময় নিজেই স্বীকার করিলেন যে ইহাতে যে বহুমান কৃষক শ্রেণীর উপকারার্থে বিশেষ করিয়া এই আইন পাস করা হইবে তাহাদের লোপ হইবার এবং কয়েক বৎসরের মধ্যে কোন আইন দ্বারা রক্ষিত নহে এরূপ এক নূতন কৃষক সম্প্রদায়ের উৎপত্তি হইবার ও আবার তৎকালীন ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের এই পাণ্ডুলিপি দ্বারা উৎপাদিত অনিষ্ট সমূহের প্রতিকারার্থ আর এক বার সমস্ত দেশটাকে আন্দোলন ও কষ্টে নিমজ্জিত করিতে হইবার সম্ভাবনা, সেই সকল কারণের অস্তিত্ব সম্বন্ধে আমাদের নিকট পরিষ্কার প্রমাণ দেওয়া উচিত ছিল

আমি নিঃসন্দেহ সহকারে বলিতে পারি যে সদর ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধে নিয়ম ও তৎবিষয়ের সুব্যবস্থা করণার্থে পাণ্ডুলিপি আবশ্যক বলিয়া বোধ হয়, তাহা হইলে এ পাণ্ডুলিপি এরূপ ভাবে কল্পনা করিতে হইবে ও এরূপে প্রস্তুত করিতে হইবে যে তদ্বিষয়ে যে অসুবিধা উৎপন্ন না করিয়া চিরকালের মত এবিষয় মীমাংসা করিয়া দেয়

আরও আমার মত এই যে অধিকাংশ বিষয়ে প্রমাণ গ্রহণ ব্যতিরেকে সিলেক্ট কমিটীতে প্রস্তাবিত পাণ্ডুলিপি সম্বন্ধে রীতিমত বিচার করা অসম্ভব হইয়াছিল। প্রমাণ না দেওয়ায় এবং ভিন্নরীতি বিষয়ক যথার্থ সংবাদ আমাদের নিকট না দেওয়ায়, ও ঐ সকল সংবাদের পরীক্ষা না হওয়ায়, আমাদের যাবানুবাদ সন্তোষজনক হয় নাই এবং যে মীমাংসায় উপনীত হওয়া গিয়াছে তাহা উপযুক্ত প্রমাণের উপর স্থাপিত নহে।

১৮৮৫ সাল ১ আপ্রিল।

ছায়ত্তজ্ঞ।

সম্পাদকের অবতরণিকা।

যোহর।

সুবা বেহারের বর্ত্তমান ও ভবিষ্যতের সমস্ত আমিল, তায়গীরদার, ক্রোড়ী কার্য্যকারক ও নিজামগণ বিদিত হউন। সমস্ত লোক তাঁহার আজ্ঞাকারী সেই বাদশাহের আজ্ঞাক্রমে উক্ত বেহার সুবার অন্তর্গত মুঙ্গের সরকারের বরমপুর পরগনা ও ত্রিহুত সরকারের দেহাত পরগনা আনুষঙ্গিক ধনাগার রসুম প্রভৃতি স্বত্বের সহিত রাজা মধু সিংহকে দৃঢ়তর করিয়া দেওয়া গেল। রাজা মধু সিংহের জমীদারী উত্তরাধিকারসূত্রে তিনি প্রাপ্ত হওয়ায়, তাহা ঐরূপ হইয়াছে বলিয়া একাশ করা গেল। নিজামতের কারপরদাজ ও কার্য্যকারকগণ ঐ রাজাকে তাঁহার রাজভক্তি যতদিন থাকে চিরস্থায়ী জমীদার স্বীকার করে, তাঁহাকে জমীদারী স্বত্বে বজায় রাখে তাঁহার সমস্ত তহরে টাকা আদায় করিয়া দেওয়া এবং মনে তিনি রাজভক্ত ও রায়তের হিতৈষী হন তবে ইহাঁর পরামর্শ লইয়া কার্য্য করে, ইহা আবশ্যক। আরও এই মহামান্য সনন্দের অনুগামী হইয়া তাহারা ইহার আজ্ঞানুসারে ঠিক ঠিক কার্য্য করিবে এবং বহুদরাস্তর স্বীকৃত সনন্দ দাখিল করায় ভুল আহ্বান করিবে না।

অভিষেকের ৪১ বৎসরের ২৯ শাওয়াল।

ছি. সিটজপাট্রিক।
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Rai Krishna Mukhopadhyaya, M.A. and B.L.
Bengali Translator.

B 273—25-1-84—2,000

Numb. 2338 [২৩৩৮]. [REGISTERED No. 30.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 20, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ২০ মে।

CONTENTS.

	Page.
Part I.—Resolutions, Orders, and Notifications of the Government of India ...	Nil.
Part II.—Resolutions, Orders, and Notifications of the Lieut.-Governor of Bengal ...	471—491
Part III.—Acts of the Legislative Council of India	Nil.
Part IV.—Bills of the Legislative Council of India	Nil.
Part V.—Acts of the Bengal Council	5—6
Part VI.—Bills of the Bengal Council	Nil.
Part VII.—Circular Orders of the High Court and Board of Revenue	Nil.
Part VIII.—Advertisements	479—488
Supplement	Nil.

নির্ঘণ্ট।

	পৃষ্ঠা।
প্রথম খণ্ড।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	নাই।
দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	৪৭১—৪৯১
তৃতীয় খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	নাই।
চতুর্থ খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	নাই।
পঞ্চম খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	৫—৬
ষষ্ঠ খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	নাই।
সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র	নাই।
অষ্টম খণ্ড।—ইশ্‌তিহার প্রভৃতি	৪৭৯—৪৯৮
পরিশিষ্ট গবর্ণমেণ্ট গেজেট	নাই।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1997 A.

GENERAL.—*The 3rd April* 1884.—Mr. J. C. Veasey, Officiating Magistrate and Collector, Moorshedabad, is appointed to act, until further orders, in the second grade of Magistrates and Collectors, with effect from the 23rd ultimo.

The 30th April 1884.—Mr. C. A. W. Fordyce, Officiating Sub Deputy Collector, Khoorda, Pooree, is appointed to be a Special Deputy Collector under the Board of Revenue for acquiring land for the Kairbad-Roopnarainpore Railway.

Mr. Fordyce is vested with the powers of a Collector under Act X of 1870 in the Burdwan district.

Moulvie Abdool Jubber, Deputy Magistrate and Deputy Collector, Patna, is allowed leave for one month, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 10th May, or such subsequent date as he may avail himself of it.

Baboo Bunkoo Behari Buxee, Sub Deputy Collector, Pakour, Southal Pergunnahs, is allowed leave for 21 days, under section 72, chapter V of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 22nd March 1884.

The 1st May 1884.—Mr. L. J. R. Bruce, Curator of the Herbarium of the Royal Botanical Gardens, Calcutta, is appointed to have charge of the Royal Botanical Gardens, in addition to his own duties, during the absence, on leave, of Dr. G. King, or until further orders.

Mr. J. Gammie, Head Gardener of the Government Cinchona Cultivation, Darjeeling, is appointed to have charge of the Cinchona Plantation, in addition to his own duties, during the absence, on leave, of Dr. G. King, or until further orders.

Mr. B. Dé, Officiating Joint-Magistrate and Deputy Collector, Hooghly, is vested with the powers of a Collector under Act X of 1870 in that district.

Baboo Bonomali Paramanick, Temporary Sub-Deputy Collector, Satkhira, Khoolna, is allowed leave for 2 months and 15 days, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from such date as he may be relieved.

Baboo Rajoni Kanto Mookerjee is appointed to act as Sub-Deputy Collector of Satkhira in the district of Khoolna, during the absence, on leave, of Baboo Bonomali Paramanick, or until further orders.

Baboo Dwarka Nath Mookerjee, Temporary Deputy Magistrate and Deputy Collector, Mozuffurpore, on leave, is posted to the sudder station of the district of Shahabad.

Baboo Rakhal Das Haldar, Manager of the Chota Nagpore Estate, is allowed leave for two months, under section 72, chapter V of the Civil Leave Code.

The 5th May 1884.—The undermentioned officers reported their departure from India, on furlough, on the 20th April 1884:—

Mr. R. M. Waller | Mr. H. A. D. Phillips.

Baboo Shital Nath Bose, Deputy Magistrate and Deputy Collector, Balasore, is allowed leave for four days, under section 72, chapter V of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 5th February last.

Baboo Shital Nath Bose, Deputy Magistrate and Deputy Collector, Balasore, on leave, is transferred to Jessore and is posted to the sudder station of that district.

Mr. G. M. Goodricke, Deputy Collector of Calcutta and Superintendent of Excise Revenue, is allowed leave, on private affairs, for six months, under section 130, chapter X of the Civil Leave Code, with effect from the 1st instant, or such subsequent date as he may avail himself of it.

[*Government Gazette, 20th May* 1884.]

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

১৯৯৭ A নম্বর।

সাধারণ।—১৮৮৪ সাল ৩ আপ্রিল।—মুরশিদাবাদের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুক্ত জে, বি, বীলে সাহেব গত মাসের ২৩ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ৩০ আপ্রিল।—পুরীর অন্তর্গত খুর্দার একটিং সব-ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত সি, এ, ডবলিউ কর্ডাইস সাহেব কয়রাবাদ-রূপনারায়ণপুর রেলওয়ের নিমিত্ত ভূমি গ্রহণার্থে রেবিনিউ বোর্ডের আজ্ঞানীনে বিশেষ ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুক্ত কর্ডাইস সাহেব বর্দ্ধমান জিলায় ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত মৌলবী আবদুল জব্বার ১০ মে অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারা মতে এক মাসের ছুটী পাইলেন।

সাঁওতাল পরগনার অন্তর্গত পাকুড়ের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু বঙ্কবিহারী বক্সী ১৮৮৪ সালের ১১ মার্চ্চ অ জ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে একুশ দিনের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ১ মে।—ডাক্তর শ্রীযুক্ত জি, কিং সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, কলিকাতার রয়ল বটানিকাল উদ্যানের হর্টেকলচরিয়নের কিউরেটর শ্রীযুক্ত এল, সি, আর, ব্রেন সাহেব আপন কর্ম্মাতিরিক্ত রয়ল বটানিকাল উদ্যানের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

ডাক্তর শ্রীযুক্ত জি, কিং সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, দার্জ্জিলিঙ্গস্থ গবর্ণমেণ্টের সিনকোনা চাষের প্রধান গার্ডনর শ্রীযুক্ত জে, গ্যামাই সাহেব আপন কর্ম্মাতিরিক্ত সিনকোনা চাষের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

হুগলীর একটিং জাইণ্ট-মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বি, ডে সাহেব উক্ত জিলায় ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

খুলনার অন্তর্গত সাতক্ষীরার কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু বনমালী পরামাণিক অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে ছয় মাস এগার দিনের ছুটী পাইলেন।

শ্রীযুক্ত বাবু বনমালী পরামাণিকের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুক্ত বাবু রজনীকান্ত মুখোপাধ্যায় খুলনা জিলার অন্তর্গত সাতক্ষীরার সব-ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ছুটী প্রাপ্ত মজফরপুরের কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু দ্বারকানাথ মুখোপাধ্যায় শাহাবাদ জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

ছোটনাগপুর ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুক্ত বাবু রাখালদাস হালদার সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে দুই মাসের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ৫ মে।—নিম্নলিখিত কার্য্যকারকেরা নিম্নলিখিত ছুটী লইয়া ১৮৮৪ সালের ২০ আপ্রিলে ভার বর্ষ হইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।—

শ্রীযুক্ত আর, এম, ওয়াল্কর সাহেব।	শ্রীযুক্ত এচ, এ, ডি ফিলিপস সাহেব।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু শীতলনাথ বসু গত ফেব্রুয়ারি মাসের ৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে চারি দিনের ছুটী পাইলেন।

ছুটীপ্রাপ্ত বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু শীতলনাথ বসু যশোহর জিলায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

কলিকাতার ডেপুটী কালেক্টর ও আবকারী রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত জি, এম, গুড্রিক সাহেব এই মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১৩০ ধারামতে নিজ কার্য্যের নিমিত্ত ছয় মাসের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ২০ মে।]

Mr. R. C. Sterndale, Vice-Chairman of the Suburban Municipality, Calcutta, is appointed to act as a Deputy Collector in Calcutta, and as Superintendent of Excise Revenue, under section 32 of Act VII (B.C.) of 1878, in the following places, that is to say :—

(1) In the district of Calcutta ;

(2) In so much of the district of the 24-Pergunnahs as is within the jurisdiction of the Commissioner of Police, Calcutta ; and

(3) In so much of the district of Hooghly as is comprised within the limits of the Municipality of Howrah.

Mr. Sterndale is also appointed to act as a Collector of Stamp Revenue, Calcutta, under section 3 of Act I of 1879, and as a Collector under section 3 of the Bengal License Tax Act, II of 1880, in Calcutta.

Mr. Sterndale will act in the said appointments during the absence, on leave, of Mr. G. M. Goodricke, or until further orders.

The 7th May 1884.—Mr. J. Scobell Armstrong, Collector of Customs, Calcutta, is allowed leave for three months, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 21st instant.

Mr F. R. S. Collier, Officiating Joint-Magistrate and Deputy Collector, Serampore, Hooghly, is appointed to act as Collector of Customs, Calcutta, during the absence, on leave, of Mr. J. Scobell Armstrong, or until further orders.

Mr. F. A. Slack, Officiating Joint-Magistrate and Deputy Collector, Contai, Midnapore, is appointed to have charge of the Serampore sub-division of the Hooghly district, during the absence, on deputation, of Mr F. R. S. Collier, or until further orders.

Moulvie Abdul Kadir, Deputy Magistrate and Deputy Collector, Narail, Jessore, on leave, is appointed to have charge of the Contai sub-division of the Midnapore district, during the absence, on deputation, of Mr. F. A. Slack, or until further orders.

The 12th May 1884.—Baboo Upendra Chandra Mookerjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, is posted to the sudder station of the district of Burdwan.

This cancels the order of the 29th ultimo, posting Baboo Upendra Chandra Mookerjee to the sudder station of the district of Purneah.

POLICE.—*The 24th April* 1884.—Mr. C. Raban, Officiating District Superintendent of Police, Khoolna, is allowed leave for three months, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 3rd May next, or from such subsequent date as he may avail himself of it.

The 28th April 1884.—Colonel H. E. Waller, District Superintendent of Police, Durbhunga, is promoted to the first grade of District Superintendents of Police, with effect from the 27th ultimo, *vice* Colonel C. T. Hitchins, deceased.

Mr. W. W. Daly, Commandant of Frontier Police, Assam, on leave, is promoted to the second grade of District Superintendents of Police, with effect from the 27th ultimo, *vice* Colonel H. E. Waller.

Mr. D. W. Ritchie, District Superintendent of Police, Furreedpore, is promoted to the third grade of District Superintendents of Police, with effect from the 27th ultimo, *vice* Mr. W. W. Daly.

Mr. C. F. Crouch, Commandant of Frontier Police, Assam, is promoted to the fourth grade of District Superintendents of Police, with effect from the 27th ultimo, *vice* Mr. D. W. Ritchie.

Mr. W. F. Smith, Officiating District Superintendent of Police, Chittagong, is appointed to be a District Superintendent of Police of the fifth grade, with effect from the 27th ultimo, *vice* Mr. C. P. Crouch.

[*Government Gazette, 20th May* 1884.]

কলিকাতা শাশানঘর মুনিসিপালিটীর প্রতিনিধি সভাপতি শ্রীযুত আর, সি, স্টর্ণডেল সাহেব কলিকাতার ডেপুটী কালেক্টরের ও নিম্নলিখিত সকল স্থানে ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ৩২ ধারামতে আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

(১) কলিকাতা জিলায়,

(২) ২৪ পরগণা জিলার যে অংশ কলিকাতার পোলীস কমিশনরের বিচারাধিপত্যের মধ্যে আছে সেই অংশে;

(৩) হুগলী জিলার যে অংশ ছাড়া মুনিসিপালিটীর সীমার মধ্যে আছে সেই অংশে।

শ্রীযুত স্টর্ণডেল সাহেব ১৮৭৯ সালের ১ আইনের ৩ ধারামতে কলিকাতার ইষ্টাম্প রাজস্বের কালেক্টর বঙ্গ প্রদেশের লাইসেন্স সম্বন্ধীয় ১৮৮০ সালের ২ আইনের ৩ ধারামতে কলিকাতায় কালেক্টরের কর্ম্ম করিতেও নিযুক্ত হইলেন।

শ্রীযুত জি, এম গুডিভ সাহেবের ছুটী ব্যবহার অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত স্টর্ণডেল সাহেব ঐ সময়ের কর্ম্ম করিবেন।

১৮৮৪ সাল ৭ মে।—কলিকাতার কষ্টমের কালেক্টর শ্রীযুত জে, ষ্টো বল আর্ম্মষ্ট্রং সাহেব সিবিল কার্য্যকারকের ছুটী বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে এই মাসের ১১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত জে, ষ্টোবল আর্ম্মষ্ট্রং সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, হুগলী ও অধুনা সীরামপুর এ পদটী জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, আর, এস, কলিবর সাহেব কলিকাতার কষ্টমের কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এফ, আর, এস, কলিবর সাহেবের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মেদনীপুরের অধুনা একটী জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, এ, স্মুক সাহেব হুগলী জিলার অন্তর্গত শ্রীরামপুর মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এফ, এ, স্মুক সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, হাওড়ার ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেটের ছুটীপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল কাদের মেদিনীপুর জিলার অন্তর্গত কাঁথি মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৮২ সাল ১২ মে।—এতদ্বারা ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় বর্দ্ধমান জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়কে পূর্ণিয়া জিলার সদর মোকামে অবস্থাপিত করণ বিষয়ক গত মাসের ২৯ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

পোলীস বিষয়ক।—১৮৮৪ সাল ২২ আপ্রিল।—খুলনার পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, বেরাল সাহেব আগামি মে মাসের ৩ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীবিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৮২ সাল ২৬ আপ্রিল।—কর্ণেল সি, টি, হিচিন্স সাহেবের মৃত্যু হওয়াতে দ্বারভঙ্গা পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট কর্ণেল আর্থর এস ই, ওয়াকর সাহেব গত মাসের ২৭ তারিখ অবধি পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

কর্ণেল শ্রীযুত এ, ই, ওয়াকর সাহেবের পরিবর্ত্তে ছুটীপ্রাপ্ত আসামের সীমান্ত স্থানের পোলীসের কমাণ্ডাণ্ট শ্রীযুত ডব্লিউ, জি, এলেণ্ডার সাহেব গত মাসের ২৭ তারিখ অবধি পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত ডব্লিউ, এলেণ্ডার সাহেবের পরিবর্ত্তে ফরীদপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত [illegible] গত মাসের ২৭ তারিখ অবধি পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের [illegible] শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ, সি, পীয়ার্স সাহেবের পরিবর্ত্তে আসামের সীমান্ত স্থানের পোলীসের কমাণ্ডাণ্ট শ্রীযুত সি, পি, কেচ সাহেব গত মাসের ২৭ তারিখ অবধি পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের চতুর্থ শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত সি, পি, কেচ সাহেবের পরিবর্ত্তে চট্টগ্রামের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডব্লিউ, এ, স্মিথ সাহেব গত মাসের ২৭ তারিখ অবধি পোলীসের পঞ্চম শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮২। ২০ মে।]

Mr. H. S. Schurr, Temporary Assistant Superintendent of Police, of the first grade, is confirmed in that grade, with effect from the 27th ultimo, *vice* Mr. W. F. Smith.

Mr. J. T. Rivett-Carnac, Assistant Superintendent of Police, Assam, is promoted temporarily to the first grade of Assistant Superintendents of Police, with effect from the 27th ultimo, *vice* Mr. H. S. Schurr.

Mr. J. C. Stack, Temporary Assistant Superintendent of Police of the second grade, is confirmed in that grade, with effect from the 27th ultimo, *vice* Mr. H. S. Schurr.

Mr. H. C. Clogstoun, Assistant Superintendent of Police, Mymensingh, is promoted temporarily to the second grade of Assistant Superintendents of Police, with effect from the 27th ultimo, *vice* Mr. J. C. Stack.

Registration.—*The 1st May* 1884.—Moulvie Syed Abdur Raub, Special Sub-Registrar of Jessore, on probation, is confirmed in that appointment.

Education.—*The 30th April* 1884.—Baboo Akhoy Kumar Mookerjee, Head Master of the Rungpore Zillah School, is appointed a member of, and Secretary to, the District School Committee of Rungpore, *vice* Baboo Khetter Mohun Mittra, who has left the district.

The 5th May 1884.—The following gentlemen are appointed to be members of the District School Committee of Howrah :—

Surgeon-Major J. G. Pilcher, Civil Surgeon, Howrah, *vice* Baboo Becharam Chatterjee, resigned.

Mr. S. F. Downing, Principal, Engineering College, Howrah, *vice* Mr. J. H. Reily.

The Revd. A. L. Mitchell, Chaplain, Howrah, *vice* Kumar Bejoy Kissen Roy, deceased.

Pundit Mohesh Chunder Nyayaratna, C.I.E., Principal, Sanskrit College, Calcutta, *vice* Baboo Obhoy Churn Ghose, deceased.

Baboo Bunkim Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Howrah, *vice* Baboo Raj Kissen Mookerjee, deceased.

Opium.—*The 30th April* 1884.—Mr. N. T. Ryves, Sub-Deputy Opium Agent, Hajeepore, Mozuffurpore, is allowed leave for one month, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 1st April 1884.

Mr. W. T. Ryves, Assistant Sub-Deputy Opium Agent, Chupra, is appointed to act as Sub-Deputy Opium Agent, Hajeepore, Mozuffurpore, during the absence, on leave, of Mr. N. T. Ryves, or until further orders.

The 1st May 1884.—Mr. W. L. Jones, Assistant Sub-Deputy Opium Agent, Tehta, is allowed leave for 2 months and 27 days, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 19th instant.

Medical.—*The 2nd May* 1884.—Surgeon J. Moorhead, Civil Surgeon of Mymensingh, reported his departure from India, on furlough, on the afternoon of the 18th ultimo.

The 5th May 1884.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Bandipore Dispensary, in the district of Hooghly :—

Baboo Gris Chandra Chakrabotty.
„ Bani Madhub Ghattack.
„ Gris Chundra Roy.
Baboo Mohesh Chundra Ghatak.
„ Brojonoth Mittra.
„ Khetranoth Ghose.

[*Government Gazette*, 20*th May* 1884.]

শ্রীযুত ডবালউ, এফ, স্মিথ সাহেবের পরিবর্ত্তে পোলীসের প্রথম শ্রেণীর কিয়ৎকালীন আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, এস, শর, সাহেব গত মাসের ২৭ তারিখ অবধি সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এচ, এস, শর, সাহেবের পরিবর্ত্তে আসামের পোলীসের আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, টি, রিবেট-কার্ণাক সাহেব গত মাসের ২৭ তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্তে পোলীসের আসিস্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত এচ, এস, শর, সাহেবের পরিবর্ত্তে পোলীসের দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, সি, ষ্টাক্ সাহেব গত মাসের ২৭ তারিখ অবধি সেই শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, সি, ষ্টাক্ সাহেবের পরিবর্ত্তে ময়মনসিংহের পোলীসের আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ সি, ক্লপস্টন সাহেব গত মাসের ২৭ তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্তে পোলীসের আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৮৪ সাল ১ মে।—পরীক্ষার্থ যশোহরের বিশেষ সব-রেজিষ্টার শ্রীযুত মৌলবী সৈয়দ আব্দুর রব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

জলসেচন বিষয়ক।

১৮৮৪ সাল ২ জুন।

২২২ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বল্লীবিলের সংস্কার করণ সংক্রান্ত বিভাগকারী বাঁধ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে সাতক্ষীরা অবধি বৈকারী পর্য্যন্ত যে পথ গজালমারী ও দাঁতভাঙ্গা বিল সংযোগকারী নিম্নভূমি পার হয় তাহার উত্তরদিকে প্রায় ৬০ ফুট দীর্ঘ ও ৩২ অবধি ১০৪ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ৩।।০।/ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা খুলনা জিলার অন্তর্গত সাতক্ষীরা মহকুমার সাতক্ষীরা থানার সামিল কুশখালীগ্রাম, পূর্ব্ব সীমা কাপুণ্ডাগ্রাম, দক্ষিণসীমা খালিলগর, এবং পশ্চিম সীমা বৈকারীগ্রাম।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

স্থানীয় বন্দোবস্তাদি বিষয়ক

১৮৮৪ সাল ২ জুন।

২২৩ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ঢাকা জিলার অন্তর্গত জাহাঙ্গির নগর পরগনার ঢাকা হইতে নারায়ণগঞ্জ পথের পঞ্চম মাইলে পাগলা গ্রামে পথ ফিরাইবার জন্যে ঢাকার পথকর কমিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত পাগলা গ্রামে ন্যূনাধিক ১৪।০ কাটা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রামকৃষ্ণ মাঝি, ভগবান, সত্যবাদী পটুয়ার বাটী ও পরমার বাগান ও একমাল খাঁ সাহেবের কর্ষিত জমি ও গবর্ণমেণ্টের ইটখোলা এবং দীনবন্ধু তেওরের বাটী, দক্ষিণ সীমা পূর্ণিমের বাগান ও দীননাথ, বনবেহারী রামদাস, ঈশ্বরী বেওয়া ও গোবিন্দের বাড়ী ও একমাল খাঁ সাহেবের কর্ষিত জমি, পূর্ব্ব সীমা পাগলাপুল এবং পশ্চিম সীমা ঢাকাহইতে নারায়ণগঞ্জ পথ।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জলসেচন সম্পর্কীয়।

১৮৮৪ সাল ২ জুন।

২২৪ নম্বর।—বিজ্ঞাপন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮৩ সালের ৫ ডিসেম্বরের কলিকাতা গেজেটের প্রথম খণ্ডের ১২৩২ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৮৩ সালের ৪ ডিসেম্বরে ৪৪০ নং আজ্ঞাক্রমে চাম্পারণ জিলার অন্তর্গত গণ্ডক তীরবর্ত্তী বাঁধের ৬৫ মাইল মেরামৎ, রক্ষা ও তৎসংক্রান্ত কার্য্য সম্বন্ধে ১৮৮৩ সালের ১ আপ্রিল অবধি আরম্ভ করিয়া ১০ বৎসরে ৫৩ টাকা ব্যয় প্রস্তুত করা ইত্যাদি এক অনুমানপত্র ১৮৮১ সালের বঙ্গীয় ২ আইনের ১৩ ধারামতে প্রস্তুত করিবার আদেশ করান, এবং উক্ত ব্যয়ের অনুমানপত্রের লিখিত টাকার কথা এক সাধারণ নোটিশ সুদ্ধ স্বার্থযুক্ত ব্যক্তিদিগকে দিয়া উক্ত মোট টাকা ধার্য্য করণের বিপক্ষে তাঁহারা কোন আপত্তি করা উচিত বোধ করিলে তাহা করিতে পারেন বলিয়া এতৎ পার্শ্বলিখিত কএক তারিখের কলিকাতা গেজেটে উক্ত আইনের ৬৩ ধারার আদেশমতে ১৮৮৩ সালের ১১ ডিসেম্বরের ৪১৩ নং বিজ্ঞাপন প্রকাশ করা গেলেও, তৎ সম্বন্ধে কোন আপত্তি করা যায় নাই বলিয়া পাটনার কমিশনর সাহেব রিপোর্ট করাতে মানাবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আনুমানিক ব্যয় ঐ ২,৬০,০০০, টাকা ১৮৮৩ সালের ১ আপ্রিল অবধি আরম্ভ করিয়া ১০ দশ বৎসরে দিতে হইবে এই স্থির করিলেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ৬৪ ধারার বিধানমতে এই আজ্ঞা করিলেন যে, ১৮৮০-৮১, ১৮৮১-৮২, ও ১৮৮২-৮৩ এই তিন বৎসরে প্রকৃত খরচ করা ২৩,১১৬৸৩ পাই টাকা আনুমানিক ব্যয় ঐ ২,৬০,০০০, টাকার সঙ্গে যোগ করা যায়, উক্ত মেরামৎ, রক্ষা ও কার্য্যদ্বারা যে২ মহালের উপকার হইয়াছে সেই২ মহালের জমীদারদের, ১৮৮০ সালের ১ আপ্রিল অবধি আরম্ভ করিয়া তেইশ বৎসরে মোট ২,৮৩,১১৬৸৩ পাই টাকা দিতে হইবে।

১৮৮৩ সালের ১২, ১৯ ও ২৬ ডিসেম্বর।
১৮৮৪ সালের ২, ৯, ১৬, ২৩ ও ৩০ জানুয়ারি।
১৮৮৪ সালের ৬, ১৩, ২০ ও ২৭ ফেব্রুয়ারি।
১৮৮৪ সালের ৫ ও ১২ মার্চ্চ।

জি, এফ, ই, এস, নীল, মেজর, এম, এস, সি,
পব্লিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জোট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১০ জুন।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল, ১০ জুন।

সপ্তম খণ্ড।

রাজস্ব বিষয়ক সরক্যুলর।

১৮৮৪ সাল, মার্চ্চ মাস।

মাননীয় শ্রীযুক্ত এচ. এল. ডাম্পায়র সাহেব, সি, আই, ই।

১ নম্বর।

জিলার কর্ত্তৃপক্ষদিগকে অবগত করা যাইতেছে যে "লখকরের আদায়ের হিসাব" নামক ৫৩ নং (নূতন ৩৪ নং) ইংরেজী পাঠে "আদায় (Collections।" এই প্রধান শীর্ষকের নিম্নে দুইটী ঘর বাড়াইয়া দিয়া ঐ পাঠ পরিবর্ত্তন করা গিয়াছে। এই দুইটি ঘরের মধ্যে একটির শিরোভাগে "চালানের নম্বর" (Number of Challan) এই কথা ও আর একটির শিরোভাগে "সুদ" (interest) এই কথা লিখিত থাকিবে। এখন অবধি এই পরিবর্ত্তিত পাঠ ব্যবহার করিতে হইবে।

২। এদেশীয় ভাষায় লিখিত এই পাঠের অনেক কাগজ মৌজুদ থাকাতে আপাততঃ তাহা সংশোধিত করিয়া প্রচার করা যাইবে না, কিন্তু ঐ পাঠ ব্যবহার কালে যেং কথা সংযোগ করা আবশ্যক তাহা হাতে লিখিয়া করা গিয়াছে, কালেক্টর সাহেবদের প্রতি ইহা দেখিয়া দিবার আদেশ হইল।

২ নম্বর।

ভূমি রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ১৪ ধারার উল্লিখিত "হস্তান্তর কার্য্য" শব্দের অর্থ "এক নামের পরিবর্ত্তে অন্য নাম লিখন" এবং ইহাতে উত্তরাধিকার সূত্রে হস্তান্তর ও জীবিত ব্যক্তিদিগের মধ্যে সম্পত্তির হস্তান্তর কার্য্যও বুঝাইবে, শ্রীযুক্ত আডবোকেট জেনরল সাহেবের প্রদত্ত এই মত

গবর্ণমেণ্ট কর্ত্তৃক গ্রহীত হওয়াতে, বোর্ডের ১৮৮৭ সালের জানুয়ারি মাসের ৭ নম্বর সরক্যুলর অর্ডর এতদ্দ্বারা রহিত করা গেল। বোর্ডের বিধিপুস্তকের ১ বালামের ৫ অধ্যায়ের ৮ পরিচ্ছেদের ১ক ধারা উঠাইয়া দিতে হইবে।

৩ নম্বর।

গবর্ণমেণ্টের আদেশক্রমে নির্দ্দিষ্ট নিম্নলিখিত বিধি বোর্ডের বিধিপুস্তকের ১ বালামের ২ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ৩খ ধারায় সংযোগ করিতে হইবে।

"কিন্তু কোন কর্ম্মকারকের যতই বেতন হউক না কেন যদি তিনি সরকারী টাকা রক্ষা কি গ্রহণ করিবার ভারপ্রাপ্ত না হন, তবে প্রত্যেক আফিসের প্রধান কর্ত্তৃপক্ষ নিজ বিবেচনামতে তাঁহাকে এই বিধি হইতে মুক্তিদান করিতে পারিবেন; এবং যে কর্ম্মকারক সরকারী টাকা রক্ষা কি গ্রহণ করিবার ভারপ্রাপ্ত থাকেন, তাঁহার মাসিক বেতন ৫০৲ টাকার অনধিক হইলে তাঁহাকেও আফিসের প্রধান কর্ত্তৃপক্ষের বিবেচনামতে এই বিধি হইতে মুক্তিদান করা যাইতে পারিবে। প্রত্যেক স্থলেই গবর্ণমেণ্টের স্পষ্ট আদেশ বিনা অন্য কোন কর্ম্মকারককেই এই বিধি হইতে মুক্ত করা যাইবে না।"

৪ নম্বর।

বন্দোবস্ত কার্য্য ও খাজানা-ধার্য্য করণ সংক্রান্ত নানা বিষয়ক নিম্নলিখিত মন্তব্য ও চিঠিপত্রাদিহইতে উদ্ধৃত নিম্নলিখিত কথা রাজস্বসংক্রান্ত কর্ম্মচারীদের বিবেচনা ও উপদেশার্থ প্রচার করা যাইতেছে।—

১। পণ্টনার কমিশ্যনর সাহেবের প্রতি বোর্ডের ১৮৮৪ সালের ১৪ই ফেব্রুয়ারি তারিখের ১২৯A নম্বর পত্রহইতে উদ্ধৃত কথা।

"১৮৮৩ সালের জানুয়ারি মাসের ৭ নম্বর সরক্যুলর অর্ডরে নূতন বন্দোবস্তের সময়ে রায়তের খাজানা বৃদ্ধি করিবার যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে ও তাহাকে যে ক্রমিক বৃদ্ধির বিধান আছে, তাহা ঐ সরক্যুলর অর্ডর প্রচারিত হইবার পূর্ব্বে যে সকল খাজানা ধার্য্যকরণ কার্য্য সম্পূর্ণ হইয়া গিয়াছে তাহার প্রতি বর্ত্তাইবার অভিপ্রায় আছে কি না প্রথমেই এই প্রশ্ন উত্থাপিত হইয়াছে। এই বিষয়ে এবং যে প্রণালীতে খাজানা ধার্য্য করিতে হইবে তদ্বিষয়ক বোর্ডের কএকটি বিধির বিষয়ে আপনি যে সকল কথা জিজ্ঞাসা করিয়াছেন তৎসম্বন্ধে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারীদের ইহা মনে রাখিতে হইবে যে খাজানা ধার্য্য করণ বিষয়টি লইয়া গত তিন কি চারি বৎসর অবধি মতের পরিবর্ত্তন ঘটিয়াছে এবং এক্ষণেও ঘটিতেছে। যে কোন প্রশ্ন এক্ষণে বিচারাধীন আছে প্রজাস্বত্ববিষয়ক আইনে তাহার মীমাংসা হইলেই, শাসনসংক্রান্ত কর্ত্তৃপক্ষেরা নিশ্চয়ই রাজস্বসম্পর্কীয় কর্ম্মচারিদের উপদেশার্থ সংশোধিত কার্য্যবিধি প্রচার করিবেন। ইদানীন্তন বাদানুবাদ উপস্থিত হইবার পূর্ব্বে যে সকল বিধি প্রচারিত হইয়াছিল তাহা যে সাধারণ ভাব পরম্পরাহইতে উদ্ভূত সেই সমুদয় ভাব প্রবল থাকিবার সময়ে উক্ত বিধি যেরূপ দৃঢ়রূপে পালন করা কর্ত্তব্য ছিল এক্ষণে তদ্রূপে পালন করা অসম্ভব। কেবল মাত্র ইহাই বলা যাইতে পারে যে বর্ত্তমান অবস্থায় খাজানাধার্য্য করণ সংক্রান্ত কর্ম্মচারিদের বিশেষরূপে কৌশল, বিবেচনা ও দেশ-কাল-পাত্র-জ্ঞান অনুসারে কার্য্য করা আবশ্যক। বন্দোবস্তসংক্রান্ত সমুদয় কর্ম্মচারির এই গুণগুলি থাকা একান্ত আবশ্যক এবং ইহা প্রকাশ করিতে না পারিলে বহুসংখ্যক লীরস বিধিসত্ত্বেও বন্দোবস্ত কার্য্য সন্তোষজনকরূপে সম্পন্ন হইতে পারে না। খাজানা ও খাজানাধার্য্যকরণ বিষয়ে যাহা কিছু ঘটিতেছে তাহার প্রতিও উক্ত কর্ম্মচারীদের সাবধিত ভাবে মনোযোগ করা আবশ্যক। খাজানা ধার্য্য করণ কালে কর্ম্মচারিরা প্রচলিত কার্য্যপদ্ধতির অন্তর্গত স্থায়ী বিধি সমূহের ভাব, ইদানীন্তন বাদানুবাদের মধ্যে যে সাধারণ মূল সূত্রগুলি নির্দ্দিষ্ট আদেশ আকারে পরিণত না হইলেও স্বীকৃত হইয়াছে, তাহার সহিত যত দূর সম্ভব সামঞ্জস্য করিয়া তদনুসারে কার্য্য করিবেন, এইটিই প্রশস্ত বিধি বলিয়া নির্দ্দেশ করা যাইতে পারে।

"বোর্ড এই সুযোগে নির্দ্দেশ করিতেছেন যে, খাজানা যে স্থলে নূতন করিয়া ধার্য্য করিতে হইলে রায়তদের দেয় খাজানা বৃদ্ধি করিতে হয়, সেই স্থলে তাহা নূতন করিয়া ধার্য্য করা বিহিত কি না ইহা বিচার করিতে পারিবার নিমিত্ত, এক্ষণে তাঁহাদের নিম্নলিখিত টেবিলের লিখিত সংবাদ পাওয়া আবশ্যক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১০ জুন।]

১ টেবিল।—জমীর পরিমাণ, শ্রেণীমত হার, ও খাজানা সম্বন্ধে পূর্ব্বের শেষ বারের নিরূপিত বন্দোবস্ত ও বর্ত্তমান নূতন বন্দোবস্তের তুলনা।

ভূমির বর্ণনা ও ভূমি যেরূপ গুণ বিশিষ্ট।	পূর্ব্বের ১৮ খৃষ্টাব্দের শেষ বন্দোবস্ত।			বর্ত্তমান বন্দোবস্ত।			† বর্ত্তমান বন্দোবস্তে ভূমির পরিমাণের শত করা হিসাবে যে বৃদ্ধি বা হ্রাস দৃষ্ট হয়।	† বিঘা প্রতি বার্ষ্য খাজানার শতকরা বৃদ্ধি বা হ্রাস।
	স্থানীয় বিঘায় কি বর্গ ফীটে ১৪,৪০০ বর্গফীটে বিঘায় যত ভূমি হয়।	খাজানার হার।	যত টাকা খাজানা।	১ ঘরে লিখিত মাপে যত ভূমি হয়।	খাজানার হার।	যত টাকা খাজানা।		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
ক শ্রেণী, অর্থাৎ ধানের নিম্নভূমি।								
আওল ..								
দুয়েম ..								
সেওম ...								
ইত্যাদি, ইত্যাদি ..								
ক শ্রেণীর মোট ..		‡			§			
খ শ্রেণীর অর্থাৎ উচ্চ ভূমি।								
আওল ...								
দুয়েম ..								
সেওম ..								
ইত্যাদি ইত্যাদি ..								
খ শ্রেণীর মোট ..		‡			§			
যে সকল শ্রেণীর কৃষিযোগ্য ভূমি কর্ষিত ভূমি বলিয়া খাজানা ধার্য্য হইয়াছে তাহার সর্ব্ব শুদ্ধ মোট ॥		খাজানা			খাজানা			
যেসকল ভূমি কৃষিযোগ্য বলিয়া খাজানা ধার্য্য হইয়াছে কিন্তু চাষ হয় নাই।								
পান্থ ও তদ্রূপ ভূমি ...								
সমুদায়ে ভদ্ভাগত খাজানা ধার্য্য হওয়া সকল শ্রেণীর ভূমির সর্ব্বশুদ্ধ মোট ..								

পূর্ব্বকি বর্ত্তমান বন্দোবস্তের শ্রেণী-বিভাগে যত প্রকার ভূমি ধরা হইয়াছে ১ ঘরে তাহা লিখ। পূর্ব্বকি বর্ত্তমান বন্দোবস্তের শ্রেণীবিভাগে যে প্রকারের ভূমি ধরা হয় নাই, তাহার কোন শ্রেণীর ভূমির কথা লেখা গেলে তাহার পাশে ২, ৩, ও ৪ ঘর কিম্বা ৫, ৬, ও ৭ ঘর আবশ্যকমত ফাঁক রাখিতে হইবে।

* ২ ঘরের লিখিত ভূমির পরিমাণ কোন স্থানীয় মাপে দেওয়া গেলে, ঐ মাপের কাঠি যত বর্গ ফুটে হয় তাহার সর্ব্ব প্রথমে উল্লেখ করিতে হইবে। এই টেবিলের মধ্যে বিঘা কথার ব্যবহার হইলে ২ ঘরের উল্লিখিত কাঠি বুঝাইবে।

† যে রেখার উপর গড় মোট লিখিতে হইবে কেবল সেই রেখার উপর এই২ ঘরগুলি পূরণ করিতে হইবে।

‡ ২ ঘরের লিখিত ভূমির প্রত্যেক বিঘা প্রতি ৪ ঘরে লিখিত মোট খাজানার কত গড় পড়তা হয় তাহা এই স্থানে লিখ।

§ ৫ ঘরের লিখিত ভূমির প্রত্যেক বিঘা প্রতি ৭ ঘরের লিখিত মোট খাজানার কত গড় পড়তা হয় তাহা এই স্থানে লিখ।

॥ কর্ষিত বলিয়া কৃষিযোগ্য যত ভূমির খাজানা ধার্য্য হইয়াছে তাহার অন্য কোন শ্রেণী থাকিলে এই রেখার উপর তাহা লিখ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১০ জুন।]

২ টেবিল।—নিকটবর্ত্তী মহাল বা গ্রামে তদ্রূপ ভূমির যেরূপ খাজানার হার ধার্য্য হইয়া প্রকৃতই দেওয়া হইয়া থাকে বলিয়া নিশ্চয় করা যায়।

ভূমির বর্ণনা ও ভূমি যেরূপ গুণ বিশিষ্ট।	এই২ গ্রামে ১ টেবিলের ২ ঘরে লিখিত বিঘার তুল্য-পরিমাণের বিঘা প্রতি প্রকৃতই যে খাজানার হার দেওয়া যায়।					৩ ঘর ও তাহার পরবর্ত্তী ঘরের দোট করিয়া তাহার উপর হারের গড় লওয়া।*	বন্দোবস্তে যে হার সাধারণ হার বলিয়া গ্রহণ করিবার প্রস্তাব করা হয় কিম্বা ধার্য্য হয়।
	যে গ্রামের খাজানা নূতন করিয়া ধার্য্য হয়।	ক গ্রাম।	খ গ্রাম।	গ গ্রাম।	ইত্যাদি।		
১	২	৩	৪	৫	৬	৭	৮
ক শ্রেণী							
আউল							
দুয়েম							
ইত্যাদি							
ক শ্রেণীর সর্ব্বপ্রকার ভূমির গড় হার							
খ শ্রেণী							
আউল							
দুয়েম							
ইত্যাদি							
খ শ্রেণীর সর্ব্বপ্রকার ভূমির গড় হার							
ইত্যাদি							

*এই গড় কষিতে গেলে ২ ঘর হিসাবে ধরিতে হইবে না।

"এই টেবিলের সঙ্গে সঙ্গে এক খানি কৈফিয়তপত্র পাঠাইতে হইবে, উহাতে কোন জমীদারের হউক বা অন্য কাহারই হউক, তুলনার্থ যে গ্রাম গ্রহণ করা যায় তাহার অবস্থা; বিনা বিবাদে খাজানা দেওয়া হয় কি না; অল্পদিনের মধ্যে খাজানা বৃদ্ধি করা হইয়াছে কি না; ও এইরূপ অন্যান্য যে সকল অবস্থা দুষ্টে গ্রামে প্রচলিত খাজানা ন্যায্য বলিয়া গ্রহণ করিলে দোষ হয় কি না বুঝিতে পারা যায় তাহা বর্ণিত থাকিবে।

"যে সকল সারভূত সংবাদের জন্য রাশীকৃত রিপোর্ট ও কাগজপত্র তল্লাশ করা অনেক সময়ে আবশ্যক হয় তাহা উপরিলিখিত দুইটী টেবিলে একেবারে দৃষ্টিগোচর হয়।* বড় বড় মহালে অথবা যেখানে রায়ত ও জমীদার ধার্য্য কর দিতে অসম্মত হওয়ায় তাহার ন্যায্যতা প্রতিপাদন করা আবশ্যক হয় সেই সকল স্থলে বন্দোবস্ত সম্বন্ধীয় কার্য্যানুষ্ঠানে নিম্নলিখিত বিষয় সকল সম্বন্ধেও সংবাদ দিতে হইবে,—

* যে স্থলে এই২ টেবিলের সংক্ষিপ্ত আকারে সংবাদ দেওয়া হয় সেস্থলে রিপোর্টের দৈর্ঘ্য হ্রাস করা সম্ভব, কারণ টেবিল সকল উহাতে গ্রথিত থাকিবে।

"(১) পূর্ব্ববর্ত্তী বন্দোবস্তের সময় ও বর্ত্তমান সময়ে ভূমির উৎপাদিকাশক্তি সম্বন্ধে,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১০ জুন।]

"(২) যেসকল প্রামাণিক স্থল হইতে ভিন্ন২ প্রমাণ সংগ্রহ হইল তাহার উদ্ধার করিয়া উক্তরূপ মূল্যের তুলনা * সম্বন্ধে,

*দশ বৎসর অথবা সেইরূপ দীর্ঘকালের মূল্য ধরিয়া বিশেষরূপ পরীক্ষা করিয়া চাউলের মূল্য নিরূপণ করিতে হইবে। তাদৃশদীর্ঘ কালের গড় ধরিলেই সাধারণ বৎসর পরম্পরা ঠিক থাকিবে এরূপ গড় পাওয়া যাইবে বলিয়া প্রত্যাশা করা যাইতে পারে।

"(৩) এবং এক বিঘার উপর যে খাজানা ধার্য্য করা হয়, তাহা গড়ে সর্ব্বোচ্চ হার বলিয়া নির্দ্দিষ্ট হইতে পারে যেটি উৎপন্নের এরূপ অংশের অতিরিক্ত না হয় এই সূত্র প্রয়োগার্থ মনোনীত মাঝারি ভূমিখণ্ডের উৎপন্ন প্রধান শস্য কাটিয়া ও ওজন করিয়া প্রকৃত প্রস্তাবে সাবধানে সম্পাদিত পরীক্ষার ফল সম্বন্ধে।

"বোর্ড অবগত আছেন যে টেবিলে যে সকল সংবাদ * দিবার আদেশ হইয়াছে তাহা সকল স্থলে দেওয়া যাইতে পারে না; কিন্তু যে সকল মহালে টেবিল খাটে তাহার পুনর্বন্দোবস্তে যত দূর সম্ভব ওগুলি দিতে হইবে। বন্দোবস্তকারী কার্য্যকারকদের বিশেষ প্রয়াস ব্যতিরেকেই, বিশেষ স্থলে যে বিশেষ সংবাদ আবশ্যক, তাহার প্রাপ্তি অসম্ভব বলিয়া রিপোর্ট করিবার প্রবৃত্তি হইলে কালেক্টর ও কমিশ্যনর সাহেবেরা এরূপ প্রবৃত্তি দমনের চেষ্টা করিবেন।

*মন্তব্য।—বাস্তবিকও প্রত্যেকস্থলে উহার সমস্তটার প্রয়োজনও হয় না।

"আপনাদিগের নিকট অনুরোধ যে আপনারা পূর্ব্বোক্ত টেবিল ও মন্তব্য যে ভবিষ্যৎ বন্দোবস্তে খাটে সেই বন্দোবস্ত সম্বন্ধে উপদেশার্থে আপনাদের অধীনস্থদিগের নিকট প্রেরণ করিবেন। উপরিতন কর্ত্তৃপক্ষের নিকট যে হারের রিপোর্ট দিতে হইবে তাহাতে প্রস্তাবিত সাধারণ হার খাটাইলে যেরূপ ফল হইবে অনুমান হয়, যত দূর সম্ভব তাহার সংবাদ দিতে হইবে। প্রত্যেকস্থলে কার্য্য ধার্য্য করণকার্য্য সম্পন্ন হইয়া গেলে কার্য্যানুষ্ঠানে যেরূপ চূড়ান্ত বন্দোবস্ত হইল, তদনুসারে সংশোধিত ১ টেবিলের অঙ্ক বন্দোবস্তের শেষ রিপোর্টে ও শেষ কার্য্যানুষ্ঠানে দেওয়া যাইবে।"

২।—মাপকার্য্যের বিশেষ লিখন পাওয়ার আবশ্যকতা।

২। বন্দোবস্তে ধার্য্য করের বিরুদ্ধে প্রতিবাদ করিতে ইচ্ছা করিলে প্রজারা প্রায়ই সচরাচর এইরূপ কৌশল অবলম্বন করিয়া থাকে। আমীন যখন মাপ ও শ্রেণীবিভাগ করে তখন তাহারা তাহাতে আপত্তি করে না; এই সকল কার্য্য পরীক্ষা করিবার অভিপ্রায় প্রকাশ করিয়া যখন বন্দোবস্তকারী কার্য্যকারক মহালে উপস্থিত হন, তখন আপন আপন আপত্তি তাঁহার নিকট উপস্থিত করে না; অথবা বন্দোবস্তকারী কার্য্যকারক মহালে উপস্থিত হইবার পর যুক্তিসঙ্গত সময়ের মধ্যে কালেক্টরের নিকট নির্দ্দিষ্ট আপত্তি সম্বলিত দরখাস্ত উপস্থিত করে না। যতক্ষণ রাশীকৃত বন্দোবস্ত কার্য্যানুষ্ঠান সম্বন্ধীয় আফিসের কার্য্যশেষ না হয়, ততক্ষণ অপেক্ষা করে ও তাহার পর বহুসংখ্যক লোকের স্বাক্ষর সম্বলিত সাধারণ দরখাস্ত তত্ত্বাবধারণকারী কর্ত্তৃপক্ষদের নিকট প্রেরণ করে। তাহার মর্ম্ম এই যে মাপ ও শ্রেণী বিভাগ ভ্রমপূর্ণ এবং সম্পর্কবিশিষ্ট রায়তদের অজ্ঞাতসারে উহা সমাধা হইয়াছে। দরখাস্তে আরও অনেক আপত্তি থাকে। সকল কার্য্যই উপযুক্তরূপে করা হইয়াছে কেবল এই বিষয়েই নহে কিন্তু প্রত্যেক যোত সম্বন্ধে যাহা যাহা করা হইয়াছে তাহার বিশেষ বিবরণ বিবাদ উপস্থিত হইলে ভবিষ্যতে দেখিবার জন্য নথীতে লিপিবদ্ধ করণ বিষয়ে যদি বন্দোবস্তকারী কার্য্যকারক বিশেষরূপ সতর্ক না হন, তাহা হইলে এরূপ সাধারণ দরখাস্তের মীমাংসা করা বড় কঠিন হয়। এই বিষয়ে বোর্ড লিখিয়াছেন (ঢাকার কমিশ্যনর সাহেবের প্রতি ১৮৮৪ সালের ১৬ ফেব্রুয়ারি তারিখের ১১২ A নম্বর)।

"ইহার সম্পূর্ণ উত্তর এই হইবে যে, যে আপীলকারীরা প্রত্যেকেই (খসড়ার যে স্তম্ভে প্রত্যেক ভূমিখণ্ড বিশেষ বিশেষ শ্রেণীতে লিখিত হয় তাহা পূর্ণ হইলে পর ও সে যে সকল ভূমি ভোগ করে তৎসম্বন্ধীয় লিখন তাহাকে বুঝাইয়া দিলে পর) এরূপ লিখনের যথার্থতার চিহ্নস্বরূপ মাপের কাগজে স্বাক্ষর করিয়াছে। আমীন প্রথমতঃ যে কাগজপত্র প্রস্তুত করে তাহাতেই হউক অথবা রায়তের আপত্তিতে অথবা অন্য কারণে যদি সংশোধন হয় তদনুসারে বন্দোবস্তকারী কার্য্যকারক লিখন সংশোধন করিয়া লইলে তাহাতেই হউক স্বাক্ষর থাকিবে।

"ইহাই যতদূর সম্ভব সম্পূর্ণ উত্তর। যদি কোন রায়ত সম্বন্ধে এরূপ উত্তর না পাওয়া যায়, তাহা হইলে নিম্নলিখিতরূপ সার্টিফিকেট ভিন্ন উপায়ান্তর নাই।

"(১) কোন নির্দ্দিষ্ট দিবসে আমীনের নিকট উপস্থিত হইতে ও আপন আপন স্বার্থের দিকে দৃষ্টি রাখিতে রায়তকে আহ্বান করিয়া রীতিমত নোটিস দেওয়া হইয়াছিল।

"(২) আপীলকারি রায়ত আসিয়াছিল এবং স্বাক্ষর করিতে অস্বীকার করিয়াছিল অথবা আসিতে ত্রুটি করিয়াছিল।

"(৩) ডেপুটী কালেক্টরের উপস্থিত হইবার অভিপ্রায়েরও ঐরূপ নোটিস দেওয়া হইয়াছিল।

"(৪) আমীন যে সাধারণতঃ সমস্ত রায়তকে তাহাদের যার যতদূর সম্পর্ক তাঁহার কাগজপত্রে মাপের ও শ্রেণী বিভাগের যে লিখনাদি থাকে তাহা জানিবার উপায় করিয়া দিয়াছিলেন, ডেপুটী কালেক্টরের এবিষয়ে সন্তোষ জন্মিয়াছিল।

[গবর্ণমেণ্ট গেজেট্। ১৮৮৪। ১০ জুন।]

"(৫) তথাপি আপীলকারী রায়ত সেইস্থানে ডেপুটী কালেক্টরের নিকট আপত্তি করিতে উপস্থিত হয় নাই এবং তৎপরবর্ত্তী কোন সময়েও উপস্থিত হয় নাই; অথবা সে যদি আপত্তি করিয়া থাকে তাহার আপত্তি সম্পূর্ণরূপে বিবেচনা করা হইয়াছে।".

৩। পার্শ্ববর্ত্তী মহালে চলিত বলিয়া যে নামমাত্র হারের উল্লেখ থাকে তাহা কষ্টিমত হার বলিয়া গ্রহণ করা সম্বন্ধে সাবধান হইবার আবশ্যকতা।

৩। উৎপন্নের মূল্য তুলনা করিয়া, অথবা খরচ ও লাভের হিসাব ধরিয়া বন্দোবস্তাধীন মহালের খাজানার ন্যায্য হার নিরূপণ করা অপেক্ষা আপাততঃ ব্যক্তিগত তত্ত্বাবধারণাধীন পার্শ্ববর্ত্তী মহালের চলিত হার ধরিয়া উহা নিরূপণ করা সহজ উপায় বলিয়া বোধ হয়। কিন্তু কখনই এরূপ হইতে পারে মনে করিতে হইবে যে জমীদারেরা যে খাজানা আদায় করে তাহা খাজানা যত হওয়া উচিত তাহা অপেক্ষাও অধিক, অথবা তাহাতে আগ্রেণের সম্মতি থাকা অসম্ভব; এবং একথা ছাড়িয়া দিলেও জমীদারেরা যে জমা ওয়াসীল বাকীর কাগজ প্রদান করেন তাহাও সতর্ক ভাবে গ্রহণ করিতে হইবে। এসম্বন্ধে একজন বহুদর্শী কালেক্টর তদীয় কমিশনর সাহেবকে যে নিম্নলিখিত মন্তব্য প্রেরণ করিয়াছিলেন তাহা কার্যধ্যক্ষকারী কার্য্যকারকদের মনোযোগ সহকারে পাঠ করা উচিত।

"চিরস্থায়ী বন্দোবস্ত বিশিষ্ট মহালের জমীদারকে দেয় খাজানা খাস বন্দোবস্তাধীন মহালের খাজানার মত নহে এ কথা স্মরণ থাকা উচিত, খাস মহালের খাজানা ঠিক ঠিক সময়ে দিতে হয়, উহাতে সুজমা ও অজমা নাই। বরং অজমা না হইলে, জমীদার আবওয়াব বা সেলামী বলিয়া যে অধিক টাকা আদায় করিয়া লইতে পারেন তাহার সহিত সমুদয়ে যে টাকা আদায় করিবার সম্ভাবনা করেন জমীদারের প্রাপ্য খাজানা সাধারণতঃ সেই টাকার সমান। অজমা হইলে ভিন্ন ভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন রীতি আছে। এই জিলার কোন কোন পরগনায় স্থানীয় তদন্তের পর এরূপস্থলে খাজানা বা তাহার কিয়দংশ রেহাই দেওয়া হয়। দেশাচার অনুসারে এরূপ রেহাই পাইবার স্বত্ব আছে বলিয়া দাবী করা যাইতে পারে। অন্যান্য স্থলে খাজানা দেনা লেখা থাকে, কিন্তু কখন পুরা আদায় হয় না। কোন কোন স্থলে ২০, ৩০, এমন কি ৫০ বৎসর বাকিপাকী চিরস্থায়ী লেখাইয়া লওয়া হয়। তাহাতে প্রজাকে দায়গ্রস্ত করা হয় কিন্তু টাকা কখন পুরা আদায় হয় না। খাজানার তুলনা যদি যথার্থ কার্য্যকর করিতে হয়, তাহা হইলে যত্ন সহকারে পূর্ণ তদন্ত করিয়া বিশেষ বিবেচনা ও সতর্কতার সহিত কার্য্য করা উচিত।"

৪ —কেবলমাত্র বর্ণনাস্থলে সংক্ষেপ বাঞ্ছনীয় হইবার কথা।

৪। এই সুযোগে বোর্ড অনুরোধ করিতেছেন যে পূর্ব্বতন বন্দোবস্তের বর্ণনা সংক্ষেপ করণ বিষয়ে বর্ত্তমানে যে সকল উপদেশ আছে তাহাতে মনোযোগ দেওয়া হয়। তাঁহাদের নিকট যে ক্ষুদ্র ক্ষুদ্র মহালের বন্দোবস্তের রিপোর্ট উপস্থিত হয়, তাহাতে প্রায়ই দেখিতে পাওয়া যায় যে অনেক পৃষ্ঠা বর্ণনার পর বর্ত্তমান বন্দোবস্ত সম্বন্ধীয় দুই একটী কথা পাওয়া যায়। বহুসংখ্যক স্থলেই যত দূর সম্ভব সংক্ষেপ বিবরণ, এমন কি টেবিলরূপে পূর্ব্বতন বন্দোবস্তের মোটামোটী কথা, দিলেই যথেষ্ট হয়। বর্ত্তমান বন্দোবস্তের সহিত তুলনার জন্য অব্যবহিত পূর্ব্ববর্ত্তী বন্দোবস্তের বিশেষ বিবরণই কেবল আবশ্যক।

৫। এরূপ বিশেষস্থল অবশ্যই আছে যাহাতে যে বন্দোবস্তের কাল হইতে রহিয়াছে তৎসম্বন্ধে মহালের পূর্ব্ব ইতিহাস কার্য্যতঃ অনেক উপকারে আসিতে।

৬। কোন একটী মোকদ্দমার বিচার আরম্ভের পূর্ব্বেই একজন ডেপুটী কালেক্টরের মজীদইতে কোন উচ্চ আদালতের নজীর লইয়া যাওয়া গেল অনেক সময়ে তাহাতেই বিশেষ বিবরণের বন্দোবস্তের রিপোর্ট সম্পূর্ণ হয়। বোর্ডের পক্ষে এই সকল বিশেষ বিশেষ রিপোর্ট উপযোগিতা লাভ। যে রাশীকৃত অপ্রাসঙ্গিক বিষয়ের মধ্য হইতে যথার্থ প্রয়োজনীয় সংবাদ অন্বেষণ করিতে হইবে, উহাতে তাহারই কলেবর বৃদ্ধি করে।

মন্তব্য শ্রীযুত এচ, ব কারেরো সাহেব, সি, এস, আই।

---

৫ নম্বর।

গবর্ণমেণ্ট রথতলা ঘাটে একটী ছাড়চৌকী সংস্থাপন করিবার অনুমতি দেওয়ায় ও আর্ম্মানী ঘাটে লবণের কার্য্য বন্ধ করিবার আদেশ দেওয়ায়, লবণ বিধায়ক বিধিপুস্তকের ১৩ পৃষ্ঠায় ৩০ ধারার ৪ প্রকরণে নিম্নলিখিত পরিবর্ত্তন করিতে হইবে।

২ নম্বরের পথ উঠাইয়া দাও এবং ৩ নম্বরের রাস্তার পরিবর্ত্তে নিম্নলিখিত পরিবর্ত্তিত পথ বসাইয়া দাও—

"২। নৌকাযোগে রথতলা ছাড়চৌকী পর্য্যন্ত এবং তথাহইতে বন্দরের সৌষ্ঠব করণার্থ করিশা-নরগণের ট্রামওয়ে ও রেলযোগে।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১০ জুন।]

৬ নম্বর।

নিম্নলিখিত কএকটি বিধি বোর্ডের বিধিপুস্তকের এক বাবদের ১২ অধ্যায়ের ৫ পরিচ্ছেদের ৫ক ধারাস্বরূপ ও ১৮৮৪ সালের আবকারী বিধিপুস্তকের ৮৩ পৃষ্ঠায় ৫ পরিচ্ছেদের ৫ক ধারাস্বরূপ যোগ করিতে হইবে।—

হোটেলের কথা।

৫ক। কলিকাতায়, শাখানগরে ও হাবড়ায় হোটেল, অর্থাৎ, (৩ পরিচ্ছেদের ৩০ ধারামতে) যে বাটীতে প্রকৃতরূপে ভ্রমণকারীগণের আহারাদি ও বাসা হয় তাহা, নিম্নলিখিত বিধির উল্লিখিত প্রয়োজনমতে প্রথম বা দ্বিতীয় শ্রেণীর হইতে পারে।

প্রথম শ্রেণীর।

(১) যে বাটীতে নিম্নলিখিতমত স্থান থাকে তাহাকে প্রথম শ্রেণীর হোটেল কহে, যথা, প্রথম, এক বা তদধিক (তিনের অনধিক) সাধারণ ঘর, যাহাতে সর্ব্বসাকল্যে অন্যূন ১৮০০০ ঘন ফুট স্থান থাকে; দ্বিতীয়, অন্যূন বার ব্যক্তির শুইবার ঘর; স্নানের ঘর ভিন্ন শুইবার ঘরের স্থান প্রত্যেক ব্যক্তিকে অন্যূন ৩০০০ ঘন ফুট দিতে হইবে এবং সমস্ত শুইবার ঘরের স্থানে অন্যূন ছয়টা পাকাঘর (অর্থাৎ পাকাদেওয়ালে বেষ্টিত, পর্দ্দা প্রভৃতি দ্বারা বিভক্ত নহে) ও অন্যূন ছয়টা পাকা স্নানের ঘর থাকিবে।

দ্বিতীয় শ্রেণীর।

(২) যে বাটীতে নিম্নলিখিতমত স্থান থাকে তাহাকে দ্বিতীয় শ্রেণীর হোটেল কহে, যথা, প্রথম, এক বা তদধিক (দুইয়ের অনধিক) সাধারণ ঘর, যাহাতে সর্ব্বসাকল্যে অন্যূন ৬০০০ ঘন ফুট স্থান থাকে; দ্বিতীয়, অন্যূন বার ব্যক্তির শুইবার ঘর, স্নানের ঘর ভিন্ন শুইবার ঘরের স্থান প্রত্যেক ব্যক্তিকে অন্যূন ১০০০ ঘন ফুট দিতে হইবে এবং স্নানের ঘরের মধ্যে অন্যূন তিনটী পাকা হইবে।

(৩) (১) ও (২) বিধির উল্লিখিত সাধারণ ঘর, শুইবার ঘর ও স্নানের ঘরের স্থান (ক) বিলিয়ার্ডের ও (খ) হোটেল লাইসেন্স গ্রহীতার ও ম্যানেজারের ও তাঁদের কাহার পরিবারের ও আমলাগণের থাকিবার স্থান বাদে হইবে।

হোটেল বলিতে বার না বুঝাইবার কথা।

(৪) হোটেলের লাইসেন্স গ্রহীতা পূর্ব্বোক্ত বিধিমতে মদিরা বিক্রয় করার জন্য "বার" রাখিতে অনুমতি পাইবেন না।

হোটেলের লাইসেন্সের ফীর কথা।

(৫) এই সকল বিধিতে প্রকারান্তরের বিধান না থাকিলে, এই ধারার ৫ প্রকরণমতে প্রথম কি দ্বিতীয় শ্রেণীর হোটেলের বাৎসরিক লাইসেন্স ফী ২০০ টাকা হইবে।

বন্ধের সময় ও দেরিতে বন্ধের লাইসেন্সের কথা।

(৬) মদিরা বিক্রয় জন্য প্রথম শ্রেণীর হোটেল সূর্য্যোদয় হইতে রাত্রি ১১ ঘণ্টা পর্য্যন্ত ও দ্বিতীয় শ্রেণীর হোটেল রাত্রি ১ ঘণ্টা পর্য্যন্ত খোলা রাখা যাইতে পারিবে। হোটেল লাইসেন্স গ্রহীতা যদি ইচ্ছা করেন যে তাঁহার হোটেল উক্ত সময়ের পরেও খোলা থাকিবে, তবে মাসিক অতিরিক্ত ৫০ টাকা ফী দিলে দেরিতে বন্ধের লাইসেন্স দেওয়া যাইতে পারে, তাহাতে রবিবারে রাত্রি ১১ ঘণ্টা পর্য্যন্ত ও অন্যান্য বার রাত্রি ২টা পর্য্যন্ত হোটেল খোলা রাখিতে পারিবেন।

বার লাইসেন্সের কথা।

(৭) কোন হোটেল লাইসেন্স গ্রহীতা তাঁহার হোটেলে এক বা অধিক বার রাখিবার ইচ্ছুক হইলে [(৮) প্রকরণের বিধান স্থল ভিন্ন] প্রত্যেক বারের জন্য মাসিক ৫০ টাকা ফী দিলে এক পৃথক লাইসেন্স পাইতে পারিবেন, তাহাকে বার লাইসেন্স বলা যাইবে।

(৮) যে হোটেল লাইসেন্স গ্রহীতা বার লাইসেন্স পাইয়াছেন তিনি (৬) প্রকরণের নির্দ্দিষ্ট ফী না দিয়া রবিবারে রাত্রি ১১ ঘণ্টা পর্য্যন্ত ও অন্যান্য বারে রাত্রি ২টা পর্য্যন্ত হোটেল খোলা রাখিতে পারিবেন।

যে হোটেল লাইসেন্স গ্রহীতা দেরিতে বন্ধের লাইসেন্স পাইয়াছেন, তিনি (৭) প্রকরণের লিখিত ফী না দিয়া একটী বার তাঁহার হোটেলে রাখিতে পারিবেন।

কোন২ স্থলে অর্দ্ধেক ফী রেহাই দিবার কথা।

(৯) হোটেল লাইসেন্স গ্রহণেচ্ছুক ব্যক্তিগণ যাহাতে উত্তম বাটী গ্রহণ করেন, এজন্য যে সকল স্থলে প্রথম শ্রেণীর হোটেলের নিমিত্ত (১) ও (৩) প্রকরণের উল্লিখিত স্থানের কম স্থান না হয় এমত স্থান থাকে, সেই সকল স্থলে এই সকল বিধি অনুসারে দেয় সকল ফীর অর্দ্ধেক রেহাই দেওয়া যাইবে।

নাট্যশালাপ্রভৃতি স্থানে বার লাইসেন্সের কথা।

(১০) নাট্যশালায় ও অন্যান্য সাধারণের গতিবিধির ও আমোদের স্থানে মদিরা বিক্রয়ের জন্য প্রত্যেক বারের নিমিত্ত দৈনিক ৩ বা মাসিক ৫০ টাকা ফী দিলে বার লাইসেন্স দেওয়া যাইতে পারে। কিন্তু সাধারণ কার্য্যের সময় ভিন্ন অন্য সময়ে ঐরূপ লাইসেন্স গ্রহীতা মদিরা বিক্রয় করিতে পারিবেন না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১০ জুন।]

বিশ্রাম স্থানের কথা।

(১১) প্রথমে রেবিনিউ বোর্ডের অনুমতি লইয়া আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট যে সকল বিশ্রাম স্থানে শুইবার ঘর নাই এবং যাহা প্রকৃত পক্ষে উৎকৃষ্টরূপ বিশ্রাম স্থান, তজ্জন্য হোটেল লাইসেন্স দিতে পারেন। অন্যান্য বিষয়ে বিশ্রাম স্থান হোটেলের ন্যায় গণ্য হইবে এবং হোটেলের ন্যায় ফী দিতে হইবে। কিন্তু বিশ্রাম স্থানে বার স্থাপন বা রক্ষা করা যাইতে পারিবে না এবং বিশ্রাম স্থানের লাইসেন্স গ্রহীতা দেরিতে বন্দের লাইসেন্স পাইতে পারেন না।

বার বা বিশ্রাম স্থান কাহাকে কহে।

(১২) রেবিনিউ বোর্ডের আজ্ঞাধীনে আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট প্রত্যেক স্থলে কোন বাটীর কোন অংশ কিম্বা তদর্থে স্বতন্ত্র করিয়া রাখা কোন স্থান বার বা বিশ্রামস্থান বলিয়া গণ্য হইবে, ইহা স্থির করিবেন।

লাইসেন্স রহিত করিবার কথা।

(১৩) এই ধারামতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা পূর্ব্বোক্ত কোন বিধি লংঘন জন্য রহিত হইতে পারিবে।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

---

৭ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১ম বালামের ৩০৮ পৃষ্ঠায় ১৪ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ৫ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারা দিতে হইবে।—

যে কোন মহাল বা মহালের অংশ বিক্রীত হইয়াছে, তাহার জন্য যে টাকা ডাক হয়, উক্ত মহাল বা অংশের জন্য ভূমির বাকী রাজস্ব ও অন্যান্য গবর্ণমেণ্টের দাবী পরিশোধের পর যদি সেই টাকায় ভৌজিভুক্ত একই জমীদারদিগের অন্য যে কোন মহাল বা মহালের অংশ লাটবন্দী হইয়া বিক্রয়ার্থ বিজ্ঞাপিত হইয়াছে তদুপলক্ষে প্রাপ্য গবর্ণমেণ্টের দাবী পরিশোধ করিতে কুলায়, তাহা হইলে কালেক্টর সাহেব সেই অন্য মহাল বা অংশ নীলাম হইতে অব্যাহতি দিবেন। কিন্তু যে মহাল বা মহালের অংশ বিক্রয় হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে, যদি সমস্ত ভূস্বামীর দল একযোগে তৎসংক্রান্ত বক্রী ভূমি রাজস্ব এবং গবর্ণমেণ্টের অন্যান্য দাবী পণ ফাজিলের টাকা হইতে পরিশোধ করণার্থ কালেক্টর সাহেবকে স্পষ্টাক্ষরে ক্ষমতা দিবার নিমিত্ত লিখিয়া আবেদন করেন, তবেই কালেক্টর ওরূপ করিবেন। ১৮৫৯ সালের ১০ আইনের ৩১ ধারার শেষ কএক পংক্তিতে কালেক্টর সাহেবদিগের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। উহাতে তাঁহারা দেখিতে পাইবেন যে পণ ফাজিলের টাকার ব্যবহারার্থ ভূস্বামীরা যে ক্ষমতা অর্পণ করেন তদনুসারে অতিসত্বর কার্য্য করা একান্ত আবশ্যক হইবে, যেহেতু যতক্ষণ পণ ফাজিলের টাকা আমানত স্বরূপ থাকে তাহার মধ্যে দেওয়ানী আদালতের আদেশ প্রাপ্ত হইলে উক্ত টাকার ঐরূপ ব্যবহার বন্ধ হইয়া যাইতে পারে।

---

৮ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২য় বালামের ২৬৭ পৃষ্ঠায় ৯ অধ্যায়ের ৩ পরিচ্ছেদের ১৫ ধারায় নিম্নলিখিত সংশোধন করিতে হইবে।

৪র্থ ও ৫ম পংক্তিতে "বোর্ডের বিধিপুস্তকের ১ বালামের ২ অধ্যায়ের ৮ পরিচ্ছেদের ১১ ও ১৩ ধারায়" এই সকল কথা ও সংখ্যার পরিবর্ত্তে "পাথেয় বিষয়ক বিধিপুস্তকে" এইকথা দিতে হইবে।

২। রাজানুপালিত ব্যক্তিদিগের সম্বন্ধীয় পুস্তকেও ঐরূপ সংশোধন করিয়া লইতে হইবে এবং মহালের কার্য্যাধ্যক্ষগণকে তদনুসারে সংবাদ দিতে হইবে।

---

৯ নম্বর।

১৮৮৪ সালের ৮ মার্চ্চ তারিখের ১১৭০ নম্বর গবর্ণমেণ্টের আদেশ অনুসারে রাজানুপালিত ব্যক্তিগণের ও ক্রোক করা মহালের সাধারণ তত্ত্বাবধারণের ভার ১৮৮৪-৮৫ সালের প্রথম হইতে খাজানা ও কর একত্র করিয়া ছাল তলবের শতকরা এক টাকার হিসাবে পরিতে ও আদায় করিতে হইবে। খাজানাখানার সেরেস্তার খরচের কিয়দংশ দিবার "চারি আনা ছার ও" খাজানা ও করের ছাল তলব ধরিয়া হিসাব করিতে হইবে। এই বন্দোবস্ত আগামী রাজস্বসংক্রান্ত বৎসরের অর্থাৎ ১৮৮৪-৮৫ সালে ফলবৎ হইবে।

২। বোর্ডের বিধিপুস্তকের ২য় বালামের ৯ অধ্যায়ে নিম্নলিখিত সংশোধন ও সংযোজন করিতে হইবে;—

২৬৭ পৃষ্ঠায় ৪ পরিচ্ছেদের ১ ধারার ৫ম পংক্তিতে "(সমস্ত কর ও খাজানার সুদ বাদ দিয়া) খাজানা" এই কথাগুলির পরিবর্ত্তে "(সুদ বাদ দিয়া) খাজানা ও কর" এই কথাগুলি যোগ কর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১০ জুন।]

শ্রীযুক্ত এচ, এ, ককরেল সাহেব সি, এস, আই।

১৩ নম্বর।

কোর্ট ফী ইষ্টাম্পের মূল্য প্রত্যর্পণ বিষয়ে, রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৮৪ সালের ১৯ ফেব্রুয়ারি তারিখের ৯২৭ নং নির্দ্ধারণের প্রতি রাজস্ব কার্য্যকারকদিগের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

নির্দ্ধারণ।

মন্ত্রিসভাধিষ্ঠিত মাননীয় শ্রীযুত সভাপতি সাহেব নিম্নলিখিত বিধি অনুসারে ছাপাকরা কোর্ট ফী ইষ্টাম্পের মূল্য প্রত্যর্পণ করিবার আদেশ করিলেন :—

যদি কোন ব্যক্তির ছাপাকরা কোর্টফী ইষ্টাম্প থাকে এবং উহা যদি নষ্ট না হইয়া এবং অভিপ্রেত উদ্দেশ্য সাধনের অনুপযুক্ত না অবস্থায় আসিয়া হইয় তাহার অব্যবহিত কোন ব্যবহারে না আসে, তাহা হইলে কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা জানাইয়া ঐ ব্যক্তি সেই ইষ্টাম্প সমর্পণ করিলে, এবং উহা যে ব্যবহার করণার্থ সকল অভিপ্রায়ে ক্রীত হইয়াছিল, ক্রয় কালে উহার যে পূর্ণ মূল্য প্রদান করা হইয়াছিল, এবং যে তারিখে সমর্পণ করা যাইতেছে তাহার এক বৎসর পূর্ব্ববর্ত্তী ছয় মাস সময়ের মধ্যে যে কোন ষ্টাম্প বিক্রেতার নিকট হইতে ঐ ইষ্টাম্প ক্রয় করা হইয়াছিল কালেক্টর সাহেবের সন্তোষমতে এই সকল বিষয়ের প্রমাণ দিতে পারিবে, এরূপ ইষ্টাম্প বিক্রেতার ডিস্কাউণ্ট বাদে, যে টাকা প্রদত্ত হইয়াছে তাহা বাদ দিয়া তিনি ঐ ইষ্টাম্পের পূর্ণ মূল্য টাকায় প্রদান করিবেন।

২। পূর্ব্বোক্ত বিধি ইষ্টাম্প পুস্তকের ৩য় ভাগের ১০ পরিচ্ছেদের ১৩ (ক) ধারা বলিয়া এবং বোর্ডের বিধিপুস্তকের ২য় বালাদের ৭ অধ্যায়ের ১৩ পারাগ্রাফের ১৩ (ক) ধারা বলিয়া গণ্য হইবে।

৩। ১৩ ধারার শেষ ধারা নিম্নলিখিত প্রকারে পরিবর্ত্তিত হইবে।

"এই বিধির কেবল মাত্র রেজিষ্টরেক্ত ১৩ (ক) ও ১৫ ধারায় সন্নিবিষ্ট হইল।"

Raj Krishn Mukhopadhyaya M.A. and B.L., *Bengali Translator*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ১৩ জুন।]

২১৮ পৃষ্ঠায় ৪ পরিচ্ছেদের ৩ ধারার ৪ পংক্তিতে "নিম্নলিখিতরূপে শ্রেণীবদ্ধ করিতে হইবে" এই কয়টী কথার পরিবর্ত্তে "তলবের উপর শতকরা এক টাকার হিসাবে আদায় করিতে হইবে" এই কথা বসাও ও এই ধারার অবশিষ্ট অংশ উঠাইয়া দাও।

২৬৮ পৃষ্ঠা, ৪ পরিচ্ছেদ ৪ ধারা। এ ধারাটী উঠাইয়া দাও।

২৬৮ পৃষ্ঠায় ৪ পরিচ্ছেদের ৫ ধারার ২ পংক্তিতে "প্রত্যেক বৎসর শেষ হইবার পূর্ব্বে" এই কথা কয়টীর পরিবর্ত্তে "প্রত্যেক অর্দ্ধবৎসরের প্রথমে" এই কথা কয়টী বসাও।

২৭০ পৃষ্ঠায় ৪ পরিচ্ছেদের ১৮ ধারার ৩ ও ৪ পংক্তিতে "(কর ও খাজানার সুদ বাদ দিয়া) খাজানা" এই কথা কয়টীর পরিবর্ত্তে "(সুদ বাদ দিয়া) খাজানা ও কর" এই কথা কয়টী যোগ কর।

২৭৫ পৃষ্ঠা, ৬ পরিচ্ছেদ ৩ ধারা। ১৪ শীর্ষকে "২, ৩ এবং ৪ গবর্ণমেণ্ট আফিসের সেরেস্তা, ষ্টেশনরী ও ডাকখরচ" এই সকল কথা ও অঙ্কের পরিবর্ত্তে "রাজানুপালিত ব্যক্তিগণের এবং ক্রোকী মহালের সাধারণ তত্ত্বাবধারণার্থ শতকরা ১৲ টাকা হার" বসাও। এবং "৫" অঙ্কের পরিবর্ত্তে "২" বসাও।

G এবং H পরিশিষ্ট, ৩০৩ এবং ৩০৭ পৃষ্ঠা। G পরিশিষ্টের ১৪ শীর্ষকে এবং H পরিশিষ্টের ১৫ শীর্ষকে "গবর্ণমেণ্ট আফিসের সেরেস্তা ইত্যাদি।—

১। তলবের ১,০০০ টাকার উপর সুদ বাদে শতকরা ৪।৵০

২। উক্ত খাজানার ৪,০০০ টাকার উপর শতকরা ১৸০

৩। উক্ত খাজানার ১৫,০০০ টাকার উপর শতকরা ৸৵০

৪। অবশিষ্টের উপর শতকরা ।৵০ "

এই সকল কথা ও অঙ্কের পরিবর্ত্তে "রাজানুপালিত ব্যক্তিদিগের এবং ক্রোক করা মহালের সাধারণ তত্ত্বাবধারণার্থ শতকরা এক টাকা হার" বসাও; "৫" অঙ্কের পরিবর্ত্তে "২" বসাও এবং ‡ চিহ্নিত মন্তব্যের মধ্যহইতে নিম্নলিখিত দফা উঠাইয়া লও।

"যদি মোট খাজানা ১,০০০ টাকার অতিরিক্ত না হয়, সমস্ত টাকার উপর প্রথমোক্ত শতকরা হার হিসাব করিতে হইবে। যদি ৫,০০০ টাকার কম হয়, তাহাহইলে ১,০০০ টাকার অতিরিক্ত অংশের উপরই কেবল দ্বিতীয় প্রকারের হার হিসাব করিতে হইবে। যদি ২০,০০০ টাকার কম হয়, তাহাহইলে ৫,০০০ টাকার অতিরিক্ত অংশের উপরই কেবল তৃতীয় প্রকারের শতকরা হার হিসাব করিতে হইবে।"

২৭২ পৃষ্ঠা ৫ পরিচ্ছেদের ১০ ধারায় নির্দ্দিষ্ট ৩, নম্বর রিটর্ণের পাঠে হস্তদ্বারা ঐরূপ সংশোধন করিয়া লইতে হইবে।

৩। ১৮৮০ সালের অক্টোবর মাসের ৩ নম্বর সরকুলর অর্ডরের ৩ দফার ২ পংক্তিতে এবং ঐ সরকুলর অর্ডরে সংযুক্ত বর্ণনাপত্রের দুই আদর্শ পাঠের ১ ঘরের শীর্ষকে "খাজানার" শব্দের পর "এবং করের" শব্দ যোগ কর।

৪। রাজানুপালিত ব্যক্তিদিগের সম্বন্ধীয় পুস্তকেও আবশ্যকমত সংশোধন করিয়া লইতে হইবে। সকল মহালের কার্য্যাধ্যক্ষের নিকট এই আদেশ প্রেরণ করিতে হইবে।

---

১৭ নম্বর।

এরূপ অনেক স্থলে বোর্ডের গোচর হইয়াছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের বিধান অনুসারে কোন মহাল বা তদংশের বিক্রয়ার্থ বিজ্ঞাপন প্রকাশ হইলে পর, এরূপ অবস্থায় কালেক্টর সাহেবের নিকট পাওনা বাকী বা তদংশ প্রদানের প্রস্তাব উপস্থিত করা হইয়াছে যে তাহাতে সম্পত্তি বিক্রয়ের দায় হইতে অব্যাহতি প্রাপ্ত হয় ইহাই প্রস্তাবের উদ্দেশ্য বলিয়া নিঃসন্দেহে বোধ হয় অথবা সহজেই অনুমান করা যাইতে পারে। এরূপ স্থলে কালেক্টর সাহেব সম্পত্তি বিক্রয়ের দায়হইতে অব্যাহতি পাইবে কি না এবিষয়ে কোনরূপ আজ্ঞা লিপিবদ্ধ না করিয়াই কিম্বা প্রস্তাবের টাকা প্রকৃত প্রস্তাবে প্রদত্ত হওয়ার পর আজ্ঞা দেওয়া যাইবে এরূপ মর্ম্মের কোন মন্তব্য প্রকাশ করিয়াই কখনং প্রস্তাবিত টাকা গ্রহণ করিবার আদেশ করিয়াছেন। পরিণামে অব্যাহতি দিতে অস্বীকারও করা হয়।

২। যদিও আইন দ্বারা নির্দ্দিষ্ট শেষ দিনের পর টাকা দিবার প্রস্তাব গ্রাহ্য করিলে আইনমত বিক্রয় অসিদ্ধ হয় না, তথাপি বোর্ড সম্পূর্ণরূপে এরূপ পদ্ধতি অবলম্বনের বিরোধী; কারণ ইহাতে যে পক্ষ টাকা দিবার প্রস্তাব করেন, তাঁহার ভ্রমাত্মক সংস্কার জন্মিবার সম্ভাবনা।

৩। কালেক্টর সাহেবদিগকে বোর্ডের বিধিপুস্তকের ১ বালামের ১৪ অধ্যায়ের ২য় পরিচ্ছেদের ৮ ধারা দেখিতে বলা যাইতেছে। উহার মর্ম্ম এই যে যদি কোন কালেক্টর কোন বাকীদারের সুবিধার জন্য বিক্রয়ের দায় হইতে সম্পত্তি অব্যাহতি দিবার অভিপ্রায় ভিন্ন টাকা দিবার প্রস্তাব গ্রহণ করেন, তাহাহইলে তিনি উক্ত ব্যক্তিকে স্পষ্ট করিয়া বুঝাইয়া দিবেন যে টাকা দেওয়া সত্ত্বেও আইনমত কার্য্য হইতে দেওয়া হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১০ জুন।]

৪। এক্ষণে বোর্ড আদেশ দিতেছেন যে যখনই কোন কা লক্টর সাহেব এরূপ প্রস্তাব গ্রাহ্য করিবার আদেশ প্রদান করেন, তিনি সেই সময়েই, হয় বিক্রয়ের দায় হইতে বিজ্ঞাপিত সম্পত্তি অব্যাহতি পাইবে, না হয়, টাকা দিবার প্রস্তাব গ্রাহ্য করা সত্ত্বেও সম্পত্তি বিক্রয়ের দায় হইতে অব্যাহতি পাইবে না, স্পষ্টরূপে এইকথা বুঝাইয়া দিবার পর প্রস্তাবকারী কালেক্টর সাহেবের কাছে ইচ্ছা প্রকাশ করায় উহা গৃহীত হইল এই কথা স্পষ্টরূপে লিপিবদ্ধ করিবেন।

---

১০ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১ম ভলামের ২৭০ পৃষ্ঠায়, ১২ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের যে সকল রেজিষ্টর নির্দ্দিষ্ট আছে, তাহার তালিকায় নিম্নলিখিত রেজিষ্টর সংযোজিত হইবে।

রাজস্বসংক্রান্ত অর্থদণ্ডের ৩৭ক নম্বর রেজিষ্টর।

২। মহাল, তালুক, বা মৌজার নাম।
৩। অর্থদণ্ডে দণ্ডিত জমীদার, তালুকদার, অথবা অন্য কোন ব্যক্তির নাম।
৪। যে আইন ও যে ধারা অনুসারে দণ্ড বিধান হইল।
৫। আজ্ঞার তারিখ ও মর্ম্ম ও দণ্ড বিধানকারী কার্য্যকারকের নামের আদ্যক্ষর।
৬। যে তারিখ হইতে যে তারিখ পর্য্যন্ত অর্থদণ্ড চলিবে।
৭। অর্থদণ্ডের দৈনিক মোট।
৮। অর্থদণ্ডের মোট টাকা।
৯। অর্থদণ্ডের যত টাকা ক্ষমা করা যায়।
১০। অর্থদণ্ড ক্ষমা করিবার আজ্ঞার তারিখ ও মর্ম্ম ও যে কার্য্যকারক আজ্ঞা করেন তাঁহার নামের আদ্যক্ষর।
১১। যে টাকা আদায় হইল ও আমিলের স্বাক্ষর।
১২। খাজানাখানায় দিবার তারিখ।
১৩। প্রত্যর্পণের তারিখ, ও যে সময়ে প্রত্যর্পণের অনুমতি দিয়াছিলেন তাঁহার নামের আদ্যক্ষর।
১৪। সেরেস্তাদারের স্বাক্ষর।

২। বোর্ডের বিধিপুস্তকের ১ম ভলামের ৯ অধ্যায়ের ৮ পরিচ্ছেদের শেষে নিম্নলিখিত কএক ধারা যোজনা করিতে হইবে।

"৫। কোন উপযুক্ত রাজস্বকর্ত্তৃপক্ষকর্ত্তৃক অর্থদণ্ড করিবা আদেশ হইবামাত্র ৩৭ক নং রেজিষ্টরে (১ হইতে ৮ পর্য্যন্ত ঘরে) আবশ্যক কথা সকল লিপিবদ্ধ করিতে হইবে এবং রেজিষ্টরের ভার প্রাপ্ত মুহুরীর, ঐ সকল কথা লিপিবদ্ধ হইয়াছে, এই মর্ম্মের সংক্ষিপ্তপত্র দিবে এবং উহা ঐ মোকদ্দমার নথীর সামিল করা হইবে। কাগজপত্রের মধ্যে এই সংক্ষিপ্তপত্র না থাকিলে কালেক্টর যে নথীতে অর্থদণ্ড বিহিত হইয়াছে আপনার বিভাগে সেই সকল নথী কখনও গ্রহণ করিবেন না।

৬। ৩৭ক নং অর্থদণ্ডের রেজিষ্টর সেরেস্তাদারের বিভাগে রক্ষিত হইবে।"

৩। বোর্ডের বিধিপুস্তকের ১ম ভলামের ২৭৭ পৃষ্ঠায় ১২ অধ্যায়ের ৭ পরিচ্ছেদে,—

"৩৭ক। রাজস্ব সম্পর্কীয় অর্থদণ্ডের রেজিষ্টর।" এই কথা যোগ করিতে হইবে।

---

১১ নম্বর।

১৮৮৪ সালের জানুয়ারি মাসের ১ নম্বর সরক্যুলর অর্ডার সংযুক্ত ৪১ নং রিটর্ণের ১ম টেবিলের ৭ ঠ কলম পূরণ করিয়া পার্শ্বলিখিত দফাগুলি তৃতীয় শ্রেণী (সরল মহাল) হইতে দ্বিতীয় শ্রেণীতে (নিষ্কর্ষকালীন বন্দোবস্তী মহালে) স্থানান্তরিত করিতে হইবে। নিম্নলিখিত শ্রেণীর মহাল লইয়া দ্বিতীয় শ্রেণী হইবে; এবং উহাদের জমা, আদায় ও বাকী ৪১ নং রিটর্ণের ১ম টেবিলে অন্তর্ভুক্তরূপে প্রদর্শিত হইবে।

(গ) ভূস্বামিদের অস্থায়ীবন্দোবস্তের থাকা পর্য্যন্ত অধীনস্থ মহাল।
(ঘ) ভূস্বামিদের অস্থায়ীবন্দোবস্তের ইচ্ছাধীন মহাল।

দ্বিতীয় শ্রেণী।—কিয়ৎকালীন বন্দোবস্তমহালের মধ্যে যে নিম্নলিখিতের সমস্ত মহাল ধরা যাইবে, যথা,—

(১) অবধারিত কালের জন্য বন্দোবস্তী মহাল;
(২) ভূস্বামিদের অস্থায়ীবন্দোবস্তের থাকা পর্য্যন্ত অধীনস্থ মহাল;
(৩) ভূস্বামিদের অস্থায়ীবন্দোবস্তের ইচ্ছাধীন মহাল।

১৮৮৩-৮৪ সালের ৪১ নং রিটর্ণের ৭ ঠ জিলা কমিশনরদিগের নিকট প্রেরিত হওয়াতে স্থানীয় অফিসর উপরে প্রদর্শিত পরিবর্ত্তন লিখিতভাবে করিয়া লইবেন। ১৮৮৩—৮৪ সালের সংযুক্ত ভূমিরাজস্ব সম্পর্কীয় রিটর্ণে কালেক্টর ও কমিশনর সাহেবেরা ১০ নম্বর রিজলিউশনের ১ম টেবিলে গৃহীত শ্রেণীবিভাগ অবলম্বন করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮ । ১৩ জুন।]



গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 10, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ১০ জুন।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

বিজ্ঞাপন প্রভৃতি।

জিলা চট্টগ্রাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহা দ্বারায় জানাইতেছি যে ১৮৬৮ সালের ৭ আইন, ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ১৮৫৯ সালের ১১ আং ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকা ১৮৮৪ ইং ২৫ ফেব্রুয়ারি সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া রাজস্ব ও রোড ও পবলিকওয়ার্কসেস আদায়ের নিমিত্তে ১৮৮৪ ইং ১৬ জুন মোতাবেক ১২৯১ বাঙ্গালা ৩ আষাঢ় রোজ সোমবার জিলা চট্টগ্রামের কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৮৪ ইং তারিখ ৩ মেই।

মহল নওয়াবাদ।

নম্বর সার্কেল	নম্বর তালুক।	নাম তালুক।	নাম মালিক।	সদর জমা।		বাকী।			মন্তব্য।
				রাজস্ব।	সেস।	রাজস্ব	সেস	মোট	
৭৭৩	১৩৫ / ২৫৭৮	থানে সাতকানিয়া মৌজে কাঞ্চননগর তালুক রঘুদেব।।	নিং অখিল চন্দ্র রায় গং।	৮৯০৸৵৮	১৪৮।৷৬	৩৩৪৲	৪৯।৷০	৩৮৩।৷০	সম্পূর্ণ তালুকা নীলামে হইবে।

CHITTAGONG COLLECTORATE,
The 3rd May 1884.

C. A. SAMUELLS,
Offg. Collector.

নীলামের নোটিস।

এস্তেহারনামা কাছারি কালেক্টরী জিলা ২৪ পরগনা।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে, জিলা ২৪ পরগনার নীচে লিখিত মহালের সন ১৮৮৪ সালের ২৮ মার্চ্চ কিস্তীর বাকী বাবত ইংরাজি সন ১৮৮৪ সালের ২৭ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৯১ সাল ১৫ আষাঢ় শুক্রবার ঐ জিলার কালেক্টরীতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৮৪ সাল তারিখ ২৯ এপ্রেল।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

২ নং পরগনে মাগুরা কিঃ কাঞ্চনবাড়িয়া ওগয়রহ লিখিত মালিক দ্বারকানাথ রায়চৌধুরী ওগয়রহ সদর জমা ... ২৮৩৩ ।/০ টাকার মধ্যে

সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ৵৫৲ ২ দস্তী ৲৪×১=আনা রুকম স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালীতে দ্বারকানাথ রায়চৌধুরী ওগয়রহর নামে ৸/১৪৲৭ দস্তী ।।৶১৫৸৶১৮৸— আনার কাত সদর জমা ২৪৩১৲।০ টাকা তাহার সন ১২৯০ সালের লাং ফালগুন কিস্তী সন ১৮৮৪ সালের ২৮ মার্চ্চ পর্য্যন্ত আদায় না হওয়াতে ৭৯।/২ টাকা বাকী হওয়ায় নীলামে ধরা গেল।

১৪৫ নং পরগনে কলিকাতা কিঃ মদরসা বনহুগলি ওগয়রহ লিখিত মালিক কৈবল্যনাথ বিশ্বাস ওগয়রহ সদর জমা ... ২১১৯৬৸/৪ টাকার মধ্যে

সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ৸৵৮ আনা রুকম স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালীতে কৈবল্যনাথ বিশ্বাস ওগয়রহ নামে /১২ আনার কাত সদর জমা ২১১৯।৷৶ টাকা তাহার সন ১২৯০ সালের লাং ফালগুন কিস্তী সন ১৮৮৪ সালের ২৮ মার্চ্চ পর্য্যন্ত আদায় না হওয়াতে ৭৯৷৷/২।। টাকা বাকী হওয়ায় নীলামে ধরা গেল।

[*Government Gazette*, 10*th June* 1884.]

১৪৭ নং পরগনে কলিকাতা কিঃ বেওতা ওগয়রহ লিখিত মালিক
• কৈবল্যনাথ বিশ্বাস ওগয়রহ সদর জমা ... ৩৬৩৭।।/৯ টাকার মধ্যে

সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ।।০ আনা রকম স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালিতে কৈবল্যনাথ বিশ্বাস ওগয়রহ নামে ।।০ আনার কাত সদর জমা ১৮৩৬৸১০ ।। টাকা তাহার সন ১২৯০ সালের লাং ফাল্গুন কিস্তী সন ১৮৮৪ সালের ২৮ মার্চ্চ পর্য্যন্ত আদায় না হওয়াতে ৭৫৬।৵৪ টাকার বাকী হওয়ায় নীলামে ধরা গেল।

৬২৪ নং কিঃ পরগনে বালিয়া তরফ যদুবাটী ওগয়রহ লিখিত মালিক
আনন্দচন্দ্র ঘোষ ওগয়রহ সদর জমা মায় পুলিস থানাদারি ... ৮৭১৸৩ টাকার মধ্যে

সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ।৵৬॥= আনা রকম স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালীতে আনন্দচন্দ্র ঘোষ ওগয়রহর নামে ।।৵১৩। – আনার কাত সদর জমা মায় পুলিস থানাদারি ৫৮১। ১০ টাকা তাহার সন ১২৯০ সালের লাং ফাল্গুন কিস্তী সন ১৮৮৪ সালের ২৮ মার্চ্চ পর্য্যন্ত আদায় বাদে ১২ ।৵১০ টাকা বাকী হওয়ায় নিলামে ধরা গেল।

8-5-84. C. C. STEVENS, *Collector.*

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা ত্রিপুরার অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবী ১৮৮৪ সালের ২৮ মার্চ্চ দিবসে দেও হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৮৪ সালের ২৩ জুন দিবসে প্রকাশ্য নীলামে নিরবশেষে বিক্রয় হইবে। ১৮৮৪ সাল তারিখ ২৪ আপ্রিল।

তফসীল।

জোজির নম্বর।	বাদ জেজেটের নম্বর।	ও পেজেটের নম্বর।	নাম মহাল।	মালিকের নাম।	সদর জমা	বাকী কিং জানুয়ারি ১৮৮৪।	কৈফিয়ত।
১৯৩৩	৭২	১৮৯	টামটা পুটীয়া জোয়ার পং বরদাখাত হিং ।৵১৩।—ক্রান্তি	গোবিন্দচন্দ্র দাস মহেন্দ্রচন্দ্র দাস নগেন্দ্রচন্দ্র দাস উমাচন্দ্র সেন রজনীকান্ত সেন। শ্রীমতী উমাতারা অঃ মৃত স্বরূপচন্দ্র রায় পিং মৃত গোলোকচন্দ্র দেব। শ্রীমতী উমাতারা গুপ্তা অং মৃত স্বরূপচন্দ্র রায় পিং মৃত কৃষ্ণমোহন সেন সাং দারড়া পং বরদাখাত থানে খোয়াই।	১৭০৮	৫৩৪	প্রকাশ থাকে যে এই মহালের শেষ পুনঃবন্দোবস্তে সরকারি রাজস্ব ২২৯৩ টাকা ধার্য্য হইয়াছে এই জমা খরিদারের ১২৯১ সন হইতে দিতে হইবে।
১৯৩৪	৭০	১৮৯	ভিলচিঠা জোয়ার পং বরদাখাত হিং ।।৵১৩।—ক্রান্তি।	দুর্গাচরণ দাস মজুমদার সাং নৈয়াইর পং শ্রীচাইল, রামকিঙ্কর রায় সাং চান্দরাই প্রকাশ্য আমিরাবাদ কাশিচন্দ্র দে সাং তথা শ্রীমতী শ্রীমতি সাং তথা, মাধবচন্দ্র দাস সাং রায়পুর পং বিক্রমপুর, জগবন্ধু দাস সাং তথা বজচন্দ্র দাস সাং তথা দ্বারিকানাথ দাস সাং তথা।	৬৬৩৸৩	২০৬/১০	

7-5-84. J. A. HOPKINS, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১০ জুন।]

জিলা হুগলি।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরী জিলা হুগলি।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা হুগলির অন্তর্গত নিম্নলিখিত মহাল সন ১৮৮৪। ২৮ মার্চ্চ তারিখের প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবি বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্তে সন ১৮৮৪। ১৯ জুন মোতাবিক বাঙ্গালা ১২৯১ সালের ৬ আষাঢ় বৃহস্পতিবার দিবসে হুগলির কালেক্টরী কাছারিতে প্রকাশ্য নীলামে বিক্রয় হইবে ইতি সন ১৮৮৪ সাল তারিখ ৫ মে।

মহালের নম্বর।	মহাল ও পরগনার নাম।	বাকীদার মালিকের নাম।	সদর জমার তাহিদ।	বাকীর পরিমাণ।	কৈফিয়ৎ।
	প্রথম শ্রেণী ইস্তমরারি বন্দবস্তী মহাল।				
৯	দৌলতপুর পং পাণ্ডুয়া।	সৈয়দ ফজলে রহমান ওরফে আল্লা-রাখা দিগর।	১১৩২৸২		
		বাদ গঙ্গাধর কর মৌজা সিতলা তৎ-সামিল পটী বাগান ডাঙ্গা ও নির-পাড়া রকম ৵১২॥ আনার সদর জমা দিঃ	৪২৸৵০		
		কুসুমকুমারী দাসী ১৫॥০ বিঘা জমির জমা এঃ	৫।০		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।	৪৮৵০		
		বাকী সৈয়দ ফজলে রহমান ওরফে আল্লা রাখা দিগর সদর জমা।	১০৮৩৸৵২	১২২।৵১	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবে।
		ইহার পৃথক হিসাব হয় নাই।			
	ঐ				
১০	রাধাকান্তবাটী পং পাণ্ডুয়া।	কছিমদ্দী মিস্ত্রী দিগর ...	৬২৷৷৵১১		
		বাদ হাজি আছালদ্দী মিস্ত্রী ৫০৸১ বিঘা জমির জমা।	২৪৸৵০		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
		বাকী কছিমদ্দী মিস্ত্রী দিগর সদর জমা।	৫৯৯৸৵১১	৪৬।৵০	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবে।
		ইহার পৃথক হিসাব হয় নাই।			
	ঐ				
২৯	রসুলপুর পং তুরকীট।	সেখ হাফেজুদ্দীন আহাম্মদ দিগর সদর জমা।	১১০৮।৵		
		এই মহালের মধ্যে মাণিকলাল শীল লালগের তরফ শরতকুমারী দাসী রকম ৷৷৵০ আনাকে ষোল আনা ধরিয়া তাহার রকম ৵০ আনার সদর জমা এঃ	২৪৯৪।৵৬	৪২৯৷৷৵৬	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
	ঐ				
৩৫	মণ্ডলঘাট পং মণ্ডলঘাট।	[illegible] দিগর ...	২২৩৭২৮৵৩ (৮)		
		এই মহালের মধ্যে মাণিকলাল শীল লালগের তরফ শরতকুমারী দাসী ৵১০।৪ আনার সদর জমা এঃ	৩১৮০৷৵০	১২২৷৩৵১	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
	ঐ				
৩৮	সাঁখখালি পং বালিয়া।	মনোহর মুখোপাধ্যায় দিগর ...	১০১৪৮৷৵৮		
		এই মহালের মধ্যে কালিদাস দেব মেনেজার ইস্টেট পিতাম্বর রায়চৌধুরী দিগর রকম ৵১১ আনার সদর জমা।	১০০৪৮৵১	৸০	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			

[*Government Gazette*, 10th June 1884.]

মহালের নম্বর।	মহাল ও পরগনার নাম।	বাকীদার মালিকের নাম।	সদর জমার তাইদ।	বাকীর পরিমাণ।	কৈফিয়ৎ।
	প্রথম শ্রেণী ইন্তমুরারি বন্দবস্তী মহাল।				
৫৫	চাপাহাটী পং পাণ্ডুয়া।	যদুনাথ ধল্যা দিগর ...	৫৮১৵২	৩৫।৶০	
৫৬	ঐ ঐ	যদুনাথ ধল্যা দিগর ...	৬০৬।৵২	১১৩।।৶৩	
	ঐ				
৫৯	মাখালডিঙ্গি পং পাণ্ডুয়া	সৈয়দ আবল মজফর দিগর ...	৭২২৮৶১		
		বাদ অভয়াচরণ নন্দী রকম ।১৪৮ আনার সদর জমা এঃ	২১৪/০		
		উপেন্দ্রনারায়ণ নন্দী দিগর রকম ।১৪৮ আনার জমা বিঃ	২১৪/০		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।	৪২৮৶০		
		বাকী সৈয়দ আবল মজফর দিগর ...	২৯৪৮/১	৩৶৪	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হয় নাই।			
	ঐ				
৬২	রামজীবনপাল পং মওলঘাট।	কানাইলাল শীল দিগর ...	১৯৩৭৪৮২।		
		এই মহালের মধ্যে মাণিকলাল শীল নাবালগের ওরফ শরৎকুমারী দাসী রকম ৶৫ আনার সদর জমা এঃ	২৭২৫।।/০	৯৩৯/০	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
	ঐ				
৬৭	গুড়বাড়ী পং চৌমুহা।	গিরিশচন্দ্র সিংহ রায় দিগর ...	২৬৯৫৮৶		
		এই মহালের মধ্যে গোপালচন্দ্র ঘোষ গুড়বাড়ী ও হরিরামপুর ২ মৌজায় ষোলআনা সদর জমা	৬৯২৶৯	৪৭৯৶৯	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
	ঐ				
৭৯	সেরপুর পং বালিয়া।	সেখ কাদেরবকস দিগর ...	১০৩৯১।৶৯		
		এইমহালের মধ্যে মাণিকলাল শীল নাবালগের ওরফ শরৎকুমারী দাসী রকম ।।/ আনা সদর জমা	৫৮৪৫৶৬।।	২০১৩।।/৯	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
	ঐ				
১১০	খালড় পং খালড়।	রাণী লালনমণি দিগর ...	১০৩৯০।।৶		
		বাদ ললিতমোহন সিংহ ও নগেন্দ্রবালা দাসী রকম ৶০ আনা সদর জমা	৭৭৯৩		
		উদয়চাঁদ মুখোপাধ্যায় রকম /০ আনা সদর জমা	৬৪৯।৶		
		রাজা প্রথমনাথ রায় বাহাদুর রকম ৶০ আনা সদর জমা	১২৯৮৶০		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।	৯৭৪১০		
		বাকী রাণী লালনমণি রকম /০ আনা সদর জমা	৬৪৯।৶	১৭১।।৶	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক
		ইহার পৃথক হিসাব হয় নাই।			

মহালের নম্বর।	মহাল ও পরগনার নাম।	বাকীদার মালিকের নাম।	সদর জমার টাইম।	বাকীর পরিমাণ।	কৈফিয়ৎ।
	প্রথম শ্রেণী ই-জমুরারি বন্দবস্তী মহল।				
১১৭	রাজহাট পং খোশালপুর।	জীবনকৃষ্ণ গোস্বামী দিগর ...	৭২৬৵৩		
		বাদ আনন্দময়ী দেবী একজিকিউটর ইষ্টেট বৃন্দাবনচন্দ্র রায় রকম ।/০ আনা সদর জমা	২২৬৸৵০		
		হরচন্দ্র বন্দ্যোপাধ্যায় কিসমত মশিব পুর ও বৈদ্যবাটী ও অভিরামবাটী তিন মৌজার রকম ।/১০ আনার মধ্যে ৵০ আনা সদর জমা।	৮২৵০		
		প্রসাদদাস গোস্বামী রকম ৶৷৷= আনার জমা।	১৫১।০		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।	৪৬০।/০		
		বাকী জীবনকৃষ্ণ গোস্বামী দিগর সদর জমা	২৬৫৷৷৶৭	৩.৵০	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
	ঐ	ইহার পৃথক হিসাব হয় নাই।			
১৫৩	মল্লিকবাটী পং কোর।	প্রসাদ দাস গোস্বামী দিগর ...	২২৬৮৲৩		
		বাদ রাধিকাপ্রসাদ গোস্বামী দিগর রকম ।০ আনা সদর জমা।	৭৪২৲		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
		বাকী প্রসাদদাস গোস্বামী দিগর রকম ৸০ আনা জমা।	২২২১৲৩	১৬৯ /৪	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হয় নাই।			
	ঐ				
১৫৯	চাতরাবাদে পং কোর।	রামানন্দ লাহিড়ি দিগর ..	৭৪৩৷৷/৫		
		বাদ রমাসুন্দরী দেবী রকম ৵১০ আনার সদর জমা।	১৪৯।/০		
		নিমচাঁদ লাহিড়ি রকম /১.৮ আনার সদর জমা।	৬৬৲		
		দিননাথ চৌধুরী রকম /১।৵০ আনার সদর জমা।	৫১৸৵০		
		অকালীপদ মুখোপাধ্যায় রকম /১৮।৭ আনার সদর জমা।	৮৮৷৷/০		
		কালিকানন্দ পাল দিগর রকম ১৩।১ গণ্ডা সদর জমা।	৩১।৵০		
		লক্ষ্মী চৌধুরী বাদে চাতরা লাল দেওপুর, বেলুড় ও মৌজার রকম ৵১৮।৵০ আনার সদর জমা।	১২৭৸৵০		
			৫১৭৲		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
		বাকী রামানন্দ লাহিড়ি দিগর সদর জমা।	২২৫৷৷/৫	৭৬.৫	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
	মোদামি বন্দবস্ত।	ইহার পৃথক হিসাব হয় নাই।			
১০৩৪	সুলতানপুর পং পাটমহল।	অমৃতলাল সেন দিগর ...	৯২৯৵০		
		বাদ পূর্ণচন্দ্র রায় রকম ।০ আনা সদর জমা	৪৬৫৷৷/৬		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।	৪৬৩ ৵৪৷৷		

[*Government Gazette*, 10th June 1846.]

ক্রমিক সংখ্যা।	মহাল ও পরগনার নাম।	বাকীদার মালিকের নাম।	সদর জমার টাইম।	বাকীর পরিমাণ।	কৈফিয়ৎ
	মোদামিবন্দবস্ত	বাকী অমৃতলাল সেন দিগর রকম ।০ আনা সদর জমা	৸৬৪ ৵৬ রোড কস্ট ৪৷৷৵৪৷৷	২৷৷৹	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হয় নাই।			
২১৫৮	অপূর্ব্বপুর চাকরানপং সিংহুর	মাণিকলাল শীল নাবালগের তরফ শরতকুমারী দাসী দিগর।	৬৫৬৷৵৫		
		বাদ কানাইলাল শীল রকম ৷৷/১২ আনার জমা এঃ	৩৯৩৸৵০		
		গোবিন্দলাল শীল রকম ৶৪ আনা জমা বিঃ।	১৩১৷ /০ ৫২১৵০		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
	প্রথম শ্রেণী ইস্তমুরারি বন্দবস্তী মহাল।	বাকী মাণিকলাল শীল নাবালগের তরফ শরতকুমারী দাসী	১৩১৷৵২	৪২৷৵০	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হয় নাই।			
৩৬৩৩	ছুটীপুরের সা মিল অমরপুর পং ছুটীপুর।	যদুনাথ ঘোষ দিগ ...	৭০৬৷৮		
		এই মহালের মধ্যে পূর্ণেন্দ্র দেব রায় ।০ আনাকে ষোল আনা করিয়া তাহার রকম।৵৬৷৷= আনার সদর জমা এঃ	৫৮৸০০	১৬৸০	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
৩৬৩১	জোলকুল পং ছুটীপুর।	চন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় দিগর ...	১১০৷৵	৯২৸৵২	
২৮৫৯	মামদপুরহাটবে পং ছুটীপুর।	যদুনাথ দে দিগর ...	৮২৷৸৬৷৷৷		
		এই মহালের মধ্যে কবিরাশচন্দ্র পাল রকম ।৵০ আনা জমা এঃ	১২৷৷৷৹	২৯৵৬	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
২৯৫৩	মোদামিবন্দবস্ত	রাণী লালমণি দিগর ...	৭২৬৷৹		
	ভাণ্ডারচর পং বোর।	বাদ ব্রজনাথ শ্রীমানি রকম ।৹ আনা সদর জমা।	২২৯৷০		
		ইহার পৃথক হিসাব হইয়াছে			
	প্রথম শ্রেণী ইস্তমুরারি বন্দবস্তী মহাল।	বাকী রাণী লালমণি দিগর রকম ।৵০ আনা সদর জমা।	৫৯৯৷৬৷	৬২৷৵৯	এই বাকীর জন্য এই অংশ নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হয় নাই।			
২০৮৩	গোবিন্দপুর পং আকালিয়াদহ।	মাণিকলাল শীল নাবালগের তরফ শরতকুমার দাসী।	২৪৫৭৷৹	৩৫৯৷৫৸৯	
	মোদামিবন্দবস্ত				
১৭৯১	গুপ্তিপাড়ার পং মণ্ডলঘাট।	কালিদাস দেব মেনেজার ফাঁকরে গিরিজানাথ রায়চৌধুরী দিগর।	৭২৷৭		
		এই মহালের মধ্যে রকম ।০ আনার মালিক দুর্গানারায়ণ সেনসরকার জমা	৩০৬৷৲	২৮ মার্চ্চ কিস্তীর ১২৷৷৩ ১৩ জানুয়ারি কিস্তীর ৮৯৷৷৬ ১৯৩৸৵৯	এই অংশ ১৮৮৪। ২৪ মার্চ্চ নীলাম হওয়ায় খরিদার কেবল বায়নার টাকা দিয়া অবশিষ্ট টাকা না দেওয়ায় ঐ বায়নার টাকা জব্দ করা গিয়াছে উক্ত নীলা ঐ প্রথম খরিদারের দায়িত্বে ও মুকিতে এই অংশ পুনরায় নীলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
		রকম ৶১২ আনার মালিক অমৃতলাল সেন সদর জমা।	৭৬৷৷৹	২৮ মার্চ্চ কিস্তীর ২৬৵৯ ১৩ জানুয়ারি কিস্তীর ২১৷৵৬	
		ইহার পৃথক হিসাব হয় নাই।		৪৮৷৷৩	

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮১৯ সালের ১১ আইনের ৬ ধারামতে জিলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১২৯০ সালের লাংকিন্তী কার্ত্তিগুনের বাকী রাজস্ব আদায় না সন ১৮৮৪ সালের ২৪ জুন মোতাবেক সন ১২৯১ সালের ১১ আষাঢ় মঙ্গলবার জিলা মুরশিদাবাদের কালেক্টরী কাছারিতে প্রকাশ্য নীলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৮৪ সাল তারিখ ১৭ আপ্রিল।

শ্রেণীর নম্বর।	মাহালের প্রকার।	তৌজীর নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম তালুকদার।	সদর জমা।	কৈফিয়ৎ।
১	প্রথম শ্রেণীর মাহাল	৪৪	তরফ কালুহা পং বারবক পুর।	কৃষ্ণকিঙ্কর রায় কমলাকান্ত রায় গোপীকান্ত রায় প্রভাবতী দাস্যা মাতা অলি কৃষ্ণপ্রসাদ রায় নাবালগ।	৩২৯৪৷৵৭	এই মাহাল মধ্যে প্রভাবতী দাস্যা ও কমলাকান্ত রায়ের পৃথক করিয়া লওয়া অংশ ৷৷০ আনা বাদে কৃষ্ণকিঙ্কর রায় ও গোপীকান্ত রায়ের এজমালী অংশ ৷৷০ আনার কাত সদর জমা ১৬৪৭।/৪ টাকা নীলাম হইবেক। বাকী ৭১১৬৵০ টাকা।
২	ঐ	৪৪	তরফ কালুহা পং বারবকপুর।	ঐ ঐ	৩২৯৪।৵৭	এই মহাল মধ্যে প্রভাবতী দাস্যার পৃথক করিয়া লওয়া অংশ।০ আনা ও কৃষ্ণকিঙ্কর রায় গোপীকান্ত রায়ের এজমালী অংশ ৷৷০ আনা বাদে কমলাকান্ত রায়ের পৃথক করিয়া লওয়া অংশ।০ আনার কাত সদর জমা ৮২৩।৵৭ টাকা নীলাম হইবেক। বাকী ৩৫৮।৵৩ টাকা।
৩	ঐ	৬৭	হুদাগোপালপুর পং পলাশী।	রায় দেভাবচাঁদ লাহার বাহাদুর ...	১১৪২।১০	রাজস্বর বাকী ৪৬০৸১১ টাকার জন্য সমুদয় মাহাল নীলাম হইবেক।
৪	ঐ	২২৯	কিসমত মৌজেপাকুড়হাঁশ পরগনে বারবক সিংহ।	হিরালাল চৌধুরী রামদাস চৌধুরী অখিলকুমার মুস্তফী বটুকনাথ মুস্তফী হারাধন গোস্বামী।	৭৩৯৸১১	সরকারী বাকী রাজস্ব ৪৫/১০ টাকার জন্য সমুদয় মাহাল নীলাম হইবে।

৫	ঐ	২৩৩	তরফ পাতুনিয়াড় পরগনে রাজপুর।	রাধাজীবন মুস্তফী তারামণি দস্যা লক্ষ্মী দাস ও ধর্ম্ম দাসমুস্তফী অন্নদারানী দাসী ক্ষেত্রনাথ চন্দ্রগতি মুস্তফী ভুবনমোহিনী দাস্যা।	৬৬।৮৶১	সরকারি বাকী রাজস্ব ৩৬৷৶৯ টাকার জন্য সমুদয় মাহাল নীলাম হইবেক।
৬	ঐ	২৭৩	কিং মত পরগনে বারবক সিংহ পং বারবক সিংহ।	রাধাবিনোদ জগতমোহন মনমোহন সেনীমাধব হিরালাল রামনদাস মাধবচন্দ্র মতিলাল চৌধুরী হারাধন গোস্বামী গোটু সাতুমণি দেবী রামনৃসিংহ মুস্তফী বনমালী কালাচাঁদ পারিমোহন রামগোপাল চৌধুরী চম্পাকলতা দেবী কৃষ্ণকিশোর গোবিন্দলাল বিষ্ণুলাল শ্রীনারায়ণ শ্রীকৃষ্ণ চৌধুরী হরিদাস তুলসীরাম চৌধুরী নাবালগের অলিমাতা অখিলেশ্বরী দেব্যা রাজেন্দ্রচন্দ্র সুতললাল ছিদামলাল চৌধুরী জনার্দ্দন হরেরাম চৌধুরী নাবালগের অলিমাতা চন্দ্রমুখী দেব্যা ও কালীপ্রিয়া দেব্যা মনমোহিনী দেব্যা মহানন্দ বন্দোপাধ্যায় ব্রজলাল চৌধুরী গোপী সুন্দরী দেবী গোপীমোহন চৌধুরী এলোকেশী বামাসুন্দরী দেবা কালিদাস চৌধুরী রাধাবল্লভ দাস যদুনাথ বন্দোপাধ্যায় হরিলাল চট্টরাজ রাজিয়া বিবি জিয়াওর রহমান বান্দী বিবি আজিজন্নেছা বিবি গোলাপসুন্দরী দেব্যা রাজেন্দ্রলাল চৌধুরী।	২১০৫।৶১	এই মাহাল মধ্যে মৌলবি জিয়াওর রহমান রাজিয়া বিবি বান্দী বিবি হিরালাল রামনদাস চৌধুরী ও রাধাবিনোদ চৌধুরী ও রামনৃসিংহ মুস্তফী ও মাধবচন্দ্র চৌধুরীর পৃথক করিয়া লওয়া অংশ ৶৭।৷৶৩।। দীপ ৪ তিলের কাত সদরজমা ৪৪৭৸ টাকা বাদে রামগোপাল চৌধুরী নিগরের এজমালী অংশ ৸১২ গোণ্ডা ৪।। দীপ ১৬ তিলের কাত সদরজমা ১৬।৮৶১১ টাকা নীলাম হইবেক। বাকী রাজস্ব ৬৯৸৯ টাকা।
৭	ঐ	৪০৭	মৌজে রামনাথী পং ফতেসিংহ।	সাতকড়ী ঘোষ মজুমদার মির ইজ্জত ন্যায়াজ গোষ্ঠবিহারী খুদিরাম হিরালাল প্রামাণিক মহারাজা জগদীন্দ্র বনওয়ারি গোবিন্দ বাহাদুর সেবাইত কিশোরী জিউ দেব ঠাকুর মির মহামুদ নেয়াজ রাইরঙ্গিনী দাসী জাহেদা বিবি দীনবন্ধু দাস কৃষ্ণধন দাস রামতারণ দাস রায় কৈলাসকামিনী দেব্যা চন্দ্রপ্রসাদ ঘোষ মণীন্দ্রপ্রসাদ ঘোষ নাবালগের অলি মাতা লক্ষ্মেশ্বরী দাসী রামেশ্বর বন্দ্যোপাধ্যায় স্বয়ং ম্যানেজার পক্ষে কালাচাঁদ ঋষিকেশ রামলাল রাধাগোবিন্দ বন্দ্যোপাধ্যায় সেবাইত ৺ গোপাল দেব ঠাকুর	৬১৭/৬	এই মাহাল মধ্যে সাতকড়ী ঘোষ মজুমদার নিগরের পৃথক করিয়া লওয়া অংশ বাদে হিরালাল প্রামাণিক নিগরের এজমালী অংশ ৷৶২৮ তিলের কাত সদর জমা ১৭৩৸৶১১ টাকা নীলাম হইবেক বাকী রাজস্ব ১৯৫ পাই।

5. No person shall throw, deposit or discharge any night-soil, sewage or the contents of any drain, privy or cesspool into any river, tank, khal, water-course or receptacle for water, or dispose of the above mentioned kinds of offensive matters in any other way than as the Commissioners may from time to time direct.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 20.

6. No person shall burn, or cause to be burnt, any corpse on any ground which is not especially provided and defined for the purpose, and no person shall bury a corpse in a grave less than 4½ feet deep, so that there may be 3½ feet of earth over the corpse.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 20.

7. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse or part thereof to any burning ground shall burn, or cause the same to be burnt within three hours after its arrival at the said burning ground.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 20.

8. The persons who bring a corpse to be burnt shall cause the same, together with all clothes and other coverings of the corpse, to be completely reduced to ashes. Provided that where such persons through poverty are unable to provide means for completely reducing such corpse and coverings to ashes, they shall permit (or shall cause, if the Commissioners do not undertake this duty) such corpse and coverings to be forthwith buried within ground specially provided (by the Municipal Commissioners) for the purpose.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 20.

[*Government Gazette, 17th June* 1884.]

B চিহ্নিত ক্রোড়পত্র।

১৫ ধারামতে পরিদর্শনের রেজিষ্টরের পাঠ।

পরিদর্শনের তারিখ ও পরিদর্শনকারী কার্য্যকারকের নাম।	বাসাবাড়ীর নম্বর ও নাম।	পরিদর্শনের ফল।	মাজিষ্ট্রেট বা স্বাস্থ্যরক্ষক সাহেবের আজ্ঞা।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ১৩ মে।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩১৭ ধারামতে প্রদত্ত ক্ষমতা-ক্রমে কার্য্য করিয়া এবং সীতামঢ়ী মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে তিনি উক্ত আইনের ৩১১ ধারামতে উক্ত মুনিসিপল কমিশ্যনরদের প্রণীত উক্ত মুনিসিপালিটীর নিম্নলিখিত উপবিধি দৃঢ় করিবার কল্পনা করিয়াছেন।—

উপবিধি।

১। প্রতি মাসের প্রথম শনিবারে কমিশ্যনরদের নিয়মিত সাধারণ সভার অধিবেশন হইবে।

২। টাক্স আদায়কারি কোন কর্ম্মচারী কোন দাওয়ার পরিশোধে টাকা লইলে তাহার রসীদ দিবেন।

৩। কমিশ্যনরদের নিযুক্ত কোন ব্যক্তি কর্ম্মে শৈথিল্য করিলে তাঁহারা তাহার এক মাসের বেতনের অনধিক দণ্ড করিতে পারিবেন।

৪। কোন স্বামির কি দখীলকারের ঘরের কি বাড়ীর মধ্যে পাইখানা থাকিলে তিনি কোন নর্দ্দমায়, জলপ্রণালীতে, নদীতে, পুষ্করিণীতে, গর্ত্তে বা খাতে কিম্বা যাহাতে অকস্মণ্য ময়া জল দাঁড়ায় এমত কোন স্থানে সেই পাইখানার বিষ্ঠা মূত্র কি কোন প্রকার ময়লা দ্রব্য যাইতে কি পড়িতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৫। কোন ব্যক্তি বিষ্ঠা কি নর্দ্দমার ময়লা দ্রব্য কিম্বা কোন নর্দ্দমার কি পাইখানার কিম্বা কোন গলিজকুণ্ডের দ্রব্য কোন নদীতে, পুষ্করিণীতে, খালে, কি জলস্রোতে কি জলাধারে ফেলিবেন কি রাখিবেন কি পড়িতে দিবেন না, কিম্বা পূর্ব্বোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া যাহা করিতে হইবে বলিয়া মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ আদেশ করেন তদ্ভিন্ন অন্যরূপে কার্য্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৬। শব দাহ করিবার নিমিত্ত যে স্থান বিশেষমতে রক্ষিত ও নির্ণীত হয় নাই কোন ব্যক্তি এমত কোন স্থানে কোন শব দাহ করিবেন বা করাইবেন না, এবং কোন ব্যক্তি ৪॥ ফুটের কম গভীর কোন কবরে শব পুঁতিবেন না, কেন না শবের উপর ৩॥ ফুট মাটি চাপা দিতে হইবে।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৭। কোন ব্যক্তি শব দাহ করিবার স্থানে শব কি শবের কোন অংশ আনিলে কি বহন করিলে কি আনাইলে কি বহন করাইলে সেই স্থানে আনিবার পর তিন ঘণ্টার মধ্যে তাহা দাহ করিবে কি করাইবে।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৮। দাহ করিবার জন্যে যাঁহারা শব আনয়ন করেন তাঁহারা শবের বস্ত্র ও অন্যান্য আচ্ছাদন সুদ্ধ সমুদয় দ্রব্য সম্পূর্ণরূপে ভস্মসাৎ করাইবেন। কিন্তু দরিদ্রতা নিবন্ধন যাঁহারা শব ও আচ্ছাদন ভস্মসাৎ করিবার খরচ দিতে অপারক হন মুনিসিপল কমিশ্যনরেরা শবাদি প্রোথিত করিবার জন্যে বিশেষমতে যে স্থান রাখিয়াছেন তাঁহারা সেই স্থানে অবিলম্বে তাহা পুঁতিতে দিবেন বা (কমিশ্যনরের। সেই কার্য্যের ভার গ্রহণ না করিলে) পোতাইবেন।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪। ১৭ জুন।]

9. No person shall remove from any burial ground or (except for the purpose of burial as aforesaid) from any burning ground any clothes or coverings brought to such burial or burning ground with a corpse.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 50.

10. No one shall carry a corpse, or part of a corpse, through any highway unless it be decently covered and totally concealed from view.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 10.

11. No persons while carrying any corpse, or a part of a corpse, shall, except for the purpose of temporarily resting themselves, deposit it on or near any public highway.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 10.

12. No person shall put, or cause to be put, on any house or other building any spout or other thing intended for the conveyance or discharge of water, which shall be so placed that the water discharged therefrom injuriously affects, or tends to injuriously affect, any public road or drain.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 5; penalty for continued infringement after notice Re. 1, daily.

13. The Commissioners may give notice, in writing, to the owner of any building to which any spout or spouts may now be attached, from which water is discharged to the injury of any road or drain, to remove or alter the same within seven days in such a manner as they shall direct, and any person who shall fail to comply with such notice shall be liable to a fine not exceeding Rs. 10, and to a daily fine of Re. 1 until such requisition be complied with.

14. No persons shall allow any pigs to be at large in any public place, except when they are being removed from one place to another.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 20.

15. No person shall enlarge or deepen any existing tank, drain, channel or other excavation without the permission of the Commissioners.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 50.

16. No person shall cut sods or grass, or remove earth or grass, from the margin of any public road or from any public drain.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 20.

17. No person shall let off any fire-balloons, fire-works or fire-arms in or near any public road without the permission of the Commissioners, nor otherwise than as the Commissioners shall direct.

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 20.

18. No cart laden with bamboos shall use the public road within the limits of the municipality, unless it is attended by another man besides the driver

Penalty for infringement shall be a fine not exceeding Rs. 20.

E. N. BAKER,
Offg. Secretary to the Govt. of Bengal.

Third Publication.

NOTIFICATION.

The 13th May 1884.—In the exercise of the powers conferred on him by section 38 of Act IV (B.C.) of 1871, as amended by Act II (B.C.) of 1879 and Act I (B.C.) of 1884, the Lieutenant-Governor approves and confirms the following bye-laws, which have been framed for the town of Raneegunge, in the district of Burdwan, with the assent of the Health Officer of the town appointed under the Act for the management of all matters necessary for the due enforcement of the Act within the town of Raneegunge:—

BYE-LAWS UNDER SECTION 37, ACT IV (B.C.) OF 1871.

PART I.

On the appointment and constitution of a Committee to aid in carrying out Act IV (B.C.) of 1871 in the town of Raneegunge.

1. A Committee consisting of four official and four non-official members shall be appointed to assist the Sub-Divisional Officer and Health Officer in carrying out the provisions of the Act.

[*Government Gazette, 17th June*, 1884.]

৯। কোন ব্যক্তি শবের সঙ্গে আনীত কোন বস্ত্র বা আচ্ছাদন দ্রব্য কবর স্থানে বা দাহ করিবার স্থানে পূর্ব্বোক্তরূপ প্রোথিত করিবার অভিপ্রায় ভিন্ন অন্য অভিপ্রায়ে কোন কবর স্থান হইতে কিম্বা শব-দাহ স্থান হইতে স্থানান্তর করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫০৲ টাকার অনধিক দণ্ড।

১০। কোন ব্যক্তি কোন শব কি শবের অঙ্গ উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টি হইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন রাজ পথ দিয়া লইয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকার অনধিক দণ্ড।

১১। লোকে শব বা শবের কোন অংশ বহন করিবার সময়ে কিয়ৎকাল বিশ্রামার্থ ভিন্ন অন্য হেতুতে কোন রাজ পথে বা তন্নিকটে তাহা নামাইবে না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকার অনধিক দণ্ড।

১২। কোন ঘরের কি গাঁথনীর ছাদের জল পড়িয়া যাহাতে কোন সরকারী পথের বা নর্দ্দমার হানি হয় কিম্বা হানি হইবার সম্ভাবনা কোন ব্যক্তি জল যাইবার বা নির্গত হইবার এমত নল বা অন্য বিষয় বসাইবেন না কিম্বা অন্যকে বসাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর ক্রমাগত লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ১৲ এক টাকা দণ্ড হইতে পারিবে।

১৩। কোন পথের বা নর্দ্দমার হানিজনকভাবে কোন ঘরের ছাদের জল পড়িবার এক বা অধিক নল এখন লাগান থাকিলে, কমিশানরেরা ঐ ঘরের স্বামির উপর লিখিত নোটিস দিয়া তাঁহাদের আদেশ-মতে ৭ সাত দিনের মধ্যে ঐ নল তুলিয়া ফেলিবার বা পরিবর্ত্তন করিবার আজ্ঞা করিতে পারিবেন; ও কোন ব্যক্তি ঐ নোটিস অনুযায়ি কর্ম্ম করিতে ত্রুটি করিলে তাঁহার ১০৲ দশ টাকার অনধিক দণ্ড, ও যত দিন সেই আদেশমত কর্ম্ম করা না যায় তাহার দিন প্রতি তাঁহার ১৲ এক টাকা দণ্ড হইতে পারিবে।

১৪। কোন ব্যক্তি এক স্থান হইতে অন্য স্থানে লইয়া যাইবার সময় ভিন্ন সরকারী কোন স্থানে শূকর ছাড়িয়া দিবে না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

১৫। এখন যে পুষ্করিণী, নর্দ্দমা, জলপথ বা অন্য খাত আছে কোন ব্যক্তি কমিশানরদের অনুমতি বিনা তাহা বৃদ্ধি বা গভীর করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক দণ্ড।

১৬। কোন ব্যক্তি সরকারী কোন পথের পার্শ্ব হইতে বা সরকারী কোন নর্দ্দমা হইতে ঘাসের চাপড়া কি ঘাস কাটিবেন না বা মাটী বা ঘাস উঠাইয়া লইবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

১৭। মুনিসিপল কমিশানরদের অনুমতি না পাইলে কিম্বা কমিশানরেরা যেরূপে আদেশ করেন তদ্ভিন্ন অন্যরূপে কোন ব্যক্তি সরকারী কোন রাস্তায় কি রাস্তার নিকট অগ্নির বেলুন কি আতসবাজি কি আগ্নেয় অস্ত্র ছুড়িবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

১৮। গাড়ুয়ান ভিন্ন আর এক জন লোক সঙ্গে না থাকিলে কোন গরুরগাড়ী বাঁশ বোঝাই করিয়া মুনিসিপালিটীর সীমার অন্তর্গত সরকারী পথ দিয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকার অনধিক দণ্ড।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ১৩ মে।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৯ সালের বঙ্গীয় ২ আইনদ্বারা ও ১৮৮৪ সালের বঙ্গীয় ১ আইনদ্বারা সংশোধিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের ৩৮ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তদনুসারে কার্য্য করিয়া তিনি বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জ নগরের মধ্যে উক্ত আইন উপযুক্তমতে প্রবল করণার্থ প্রয়োজনীয় সকল বিষয়ের কার্য্য নির্ব্বাহার্থে এই আইনমতে নিযুক্ত স্বাস্থ্যরক্ষক সাহেবের সম্মতিক্রমে উক্ত নগরের নিমিত্ত প্রণীত নিম্নলিখিত উপবিধি অনুমোদন ও দৃঢ় করিলেন।

১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের ৩৭ ধারামত উপবিধি।

প্রথম খণ্ড।

১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের উদ্দেশ্য সফল করণকার্য্যে সাহায্যার্থ রাণীগঞ্জ নগরে কমিটী নিয়োগ ও সংস্থাপনের কথা।

১। এই আইনের বিধান সফল করণকার্য্যে মহকুমার কর্তৃপক্ষ ও স্বাস্থ্যরক্ষক সাহেবের সাহায্য করণার্থ রাজকীয় চারিজন কার্য্যকারককে ও যাঁহারা রাজকীয় কার্য্যকারক নহেন এমত চারিজনকে লইয়া কমিটী নিযুক্ত করা হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৭ জুন।]

2. On the 1st of March in each year the Sub-Divisional Officer shall nominate the members to serve on the Committee during the ensuing official year, and shall report the nomination for the sanction of the Local Government.

3. In the event of the death, removal or resignation of any member of the Committee during his year of office, an official member shall be succeeded by the successor to his appointment or any other official; and in the case of a non-official member, his successor shall be appointed by the remainder of the Committee.

Part II.

Rules for the conduct of business.

4. A meeting of the Local Committee appointed by the Local Government to assist the Sub-Divisional Officer and the Health Officer to carry out the provisions of the Act shall be held for the transaction of business and inspection of accounts at the sub-divisional office on the 15th of every month not being a Sunday or holiday, in which case the meeting shall be held on the next open office day, provided that it shall be lawful for the Sub-Divisional Officer to call a meeting at any other time during the month, recording his reasons for doing so.

5. Notice of every meeting shall be given to each member at least four clear days before the day appointed for the meeting.

6. No question shall be finally decided on the first occasion it is brought before the Committee, unless the nature of the question has been fully described in the notice prescribed by the last bye-law.

7. The subject or subjects brought before the Committee shall be decided by a majority of votes. In the event of divisions, the Sub-Divisional Officer, or, in his absence, the Health Officer, shall have a casting vote.

8. The Health Officer shall be *ex-officio* Secretary to the Committee, and the Sub-Divisional Officer, President. The proceedings of every meeting shall be recorded by the Secretary in a book kept for the purpose.

Part III.

On the receipt and disbursement of moneys under the Act.

9. On the 15th October in each year, a budget of probable receipts and of proposed expenditure during the ensuing year shall be submitted for the sanction of the Government.

10. It shall be competent for the Committee, subject to the orders of Government to transfer sums from one item of the budget to another, provided that the total expenditure be not exceeded, and provided that an annual review of the same be submitted to the Commissioner.

11. In forming every annual estimate, an amount not exceeding 25 per cent. shall be reserved for emergent contingencies, such as a sudden outbreak of cholera and sickness, and necessity for employment of extra and special establishment.

12. At the close of every year, the Sub-Divisional Officer shall submit a report on the working of the Act during the year, showing the works of improvement and conservancy carried out, and a detailed account of the receipts and expenditure during the year, and the balance in hand at its close. This report shall be forwarded through the Commissioner to Government.

Part IV.

Miscellaneous.

13. Every lodging-house keeper taking out a license under this Act shall provide himself with a copy of the Act, and with a printed copy of the notice prescribed in section 14 of the Act, which notice shall be in the form shown in appendix A of these bye-laws.

14. The register referred to in section 15 of the Act shall be in the form shown in appendix B of these bye-laws.

[*Government Gazette*, 17*th June* 1884.]

২। রাজকীয় কোন বৎসরে যে ব্যক্তি কমিটীর অন্তর্গত থাকিবেন মহকুমার কর্ত্তৃপক্ষ তৎপূর্ব্ব বৎসরের মার্চ্চ মাসের ১ তারিখে তাঁহাদের নাম লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদন জন্য প্রেরণ করিবেন।

৩। কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি পদস্থ থাকিবার সেই বৎসরের মধ্যে মরিলে কি পদচ্যুত হইলে কি পদ ত্যাগ করিলে, তিনি রাজকীয় পদস্থ হইলে যে ব্যক্তি তাঁহার পদ প্রাপ্ত হন তিনি কিম্বা রাজকীয় অন্য কার্য্যকারক তৎস্থানে কমিটীর মেম্বর হইবেন। তিনি রাজকীয় কার্য্যকারক না হইলে কমিটীর অবশিষ্ট ব্যক্তিরা তাঁহার পরিবর্ত্তে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবেন।

দ্বিতীয় খণ্ড।

কার্য্য চালাইবার বিধি।

৪। আইনের বিধান সফল করণকার্য্যে মহকুমার কর্ত্তৃপক্ষ ও স্বাস্থ্যরক্ষক সাহেবের সাহায্য করণার্থে স্থানীয় গবর্ণমেণ্ট যে স্থানীয় কমিটী নিযুক্ত করেন তাঁহারা প্রতি মাসের ১৫ তারিখে কার্য্য নিষ্পাদন করিবার ও হিসাব দেখিবার জন্যে মহকুমার কর্ত্তৃপক্ষের কাছারীতে অধিবেশন করিবেন। সেই ১৫ তারিখ রবিবার কি বন্দের দিন হইলে, তৎপশ্চাৎ যে দিনে কাছারী খোলা হয় সেই দিনে অধিবেশন করিবেন। কিন্তু মহকুমার কর্ত্তৃপক্ষ মাসের মধ্যে অন্য কোন দিনে কমিটীর অন্তর্গত ব্যক্তিদিগকে আহ্বান করিতে চাহিলে কারণ লিখিয়া অধিবেশন করাইতে পারিবেন।

৫। অধিবেশনের যে দিন নিরূপণ হয় তাহার অন্ততঃ সম্পূর্ণ চারি দিন থাকিতে প্রত্যেক জন মেম্বরকে ঐ অধিবেশনের নোটিস দেওয়া যাইবে।

৬। ইহার পূর্ব্ব ধারায় যে নোটিস দিবার বিধান হইয়াছে তন্মধ্যে অধিবেশনকালীন বিবেচ্য বিষয়ের ভাব সম্পূর্ণরূপে নির্দ্দিষ্ট না থাকিলে, কোন বিষয় প্রথমবার কমিটীর সম্মুখে উপস্থিত করা গেলেই চূড়ান্তরূপে নিষ্পত্তি করা যাইবে না।

৭। কমিটীর সম্মুখে যে কোন বা যে বিষয় উপস্থিত করা যায় কমিটীর অন্তর্গত অধিকাংশ ব্যক্তিদের মতানুসারে সেই বা সেই বিষয়ের মীমাংসা হইবে। মতভেদ হইলে মহকুমার কর্ত্তৃপক্ষ কিম্বা তাঁহার অনুপস্থানে স্বাস্থ্যরক্ষক সাহেব দ্বিতীয় মত দিতে পারিবেন।

৮। স্বীয় পদোপলক্ষে স্বাস্থ্যরক্ষক সাহেব কমিটীর সেক্রেটরী ও মহকুমার কর্ত্তৃপক্ষ সভাপতি হইবেন। সেক্রেটরী একখানা বহী রাখিয়া তন্মধ্যে প্রত্যেক অধিবেশনকালীন কার্য্যের বিবরণ লিখিবেন।

তৃতীয় খণ্ড।

এই আইনমতে টাকা জমা ও খরচ করিবার বিধি।

৯। প্রতিবৎসর অক্টোবর মাসের ১৫ তারিখে আগামি বৎসরের সম্ভাবিত জমার ও প্রস্তাবিত খরচের অনুমানপত্র গবর্ণমেণ্টের অনুমোদনার্থে অর্পণ করা যাইবে।

১০। কমিটী গবর্ণমেণ্টের আজ্ঞা বিনে অনুমানপত্রের লিখিত কোন টাকা এক দফা হইতে উঠাইয়া অন্য দফায় দিতে পারিবেন; কিন্তু মোট টাকার অধিক খরচ না হওয়া ও বৎসরের তাহার সমালোচন-পত্র কমিশনর সাহেবের সম্মুখে অর্পণ করা আবশ্যক।

১১। বৎসরের মধ্যে ওলাউঠা কি অন্য রোগের সঞ্চার হইবার সম্ভাবনা প্রযুক্ত অতিরিক্ত ও বিশেষ আমলাগণ নিযুক্ত করা আবশ্যক হইতে পারে ইত্যাদি কারণে বৎসরের অনুমানপত্র প্রস্তুত করিতে গেলে অত্যাবশ্যক স্থলের নৈমিত্তিক খরচ বলিয়া শত করা ২৫ টাকার অনধিক ধরিতে হইবে।

১২। নগর সৌষ্ঠব ও পরিষ্কার করণের কিরূপ কার্য্য করা নিয়মিত হইয়াছে তাহা ও কত টাকা জমা ও খরচ হইয়াছে তাহার বিস্তারিত হিসাব ও বৎসরের অবসানে কত টাকা উদ্বৃত্ত রহিল তাহা লিখিয়া মহকুমার কর্ত্তৃপক্ষ বৎসরের মধ্যে আইনমত কার্য্য কিরূপে চলিয়াছে প্রতি বৎসরের শেষে ইহার রিপোর্ট অর্পণ করিবেন। এই রিপোর্ট কমিশনর সাহেবের দ্বারা গবর্ণমেণ্টের নিকট পাঠান যাইবে।

চতুর্থ খণ্ড।

বিবিধ বিধি।

১৩। যে ব্যক্তি বাসাবাড়ী রাখিবার জন্য এই আইনমতে লাইসেন্স লন, তিনি এই আইনের একেত্তা ও আইনের ১৪ ধারার নির্দ্দিষ্ট একেত্তা ছাপা নোটিস আনাইয়া লইবেন। সেই নোটিস এই উপবিধির A চিহ্নিত ক্রোড়পত্রের পাঠানুসারে লেখা যাইবে।

১৪। আইনের ১৫ ধারায় যে রেজিষ্টরের উল্লেখ হইয়াছে তাহা এই উপবিধির B চিহ্নিত ক্রোড়-পত্রের পাঠানুসারে লিখিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৭ জুন।]

15. There shall be hung up in each compartment of a lodging-house a board on which shall be legibly written in English and Bengali the dimensions of such compartment and the number of lodgers it can properly accommodate, and this board shall bear the signature of the Health Officer.

The penalty for infringement after notice shall be a fine not exceeding Rs. 2 daily.

16. Every lodging house or hotel-keeper shall be bound, on requisition by the Health Officer, to provide himself with tickets or tokens bearing consecutive numbers, and to furnish each of his lodgers with one of such tickets or tokens.

17. For the purpose of this Act the year shall be considered to commence from 1st April, and all licenses shall run from that date.

APPENDIX A.

Form of Notice under Section 14.

Lodging-house No. .

Proprietor (or Manager) A. B.

Licensed to accommodate ——— Lodgers.

Signature.

APPENDIX B.

Form of Inspection Register under Section 15.

Date of inspection and name of inspecting officer.	Number and name of lodging houses.	Result of inspection.	Order by Magistrate or Health Office

E. N. BAKER,
Offg. Secretary to the Govt. of Bengal.

[Third Publication.]

NOTIFICATION.

The 15th May 1884.—It is hereby notified for general information that, in the exercise of the powers conferred upon them by section 314 of Act V (B.C.) of 1876, the Lieutenant-Governor intends to confirm the following bye-laws, which have been framed by the Commissioners of the Nasirabad Municipality at a meeting under section 313 of the Act, unless good reasons be shown to the contrary within one month from the date of publication of this notification within the above municipality.

Additional bye-laws for the Nasirabad Municipality.

I. No person shall perform any office of nature in any place outside private premises other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 5.

II. No person shall build, or cause to be built, any latrine or urinal, or shall deposit or cause to be deposited, filth, dirt or dung, within ten feet of any public road, or public drain, or private drain leading to a public one.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10.

III. Any one tethering cattle or driving bullock carts on the "course" shall be liable to a fine not exceeding Rs. 5.

IV. No person shall let loose, or cause or allow to be let loose, any horse, pony, cattle pig, goat, sheep or donkey on the public roads, lanes or pathways within municipal limits and no person shall tether or graze cattle, horse, pony, pig, goat, sheep or donkey or other animals, or cause them to be tethered, or cause or allow them to stray on any public highway.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 5.

[*Government Gazette, 17th June* 1884.]

১৫। বাসাবাড়ীর প্রত্যেক ঘর কত লম্বা ও চৌড়া ও তাহার মধ্যে কতজন যাত্রী স্বচ্ছন্দে থাকিতে পারে এই কথা তক্তায় ইংরাজী ও বাঙ্গালা ভাষায় স্পষ্ট লিখিত হইয়া সেই২ ঘরে লটকান থাকিবে ও সেই তক্তায় স্বাস্থ্যরক্ষক সাহেবের স্বাক্ষর থাকিবে।

নোটিস পাইবার পর লংঙ্ঘন হইলে প্রতিদিন ২৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

১৬। স্বাস্থ্যরক্ষক সাহেব আজ্ঞা দিলে বাসাবাড়ী বা হোটেলের প্রত্যেক জন রক্ষক কএকখানি টিকিট লইয়া নিকটে রাখিবেন; সেই সকল টিকিটে একাদক্রমে নম্বর দেওয়া যাইবে। ঐ বাড়ীর মধ্যে যতজন আসিয়া থাকে তাহাদের প্রত্যেক জনকে এরূপ এক২ খান টিকিট দিতে হইবে।

১৭। এই আইনের কার্য্যপক্ষে আপ্রিল মাসের ১ তারিখ বৎসরের আরম্ভ বলিয়া জ্ঞান করিতে হইবে ও উক্ত তারিখ অবধি সকল লাইসেন্স পত্র চলিবে।

A চিহ্নিত ফোড়পত্র।

১৪ ধারামত নোটিসের পাঠ।

বাসাবাড়ী নম্বর
মালিক (বা কার্য্যাধ্যক্ষ) ক, খ।
এত জন যাত্রিদের স্থান দিবার লাইসেন্স প্রাপ্ত।

(স্বাক্ষর)

B চিহ্নিত ফোড়পত্র।

১৫ ধারামত পরিদর্শনের রেজিষ্টরের পাঠ।

পরিদর্শনের তারিখ ও পরিদর্শনকারি কার্য্যকারকের নাম।	বাসাবাড়ীর নম্বর ও নাম।	পরিদর্শনের ফল।	মাজিষ্ট্রেট বা স্বাস্থ্য রক্ষক সাহেবের আজ্ঞা।

ই. এন, ে কার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৮২ সাল ১৫ মে।—সাধারণের অবগতার্থে এদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নসিরাবাদ মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশ হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিযুক্ত বিপক্ষ কারণ দর্শান না গেলে, শ্রীযুত সেক্রেটেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩১৪ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি উক্ত আইনের ৩১৩ ধারামতে উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশানরদের প্রণীত নিম্নলিখিত উপবিধি দৃঢ় করিবার কল্পনা করিয়াছেন।

নসিরাবাদ মুনিসিপালিটীর অতিরিক্ত উপবিধি।

১। কমিশানরেরা যে স্থান নির্দ্দিষ্ট করিয়া দেন ও তদ্ভিন্ন ব্যক্তিবিশেষের বাড়ীর বাহিরের কোন স্থানে কোন ব্যক্তি মলমূত্র ত্যাগ করিবেন না, কিন্তু সেই স্থান কমিশানরদের স্বতন্ত্র করিয়া রাখিতে হইবে।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

২। কোন ব্যক্তি সরকারী রাস্তার কি সরকারী নর্দ্দমার কিম্বা ব্যক্তি বিশেষের যে নর্দ্দমা সরকারী নর্দ্দমা পর্য্যন্ত যায় তাহার দশ ফুটের মধ্যে কোন পাইখানা বা মূত্রত্যাগের স্থান গাঁথিবেন বা গাঁথাইবেন না, কিম্বা ময়লা কি গলিজদ্রব্য বা গোবর জমা করিবেন বা করাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড।

৩। কোন ব্যক্তি "ঘোড় দৌড়ের পথে" গবাদি বাঁধিয়া দিলে বা গরুর গাড়ী চালাইলে তাহার ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৪। কোন ব্যক্তি মুনিসিপল সীমার অন্তর্গত সরকারী পথে, গলি পথে বা হাঁটিয়া যাইবার পথে কোন ঘোড়া, টাটু, গবাদি, শূকর, ছাগল, ভেড়া, বা গাধা আল্গা ছাড়িয়া দিবেন কি দেওয়াইবেন না কি দিতে দিবেন না এবং কোন ব্যক্তি গবাদি, ঘোড়া, টাটু, শূকর, ছাগল, ভেড়া বা গাধা বা অন্য জন্তু সরকারী কোন বড় রাস্তায় বাঁধিয়া দিবেন বা চরিতে দিবেন না, বা বাঁধাইবেন না, কিম্বা আলগা যাইতে দিবেন বা দেওয়াইবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৭ জুন।]

V. Every driver of a carriage, cart or vehicle must keep to his left while passing another carriage, cart or vehicle moving in the opposite direction along any public road.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 2.

E. N. BAKER,
Offg. Secretary to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 2031A.

The 25th May 1884.—Baboo Dwarka Nath Mitter, Second Subordinate Judge of Bhagulpore, is allowed leave for one month under Rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the 28th instant, or such subsequent date as he may avail himself of it.

The 30th May 1884.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Mohunt Bhugwan Dass of his appointment as an Honorary Magistrate of the Madhubani Bench in the district of Durbhungah.

Baboo Sarbanand Das, Munsif of Bongong, is appointed to be a Munsif of the Munsifees in Bongong and Jhenida, in the district of Jessore, and to be ordinarily stationed at Bongong.

The 2nd June 1884.—Mr. A. Earle, Assistant Magistrate and Collector, Tajpore, Durbhunga, is vested with the power to try summarily the offences mentioned in section 260 of the Code of Criminal Procedure.

Mr. C. R. Marriott, Officiating Joint Magistrate and Deputy Collector of Dacca, is vested with powers under sections 133, 136, 260, and 524 of the Code of Criminal Procedure.

Baboo Juggut Chunder Shome, Deputy Magistrate and Deputy Collector, Howrah, is vested with the powers of a Magistrate of the second class.

Baboo Krishna Chunder Roy is appointed to be an Honorary Magistrate for the Naihati Bench, in the 24-Pergunnahs, and is vested with the powers of a Magistrate of the third class.

Baboo Jogo Bundhu Gangooli, Subordinate Judge of Dinagepore, is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the amount of Rs. 100.

The 5th June 1884.—Baboo Gunga Narain Roy, Officiating Deputy Magistrate and Deputy Collector, Nuddea, is vested with the powers of a Magistrate of the third class.

The 3rd June 1884.—Baboo Harihar Charan Lal, temporary Munsif of the first grade, is confirmed in that grade, *vice* Baboo Madhub Chunder Chuckerbutty confirmed in the third grade of Subordinate Judges.

Baboo Uma Kant Coatterjee, temporary Munsif of the first grade, is confirmed in that grade, *vice* Baboo Kanai Lal Mookerjee confirmed in the third grade of Subordinate Judges.

Baboo Haris Chandra Sen, temporary Munsif of the second grade, is confirmed in that grade, *vice* Baboo Harihar Charan Lal.

Baboo Srigopal Chatterjee, temporary Munsif of the second grade, is confirmed in that grade, *vice* Baboo Uma Kant Chatterjee.

Baboo Raj Narayan Chakravarti, temporary Munsif of the third grade, is confirmed in that grade, *vice* Baboo Haris Chandra Sen.

Baboo Kalipodo Mookerjee, temporary Munsif of the third grade, is confirmed in that grade, *vice* Baboo Srigopal Chatterjee.

[*Government Gazette*, 17*th June* 1884.]

৫। ঘোড়ার গাড়ীর, গরুর গাড়ীর বা যানের প্রত্যেক চালক সরকারী কোন পথ দিয়া সম্মুখে অন্য ঘোড়ার গাড়ী, গরুর গাড়ী বা যান আসিতেছে দেখিলে তাহার নিকট দিয়া যাইবার সময়ে আপন বাম দিক দিয়া যাইবে।

এই বিধি লঙ্ঘনের ২৲ দুই টাকার অনধিক দণ্ড।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২০৩১A নম্বর।

১৮৮৪ সাল ২৫ মে।—ভাগলপুরের দ্বিতীয় সবডিবিসনের জজ শ্রীযুত বাবু দ্বারকানাথ মিত্র এই মাসের ২৮ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ৩০ মে।—শ্রীযুত মোহন্ত ভগবান দাস দ্বারভাঙ্গা জিলার অন্তর্গত মধুবনি বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেটস্বরূপ স্বীয় পদত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

বনগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু সচ্চিদানন্দ দাস যশোহর জিলার অন্তর্গত বনগাঁ ও মিলিয়া মুনসেফীর মুনসেফের পদে নিযুক্ত হইয়া সাময়িকতঃ বনগাঁয়ে অবস্থাপিত হইলেন।

১৮৮৪ সাল ২ জুন।—দ্বারভঙ্গার অন্তর্গত তাজপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, অরল সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ২৬০ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

ঢাকার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, আর, মেরিয়ট সাহব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ১৩৩, ১৮৯, ২১০ ও ৫২৪ ধারামত ক্ষমতা পাইলেন।

কাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগচ্চন্দ্র সোম দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র রায় ২৪ পরগনার অন্তর্গত নৈহাটী বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

দিনাজপুরের সবডিবিসনের জজ শ্রীযুত বাবু জগদ্বন্ধু গঙ্গোপাধ্যায়, ছোট আদালতের বিচার্য্য ১০০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

১৮৮৪ সাল ৫ জুন।—নদীয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যজ্ঞনারায়ণ রায় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮৪ সাল ৩ জুন।—শ্রীযুত বাবু মাধবচন্দ্র চক্রবর্ত্তী সবডিবিসনে জজদের তৃতীয় শ্রেণীতে স্থায়ীরূপে নিযুক্ত হওয়াতে প্রথম শ্রেণীর কিয়ৎকালীন মুন্সেফ শ্রীযুত বাবু হরিহরচরণ লাল সেই শ্রেণীতে স্থায়ীরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কালীলাল মুখোপাধ্যায় সবডিবিসনে জজদের তৃতীয় শ্রেণীতে স্থায়ীরূপে নিযুক্ত হওয়াতে প্রথম শ্রেণীর কিয়ৎকালীন মুন্সেফ শ্রীযুত বাবু উমাকান্ত চট্টোপাধ্যায়, সেই শ্রেণীতে স্থায়ীরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু হরিহরচরণ লালের পরিবর্ত্তে দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন মুন্সেফ শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র সেন, সেই শ্রেণীতে স্থায়ীরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু উমাকান্ত চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন মুন্সেফ শ্রীযুত বাবু শ্রীগোপাল চট্টোপাধ্যায়, সেই শ্রেণীতে স্থায়ীরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র সেনের পরিবর্ত্তে তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন মুনসেফ শ্রীযুত বাবু রাজনারায়ণ চক্রবর্ত্তী সেই শ্রেণীতে স্থায়ীরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শ্রীগোপাল চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন মুন্সেফ শ্রীযুত বাবু কালীপদ মুখোপাধ্যায় সেই শ্রেণীতে স্থায়ীরূপে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৭ জুন।]

Moulvie Hamiduddin, temporary Munsif of the fourth grade, is confirmed in that grade *vice* Baboo Raj Narayan Chakravarti.

Baboo Khetter Nath Dutt, temporary Munsif of the fourth grade, is confirmed in that grade, *vice* Baboo Kali Podo Mookerjee.

Baboo Chakrodhar Prosad, Munsif of Raghunathpore, in Manbhoom, is promoted temporarily to the first grade of Munsifs, *vice* Baboo Harihar Charan Lal.

Baboo Prasanna Kumar Sen, Munsif of Ramporehat, in Beerbhoom, is promoted temporarily to the first grade of Munsifs, *vice* Baboo Umakant Chatterjee.

Baboo Kalidhan Chatterjee, Munsif of Habigunge, in Sylhet, is promoted temporarily to the second grade of Munsifs, *vice* Baboo Haris Chandra Sen.

Baboo Bhuban Mohan Ghosh, Munsif of Satkhira, in Khoolna, is promoted temporarily to the second grade of Munsifs, *vice* Baboo Srigopal Chatterjee.

Baboo Kali Krishna Chowdry, Munsif of Porce, is promoted temporarily to the third grade of Munsifs, *vice* Baboo Raj Narayan Chakravarti.

Baboo Aghore Chandra Hazra, Munsif of Bogra, is promoted temporarily to the third grade of Munsifs, *vice* Baboo Kali Podo Mookerjee.

Baboo Gopal Chandra Basu, officiating Munsif of Munshigunge, Dacca, is promoted temporarily to the 1th grade of Munsifs, *vice* Moulvie Hamiduddin.

Baboo Gopal Krishna Ghosh, officiating Munsif of Kurigram, Rungpore, is promoted temporarily to the fourth grade of Munsifs, *vice* Baboo Khettra Nath Dutt.

GRANT OF LEAVE TO MUNSIFS.—*The 4th June* 1884.—Baboo Ramyad Lall, First Munsif of Chuprah, in the district of Sarun, is allowed leave for two months, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 2nd June 1884.—It is hereby notified that the Lieutenant-Governor sanctions, the extension of the provisions of section 34 of Act V of 1861 to the town of Chogdah in the District of Nuddea. The said provisions shall have effect within the limits of the town of Chogdah as laid down in the notification of Government dated the 31st May 1861, published at page 1548 of the *Calcutta Gazette* of the 8th June 1861, extending Act XX of 1856 to that town.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 4th June 1884.—It is hereby notified that the Lieutenant-Governor sanctions the extension of the provisions of section 34 of Act V of 1861 to Bagirhat, in the District of Khoolnah. The said provisions shall have effect within the following limits:—

Bagirhat locality—bounded on the north and west by the road passing by north of the old bazar and joining to the Karapara road, on the south by the Bediapara Khal, and on the east by the river Bhairab.

F. B. PEACOCK,
Secretary to the Government of Bengal

PUBLIC WORKS DEPARTMENT—BENGAL.

The 4th June 1884.

No. 225.—*Leave.*—Mr. W. E. Newham, Assistant Engineer, first grade, Benares-Cuttack Railway Surveys, is granted 3 months' privilege leave from the date he may be allowed to avail himself of the same.

[*Government Gazette, 17th June* 1884.]

শ্রীযুত বাবু রাজনারায়ণ চক্রবর্ত্তীর পরিবর্ত্তে চতুর্থ শ্রেণীর কিয়ৎকালীন মুন্সেফ শ্রীযুত মৌলবী হামিদুদ্দীন সেই শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কালীপদ মুখোপাধ্যায়ের পরিবর্ত্তে চতুর্থ শ্রেণীর কিয়ৎকালীন মুন্সেফ শ্রীযুত বাবু ক্ষেত্রনাথ দত্ত সেই শ্রেণীতে স্থায়ীরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু হরিচরণ লালের পরিবর্ত্তে মানভূমের অন্তর্গত রঘুনাথপুরের মুন্সেফ শ্রীযুত বাবু চক্রধর প্রসাদ কিয়ৎকালের নিমিত্তে মুন্সেফদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু উমাকান্ত চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে বীরভূমের অন্তর্গত রামপুরহাটের মুন্সেফ শ্রীযুত বাবু প্রসন্নকুমার সেন কিয়ৎকালের নিমিত্তে মুন্সেফদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র সেনের পরিবর্ত্তে হুগলীর অন্তর্গত তমলুকের মুন্সেফ শ্রীযুত বাবু কালীধন চট্টোপাধ্যায়, কিয়ৎকালের নিমিত্তে মুন্সেফদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শ্রীগোপাল চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে খুলনার অন্তর্গত সাতক্ষীরার মুন্সেফ শ্রীযুত বাবু ভুবনমোহন ঘোষ কিয়ৎকালের নিমিত্ত মুন্সেফদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু রাজনারায়ণ চক্রবর্ত্তীর পরিবর্ত্তে পুরীর মুন্সেফ শ্রীযুত বাবু কালীকৃষ্ণ চৌধুরী কিয়ৎকালের নিমিত্ত মুন্সেফদের তৃতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কালীপদ মুখোপাধ্যায়ের পরিবর্ত্তে বগুড়ার মুন্সেফ শ্রীযুত বাবু অঘোরচন্দ্র হাজরা কিয়ৎকালের নিমিত্তে মুন্সেফদের তৃতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী হামিদুদ্দীনের পরিবর্ত্তে ঢাকার অন্তর্গত মুন্সীগঞ্জের একটিং মুন্সেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র বসু কিয়ৎকালের নিমিত্তে মুন্সেফদের চতুর্থ শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু ক্ষেত্রনাথ দত্তের পরিবর্ত্তে রঙ্গপুরের অন্তর্গত কুড়িগ্রামের একটিং মুন্সেফ শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ ঘোষ কিয়ৎকালের নিমিত্তে মুন্সেফদের চতুর্থ শ্রেণীভুক্ত হইলেন।

মুন্সেফদের ছুটী।—১৮৮৪ সাল ৪ জুন।—সারণ জিলার অন্তর্গত ছাপরার প্রথম মুন্সেফ শ্রীযুত বাবু রামনাদ লাল যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিষয় ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইলেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২ জুন।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নদীয়া জিলার অন্তর্গত চাগদানগরে ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান প্রচলিত হইবার অনুমতি দিলেন। চাগদানগরে ১৮৫৬ সালের ২০ আইন প্রচলিত করণার্থ ১৮৬১ সালের ১১ জুনের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৩২১ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৬১ সালের ৩১ মে তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনের লিখিত উক্ত নগরের সীমার মধ্যে উক্ত বিধান ফলবৎ হইবে।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৪ জুন।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব খুলনা জিলার অন্তর্গত বাগিরহাট ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান প্রচলিত হইবার অনুমতি দিলেন। উক্ত বিধান নিম্নলিখিত সীমার মধ্যে ফলবৎ হইবে,—

বাগিরহাট।—উত্তর ও পশ্চিম সীমা পুরাতন বাজারের উত্তরদিক দিয়া যে পথগিয়া করপাড়া পথে মিলে সেই পথ দক্ষিণ সীমা বেদিয়া পাড়া খাল, এবং পূর্ব্ব সীমা ভৈরব নদ।

এফ, বি, পীকক।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৮৪ সাল ৪ জুন।

২২৫ নম্বর।—ছুটী।—বারাণসী-কটক রেলওয়ে সরবের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, ই, নিউহাম সাহেব যে তারিখে ছুটী গ্রহণের অনুমতি পান তদবধি তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৭ জুন।]

The 6th June 1884.

No. 226.—The services of Mr. H. H. Green, Assistant Engineer, second grade, Calcutta Workshop, are temporarily placed at the disposal of the Railway Branch.

The 9th June 1884.

No. 227.—*Notification.*—Mr. B. K. Finnimore, Assistant Engineer, second grade Darjeeling Division, passed the colloquial examination in Hindustani on the 8th April 1884.

No 228.—*Leave.*—Mr. W. H. Marten, Deputy Examiner, first grade, is granted 15 days' extraordinary leave without allowances under section 134 of the Civil Leave Code 6th edition) from the 5th to 19th May 1884, both days inclusive.

IRRIGATION.

The 9th June 1884.

No. 229.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for construction of a retired line of embankment at Mouzas Rampur Rubra and Kone, Pergunnah Goah, District Sarun, it is hereby declared that for the above purpose a strip of land measuring more or less 9 acres 1 rood 36 poles, bounded on the north by cultivated rubbee land of Surbjoog Singh, Nundoo Singh, and Ramprosad Singh, south by cultivated rubbee land of Surbjoog Singh, Nundoo Singh, and Ramprosad Singh, east by Sarun Embankment, and west by Sarun Embankment, is required.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 230.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for Nenooaon Sub-Distributaries, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 5 miles in length and varying from 40 feet to 155 feet in width and containing an area of 71 acres 2 roods and 37 poles more or less, and passing through mouzahs Banaat, Mathila, Moogaon, Kopawa, Kassia, Akoni, Ataon, and Nenooaon in pergunnah Bhojepore, is required in the district of Shahabad.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 231.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the Basoonie Distributary, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 7 miles in length and varying from 80 feet to 160 feet in width, and containing an area of 112 acres 2 roods and 21 poles of land more or less, and passing through mouzahs Tarakand, Pa[illegible] Lalgunge Kuwantena, Baranha, Purmanundpore, Kunjharna, Mathia, Lahara, and Chaura in pergunnah Bhojepore, is required in the district of Shahabad.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

RAILWAY

The 9th June 1884.

No. 232.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for extension of brick field of the East Indian Railway Company, in mouzahs Bamoongachy and Lelhooah, pergunnah Boroe, zillah Hoogly, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 2 acres 3 roods 10 poles or 8 beeghas 10 cottahs 2 chittacks of standard measurement, bounded on the north by garden belonging to Ram Chunder Acharjee, on the west by paddy lands held by Byeanto Nauth Chuckerbutty, Mohinesoonun Ghose, Joynarain Pramanick, Herash Mollah, Sherif Mollah and garden of Shaik Komoroodeen Moonshee, on the south by garden belonging to Joma Khan, and on the east by East Indian Railway brick-field, is required within the aforesaid villages of Bamoongachy and Lelhooah.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

[*Government Gazette*, 17*th June* 1884.]

১৮৮৪ সাল ৬ জুন।

২২৬ নম্বর।—কলিকাতার ওয়ার্কশপের দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এচ, এচ, গ্রীন সাহেব কিয়ৎকালের নিমিত্তে রেলওয়ে শাখার আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

১৮৮৪ সাল ৯ জুন।

২২৭ নম্বর।—বিজ্ঞাপন।—দার্জিলিঙ্গ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বি, কে ফিনিমোর সাহেব ১৮৮৪ সালের ৮ আপ্রিলে চলিত হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

২২৮ নম্বর।—ছুটী।—প্রথম শ্রেণীর ডেপুটী হিসাব পরীক্ষক শ্রীযুত ডবলিউ, এচ, মার্টেন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ষষ্ঠ সংস্করণের ১৩৪ ধারামতে ১৮৮৪ সালের মে মাসের ৫ তারিখ অবধি ১৯ তারিখ পর্য্যন্ত বিনা বেতনে অতিরিক্ত ভাবের পনের দিনের ছুটী পাইলেন।

জলসেচন বিষয়ক।

১৮৮৪ সাল ৯ জুন।

২২৯ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ সারণ জিলার অন্তর্গত গোয়া পরগনার রামপুর রত্রা ও কোণ মৌজায় বাঁধ পিছাইয়া করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৯ একর ১ রুড ৩৯ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা সর্ব্বযুগ সিংহ, নন্দ সিংহ ও রামপ্রসাদ সিংহের কর্ষিত রবি জমি, দক্ষিণ সীমা সর্ব্বযুগ সিংহ, নন্দ সিংহ ও রামপ্রসাদ সিংহের কর্ষিত রবি জমি, পূর্ব্ব সীমা সারণ বাঁধ, এবং পশ্চিম সীমা সারণ বাঁধ।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

২৩০ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নেমুয়ান জল বিতরণার্থ উপনালার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৫ মাইল দীর্ঘ ও ৪০ অবধি ১৫৫ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ৭১ একর ২ রুড ৩৭ পোল পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমি শাহাবাদ জিলার অন্তর্গত ভোজপুর পরগনার বলকাট সাখিলা মুগাওন, কোণওয়া, কাসিয়া, আকোনি, আতাওন ও নেমুয়াওন মৌজার মধ্য দিয়া যায়।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

২৩১ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাসৌলী জল বিতরণার্থ নালার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে প্রায় ৭ মাইল দীর্ঘ ও ৮০ অবধি ১৬০ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ১১২ একর ২ রুড ৩০ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমি শাহাবাদ জিলার অন্তর্গত ভোজপুর পরগনার ছিত্রাবন্দ, পাণ্ডাওন, দুবৌলী, খারৈচা, বরাহ, পরমানন্দপুর, করমাকয়া, সাখিলা, পহনা ও চুখার মৌজার মধ্য দিয়া যায়।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

রেলওয়ে বিষয়ক।

১৮৮৪ সাল ৯ জুন।

২৩২ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ হুগলী জিলার অন্তর্গত বোর পরগনার বামুনগাছী ও নেলুয়া মৌজায় ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির ইটখোলা বৃদ্ধি করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বামুনগাছী ও নেলুয়া গ্রামে ন্যূনাধিক ২ একর ৩ রুড ১০ পোল পরিমিত অর্থাৎ কচ্ছিমতে ৮৷৷০/ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রামচন্দ্র আচার্য্যের বাগান, পশ্চিম সীমা বৈকুণ্ঠনাথ চক্রবর্ত্তীর, মধুসূদন ঘোষের, জয়নারায়ণ প্রামাণিকের, হেরাশ মোল্লার, শেরিফ মোল্লার ধান্যের জমি ও সেখ কমরুদ্দীন মুনশীর বাগান, দক্ষিণ সীমা জোমা খাঁর বাগান, এবং পূর্ব্ব সীমা ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের ইটখোলা।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৭ জুন।]

LOCAL COMMUNICATIONS.

The 9th June 1884.

No. 233.—*Draft Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz., for the construction of a retired line of road, north of Tatoolia bazar, pergunnah Choonakhali, kishmut Dakhinshahar, moujah Joypore or Tatoolia, zillah Murshedabad, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 8 beegahs 4 cottahs 8 gundahs (1590′ × 75′) standard measurements, bounded on the north and west by Patit or uncultivated mal lands, zemindars' mango garden and Nodar Chand Sarkar's mal land, on the east by the main road to Mureha and the village road to Dakhinshahar, and on the south by the main road to Berhampore village, road to Baloochur, zemindar's mango tope and Patit lands, is required in village Tatoolia, pergunnah Choonakhali, zillah Murshedabad.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 234.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the construction of Mohanpore and Khurruckpore Road from the Sudderghat to Mohanpore in the villages of Charapal and Shafiabad, pergunnah Khurruckpore, zillah Midnapore, it is hereby declared that for the above purpose a strip of land measuring more or less 21 beeghas 11 cottahs 4 chittacks of standard measurement, 2350 feet long, and 100 feet wide, is required within the aforesaid villages of Charapal and Shafiabad.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 235.—*Notification.*—The Lieutenant-Governor of Bengal directs, under section 63 of Act II B.C. of 1882, that an estimate shall be framed of the probable cost to be incurred in respect of the repairs, maintenance and works connected therewith of the Gunduck tuccavee embankment in the district of Mozufferpore for 20 years commencing from the 1st of April 1883. The embankment referred to is 52 miles 400 feet in length.

The 10th June 1884.

No. 236.—*Promotions.*—The Lieutenant-Governor has been pleased to make the following promotions in the Engineer Establishment:—

Name.	From.	To.	Date.	Nature of promotion.
Mr A. S. Thomson	Assistant Engineer, 1st grade, *sub. pro-tem.*	Assistant Engineer, 1st grade.	25th April 1884	Permanent
Babu Prosono Coomar Mukherjee	Assistant Engineer, 2nd grade	Assistant Engineer, 1st grade.	Ditto ...	*Sub pro-tem*
J. H. Toogood ..	Executive Engineer, 3rd grade (*sub. pro-tem.*)	Executive Engineer, 3rd grade.	4th May 1881 ..	Permanent.
A. C. C. Rogers ..	Executive Engineer, 4th grade.	Executive Engineer, 3rd grade	Ditto ..	*Sub. pro-tem.*
B. W. Cantopher ...	Executive Engineer, 4th grade (temporary rank).	Executive Engineer, 4th grade.	Ditto ..	Permanent.
„ J. P. Cleghorn ...	Assistant Engineer, 1st grade.	Executive Engineer, 4th grade.	Ditto ...	Temporary.
„ J. P. Coy ...	Assistant Engineer, 2nd grade.	Assistant Engineer, 1st grade.	Ditto ...	*Sub. pro-tem.*

G. F. E. S. NEILL, *Major*, M.S.C.,
Under-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette*, 17*th June* 1884.]

জানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৮৮৪ সাল ৯ জুন।

২৩৩ নম্বর।—বিজ্ঞাপনের পাণ্ডুলিপি।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মুরশিদাবাদ জিলার অন্তর্গত চুণাখালী পরগনায় কিসমৎ দক্ষিণশহরের জয়পুর বা তেতুলিয়া মৌজায় তেতুলিয়া বাজারের উত্তরদিকে পথ নির্ম্মাইয়া করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মুরশিদাবাদ জিলার অন্তর্গত চুণাখালী পরগনায় তেতুলিয়া গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ৮/৪ কাঠা ৮ গণ্ডা (১১৯′×৭৫′) পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা পতিত মালের জমী, জমীদারের আম্রবাগান, ও নদেরচাঁদ সরকারের মালের জমী, পূর্ব্ব সীমা মরেহার যাইবার প্রধান পথ, ও দক্ষিণ শহরে যাইবার গ্রাম্যপথ, দক্ষিণ সীমা বহরমপুর গ্রামে যাইবার বড় পথ, বালুচরে যাইবার পথ, জমীদারের আম্র বাগান ও পতিত জমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

২৩৪ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত খরকপুর পরগনার চরপাল ও শফিয়াবাদ গ্রামে সদরঘাট অবধি মোহনপুর পর্য্যন্ত মোহনপুর ও খরকপুর পথ প্রস্তুত করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত চরপাল ও শফিয়াবাদ গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ২১।১। ছটাক পরিমিত অর্থাৎ ২৩৫০ ফুট দীর্ঘ ও ১০০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

২৩৫ নম্বর।—বিজ্ঞাপন।—মজফরপুর জিলার অন্তর্গত গণ্ডক তাকাবী বাঁধ মেরামৎ ও রক্ষা ও তৎসংক্রান্ত কার্য্য সম্পর্কে ১৮৮৩ সালের ১ আপ্রিল অবধি আরম্ভ করিয়া ২০ বিশ বৎসরে ৫৩ টাকা ব্যয় সম্ভাবনা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮২ সালের বঙ্গীয় ২ আইনের ৬৩ ধারামতে তাহার এক অনুমানপত্র প্রস্তুত করিবার আদেশ করিলেন। উক্ত বাঁধ ৫২ মাইল ৪০০ ফুট দীর্ঘ।

১৮৮৪ সাল ১০ জুন।

২৩৬ নম্বর।—পদবৃদ্ধি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ইঞ্জিনিয়র সিরিস্তার নিম্নলিখিত পদ বৃদ্ধি করিলেন।—

নাম।	যে পদ হইতে।	যে পদে।	তারিখ।	পদবৃদ্ধির ভাব।
শ্রীযুত এ, এস, ডাবসন সাহেব ...	কিয়ৎকালীন স্থায়ী প্রথম শ্রেণীর ইঞ্জিনিয়রের	প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়রের	১৮৮৪ সাল ২৫ আপ্রিল।	স্থায়ী।
„ বাবু প্রসন্নকুমার বনিয়ারি...	দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়রের	প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়রের	ঐ	কিয়ৎকালীন স্থায়ী।
„ জে, এচ, টুওড সাহেব ...	কিয়ৎকালীন স্থায়ি তৃতীয় শ্রেণীর এক্‌সিকিটিব ইঞ্জিনিয়রের	তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়রের	১৮৮৪ সাল ৪ মে।	স্থায়ী।
কিন্তু পূর্ব্বোক্ত কোন জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্ট ন্যূনকল্পে ছয় সপ্তাহ থাকিতে ঐ নগর কি গ্রামে এই মর্ম্মের নোটিস প্রচার করাইবেন যে, উক্ত নগর কি গ্রাম মুনিসিপালিটী বলিয়া প্রকাশ না করিবার কোন বিশিষ্ট কারণ এক মাসের মধ্যে জ্ঞাত না করা গেলে, উক্ত গবর্ণমেণ্ট সেই গ্রাম কি নগর মুনিসিপালিটী বলিয়া প্রকাশ করিতে কল্পনা করিয়াছেন।

ঐ প্রস্তাবিত কার্য্যের বিরুদ্ধ কোন আপত্তি করা গেলে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ নগর কি গ্রাম এই আইনমত মুনিসিপালিটী বলিয়া প্রকাশ করিবার জ্ঞাপনপত্র প্রচার করাইবার পূর্ব্বে, সেই আপত্তি উপযুক্তমতে বিবেচনা করিবেন।

কোন নগর বা গ্রাম মুনিসিপালিটী হইল বলিয়া যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায়, সেই জ্ঞাপনপত্রে ঐ মুনিসিপালিটীর নাম এই আইনের ১ম তফসীলে লিখিতে হইবে কি হইবে না এবং ১৩ ধারার বিধানের নিয়মানুসারে ঐ মুনিসিপালিটীর কমিশনরদের সংখ্যা কত হইবে, এই কথা বিশেষ করিয়া নির্দ্দেশ করিতে হইবে।

সীমা পরিবর্ত্তন করিবার ও আইনের কার্য্যচলন হইতে মুক্ত করিবার কথা।

৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সভাগত কমিশ্যনরদের অনুরোধ ক্রমে সেই প্রকারের জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে কোন সময়ে কোন মুনিসিপালিটীর সীমা পরিবর্ত্তন করিতে কিম্বা কোন মুনিসিপালিটী বিভক্ত করিয়া দুই কিম্বা তদধিক মুনিসিপালিটী করিতে কিম্বা কোন নগর কি গ্রাম কি ভূমি এই আইনের

কার্য্যচালন হইতে মুক্ত করিতে বা উক্তরূপ কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদের সংখ্যা পরিবর্ত্তন করিতে পারিবেন।

মুনিসিপালিটী যে যে নিয়মমতে স্থাপিত হইতে পারে তাহার কথা।

১০ ধারা। কোন নগরের কি গ্রামের বয়ঃপ্রাপ্ত পুরুষদের চারি অংশের তিন অংশ লোক প্রায় কৃষিকার্য্য ছাড়া অন্য কার্য্য করেন ও সেই নগর কি গ্রামের বাসি লোকদের সংখ্যা তিন সহস্রের কম নয়, ও ঐ নগরের কি গ্রামের অধিবাসিদের হইতে বগ মাইলের মধ্যে পাঁচ শত লোকের বাস হয় করেন না, স্থানীয় গবর্ণমেণ্টের হুকুম অনুসারে এই আইন ঐ নগরে কি গ্রামে প্রচলিত করা যাইতে পারিবে।

স্থানীয় গবর্ণমেণ্টের মুনিসিপালিটীকে স্থান সংযোজন করিবার ক্ষমতার কথা।

১১ ধারা। কোন স্থান বাসি বয়ঃপ্রাপ্ত পুরুষদের চারি অংশের তিন অংশ লোক প্রায় কৃষিকার্য্য ছাড়া অন্য কার্য্যে নিযুক্ত করিলে, ও ঐ স্থানের মধ্যে কমিশনর লোক দ্বারা ঐ স্থানের জন্য একটী মুনিসিপালিটী স্থাপন করিবার প্রস্তাব করিলে, সেই স্থান মুনিসিপালিটী হইতে ভিন্ন করিয়া ঐ নগরের কি গ্রামের সঙ্গে সমাকারবদ্ধ হইতে বলা নির্দ্দেশ করিতে পারিবেন।

কিন্তু উক্ত কোন স্থানের কোন অংশ ঐ নগরের কি গ্রামের অন্তর্গত কোন অংশ হইতে এক মাইলের মধ্যে না থাকিলে, সেই স্থান এরূপে সমাকারবদ্ধ হইতে পারিবে না।

তদ্রূপে যে স্থান সমাকারবদ্ধ হইবে, উক্ত প্রস্তাবিত নির্দ্দেশপত্রে সেই স্থানের সীমা নির্দ্দেশ করা যাইবে।

পূর্ব্বোক্ত কোন স্থান যে নগরের কি গ্রামের সহিত সমাকারবদ্ধ হয় ও উক্ত নগরের কি গ্রামের যে সকল স্থান সমাকারবদ্ধ করিয়া তদ্রূপে গণনা করা যায়, তাহার পূর্ব্ব নির্দ্দেশপত্রে ও অন্য মতে রহিত করা যাইতে পারে, তাহা এই মুনিসিপালিটীর অন্তর্গত থাকিবে জ্ঞান হইবে।

মুনিসিপালিটী প্রকাশ করিবার কথা।

১২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট, এক মুনিসিপালিটী করিবার প্রস্তাব করিলে পূর্ব্বোক্ত কোন একটী স্থান সমাকারবদ্ধ করিয়া প্রকাশ করিবার কথা।

যে ভূমিখণ্ডকে মুনিসিপালিটীর মধ্যে রাখা উচিত ও ধরিবার কথা।

বাধধানে যে ভূমিখণ্ডে এবং ঐ নগরের কি গ্রামের সহিত এরূপ করা যে স্থান সমাকারবদ্ধ হয় তাহার ও উক্ত কোন স্থানের সম্বন্ধে যে ভূমিখণ্ডে পূর্ব্বে ভাবান্তরের করা থাকিতে ও সেই ভূমি বাদ দিয়া করণ ভিন্ন অন্য সকল কার্য্যপক্ষে ঐ মুনিসিপালিটীর একাংশ বলিয়া জ্ঞান হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট ইহাও নির্দ্দেশ করিতে পারিবেন।

তার এই ও পূর্ব্ব ধারাক্রমে সম্পূর্ণ যে মুনিসিপালিটী করা যায়, ঐ নির্দ্দেশপত্রে তাহার বা তদ্রূপ সীমা নির্দ্দিষ্ট থাকিবে।

দ্বিতীয় পরিচ্ছেদ।

মুনিসিপালিটীর কর্ত্তৃপক্ষদের কথা।

মুনিসিপালিটীর সংগঠনের কথা।

কমিশনরদের সংখ্যার কথা।

১৩ ধারা। এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে কোন মুনিসিপালিটী স্থাপিত হইয়াছে তাহার কমিশনরদের সংখ্যা স্থানীয় গবর্ণমেণ্টের জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট সংখ্যা হইবে। এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পরে ঐ জ্ঞাপনপত্র দিতে হইবে, ও তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। অন্য পরে ৯ ধারামতে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ও সংখ্যা নির্দ্দেশ করা যাইবে।

এই আইনের ৮ ধারার বিধানমতে স্থাপিত প্রত্যেক মুনিসিপালিটীর কমিশনরদের সংখ্যা ঐ মুনিসিপালিটী স্থাপনের জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট অথবা ৯ ধারামতে পরে কোন জ্ঞাপনপত্র প্রকাশ করা গেলে, সেই জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট সংখ্যা হইবে।

কিন্তু কোন স্থলে মুনিসিপালিটীর কমিশনরদের সংখ্যা তিন জনের অধিক নয় জনের কম হইবে না।

এই কোন স্থলে কমিশনরদের সময়ক্রমিক সংখ্যা উক্তরূপ নির্দ্দিষ্ট না থাকিলে বা থাকিয়া কোন কারণে কমিশনরদের বা তাহাদের কোন কর্ম্মচারির কার্য্য অসিদ্ধ বলিয়া গণ্য করা যাইবে না।

কমিশনরদের যে সংখ্যা নির্দ্দিষ্ট করা, তাহার তিন ভাগের দুই ভাগ উক্ত মুনিসিপালিটীর নির্দ্ধারিত স্থানবাসী প্রকৃত বয়ঃপ্রাপ্ত পুরুষদের দ্বারা গবর্ণমেণ্টের মতে নির্ব্বাচিত হইবে।

পূর্ব্বোল্লিখিত মনোনীত কমিশনর ভিন্ন স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত নির্ব্বাচনের ব্যবস্থার পরে অন্য তিন বা নয় জনের অধিক নহে এমন স্থানীয় নিবাসি লোক মনোনীত করিবেন, এবং যে বিশেষ ও মনোনীত কমিশনর নির্ব্বাচিত হইবেন, সেই তারিখে এই মনোনীত কমিশনরেরা কার্য্যভার ত্যাগ করিবেন।

কিন্তু এই পরিচ্ছেদের নির্দ্দেশমত মোট যত জন কমিশনর নির্ব্বাচিত ও মনোনীত হন মুনিসিপালিটীর কমিশনরদের মধ্যে তাহার এক তৃতীয়াংশ কমিশনর নিযুক্ত করিবার ক্ষমতা স্থানীয় গবর্ণমেণ্টের থাকিলে, তাঁহাদের নিযুক্তির এক তৃতীয়াংশের অধিক হইবে না।

কমিশনরদের পূর্ব্বোক্তরূপ মনোনীত করা কার্য্যে স্থানীয় গবর্ণমেণ্ট প্রত্যেক মুনিসিপালিটীর বিষয়ে মুনিসিপালিটী পল্লীতে বিভাগ করা আবশ্যক হইলে সেই বিভাগ সম্বন্ধে, ও তদ্রূপ প্রত্যেক পল্লীতে

মনোনীত কমিশনরের বিধি নির্দ্দেশ করিবার কথা।

যত জন কমিশ্যনর মনোনীত করিতে হইবে তৎসম্বন্ধে ও কোন ব্যক্তি ঐরূপে মনোনীত হইবার প্রার্থী হইলে তদনুকূলে যে ব্যক্তি মত দিতে পারিবেন তাঁহার যোগ্যতা সম্বন্ধে ও মনোনীত করণের প্রণালী সম্বন্ধে যেরূপ উচিত বোধ করেন, এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হয়, এরূপ বিধি নির্দ্দেশ করিবেন। আর স্থানীয় গবর্ণমেণ্ট এই ধারামতে যে কোন বিধি প্রণয়ন করেন, তাহা যে কোন সময়ে রহিত করিতে পারিবেন।

কিন্তু যে প্রত্যেক পুরুষ এরূপ মনোনীত করণের সময়ে কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে বাস করেন ও উক্ত মনোনীত করণের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী অন্যূন বার মাস বাস করিয়াছেন এবং

(১) এ মনোনীত করণের অব্যবহিত পূর্ব্ব বৎসরে এই আইনমতে নির্দ্ধারিত কোন রেট উপলক্ষে মোটে অন্যূন তিন টাকা দিয়াছেন; কিম্বা

(২) যে প্রজমালী অবিভক্ত হিন্দু পরিবারের কোন ব্যক্তি এ মনোনীত করণের অব্যবহিত পূর্ব্ব বৎসরে এই আইনমতে নির্দ্ধারিত কোন রেট উপলক্ষে মোটে অন্যূন তিন টাকা দিয়াছেন, সেই পরিবারের অন্তর্ভুক্ত থাকিয়া, কোন বিশ্ববিদ্যালয়ের উপাধিধারী লাইসেন্সিয়েট, কিম্বা ওকালতী বা মোক্তারী সার্টিফিকেট প্রাপ্ত হন, কিম্বা অন্যূন পঞ্চাশ টাকা মাসিক বেতনের কোন পদে বা কর্ম্মে থাকেন,

তিনি উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের মনোনীত করণ সময়ে মত জানাইতে পারিবেন।

যে কোন ব্যক্তি কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদের মনোনীত করণ সময়ে মত জানাইতে স্বত্বান না হন, তিনি উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনর-স্বরূপ মনোনীত হইবার যোগ্য বলিয়া গণ্য হইবেন না।

কমিশ্যনরদিগকে প্রথম মনোনীত করিবার কথা।

১৬ ধারা। এই আইন প্রচলিত হইবার পর স্থানীয় গবর্ণমেণ্ট ছয় মাসের অনধিক কালের মধ্যে যে সময়ের উপদেশ করেন, সেই সময়ে এই আইনমতে কমিশ্যনরদের প্রথম মনোনীত করণ হইতে পারিবে।

মনোনীত করিতে ত্রুটি হইলে, গবর্ণমেণ্ট কর্ত্তৃক কমিশ্যনরগণ নিযুক্ত হইবার কথা।

যে সকল ব্যক্তি কোন মুনিসিপালিটীর কমিশ্যনর মনোনীত করিবার অধিকারী তাঁহারা উক্ত মুনিসিপালিটীর জন্য যত জন কমিশ্যনর মনোনীত হইবার আদেশ থাকে এই আইনমতে প্রথমবার মনোনীত করিবার নিমিত্ত নিরূপিত সময়ের মধ্যে অথবা পরবর্ত্তী মনোনীত করণ হইলে পূর্ব্ব ধারার লিখিত বিধির নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তত জনকে মনোনীত না করিলে স্থানীয় গবর্ণমেণ্ট পূরাইয়া নিরূপিত সংখ্যা পূর্ণ করণার্থে একবা অধিকজন কমিশ্যনর নিযুক্ত করিতে পারিবেন।

মনোনীত করণ প্রণালী হইতে কোন মুনিসিপালিটীর বর্জ্জিত হইবার কথা।

১৭ ধারা। এই আইনের প্রথম তফসীলের উল্লিখিত প্রত্যেক মুনিসিপালিটী পূর্ব্ব তিন ধারার কার্য্যচলন হইতে বর্জ্জিত হইবে; এবং কোন মুনিসিপালিটী এরূপে বর্জ্জিত হইলে তথাকার সমুদয় কমিশ্যনর ১৫ ধারার তৃতীয় প্রকরণের উপবিধানের নিয়মাধীনে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত হইবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন সময়ে উক্ত তফসীল হইতে কোন মুনিসিপালিটীর নাম উঠাইয়া দিতে পারিবেন।

কমিশ্যনরের পদত্যাগ করিবার কথা।

১৮ ধারা। এই আইনমতে যে কমিশ্যনর নিযুক্ত কি মনোনীত হন, তিনি ঐ কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ তাঁহার সেই কর্ম্মত্যাগ গ্রাহ্য করিতে পারিবেন।

কমিশ্যনরকে অবসর করিবার কথা।

১৯ ধারা। কোন কমিশ্যনর এই আইনমতে নিযুক্ত কি মনোনীত হইয়া আপন কর্ত্তব্য কর্ম্ম নিষ্পাদন করণে অসদাচরণ কিম্বা লজ্জাজনক কোন আচরণের অপরাধী হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে সভাগত কমিশ্যনরদের অনুরোধ ক্রমে তাঁহাকে ঐ পদ হইতে অবসৃত করিতে পারিবেন।

কমিশ্যনর সভায় আসিতে ত্রুটি করিলে কিম্বা যে অপরাধে জামিন লওয়া যায় না তাহার এরূপ অপরাধ নির্ণয় হইলে কমিশ্যনরী পদে না থাকার কথা।

২০ ধারা। কোন কমিশ্যনর সভাগত কমিশ্যনরদের স্থানে অনুমতি না লইয়া ক্রমগত ছয়বার কমিশ্যনরদের সভায় উপস্থিত না হইলে, এবং যে অপরাধে হাজির জামিন লওয়া যায় না কোন কমিশ্যনরের এরূপ কোন অপরাধ নির্ণয় হইলে, কিম্বা কোন উপযুক্ত আদালত তাঁহাকে মোহরীন বলিয়া নির্দ্দেশ করিলে, তিনি কমিশ্যনরের পদে আর থাকিতে পারিবেন না।

কমিশ্যনরেরা যত দিন পদে থাকিবেন তাহার কথা।

২১ ধারা। প্রত্যেক জন কমিশ্যনর যে তারিখে কমিশ্যনরের পদে নিযুক্ত বা মনোনীত হন, সেই তারিখ অবধি তিন বৎসরের অবসানে তাঁহার পদ শূন্য হইবে।

কমিশ্যনরকে যে স্থলে পুনর্ব্বার নিযুক্ত কি মনোনীত করা যাইতে পারে তাহার কথা।

২২ ধারা। কোন ব্যক্তি ১৮ ধারামতে কমিশ্যনরের পদ ত্যাগ করিলে, কিম্বা সভায় উপস্থিত না হওয়া প্রযুক্ত কিম্বা যে অপরাধে জামিন লওয়া প্রযুক্ত ২০ ধারার বিধানমতে কমিশ্যনরের পদে থাকিতে না পারেন, তিনি যে কোন সময়ে কমিশ্যনরস্বরূপ পুনর্ব্বার নিযুক্ত বা মনোনীত হইতে পারেন; কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট ১৯ ধারামতে যাঁহাকে পদ হইতে অবসৃত করেন, কিম্বা যে অপরাধে জামিন লওয়া যায় না সেই অপরাধ নির্ণয় হওয়া প্রযুক্ত যে ব্যক্তি কমিশ্যনরের পদে আর থাকিতে পারিলেন না, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি না হইলে তাঁহাকে কমিশ্যনরের পদে মনোনীত বা পুনর্ব্বার মনোনীত করা যাইতে পারিবে না।

সভাপতি নিযুক্ত করিবার কথা।

২৩ ধারা। এই আইনের ২য় তফসীলে যে কোন মুনিসিপালিটীর উল্লেখ নাই, স্থানীয় গবর্ণমেণ্ট তাহার সভাপতি নিযুক্ত করিবেন।

উক্ত তফসীলে যে কোন মুনিসিপালিটীর নাম না থাকে, সেই মুনিসিপালিটী সভাগত হইয়া আপন দের একজন কমিশ্যনরকে সভাপতি মনোনীত করিবেন। অথবা যে সভায় কমিশ্যনরদের অন্যূন তিন ভাগের

দুই ভাগ উপস্থিত থাকেন, সেই সভায় সমাগত হইয়া সভাপতি নিযুক্ত করণার্থ স্থানীয় গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা করিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট যে সভাপতিকে নিযুক্ত করেন, তাঁহাকে যে কোন সময়ে অপসারিত করিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন সময়ে উক্ত তফসীল হইতে কোন মুনিসিপালিটীর নাম উঠাইয়া দিতে পারিবেন।

২৪ ধারা। ১৩ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও, পূর্ব্ব ধারামতে নিযুক্ত প্রত্যেক সভাপতি যে মুনিসিপালিটীর সভাপতির পদে নিযুক্ত হন, যদি সেই মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত না হইয়া থাকেন, তবে নিযুক্ত হইবার তারিখ অবধি যাবৎ ঐ পদে থাকেন, তাবৎ ঐ নিয়োগ যে মুনিসিপালিটীর সম্বন্ধে হয় সেই মুনিসিপালিটীর কমিশ্যনরের সমুদয় স্বত্ব ও অধিকার ভোগ করিবেন। কিন্তু ১৪ ধারার বিধান মতে তিন ভাগের এক ভাগ ও ছয় ভাগের এক ভাগ স্থির করিবার সময়ে তাঁহাকে ধরা যাইবে না।

প্রত্যেক সভাপতি তাঁহার নিয়োগ বা মনোনীতকরণের তারিখ অবধি তিন বৎসর ঐ পদে থাকিবেন ও পুনর্ব্বার নিযুক্ত বা মনোনীত হইতে পারিবেন।

এই জন্য বিশেষ সভা করিয়া যে নির্দ্ধারণের অনুকূলে কমিশ্যনরদের তিন ভাগের দুই ভাগ মত দেন কমিশ্যনরেরা ঐরূপ নির্দ্ধারণক্রমে পূর্ব্বধারামতে মনোনীত সভাপতিকে সভাপতির পদ হইতে যে কোন সময়ে অবসৃত করা যাইতে পারিবে।

২১ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া আপনাদের একজনকে প্রতিনিধি সভাপতি মনোনীত করিবেন। তিনি যে তারিখে মনোনীত হন তাহার পরবর্ত্তী তিন বৎসর ঐ পদে থাকিবেন। তাঁহার পদের কাল অতীত হইলে পর তাঁহাকে পুনরায় মনোনীত করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের মধ্যে তিন ভাগের দুই ভাগের মতানুসারে যে ব্যক্তি এই কার্য্যের নিমিত্ত বিশেষ সভা করিয়া প্রতিনিধি সভাপতিকে পদ হইতে অবসৃত করিবার নির্দ্ধারণের সপক্ষে মত জানাইবেন, কমিশ্যনরদের সেই নির্দ্ধারণক্রমে প্রতিনিধি সভাপতিকে যে কোন সময়ে ঐ পদ হইতে অবসৃত করা যাইতে পারিবে।

২৬ ধারা। ২১, ২২ ও ২৫ ধারায় যে তিন বৎসর কালের উল্লেখ আছে, তন্মধ্যে উক্ত তিন বৎসরের অবসান অবধি (ইহার পরবর্ত্তী ধারামত নিয়োগ বা মনোনীত না হইলে) পরবর্ত্তী নিয়োগ বা মনোনীতকরণের তারিখ পর্য্যন্ত সময়ও ধরা যাইবে বলিয়া জ্ঞান হইবে।

২৭ ধারা। কোন কমিশ্যনর, সভাপতি বা প্রতিনিধি সভাপতি স্বীয় পদের পূরাকাল কর্ম্ম করিতে না পারিলে, তাঁহার পদত্যাগ বা অবসৃত হইতে যতক যে পদ শূন্য হয় তাহা পূরণ বিশেষে অন্য কোন ব্যক্তির নিয়োগ বা মনোনীতকরণ দ্বারা পূর্ণ করিতে হইবে; এবং এরূপ যে ব্যক্তি নিযুক্ত বা মনোনীত হন তিনি উক্ত কমিশ্যনর, সভাপতি বা প্রতিনিধি সভাপতি যতকাল পদে থাকিতেন তাহার অবশিষ্ট কাল ঐ শূন্য পদ পূর্ণ করিবেন।

২৮ ধারা। কমিশ্যনরগণ উচিত বোধ করিলে সভাগত হইয়া সময়ে২ যেরূপ বেতন ধার্য্য করেন, কোন মুনিসিপালিটীর সভাপতি ও প্রতিনিধি সভাপতি মুনিসিপল ফণ্ড হইতে সেইরূপ বেতন পাইতে পারিবেন।

কমিশ্যনরগণ এই ধারামতে যে কোন নির্দ্ধারণ করেন, তাহা সদর বোর্ডের অনুমোদনের নিয়মাধীন হইবে।

২৯ ধারা। কমিশ্যনরেরা "অমুক স্থানের মুনিসিপল কমিশ্যনরদের সভাপতি" বলিয়া আপনাদের সভাপতির নামে সমবায়িত সমাজ হইবেন; ও তাঁহাদের নিয়ত পর্য্যায় ও সাধারণ মোহর থাকিবে ও উক্ত নাম করিয়া তাঁহারা নালিশ করিতে পারিবেন ও তাঁহাদের নামে নালিশ হইতে পারিবে।

উক্ত সাধারণ মোহর ইঙ্গরেজী ও জিলার প্রচলিত ভাষার অক্ষরে মুনিসিপালিটীর নাম সুপাঠ্যরূপে খোদিত থাকিবে।

কমিশ্যনরদের সম্পত্তি বিষয়ক কথা।

৩০ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে কোন ব্যক্তির স্বকীয় সম্পত্তি ভিন্ন যত পথ ও সাঁকো ও পুষ্করিণী ও ঘাট ও কূপ ও জলপথ ও নর্দ্দমা গবর্ণমেণ্টের দ্বারা বা রাজকীয় অর্থব্যয়ে রক্ষিত না হইয়া এইক্ষণে আছে বা পরে প্রস্তুত করা যাইবে, তাহা ও তৎসংযুক্ত স্থান ও পাতরণ জন্য সরঞ্জাম এবং ঐ পথ প্রভৃতির নিমিত্ত যত ভূমি স্থান ও ভাড়িয়ার প্রভৃতি যত দ্রব্য নিরূপিত থাকে, তাহা ঐ মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ও তাঁহাদেরই হইবে।

কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন পথ কি সাঁকো কি নর্দ্দমা এই আইনের বিধানের বহির্ভূত করিতে পারিবেন, এবং উক্ত জ্ঞাপনপত্র সম্পূর্ণরূপে বা অংশতঃ রহিতও করিতে পারিবেন।

কিন্তু সেই কার্য্য নির্ম্মাণ করিবার খরচ যদি মুনিসিপল ফণ্ড হইতে দেওয়া গিয়া থাকে, তবে সভাগত কমিশ্যনরদের সম্মতি না হইলে তাহা এই আইনের বিধানের বহির্ভূত করা যাইতে পারিবে না।

৩১ ধারা। কোন পথের কি সাঁকোর কি পুষ্করিণীর কি ঘাটের কি ইঁদারার কি জলপথের কি নর্দ্দমার স্বামিত্ব যে ব্যক্তির প্রতি বর্ত্তে, সভাগত কমিশ্যনরেরা তাঁহার সঙ্গে একবাক্য হইয়া ঐ সকলের স্বামিত্ব বা পরিত্যাগ করিবার নিয়ম করিতে পারিবেন, ও তদ্রূপ নিয়ম করিলে তাঁহারা

মোটিস লেখাইয়া ঐ পথের কি সাঁকোর কি পুষ্করিণীর কি ঘাটের কি ইঁদারার কি জলপথের কি নর্দ্দমার কোন স্থানে কি তাহার নিকটে লাগাইয়া, তাহা কমিশ্যানরদের প্রতি অর্পণ করা গেল এই কথা প্রকাশ করিতে পারিবেন।

তাহা হইলে স্থলবিশেষে ঐ২ বিষয়ের স্বামিত্ব বা কর্ত্তৃত্ব কমিশ্যানরদের প্রতি বর্ত্তিবে, ও তদবধি সেই পথ, সাঁকো, পুষ্করিণী, ঘাট, ইঁদারা, জলপথ কি নর্দ্দমা সারাইয়া দিবার ও রক্ষা করিবার খরচ মুনিসিপল ফণ্ডহইতে দেওয়া যাইবে।

৩২ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়ে ও তৎপরে, কোন মুনিসিপালিটির মধ্যে কোন ব্যক্তির স্বকীয় সম্পত্তি ভিন্ন ও কোন ধর্ম্মার্থ সেরকি ধর্ম্মসম্পর্কীয় সম্পত্তি ভিন্ন যত হাস্পাতাল কি ঔষধালয় কি বিদ্যালয় কি চটী কি ঘাট কি হাট ও তৎসংক্রান্ত উক্ত প্রকারের সম্পত্তি ভিন্ন যত উপর ও লওয়াজিমা ও অন্য যত সুবা পাওয়া যায়, স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা তৎস্থানে নিয়মিতরূপে প্রকাশ করা গেলে, তাহা ঐ মুনিসিপালিটির কমিশ্যানরদের প্রতি বর্ত্তিতে পারিবে। তাহা হইলে উক্ত হাস্পাতাল প্রভৃতি তাঁহাদের হস্তে অর্পণ করণ সময়ে তাহার ব্যয় পোষণার্থে প্রদত্ত সকল বিষয় ও ধন যৎসম্পর্কে যেরূপে প্রয়োগ করা যাইতে পারে, সেই ধর্ম্মে প্রয়োগ করণার্থে ট্রষ্টীস্বরূপ ঐ কমিশ্যানরদের হস্তে অর্পিত হইবে ও তাঁহাদের প্রতি বর্ত্তিবে।

স্থানবিশেষে হস্তান্তর কার্য্য নিয়মাধীন হইবার কথা।

কিন্তু ঐ সম্পত্তি হস্তান্তর করিয়া দিবার অভিপ্রায়ের জ্ঞাপনপত্র কলিকাতা গেজেটে এবং কিম্বা চলিত ভাষায় মুনিসিপালিটীর মধ্যে প্রকাশ হইবার পর এক মাস গত না হইলে পূর্ব্বোক্ত আজ্ঞা প্রচারিত হইবে না।

৩৩ ধারা। ইহার পূর্ব্ববারার উল্লিখিত জ্ঞাপনপত্র প্রকাশ করা গেলে পর কমিশ্যানরদের মধ্যে কোন ব্যক্তি ঐ হাস্পাতালের কি বিদ্যালয়ের কিম্বা চটীর কি ঘাটের কি হাটের খরচ দিতে গেলে অক্ষম হইবে বলিয়া যদি ঐ কমিশ্যানরেরা সভাস্থ হইয়া আপনাদের হস্তে সেই হাস্পাতাল প্রভৃতি অর্পণ বিষয়ে আপত্তি করেন, তবে কমিশ্যানরেরা সভাস্থ হইয়া যে নিয়ম স্বীকার করেন কেবল সেই নিয়মমতে ঐ হস্তান্তর কার্য্য হইতে পারিবে, নতুবা নয়।

ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে ভূমি লইতে পারিবার কথা।

৩৪ ধারা। কমিশ্যানরেরা সভাগত হইয়া এই আইনের কার্য্যপক্ষে কোন ভূমি ক্রয় করিতে কিম্বা পাট্টা করিয়া লইতে পারিবেন; এবং উক্ত কার্য্যের নিমিত্তে যে ভূমির আবশ্যকতা না থাকে তাহা বিক্রয় করিতে কিম্বা পাট্টা কি বিনিময় করিয়া কি প্রকারে হস্তান্তর করিয়া দিতে পারিবেন।

৩৫ ধারা। সভাগত কমিশ্যানরেরা এই আইনের কার্য্য পক্ষে কোন ভূমি গৃহীত হইবার প্রার্থনা করিলে, এবং কমিশ্যানরেরা ঐ ভূমির মূল্য একেবারে দিতে পারিবেন কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট যে কিস্তি উচিত বোধ করেন এমত কিস্তি করিয়া দিতে সক্ষম আছেন স্থানীয় গবর্ণমেণ্ট ইহা জ্ঞাতোদ্যমতে জানিতে পারিলে, ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে কিম্বা সাধারণের উপকারের নিমিত্ত ভূমি গ্রহণার্থে সেই সময়ের জন্য যে আইন তৎকালে প্রবল থাকে তদনুসারে সাধারণের উপকারার্থে ঐ ভূমির প্রয়োজন হইয়াছে বলিয়া স্থানে টিস প্রচার করিয়া, সেই আইনের বিধানমতে ঐ ভূমি গ্রহণ করাইতে পারিবেন; ও ঐ আইনমতে ক্ষতিপূরণ বলিয়া যত টাকা ধার্য্য হয় কমিশ্যানরেরা তত টাকা দিলে ঐ ভূমি এই আইনের কার্য্যপক্ষে তাঁহাদের প্রতি বর্ত্তিবে।

কমিশ্যানরদের ঐ ভূমির খরচ দিতে হইবার কথা।

৩৬ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কমিশ্যানরদের প্রার্থনানুসারে তাঁহারদের নিমিত্ত যে ভূমি লওয়া যায়, গবর্ণমেণ্ট তাঁহাদের সেই ভূমির খরচ দিতেই হইবে।

চুক্তি করিবার নিয়মের কথা।

৩৭ ধারা। এই আইনের কার্য্যপক্ষে কোন চুক্তি করা আবশ্যক হইলে, কমিশ্যানরেরা সেই চুক্তি করিতে ও তদনুসারী কর্ম্ম করিতে পারিবেন।

মুনিসিপালিটীর কমিশ্যানরদের পক্ষে পাঁচশতের অধিক টাকার চুক্তি কিম্বা যাহাতে পাঁচ শত টাকার অধিক মূল্যের বিষয় আইসে এমত কোন চুক্তি করিতে হইলে, তাহাতে সভাতে কমিশ্যানরদের অনুমতি থাকা প্রয়োজন। তাহা লিখিয়া করা যাইবে; ও সেই চুক্তিপত্রে ন্যূনকল্পে দুই জন কমিশ্যানরের স্বাক্ষর থাকিবে। তাঁহারদের মধ্যে সভাপতি কি প্রতিনিধি সভাপতি এক জন হইবেন; ও তাহাতে কমিশ্যানরদের সাধারণ মোহর দেওয়া যাইবে।

তদ্রূপ স্বাক্ষরাদি করা না গেলে, কমিশ্যানরেরা সেই চুক্তিতে বদ্ধ হইবেন না।

মুনিসিপালিটীর কার্য্য নির্ব্বাহ করিবার নিয়মের কথা।

কমিশ্যানরদের সভা-চর মাসে একবার সভাস্থ হইবার কথা।

৩৮ ধারা। কোন কার্য্য থাকিলে কমিশ্যানরেরা সেই কার্য্য নিষ্পাদন করিবার জন্যে আপনাদের কার্য্যালয়েকি সুবিধাজনক অন্য স্থানে মাসে ন্যূনকল্পে একবার সভাস্থ হইবেন, এবং সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থিতি কালে প্রতিনিধি সভাপতি যত বার আহ্বান করেন তত বার সভা করিবেন।

মাসে যে সভা হয় সেই সভার সম্মুখে অর্পণ করিবার কোন কার্য্য না থাকিলে, সভাপতি কমিশ্যানরদিগকে আহ্বান না করিয়া, ঐ মাসিক সভার নিমিত্ত যে দিন

নির্দ্ধারিত থাকে তাহার পূর্ব্বে তিন দিন থাকিতে প্রত্যেক জন কমিশ্যনরকে কর্ম্ম না থাকার নোটিস দিবেন।

অন্য সময়ে বিশেষ অনুরোধ মতে আহ্বান করিবার কথা।

৩৯ ধারা। তিন জনের অন্যূন কমিশ্যনর সভা করিবার অনুরোধপত্র লিখিয়া স্বাক্ষর করিলে, সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থিতিকালে প্রতিনিধি সভাপতি কমিশ্যনরদিগকে বিশেষ সভায় আহ্বান করিবেন

কমিশ্যনরদের সভায় কে সভাপতি হইবেন ইহার কথা।

৪০ ধারা। প্রত্যেক সভায় সভাপতি ও তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি অধিপতা করিবেন। সভাপতি ও প্রতিনিধি সভাপতি উভয়ে অনুপস্থিত থাকিলে, কমিশ্যনরেরা অধিপতা করিবার জন্যে আপনাদের এক ব্যক্তিকে মনোনীত করিবেন।

অধিকাংশ ব্যক্তির মতানুসারে বিবাদ নিষ্পত্তি হইবার কথা।

৪১ ধারা। এই আইনের প্রকারান্তরের বিধান না থাকিলে, সভাগত কমিশ্যনরদের সম্মুখে যে সকল বিষয় উপস্থিত হয়, অধিকাংশ ব্যক্তির মতানুসারে তাহা স্থির করা যাইবে।

দুই দিকে সমান সংখ্যার মত প্রকাশ হইয়া থাকে, তবে সভাপতি দ্বিতীয় বার মত জানাইয়া একদিকের মত প্রবল করিতে পারিবেন।

যত জন থাকিলে কর্ম্ম চলিতে পারিবে তাহার কথা।

৪২ ধারা। সভাপতি কি প্রতিনিধি সভাপতি কমিশ্যনরদিগকে আহ্বান না করিলে, ও যত জন উপস্থিত হইলে কার্য্য চলিতে পারে, তত জন না থাকিলে, সভায় কোন কার্য্য করা যাইবে না।

কোন মুনিসিপালিটীর পঞ্চদশ জনের অধিক কমিশ্যনর থাকিলে, পাঁচজন সভাগত হইলে কার্য্য চলিতে পারিবে।

অন্য কোন মুনিসিপালিটীর যত জন কমিশ্যনর থাকেন তাঁহাদের ন্যূন কল্পে তৃতীয়াংশ ব্যক্তি থাকিলে কর্ম্ম চলিতে পারিবে।

স্থগিত সভার কথা।

সভা হইবার নিরূপিত সময়ে কিম্বা তৎপরে এক ঘণ্টার মধ্যে যত জন উপস্থিত হইলে কার্য্য চলিতে পারে, তত জন উপস্থিত না থাকিলে, ভবিষ্যৎ কোন দিন পর্য্যন্ত সভা স্থগিত রাখা যাইবে। এমন সভাপতি বা প্রতিনিধি সভাপতি নিরূপণ করিবেন, এবং তিন দিন থাকিতে ঐ স্থগিত সভা হইবার নোটিস দেওয়া যাইবে। ঐ সভায় যত জন উপস্থিত থাকেন, তাঁহাদের যত কেন সংখ্যা হউক না, তাঁহাদিগকে লইয়া কার্য্য চলিবে।

আনুষ্ঠানিক কার্য্যের লিপির কথা।

৪৩ ধারা। কমিশ্যনরদের সভায় যে কার্য্যের অনুষ্ঠান হয়, তাঁহারা একখানা বহী রাখিয়া তন্মধ্যে তাহার মর্ম্ম লেখাইয়া রাখিবেন। সভায় যিনি সভাপতি হন তিনি তাহাতে স্বাক্ষর করিবেন, ও যাঁহারা টাক্স দিয়া থাকেন তাঁহারা ঐ বহী দেখিতে পাইবেন।

সভাপতির ক্ষমতার কথা।

৪৪ ধারা। এই আইনে কমিশ্যনরদের প্রতি যে সকল ক্ষমতা দেওয়া গেল, সভাপতি এই আইনসংক্রান্ত কোন কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে, কিম্বা এই আইনমতে যে আজ্ঞা করিবার অনুমতি থাকে সেই আজ্ঞা করিবার জন্যে, সেই সকল ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন।

কিন্তু কমিশ্যনরেরা সভাগত হইয়া যে আজ্ঞা করেন সভাপতি তাহার বিপক্ষে কি তাহা লঙ্ঘন করিয়া কোন কার্য্য করিবেন না, এবং কমিশ্যনরের সভাগত হইয়া যে ক্ষমতাক্রমে কার্য্য করিবেন বলিয়া আজ্ঞা থাকে তিনি সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন না।

প্রতিনিধি-সভাপতির প্রতি সভাপতির কার্য্য অর্পণ করিবার কথা।

৪৫ ধারা। এই আইনে সভাপতির যে কর্ম্ম কি যে ক্ষমতা নির্দ্দিষ্ট থাকে, তিনি আজ্ঞাপত্র লিখিয়া, যে সীমা নির্দ্ধার্য্য করা উচিত বোধ করেন, প্রতিনিধি সভাপতির প্রতি সেই সীমার মধ্যে সেই সকল কি তন্মধ্যে কোন ক্ষমতা কি কর্ম্ম অর্পণ করিতে পারিবেন; ও কোন সময়ে আজ্ঞাপত্র লিখিয়া দিয়া সেই ক্ষমতা প্রভৃতি রহিত কি পরিবর্ত্তন করিতে পারিবেন।

কিন্তু প্রতিনিধি-সভাপতি সভা ভিন্ন লিখিত আজ্ঞার ক্ষমতাক্রমে যে কার্য্য করিতে পারিতেন, সেই আজ্ঞা লিখিয়া বা দেওয়া গেলেও, কিম্বা আজ্ঞাপত্রে কোন ত্রুটি থাকিলেও, যদি প্রতিনিধি-সভাপতি স্পষ্টতঃ কি ভাবতঃ সভাপতির সম্মতি পূর্ব্বে বা পরে লইয়া ঐ কর্ম্ম করিয়া থাকেন, তবে তাঁহার সেই কর্ম্ম অসিদ্ধ হইবে না।

অধীন আমলাদের নিয়োগের কথা।

৪৬ ধারা। মুনিসিপালিটীর জন্যে বেতনভোগী সেক্রেটরীর ও ইঞ্জিনিয়রের ও স্বাস্থ্যরক্ষকের প্রয়োজন আছে কি না, ও অধীন কর্ম্মকারক ও চাকর এবং টাক্স ও মাসুল আদায়কারী বলিয়া কত জনকে রাখা আবশ্যক, কমিশ্যনরেরা সময়ে২ সভাগত হইয়া এই সকল কথা নির্ণয় করিবেন, ও মুনিসিপল ফণ্ড হইতে সেই২ ব্যক্তির কত করিয়া বেতন দিতে হইবে, ও তাঁহারা ছুটী লইলে সেই ছুটীর সময়ে কত করিয়া পাইবেন, এই কথাও সময়ে২ নিরূপণ করিবেন।

কমিশ্যনরেরা এই ধারামতে যে বেতন ধার্য্য করিয়, যত জন কর্ম্মকারককে রাখিতে স্থির করেন, সভাপতি তদনুসারে যাঁহাদিগকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহাদিগকে নিযুক্ত করিতে পারিবেন, এবং সময়ে২ সেই ব্যক্তিদিগকে অবসর করিয়া তাঁহাদের স্থানে অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন।

কিন্তু যে পদের বেতন মাসে পঞ্চাশ টাকা বা তদধিক, সভাগত কমিশ্যানরদের অনুমতি না হইলে সেই পদে কোন ব্যক্তিকে নিযুক্ত করা যাইবে না; আর সভাগত কমিশ্যানরদের অনুমতি না হইলে যে কর্ম্মচারির মাসিক বেতন বিশ টাকার অধিক, তাহাকে কর্ম্মচ্যুত করা যাইবে না।

পেনশ্যান ও পারিতোষিক দিবার কিম্বা সংস্থান বা বার্ষিক বৃত্তির কর্ত্ত করিবার বিধি করিতে কমিশ্যানরদের ক্ষমতার কথা।

৪৭ ধারা। কমিশ্যানরগণ বিশেষ সভা করিয়া, ঐ সভায় উপস্থিত কমিশ্যানরদের মধ্যে অন্যূন তিনভাগের দুই ভাগ যাহার অনুকূলে মত দেন, এরূপ নির্দ্ধারণক্রমে সময়ে২ এই২ বিষয়ের বিধি প্রণয়ন করিতে পারিবেন, অর্থাৎ,

(ক) মুনিসিপল ফণ্ড হইতে পেনশ্যান ও পারিতোষিক দিবার বিধি; কিম্বা

(খ) সংস্থান বা বার্ষিক বৃত্তির ফণ্ড সৃষ্টি করিবার ও তাহার কার্য্য চালাইবার ও তাহাতে আপনাদের কর্ম্মচারী ও চাকরদিগকে অর্থানুকূল্য করিতে বাধ্য করিবার ও মুনিসিপল ফণ্ড হইতে তাহাতে ঐ অর্থানুকূল্যাতিরিক্ত টাকা দিবার বিধি।

উক্ত কমিশ্যানরগণ ঐ বিধি রহিত বা পরিবর্ত্তিত করিতে পারিবেন।

ঐরূপ যে বিধি যৎকালে বলবৎ থাকে, সভাগত কমিশ্যানরগণ তদনুসারে সময়ে২ যেরূপ উচিত বোধ করেন, আপনাদের কোন কর্ম্মচারী বা চাকরকে সেইরূপ পেনশ্যান বা পারিতোষিক দিতে, কিম্বা উক্ত সংস্থান বা বার্ষিক বৃত্তির ফণ্ড হইতে সেইরূপ টাকা বা বার্ষিক বৃত্তি দিতে পারিবেন।

গবর্ণমেণ্টের কর্ম্মচারীদিগকে পেনশ্যান প্রভৃতি দিবার কথা।

৪৮ ধারা। কমিশ্যানরগণ গবর্ণমেণ্টের কোন কর্ম্মচারীকে কর্ম্মে নিযুক্ত করিলে,

(১) যদি তাঁহাকে সম্পূর্ণরূপ তাঁহাদের আজ্ঞাধীনে কর্ম্ম করিতে সংস্থাপন করা যায়, তবে যৎকালে গবর্ণমেণ্টের যে২ বিল পেনশ্যান ও ছুটীর বিধি প্রবল থাকে, তদনুসারে তাঁহার পেনশ্যান, পারিতোষিক ও ছুটীকালীন বৃত্তি জন্য টাকা দিতে পারিবেন; এবং

(২) যদি তিনি কমিশ্যানরদের কর্ম্ম করণার্থ আপনার সময়ের কিয়দংশমাত্র দেন, তবে স্থানীয় গবর্ণমেণ্ট যেরূপ অংশ নিরূপণ করেন, পূর্ব্বোক্ত টাকার সেইরূপ অংশ দিতে পারিবেন।

কর্ম্মচারী ও চাকরদের স্থানে প্রতিভাব্যের কথা।

৪৯ ধারা। কমিশ্যানরেরা আপনাদের কার্য্যে নিযুক্ত কোন কর্ম্মচারির বা চাকরের স্থানে যেরূপ প্রতিভাব্য লওয়া উচিত বোধ করেন, সেইরূপ প্রতিভাব্য লইতে পারিবেন।

পল্লীর কমিটীর কথা।

পল্লীর কমিটী নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৫০ ধারা। কমিশ্যানরেরা সভাগত হইয়া কোন মুনিসিপালিটী পল্লী২ করিয়া বিভাগ করিতে পারিবেন। তাহা হইলে ঐ প্রত্যেক পল্লীর কমিটীর অন্তর্গত থাকিবার জন্য অন্যূন তিন২ ব্যক্তিকে নিযুক্ত করিতে কি মনোনীত করাইতে পারিবেন। ঐ ব্যক্তিরা তৎকালে কমিশ্যানরী পদে নিযুক্ত থাকুন বা না থাকুন তাঁহারা পল্লীর কমিটীর অন্তর্গত থাকিতে পারিবেন; এবং পল্লীর কমিটী যে পল্লীর নিমিত্ত নিযুক্ত বা মনোনীত হন, কমিশ্যানরেরা সভাগত হইয়া সেই পল্লীর সীমা নির্ণয় করিতে পারিবেন।

মনোনীত করিবার বিধি কমিশ্যানরদের প্রণয়ন করিতে পারিবার কথা।

৫১ ধারা। যিনি কমিশ্যানর হইতে এমত কোন ব্যক্তির যে২ গুণ থাকিলে তিনি ঐরূপে মনোনীত হইবার আকাঙ্ক্ষিস্বরূপ দাঁড়াইতে স্বত্ববান হইবেন, ও যাঁহাকে মনোনীত করা যাইবে তৎসম্বন্ধে কোন ব্যক্তির যে২ গুণ থাকিলে মত জানাইবার অধিকার থাকিবে ও যেরূপে মনোনীত করা যাইবে, কমিশ্যানরেরা সভাগত হইয়া এই২ বিষয়ের বিধি করিতে পারিবেন, কিন্তু সেই বিধি এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হয়।

কমিশ্যানরেরা এই ধারামতে তদ্রূপ মনোনীত করণ বিষয়ক যে বিধি করেন, তাহা যে কোন সময়ে রহিত করিতে পারিবেন।

পল্লীর কমিটীর সভাপতি ও প্রতিনিধি সভাপতি মনোনীত করিবার কথা।

৫২ ধারা। প্রত্যেক পল্লীর কমিটী উচিত বোধ করিলে প্রতি বৎসর আপনাদের মধ্যহইতে সভাপতি ও আবশ্যক হইলে প্রতিনিধি সভাপতি মনোনীত করিতে পারিবেন।

কিন্তু পল্লীর কমিটীর মধ্যে এক কি অধিক জন কমিশ্যানর থাকিলে, পল্লীর কমিটীর সভাপতির পদে এক-জন কমিশ্যানরকে নিযুক্ত করিতে হইবে।

পল্লীর কমিটীর প্রতি কমিশ্যানরদের ক্ষমতা প্রদান করিবার কথা।

৫৩ ধারা। কমিশ্যানরদের প্রতি এই আইনমতে যে২ ক্ষমতা দেওয়া গেল, তাঁহারা সভাগত হইয়া পল্লীর কমিটীর প্রতি তন্মধ্যে যে২ ক্ষমতা অর্পণ করা উচিত বোধ করেন অর্পণ করিতে পারিবেন; এবং কমিশ্যানরেরা সভাগত হইয়া তাঁহাদের পল্লীর যে সীমা নির্ণয় করেন ঐ পল্লীর কমিটী আপনাদের পল্লীর সেই সীমার মধ্যে উক্ত সকল কিম্বা তন্মধ্যে কোন ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন এবং এই আইনক্রমে সেই২ ক্ষমতা প্রযুক্ত কমিশ্যানরদের অবশ্য কর্ত্তব্য বলিয়া যে সকল কর্ম্ম নির্দ্ধারিত হইল তাঁহাদের প্রতিও সেই সকল কর্ম্ম নিষ্পাদন করিবার দায় বর্ত্তিবে।

পল্লীর নানা কমিটী যে সকল কার্য্য করেন ও যে আজ্ঞা দেন ও যে টাক্স ধার্য্য করেন তাহা সভাগত কমিশ্যানরদের তত্ত্বাধীনে থাকিবে, ও তাঁহারা তাহা পুনরালোচনা করিতে পারিবেন, এবং যে কোন সময়ে উক্ত সকল বা কোন ক্ষমতা রাহিত করিতে পারিবেন।

৫৪ ধারা। পল্লীর কমিটী দ্বারা যে কর্ম্ম নিষ্পাদন হয়, তাহার প্রতি ৩৮ অবধি ৪৫ পর্য্যন্ত সকল ধারার বিধান যত দূর খাটিতে পারে খাটিবে, এবং পল্লীর কমিটী যে আমলাগণ রাখিবেন কমিশনরেরা ৪৬ ধারার বিধানানুসারে তাহার অনুমতি দিবেন।

পল্লীর কমিটীর নিষ্পাদনীয় কর্ম্মের প্রতি কোন২ ধারা বর্ত্তিবার কথা।

৫৫ ধারা। পল্লীর কমিটীর অন্তর্গত ব্যক্তিদের অবসর করণ কি কর্ম্ম ত্যাগ কিম্বা নিয়োগ বিষয়ের কোন কথা উপস্থিত হইলে, কমিশনরেরা সভাগত হইয়া তাহার নিষ্পত্তি করিবেন।

কমিটীর অন্তর্গত ব্যক্তিদিগকে অবসর করিবার ও তাঁহাদের পদ ত্যাগ করিবারও নিযুক্ত হইবার কথা।

কমিশনরদের ও পল্লীর কমিটীর দায়ের কথা।

৫৬ ধারা। কমিশনরদের দ্বারা কিম্বা তাঁহাদের পক্ষে যে চুক্তি করা যায় বা যে খরচ হয়, কোন এক জন কমিশনর কিম্বা পল্লীর কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি স্বয়ং তাহার দায়ী হইবেন না।

কমিশনরদের কি পল্লীর কমিটীর অন্তর্গত ব্যক্তির নিজের দায়ের কথা।

কমিশনরদের হস্তে যে টাকা ন্যস্ত থাকে, ইচ্ছাপূর্ব্বক তাহা অবিধিরূপে ব্যয় করা গেলে, যে কমিশনর কিম্বা পল্লীর কমিটীর সভ্য ও যে ব্যক্তি জানিয়া শুনিয়া ঐ কার্য্যের অংশী হন তিনি স্বয়ং দায়ী হইবেন, ও তজ্জন্যে তাহার নামে নালিশ হইতে পারিবে।

৫৭ ধারা। কমিশনরদের সঙ্গে যে চুক্তি করা যায় তাহাতে কোন কমিশনরের কিম্বা পল্লীর কমিটীর অন্তর্গত কোন ব্যক্তির সাক্ষাৎ কি পরোক্ষসম্বন্ধে নিজের কি অন্যের দ্বারা কোন অংশ বা স্বার্থ থাকিবে না। কোন কমিশনরের তদ্রূপ অংশ বা স্বার্থ থাকিলে, তিনি তৎপ্রযুক্ত স্বীয় কমিশনরের পদে থাকিতে পারিবেন না, ও তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

চুক্তিতে কমিশনরদের অংশ বা স্বার্থ থাকিলে অক্ষমতার কথা।

নিম্নলিখিত কোন বিষয়ে, অর্থাৎ,

(ক) কমিশনর যে কম্পানিতে বা রেজিষ্টরী করা কোম্পানির অংশী বা মেম্বর সেই কোম্পানির সহিত কমিশনরদের চুক্তিতে, কিম্বা

(খ) জমির কোন পাট্টাদান বা ক্রয় বিক্রয়ে বা তজ্জন্য কোন নিয়মপত্রে, কিম্বা

(গ) টাকা ঋণ করিবার কোন নিয়মপত্রে কিম্বা কেবল টাকা জোর করিবার কোন প্রতিভাব্যে, কিম্বা

(ঘ) মুনিসিপালিটীর বা পাড়ার সংক্রান্ত বিজ্ঞাপন যে সংবাদপত্রে দেওয়া যায় তাহাতে, কোন কমিশনরের অংশ বা স্বার্থ আছে বলিয়া কেবল সেই কারণে তাঁহার উক্তরূপ অক্ষমতা হইবে না।

তথাপি ঐরূপ কোন কমিশনরের যে বিষয়ে ঐরূপ স্বার্থ থাকে, তিনি কমিশনরস্বরূপ কিম্বা পল্লীর কমিটীর অন্তর্গত ব্যক্তিস্বরূপ সেই বিষয় সংক্রান্ত কোন ব্যাপারে কার্য্য করিতে পারিবেন না।

৫৮ ধারা। কোন কমিশনরের কিম্বা পল্লীর কমিটীর অন্তর্গত কোন ব্যক্তির নিজের কত টাকা টাক্স ধার্য্য করিতে হইবে এই কথা কি তাঁহার সম্পত্তির মূল্যের কিম্বা তিনি যে সম্পত্তির কার্য্যাধ্যক্ষ বা কর্ম্মকারক সেই সম্পত্তির মূল্যের কথা কি তিনি কোন টাক্সের দায়ী হন কি না এই কথা উপস্থিত হইলে, তিনি সেই বিষয়ে আপনার মত জানাইবেন না।

কমিশনরেরা যে বিষয়ের মত জানাইতে অক্ষম তাহার কথা।

কর্ত্তৃত্বের কথা।

৫৯ ধারা। নিম্নলিখিত ধারামতে, অর্থাৎ,

(ক) সভাপতি মনোনীত করণার্থ ২৩ ধারামতে,

(খ) সভাপতিকে পদচ্যুত করণার্থ ২৪ ধারামতে,

কোন নির্দ্ধারণ গবর্ণমেণ্টের অনুমোদনসাপেক্ষ থাকিবার কথা।

(গ) সভাপতি বা প্রতিনিধি সভাপতিকে বেতন দানার্থ ২৮ ধারামতে,

(ঘ) পেন্সন বা পারিতোষিত দিবার কিম্বা সংস্থান বা বার্ষিক রকির জন্য সৃষ্টি করিবার ও তাহার কার্য্য চালাইবার বিধি প্রণয়ন, রহিত কিম্বা পরিবর্ত্তিত করণার্থ ৪৭ ধারামতে,

কমিশনরগণ যে সকল নির্দ্ধারণ করেন, তাহা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনসাপেক্ষ থাকিবে।

৬০ ধারা। ৪৩ ধারায় উল্লিখিত কমিশনরদের সমুদয় সভার কার্য্যবিবরণের প্রতিলিপি মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইতে হইবার কথা।

কার্য্যবিবরণের প্রতিলিপি মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইতে হইবার কথা।

৬১ ধারা। ৪৬ ধারার বিধানমতে কমিশনরদের অধীন কর্ম্মচারীদিগকে নিয়োগ করিতে হইলে, উক্ত নিয়োগ নিম্নলিখিত বিধির নিয়মাধীন থাকিবে।—

অধীন কর্ম্মচারীদের নিয়োগ সম্বন্ধে অনুমতির কথা।

(ক) যে পদের বেতন মাসে দুইশত টাকা বা তদধিক, তাহা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি বিনা সৃষ্টি করা বা উঠাইয়া দেওয়া যাইবে না।

(খ) যে পদের বেতন মাসে এক শত টাকা বা তদধিক, সেই পদের কমিশনর সাহেবের অনুমতি বিনা সেই পদে কোন ব্যক্তিকে নিযুক্ত করা যাইবে না অথবা সেই পদ হইতে কোন ব্যক্তিকে ছাড়ান যাইবে না।

৬২ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা জিলার যে মহকুমার মধ্যে কোন মুনিসিপালিটী থাকে, সেই মহকুমার অধ্যক্ষতাধারপ্রাপ্ত মাজিষ্ট্রেট, কমিশনরদের দখলী কোন স্থাবর সম্পত্তিতে কিম্বা তাঁহাদের আদেশমতে যে কোন কার্য্য চলিতেছে তাহাতে, প্রবেশ করিয়া পরিদর্শন করিতে, কিম্বা

মাজিষ্ট্রেটের পরিদর্শন করিবার ক্ষমতার কথা।

কাহাকেও প্রবেশ করাইয়া তদ্দ্বারা পরিদর্শন করাইতে পারিবেন; এবং এই আইনের কার্য্যপক্ষে যে কোন জলীল কমিশনরদের নিকটে বা কর্ত্তৃত্বাধীনে থাকে, তাহা আনাইয়া দেখিতে পারিবেন।

আইনমত কার্য্য স্থগিত রাখিতে পারিবার কথা।

৬৪ ধারা। খণ্ডের কমিশ্যনর সাহেব কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেব যদি বিবেচনা করেন যে, কোন মুনিসিপালিটীর কমিশনারেরা যে কোন নির্দ্ধারণ বা আজ্ঞা করেন কিম্বা এই আইন অনুসারে কিম্বা এই আইনের আশ্রয়ে যে কার্য্য করিবার উদ্যোগ হইতেছে বা করা যাইতেছে, তাহা আইনের প্রদত্ত ক্ষমতার অতিরিক্ত, অথবা উক্ত নির্দ্ধারণ বা আজ্ঞা ক্রমে কর্ম্ম করিলে কিম্বা উক্ত কার্য্য করিলে, গুরুতর বিশৃঙ্খলা ঘটিবার, অথবা সাধারণের বা কোন শ্রেণীর বা সম্প্রদায়ের ব্যক্তিবর্গের গুরুতর হানি বা বিরক্তি হইবার সম্ভাবনা তবে উক্ত কমিশনর বা মাজিষ্ট্রেট সাহেব লিখিত আজ্ঞা করিয়া ঐ খণ্ডের বা স্থল বিশেষে ঐ জিলার সীমার মধ্যে উক্ত নির্দ্ধারণ বা আজ্ঞামতে কর্ম্মসাধন করা স্থগিত রাখিতে কিম্বা উক্ত কার্য্য করা নিষেধ করিতে পারিবেন।

কোন কমিশ্যনর বা মাজিষ্ট্রেট সাহেব এই ধারামতে কোন আজ্ঞা করিলে, তাহা করিবার হেতু বাদী সহিত তাহার সকল অভিপ্রায় স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইবেন, তাহা হইলে উক্ত গবর্ণমেণ্ট ঐ আজ্ঞা রহিত করিতে, অথবা পরিবর্ত্তন সহকারে বা পরিবর্ত্তন ব্যতিরেকে চিরকাল কিম্বা যত কাল উচিত বোধ করেন তত কাল ঐ আজ্ঞা প্রবল থাকিবার আদেশ করিতে পারিবেন।

ত্রুটি হইলে, স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

৬৫ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা খণ্ডের কমিশ্যনর সাহেবের রিপোর্ট পাইয়া স্থানীয় গবর্ণমেণ্টের যদি কোন সময় বোধ হয় যে, এই আইন বা অন্য কোন আইনমতে কোন মুনিসিপালিটীর কমিশনরদের উপর যে কোন কর্ম্ম করিবার ভার অর্পিত হয়, তাঁহারা সেই কর্ম্ম করিতে ত্রুটি করিয়াছেন, তবে স্থানীয় গবর্ণমেণ্ট লিখিয়া আজ্ঞা করিয়া সেই কর্ম্ম করিবার সময় নিরূপণ করিয়া দিতে পারিবেন।

" উক্ত নিরূপিত সময়ের মধ্যে ঐ কর্ম্ম করা না গেলে স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত কর্ম্ম করণার্থ জিলার মাজিষ্ট্রেট সাহেবকে নিযুক্ত করিতে পারিবেন, এবং এই আদেশ করিতে পারিবেন যে, গবর্ণমেণ্ট যে সময় ধার্য্য করিয়া দেন, সেই সময়ের মধ্যে ঐ কর্ম্ম করিবার খরচ মুনিসিপাল ফণ্ড হইতে উক্ত মাজিষ্ট্রেটের নিকট দেওয়া যাউক।

" উক্ত খরচ এরূপে দেওয়া না গেলে, উক্ত মাজিষ্ট্রেট সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণপূর্ব্বক, মুনিসিপাল ফণ্ডের উদ্বৃত্ত টাকা যে ব্যক্তির হস্তে থাকে, তাঁহার প্রতি আজ্ঞা করিয়া এই আদেশ দিতে পারিবেন যে অন্য কোন বা সকল দায়ের অগ্রে ঐ উদ্বৃত্ত টাকা হইতে উক্ত খরচ অথবা সময়ে২ তাহার যে অংশ দেওয়া সম্ভব হয় তাহা দেন।

অক্ষমতা, ত্রুটি, বা ক্ষমতার অপব্যবহার হইলে কমিশ্যনরদিগকে পদচ্যুত করিতে পারিবার কথা।

৬৫ ধারা। এই আইনের দ্বারা কিম্বা এই আইনমতে কি অন্য আইন দ্বারা কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি যে সকল কর্ম্মের ভার অর্পিত হয় স্থানীয় গবর্ণমেণ্টের মতে তাঁহারা সেই সকল কর্ম্ম করিতে অক্ষম হইলে, কিম্বা তাহা করিতে ক্রমাগত ত্রুটি করিলে, কিম্বা আপনাদের ক্ষমতার অতিরিক্ত কার্য্য করিলে, কিম্বা উক্ত ক্ষমতার অপব্যবহার করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করিবার কারণ সহিত কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া উক্ত কমিশ্যনরেরা অক্ষম বা ত্রুটিকারী কিম্বা আপনাদের ক্ষমতার অতিরিক্ত কার্য্য করিয়াছেন কিম্বা ঐ ক্ষমতার অপব্যবহার করিয়াছেন নির্দ্দেশ করিয়া ঐ আজ্ঞার নির্দ্দিষ্ট সময়ের নিমিত্ত তাঁহাদিগকে পদচ্যুত করিতে পারিবেন।

পদচ্যুত করিবার ফলের কথা।

৬৬ ধারা। পূর্ব্ব ধারামতে পদচ্যুত করিবার আজ্ঞা করা গেলে নিম্নলিখিত ফল হইবে।—

(ক) উক্ত আজ্ঞার তারিখ অবধি সমুদয় কমিশ্যনরেরা কমিশনরস্বরূপ স্বীয় পদ হইতে ভ্রষ্ট হইবেন।

(খ) কমিশ্যনরেরা যত কাল পদচ্যুত থাকেন, স্থানীয় গবর্ণমেণ্টের আদেশমত ব্যক্তি বা ব্যক্তিরা কমিশ্যনরদের সমুদয় ক্ষমতানুসারে তাঁহাদের সমুদয় কর্ম্ম করিবেন।

(গ) উক্ত কমিশ্যনরদের প্রতি যে সকল সম্পত্তি বর্ত্তিয়াছিল, তৎসমুদয় তাঁহাদের পদচ্যুত থাকিবার সময়ে গবর্ণমেণ্টে বর্ত্তিবে।

উক্ত আজ্ঞার নির্দ্দিষ্ট পদচ্যুত থাকিবার কাল গত হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত মুনিসিপালিটীর নাম প্রথম বা দ্বিতীয় তফসীলে কিম্বা প্রথম ও দ্বিতীয় উভয় তফসীলে লিখিবার আজ্ঞা করিতে পারিবেন; তাহা না করিলে নিয়োগ বা মনোনীত করণদ্বারা কমিশ্যনরেরা পুনঃসংস্থাপিত হইবেন, এবং যে ব্যক্তিরা (ক) প্রকরণমতে পদচ্যুত হন, তাঁহারা নিয়োগ বা মনোনীত করণের যোগ্য বলিয়া গণ্য হইবেন না।

তৃতীয় পরিচ্ছেদ।

মুনিসিপল ফণ্ডের কথা।

৬৭ ধারা। এই আইনমত কোন মুনিসিপালিটীতে কমিশ্যনরেরা যে সকল টাকা পান, এবং অর্থদণ্ডের যে টাকা দেওয়া যায় কি আদায় হয় এবং গবর্মেণ্টের অনুমতিক্রমে আর যে সকল টাকা কমিশ্যনরদের হস্তে অর্পণ করা যাইতে পারিবে, সেই সকল টাকা লইয়া একটি ফণ্ড করা যাইবে। তাহার মুনিসিপল ফণ্ড নাম থাকিবে। সেই টাকা, ও অন্য যে প্রকারের যত সম্পত্তি উক্ত কমিশ্যনরদের প্রতি বর্ত্তে, তাহা তাঁহাদের কর্ত্তৃত্বাধীনে থাকিবে, ও তাঁহারা এই আইনের কার্য্যপক্ষে ঐ সকল দ্রব্যাদি ন্যস্তস্বরূপ রাখিবেন।

যাহার লইয়া মুনিসিপল ফণ্ড হইবে তাহার কথা।

৬৮ ধারা। (ক) প্রথম, কমিশ্যনরেরা কোন ঋণ গ্রহণ করিলে তাহার সুদ ও আমলাগণের বেতনাদির টাকা দিবার জন্য যত টাকা প্রয়োজন হয়,

ঋণের সুদ ও আমলাগণের বেতনাদির টাকা দিবার কথা।

(খ) দ্বিতীয়, ৪৮ ধারার উল্লিখিত অর্থানুকূল্য সমেত আপনাদের আমলাগণের বেতনাদি বলিয়া এই আইনমতে যত টাকার বিধান করিবার আদেশ হইল,

(গ) তৃতীয়, অডিটের খরচ ও কোন হিসাব সংক্রান্ত আফিসের বা খাজানাখানার সেরেস্তার খরচ দিবার উদ্দেশে স্থানীয় গবর্ণমেণ্টে যত টাকার আজ্ঞা করেন

কমিশ্যনরেরা বৎসর২ মুনিসিপল ফণ্ড হইতে তত টাকা পৃথক রাখিয়া, সেই২ কর্ম্মে প্রয়োগ করিবেন।

কিন্তু (গ) প্রকরণমতে কোন মুনিসিপালিটীর উপর মোট যত টাকা দিবার আজ্ঞা হয়, তাহা কোন বৎসরে মুনিসিপল ফণ্ডে ঐ বৎসর যে টাকা থাকে, তাহার শতকরা দুই টাকার অধিক হইবে না।

ফণ্ডে টাকা যে২ কর্ম্মে খরচ হইতে পারে, তাহার কথা।

৬৯ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে পূর্ব্বোক্ত টাকা পৃথক করিয়া রাখা গেলে পর, কমিশ্যনরেরা মুনিসিপল ফণ্ড হইতে যত দূর পারেন তত দূর সময়ে২ মুনিসিপালিটীর অন্তর্গত কমিশ্যনরদের সম্পত্তিস্বরূপ পথ ও সাঁকো ও পুষ্করিণী ও ঘাট ও ইঁদারা ও জলনালা ও নর্দ্দমা ও পাইখানা সারাইয়া রাখাইবেন, ও মুনিসিপালিটী পরিষ্কার করাইবেন;

ও স্থানীয় গবর্ণমেণ্ট সংস্থের যে বিধি ও নিষেধসূচক যে আজ্ঞা করেন তাহা প্রবল মানিয়া, মুনিসিপালিটীর অন্তর্গত স্থানে নিম্নলিখিত কোন কার্য্যে ঐ মুনিসিপল ফণ্ড প্রয়োগ করিতে পারিবেন, যথা,—

(১)—পথ ও ট্রামওয়ে ও সাঁকো ও চত্বর ও বাগান ও পুষ্করিণী ও ঘাট ও ইঁদারা ও জলনালা ও নর্দ্দমা ও পাইখানা প্রস্তুত ও উৎকৃষ্ট করণ কার্য্যে।

(২)—জল যোগাইয়া দিবার ও পথে আলো ও জল দিবার কার্য্যে।

(৩)—মুনিসিপল কার্য্যের নিমিত্তে যে কার্য্যালয়ের ও অন্য ঘরের প্রয়োজন থাকে তাহা নির্ম্মাণ ও রক্ষা করণ কার্য্যে।

(৪)—সাধারণের উপকারার্থে অন্য যে কার্য্যদ্বারা নগরবাসিদের স্বাস্থ্য ও সুখ ও স্বচ্ছন্দতা বর্দ্ধন হয় সেই কার্য্যে।

(৫)—বিদ্যালয় নির্ম্মাণ ও মেরামত করণে, বিদ্যালয় স্থাপনে ও সম্পূর্ণ ব্যয়াদি দিয়া কিম্বা সাহায্য দান পূর্ব্বক তাহার রক্ষণে।

(৬)—হাঁসপাতাল ও ঔষধালয় স্থাপনে ও তাহার ব্যয় পোষণে।

(৭)—গোবীজে টিকাদানের বিস্তারে।

(৮)—অগ্নিনির্ব্বাপক দল রক্ষণে।

(৯)—ও সাধারণতঃ এই আইনের অভিপ্রায় সকল করণ কার্য্যে।

কিন্তু বিদ্যালয়াদির সংস্থাপনাদিতে মুনিসিপল ফণ্ডের কোন অংশ প্রয়োগ করা কর্ত্তব্য কি না, এই বিষয় বিবেচনা করিবার জন্য যে বিশেষ সভা হয়, কিম্বা সভায় ঐ বিষয় বিবেচনা করা যাইবে এই মর্ম্মের বিশেষ নোটিস দিয়া যে সভা হয়, সেই সভাগত কমিশ্যনরদের অধিকাংশ ব্যক্তি সম্মত না হইলে, বিদ্যালয় কি হাঁসপাতাল কি ঔষধালয় স্থাপনার্থে কিম্বা তাহার ব্যয়পোষণার্থে কিম্বা গোবীজে টিকাদানের বিস্তার করণার্থে মুনিসিপল ফণ্ডের কোন অংশ প্রযোগ হইবে না।

এই ধারার উদ্দেশ্য সফল করণার্থে যে কোন কার্য্য করা আবশ্যক, কমিশ্যনরেরা এই আইনের অসঙ্গত নয় এমত সকল কার্য্য করিতে পারিবেন।

অন্য মুনিসিপালিটীতে টাকা দিবার কথা।

৭০ ধারা। অন্য কোন মুনিসিপালিটীর মধ্যে কিম্বা অন্য স্থানে ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট অন্যতর কার্য্যে যে ব্যয় হয় তজ্জন্য কিম্বা অন্য কর্ত্তৃপক্ষের অধীন যে কর্ম্মচারীকে কার্য্যে লাগান যায় তাঁহার বেতন দিবার নিমিত্ত কিম্বা নদী কি বন্দর উৎকৃষ্ট করণার্থে যে কোন ব্যক্তি দ্বারা কোন বিষয় প্রস্তুত ও রক্ষা ও মেরামৎ করাণার, তাহার খরচ দিবার নিমিত্ত কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদের তিন অংশের দুই অংশ ব্যক্তি লিখিয়া সম্মত জানাইলে কমিশ্যনরেরা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে আপনাদের মুনিসিপল ফণ্ড হইতে টাকা দিতে পারিবেন।

কিন্তু যে মুনিসিপালিটী ঐ টাকা দেন, ঐ কার্য্যদ্বারা সেই মুনিসিপালিটী-নিবাসি লোকদের উপকার হইবার সম্ভাবনা না থাকিলে, এই ধারামতে তাঁহাদের পূর্ব্বোক্ত টাকা দিতে হইবে না।

হিসাববহী বাহিরের তিন মাসে বন্দরপত্র প্রকাশ করিবার কথা।

৭১ ধারা। যে কোন ব্যক্তি টাক্স দিয়া থাকেন তিনি প্রতি মাসের কোন নির্দ্দিষ্ট দিনে কমিশ্যনরদের কার্য্যালয়ে মুনিসিপালিটীর হিসাববহী দেখিতে পারিবেন।

তিন মাসের অবসান হইলেই সেই তিন মাসের জমা ও খরচ উপযুক্ত দফাবারতে লিখিত হইয়া নিয়মানুসারে টাকী কাটিয়া হিসাব প্রস্তুত করা যাইবে। যে ব্যক্তি টাক্স দিয়া থাকেন তিনি হিসাববহীর সহিত ঐ হিসাবও দেখিতে পাইবেন।

বাৎসরিক অনুমানপত্র প্রস্তুত করিবার কথা।

প্রতি বৎসরের অবসানের পরেই যত শীঘ্র হইতে পারে সেই বৎসরেরও তদ্রূপ হিসাব প্রস্তুত করিতে হইবে, তাহা ও পূর্ব্বোক্তমতে দেখিবার জন্য খোলা থাকিবে।

৭২ ধারা। কোন বৎসরে যত টাকা জমা ও খরচ হইবার সম্ভাবনা ও যে২ কার্য্যে ঐ টাকা খরচ করিবার কল্পনা থাকে, কমিশ্যনরেরা তৎপূর্ব্ব বৎসরের অবসান হইবার অগ্রিম দুই মাস থাকিতে সভাগত হইয়া তাহার বিস্তারিত অনুমানপত্র প্রস্তুত করিবেন।

অনুমানপত্র প্রকাশ করিবার কথা।

৭৩ ধারা। ঐ অনুমানপত্রের প্রতিলিপি এবং জিলার দেশীয় ভাষায় ঐ পত্রের অনুবাদ কমিশ্যনরদের আফিসে রাখিতে হইবে।

সেই প্রতিলিপি যে ঐ আফিসে রাখা গেল, ঐ স্থানে ইহার উপযুক্ত নোটিস প্রকাশ করা যাইবে। উক্ত আফিসে রাখা গেলে পর ঐ মুনিসিপালিটীর টাক্সদায়ি কোন ব্যক্তি তাহা দেখিতে চাহিলে, চৌদ্দ দিন পর্য্যন্ত যুক্তিসিদ্ধ সকল সময়ে ঐ অনুমানপত্র ও জিলার চলিত ভাষায় ঐ পত্রের অনুবাদ দেখিতে পাইবেন।

কমিশ্যনরদের আফিসে কোন ব্যক্তি কোন বিষয়ের লিখিত প্রস্তাব রাখিয়া গেলে তাহা লিপিবদ্ধ করা যাইবে, ও তৎপরে তাঁহাদের অধিবেশন হইলে সেই প্রস্তাব তাঁহাদের বিবেচনার্থে উপস্থিত করা যাইবে।

ম্যাজিষ্ট্রেটের নিকট অনুমানপত্র পাঠাইবার কথা।

৭৪ ধারা। উক্ত চৌদ্দ দিন গত হইলে পর, ও তাহার মধ্যরূপে সংশোধন করা প্রয়োজন বোধ হয় তাহা করিলে পর, ঐ অনুমানপত্র জিলার ম্যাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইতে হইবে।

ম্যাজিষ্ট্রেট সাহেবের মন্তব্য লিখিতে পারিবার কথা।

৭৫ ধারা। ম্যাজিষ্ট্রেট সাহেব ঐ অনুমানপত্র খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইতে পারিবেন, কিম্বা যেরূপ মন্তব্য ও প্রস্তাব লেখা উচিত বোধ করেন তৎসহিত উহা কমিশ্যনরদের নিকট ফিরাইয়া দিতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরেরা সভাগত হইয়া ম্যাজিষ্ট্রেট সাহেবের মন্তব্য বিবেচনা করিয়া হয় তাঁহার প্রস্তাব গ্রাহ্য করিবেন, না হয় অসম্মত হইবার কারণ লিপিবদ্ধ করিবেন; তদনন্তর খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট প্রেরণ নিমিত্ত ঐ অনুমানপত্র ম্যাজিষ্ট্রেট সাহেবের নিকট ফেরত পাঠাইবেন।

অনুমানপত্র বিষয়ে কমিশ্যনর সাহেবের ক্ষমতার কথা।

৭৬ ধারা। ঐ অনুমানপত্র যেমন থাকে খণ্ডের কমিশ্যনর সাহেব তেমনি তাহা অনুমোদন করিতে পারিবেন, কিম্বা তন্মধ্যে যাহা পরিবর্ত্তন করা উচিত বোধ করেন তাহা করিয়া অনুমোদন করিতে পারিবেন, কিম্বা তাহার যেরূপে রূপান্তর করা আবশ্যক বোধ করেন তাহা করিবার জন্যে কমিশ্যনরদের নিকট ফিরাইয়া দিতে পারিবেন; তদ্রূপে রূপান্তর করা গেলে পর ঐ অনুমানপত্র দৃঢ় করণার্থ খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট পুনশ্চ পাঠান যাইবে।

কিন্তু ঐ অনুমানপত্রে যত টাকা কমিশ্যনরদের হাতে আছে দেখা যায়, খণ্ডের কমিশ্যনর সাহেব প্রস্তাবিত মোট খরচ তদধিক করিয়া তুলিবেন না।

খরচের অনুমানপত্র সংশোধন করিতে পারিবার কথা।

৭৭ ধারা। কমিশ্যনরদের ব্যয়ার্থে যে টাকা নিরূপিত থাকে, তাহা প্রয়োগ করিবার নিয়ম তাঁহারা কোন প্রকারে পরিবর্ত্তন করা বিহিত বোধ করিলে, তাহার বিধান করিবার জন্যে সভাগত হইয়া সময়ের সেই খরচের অনুমানপত্র সংশোধন করিতে পারিবেন, ও সেই সংশোধিত অনুমানপত্র প্রকাশ করা যাইবে, এবং পূর্ব্বনির্দ্দিষ্টমতে পাঠান যাইবে। ম্যাজিষ্ট্রেট ও খণ্ডের কমিশ্যনর সাহেব সেই সংশোধিত অনুমানপত্র লইয়া পূর্ব্ব নির্দ্দিষ্ট প্রকারে কার্য্য করিতে পারিবেন।

অনুমানপত্রে যে টাকা খরচ করিবার অনুমতি হয় তাহা খরচ করিবার কথা।

৭৮ ধারা। পূর্ব্বোক্তরূপে মুনিসিপালিটীর ঐ বৎসরের অনুমানপত্র অনুমোদিত হইলে পর, কমিশ্যনরেরা সভাগত হইয়া সময়ের সাধারণ কি বিশেষ নির্দ্ধারণ করিয়া, ঐ অনুমানপত্রে যে কার্য্যের নিমিত্ত যত টাকা নিরূপিত হইল সেই কার্য্যে তত টাকা কি তাহার কোন অংশ ব্যয় করিবার অনুমতি দিতে পারিবেন।

বৎসরের বজেটইষ্টিমেটে (অর্থাৎ আয়ব্যয়ের অনুমানপত্রে) যে কার্য্যের নিমিত্ত যত টাকা নিরূপণ হইল, এই ধারায় ভাবান্তরের কথা থাকিলেও, স্থানীয় গবর্ণমেণ্ট সেই কার্য্যে কোন মুনিসিপালিটীর ঐ টাকা ব্যয় করিবার ক্ষমতা সঙ্কোচ করিবার কি তাহার সুব্যবস্থা করিবার যে বিধি বিহিত বোধ করেন করিতে পারিবেন।

কোন কার্য্যে ৫০০০৲ টাকার অধিক লাগিবার অনুমান হইলে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

৭৯ ধারা। কোন কার্য্যে পাঁচ সহস্র টাকার অধিক লাগিবার অনুমান হইলে, ঐ কার্য্য আরম্ভ করিবার পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্ট আপনার কিম্বা গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের অনুমোদনের নিমিত্ত সেই কার্য্যের নকশা ও অনুমানপত্র অর্পণ করিবার আজ্ঞা দিতে পারিবেন;

এবং যে পাঠে নির্দ্ধার্য্য করেন, ঐ কার্য্য ক্রমশঃ চলনের ও তাহার সমাপ্ত হওয়ার বর্ণনা ও তাহাতে যত টাকা ব্যয় হয় তাহার হিসাব সেই পাঠে লিখিয়া, আপনার কিম্বা ঐ কার্য্যকারকের অনুমোদনার্থে সময়ের পাঠাইবার আজ্ঞা করিতে পারিবেন।

অতিরিক্ত টাকা খরচ হইলে তাহা বণ্টন করিবার কথা।

৮০ ধারা। কোন বৎসরের অনুমানপত্রে কিম্বা সংশোধিত অনুমানপত্রে যে কার্য্যের নিমিত্ত যত টাকা খরচ করিবার অনুমতি হইল, কমিশ্যনরেরা সেই বৎসরে সেই কার্য্যে তাহার অধিক টাকা ব্যয় করিবার অনুমতি দিতে পারিবেন না। কিন্তু বৎসরের মধ্যে তদ্রূপ করা আবশ্যক দেখা গেলে, অনুমানপত্রের অন্তর্গত যে দফায় যত করিয়া টাকা লেখা থাকে, কমিশ্যনরেরা খণ্ডের কমিশ্যনর সাহেবকে তাহার এক দফা হইতে সেই দফার নিরূপিত কতক টাকা উঠাইয়া অন্য দফায় জমা দিয়া ঐ অনুমানপত্র পরিবর্ত্তন করিবার পরামর্শ দিতে পারিবেন। খণ্ডের কমিশ্যনর সাহেব সেই নিরূপিত টাকা তদ্রূপে খারিজ দাখিল করিবার অনুমতি দিতে পারিবেন।

আনুষ্ঠানিক কার্য্যাদির বার্ষিক রিপোর্ট অর্পণ করিবার কথা।

৮১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কমিশ্যনরদের আনুষ্ঠানিক কার্য্যের রিপোর্ট, ও তাঁহাদের দ্বারা যে সকল কার্য্য সম্পাদন হইয়াছে, ও তাঁহাদের যত টাকা আয় ও ব্যয় হইয়াছে, ইহার বর্ণনাপত্র যে সময়ে যে পাঠে লিখিয়া দিতে আদেশ করেন, কমিশ্যনরেরা সেই সময়ে সেই পাঠে তাহা বৎসর২ লিখিয়া অর্পণ করিবেন।

ঐ রিপোর্ট ও তদ্বিষয়ে গবর্ণমেণ্ট যে কোন আজ্ঞা করেন তাহা হিসাববহী ও ত্রৈমাসিক ও বার্ষিক হিসাবের সহিত কমিশ্যনরদের কার্য্যালয়ে টাঙ্গদাতাদের দৃষ্টির জন্য খোলা থাকিবে

হিসাবের পাঠ ও তাহা আডিট করিবার কথা।

৮২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট ঐ সকল মুনিসিপল হিসাব যেরূপ পাঠে রাখিবার ও যেরূপে আডিট করিবার আজ্ঞা করেন, বৎসর২ ঐ হিসাব সেইরূপ পাঠে রাখিতে ও সেইরূপে আডিট করিতে হইবে।

মুনিসিপল ফণ্ড রাখিবার কথা।

৮৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট প্রকারান্তরের অ
ন্য করিলে, মুনিসিপল ফণ্ডের নিমিত্ত যে সকল টাকা পাওয়া যায় তাহা গবর্ণমেণ্টের খাজানাখানায়, কিম্বা মুনিসিপালিটীর মধ্যস্থিত কিম্বা নিকটস্থ গবর্ণমেণ্টের খাজানাখানারূপে ব্যবহৃত কোন ব্যাঙ্কে কি শাখা ব্যাঙ্কে গচ্ছিত করা যাইবে। ঐ টাকা যে মুনিসিপালিটীর টাকা হয়, সেই মুনিসিপালিটীর হিসাব বহী বলিয়া অভিধের এক হিসাব বহীতে তাহা জমা করিয়া লওয়া যাইবে।

কিন্তু তন্মধ্যে কোন টাকা তৎকালে ব্যয় করিবার প্রয়োজন না থাকিলে, কমিশ্যনরেরা সেই টাকা দিয়া গবর্ণমেণ্টের সিক্যুরিটী কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে প্রকারের সিক্যুরিটী অনুমোদন করেন সেই প্রকারের সিক্যুরিটী ক্রয় করিতে পারিবেন।

টাকা দিবার আদেশপত্রের কথা।

৮৪ ধারা। এই বিষয়ে সভাপতির কি প্রতিনিধি সভাপতির ক্ষমতার যে সীমা আছে, এতৎক্রমে খণ্ডের কমিশ্যনর সাহেবের প্রতি সভাগত কমিশ্যনরদের পরামর্শানুসারে তাহা বৃদ্ধিকরিবার ক্ষমতা দেওয়া গেল। উক্ত কমিশ্যনর সাহেব সেই ক্ষমতার সীমা স্পষ্টরূপে বৃদ্ধি করিয়া না দিলে মুনিসিপল ফণ্ড হইতে টাকা দিবার যে আদেশপত্র দেওয়া যায়, পাঁচশত টাকার অনধিক টাকা দিবার সেই আদেশপত্রে সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি স্বাক্ষর করিবেন; তাহার অধিক টাকার আদেশ থাকিলে উক্ত দুইজন কার্য্যকারক কিম্বা তাঁহাদের এক জন ও অন্য এক জন কমিশ্যনর তাহাতে স্বাক্ষর করিবেন।

কমিশ্যনরেরা ৭৮ ধারার বিধানমতে সভাগত হইয়া যে টাকা ব্যয় করিবার অনুমতি দেন, তদ্ভিন্ন অন্য টাকা দিবার তদ্রূপ আদেশপত্র দেওয়া যাইবে না।

চতুর্থ পরিচ্ছেদ।

মুনিসিপল টাক্স ধার্য্যকরণের কথা।

ব্যক্তিদের উপর বা যোতের উপর অনুকল্পে টাক্সের কথা।

৮৫ ধারা। কমিশ্যনরেরা সময়ে২ উপযুক্ত নোটিস দিয়া সুস্পষ্টরূপে এই কার্য্যের নিমিত্তে বিশেষ সভা করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে ঐ মুনিসিপালিটীর সীমার মধ্যে নিম্নলিখিত এক প্রকারের টাক্স বসাইতে পারিবেন, উভয় প্রকারের নয়।

(ক) মুনিসিপালিটীর মধ্যে যে ব্যক্তিদের যোত থাকে, তাঁহাদের সম্পত্তি অনুসারে ও মুনিসিপালিটীর মধ্যে তাঁহাদের যে সম্পত্তি থাকে তদনুসারে সেই ব্যক্তিদের উপর টাক্স।

কিন্তু কোন ব্যক্তির উপর কোন এক যোতের অধিকার সম্পর্কে বৎসরে ৮৪ চোরাশী টাকার অধিক ধার্য্য করিতে হইবে না। অথবা

(খ) মুনিসিপালিটীর মধ্যে যত যোত থাকে তাহার বার্ষিক মূল্যের উপর রেট।

কিন্তু টাকার ও দাদ্রনি অর মুনিসিপালিটীর মধ্যে ঐ বার্ষিক মূল্যের উপর শতকরা ১০ টাকার অধিক হার রেট ধার্য্য হইবে না; তদ্ভিন্ন অন্য সকল যোতের বার্ষিক মূল্যের উপর শতকরা ৭৷৷০ টাকার অধিক হারে রেট বসান যাইবে না, ও যে যোতের বার্ষিক মূল্য ৬৭ টাকার কম হয়, তাহার উপর কোন রেট বসাইতে হইবে না।

আয়র টাক্সের কথা।

৮৬ ধারা। কমিশ্যনরেরা সময়ে২ পূর্ব্বোক্তমতে সভা করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া, ঐ মুনিসিপালিটীর সীমার মধ্যে উহার পূর্ব্ব ধারার লিখিত অন্যতর টাক্সের অতিরিক্ত নিম্নলিখিত সকল কি কোন টাক্স, ফী, মাশুল কি রেট আদায় হইবার আজ্ঞা করিতে পারিবেন।—

(ক) পঞ্চম তফসীলে যে গাড়ীর ও ঘোড়া প্রভৃতি জন্তুর কথা লেখা আছে তাহার উপর টাক্স।

(খ) গোরুর গাড়ী রেজিষ্টরী করিবার ফী।

(গ) খেয়ার উপর মাশুল ও ১১৮ ও ১৫৯ ধারার বিধান প্রবল না হয়া সাঁকোর ও পাকা রাস্তার উপর মাশুল।

(ঘ) যে পথে জলের যোগান আছে সেই পথে বাড়ী ও জমী থাকিলে সেতের বার্ষিক মূল্যের উপর শতকরা ছয় টাকার অনধিক ও এরূপ যোগান যে পথে না থাকে সেই পথে বাড়ী ও জমী থাকিলে শতকরা পাঁচ টাকার অনধিক জলের রেট।

(ঙ) ঐরূপ বার্ষিক মূল্যের উপর শতকরা তিন টাকার অনধিক আলোর টাক্স রেট।

(চ) পাইখানা পরিষ্কার করিবার ফী।

কিন্তু পশ্চাল্লিখিতমতে (ঘ) প্রকরণ সম্বন্ধে ৭ পরিচ্ছেদের বিধান, কিম্বা (ঙ) প্রকরণসম্বন্ধে ৮ পরিচ্ছেদের বিধান, কিম্বা (চ) প্রকরণ সম্বন্ধে ৯ পরিচ্ছেদের বিধান সমস্ত বা আংশিক ভাবে কোন মুনিসিপালিটীতে বর্ত্তান না গেলে, (ঘ), (ঙ) ও (চ) প্রকরণের লিখিত টাক্স সেই মুনিসিপালিটীতে আদায় করা যাইবে না।

ব্যক্তিদের উপর টাক্সের কথা।

টাক্সধার্য্যকরণের কল্প প্রস্তুত করিতে হইবার কথা।

৮৭ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত যে যে ব্যক্তিদের দখলে থাকে তাহাদের সম্ভতি ও সম্পত্তি অনুসারে তাঁহাদের উপর টাক্স বসাইতে স্থির হইলে, যে প্রকারের অনুসন্ধান লওয়া আবশ্যক হইতে পারে কমিশ্যনরেরা তাহা লইয়া ঐ টাক্স ধার্য্যকরণের কল্প প্রস্তুত করিবেন। তন্মধ্যে এই কথা ও কমিশ্যনরেরা যে কথা লেখা উচিত বোধ করেন তাহাও বিশেষ করিয়া লিখিতে হইবে:—

(ক) প্রত্যেক যে রাস্তার কি পথের ধারে থাকে তাহার নাম।

(খ) রেজিষ্টরী বহীতে ঐ যোতের যে নম্বর থাকে তাহা।

(গ) যোত যে ব্যক্তির দখলে থাকে, তাঁহার উপর টাক্স ধার্য্য হউক কিম্বা তিনি টাক্স হইতে মুক্ত থাকুন তাঁহার নাম।

(ঘ) ঐ যোতের মালিক ও যে ব্যক্তির টাক্স ধার্য্য হইল মুনিসিপালিটীর মধ্যে তাঁহার সম্পত্তির মূল্য ও তাঁহার বৃত্তি কি ব্যবসায়।

(ঙ) বৎসর যত টাকা টাক্স ধার্য্য হইল।

(চ) তিনং মাসান্তর যত টাকার কিস্তি দিতে হইবে।

(ছ) যোত যে ব্যক্তির দখলে থাকে, তিনি টাক্স হইতে মুক্ত থাকিলে সেই মর্ম্মের সংক্ষিপ্ত কথা।

ব্যক্তিদের উপর যে টাক্স ধার্য্য হয় যোত যে ব্যক্তিদের দখলে থাকে, তাঁহারা তিনং মাসের কিস্তি করিয়া তাহা দিবেন।

যে ভূমিতে চাষ হইতে পারে তাহাতে, ও কেবল ঈশ্বরের আরাধনার নিমিত্ত যে ঘর প্রতিষ্ঠিত হইল এমত ঘরে দখল থাকাপ্রযুক্ত কোন ব্যক্তির উপর ঐ টাক্স ধার্য্য কি আদায় করা যাইবে না।

৮৮ ধারা। এই আইনে ভাবান্তরের বিধান না থাকিলে, ব্যক্তিদের উপর যে টাক্স ধার্য্য হয় ১১২ ধারার বিধানমত নোটিস যে বৎসরে প্রকাশ করা যায় তাহার পর বৎসরের আরম্ভ অবধি ঐ টাক্স প্রবল হইয়া তৎপর বৎসর পর্য্যন্ত ও নূতন টাক্স ধার্য্যকরণপত্র কি মূল্য নিরূপণপত্র যে তারিখে প্রকাশ করা যায় তাহার পর বৎসরের প্রথম পর্য্যন্ত, কিম্বা টাক্স ধার্য্য রদ ও মূল্য নিরূপণপত্রের পুনরালোচনা ও সংশোধন না হওয়া পর্য্যন্ত প্রবল থাকিবে।

টাক্সনিরূপণপত্র যত দিন প্রবল থাকিবে তাহার কথা।

কিন্তু এই আইন কোন স্থানে প্রচলিত করা গেলে, উক্ত নোটিস যে তিন মাসের মধ্যে প্রকাশ করা যায় তাহার পর তিনং বৎসর প্রথমাবধি ঐ টাক্স ধার্য্য করণের প্রথম পত্র প্রবল হইতে পারিবে।

৮৯ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে ব্যক্তির উপর টাক্স বসান গেলে, গবর্ণমেণ্টের সম্পত্তি হইয়া রাজকীয় ইমারত বলিয়া যে যোতের ব্যবহার থাকে সেই যোতের অধিকার উপলক্ষে কোন ব্যক্তির উপর টাক্স ধার্য্য হইবে না। কিন্তু ১০১ ধারার বিধানমতে ঐ প্রত্যেক যোতের বার্ষিক মূল্য নিরূপণ করিয়া সেই মূল্যের উপর শতকরা ৭৷৷০ সাড়ে সাত টাকার অনধিক হারে রেট ধার্য্য হইবে, ঐ রেট গবর্ণমেণ্ট হইতে দেওয়া যাইবে।

রাজকীয় ইমারতাদির উপর টাক্স বসাইবার কথা।

৯০ ধারা। কোন ব্যক্তির অধিকারে দুই কি তদধিক যোত থাকিলে তাঁহার উপর টাক্স ধার্য্য হইলে, ও সর্ব্বসুদ্ধ বৎসর তাঁহার দেয় টাকার অধিক ধার্য্য হইয়া থাকিলে, ১১২ ধারার বিধানমত নোটিস প্রকাশ হইবার পর তিনি পঞ্চদশ দিনের মধ্যে কমিশ্যানরদের নিকট সেই নির্দ্ধারিত টাক্স রহিত করিয়া, উক্ত সকল যোতের উপলক্ষে সর্ব্বসুদ্ধ মোটে যত টাকা টাক্স ধার্য্য হইল তৎপরিবর্ত্তে এই যোতের বার্ষিক মূল্যের উপর শতকরা ৭৷৷০ সাড়ে সাত টাকার হারে রেট ধার্য্য হইবার প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে কমিশ্যানরেরা টাক্সের পরিবর্ত্তে ঐ রেট ধার্য্য করিবেন

কোন ব্যক্তির উপর যত রেট ধার্য্য হয় তাহা মোটে ৮৸ টাকার অধিক হইলে কার্য্যপ্রণালীর কথা।

ও যত টাকা রেট ধার্য্য হইবে তাহার হিসাব করিবার জন্যে ১০১ ধারার বিধানমতে ঐ যোতের বার্ষিক মূল্য নির্ণয় করিবেন।

এই ধারামতে যে রেট বসান যায় যে যোতের রেট ধার্য্য হইল, তাহার দখীলকারের সেই রেট দিতে হইবে।

৯১ ধারা। কোন ব্যক্তির নৈমিত্তিকপ্রযুক্ত কমিশ্যানরেরা তাঁহাকে ঐ টাক্স দিবার অক্ষম বলিয়া জ্ঞান করিলে, টাক্স হইতে মুক্ত করিতে পারিবেন; কিন্তু যোত যাঁহার দখলে থাকে, তাঁহার উপর টাক্স ধার্য্য হইবে কি নাই তদ্বিষয়ে টাক্স ধার্য্যকরণপত্রের মধ্যে তাঁহার নাম লিখিতে হইবে।

মুক্ত করিবার ক্ষমতার কথা।

৯২ ধারা। উক্ত টাক্স ধার্য্যকরণপত্রে যে ব্যক্তির নাম লেখা থাকে, যে যোতের অধিকার করণ প্রযুক্ত তাঁহার সেই টাক্স ধার্য্য হইল ঐ টাক্স ধার্য্যকরণপত্র প্রকাশ হইলে পর কোন সময়ে সেই যোত তাঁহার অধিকারে আর না থাকিলে, কিম্বা তাঁহার যে সম্পত্তির কি সম্পত্তির উপলক্ষে সেই টাক্স ধার্য্য হইল তাহা কমিয়া গেলে, তাঁহার প্রার্থনামতে কমিশ্যানরেরা তাঁহাকে ঐ টাক্স হইতে মুক্ত করিতে কিম্বা ঐ পত্র সংশোধন করিতে পারিবেন; এবং কমিশ্যানরেরা যে তারিখের আজ্ঞা করেন সেই তারিখ অবধি উক্ত মুক্ত করণ বা সংশোধন ফলবৎ হইবে।

অবস্থা পরিবর্ত্তন হওয়াতে টাক্স কমাইয়া দিতে প্রার্থনা করিবার ক্ষমতার কথা।

৯৩ ধারা। টাক্স ধার্য্যকরণপত্রে কোন ব্যক্তির নাম অনুমতি বিনা ছাড়া হইলে, কিম্বা সেই পত্র প্রকাশ করিবার পর কোন ব্যক্তির টাক্স দিবার দায়িত্ব বর্ত্তিলে, কমিশ্যানরেরা ১১২ ধারার বিধানমতে নোটিস প্রকাশ হইবার পর কোন সময়ে ঐ ব্যক্তির টাক্স ধার্য্য করিতে পারিবেন, ও কোন ব্যক্তির টাক্স কম করিয়া ধরা গিয়াছে ও ভুলক্রমে কি প্রতারণাদ্বারা কম ধরা গিয়াছে, তাঁহাদের এরূপ বোধ হইলে তাহা বৃদ্ধি করিতে পারিবেন।

টাক্সধার্য্যকরণপত্র পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

এই ধারামতে কোন ব্যক্তির টাক্স ধার্য্য কি বৃদ্ধি করা গেলে, যে তিন মাসের মধ্যে তাহা ধার্য্য কি বৃদ্ধিকরা যায় তাহার পশ্চাৎ তিন মাসের আরম্ভ অবধি তাহা প্রবল হইবে।

৯৪ ধারা। টাক্স ধার্য্যকরণপত্রে যে ব্যক্তির নাম লেখা থাকে, তাঁহার স্থানে অন্য প্রজা আইনে কমিশ্যানরেরা কোন সময়ে পূর্ব্ব ব্যক্তির নাম উঠাইয়া যোতের এ নূতন প্রজ নাম লিখিয়া তাহার উপর ঐ টাক্স ধার্য্য করিতে পারিবেন ও সেই ব্যক্তি যে তারিখ অবধি ঐ যোতের দখল করিলেন সেই তারিখ অবধি সেই নির্দ্ধারিত টাক্সের দায়ী হইবেন।

প্রজার পরিবর্ত্তন হইবে কার্য্যপ্রণালীর কথা।

৯৫ ধারা। বৎসরের মধ্যে কোন যোত খালী হইলে, যে তিন মাসের মধ্যে খালী হয় তাহার পশ্চাৎ তিন মাসের প্রথম দিবসাবধি ঐ যোতের দখলের উপলক্ষে নির্দ্ধারিত টাক্স প্রবল থাকিবে না।

যোতের প্রজা উঠিয়া গেলে নির্দ্ধারিত টাক্স যে সময়ে রহিত হইবে তাহার কথা।

খোতের মূল্যের উপর রেটের কথা।

৯৬ ধারা। খোতের বার্ষিক মূল্যের উপর রেট বসাইতে স্থির করা গেলে, যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক কমিশ্যনরেরা তাহা লইয়া নিম্নলিখিত বিধানমতে মুনিসিপালিটীর অন্তর্গত সকল খোতের মূল্য নিরূপণ করিবেন।

খোতের মূল্য কমিশ্যনরদের নির্ণয় করিবার কথা।

৯৭ ধারা। এই আইনে প্রথম রেটের বিধান না থাকিলে, মুনিসিপালীটির মধ্যে উক্ত মূল্যনিরূপণপত্র প্রবল হইবার প্রথম দিনাবধি তিন বৎসর প্রবল থাকিবে, ও নূতন মূল্যনিরূপণপত্র করিবার তারিখের পর বৎসরের প্রথম পর্য্যন্ত কিম্বা যত দিন তাহার পুনরালোচনা ও সংশোধন না করা যায় তত দিন তাহা প্রবল থাকিবে।

ঐ নিরূপিত মূল্য যত দিন প্রবল থাকিবে তাহার কথা।

৯৮ ধারা। কেবল ঈশ্বরারাধনার নিমিত্ত যে খোতের প্রয়োগ হয় কিম্বা ২৫৪ ধারামতে সাধারণের কবরস্থান বা শ্মশান বলিয়া যাহা নিয়মিতরূপে রেজিষ্টরী করা যায়, তাহার মূল্যের উপর রেট ধার্য্য কি আদায় করা যাইবে না।

যে যে খোত টক্স হইতে মুক্ত থাকিবে তাহার কথা।

৯৯ ধারা। মূল্যনিরূপণপত্র প্রস্তুত করিবার জন্যে কমিশ্যনরেরা যখন উচিত বোধ করেন তখনই সকল খোতের স্বামিদের কি প্রজাদের নামে নোটিস দিয়া এই খোতের খাজানার কি বার্ষিক মূল্যের রিটর্ণ দিবার আজ্ঞা করিতে পারিবেন; এবং কমিশ্যনরেরা কিম্বা এই কার্য্যপক্ষে তাঁহাদের স্থানে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি আটচল্লিশ ঘণ্টা থাকিতে কোন খোতের প্রজাকে আপনাদের সেই খোতে যাইবার মনস্থ জানাইয়া, সূর্য্যের উদয় ও অস্ত হইবার মধ্যে কোন সময়ে সেই খোতে গিয়া তাহা দেখিতে ও মাপ করিয়া আসিতে পারিবেন।

বার্ষিক মূল্য নিশ্চয় রূপে জানিবার নিমিত্ত যে২ রিটর্ণের প্রয়োজন হইবে তাহার কথা।

১০০ ধারা। কোন ব্যক্তিকে যে তারিখে রিটর্ণ দিবার আদেশ করা যায়, সেই তারিখ অবধি এক সপ্তাহের মধ্যে তিনি ঐ রিটর্ণ না দিলে বা দিতে অস্বীকার করিলে, কিম্বা জানিয়া শুনিয়া মিথ্যা বা অশুদ্ধ রিটর্ণ দিলে, তাঁহার ২০ টাকার অনধিক অর্থদণ্ড ও যত দিন সত্য ও শুদ্ধ রিটর্ণ না দেন তাহার দিনপ্রতি ৫ টাকার অনধিক দৈনিক দণ্ড হইতে পারিবে; এবং কেহ কোন কমিশ্যনরকে কিম্বা পূর্ব্বোক্তমতে কমিশ্যনরদের নিযুক্ত কোন ব্যক্তিকে উক্ত খোতে প্রবেশ করিতে কিম্বা তাহা দেখিতে বা মাপ করিতে বাধা দিলে বা নিবারণ করিলে, তাঁহার ২০০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

রিটর্ণ দিতে ত্রুটি হইলে দণ্ডের কথা।

১০১ ধারা। কোন খোতের বৎসরে মোটে যত টাকা ভাড়া কি খাজানা যুক্তিমতে হইতে পারে তাহাই ঐ খোতের বার্ষিক মূল্য বলিয়া জ্ঞান করিতে হইবে। কমিশ্যনরেরা তদনুসারে খোতের মূল্য নিরূপণ করিয়া মূল্য নিরূপণ পত্রে লিখিবেন।

খোতের বার্ষিক মূল্য যেরূপে নির্ণয় করিতে হইবে তাহার কথা।

কিন্তু কোন খোতে এক বা অধিক ইমারৎ থাকিলে ও তাহা প্রস্তুত করিতে বাস্তবিক যে খরচ পড়িয়াছে তাহা জানা বা অনুমান করা যাইতে পারিলে, ঐ খোতের বার্ষিক মূল্য খোতের অন্তর্গত ভূমির যুক্তিমত খাজানার অতিরিক্ত কোন স্থলে ঐ খরচের শতকরা সাড়ে সাত টাকার অধিক বলিয়া গণা করা যাইবে না।

পরন্তু ঐ রূপে বাস্তবিক যে খরচ হইয়াছে জানা যায়, তাহা এক লাখ টাকার অধিক হইলে, এক লাখ টাকার অতিরিক্ত যে খরচ পড়ে, তৎসম্বন্ধে বার্ষিক মূল্যের উপর শতকরা যত টাকা আদায় করিতে হইবে, তাহা ১০ ধারামতে কমিশ্যনরদের নির্দ্ধারিত শতকরার চতুর্থাংশের অধিক হইবে না।

আর এই ধারামতে কোন খোতের বার্ষিক মূল্য নিরূপণ করিতে হইলে, ঐ খোতের উপর যে কোন কল থাকে, তাহার মূল্য ধরিতে হইবে না।

খোতের উপর যে হারে টাক্স লইতে হইবে তাহা নিরূপণ করিবার কথা।

১০২ ধারা। রেট যে বৎসরে চলিবে কমিশ্যনরেরা তাহার পূর্ব্ব বৎসরের অবসানের অগ্রে সভা করিয়া খোতের মূল্যের উপর শতকরা যে হারা সারে রেট আদায় করিতে হইবে, ৮৫ ধারার বিধান প্রবল মানিয়া, তাহা স্থির করিবেন; ও শতকরা হিসাবে কমিশ্যনরদের সেই হার নিরূপণসূচক আজ্ঞা যত দিন না রহিত করা যায়, ও কমিশ্যনরেরা সভাগত হইয়া আগামি বৎসরের আরম্ভ অবধি খোতের মূল্যের উপর শতকরা অন্য হারে রেট আদায় হইবে ইহা যত দিন নিরূপণ না করেন, তত দিন পূর্ব্বোক্ত হার প্রবল থাকিবে।

কিন্তু এই আইন কোন স্থানে প্রথম প্রচলিত করা গেলে, কমিশ্যনরেরা সভাগত হইয়া যে তিন মাসের মধ্যে শতকরা যে হার নির্দ্ধারণ করেন তাহার পশ্চাৎ তিন মাসের আরম্ভ অবধি সেই হারানুসারে রেট প্রথম আদায় হইতে পারিবে।

মূল্য নিরূপণের ও রেটের পত্র প্রস্তুত করিবার কথা

১০৩ ধারা। আগামি বৎসরে শতকরা যে হারানুসারে রেট আদায় করিতে হইবে ইহার পূর্ব্ব ধারামতে এই কথা স্থির করা গেলে পর যত শীঘ্র হইতে পারে, কমিশ্যনরেরা মূল্য নিরূপণপত্র ও রেটের নির্ঘণ্টপত্র প্রস্তুত করাইবেন। তন্মধ্যে নিম্নলিখিত কথা ও কমিশ্যনরেরা অন্য যে২ কথা লেখা উচিত জ্ঞান করেন তাহা বিশেষ করিয়া লিখিতে হইবে,

(ক) খোত যে রাস্তার কি পথের ধারে আছে তাহার নাম।

(খ) রেজিষ্টরী বহীতে খোতের যে নম্বর থাকে তাহা।

(গ) খোতের বর্ণনা।

(ঘ) খোতের বার্ষিক মূল্য।

(ঙ) স্বামির নাম।

(চ) বৎসরে যত টাকা রেট দিতে হইবে।

(ছ) তিন২ মাসে যত টাকার কিস্তি দিতে হইবে।

(জ) খোতের উপর টাক্স ধার্য্য না হইলে, সেই বর্জ্জের সংক্ষিপ্ত কথা।

খোতের উপর যে রেট ধরা যায়, খোতের স্বামী তিন২ মাসের কিস্তি করিয়া তাহা দিবেন।

১০৪ ধারা। ঘর এক স্বামির হইলে, ও তাহা যে ভূমিতে থাকে ও পার্শ্বস্থ যে ভূমির সহিত তাহার ভাড়া নিয়ত দেওয়া গিয়া থাকে সেই ভূমি অন্য ব্যক্তির হইলে, কমিশ্যনরেরা সেই ঘরের ও ভূমির মূল্য একত্র ধরিয়া তাহার উপর মোট রেট ধার্য্য করিতে পারিবেন।

ঘর যে ভূমিতে থাকে সেই ভূমির টাক্স সুদ্ধ ঘরের টাক্স ধরিবার কথা।

ঐ রেটের সমষ্টি টাকা ঘরের স্বামির দিতে হইবে। তিনি ঐ ভূমির যত খাজানা দিয়া থাকেন তাহা ঐ যোতের বার্ষিক মূল্যের যে অংশ হয়, তিনি উক্ত যে রেট দিলেন তাহার সেই অংশ খাজানা হইতে তাঁহার কাটিয়া লইবার অধিকার থাকিবে।

ঘরের স্বামী যে হারানুসারে ঐ রেট কাটিয়া লন তদ্বিষয়ে ঐ ভূমির ও ঘরের স্বামির অনৈক্য হইলে, কাহার কত দিতে হইবে কমিশ্যনরেরা একতর ব্যক্তির প্রার্থনামতে উহার মীমাংসা করিবেন, ও সেই মীমাংসা চূড়ান্ত হইবে।

১০৫ ধারা। যোতের স্বামীর স্থানে টাক্সের টাকা পাওনা থাকিলে, ও দাওয়ার নোটিস উচিতমতে দেওয়া গেলেও টাকা না দেওয়া গেলে, ও সেই স্বামী নিজে সেই মুনিসিপালিটীর মধ্যে বাস না করিলে কিম্বা সেই স্বামির বাসস্থান জানা না গেলে, ঐ যোত যে সময় যাহার দখলে থাকে তাঁহার স্থানে ঐ টাকা আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। প্রজা সেই টাক্স দিলে, কিম্বা তাঁহার স্থানে তাহা আদায় করা গেলে তৎপশ্চাৎ তাঁহার যে ভাড়া দেনা হয় তাহা হইতে তিনি ঐ টাকা কাটিয়া লইতে পারিবেন।

স্বামী মুনিসিপালিটীতে বাস না করিলে প্রজার স্থানে টাক্স লইবার ও ভাড়াহইতে প্রজার তাহা কাটিয়া লইতে পারিবার কথা।

কিন্তু যোতের স্বামীর স্থানে এক বৎসরের অধিক কালের রেট বাকী থাকিলে, প্রজার স্থানে তাহা আদায় করা যাইতে পারিবে না।

১০৬ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত কোন যোতের উপর রেট আদায় করিতে গেলে, তাৎপত্তিক বিবেচনায় সেই টাকাদায়ী ব্যক্তির অত্যন্ত কষ্টের সম্ভাবনা হইলে কমিশ্যনরেরা সভাগত হইয়া ঐ যোতের উপর দেনা টাকা কমাইয়া দিতে কিম্বা ক্ষমাও করিতে পারিবেন।

অত্যন্ত কষ্টের স্থলে কমিশ্যনরদের ক্ষমতার কথা।

১০৭ ধারা। স্বামী যাহা নিবারণ করিতে অশক্ত এমত কোন কারণে যোতের মূল্য কমিয়া গেলে, তিনি ঐ যোতের নিরূপিত মূল্য কমাইয়া দিবার প্রার্থনা করিতে পারিবেন।

অবধারিত রেট কমাইয়া দিবার প্রার্থনার কথা।

১০৮ ধারা। অনুমতি না থাকিলেও ঐ মূল্যনিরূপণের ও রেটের নির্ঘণ্টপত্রে কোন যোত লিখিবার ত্রুটি হইলে, কিম্বা ঐ নির্ঘণ্টপত্র প্রকাশ করা গেলে পর ঐ যোতের মূল্য নিরূপণ ও রেট ধার্য্য হওয়া উচিত হইলে, কমিশ্যনরেরা ১১২ ধারামত নোটিস প্রকাশ করিবার পর কোন সময়ে সেই যোতের মূল্য নিরূপণ ও রেট ধার্য্য করিতে পারিবেন, এবং ভুল কি চুকক্রমে কি প্রতারণা দ্বারা কোন যোতের কম মূল্য ধরা কি রেট ন্যূন করিয়া ধরা গিয়াছে বোধ হইলে, তাহার মূল্য ও রেট বৃদ্ধি করিতে পারিবেন, এবং কোন যোতে যে গৃহাদি থাকে তাহার বৃদ্ধি কি পরিবর্ত্তন হওয়াতে তাহার মূল্য বৃদ্ধি হইলে, তাঁহারা পুনরায় ঐ যোতের মূল্য নিরূপণ করিতে ও তাহার উপর রেট ধার্য্য করিতে পারিবেন।

মূল্যনিরূপণ ও টাক্সধার্য্যকরণপত্র সংশোধন করিবার ক্ষমতার কথা।

এই ধারামতে যে তিন মাসের মধ্যে যে রেট ধার্য্য হয় কি বৃদ্ধি করা যায়, তাহার পশ্চাৎ তিন মাসের আরম্ভ অবধি সেই নির্দ্ধারিত কি বর্দ্ধিত রেট প্রবল হইবে।

১০৯ ধারা। মূল্য ও রেট নিরূপণপত্রে যে যোত যাঁহার নামে লেখা থাকে সেই যোত অন্য ব্যক্তির হস্তগত হইলে, কমিশ্যনরেরা কোন সময়েই সেই নির্ঘণ্টপত্রে পূর্ব্ব ব্যক্তির নাম কাটিয়া সেই অন্য ব্যক্তির নাম লিখিতে পারিবেন।

টাক্সধার্য্যকরণপত্র সংশোধন করিবার কথা।

ঐ যোত হস্তান্তর করিবার তারিখের পর যে তিন মাস উপস্থিত হয় তাহার প্রথম দিনাবধি ঐ ব্যক্তি ঐ যোতের উপর নির্দ্ধারিত ঐ রেটের দায়ী হইবেন।

১১০ ধারা। কোন বৎসরে কোন যোত সাইট দিন কি তাহার অধিক কাল ক্রমাগত খালী থাকিলে, যত দিন খালী থাকে কমিশ্যনরেরা তত দিনের হিসাব ধরিয়া সেই যোতের সেই বৎসরের রেটের অর্দ্ধেক ক্ষমা করিবেন, কিম্বা ঐ রেটের টাকা পূর্ব্বে দেওয়া গিয়া থাকিলে তাহার অর্দ্ধেক ফিরাইয়া দিবেন।

যোত খালী থাকিলে ক্ষমা করিবার কি টাকা ফিরাইয়া দিবার কথা।

কিন্তু এমন স্থলে প্রয়োজন যে ঐ যোতের স্বামী কিম্বা তৎপক্ষে কর্ম্মকারক কমিশ্যনরদিগকে ঐ যোত খালী থাকিবার নোটিস লিখিয়া দেন; এবং কমিশ্যনরদের আফিসে ঐ নোটিস দিবার তারিখ অবধি ছয় মাসের মধ্যে ঐ টাকা ফিরাইয়া দিবার প্রার্থনা করা যায়।

খাজনার যে টাকা ক্ষমা করা কি ফিরাইয়া দেওয়া যাইবে, সেই নোটিস দিবার তারিখ অবধি তাহার হিসাব ধরিতে হইবে।

১১১ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে যোতের রেট ক্ষমা করা কি ফিরাইয়া দেওয়া গেল সেই যোতে পুনরায় প্রজা আইলে, তাহার পুনশ্চ দখল হইবার দশ দিনের মধ্যে ঐ যোতের স্বামী তাহার পুনশ্চ দখল হওয়ার নোটিস না দিলে ঐ যোতের উপর তিনং মাসের রেট বলিয়া যত টাকা দেনা হয় ঐ স্বামীর তাহার তিন গুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

ব্যক্তির উপর যে টাক্স ও যোতের উপর যে রেটধার্য্য হয় তদ্বিষয়ক ও তাহা আদায় করণ বিষয়ক সাধারণ বিধি।

১১২ ধারা। ব্যক্তির উপর টাক্স ধার্য্য করণপত্র কিম্বা যোতের মূল্য নিরূপণপত্র ও যোতের বার্ষিক মূল্যের উপর রেটের নির্ঘণ্টপত্র প্রস্তুত কি সংশোধন করা গেলে পর সভাপতি তাহাতে স্বাক্ষর করিয়া কমিশ্যনরগণের

রেট ধার্য্য হওয়ার নোটিস প্রচার করিবার কথা।

কার্য্যাধ্যক্ষ রাখাইয়া ৫৫ ধারার বিধানমতে তৃতীয় তফসীলের A চিহ্নিত পাঠে কিম্বা ছল বিশেষে B চিহ্নিত পাঠে নোটিস প্রচার করাইবেন।

পুনর্বালোচনা করিবার প্রার্থনার কথা।

১১৩ ধারা। কোন ব্যক্তির উপর যত টাকা টাক্স ধার্য্য হইল কিম্বা কোন যোতের যত মূল্য কি যত টাকা রেট ধার্য্য হইল তিনি তাহাতে অসন্তুষ্ট হইলে,

কিম্বা কোন যোত তাঁহার অধিকারে নাই বলিয়া কিম্বা তিনি টাক্স কি রেট দিবার যোগ্য নহেন বলিয়া প্রতিবাদ করিলে,

তিনি সেই নির্দ্ধারিত টাক্স কি নিরূপিত মূল্য কি রেট পুনর্বালোচনা করিবার জন্য, কিম্বা আপনাকে ঐ টাক্স কি রেট হইতে মুক্ত করি যে তদ্বিষয়ে কমিশনরের নিকট প্রার্থনা করিতে পারিবেন।

পুনর্বালোচনা হইলে কার্য্যপ্রণালীর কথা।

১১৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে প্রার্থনাপত্র উপস্থিত করা যায় তিনি তদনুসারে অনুসন্ধান করিয়া সেই প্রার্থনা [illegible] পতি তাঁহাদিগকে সেই কার্য্যে নিযুক্ত করিবেন। কমিশনরেরা তদ্রূপে নিযুক্ত করিবার প্রস্তাব করা আবশ্যক জ্ঞান করিলে তাহা করিয়া ও প্রার্থনাপত্র বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করিবেন করিতে পারিবেন।

তদ্রূপ স্থলে ঐ কমিশনরদের কিম্বা তাঁহাদের অধিকাংশ ব্যক্তির লিখিত চূড়ান্ত হইবে।

পুনর্বালোচনা কার্য্যার্থ প্রার্থনা করিবার সময়ের কথা।

১১৫ ধারা। ঐ কমিশনরদের তদ্বিধানমতে প্রার্থনা করা কিম্বা [illegible] বিশিষ্ট কারণ দেখান না গেলে ঐ [illegible] ধারাতে যে টাক্স কিম্বা [illegible] কিম্বা নির্দ্ধারিত যে রেটের বিষয় [illegible] করা যায়, সেই ধারায় তাহার নিম্ন উপরে বিষয়ক যে নোটিসের আজ্ঞা হইয়াছে সেই নোটিস প্রচার করার তারিখ অবধি একমাস কিম্বা যে রেটের বিষয়ে ঐ প্রার্থনা করা যায় সেই রেট অনুসারে টাকার দাওয়ার প্রথম কিস্তি যে তারিখে দেওয়া যায় সেই তারিখ অবধি পনের দিন, এই দুয়ের মধ্যে যেটি শেষে অতীত হয় সেই মিয়াদ গত হইলে পর তদ্রূপ প্রার্থনাপত্র গ্রাহ্য হইবে না।

নিরূপিত টাক্স বিষয়ক আপত্তি কেবল আইনমতে হইতে পারিবার কথা।

১১৬ ধারা। নিরূপিত টাক্সের কি রেটের বিষয়ে কোন আপত্তি থাকিলে কিম্বা কোন ব্যক্তির টাক্স কি রেট নির্দ্ধারণ বিষয়ে কোন প্রতিবাদ থাকিলে, এই তাবতে যে বিধান হইয়াছে কেবল সেই বিধানমতে তাহা ঐ টাক্স কি রেটের প্রতিবাদ হইতে পারিবে; অন্য কোন প্রকারে কিম্বা অন্য কোন পাওক্রমে হইতে পারিবে না।

টাকা আদায়ের সময়ের কথা।

১১৭ ধারা। রবিবার ও অবধারিত বন্ধের দিন ভিন্ন প্রতিদিন কোন সময়ে টাকা আদায়ের ও কর্ম্ম চালাইবার নিমিত্ত কাছারী খোলা থাকিবে কমিশনরেরা ইহা নিরূপণ করিয়া আপনাদের কাছারী ঘরে তাহার জ্ঞাপনপত্র লাগাইয়া দিবেন।

টাক্স আগাম দিতে হইবার কথা।

১১৮ ধারা। ১১২ ধারামতে যে নির্ঘণ্টপত্রের নোটিস প্রচার করা যায়, তন্মধ্যে ব্যক্তির উপর টাক্সের কি স্থাবর যোতের উপর রেটের নিমিত্ত কোন ব্যক্তির দেনা বলিয়া যত টাকা লেখা থাকে তাহাই তাঁহার দেনা বলিয়া জ্ঞান হইবে কিন্তু যদি কমিশনরেরা তৎপরে এই আইনের বিধানমতে ঐ নির্ঘণ্টপত্রের লিখিত টাকা পরিবর্ত্তন করিয়া থাকেন, তবে পরিবর্ত্তন হইয়া অবধারিত টাক্স কি রেটরূপ যত টাকা ধরা যায় তাহাই তাঁহার দেনা বলিয়া জ্ঞান হইবে।

ঐ টাক্সের কি রেটের যে তিন মাসের যে কিস্তী দেনা হয় তাহা সেই তিন মাসের প্রথম দিনের দেন বলিয়া গণ্য হইবে।

স্থাবর সম্পত্তির কথা।

১১৯ ধারা। এই আইনমতে কোন টাক্স কি রেটের নিমিত্ত টাকা দেওয়া গেলে টাক্স আদায়কারী কিম্বা অন্য যে ব্যক্তি কমিশনরদের স্থানে বসিবার ক্ষমতা পান তিনি যত টাকা পাইবেন ও যে টাক্সের কি রেটের নিমিত্ত ঐ টাকা দেওয়া গেল তাহা নির্দ্দেশ করিয়া রসীদ লিখিয়া স্বাক্ষর করিয়া দিবেন।

বিল ও নোটিস দেওয়া যাইবার কথা।

১২০ ধারা। কোন টাক্সের কি রেটের নিমিত্ত টাকা পাওনা হইলে যে ব্যক্তির স্থানে ঐ টাকা পাওনা হয় কমিশনরেরা তাহার মধ্যে কোন সময়ে তাঁহাকে ঐ টাকার বিল দেওয়াইবেন। যে কালের নিমিত্ত এবং যে টাক্সের কি রেটের নিমিত্ত ঐ টাকার দাওয়া হয় ঐ বিলে তাহার কথা লেখা থাকিবে।

ঐ বিল দেওয়াইবার সময়েই বিলের উল্লিখিত টাকা দাখিল দেওয়া গেলে দাখিল ব্যক্তিকে চতুর্থ তফসীলের A চিহ্নিত পাঠে রসীদের সঙ্গে বিলের প্রতিলিপি [illegible] করিয়া দেওয়া যাইবে, ও তখন ঐ কোন সময়েও তাহাকে সেই দাওয়া নোটিস দেওয়া যাইতে পারিবে।

কিন্তু ঐ নোটিস দিবার জন্যে কোন খরচ লওয়া যাইবে না।

সাধারণ কিম্বা তদর্থে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মকারক ঐ দাওয়ার নোটিসে স্বাক্ষর করিবেন, ও টাকা লইবার ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তিদ্বারা ঐ নোটিস দেওয়া যাইবে।

পনের দিনের মধ্যে না দেওয়া গেলে কোর্ক কার্য্যের পরওয়ানা জারী হইবার কথা।

১২১ ধারা। কোন ব্যক্তিকে ঐ বিল ও নোটিস দেওয়া গেলে পর পঞ্চদশ দিনের মধ্যে কিম্বা ১১৪ ধারামতে পুনর্বালোচনা করিবার প্রার্থনাপত্রের উপর কোন আজ্ঞা করা গেলে সেই আজ্ঞার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে, তিনি কাম-

আদালতের পাগারালয়ে তাঁহাদিগকেই কিম্বা তাঁহারা যে ব্যক্তিকে ঐ টাকা গ্রহণ করিবার ক্ষমতা দেন তাঁহাকে তাঁহার দেনা টাকা না দিলে, কিম্বা কমিশনরদের নিকট সেই টাকা না দিবার উপযুক্ত কারণ না দর্শাইলে, ঐ নোটিস জারী হইবার তারিখ অবধি কিম্বা পুনর্বিলোচনা করিবার পূর্বোক্ত প্রার্থনা হইয়া যে আজ্ঞা হইল সেই আজ্ঞার তারিখ অবধি তিন মাসের মধ্যে কোন সময়ে ঐ বাকীদারের লাঙ্গল ও হালিয়া গোরু কিম্বা ব্যবসায়ের কি কৃষিকার্য্যের ভাণ্ডার ও যন্ত্রাদি ছাড়া যে অস্থাবর দ্রব্য যে স্থানেই পাওয়া যাউক তাহা কিম্বা সে খোতের নিমিত্ত ঐ বাকীদার সেই টাকার কি খেতের দায়ী হন সেই খোতের মধ্যে পূর্বোক্ত ক্ষেত্রাদি ছাড়া অন্য কোন ব্যক্তির যে অস্থাবর দ্রব্য পাওয়া যায় সেই দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া ঐ বাকী খাজনা এবং চতুর্থ ক্লসীশদ্ধ ।। ৴ ছিল কলেক্টোরের সার্টিফিকেট হইল সেই টাকা আদায় করা যাইতে পারিবে।

সেই দ্রব্য কি তাহার কোন অংশ বাকীদার ভিন্ন অন্য ব্যক্তির হয়, তাহা হইলে সেই ব্যক্তি ঐ দ্রব্যের স্বামীর যে কোন ইচ্ছা থাকে, কিম্বা ঐ দ্রব্য ক্রোক হওয়াতে যে ক্ষতি হয়, তাহার নিমিত্ত ঐ টাকা দিয়া ও তাহা ৮৮ তারিখে ঐ কালেক্টরের পাঠে লেখা যাইবে।

ক্রোক হইবে তাহার কথা।

অস্থাবর দ্রব্য ধরিয়া লওয়া তাহা ক্রোক করা যাইবে ও তাহার রক্ষা করিবার নিমিত্ত পরওয়ানা যে কর্ম্মকারককে দেওয়া যায় তিনি ঐ দ্রব্য উপযুক্তরূপে রক্ষিত হইবে।

পরওয়ানাতে যত দ্রব্য ক্রোক করা যায় ঐ কর্ম্মকারক তাহার নিদর্শনপত্র করিবেন এবং ঐ দ্রব্য কমিশনরদের কি কলেক্টরের হেপাজতে থাকে তাহা তাঁহাদিগকে দিয়া, ও বাকীদারকে ৭ দিবস সময় দিয়া, নীলামের তারিখ ও নীলাম যে সময়ে ও যে স্থানে হইবে তাহার নোটিস দিবেন।

কিন্তু অস্থায়ী দ্রব্য হইলে বাকীদারের সম্মতি লইয়া অবিলম্বে কম্মকারক সম্মতি দিলে তাহা ধারা লইবার পর ছয় ঘণ্টা বাদে কোন সময়ে নীলাম করা যাইতে পারিবে।

নীলাম যেরূপে হইবে তাহার কথা।

১২৩ ধারা। বাকীদারের অস্থাবর দ্রব্য কোন ঘরের মধ্যে আছে, পরওয়ানা জারী করিতে কর্ম্মকারককে দেওয়া যায় তাঁহার এমত বিশ্বাস করিবার যুক্তিসিদ্ধ কারণ থাকিলে তিনি আপনার ক্ষমতা ও আত্মপ্রয় জানাইয়া ঘরে প্রবেশ করিবার অনুমতি চাহিলেও যদি অন্য প্রকারে প্রবেশ করিতে না পান, তবে কমিশনরদের বিশেষ আজ্ঞা পাইয়া ঐ দ্রব্য ক্রোক করিবার জন্য সূর্য্যের উদয় ও অস্ত হইবার সময়ের মধ্যে ঐ ঘরের বহির্দ্বার কি খিড়কী দ্বার কি জানালা ভাঙ্গিয়া খুলিতে পারিবেন।

দ্বার ভাঙ্গিয়া খুলিতে কর্ম্মকারকের ক্ষমতার কথা।

কিন্তু স্ত্রীলোক অর্থাৎ স্ত্রীলোকদের অন্তঃপুর বলিয়া যে ঘর দেশাচারমতে গোপনীয় জ্ঞান হয় তিনি তিন ঘণ্টার নোটিস না দিয়া ও স্ত্রীলোকদের চলিয়া যাইবার সুযোগ না দিয়া সেই ঘরে প্রবেশ করিতে কিম্বা সেই ঘরের দ্বার ভাঙ্গিয়া খুলিতে পারিবেন না।

নীলাম হইবার নিরূপিত সময়ের পূর্ব্বে খরচাসমেত পাওনা টাকা না দেওয়া গেলে, কিম্বা কমিশনরেরা সেই পরওয়ানা রহিত করিলে, ঐ ক্রোক যে অস্থাবর দ্রব্য ক্রোক করা গেল তাহা নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে যত দূর সাধ্য প্রকাশ্যরূপে নীলাম করা যাইবে। তদ্ভিন্ন যে টাকা পাওয়া যায় তাহা হইতে বাকী টাকা ও খরচা কাটিয়া লওয়া যাইবে।

নীলামোৎপন্ন টাকার উদ্বৃত্ত থাকিলে মুনিসিপল ফণ্ডে জমা করা যাইবে, এবং কোন ব্যক্তি কমিশনরদের হুকুমমতে কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত আদালতে আপনার স্বত্ব স্থাপন করিলে, তাহা সেওয়ানমতে তাহাকে দেওয়া যাইতে পারিবে।

নীলামের বিবরণের কথা।

ঐ আদালতের কোন অন্য যে কর্ম্মকারক তদ্বিষয়ে ক্ষমতাপ্রাপ্ত হন তিনি চতুর্থ তফসীলের (E) পাঠে কমিশনরদের নিকট ঐ সকল নীলামের রিটর্ন দিবেন।

নীলামে কোন ব্যক্তির ক্রয় করিতে নিষেধ হুকুম করা।

১২৪ ধারা। কমিশনরদের সকল কর্ম্মচারীকে ও চাকরের প্রতি ও সকল চৌকীদারের ও কনষ্টাবলের ও পোলীসের অন্য কর্ম্মচারিদের প্রতি এই নিষেধ হইল যে তাঁহারা উক্ত কোন নীলামে কোন দ্রব্য ক্রয় না করেন।

ক্রোক ও নীলামের হিসাব কমিশনরদের রাখিবার কথা।

১২৫ ধারা। এই আইনমতে টাকা আদায় করিবার নিমিত্ত যে ক্রোক ও নীলাম করা যায়, কমিশনরেরা তাহার নিয়মিত হিসাব রাখিবার বিধান করিবেন।

মুনিসপল লটবন্দীর বাহিরস্থ সম্পত্তি বিক্রয়ের কথা।

১২৭ ধারা। বাকীদারের যে দ্রব্য বিক্রয় হইলে তাঁহার ঐ দেনা টাকা শোধ হইতে পারে, যদি মুনিসপালিটীর মধ্যে তাহার কিম্বা যে বাটীর নিমিত্ত তাহার টাক্স কি রেট ধার্য্য হইল সেই বাড়ীরও মধ্যে ওত দ্রব্য কি পাওয়া না যায়, তবে কমিশনরদের প্রার্থনা হইলে, মাজিষ্ট্রেট সাহেব তাঁহার এলাকার অন্তর্গত অন্য কোন স্থানে ঐ বাকীদারের অন্য কোন সম্পত্তি কি বিষয় ক্রোক ও নীলাম করিবার জন্যে, কিম্বা অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে বাকীদারের অস্থাবর কোন সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার জন্যে নিজ আদালতের কোন আমলাকে পরওয়ানা দিতে পারিবেন। সেই জন্য মাজিষ্ট্রেট উক্ত প্রকারের জারী করা পরওয়ানার পৃষ্ঠে স্বাক্ষর করিয়া তদনুসারে কার্য্য করাইবেন, ও টাকা আদায় হইলে, যে মাজিষ্ট্রেট

সাহেব পরওয়ানা দিলেন তাঁহার নিকট পাঠাইবেন, তিনি কমিশ্যনরদিগকে ঐ টাকা দিবেন।

দাঁড়ামতে কার্য্য না হওয়াতে ক্রোক কি নীলাম অবৈধ না হইবার কথা।

১২৮ ধারা। এই আইনের বলে ক্রোক কি নীলাম হইলে, তৎসম্পর্কীয় বিলের কি নোটিসের কি সমনের কি ক্রোকী পরওয়ানার কি নির্ঘণ্টপত্রের কিম্বা অন্য আনুষ্ঠানিক কার্য্যের কোন ভ্রম কি দোষ কি দাঁড়ার ব্যতিক্রম হইলেও, সেই ক্রোক কি নীলাম অবৈধ বলিয়া জ্ঞান হইবে না ও যে ব্যক্তি ঐ কার্য্য করেন তাঁহাকে অহেতুক অনধিকার প্রবেশকারী বলিয়া জ্ঞান করা যাইবে না।

ক্রোক না করিয়া কিম্বা ক্রোক নিষ্ফল হইলে কমিশ্যনরদের মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

১২৯ ধারা। ক্রোক ও নীলামকরণ দ্বারা আদায় না করিয়া কিম্বা তদ্দ্বারা সমুদয় টাক্স কি তাহার একাংশ আদায় করিতে না পারিলে কমিশ্যনরেরা ঐ টাকা দায়ী ব্যক্তির নামে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে নালিশ করিতে পারিবেন।

টাক্স আদায় হইতে না পারিলে তাহার কথা।

১৩০ ধারা। কোন টাক্সের কি রেটের টাকা কমিশ্যনরদের বিবেচনামতে আদায় হইতে না পারিলে, তাঁহারা আপনাদের খাতাবহী হইতে সেই টাকা উঠাইয়া ফেলিবার আজ্ঞা দিতে পারিবেন।

গাড়ী ও ঘোড়া প্রভৃতি জন্তুর উপর টাক্সের কথা।

১৩১ ধারা। পঞ্চম তফসীলে যে গাড়ী ও ঘোড়া প্রভৃতি জন্তুর উল্লেখ হইয়াছে তাহার উপর টাক্স ধার্য্য করিতে স্থির করা গেলে, উক্ত তফসীলে যে প্রকারের গাড়ী ও ঘোড়া ও অন্য জন্তুর কথা বিশেষ করিয়া লেখা গেল, মুনিসিপালিটীর মধ্যে সেই প্রকারের যে গাড়ী প্রভৃতি রাখা যায় কি নিত্য ব্যবহৃত হয় কিম্বা মুনিসিপালিটীর মধ্যে কি বাহিরে যাহা ভাড়া দেওয়া গিয়া থাকে ও মুনিসিপালিটীর মধ্যে নিয়ত ব্যবহৃত হয় তাহার টাক্স দিতে হইবে কমিশ্যনরেরা সভাগত হইয়া এই আজ্ঞা করিয়া ৩৫৪ ধারার বিধানমতে ঐ আজ্ঞা প্রচার করাইবেন।

ঐ টাক্স প্রথম যে অর্দ্ধবৎসরে প্রচলিত হইবে তাহার আরম্ভের পূর্ব্বে ন্যূন কল্পে এক মাস থাকিতে ঐ আজ্ঞা প্রচার করা যাইবে, এবং উক্ত তফসীলের হারের অনধিক যে হারে ঐ টাক্স আদায় করা যাইবে তাহাও ঐ আজ্ঞার নির্দ্দেশ করা হইবে।

কিন্তু নিম্নলিখিত গাড়ী ঘোড়া প্রভৃতির উপর ঐ টাক্স বসান যাইবে না।

(ক) যে সৈনিকেরা সৈন্যদলে হইয়া কর্ম্ম করিতেছেন তাঁহাদের এক২ জনের এক২ ঘোড়াকে টাটু।

(খ) ভারতবর্ষীয় বলচিয়র বিষয়ক ১৮৬৯ সালের আইনের ২৫ ধারামতে যে জন্তু মুনিসিপাল সকল টাক্স হইতে মুক্ত থাকে সেই জন্তু।

(গ) গবর্ণমেণ্টের কি কমিশ্যনরদের গাড়ী কি ঘোড়া প্রভৃতি কিম্বা গবর্ণমেণ্ট কি কমিশ্যনরেরা আপনাদের কোন কর্ম্মকারককে কর্ম্ম নিষ্পাদন করিবার জন্যে যে গাড়ী ঘোড়া প্রভৃতি রাখিবার খরচ দিয়া থাকেন তাহা।

(ঘ) কোন পল্টনের দ্বারা কিম্বা কেবল পল্টনের কার্য্যের নিমিত্ত যে জন্তুর ব্যবহার হয় তাহা।

(ঙ) পোলীসের কর্ম্মকারককেরা যে ঘোড়ার কি টাটুর ব্যবহার করেন, এক২ জন কর্ম্মকারকের পক্ষে এরূপ একটির অনধিক ঘোড়া কি টাটু।

(চ) যে গাড়ীর চাকার ব্যাস চব্বিশ ইঞ্চির অধিক নয় সেই গাড়ী।

(ছ) যাহারা প্রকৃত প্রস্তাবে গাড়ী ঘোড়া প্রভৃতি ক্রয় বিক্রয় করেন তাঁহাদের জন্য কার্য্যের নিমিত্ত না হইয়া কেবল বিক্রয় করিবার জন্যে যে গাড়ী কি ঘোড়া প্রভৃতি থাকে তাহা।

ভজ্রূপে যে টাক্স নির্দ্ধারিত হয় তাহা পরিবর্ত্তিত না হওয়া পর্য্যন্ত প্রবল থাকার কথা।

১৩২ ধারা। কমিশ্যনরেরা ইহার পূর্ব্ব ধারামতে টাক্স ধার্য্য করণার্থ যে আজ্ঞা করেন, তাহা যত দিন না রহিত করা যায় তত দিন প্রবল থাকিবে, আর কমিশ্যনরেরা কোন বৎসরের অবসানের পূর্ব্বে ন্যূন কল্পে পঞ্চদশ দিন থাকিতে সভাগত হইয়া আগামি বৎসরের টাক্স অন্য হারে আদায় হইবার আজ্ঞা যত দিন না করেন ও প্রকাশ না করেন, পূর্ব্বোক্তমতে প্রচারিত আজ্ঞার নির্দ্দিষ্ট হারে ঐ টাক্স তত দিন আদায় হইতে থাকিবে।

লাইসেন্স যেরূপে পাওয়া যাইবে তাহার কথা।

১৩৩ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে ১৩১ ধারামতে টাক্স বসান গেলে, পঞ্চম তফসীলে যে গাড়ী ও ঘোড়া ও অন্য জন্তুর কথা লেখা আছে, টাক্স দিবার যোগ্য সেই গাড়ীর কি ঘোড়াপ্রভৃতির যে স্বামীর লাইসেন্স লইতে হইবে তিনি প্রত্যেক অর্দ্ধবৎসরের প্রথম মাসের মধ্যে, সেই গাড়ীর ও ঘোড়ার ও অন্য জন্তুর বর্ণনাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া কমিশ্যনরদের নিকট পাঠাইবেন।

আরো ইহার পূর্ব্ব ছই ধারামত যৎকালে যে আজ্ঞা প্রবল থাকে তাহাতে যে হার নির্দ্দিষ্ট হইল, তদনুসারে স্বামী ঐ বর্ণনাপত্রে লিখিত গাড়ীর ও ঘোড়ার ও অন্য জন্তুর উপরে চলিত অর্দ্ধ বৎসরের টাক্সও তৎকালে কমিশ্যনরদিগকে দিবেন।

অর্দ্ধ বৎসরের মধ্যে কোন সময়ে গাড়ী প্রভৃতি পাওয়া গেলে তাহার টাক্সের একাংশ দিবার কথা।

১৩৪ ধারা। কোন অর্দ্ধ বৎসর আরম্ভ হইবার পর কোন সময়ে কোন ব্যক্তি উক্ত তফসীলের উল্লিখিত কোন গাড়ী কি ঘোড়া কি অন্য জন্তু পাইলে, ও তাহার জন্যে সেই অর্দ্ধ বৎসরের নিমিত্ত লাইসেন্স দেওয়া না গিয়া থাকিলে, তিনি সেই গাড়ী ও ঘোড়া প্রভৃতি যে তারিখে পাইলেন, সেই তারিখ অবধি এক মাসের মধ্যে পূর্ব্বোক্ত প্রকারের বর্ণনাপত্র লিখিয়া দিবেন, এবং অর্দ্ধ বৎসরের অবশিষ্ট দিন পূর্ণ অর্দ্ধ বৎসরের যে অংশ হয় তদনু-

সারে অর্দ্ধ বৎসরের পূরা টাক্সের একাংশ দিবেন। সেই ব্যক্তি যে তারিখে ঐ গাড়ী ঘোড়া প্রভৃতি পাইলেন সেই তারিখ অবধি ঐ টাকার হিসাব ধরিতে হইবে।

টাক্স দেওয়া গেলে কমিশনরদের লাইসেন্স দিবার ক্ষমতা।

১৩৫ ধারা। পূর্ব্বোক্তমতে টাক্সের পাওনা টাকা পাইলে, যে ব্যক্তি যে কালের নিমিত্ত ঐ টাকা দিলেন কমিশনরেরা কিম্বা তৎকর্ম্মে তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি তাঁহাকে সেই কালের নিমিত্ত ঐ গাড়ী ও ঘোড়ার ও অন্য জন্তুর লাইসেন্স দিবেন।

ঐ লাইসেন্স চলিত অর্দ্ধ বৎসরের নিমিত্ত প্রবল থাকিবে, তাহার ন্যূন নয়।

স্বামিত্ব অনুপস্থানের দরুণ গাড়ী প্রভৃতির টাক্স দিবার কথা।

১৩৬ ধারা। উক্ত টাক্স দিবার যোগ্য গাড়ীর কি ঘোড়ার কি অন্য জন্তুর টাক্স যে মুনিসিপালিটীর কমিশনরদের পাওনা হয়, সেই গাড়ী প্রভৃতির স্বামী সেই মুনিসিপালিটীর মধ্যে বাস না করিলেও, ঐ গাড়ী প্রভৃতি যৎকালে নিজ বা ব্যক্তির অধিকারে থাকে তাহারই সেই গাড়ী প্রভৃতির লাইসেন্স লইতে হইবে।

নূতন কথা।

১৩৭ ধারা। ইহার পূর্ব্বে তিন ধারায় যে লাইসেন্স লইবার আজ্ঞা হইল, কোন ব্যক্তি সেই লাইসেন্স বিনা কোন গাড়ী কি ঘোড়া কি অন্য জন্তু রাখিলে কিম্বা ঐ গাড়ী প্রভৃতি তাহার অধিকারে থাকিলে, ঐ লাইসেন্সের নিমিত্ত তাহার যত টাকা দিতে হইত তত টাক ও তার দ্বিগুণ টাকার অনধিক অর্থদণ্ড দিবার আজ্ঞা হইতে পারিবে।

আপত্তিকারক লোকের সঙ্গে কমিশনরদের সালিসি করিবার কথা।

১৩৮ ধারা। আপত্তিকারকেরা ও অন্য যে ব্যক্তিরা ঘোড়দৌড় দিবার জন্যে গাড়ী কি ঘোড়া রাখেন কমিশনরেরা তাহাদের সেই গাড়ী ও ঘোড়া প্রভৃতির নিমিত্ত ১৩৫ ও ১৩৬ ধারার আজ্ঞার উল্লিখিত টাক্সের কথা না লইয়া আপনাদের বিবেচনামতে তাহাদের সঙ্গে এক বা সকল অধিক কালের নিমিত্ত নিরূপিত কতক টাকা চুক্তি করিয়া লইতে পারিবেন।

যে ব্যক্তিদিগকে লাইসেন্স দেওয়া গেল তাহাদের নাম নিয়ন্ট করিবার কথা।

১৩৯ ধারা। কমিশনরেরা একখান বহি রাখিয়া সময়ে সময়ে তৎকালের চলিত ছয় মাসের নিমিত্ত যে ব্যক্তিদিগকে লাইসেন্স দেওয়া গেল তাহাদের নামের ও তাহারা যে গাড়ীর ও ঘোড়ার ও অন্য জন্তুর টাক্স দিয়াছেন তাহার নিয়ন্ট প্রস্তুত করিয়া ঐ বহীতে লেখাইবেন। এক দিবসে যাঁহাদের স্বার্থ থাকে তাঁহারা ঐ বহী দেখিতে পাইবেন।

আপীল প্রভৃতি দেখিবার ও টাক্সদাতা ব্যক্তিদিগকে সমন করিবার ক্ষমতার কথা।

১৪০ ধারা। যে গাড়ীর কি ঘোড়া প্রভৃতির উপরি টাক্স লাগিতে পারে, তাহার নিমিত্ত নিয়মমতে লাইসেন্স না লইয়া সেই গাড়ী কি ঘোড়া কি অন্য জন্তু কোন আস্তাবলে কি গাড়ীর ঘরে কি অন্য স্থানে রাখা হইয়াছে কমিশনরদের কিম্বা সেই কর্ম্মে তাহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে, তাঁহারা সূর্য্যের উদয় ও অস্ত হইবার সময়ের মধ্যে কোন সময়ে সেই স্থানে প্রবেশ করিয়া দেখিতে পারিবেন;

এবং কমিশনরেরা কোন ব্যক্তিকে ঐ টাক্সের দায়ী বলিয়া বিশ্বাস করিবার কারণ দেখিলে তিনি যে গাড়ী প্রভৃতির নিমিত্ত টাক্সের দায়ী হইতে পারেন তাঁহার এমত কত ও কি প্রকারের গাড়ী ঘোড়া ও অন্য জন্তু আছে, তাহারা ঐ ব্যক্তিকে কিম্বা তাঁহার কোন চাকরকে সমন করিয়া এই কথা জিজ্ঞাসা করিতে পারিবেন।

কোনং স্থলে টাক্স কিছু দিতে হয় না দিবার কথা।

১৪১ ধারা। কোন অর্দ্ধ বৎসরের নিমিত্ত গাড়ীর ও ঘোড়ার কি অন্য জন্তুর লাইসেন্স লওয়া গেলে পর, সেই অর্দ্ধ বৎসরের মধ্যে সেই মুনিসিপালিটীতে ঐ গাড়ী প্রভৃতি আর রাখা যাইতেছে না কি ব্যবহার করা হইতেছে না, কমিশনরদের অনুরোধমত হইবার প্রমাণ দেওয়া গেলে, অর্দ্ধ বৎসরের যত দিন ঐ গাড়ী কি ঘোড়া কি অন্য জন্তু আর রাখা কি ব্যবহার করা হইল না তত দিন পূরা অর্দ্ধ বৎসরের যে অংশ হয় কমিশনরেরা অর্দ্ধ বৎসরের পূরা টাক্সেরও সেই অংশ ফিরে দিয়া দিবার আজ্ঞা করিবেন। কিন্তু সেই গাড়ী কি ঘোড়া কি অন্য জন্তু যে সময়ে তদ্রূপে আর ব্যবহার হইল না, সেই সময়াবধি এক মাসের মধ্যে কমিশনরদিগকে সেই কথার নোটিস না দেওয়া গেলে ঐ টাকা ফিরাইয়া দিবার অনুমতি হইবে না। ও বিশেষ কারণ দেখান না গেলে যে অর্দ্ধ বৎসর সম্পর্কে ও টাকা ফিরিয়া পাইবার দাওয়া হয় সেই অর্দ্ধ বৎসরের মধ্যে দেওয়া না হইলে, কমিশনরেরা ঐ টাকা ফিরাইয়া দিতে [illegible] করিবেন না।

গাড়ী রেজিষ্টরী করণের কথা।

১৪২ ধারা। কমিশনরেরা সভাগত হইয়া এই আজ্ঞা করিয়া প্রকাশ করিতে পারিবেন যে উক্ত মুনিসিপালিটীর মধ্যে যত গোরুর গাড়ী রাখা যায় ও নিয়ত ব্যবহৃত হয় কিম্বা সেই মুনিসিপালিটীর মধ্যে বাহিরে ভাড়া খাটিয়া প্রায় নিয়ত ব্যবহৃত হয় সেই গাড়ী ও তত্সামীর নাম ও সমুদায় কমিশনরদের দ্বারা রেজিষ্টরী করা যায়, এবং উক্ত কমিশনরেরা ঐ গাড়ীতে রেজিষ্টরীর নম্বর যেরূপে দিতে স্থির করেন তাহা সেইরূপে দেওয়া যাইবে।

কিন্তু এরূপ স্থলে আবশ্যক যে রেজিষ্টরী করিবার অন্য ন্যূন অর্দ্ধ বৎসরের প্রবল হয় এমনকে তাহা প্রারম্ভের অনূন একমাস পূর্ব্বে ঐ আজ্ঞা প্রকাশ করা যায়।

এবং

(ক) গবর্ণমেণ্টের কিম্বা কমিশনরদের যে গোরুর গাড়ী থাকে, তৎসম্বন্ধে,

(খ) যে গাড়ী সেই মুনিসপালিটীর সীমার বাহিরে রাখা কি ব্যবহার অত্যল্পকাল নিমিত্তে ঐ সীমার মধ্যে ব্যবহৃত হয়, তৎসম্বন্ধে ও

(গ) হাওড়ায় কি কলিকাতার গাড়ীর সম্বন্ধে

খাটিবে না।

রেজিষ্টরী করিবার ফীর কথা।

১৪৩ ধারা। কমিশ্যনরেরা যে দিনের সংবাদ দিবেন সেই দিন হইতে পূর্ব্ব ধারা-মতে বৎসরাস্তে কি ছয়২ মাসান্তে গোরুর গাড়ী রেজিষ্টরী করা যাইবে ও তাহার নম্বর দেওয়া যাইবে; ও প্রত্যেক বার রেজিষ্টরী করিবার নিমিত্ত তাঁহারা সময়২ যত ফী নিরূপণ করিয়া তাহার নোটিস দেন, তত ফী দেওয়া যাইবে। রেজিষ্টরী এক বৎসর প্রবল থাকিলে ৪৲ টাকার অধিক ও অর্দ্ধ বৎসর প্রবল থাকিলে ২৲ টাকার অধিক ফী ধরিবেন না।

ফীর একাংশ দিবার কথা।

১৪৪ ধারা। রেজিষ্টরী করণের যে সময় চলিতেছে যদি কোন ব্যক্তি সেই সময়ের নিমিত্ত রেজিষ্টরী না হওয়া তদ্রূপ কোন গোরুর গাড়ী পান, তবে ঐ গাড়ী পাইবার তারিখ অবধি এক মাসের মধ্যে তাঁহার সেই গাড়ী রেজিষ্টরী করিতে হইবে। এমন স্থলে রেজিষ্টরী করণের সময়ের অবশিষ্ট কাল ঐ রেজিষ্টরী করণের পূরা সময়ের যে অংশ হয়, সেই রেজিষ্টরী করণের সময়ের পূরা ফীর সেই অংশ দিলে কমিশ্যনরেরা রেজিষ্টরী করিবার অনুমতি দিবেন, এবং ঐ ব্যক্তির ঐ গাড়ী পাইবার তারিখ অবধি ঐ ফীর হিসাব ধরা যাইবে।

অন্য ব্যক্তির হাতে আইলে তাহার কথা।

১৪৫ ধারা। রেজিষ্টরী করণের সময়ের মধ্যে রেজিষ্টরী করা গোরুর গাড়ী অন্য ব্যক্তির হস্তগত হইলে, যাঁহার হাতে যায় তাঁহার হস্তগত হইবার পর এক মাসের মধ্যে তাঁহার নামে পুনরায় রেজিষ্টরী করা যাইবে। এই প্রকারে পুনশ্চ রেজিষ্টরী করিলে চারি আনার অধিক ফী লাগিবে না।

দণ্ডের কথা।

১৪৬ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারায় রেজিষ্টরী করিবার যে বিধান আছে, কোন গোরুর গাড়ী সেই বিধান-মতে নিয়মমত রেজিষ্টরী না হইয়া কোন ব্যক্তির নিকটে কি অধিকারে থাকিলে রেজিষ্টরী করিবার মত [illegible] [illegible] ঐ টাকার দ্বিগুণ অর্থদণ্ড হইতে পারিবে। ১৪৩ ধারায় রেজিষ্টরী করণের যে নম্বর দেওয়ার কথা হইল, গোরুর গাড়ীর স্বামী কি [illegible] তাহাতে সেই নম্বর লাগাইয়া না রাখিল, তাহার ৫ পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

রেজিষ্টরী না হইলে গাড়ী আটক রাখিবার ও বিক্রয় করিবার কথা।

১৪৭ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে যে গাড়ী রেজিষ্টরী করিতে আজ্ঞা হইল, কোন ব্যক্তির নিকটে কিম্বা অধিকারে যে রেজিষ্টরী না করা ঐ গাড়ী থাকিলে, কমিশ্যনরেরা কিম্বা তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ঐ গাড়ী ও যে গোরু প্রভৃতি তাহা টানে তাহা ধরিয়া আটক রাখিতে পারিবেন। কিন্তু গাড়ীতে যে মাল যে চড়নদার কি মাল যাইতেছে সেই মালে ধরিয়া লইতে হইবে না। আর পোলীসের কর্ম্মকারকদের প্রতি এই আদেশ থাকিল যে, কমিশ্যনরেরা কিম্বা কমিশ্যনরদের যে কোন চাকর উৎপক্ষে নিয়মিতরূপে ক্ষমতা পান তিনি সাহায্য চাহিলে, ঐ গাড়ী প্রভৃতি ধরিয়া রাখিবার জন্য তাঁহাদের বা তাঁহার সাহায্য করেন।

তদ্রূপে ধরা গেলে পর কমিশ্যনরেরা অবিলম্বেই এই মর্ম্মের নোটিস লিখিয়া প্রচার করিবেন যে দশ দিন গত হইলে পর তাঁহারা ঐ নোটিসের উল্লিখিত স্থানে নীলাম করিয়া ঐ গাড়ী ও জন্তু বিক্রয় করিবেন; ও সেই নোটিস প্রচার হইলে পর দশ দিনপর্য্যন্ত রেজিষ্টরী করণের ফীর কোন টাকা ও উক্ত প্রকারে গাড়ী ধরিয়া রাখিবার খরচদিতে বাকী থাকিলে, কমিশ্যনরেরা ঐ ফী আদায় করিবার এবং তাহা না দেওয়াতে ও ঐ গাড়ী ধরিয়া রাখাতে ও নীলাম করাতে যে খরচ হয় সেই সকল খরচ আদায় করিবার জন্যে ঐ ধৃত গাড়ী প্রভৃতি বিক্রয় করিতে পারিবেন।

নীলাম হওয়াতে টাকা পাওয়া যায়, উক্ত খরচ শোধ হইলে পর উদ্বৃত্ত থাকিলে, তাহা মুনিসিপাল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে: এবং কোন ব্যক্তি কমিশ্যনরদের হুকুমমতে কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত আদালতে অপ-[illegible] স্থাপন করিলে তাহার দাওয়ামতে তাহাকে দেওয়া যাইতে পারিবে।

কিন্তু যে ব্যক্তির গাড়ী ধরিয়া রাখা গেল নীলাম শেষ হইবার পূর্ব্বে কোন সময়ে তিনি কমিশ্যনরদিগকে কিম্বা যে ব্যক্তি গাড়ী বিক্রয় করিতে অনুমতি পান তাঁহাকে সকল খরচ খরচা ও আপনার দেনা রেজিষ্টরী ফী দিলে, কমিশ্যনরেরা ক্রোক করা সেই গাড়ী তৎকালেই ছাড়িয়া দিবেন।

এই ধারায় বিরুদ্ধে কোন কথা থাকিলেও এই ধারামতে গাড়ী প্রভৃতি ধৃত হইয়া নীলাম করা গেলে পর উক্ত খরচ দেওয়া হইয়া যাহা উদ্বৃত্ত থাকে, ইহার পূর্ব্ব ধারা-মতে কোন অর্থদণ্ডের আজ্ঞা হইলে সেই উদ্বৃত্ত টাকা হইতে ঐ অর্থদণ্ড দেওয়া যাইতে পারিবে, ও এই ধারা-মতে যে গাড়ী ধৃত করা যায় উক্ত অর্থদণ্ড আদায় নিমিত্ত তাহা বিক্রয় করা যাইতে পারিবে।

খেয়ার মাশুলের কথা।

যাহার খেয়া আছে তাহার কথা।

১৪৮ ধারা। কোন মুনিসিপ্যালিটীর সীমার মধ্যে কিম্বা নিকটে সরকারের খেয়া থাকিলে, কমিশ্যনরেরা সময়২ গবর্ণমেণ্টের অনুমতি লইয়া কমিশ্যনরদের প্রতি অর্পণ করিতে পারিবেন। গবর্ণমেণ্ট যত দিন অন্যরূপ আজ্ঞা না করেন, ঐ মুনিসিপ্যালিটীর দ্বারা তত দিন সেই খেয়ার কার্য্য নিরূপণ হইবে।

সেই খেয়ার কার্য্য যত দিন তদ্রূপে নিরূপণ হইয়া থাকে তত দিন তাহা মুনিসিপাল খেয়া বলিয়া জ্ঞান হইবে; ও তাহা হইতে যে আয় হয় তাহা, কিম্বা তাহার [illegible] ও কমিশ্যনরদের মধ্যে যাহার যে অংশ সাব্যস্ত হয় সেই অংশ মুনিসিপাল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে।

অন্যান্য খেয়া মুনিসিপাল খেয়া বলিয়া নির্দ্দেশ করিতে পারিবার কথা।

১৪৯ ধারা। আরো কোন মুনিসিপ্যালিটীর সীমার মধ্যে কি নিকটে অন্য যে খেয়া থাকে, কমিশ্যনরেরা লেপ্টেনেণ্ট গবর্ণরের অনুমতি লইয়া সেই খেয়াও মুনিসিপাল খেয়া বলিয়া নির্দ্দেশ করিতে পারিবেন। তা-

বধি ঐ খেয়া হইতে যে লাভ হয় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে।

কিন্তু কোন খেয়া মুনিসিপল খেয়া বলিয়া নির্দ্দেশ করা প্রযুক্ত কোন ব্যক্তির হানি হইলে, মুনিসিপালিটী হইতে তাঁহার সেই হানিপূরণের উপযুক্ত টাকা দেওয়া যাইবে।

উক্ত স্থলে হানিপূরণস্বরূপ যত টাকা দিতে হইবে, মাজিষ্ট্রেট সাহেব ১৮৬৬ সালের বঙ্গীয় ১ আইনের (অর্থাৎ ১৮৬৯ সালের ৬ আইনের কোন বিধান সংশোধন করণার্থ আইনের।৪ ধারাতে, কিম্বা তদ্রূপ অন্য যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইনমতে তাহা নিণয় করিবার তদ্বিষয়ের আজ্ঞা দিবেন।

১৫০ ধারা। প্রত্যেক মুনিসিপল খেয়া কমিশনরদের দ্বারা রক্ষা করা যাইবে। চড়নদারদের নিরাপদের ও সুবিধার জন্যে ও খেয়াদ্বারা যে মল লইয়া যাওয়া যায়, তাহার নিরাপদের জন্যে যে সকল উপায় করা আবশ্যক, তাহা ঐ কমিশনরদের করিয়া দিতে হইবে।

ঐ খেয়া সম্পর্কে কমিশনরদের কর্ত্তব্যের কথা।

১৫১ ধারা। মুনিসিপল খেয়ার উপর মাসুল বসান হইতে স্থির করা গেলে, কমিশনরের সভাগত হইয়া ঐ সকল খেয়া নির্দ্দিষ্ট করিয়া এবং খণ্ডে কমিশনর সাহেবের সম্মতিক্রমে ঐ মাসুল যে হারে লওয়া যাইবে তাহা নির্দ্দিষ্ট করিয়া আজ্ঞা করত প্রকাশ করিবেন।

মাসুলের হার স্থির করিয়া প্রকাশ করিবার কথা।

উক্তরূপ অনুমতি লইয়া ঐ মাসুলের হার সময়ে পরিবর্ত্তন করা যাইতে পারে।

১৫২ ধারা। কমিশনরেরা কোন নদী কি স্রোত পার হইবার যে উপায় করিয়া থাকেন কোন ব্যক্তি সে উপায় না করিয়া মুনিসিপল খেয়ার মাসুল দিবার ভয়ে নদী কি স্রোত অন্য উপায়ে পার হইলে, সেই নদী কি স্রোত পার হইলে তাহার পার হওয়া সেই মাসুল দিতে হইবে না।

যে স্থলে নদী পার হইলে লোকদের সেই মাসুল দিতে হইবে না তাহার কথা।

১৫৩ ধারা। ইহার পশ্চাৎ বিধানমতে কমিশনরেরা খেয়া পাট্টা করিয়া দিলে পরে, পাট্টাদারের নামে নোটিস লিখিয়া দিয়া, তাঁহাকে খেয়ার স্বচ্ছন্দতার ও নিরাপদের উপযুক্ত বিধান করিতে আজ্ঞা দিলেও তিনি পঞ্চদশ দিনের মধ্যে সেই বিধান করেন নাই, কমিশনরেরা সভাগত হইয়া তাহা জানিতে পাইলে, সেই পাট্টা একেবারে রহিত করা যাইতে পারিবে।

খেয়ার পাট্টা প্রভৃতি রহিত করিবার কথা।

পাট্টা রহিত করা গেলে, পাট্টাদার খেয়ার নৌকা চালাইতে যে সকল নৌকা ও অন্যান্য সরঞ্জামের ব্যবহার করিতেন, কমিশনরেরা সেই সকল আপনকার করিয়া লইতে পারিবেন; ও স্বামীকে তাহার উপযুক্ত মূল্য দিয়া তাহা চিরকাল রাখিতে পারিবেন, কিম্বা আরও যে নৌকা ও সরঞ্জাম আবশ্যক তাহার বিধান না করিতে পারা পর্য্যন্ত তিন মাসের অনধিক যত দিন আবশ্যক তত দিন তাহা রাখিতে পারিবেন। এমন স্থলে কমিশনরেরা সেই সেই নৌকার ও সরঞ্জামের ব্যবহারের নিমিত্ত স্বামিদিগকে উপযুক্ত মূল্য দিবেন।

পরন্তু কমিশনরেরা ঐ নৌকা ও সরঞ্জাম চিরকালের নিমিত্ত কিম্বা স্বল্পবিশেষে যত দিন রাখিবেন, ঐ নৌকাদি অধিকার করিয়া লইবার সময়াবধি এক সপ্তাহের মধ্যে পাট্টাদারকে তাহাদের তদ্বিষয়ের কল্পনার নোটিস দিতেই হইবে।

১৫৪ ধারা। কোন ব্যক্তি পার হইবার কিম্বা মাল পার করিবার উপযুক্ত মাসুল আপনা নিলে, মাসুল আদায়কারী ব্যক্তি কি পাট্টাদার কি তাঁহার পক্ষকর্ম্মকারক তাহাকে কোন দ্রব্য পার করিয়া দিতে অসম্মত হইতে পারেন, এবং কোন ব্যক্তি মাসুল দিতে না চাহিলে তাহাকে নৌকা হইতে নামিয়া যাইতে ও আপনার মাল তুলিয়া লইতে আদেশ করিতে পারিবেন।

মাসুল আদায় দিবার কথা।

এই ধারামতে কোন ব্যক্তির প্রতি মুনিসিপল খেয়ার নৌকা হইতে উঠিয়া যাইতে কি মাল তুলিয়া লইতে আজ্ঞা হইলেও সে তাহা করিতে অসম্মত হইলে, তাহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

১৫৫ ধারা। কোন মুনিসিপল খেয়া যে স্থলে থাকে তথা হইতে উজান কি ভাটা দিকে দুই মাইলের মধ্যে কোন স্থানে কোন ব্যক্তি পাটাদার হইয়া খেয়ার নৌকা রাখিতে চাহিলে,

অনুমতি বিনা খেয়া করিবার দণ্ডের কথা।

যে স্থানে পাটাদার হয় তাহা মিউনিসিপালিটীর সীমার মধ্যে থাকিলে কমিশনরদের অনুমতি না লইলে,

সেই স্থান ঐ সীমার বাহিরে থাকিলে জিলার মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না পাইলে,

কিম্বা এমন কোন খেয়ার নৌকা ঐ সীমার বাহিরে থাকিলে জিলার মাজিষ্ট্রেট সাহেব ও কমিশনরদের অনুমতি না পাইলে, এমন নৌকা রাখিতে পারিবে না।

এই আইন প্রচলিত হইবার সময়ে ব্যক্তিবিশেষের যে খেয়া থাকে তাহার সম্বন্ধে এই ধারা খাটিবে না।

১৫৬ ধারা। কোন ব্যক্তি ইহার পূর্ব্বধারার বিধান না জানিয়া খেয়ার নৌকা রাখিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও যে অপরাধ যেন আর না করেন বিধি নোটিস দ্বারা এই মতের আজ্ঞা পাইলে পর যত দিন সেই অপরাধ হইতে থাকে তত দিন ঐ ব্যক্তির দিন প্রতি আর দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

সাঁকোর ও পথের উপর মাসুলের কথা।

যে টোল-বার আছে তাহার কথা।

১৫৭ ধারা। মুনিসিপালিটীর সীমার মধ্যে মাসুল আদায়ের যে টোল-বার থাকে সভাগত কমিশ্যনরেরা সম্মত হইলে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাদের প্রতি তাহা অর্পণ করিতে পারিবেন, ও স্থানীয় গবর্ণমেণ্ট যত দিন অন্যরূপ আজ্ঞা না করেন তত দিন মুনিসিপালিটী দ্বারা ঐ টোল-বারের কার্য্য নিরূপণ হইবে। তদ্রূপে যত দিন টোল-বারের কার্য্যনিরূপণ হয় তত দিন তাহা মুনিসিপল টোল-বার বলিয়া জানা যাইবে, ও তাহা হইতে যে লভ্য হয় তাহা, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ও কমিশ্যনরদের মধ্যে তাহার যে অংশ সম্বন্ধে নিয়ম হয় সেই অংশ মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে।

কমিশ্যনরদের টোল-বার স্থাপন করিবার ক্ষমতার কথা।

১৫৮ ধারা। এই আইন প্রচলিত হইবার পর কমিশ্যনরেরা যে সাঁকো কি পাকা রাস্তা নির্ম্মাণ করেন, কমিশ্যনরেরা সভাগত হইয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক তাহার উপর কিম্বা ঐ সাঁকোর কি পাকা রাস্তার সন্নিকট ও মুনিসিপালিটীর অন্তর্গত যে স্থানে ঐ সাঁকোর কি রাস্তার উপর দিয়া চালিত গাড়ীর ও জন্তুর মাসুল সুবিধামতে আদায় হইতে পারে, সেই স্থানে টোল-বার স্থাপন করিয়া মাসুল আদায় করিতে পারিবেন। তাহা হইতে যে লভ্য হয় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে।

কিন্তু ঐ সাঁকো কি রাস্তা প্রস্তুত করিতে যত টাকা খরচ হইল তাহা আদায় করিবার, ও প্রস্তুত হইলে পর পাঁচ বৎসর পর্য্যন্ত সারাইয়া রাখিবার ও পশ্চাৎ-লিখিত বিধানমতে সেই খরচের উপর সুদ লইবার অভিপ্রায় ছাড়া, উক্ত প্রকারের কোন টোল-বার স্থাপন কি মাসুল আদায় করিতে হইবে না।

টোল-বার স্থাপনাদির খরচ কমিশ্যনরদের প্রকাশ করিবার কথা।

১৫৯ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে টোল-বার স্থাপন ও মাসুল আদায় করা গেলে, কমিশ্যনরেরা প্রতি বৎসরের শেষে আপনাদের কার্য্যালয়ে নিম্নলিখিত খরচ খরচার চুম্বকপত্র লাগাইয়া প্রকাশ করিবেন।—

(১) ঐ সাঁকো কি রাস্তা প্রস্তুত করিতে ও তাহার রক্ষা করণে যত টাকা খরচ হইয়াছে।

(২) বৎসর শতকরা ৬ টাকার হিসাবে ঐ টাকার উপর যত সুদ পাওনা হইয়াছে।

(৩) ঐ টোল-বার স্থাপন অবধি তাহার লাভ হইতে যত টাকা পাওয়া গিয়াছে।

যত টাকা খরচ হইয়াছে ও তাহার উপর যত টাকা সুদ পাওনা হইয়াছে তাহা পূর্ব্বোক্তমতে আদায় হইলে পর, ঐ টোল-বার উঠাইয়া দিতে হইবে ও ঐ সাঁকোর কি রাস্তার উপর মাসুল আর আদায় হইবে না।

মাসুল যে হারে লওয়া যাইবে তাহা নির্ণয় করিয়া প্রকাশ করিবার কথা।

১৬০ ধারা। উক্ত রূপ কোন সাঁকোর কি রাস্তার উপর মাসুল আদায় করিয়া লইতে স্থির করা গেলে, সেই মাসুল যে হারে লওয়া যাইবে কমিশ্যনরেরা সভাগত হইয়া খণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক সেই হার নিরূপক আজ্ঞা করিয়া প্রচার করিবেন।

উক্ত অনুমতি গ্রহণপূর্ব্বক ঐ হার সময়ে২ পরিবর্ত্তন করা যাইতে পারিবে।

কোন ব্যক্তি মাসুল দিতে না চাহিলে মাসুল আদায়কারির কি পাটাদারের ক্ষমতার কথা।

১৬১ ধারা। কোন ব্যক্তি উপযুক্ত মাসুল না দিলে ঐ মাসুল আদায়কারী কি পাটাদার সেই ব্যক্তিকে মুনিসিপল টোলবার দিয়া যাইতে দিতে অস্বীকার করিতে পারিবেন।

মাসুল দিতে অস্বীকার করিবার বা তাহা এড়াইবার দণ্ডের কথা।

১৬২ ধারা। যে গাড়ী কি জন্তু মাসুল হইতে মুক্ত নয় কোন ব্যক্তি এমত গাড়ী কি জন্তু মাসুলের কাটক দিয়া লইয়া গেলেও মাসুল দিতে সম্মত না হইলে, কিম্বা মাসুল এড়াইবার অভিপ্রায়ে প্রতারণাভাবে সেই কাটক দিয়া না গেলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

মাসুল না দেওয়া গেলে গাড়ীপ্রভৃতি ক্রোক ও বিক্রয় করা যাইতে পারিবার কথা।

১৬৩ ধারা। কোন গাড়ীর কি জন্তুর উপর মাসুলের দাওয়া হইবামাত্র দেওয়া না গেলে, যে গাড়ীর কি জন্তুর উপর ঐ মাসুল পাওনা হয়, মাসুল আদায় করিবার ক্ষমতা-প্রাপ্ত ব্যক্তি সেই গরু কি জন্তু কিম্বা বোঝাই যত দ্রব্যদ্বারা এ মাসুল আদায় হইতে পারে তাহা ধরিয়া রাখিতে পারিবেন, ও তৎকালে কমিশ্যনরদিগকে তাহা ধরিয়া রাখিবার নোটিস দিবেন।

ত্রুটাদি পূর্ব্বোক্তমতে ধরিয়া রাখা গেলে, কমিশ্যনরেরা তৎক্ষণাৎ এই মর্ম্মের নোটিস লিখিয়া প্রচার করিবেন যে, দশ দিন গেলে পর ঐ নোটিসের লিখিত স্থানে ঐ দ্রব্যের নীলাম হইবে। ঐ নোটিস প্রচার করিবার পর সেই মাসুল ও উক্ত গাড়ীপ্রভৃতি ধরিয়া রাখিবার খরচ দশ দিনের মধ্যে না দেওয়া গেলে, ঐ মাসুল আদায় করিবার জন্যে ও তাহা না দেওয়া প্রযুক্ত ও গাড়ীপ্রভৃতিক্রোক ও রক্ষা ও বিক্রয় করণ প্রযুক্ত যত টাকা খরচ হয় সেই টাকা আদায় করিবার জন্যে কমিশ্যনরেরা ঐ ক্রোক করা দ্রব্য বিক্রয় করিতে পারিবেন।

দ্রব্য বিক্রয় হইয়া যে টাকা পাওয়া যায় তাহার যাহা উদ্বৃত্ত থাকে মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে; এবং যে কোন ব্যক্তি কমিশ্যনরদের জবোধমতে, কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত আদালতে আপনার স্বত্ব স্থাপন করেন, তাঁহার দাওয়ামতে তাঁহাকে দেওয়া যাইতে পারিবে।

পরন্তু যে ব্যক্তির দ্রব্য ক্রোক করা গেল ঐ দ্রব্যের নীলাম শেষ হইবার পূর্ব্বে কোন সময়ে তিনি কমিশানরদিগকে কিম্বা ঐ দ্রব্য বিক্রয়ার্থে তাঁহাদের নিযুক্ত কার্য্যকারককে আপনার দেনা মাসুল ও যত টাকা খরচ হইয়াছে সেই সমুদয় টাকা দিলে, কমিশানরেরা তৎক্ষণাৎ ঐ ক্রোক করা সম্পত্তি ছাড়িয়া দিবেন।

এই ধারামতে কোন সম্পত্তি ধৃত হইয়া বিক্রয় করা গেলে পর উদ্বৃত্ত থাকিলে, এই ধারায় তাবাস্তুরের বিধান থাকিলেও, ইহার পূর্ব্ব ধারামতে যে অর্থদণ্ড ধার্য্য হয় ঐ উদ্বৃত্ত হইতে সেই দণ্ডের টাকা দেওয়া যাইতে পারিবে, ও এই ধারামতে যে সম্পত্তি ধৃত হইয়াছে তাহা ঐ দণ্ডের টাকা আদায়ের জন্যে বিক্রয় করা যাইতে পারিবে।

খেয়ার ও পথের মাসুল বিষয়ক সাধারণ বিধান।

খেয়ার কি টোল-বারের পাট্টা দিবার কথা।

১৬৪ ধারা। কমিশানরেরা তিন বৎসরের অনধিক মিয়াদে কোন মুনিসিপল খেয়ার কি টোল-বারের পাট্টা দিতে পারিবেন।

মাসুলের ফর্দ্দ টাঙ্গাইয়া রাখিবার কথা।

১৬৫ ধারা। প্রত্যেক মুনিসিপল খেয়া ঘাটের দুই পারে,

ও প্রত্যেক মুনিসিপল টোল-বারের নিকটে,

ঐ মাসুলের ফর্দ্দ জিলার চলিত ভাষায় সুপাঠ্য অক্ষরে লেখা হইয়া কোন সুপ্রকাশ স্থানে এমন করিয়া লাগাইয়া দেওয়া যাইবে, যেন

ঐ মাসুল যাঁহাদের দিতে হয় তাঁহারা সকলেই তাহা অনায়াসে পড়িতে পারেন।

দণ্ডের কথা।

১৬৬ ধারা। ইহার পূর্ব্ব ধারায় মাসুলের যে ফর্দ্দ টাঙ্গাইয়া রাখিবার আজ্ঞা হইল, কোন ব্যক্তি মুনিসিপল খেয়ার কি টোল-বারের মাসুল আদায়কারী কি পাট্টাদার হইয়া সেই ফর্দ্দ টাঙ্গাইয়া না রাখিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে; ও লিখিত নোটিস দ্বারা তাঁহার সেই অপরাধ আর না করিবার আজ্ঞা দেওয়া গেলে পর যত দিন ঐ অপরাধ করিতে থাকেন, দিন প্রতি তাঁহার আর দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

মাসুল ফুরণ করিয়া লইবার কথা।

১৬৭ ধারা। কমিশানরেরা কিম্বা মুনিসিপল খেয়ার কি টোল-বারের পাট্টাদার কোন ব্যক্তির স্থানে নিয়মিত ধারানুসারে মাসুল না লইয়া নিজের জন্যে কিম্বা তাঁহার কোন গাড়ীর কি জন্তুর জন্যে নির্দ্দিষ্ট কতক টাকা ফুরণ করিয়া লইতে পারিবেন।

কোন২ বিষয় মুক্ত থাকার কথা।

১৬৮ ধারা। সৈন্যদের যাত্রাকালে তাঁহাদের কিম্বা তাঁহাদের দ্রব্যাদি লইয়া যাইবার গাড়ীর কি জন্তুর,

কিম্বা সৈনিক কি গবর্ণমেণ্টের দ্রব্যাদির কি ঐ দ্রব্যাদি যাঁহাদের জিম্মায় থাকে তাঁহাদের,

কিম্বা সৈনিক কি পোলীসের কর্ম্মকারকদের, কিম্বা রাজকীয় কি মুনিসিপল কার্য্যকারকদের কর্ত্তব্য কর্ম্ম করণকালে তাঁহাদের, কিম্বা তাঁহাদের হেফাজতে থাকা কোন ব্যক্তির, কিম্বা তৎকালে তাঁহাদের নিজের কি তাঁহাদের জিম্মায় যে সম্পত্তি থাকে তাহার, কিম্বা ঐ দ্রব্যাদি লইয়া যাইবার জন্যে তাঁহাদের যে গাড়ী কি জন্তু নিযুক্ত থাকে তাহার,

ও কমিশানরদের নগর পরিষ্কার রাখিবার কার্য্যের গোকর গাড়ীর কি অন্য গাড়ীর কি জন্তুর কিম্বা তাহা যে ব্যক্তিদের জিম্মায় থাকে তাঁহাদের যাইবার মাসুল লাগিবে না।

কিম্বা গবর্ণমেণ্টের কি অন্য যে জন্তু কোন পল্টনের কি মিলিটরী ডিপার্টমেণ্টের কর্ম্মে নিযুক্ত থাকিয়া টোলবার দিয়া যায় তাহার যাইবার মাসুল লাগিবে না, কিন্তু খেয়ার নৌকাদ্বারা ঐ২ জন্তু পার করিবার মাসুল লওয়া যাইতে পারিবে।

ও যে২ ব্যক্তি কি বিষয় পূর্ব্বোক্ত মতে নির্দ্দিষ্ট না থাকে কমিশানরেরা কিম্বা তাঁহাদের পাট্টাদারেরা নির্দ্দিষ্ট মাসুল না লইয়া তাহাদিগকে কি তাহা খেয়ার নৌকা দ্বারা পার হইবার কি মাসুলের ফাটক দিয়া যাইবার অনুমতি দিতে বাধ্য হইবেন না।

কিন্তু কমিশানরেরা সভাগত হইয়া অন্য কোন শ্রেণীর লোকদিগকে কি দ্রব্য উক্ত মাসুল হইতে মুক্ত করিতে পারিবেন; এবং কোন খেয়ার কি টোল-বারের পাট্টা দিবার সময়ে এই নিয়ম করিতে পারিবেন যে কোন মুনিসিপল কার্য্যকারকেরা ও বিষয় ও অন্য কোন ব্যক্তিরা কি দ্রব্য মাসুল না দিয়া পার হইতে পারিবে।

পোলীসের কর্ম্মকারকদের সাহায্য করিবার কথা।

১৬৯ ধারা। মাসুল আদায় করিতে যে ব্যক্তির ক্ষমতা থাকে কেহ তাহাকে বাধা দিলে, পোলীসের কর্ম্মকারকদের সাহায্য প্রার্থনা হইলে তাঁহারা সাহায্য করিবেন। পোলীসের নিয়মিত কর্ম্ম নির্ব্বাহ করণে তাঁহাদের যে ক্ষমতা থাকে উক্ত কার্য্যপক্ষেও তাঁহাদের সেই ক্ষমতা থাকিবে।

অননুমোদিত মাসুল লইবার দণ্ডের কথা।

১৭০ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে মাসুল আদায় করিতে ক্ষমতাপন্ন হইয়া, এই আইনমতে যত মাসুল লইবার অনুমতি পান তাহার অধিক কোন মাসুল দাওয়া কি গ্রহণ করিলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও সেই টাকা না দিলে, তাহার এক মাস কারাদণ্ড হইতে পারিবে।

নৌকাদির পথের মাসুল আদায় করণার্থে কমিশানরদের নিযুক্ত হইতে পারিবার কথা।

১৭১ ধারা। কোন মুনিসিপালীটীর সীমার মধ্য দিয়া নৌকাদি গমনের যে জল পথ যায়, তাহার প্রতি বাণিজ্যবিষয়ক ৮৬৪ সালের আইনের কিম্বা তদ্রূপ অন্য যে আইন বহাল প্রচলিত থাকে তাহার বিধান খাটে, স্থানীয় গবর্ণমেণ্ট এমত আজ্ঞা

করিলে, কমিশ্যনরদের সম্মতি লইয়া যত দিন অন্যরূপ আজ্ঞা না করেন তত দিন ঐ আইনের ৮ ধারার বিধানমতে ঐ কমিশ্যনরদিগকে মাসুল আদায় করণার্থে নিযুক্ত করিতে পারিবেন, ও তাহাহইতে যত লভ্য উৎপন্ন হয় তৎসমুদয় কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ও কমিশ্যনরদের মধ্যে তাহার যে অংশ সম্বন্ধে নিয়ম হয় সেই অংশ মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে।

এমত স্থলে ঐ আইনে কালেক্টর সাহেবের প্রতি যে সকল ক্ষমতা অর্পিত হইয়াছে, কমিশ্যনরেরা সেই সকল ক্ষমতামতে কার্য্য করিবেন।

কমিশ্যনরদিগকে আর মাসুল না লইতে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।

১৭২ ধারা। কমিশ্যনরেরা কিম্বা তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ইহার পূর্ব্বধারামতে আর মাসুল আদায় না করেন, স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন সময়ে এমত আজ্ঞা করিতে পারিবেন, ও যে কোন সময়ে সেই আজ্ঞা রহিত করিতে পারিবেন।

পঞ্চম পরিচ্ছেদ।

যে মুনিসিপল বিধি সাধারণমতে সকল মুনিসিপালিটীর মধ্যে প্রবল হইবে তদ্বিষয়ক কথা।

সাধারণ।

এই পরিচ্ছেদের বিধান প্রচলিত হইবার কথা।

১৭৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট অন্য আজ্ঞা না করিলে যত দিন না করেন, এই পরিচ্ছেদের বিধান তত দিন প্রত্যেক মুনিসিপালিটীর মধ্যে প্রচলিত থাকিবে।

কোন মুনিসিপালিটীর মধ্যে এই পরিচ্ছেদের বিধান প্রবল না থাকার বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।

১৭৪ ধারা। কোন এক মুনিসিপালিটীর মধ্যে কিম্বা তাহার কোন অংশে উক্ত সমস্ত বিধান কি তন্মধ্যে কোন২ বিধান প্রচলিত না থাকে স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন সময়ে এমত আজ্ঞা করিতে পারিবেন। তাহা করিলে, ঐ আজ্ঞার মধ্যে যে২ বিধানের উল্লেখ হয় তাহা ঐ আজ্ঞার নির্দ্দিষ্ট তারিখ অবধি সেই মুনিসিপালিটীতে কিম্বা তাহার সেই অংশে আর প্রচলিত থাকিবে না।

এই ধারাক্রমে যে আজ্ঞা করা যায়, স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন সময়ে তাহা রহিত কি পরিবর্ত্তন করিতে পারিবেন।

কমিশ্যনরেরা স্বামিদের কি প্রজাদের প্রতি কোন কার্য্য করিবার আজ্ঞা করিলে কার্য্যপ্রণালীর কথা।

১৭৫ ধারা। কমিশ্যনরেরা কিম্বা সভাপতি কমিশ্যনরেরা কোন ভূমির স্বামীদিগকে কি প্রজাদিগকে কিম্বা স্বামীদিগকে এবং প্রজাদিগকে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কোন কার্য্য কি কোন বিষয় সম্পাদন করিবার আদেশ করিতে পারিবেন, এই পরিচ্ছেদে কি ষষ্ঠ পরিচ্ছেদে এই মর্ম্মের বিধান থাকিলে, সেই স্বামির কি প্রজার প্রতি ঐ কার্য্য কি ঐ বিষয় সম্পাদন করিবার আদেশ হয় যত দূর পারা যায় ৩৫৬ ও ৩৫৭ ধারার নির্দ্দিষ্টমতে সেই২ স্বামীকে কি প্রজাকে নোটিস দিয়া সেই আদেশ করা যাইবে। কিন্তু স্বামী কি প্রজাকে এই বিষয়ে কোন সন্দেহ থাকিলে, যে স্থানে সেই কার্য্য কি বিষয় সম্পাদন করিবার প্রয়োজন থাকে সেই স্থানে কি তাহার নিকটে জ্ঞাপনপত্র লাগাইয়া, ভূমির স্বামিদের কি প্রজাদের কিম্বা স্বামিদের এবং প্রজাদের প্রতি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ কার্য্য কি বিষয় সম্পাদন করিতে আদেশ করা যাইবে। সেই জ্ঞাপনপত্রে স্বামিদের কি প্রজাদের নাম লেখা আবশ্যক হইবে না।

পূর্ব্বোক্ত আদেশপত্র যে ব্যক্তিদের প্রতি দেওয়া যায় তাঁহাদিগকে ঐ পত্রে এই নোটিস দেওয়া যাইবে যে, তাঁহারা সেই আদেশমত কর্ম্ম না করিলে, কিম্বা ইহার পশ্চাৎ ধারার বিধানমতে সেই আদেশের বিপরীত আপত্তি না করিলে, কমিশ্যনরেরা ভূমিতে গিয়া প্রয়োজনীয় সেই কার্য্য কিম্বা প্রয়োজনীয় সেই বিষয় সম্পাদন করাইবেন। তাহা হইলে তাহাতে যে খরচ লাগে, যাঁহাদের প্রতি ঐ কার্য্য কি বিষয় সম্পাদন করিতে আদেশ হইয়াছিল তাঁহাদের স্থানে সেই খরচ আদায় করিয়া লওয়া যাইবে।

তাঁহার প্রতি কোন কর্ম্ম সম্পাদন করিবার আদেশ হয় কমিশ্যনরদিগকে তাঁহার আপত্তি জানাইতে পারিবার কথা।

১৭৬ ধারা। পূর্ব্বোক্ত আদেশপত্রানুসারে কোন ব্যক্তির প্রতি কোন কার্য্য সম্পাদন করিতে কি কোন বিষয় করিতে আদেশ হইলে, তিনি সেই আদেশমতে কর্ম্ম সম্পাদন না করিয়া কি সেই বিষয় না করিয়া ঐ আদেশসূচক নোটিস দিবার কি ঐ জ্ঞাপনপত্র লাগাইবার দিনাবধি পাঁচ দিনের মধ্যে কিম্বা পাঁচ দিনের ন্যূন কোন সময়ের মধ্যে তাঁহার সেই কর্ম্ম করিবার আদেশ থাকিলে সেই ন্যূন কালের মধ্যে, কমিশ্যনরদের নিকট পত্র লিখিয়া ঐ আদেশের বিপরীত আপত্তি জানাইতে পারিবেন।

ইহার পশ্চাৎ ধারার বিধানের স্থলছাড়া, সভাপতি কি প্রতিনিধি সভাপতি ঐ আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিবেন।

ঐ কার্য্যে ... শত টাকার অধিক লাগিবে বলিয়া আপত্তিকারী প্রকাশ করিলে অন্যপ্রণালীর কথা।

১৭৭ ধারা। যে কার্য্য সম্পাদন করিবার কি যে বিষয় করিবার আদেশ হইল তাহাতে তিন শত টাকার অধিক লাগিবে বলিয়া আপত্তি হইলে, কমিশ্যনরেরা সভাগত হইয়া সেই আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিবেন। কিন্তু সভাপতি কি প্রতিনিধি সভাপতি তিন শত টাকার অধিক খরচ লাগিবে না এই মর্ম্মের সর্টিফিকেট দিলে, সেই সভাপতি বা প্রতিনিধি সভাপতি ঐ আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিবেন

পরন্তু সভাপতি বা প্রতিনিধি সভাপতি পূর্ব্বোক্ত প্রকারে আপনার মতের সর্টিফিকেট দেওয়াতে যদি ঐ

আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিয়া থাকেন, ও যে ব্যক্তি আপত্তি করিলেন তাঁহার আপত্তি শুনা গেলেও যদি তাঁহার উপর সেই আদেশটি রহিত করিয়া না দেওয়া যায়, তবে তিনি ঐ কার্য্যসম্পাদন করিবার কিম্বা ঐ বিষয় করিবার খরচ বলিয়া কমিশ্যনরদিগকে ঐ তিন শত টাকা দিতে পারিবেন। তাহা হইলে সেই ব্যক্তি সেই আদেশানুসারে কার্য্য সম্পাদন করিবার কি সেই বিষয় করিবার ও তৎসংক্রান্ত খরচ দেওয়ার সমস্ত দায় ও নিবন্ধ হইতে একেবারে মুক্ত হইবেন; ও কমিশ্যনরেরা নিজে সেই কার্য্য সম্পাদন করিবেন কিম্বা সেই বিষয় করিবেন ও তদর্থে যে সকল ক্ষমতা থাকা আবশ্যক সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

আপত্তি শুনিলে পর সভাপতি প্রভৃতির আজ্ঞা করিতে পারিবার কথা।

১৭৮ ধারা। সভাপতি বা প্রতিনিধি সভাপতি কিম্বা স্থল বিশেষে সংলগ্ন কমিশ্যনরেরা আপত্তি শুনিলে পর ও যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা লইলে পর, উক্ত যে আদেশের বিপরীত আপত্তি উপস্থিত করা গেল, সেই আদেশ রহিত কি পরিবর্ত্তন কিম্বা স্থির করিবার আজ্ঞা করিবেন। যদি সেই আদেশ রহিত করিবার আজ্ঞা না হইয়া থাকে, তবে যে সময়ের মধ্যে ঐ আদেশমত কর্ম্ম করিতে হইবে ঐ আজ্ঞাপত্রে সেই সময় নির্দ্দেশ করিয়া লিখিতে হইবে। কিন্তু প্রথম আদেশপত্রে এই আইনমতে অতি অল্প যে সময় নির্দ্দিষ্ট হইতে পারিত, তাহার কম সময় দিতে হইবে না।

আজ্ঞার যাথার্থিক অর্থ করিতে হইবার কথা।

১৭৯ ধারা। যে ব্যক্তি আপত্তি করেন তিনি কমিশ্যনরদের কাছারিতে উপস্থিত থাকিলে, উক্ত আজ্ঞা তাঁহাকে মুখে বুঝাইয়া দেওয়া যাইবে তদ্রূপে বুঝাইয়া দেওয়া যাইতে না পারিলে, আপত্তিকারককে ৩৫৬ ধারার বিধানমতে ঐ আজ্ঞার নোটিস দেওয়া যাইবে; ও সেই আজ্ঞার অর্থ বুঝাইয়া দেওয়া, কিম্বা ঐ আজ্ঞার নোটিস দেওয়া, এই আইনমতে লক্ষিত কার্য্যসম্পাদন করিবার কি বিষয় করিবার নিয়মমত আদেশ বলিয়া জ্ঞান হইবে।

ঐ ব্যক্তি কার্য্যসম্পাদন না করিলে, কমিশ্যনরদের ক্ষমতার কথা।

১৮০ ধারা। যে ব্যক্তির বা যে ব্যক্তিদের প্রতি উক্ত কর্ম্ম সম্পাদন করিতে বা উক্ত বিষয় করিতে আদেশ হইল তিনি বা তাঁহারা পূর্ব্বোক্ত কোন আদেশপত্রের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ কার্য্যসম্পাদন করিতে কি ঐ বিষয় করিতে আরম্ভ না করিলে, ও তৎপরে সমাপ্ত না হওন পর্য্যন্ত কমিশ্যনরদের হুজ্জোৎমতে তাহা যত্নপূর্ব্বক না চালাইলে, কমিশ্যনরেরা কিম্বা তৎকার্য্যপক্ষে তাঁহাদের কাছে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ঐ স্থানে কি তাহার নিকটে আটচল্লিশ ঘণ্টা থাকিতে আপনপত্র লাগাইয়া আপনাদের অভিপ্রায়ের নোটিস দিয়া সেই ভূমিতে গিয়া আদেশমত কার্য্য নির্ব্বাহ করিবার কি বিষয় সম্পাদন করিবার আবশ্যক সকল কর্ম্ম করিতে পারিবেন। আর যদি ঐ আদেশপত্র স্বামিদের কিম্বা প্রজাদের প্রতি দেওয়া গিয়া থাকে, তবে স্বামিরা কিম্বা প্রজারা ঐ কার্য্য করণের খরচ দিবেন, এবং স্বামিদের ও প্রজাদের প্রতি দেওয়া গিয়া থাকিলে স্বামিরা ও প্রজারা এ খরচ দিবে।

স্বামিদের স্থানে কমিশ্যনরদের অংশাংশ করিয়া খরচ লইতে পারিবার কথা।

১৮১ ধারা। কমিশ্যনরদের যে খরচ লাগে ইহার পূর্ব্ব পরিচ্ছেদমতে কোন ভূমির স্বামিদের সেই খরচ দিতে হইল, যদি একের অধিক জন স্বামী থাকেন, তবে যে স্বামিদিগকে জানা থাকে কমিশ্যনরেরা যদ্রূপে উচিত বোধ করেন তদ্রূপে তাঁহাদের স্থানে অংশাংশ করিয়া ঐ খরচ লইতে পারিবেন।

ইহার পূর্ব্ব দুই ধারার বিধানমতে কোন ভূমির প্রজাদের সেই খরচ দিতে হইলে, একের অধিক জন প্রজা থাকিলে, যে প্রজাদিগকে জানা থাকে কমিশ্যনরেরা যদ্রূপে উচিত বোধ করেন তদ্রূপে তাঁহাদের স্থানে ঐ খরচ অংশাংশ করিয়া লইতে পারিবেন।

স্বামিদের ও প্রজাদের স্থানে খরচ অংশাংশ করিয়া লইবার কথা।

১৮২ ধারা। কমিশ্যনরদের যে খরচ লাগে ১৮০ ধারার বিধানমতে কোন ভূমির স্বামিদের এবং প্রজাদের ঐ খরচ দিতে হইলে, কমিশ্যনরেরা যদ্রূপে উচিত বোধ করেন তদ্রূপে ঐ স্বামিদের এবং প্রজাদের স্থানে কিম্বা তন্মধ্যে যাঁহাদিগকে জানা থাকে তাঁহাদের স্থানে ঐ খরচ অংশাংশ করিয়া লইতে পারিবেন।

প্রজার খরচে কার্য্যনির্ব্বাহ করা গেলে স্বামির স্থানে তাহার সেই খরচ ফিরিয়া পাইবার কথা।

১৮৩ ধারা। কমিশ্যনরেরা এই পরিচ্ছেদ বা ষষ্ঠ পরিচ্ছেদমতে যে কোন কার্য্য নির্ব্বাহ করিবার বা যে বিষয় পরিবর্ত্তন ও উৎকৃষ্ট করিবার আদেশ করিতে পারেন, তাহা যদি কমিশ্যনরদের আদেশ অনুসারে প্রজার দ্বারা নির্ব্বাহ হইয়া থাকে, কিম্বা যদি কমিশ্যনরদের দ্বারা নির্ব্বাহ হইয়া প্রজার স্থানে তাহার খরচ আদায় হইয়া থাকে, তবে স্বামির সেই খরচ দেওয়া উচিত, কমিশ্যনরেরা এই মর্ম্মের সার্টিফিকেট দিলে, প্রজার স্থানে স্বামির যে খাজানা তৎকালে পাওনা থাকে কি পশ্চাৎ পাওন হয়, প্রজা সেই খাজানা দিবার সময়ে তাহা হইতে ঐ খরচ কাটিয়া রাখিতে পারিবেন, কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে উহা আদায় করিয়া লইতে পারিবেন।

দেওয়ানী আদালতে খরচ কি কী দিবার দায়ের প্রতিবাদ হইতে পারিবার কথা।

১৮৪ ধারা। এই পরিচ্ছেদ কিম্বা ষষ্ঠ পরিচ্ছেদমতে যে খরচ কি কী দিতে হইবে ভূমির কোন স্বামী কি প্রজা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন দেওয়ানী আদালতে আপনার সেই খরচ কি কী দিতে হইবার প্রতিবাদ কিম্বা তাঁহার যত টাকা দিবার আজ্ঞা হইল তাহার প্রতিবাদ করিতে পারিবেন।

কিন্তু তদ্রূপ মোকদ্দমা উপস্থিত করা গেলেও ৩৬০ ধারার বিধানমতে ঐ টাকা আদায় করিবার বাধা হইবে না।

ক্ষতি ও ক্ষতিপূরণার্থ টাকা যেরূপে নির্ণয় করিতে হইবে তাহার কথা।

১৮৫ ধারা। ৩৫ ধারামতে দেয় ক্ষতিপূরণ ছাড়া, এই আইনে কোন ক্ষতি কি হানি পূরণের টাকা কমিশ্যানরদের দিতে হইবার আজ্ঞা থাকিলে, তাঁহাদের যত টাকা দিতে হইবে এবং আবশ্যক হইলে অংশাংশমতে যাঁহাকে যত দিতে হইবে এই বিষয়ে বিবাদ হইলে, উপযুক্ত ক্ষমতাপন্ন কোন দেওয়ানী আদালতে তাহা নির্দ্দেশ করিয়া নির্ণয় করা যাইবে।

মল ও দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও পাইখানা ও নর্দ্দমার কথা।

১৮৬ ধারা। মল ও দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল লইয়া যাইবার জন্যে যে লোকদের ও জন্তুর ও গাড়ীর ও হাতিয়ারের প্রয়োজন, কমিশ্যানরেরা তাহা যোগাইয়া দিবেন।

মল ও দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল লইয়া ফেলিবার লোকাদির কথা।

১৮৭ ধারা। দুর্গন্ধ দ্রব্য যে২ ঘণ্টার মধ্যে ও যে প্রকারে উঠাইয়া লওয়া যাইবে কমিশ্যানরেরা সভাগত হইয়া ৩৫৪ ধারার বিধানমতে আজ্ঞা প্রকাশ করিয়া সময়ের সেই কথা নিরূপণ করিতে পারিবেন, ও তাহা ফেলিয়া রাখিবার উপযুক্ত স্থান স্থির করিয়া, নানা ঘরের লোকদিগকে দিন২ কিম্বা নির্দ্দিষ্ট অন্য সময়ান্তরে সেই স্থানে ঐ দ্রব্য ফেলাইয়া রাখিবার আজ্ঞা করিতে, ও কোন ঘরের প্রভা এই আইনের বিধানমতে তাহা ফেলিয়া না রাখিলে, ঐ ঘর হইতে প্রজার খরচে তাহা উঠাইয়া লইতে পারিবেন।

দুর্গন্ধ দ্রব্য লইয়া যাইবার সময়ের ও নিয়মের কথা।

১৮৮ ধারা। তদ্রূপ আজ্ঞা প্রকাশ করা গেলে পর কোন মেহতর, কিম্বা মল কি দুর্গন্ধ দ্রব্য কি জঞ্জাল লইয়া যাইবার জন্যে অন্য যে চাকরেরা কমিশ্যানরদের দ্বারা নিযুক্ত হয় তাহারা, কর্ম্ম ছাড়িয়া যাইতে চাহিলে ন্যূনকল্পে এক মাস থাকিতে সেই অভিপ্রায়ের নোটিস লিখিয়া না জানাইলে, কমিশ্যানরদের অনুমতি না পাইয়া কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবে না।

মেহতরেরা কমিশ্যানরদের কর্ম্ম ছাড়িয়া যাইতে চাহিলে এক মাস থাকিতে তাহাদের নোটিস দিতে হইবার কথা।

সেই আজ্ঞা প্রকাশ করা গেলে পর কোন মেহতর কি উক্ত অন্য চাকর পূর্ব্বোক্তমতে নোটিস না দিয়া আপন কর্ম্ম ছাড়িয়া গেলে, তাহার একমাসের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইতে পারিবে, ও তাহার যে মাহিয়ানা পাওনা থাকে তাহাও পাইবে না।

১৮৯ ধারা। কমিশ্যানরদের দ্বারা জঞ্জাল উঠাইয়া লওয়া যায়, এই নিমিত্ত কোন ঘরের কি ভূমির প্রজারা যে২ ঘণ্টাছাড়া অন্য ঘণ্টার মধ্যে আপন২ ঘরের ও জমীর নিকট সরকারী রাস্তায় জঞ্জাল ফেলিতে পারিবে না, কমিশ্যানরেরা সময়ের সভাগত হইয়া ৩৫৪ ধারার বিধানমতে আজ্ঞা প্রকাশ করিয়া সেই২ ঘণ্টা নিরূপণ করিতে পারিবেন; এবং কোন ঘরের কি জমীর প্রজার সম্মতিক্রমে ঐ ঘর কি জমী হইতে ঐ জঞ্জাল উঠাইয়া লইয়া যাইবার জন্যে কিম্বা কোন ব্যবসায় কি কার্য্য চালাওনে যে জঞ্জাল জমিয়া থাকে সরকারী রাস্তাহইতে তাহা তুলিয়া লইয়া যাইবার জন্যে কমিশ্যানরেরা যত টাকা ফী লওয়া উচিত বোধ করেন তাহা লইতে পারিবেন।

সরকারী রাস্তার জঞ্জাল ফেলিবার সময় কমিশ্যানরদের নিরূপণ করিতে পারিবার কথা।

নর্দ্দমা ও পাইখানা প্রভৃতি কমিশ্যানরদের তত্ত্বাধীনে থাকার কথা।

১৯০ ধারা। সকল নর্দ্দমা ও পাইখানা ও গলিজকুণ্ড কমিশ্যানরদের তত্ত্ব ও কর্ত্তৃত্বাধীনে থাকিবে।

নর্দ্দমা ও পাইখানা ও গলিজকুণ্ড দেখিবার কথা।

১৯১ ধারা। যে বাড়ীর মধ্যে পাইখানা কি নর্দ্দমা কি গলিজকুণ্ড থাকে, কমিশ্যানরেরা কিম্বা এতৎপক্ষে তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মকারক ছয় ঘণ্টা থাকিতে সেই বাড়ীর দখীলকারকে লিখিয়া সংবাদ দিলে সূর্য্যের উদয় ও অস্ত হইবার মধ্যে কোন সময়ে সেই পাইখানা ও নর্দ্দমা ও গলিজকুণ্ড দেখিয়া লইতে পারিবেন, এবং সেই পাইখানা কি নর্দ্দমা কি গলিজকুণ্ড দ্বারা যে অনিষ্ট হয় তাহা নিবারণ করিবার কি উঠাইয়া দিবার নিমিত্তে আবশ্যক হইলে, তাঁহারা কি তিনি যে স্থানে উচিত বোধ করেন সেই স্থানের মাটি খুঁড়াইয়া ফেলিতে পারিবেন। ইহাতে যে খরচ লাগে তাহা ঐ বাড়ীর স্বামীর কি প্রজার দিতে হইবে।

ঐরূপ নর্দ্দমা পাইখানা প্রভৃতির অনিষ্টজনক অবস্থা হইলে রোগ সঞ্চার বা দুর্গন্ধ নিবারক দ্রব্য ব্যবহারার্থ কমিশ্যানরদের আজ্ঞা করিতে পারিবার কথা।

১৯২ ধারা। ঐরূপ পাইখানা, নর্দ্দমা বা গলিজকুণ্ড থাকায় নিকটবর্ত্তী লোকের পীড়া হইবার সম্ভাবনা কমিশ্যানরদের এইরূপ বোধ জন্মিলে, তাঁহারা যেরূপ নির্দ্দেশ করেন সেইরূপ রোগসঞ্চার নিবারক বা দুর্গন্ধনাশক দ্রব্য যে পরিমাণে যতকাল উচিত বোধ করেন ঐরূপ পাইখানায়, নর্দ্দমায় বা গলিজকুণ্ডে সেই পরিমাণে তত কাল ব্যবহার করিবার আজ্ঞা করিতে পারিবেন। আবশ্যক হইলে কমিশ্যানরেরা ঐরূপ রোগসঞ্চার নিবারক বা দুর্গন্ধনাশক দ্রব্য খরিদী মূল্যে উক্তরূপ ব্যবহারার্থে দিবেন; এবং উহাতে যে খরচ হয় তাহা বাকী টাক্স গণিয়া গণ্য হইবে ও ঐ পাইখানা, নর্দ্দমা বা গলিজকুণ্ডের স্বামীর স্থানে তদ্বৎ আদায় করা যাইতে পারিবে, কিম্বা কমিশ্যানরেরা উচিত বোধ করিলে মুনিসিপল ফণ্ডহইতে ঐ খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন।

সাধারণের পাইখানার কথা।

১৯৩ ধারা। পুরুষ ও স্ত্রীলোকের স্বতন্ত্র ব্যবহারের জন্য সাধারণ যত পাইখানা ও মূত্রাগার করা আবশ্যক কমিশ্যানরেরা উপযুক্ত স্থানে২ তাহা প্রস্তুত করিয়া রাখিতে পারিবেন, ও তাহা উপযুক্তভাবে রাখিবার ও উপযুক্তমতে পরিষ্কার করিবার নিয়ম করিবেন।

১৯৪ ধারা। কমিশ্যনরেরা সময়ে২ সাধারণের সুবিধার জন্যে যত পাইখানা উচিত বোধ করেন তাহার লাইসেন্স দিতে পারিবেন।

সাধারণের পাইখানার লাইসেন্স দিবার কথা।

১৯৫ ধারা। ব্যক্তিবিশেষের সম্পত্তির কি ব্যক্তিবিশেষের ঘেরা স্থানের অন্তর্গত কোন ভূমির মধ্যে তাহার কি রোগজনক গাছ গাছড়া কি জঙ্গল কি অসমানভূমি থাকাতে লোকদের মলমূত্র ত্যাগ করিবার সুবিধা হয়, কিম্বা জল বাহির হইবার পথ না থাকাতে ঐ স্থান প্রতিবাসিদের অস্বাস্থ্যকর কিম্বা দুর্গন্ধজনক, কমিশ্যনরদের এরূপ বোধ হইলে, তাঁহারা সেই ভূমির স্বামী কি প্রজাদিগকে কিম্বা স্বামী ও প্রজাদিগকে পঞ্চদশ দিনের মধ্যে ঐ জঙ্গল পরিষ্কার করিয়া ফেলিবার কিম্বা ঐ ভূমি সমান করিবার কি ঐ ভূমির জল নির্গত করিবার আজ্ঞা করিতে পারিবেন।

অস্বাস্থ্যজনক জঙ্গল পরিষ্কার করিবার ও জল নির্গত হইবার সদুপায় করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

কিন্তু যে ব্যক্তির প্রতি ঐ ভূমির জল নির্গত করিবার আজ্ঞা হইল, যদি এই ধারামতে জল নির্গমনের কোন পয়নালা করিবার জন্যে ঐ ব্যক্তির নিজ সম্পত্তি ছাড়া কোন ভূমি লইবার কিম্বা অন্য কোন ব্যক্তিকে হানিপূরণের টাকা দিবার আবশ্যকতা হয়, তবে কমিশ্যনরেরা ঐ ভূমি দেওয়াইয়া হানিপূরণের ঐ টাকা দিবেন।

১৯৬ ধারা। কমিশ্যনরেরা পথ ও পাইখানা ও নর্দ্দমা ও গলিকুণ্ড প্রভৃতি স্থান হইতে যত মল ও জঞ্জাল ও দুর্গন্ধ দ্রব্য জমা করিয়া রাখেন তাহা কমিশ্যনরদেরই সম্পত্তি হইবে, ও তাঁহারা তাহা বিক্রয় করিতে কিম্বা তাহা লইয়া যাহা ইচ্ছা তাহাই করিতে পারিবেন। তাহা বিক্রয় করিলে যে টাকা পাওয়া যায় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে।

যত জঞ্জাল জমা হয় তাহা কমিশ্যনরদের সম্পত্তি হইবার কথা।

১৯৭ ধারা। রাজকীয় যত মলনালা ও নর্দ্দমা ও নগর পরিপাটী করিবার যত বিষয় থাকে তাহা সকলই কমিশ্যনরদের আজ্ঞার ও তত্ত্বের অধীনে থাকিবে। তাঁহারা সেই প্রকারের অন্য যে বিষয় করা আবশ্যক জ্ঞান করেন তাহাও প্রস্তুত করিয়া দিতে পারিবেন।

মলনালা নর্দ্দমা প্রভৃতি কমিশ্যনরদের তত্ত্বাধীনে থাকার কথা।

স্নানাদি করিবার স্থানের ও পুকুরের কথা।

১৯৮ ধারা। ব্যক্তিবিশেষের সম্পত্তি ছাড়া যত জলস্রোত ও নালা ও জলপথ ও পুকুর ও তলাশয় ও উদুই ও কূপ থাকে, তাহা এই আইনের কার্য্যার্থে কমিশ্যনরদের আজ্ঞার ও কর্তৃত্বের অধীনে থাকিবে।

সাধারণ স্রোতাদি কমিশ্যনরদের আজ্ঞার ও কর্তৃত্বের অধীনে থাকিবার কথা।

১৯৯ ধারা। কমিশ্যনরেরা যে২ স্থানে উচিত বোধ করেন, সেই২ স্থানে আজ্ঞা প্রকাশ করিয়া লোকদের পান করিবার ও রন্ধনের কার্য্যের জল যোগাইবার জন্যে, ব্যক্তিবিশেষের পুষ্করিণী প্রভৃতি ছাড়া, সুবিধামতে পুষ্করিণী কিম্বা নদীর কি স্রোতের কি নালার এক২ স্থান ভিন্ন করিয়া রাখিতে পারিবেন, ও তন্মধ্যে লোকদের স্নান করিবার ও কাপড় কাচিবার ও জন্তুর গা ধুইবার, ও অন্য যে কার্য্যদ্বারা পূর্ব্বোক্তমতে নিরূপিত জল দূষিত হইতে পারে, সেই কার্য্য করিবার নিষেধ করিতে পারিবেন;

কমিশ্যনরদের পানীয় জলের ও স্নানাদি করিবার স্থানের বিধান করিতে পারিবার কথা।

তদ্রূপেই স্নান করিবার জন্যে উপযুক্ত সংখ্যার পুষ্করিণী প্রভৃতি ভিন্ন করিয়া রাখিতে পারিবেন;

ও পশুর গা ধুয়াইবার ও কাপড় কাচিবার নিমিত্ত ও নগরনিবাসিদের সুস্থ ও পরিষ্কার ও সচ্ছন্দভাবে থাকিবার সংক্রান্ত অন্য২ উদ্দেশে যত পুষ্করিণী প্রভৃতি আবশ্যক হয়, তাহা ভিন্ন করিয়া রাখিতে পারিবেন।

যে কোন জলস্রোত বা জল প্রণালী সাধারণের জল যোগাইবার অংশ বলিয়া ব্যবহৃত হয়, তাহার সাধারণের অব্যবহৃত অংশ সম্বন্ধে ঐ প্রকারে কমিশ্যনরেরা যেরূপ উচিত বোধ করেন, তদ্রূপ বন্দোবস্ত করিতে পারিবেন।

২০০ ধারা। কোন ব্যক্তির ভূমির মধ্যে কোন জল পথের বা তাঁহার নিজ পুকুরের কিম্বা ডোবার দ্বারা ও কোন ময়লা কি মরা জলে প্রতিবাসিদের স্বাস্থ্যের হানি হয় কি অনিষ্ট জন্মে এমত বোধ হইলে, কমিশ্যনরেরা সেই ভূমির স্বামিদিগকে কি প্রজাদিগকে কিম্বা স্বামী ও প্রজাদিগকে আট দিনের মধ্যে কিম্বা কমিশ্যনরেরা যে অধিক সময় দেন সেই সময়ের মধ্যে সেই জলপথ কিম্বা সেই পুকুর কি ডোবা পরিষ্কার করিবার এবং নালা কাটাইয়া সেই ময়লা কি মরা জল বাহির করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

কোন ব্যক্তির বাটীর মধ্যে অস্বাস্থ্যজনক পুকুর থাকিলে তাহা পরিষ্কার করাইবার ও জল বাহির করাইয়া দিবার ক্ষমতার কথা।

কিন্তু যে ব্যক্তির প্রতি জল নির্গমন করাইবার আজ্ঞা হয়, এই ধারামতে ঐ জলনির্গমনের নালা কাটিবার জন্যে যদি সেই ব্যক্তির নিজ সম্পত্তি ছাড়া অন্য ভূমি লইবার কিম্বা অন্য কোন ব্যক্তিকে হানিপূরণের টাকা দিবার প্রয়োজন হয়, তবে কমিশ্যনরেরা সেই ভূমি দেওয়াইবেন ও হানিপূরণের সেই টাকা দিবেন।

পথাবরোধ ও পথে স্থান যোড়া করিবার কথা।

২০১ ধারা। কমিশ্যনরেরা কোন রাস্তা সারাইবার জন্যে কিম্বা মলনালা কি নর্দ্দমা কি কলবট কি সাঁকো করিবার জন্যে কিম্বা সাধারণের ব্যবহার্য্য অন্য কার্য্যের জন্যে কিয়ৎকালের নিমিত্ত কোন পথ কিম্বা পথের কোন অংশ বন্ধ রাখিতে পারিবেন।

মেরামত প্রভৃতি সাধারণের কার্য্যের জন্য রাস্তা কি রাস্তার এক অংশ বন্ধ করিবার ক্ষমতার কথা।

কিন্তু কমিশ্যনরেরা ঐরূপে কোন পথ বন্ধ করিলে ঐ পথের ধারের যোত যাহাদের দখলে থাকে, তাহাদের তথায় যাইবার যুক্তিমত উপায় বিধান করিতে বাধ্য থাকিবেন।

তদ্রূপ পথ সারাইয়া দেওন কি মলনালা প্রভৃতি প্রস্তুত করণহেতুক কিম্বা অন্য কারণে পথিকদের পক্ষে কোন পথ কিম্বা পথের কোন অংশ সঙ্কটজনক হইলে, কাহারও প্রাণের ও সম্পত্তির হানি না হয় এই কারণে

কমিশ্যনরেরা উপযুক্ত আটক বা বেড়া দিয়া তাহাতে সূর্য্যাস্তকালাবধি সূর্য্যোদয় পর্য্যন্ত উপযুক্ত আলো দেওয়াইবেন।

ভবিষ্যতে পথে অবরোধজনক কি স্থানযোড়াকারি বিষয় থাকিলে তাহা স্থানান্তর করিবার কথা।

২০২ ধারা। কোন মুনিসিপালিটীতে মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণের ১৮৬৪ সালের আইন কিম্বা প্রদেশীয় নগরাদির ১৮৬৮ সালের আইন, কিম্বা ১৮৭৬ সালের বঙ্গীয় মুনিসিপল আইন যে তারিখে প্রচলিত করা যায় কিম্বা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে উক্ত কোন আইন ঐ মুনিসিপালিটীর মধ্যে প্রচলিত করা না গেলে এই আইন যে তারিখে ঐ মুনিসিপালিটীতে প্রচলিত করা যায়, সেই তারিখের পর কোন ব্যক্তি কোন পথে কি খোলা নর্দ্দমায় কি মলনালায় কি পয়নালায় কি তাহার উপরে দেওয়াল গাঁথিলে কিম্বা বেড়া কি গরাদিয়া কি থাম কিম্বা অবরোধ জনক কি স্থানযোড়াকারী বিষয় স্থাপন করিলে কমিশ্যনরেরা নোটিস দিয়া তাহাকে সেই দেওয়াল প্রভৃতি উঠাইয়া দিবার আদেশ করিতে পারিবেন; ও সেই ব্যক্তি ঐ নোটিস পাইলে পর আট দিনের মধ্যে ঐ আদেশানুসারে কার্য্য না করিলে, কমিশ্যনরদের প্রার্থনামতে মাজিষ্ট্রেট সাহেব সেই অবরোধজনক কি স্থানযোড়াকারী বিষয় উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরেরা ঐ অবরোধজনক কি স্থানযোড়াকারী বিষয় উঠাইয়া দিতে পারিবেন; ও তাহাতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ বিষয় গাঁথিয়া কি করাইয়া দিয়াছিলেন তাহারই সেই খরচ দিতে হইবে।

এই ধারামতে কোন দেওয়াল কি বেড়া কি গরাদিয়া কি থাম কি অবরোধজনক ও না বিষয় উঠাইয়া দেওয়া যাওয়াতে কোন ব্যক্তির হানিপূরণ পাইবার অধিকার থাকিবে না।

যে ব্যক্তি অবরোধজনক বিষয় স্থাপন করেন তাঁহার উদ্দেশ পাওয়া না গেলে কার্য্যপ্রণালীর কথা।

২০৩ ধারা। যে ব্যক্তি ঐ দেওয়াল কি বেড়া কি গরাদিয়া কি থাম কি অবরোধজনক কি স্থানযোড়াকারী ঐ বিষয় গাঁথিয়া কি করাইয়া দেন তাঁহার পরিচয় জানা না গেলে কিম্বা তাঁহার উদ্দেশ পাওয়া যাইতে না পারিলে, কমিশ্যনরেরা ঐ দেওয়ালের কি বেড়ার কি গরাদিয়ার কি থামের কি অবরোধজনক কি স্থানযোড়াকারি ঐ বিষয়ের নিকট নোটিস লাগাইয়া, ঐ বিষয়ে যে ব্যক্তির সম্পর্ক থাকে তাঁহাকে সেই বিষয় উঠাইয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন, ঐ আদেশপত্রে কোন ব্যক্তির নাম লিখিবার প্রয়োজন হইবে না। আর ঐ নোটিস লাগাইয়া দিবার পর আটদিনের মধ্যে যদি সেই নোটিসের লিখিত আদেশানুসারে ঐ দেওয়াল কি বেড়া কি গরাদিয়া কি থাম কি অবরোধজনক কি স্থানযোড়াকারি ঐ বিষয় উঠাইয়া না দেওয়া যায়, তবে কমিশ্যনরদের প্রার্থনামতে মাজিষ্ট্রেট সাহেব অবরোধজনক কি স্থানযোড়াকারি ঐ বিষয় উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরেরা অবরোধজনক কি স্থানযোড়াকারি ঐ বিষয় উঠাইয়া দিয়া তাহার সরঞ্জাম বিক্রয় করিয়া উঠাইয়া দিবার খরচ লইতে পারিবেন।

তাহা বিক্রয় করিয়া সেই খরচ আদায় করিলে পর উদ্বৃত্ত থাকিলে তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে; এবং যে কোন ব্যক্তি কমিশ্যনরদের হুকোধমতে কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত আদালতে আপনার স্বত্ব স্থাপন করেন, তাঁহার দাওয়ামতে তাঁহাকে দেওয়া যাইতে পারিবে।

ভবিষ্যতে ঘরের কোন অংশ বাড়িয়া থাকিলে তাহা স্থানান্তর করিবার কথা।

২০৪ ধারা। কোন মুনিসিপালিটীতে মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণের ১৮৬৪ সালের আইন, কিম্বা প্রদেশীয় নগরাদির ১৮৬৮ সালের আইন কিম্বা ১৮৭৬ সালের বঙ্গীয় মুনিসিপল আইন যে তারিখে প্রচলিত করা যায়, কিম্বা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে পূর্ব্বোক্ত কোন আইন ঐ মুনিসিপালিটীতে প্রচলিত করা না গেলে, এই আইন যে তারিখে সেই মুনিসিপালিটীতে প্রচলিত করা যায়, সেই তারিখের পর কোন ঘরের আড়ালে কি অগ্রভাগে বাড়িয়া থাকা কি স্থানযোড়াকারি কি অবরোধজনক কোন বিষয় নির্ম্মিত কি স্থাপিত হইলে, ও তাহা কোন পথের উপর ঝুলিয়া কি বাড়িয়া থাকিলে, কিম্বা পথের উপর বাড়িয়া থাকাতে স্থান যোড়া করিলে, কি পথ দিয়া নির্ব্বিঘ্নে ও সচ্ছন্দে গমনের বাধা জন্মাইলে,

কিম্বা সেই পথের পার্শ্বের কোন পয়নালার কি নর্দ্দমার কি মলনালার বাধা হইলে, কি তাহার উপর বাড়িয়া পড়িলে, কি স্থানযোড়া করিলে, কমিশ্যনরেরা সেই ঘরের স্বামিকে কি প্রজাকে সেই বিষয় উঠাইয়া দিবার কি পরিবর্ত্তন করিবার নোটিস লিখিয়া দিতে পারিবেন।

ও স্বামী কি প্রজা ঐ নোটিস পাইলে পর আট দিনের মধ্যে ঐ আদেশ অনুসারে কর্ম্ম না করিলে, মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনরদের প্রার্থনামতে ঐ বাড়ান কি স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিবার আজ্ঞা দিতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরেরা সেই বাড়ান কি স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিতে পারিবেন; ও তাহা করিবার খরচ ঐ ত্রুটিকারি স্বামির কি প্রজার দিতে হইবে।

যে ভাগটী বাড়িয়া থাকে কিম্বা পথ অবরোধ কি স্থান যোড়া করে, তাহা এই ধারামতে স্থানান্তর করিয়া দেওয়া হেতুক কোন ব্যক্তির হানিপূরণ পাইবার অধিকার থাকিবে না।

২০২, ২০৩, ২০৪ ও ২০৩ধারামতে যে আজ্ঞা করা যায় তাহার ফলের কথা

২০৫ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ২০২, ২০৩, ২০৪ ও ২০৩ ধারামতে যে আজ্ঞা করেন বিচারপতিস্বরূপ আপনার কর্ত্তব্য কর্ম্ম করিয়া সেই আজ্ঞা করিলেন এমত জ্ঞান করিতে হইবে, এবং (বিচারকর্ত্তাদের রক্ষা করণার্থ) ১৮৫০ সালের ১৮ আইনের মর্ম্মানুসারে

কমিশ্যনরদিগকেই মাজিষ্ট্রেটের সেই আজ্ঞামতে কার্য্য করিতে বাধ্য বলিয়া জ্ঞান করিতে হইবে।

পথের বা নর্দ্দমার সীমার বাহির ঘর বাড়িয়া থাকিলে, যখন ভাঙ্গা যায় তখন পিছাইয়া করিতে হইবার কথা।

২০৬ ধারা। যদি কোন ঘরের কোন ভাগ পথের বা নর্দ্দমার অবধারিত সীমা আক্রম করিয়া থাকে, অথবা কোন পার্শ্বের ঘরের অগ্রভাগ অপেক্ষা বাহিরা থাকে, তবে সেই গৃহাদি দগ্ধ হইলে কি প্রকারান্তরে নষ্ট হইলে, কিম্বা পুনর্ব্বার গাঁথিয়া কি মেরামত করিয়া দিবার জন্য ভাঙ্গিয়া ফেলা গেলে, কমিশ্যনরেরা তাহা পিছাইয়া ঐ পথের কি নর্দ্দমার কি নিকটস্থ ঘরের সীমার রেখার সমান বা পশ্চাদ্বর্ত্তী করিবার আজ্ঞা দিতে পারিবেন। তাহাতে সেই ঘরের স্বামীর কোন ক্ষতি হইলে কমিশ্যনরেরা তাহার উপযুক্ত ক্ষতিপূরণ করিতে পারিবেন।

পতিত ঘর প্রভৃতি পথ বা নর্দ্দমা অবরোধ করিলে স্বামীর তাহ উঠাইয়া ফেলিতে হইবার কথা।

২০৭ ধারা। কোন বাটিকাবিশেষের ঘর, দেওয়াল বা অন্য গাঁথনী কিম্বা কোন বৃক্ষ কোন নর্দ্দমায় পড়িয়া বাধা জন্মাইলে কিম্বা কোন সরকারী পথ অবরোধ করিলে, কমিশ্যনরগণ উক্ত বাধা বা অবরোধজনক দ্রব্যের স্বামীর খরচে তাহা উঠাইয়া ফেলিতে পারিবেন, কিম্বা তাঁহাকে যে সময় উচিত বোধ করেন সেই সময়ের মধ্যে উহা উঠাইয়া ফেলিবার আজ্ঞা করিতে পারিবেন।

পথের ধারের গাছ ও বেড়া ঝুড়িয়া দিবার ক্ষমতার কথা।

২০৮ ধারা। রাস্তার ধারে কোন বেড়া থাকিলে কি কোন গাছের ডাল পথের উপর ঝুলিয়া পড়াতে গমনাগমনের বাধা হইলে, কিম্বা রাস্তার হানি হইলে, কমিশ্যনরেরা সেই ভূমির স্বামীকে কি দখীলকারকে তিন দিনের মধ্যে তাহা কাটিবার কি ঝুড়িয়া দিবার আজ্ঞা দিতে পারিবেন।

নগর পরিপাটী রাখিবার ও তাহার সৌষ্ঠব করিবার সাধারণ বিধি।

কূপ পুকুরাদি ঘেরিয়া রাখিবার কথা।

২০৯ ধারা। সরকারী কিম্বা ব্যক্তি বিশেষের ভূমির অন্তর্গত কোন পুকুর কি কূপ কি অন্য গর্ত্ত উপযুক্তমতে মেরামৎ না হওয়াতে কিম্বা ঘেরিয়া না দেওয়াতে পথিকদের আশঙ্কাজনক হইলে, কমিশ্যনরেরা আবশ্যক বোধ করিলে পথিকদের রক্ষার জন্যে অগৌণেই কিয়ৎকালের নিমিত্ত তক্তার কি অন্য প্রকারের বেড়া দেওয়াইতে পারিবেন, এবং ঐ পুকুর কি কূপ কি অন্য গর্ত্ত যে ভূমিতে থাকে সেই ভূমির স্বামী কি দখীলকারদিগকে কিম্বা স্বামী ও দখীলকারদিগকে সাত দিনের মধ্যে ঐ কূপ কি পুকুর কি অন্য গর্ত্ত উপযুক্তরূপে ঘেরিয়া দিবার কি রক্ষা করিবার আজ্ঞা দিতে পারিবেন।

গৃহাদি ভগ্ন বা আশঙ্কাজনক অবস্থায় থাকিলে তাহার কথা।

২১০ ধারা। কোন ঘর কি দেওয়াল কি গাঁথনী কিম্বা তৎসংযুক্ত কোন দ্রব্য কমিশ্যনরদের বিবেচনায় ভগ্নাবস্থ কিম্বা কোন প্রকারে আশঙ্কাজনক হইলে, তাঁহারা আবশ্যক বোধ করিলে পথিকদের রক্ষার জন্যে অগৌণেই তক্তার কি অন্য প্রকারের উপযুক্ত বেড়া দেওয়াইবেন; ও ঐ ঘর কি দেওয়াল কি গাঁথনী যে ভূমিতে সংলগ্ন থাকে তাঁহারা সাধারণের নিরাপদের জন্যে যত দূর আবশ্যক বোধ করেন সাত দিনের মধ্যে সেই ভূমির স্বামী কি দখীলকারদিগকে কিম্বা স্বামী ও দখীলকারদিগকে ঐ ঘর কি দেওয়াল কি গাঁথনী ততদূর মেরামত করাইয়া দিবার কিম্বা ঐ ঘর কি দেওয়াল কি গাঁথনী কি তৎসংযুক্ত দ্রব্য উঠাইয়া দিবার আদেশ করিতে পারিবেন।

ঘর ভগ্নরূপে মেরামত করা গেলে তাহা অধিকার করিয়া লইবার কথা।

২১১ ধারা। কমিশ্যনরেরা কোন ঘর কি অন্য গাঁথনী সারাইয়া দিলে, ও সেই ঘর কি গাঁথনী খালী থাকিলে, কমিশ্যনরেরা তাহা অধিকার করিয়া লইতে পারিবেন, ও তাঁহারা যত টাকা খরচ করিয়া সেই ঘর প্রভৃতি সারাইয়া দিলেন তত টাকা তাঁহাদিগকে যত দিন না দেওয়া যায় তত দিন তাহা আপনাদের অধিকারে রাখিতে পারিবেন।

গৃহাদি ভাঙ্গিয়া ফেলা গেলে সরঞ্জাম বিক্রয় করিবার কথা।

২১২ ধারা। ২১০ ধারার বিধানমতে কোন বিষয় ভাঙ্গিয়া ফেলা কি স্থানান্তর করা গেলে, কমিশ্যনরেরা তাহার ইষ্টকাদি সরঞ্জাম বিক্রয় করিতে পারিবেন। ইহাতে যে টাকা পাওয়া যায় তাহা হইতে খরচ যত দূর শোধ হইতে পারে শোধ করা যাইবে।

তৎপরে উদ্বৃত্ত থাকিলে, তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে; এবং যে কোন ব্যক্তি কমিশ্যনরদের হুকুমমতে কিম্বা উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত আদালতে আপনার স্বত্ব স্থাপন করেন, তাঁহার দাওয়ামতে তাঁহাকে দেওয়া যাইতে পারিবে।

নির্দ্ধারিত কোনং সময়ে বেড়ানিয়া কুকুর নষ্ট করিবার কথা।

২১৩ ধারা। কোন কুকুরের গলাবন্ধ না থাকিলে কিম্বা অন্য যে চিহ্ন দ্বারা ব্যক্তিবিশেষের কুকুর বলিয়া জানা যাইতে পারে এমত চিহ্ন না থাকিলে, সেই কুকুর পথেং কিম্বা স্বামিদের বাড়ীর বেড়ার বাহিরে বেড়াইতে দেখা গেলে কমিশ্যনরেরা সময়েং আজ্ঞা প্রকাশ করণ পূর্ব্বক ঐ প্রকারের কুকুর মারিয়া ফেলিবার কোন সময় নিরূপণ করিতে পারিবেন। সেই সময়ে ঐ প্রকারের কুকুরকে সেই আজ্ঞামতে মারিয়া ফেলা যাইতে পারিবে।

অনিষ্টজনক জন্তু মারিবার জন্যে কমিশ্যনরদের পুরস্কার দিতে পারিবার কথা।

২১৪ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া মুনিসিপালিটীর সীমার মধ্যে অনিষ্টজনক জন্তু নষ্ট করিবার পুরস্কার দিবার প্রস্তাব করিতে পারিবেন।

২১৫ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া কোন পথের নাম দিতে পারিবেন ও যে স্থানে উচিত বোধ করেন সেই স্থানে ঐ রাস্তার নাম ও ঘরের২ নম্বর লাগাইয়া দিতে পারিবেন; এবং তদ্রূপ সময়ে২ ঐ নাম ও নম্বর পরিবর্ত্তন করাইতে পারিবেন।

রাস্তার নামের ও ঘরের নম্বরের কথা।

দণ্ডের কথা।

২১৬ ধারা। কোন ব্যক্তি কোন মুনিসিপালিটীতে

(১) কমিশ্যনরেরা ১৮১ ধারার বিধানমতে যে সময় নির্দ্দিষ্ট করেন, সেই সময় ছাড়া অন্য সময়ে সরকারী রাস্তায় জঞ্জাল ফেলিলে কিম্বা আপন চাকরদিগকে ফেলিতে দিলে; কিম্বা

১৮৯ ও ২১৫ ধারামত অপরাধের কথা।

(২) কমিশ্যনরেরা ২১৫ ধারার আদেশমতে যে কোন নাম বা নম্বর লাগাইয়া দেন, তাহা নষ্ট করিলে কি নামাইয়া ফেলিলে কি বিকৃত বা পরিবর্ত্তন করিলে,

তাঁহার ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

২১৭ ধারা। কোন ব্যক্তি কোন মুনিসিপালিটীতে,

(১) কোন রাজপথের ধারের কিনিকট কোন ঘরের দখলকার হইয়া উপযুক্ত কোন আধার ভিন্ন ঐ ঘরে কি তদুপরে কিম্বা ঐ ঘরের লাগাও ও ঘরের সঙ্গে২ দখল করা কোন বাহির ঘরে কি প্রাঙ্গণে কি জমিতে ২৪ ঘণ্টার অধিককাল কিম্বা উপর্যুপরিক্রমে অন্য যে কম সময় নির্দ্দিষ্ট হয়, তাহার অধিক কাল কোন ময়লা কি গোবর কি ছাড় কি ছাই কি বিষ্ঠা কি গলিজ কিম্বা পীড়াজনক কি দুর্গন্ধ দ্রব্য থাকিতে দিলে, কিম্বা সেই আধার ময়লা বা অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে দিলে, কিম্বা তাহা পরিষ্কার রাখিবার উপযুক্ত বিধান করিতে শৈথিল্য করিলে, কিম্বা

গলিজ প্রভৃতি দখলকার উঠাইয়া না ফেলিলে তাঁহার কথা।

(২) ১৯৪ ধারামতে কমিশ্যনরদের স্থানে লাইসেন্স না পাইয়া সাধারণের পাইখানা রাখিলে; কিম্বা সাধারণের পাইখানার লাইসেন্স পাইয়া সেই পাইখানা ময়লা কি অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে দিলে, কিম্বা তাহা পরিষ্কার করিবার উপযুক্ত বিধান করিতে শৈথিল্য করিলে, কিম্বা

লাইসেন্স বিনা সাধারণের পাইখানা রাখিবার কথা।

(৩) ব্যক্তিবিশেষের মর্দ্দমা কি পাইখানা কি গলিজকুণ্ডের স্বামী বা দখলকার হওয়াতে কমিশ্যনরদের দ্বারা সতর্ক করা গেলেও সেই মর্দ্দমা প্রভৃতি উপযুক্ত ভাবে রাখিতে শৈথিল্য করিলে কি সম্মত না হইলে; কিম্বা

ব্যক্তিবিশেষের মর্দ্দমা প্রভৃতি উপযুক্ত অবস্থায় না রাখিবার কথা।

(৪) ১৯৯ ধারার বিধানমতে কমিশ্যনরেরা যে আজ্ঞা দেন, সেই আজ্ঞা না মানিলে; কিম্বা

১৯৯ ধারার আজ্ঞা অমান্য করিবার কথা।

(৫) কোন গর্ত্ত করিয়া কিম্বা কোন দেওয়াল কি বেড়া কি গরাদিয়া কি খাল কি অবরোধজনক অন্য বিষয় স্থাপন করিয়া কোন পথের কি মর্দ্দমার কি মলনালার কি পয়োনালার কি জলপথের স্থান যোড়া করিলে;

অবরোধজনক বিষয় স্থাপন করিবার কথা।

ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

২১৮ ধারা। কমিশ্যনরেরা ২০২, ২০৪ কিম্বা ২০৮ ধারার বিধানমতে যে আদেশপত্র দেন, কোন ব্যক্তি কোন মুনিসিপালিটীর অন্তর্গত কোন ঘরের বা জমীর স্বামী বা প্রজা হইয়া তদনুসারে কার্য্য করিতে ত্রুটি করিলে, এরূপ প্রত্যেক ত্রুটির নিমিত্ত তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ও ঐ আদেশপত্র তাঁহার উপর জারী হইবার তারিখ অবধি আট দিন গত হইলে পর যত দিন ত্রুটি হইতে থাকে, তত দিন তাঁহার দিন প্রতি আর দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

২০২, ২০৪ বা ২০৮ ধারামত আদেশপত্র অমান্য করিবার কথা।

২১৯ ধারা। কমিশ্যনরেরা ১৯৫, ২০০, ২০৯ কিম্বা ২১০ ধারার বিধানমতে যে কোন আদেশপত্র দেন, কোন ব্যক্তি মুনিসিপালিটীর অন্তর্গত কোন ঘরের কি জমীর স্বামী কি প্রজা হইয়া তদনুসারে কার্য্যকরিতে ত্রুটি করিলে, ঐ রূপ প্রত্যেক ত্রুটির নিমিত্ত তাঁহার একশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, এবং ঐ আদেশপত্র তাঁহার উপর জারী হইবার তারিখ অবধি আট দিন গত হইলে পর যত দিন ত্রুটি হইতে থাকে, তত দিন তাঁহার দিন প্রতি আর বিশটাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

১৯৫, ২০০, ২০৯ কিম্বা ২১০ ধারামত আদেশপত্র অমান্য করিবার কথা।

ষষ্ঠ পরিচ্ছেদ

বিশেষ বিধান।

২২০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট ইহার পশ্চাৎ লিখিত ধারার বিধানমতে কোন মুনিসিপালিটীতে স্পষ্ট করিয়া এই কিম্বা ৭, ৮, ৯ বা ১০ পরিচ্ছেদের বিধান না চালাইলে, যত দিন না চালান তত দিন আর ঐ মুনিসিপালিটীর প্রতি বর্ত্তিবে না

৬, ৭, ৮, ৯ বা ১০ পরিচ্ছেদের বিধান যে২ স্থানে প্রচলিত হইবে তাহার কথা।

২২১ ধারা। কমিশ্যনরেরা এই বিষয় বিবেচনার্থে যে বিশেষ সভা করেন সেই সভার নির্দ্ধারণক্রমে তাঁহারা স্থানীয় গবর্ণমেণ্টের নিকট এই পরিচ্ছেদের কিম্বা ৭, ৮, ৯ বা ১০ পরিচ্ছেদের সমুদয় বা কোন বিধান মুনিসিপালিটীতে চালাইবার কিম্বা মুনিসিপালিটীর অন্তর্গত কোন স্থান উক্ত সমস্ত বা কোন বিধানের কার্য্য চলন হইতে মুক্ত করিবার প্রার্থনা করিতে পারিবেন।

এই সকল পরিচ্ছেদের বিধান প্রবল হওন বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।

তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট তদনুসারে আজ্ঞা করিতে পারিবেন।

আজ্ঞা-প্রচার করিবার কথা।

২২৫ ধারা। ঐরূপ প্রত্যেক আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। তদ্রূপে প্রকাশ হইবার পর পঞ্চদশ দিনের মধ্যে কমিশ্যনরেরা আপনাদের কার্য্যালয়ে সেই আজ্ঞাপত্রের নকল ও জিলার চলিত ভাষায় তাহার অনুবাদ, ও সেই আজ্ঞা যে তারিখ অবধি প্রবল করা যাইবে তাহার নোটিস লাগাইয়া দিবেন, ও ৩১৪ ধারার বিধানমতে তাহা প্রকাশ করাইবেন।

তদ্রূপে যে তারিখ নির্দ্ধারিত হয় উক্ত বিধান সেই তারিখ অবধি সেই মুনিসিপালিটীর মধ্যে প্রবল হইবে।

কিন্তু উক্ত যে তারিখ নির্দ্ধারিত হয় তাহা উক্ত ধারামতে আজ্ঞাপত্র প্রকাশ হইবার পর পঞ্চদশ দিনের কম ও কলিকাতা গেজেটে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা পূর্ব্বোক্তমতে প্রকাশ হইবার পর তিন মাসের অধিক হইবে না।

স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা রহিত কি পরিবর্ত্তন করিতে পারিবার কথা।

২২৩ ধারা। কমিশ্যনরেরা ঐরূপ প্রার্থনা করিলে স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন সময়ে ২২১ ধারামত কোন আজ্ঞা রহিত বা পরিবর্ত্তন করিতে পারিবেন, এবং ঐরূপ রহিত করণ কি পরিবর্ত্তন হইবার কথা প্রকাশ করা যাইবে, এবং তাহা পূর্ব্ব ধারার নির্দ্দিষ্টমতে ফলবৎ হইবে।

পাইখানার ও নর্দ্দমার ও গর্ত্তের কথা।

২২৪ ধারা। কোন ভূমিতে যে নর্দ্দমা কি পাইখানা কি গলিজকুণ্ড থাকে, কমিশ্যনরেরা সেই ভূমির স্বামী কি দখলকারকে কিম্বা স্বামী ও দখলকারদিগকে পঞ্চদশ দিনের মধ্যে তাহা মেরামত কি উত্তম করিয়া দিবার, কিম্বা কোন পাইখানা উঠাইয়া দিবার কিম্বা ঐ ভূমিতে যে গলিজকুণ্ড থাকে তাহা বন্ধ করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

নর্দ্দমা প্রভৃতি মেরামত করণ বিষয়ে স্বামীকে কি দখলকারকে কমিশ্যনরদের আজ্ঞা দিতে পারিবার কথা।

২২৫ ধারা। কোন ব্যক্তি পাইখানা প্রস্তুত করিলে, যাঁহারা নিকট দিয়া যান কি নিকটে বাস করেন তাঁহারা যেন ভিতরে দেখিতে না পান এই কারণে ঐ পাইখানার উপযুক্ত ছাদ ও দেওয়াল কি বেড়া দেওয়াইবেন; ও যে ভূমিতে পাইখানা থাকে কমিশ্যনরেরা সেই ভূমির কোন স্বামী কি দখলকারকে পঞ্চদশ দিনের মধ্যে পূর্ব্বোক্ত মতে লোকদের দৃষ্টি হইতে তাহা বন্ধ করাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

পাইখানা উপযুক্তমতে ঢেকিয়া রাখিতে হইবার কথা।

২২৬ ধারা। কমিশ্যনরগণের প্রতি যে মলনালা কি নর্দ্দমা অর্পণ করা গেল কোন ব্যক্তি তাঁহাদের লিখিত অনুমতি না পাইয়া তাহার সঙ্গে সংযোগ করিয়া কোন নর্দ্দমা প্রস্তুত করিলে কি করাইলে, কিম্বা পরিবর্ত্তন করিলে কি করাইলে, কমিশ্যনরগণ সেই শাখা নর্দ্দমা নষ্ট কি পরিবর্ত্তন কি নূতন করিয়া নির্ম্মাণ করাইতে পারিবেন কিম্বা প্রকারান্তরে যাহা উচিত জ্ঞান করেন তাহা করিতে পারিবেন। তাহাতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ শাখানর্দ্দমা করিলেন কি পরিবর্ত্তন করিলেন তাঁহারই তাহা দিতে হইবে।

অনুমতি বিনা যে নর্দ্দমা সরকারী মলনালার সঙ্গে সংযোগ করা যায় তাহা নষ্ট করিতে পারিবার কথা।

২২৭ ধারা। কোন ভূমির জল কমিশ্যনরদের বিবেচনামতে যে মলনালায় কি নর্দ্দমায় কিম্বা যে নালায় গিয়া পড়িতে পারে, এমত মলনালা প্রভৃতি ঐ ভূমি হইতে একশত ফুটের মধ্যে থাকিলেও কমিশ্যনরদের জ্ঞানমতে সেই ভূমির জল বাহির হইবার পথ না থাকিলে, তাঁহারা স্বামিকে এক মাসের মধ্যে উক্ত মলনালায় কি নর্দ্দমায় কি নালায় ঐ ভূমির জল পড়িবার পথ করিয়া দিবার আদেশ করিতে পারিবেন।

ভূমির জল বাহির করিবার নালা করণ বিষয়ে স্বামীকে কমিশ্যনরদের আজ্ঞা করিবার কথা।

২২৮ ধারা। কয়েকটা ঘর একত্র থাকাতে বা গাঁথা যাওয়াতে তাহার এক ঘরের স্বতন্ত্র পয়োনালা না করিয়া সংযোগ ভাবে জল বাহির হইবার ও ঘর উৎকৃষ্ট করিবার উপায় করা গেলে অনেক খরচও বাঁচিতে, উপকারও হইতে পারে, কমিশ্যনরগণের এমত বিবেচনা হইলে, ও সেই ঘর সকলের কোন অংশ হইতে একশত ফুটের মধ্যে মলনালা কি নর্দ্দমা কি জলনির্গমনের অন্য পথ থাকিলে, কমিশ্যনরগণ ঐ সকল ঘরের জল-বাহির হইবার ও সেই ঘর উৎকৃষ্ট করিবার একই সাধারণ উপায় করিয়া দিতে পারিবেন। তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরগণ অংশাংশমতে ধার্য্য করিয়া দিতে নিরূপণ করেন, ঐ ঘরের স্বামিদের ঐ খরচের সেই২ অংশ দিতে হইবে।

গৃহাদি একত্র গাঁথা গেলে তাহার পয়োনালা সংযোগ ভাবে করিবার কথা।

২২৯ ধারা। কোন শাখা নর্দ্দমা কি পাইখানা কি গলিজকুণ্ড কমিশ্যনরদের আজ্ঞার ও বিধানের বিপরীতভাবে কিম্বা এই আইনের বিধানের বিপক্ষভাবে প্রস্তুত করা গেলে, কিম্বা কমিশ্যনরের যে শাখা-নর্দ্দমা কি পাইখান কি গলিজকুণ্ড নষ্ট কি বন্ধ করিতে কি প্রস্তুত না করিতে আজ্ঞা করিলেন, কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি না লইয়া তাহা প্রস্তুত করিলে কি পুনরায় গাঁথিয়া কি খুলিয়া দিলে, কমিশ্যনরেরা ঐ নর্দ্দমা কি পাইখানা কি গলিজকুণ্ড যদ্রূপে পরিবর্ত্তন কি সংশোধন করা উচিত জ্ঞান করেন তদ্রূপে পরিবর্ত্তন কি সংশোধন করাইয়া দিতে, কিম্বা উঠাইয়া দিতে পারিবেন তাহা করিতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ নর্দ্দমা কি পাইখানা কি গলিজকুণ্ড অনুপযুক্তমতে প্রস্তুত করিলেন কি পুনরায় গাঁথিয়া কি খুলিয়া দিলেন তাঁহারই সেই খরচ দিতে হইবে।

কমিশ্যনরদের আজ্ঞার বিপরীত ভাবে নর্দ্দমা প্রভৃতি প্রস্তুত করা গেলে তাহা পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

২৩০ ধারা। সরকারী কোন পুষ্করিণী বা জলস্রোত কিম্বা কোন স্থানবাসি লোকে যে পুষ্করিণীর বা জলস্রোতের জল ব্যবহার করিয়া থাকে, এমত কোন পুষ্করিণী বা জলস্রোত হইতে পঞ্চাশ ফুট পরিমিত স্থানের মধ্যে পাইখানা না করিবার কথা।

পুষ্করিণী হইতে পঞ্চাশ ফুট পরিমিত স্থানের মধ্যে পাইখানা না করিবার কথা।

২৩০ ধারা। সরকারী কোন পুষ্করিণী বা জলস্রোত কিম্বা কোন স্থানবাসি লোকে যে পুষ্করিণীর বা জলস্রোতের জল ব্যবহার করিয়া থাকে, এমত কোন পুষ্করিণী বা জলস্রোত হইতে পঞ্চাশ ফুট পরিমিত স্থানের মধ্যে, কোন ব্যক্তি, কমিশ্যনরগণের লিখিত অনু-

মতি না পাইয়া, কোন পাইখানা কি মূত্রাগার কি গলিজকুণ্ড কি ঘরের নর্দ্দমা কিম্বা মল কি অন্য দুর্গন্ধ দ্রব্য ফেলিবার জন্য আধার করিবেন না বা রাখিবেন না।

যে ভূমির তদ্রূপ স্থানে কোন পাইখানা কি মূত্রাগার কি গলিজকুণ্ড কি ঘরের নর্দ্দমা কি উক্ত প্রকারের অন্য আধার থাকে কি ইহার পর প্রস্তুত করা যায়, কমিশ্যনরেরা সেই ভূমির কোন স্বামীকে ও দখীলকারকে আট-দিনের মধ্যে তাহা উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

পাইখানা প্রস্তুত করিবার কথা।

২৩১ ধারা। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি এমন পাইখানা প্রস্তুত করিবেন না যাহার দ্বার কি ঝাঁঝরী দ্বার খুলিলে কোন পথের কি নর্দ্দমার উপর খোলে। যে স্বামীর কি দখীলকারের ভূমিতে এখন তদ্রূপ পাইখানা আছে, কমিশ্যনরেরা তাঁহাকে আট দিনের মধ্যে তাহা উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

গর্ত্ত করিতে নিষেধ করিবার ক্ষমতার কথা।

২৩২ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া সাধারণ আজ্ঞা করিয়া, আপনাদের বিশেষ অনুমতি পূর্ব্বে না পাইলে মাটি বা পাথর তুলিয়া লইবার জন্য কিম্বা জঞ্জাল কি দুর্গন্ধ দ্রব্য জমা করিয়া রাখিবার জন্যে খানা করিতে, ও গলিজকুণ্ড ও পুকুর ও গর্ত্ত খুঁড়িতে নিষেধ করিতে পারিবেন।

সেই আজ্ঞা বাহির হইয়া প্রচার করা গেলে পর উক্ত প্রকারের বিশেষ অনুমতি বিনা তদ্রূপ খানা কি গলিজকুণ্ড কি পুকুর কি গর্ত্ত করা গেলে, তাহা যে ভূমিতে করা যায় কমিশ্যনরেরা সেই ভূমির স্বামী ও দখীলকারদিগকে দুই সপ্তাহের মধ্যে ঐ খানা প্রভৃতি ভরাট করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

পথের অবরোধজনক ও স্থান যোড়াকারি বিষয়ের কথা।

২৩৩ ধারা। কোন মুনিসিপালিটীতে মফঃসলের নগরাদির ১৮৬৪ সালের আইন, প্রদেশীয় নগরাদির ১৮৬৮ সালের আইন কিম্বা ১৮৭৬ সালের বঙ্গীয় মুনিসিপল আইন প্রচলিত হইবার পূর্ব্বে, কিম্বা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে উক্ত কোন আইন ঐ মুনিসিপালিটীতে প্রচলিত না হইয়া থাকিলে, তথায় এই আইন প্রচলিত হইবার তারিখের পূর্ব্বে ঐ মুনিসিপালিটীর সীমার অন্তর্গত কোনপথের ধারে কোন ঘরের আড়াবে কি সম্মুখভাগে কোন অংশ বাড়িয়া থাকিলে, কিম্বা অবরোধজনক কি স্থানযোড়াকারী হইলে কমিশ্যনরেরা সভাগত হইয়া যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে ঐ বিষয়টি স্থানান্তর কি পরিবর্ত্তন কি স্থির করিতে পারিবেন।

ঘরের যে অংশ বাড়িয়া আছে তাহা স্থানান্তর করিবার কথা।

ঐ ঘরের স্বামীকে কি দখীলকারকে লিখিত নোটিস দিয়া তাঁহার প্রতি এই আদেশ থাকিবে যে, ঐ বাড়ান কিম্বা অবরোধজনক কি স্থানযোড়াকারি বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিয়া দেন, কিম্বা যে কারণে তাঁহার প্রতি তদ্রূপ আদেশ করা উচিত না হয় কমিশ্যনরদের সম্মুখে এমত কারণ দেখান। ঐ স্বামী কি দখীলকার ঐ আদেশ পাইলে পর ত্রিশ দিনের মধ্যে সেই আদেশানুসারে কর্ম্ম না করিলে, কিম্বা ঐ বাড়ান বিষয় কিম্বা স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিবার আদেশ করা যে কারণে উচিত না হয় ঐ স্বামী কি দখীলকার এমত কারণ জানাইলেও কমিশ্যনরেরা ঐ বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিয়া দিবার দৃঢ় আজ্ঞা করিলে, ও সেই স্বামী কি দখীলকার ঐ আজ্ঞার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে তদনুসারে কার্য্য না করিলে, কমিশ্যনরদের প্রার্থনামতে মাজিষ্ট্রেট সাহেব সেই বাড়ান কি স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন; তাহা হইলে কমিশ্যনরেরা সেই বাড়ান কি স্থানযোড়াকারি কি অবরোধজনক বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন।

এই ধারামতে কোন বিষয় স্থানান্তর কি পরিবর্ত্তন করিয়া দেওয়াতে কোন ব্যক্তির হানি হইলে কমিশ্যনরেরা যুক্তিমতে তাহার হানিপূরণ করিয়া দিবেন।

হানিপূরণ বলিয়া যত টাকা দিতে হইবে ইহা নির্ণয় করিতে গেলে ভূমির মূল্য ধরিতে হইবে না।

পথে ইষ্টকাদি ফেলিয়া রাখিবার কিম্বা গর্ত্ত করিবার কি পথ বন্ধ করাইবার অনুমতি কথা।

২৩৪ ধারা। কমিশ্যনরেরা যত কাল উচিত বোধ করেন, তত কালের জন্য কোন ব্যক্তির প্রতি কোন পথে অস্থাবর কোন দ্রব্য ফেলিয়া রাখিবার কিম্বা পথে গর্ত্ত করিবার কি সম্পূর্ণ পথ কি তাহার এ-কাংশ ঘেরিয়া দিবার অনুমতি দিতে পারিবেন ও সেই অনুমতির জন্যে যত ফী ধার্য্য করেন তাহাও লইতে পারিবেন।

কিন্তু সাধারণের যাইবার পথের নিমিত্ত ঐ ব্যক্তির উপযুক্ত বিধান করিবার প্রতিজ্ঞা করিতে হইবে ও সাধারণের কোন হানি কি সঙ্কট কি কষ্ট না হয়, এই কারণে ঐ ব্যক্তির উপযুক্ত বেড়া দিতে ও সূর্য্যাস্ত অবধি সূর্য্যোদয় পর্য্যন্ত ঐ বেড়াতে উপযুক্ত আলো দিয়া রাখিতে প্রতিজ্ঞা করিতে হইবে।

মেরামৎ করিবার সময়ে তক্তার বেড়া দিবার কথা।

২৩৫ ধারা। কোন ব্যক্তি কোন ঘর নির্ম্মাণ করিতে, কি ভাঙ্গিয়া ফেলিতে কিম্বা কোন ঘরের বাহির দিক পরিবর্ত্তন কি মেরামৎ করিতে মনস্থ করিলে, যদি তাঁহার সেই কর্ম্ম দ্বারা কোন সরকারী রাস্তা বন্ধ হয়, কিম্বা সেই রাস্তায় যাতায়াতের অসুবিধা হয়, তবে সেই কর্ম্ম আরম্ভ করিবার পূর্ব্বে, যে দিকে ঐ কর্ম্ম করা যাইবে সেই দিকের রাস্তার ও ঘরের মধ্যে তক্তার কি অন্য প্রকারের উপযুক্ত বেড়া দেওয়াইবেন, ও সাধারণের যাতায়াতের ও সুবিধার জন্যে যত দিন প্রয়োজন থাকে তত দিন কমিশ্যনরদের ছাড়োধমতে ঐ তক্তার কি অন্য প্রকারের বেড়া তাদৃশমতে রাখিবেন, ও রাত্রিতে সেই বেড়ায় উপযুক্তমতে আলো দেওয়াইবেন।

কিন্তু কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি তক্তার কি অন্য প্রকারের বেড়া দিবেন না, ও অনুমতিপত্রে যত দিনের অনুমতি দেওয়া গেল ঐ তক্তার কি অন্য প্রকারের বেড়া তাহার অধিক দিন রাখিবেন না।

গৃহ নির্ম্মাণের বিধান বিষয়ক কথা।

২৩৬ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া কোন সীমা নিরূপণ করিয়া, ঐ সীমার মধ্যে পরে যে চালা ঘর কি অন্য ঘর করা যাইবে, কিম্বা যাহার চাল কি বেড়া পরে নূতন করিয়া কি মেরামৎ করিয়া দেওয়া যাইবে, তাহার উপরের ছাল ও বেড়া খড়ে কি পাতায় কি দর্ম্মাল কিম্বা আশুস্বলনীয় অন্য দ্রব্যে না করিবার আজ্ঞা দিতে পারিবেন।

ছাদ ও বেড়া আশু জ্বলনীয় দ্রব্য দিয়া না করিবার কথা।

২৩৭ ধারা। চালা ঘর ছাড়া কোন ঘর গাঁথিতে কি পুনশ্চ গাঁথিতে আরম্ভ করিবার পূর্ব্বে, যে ব্যক্তি ঐ ঘর গাঁথিতে কি পুনশ্চ গাঁথিতে মনস্থ করেন, তিনি কমিশ্যনরগণের নামে নোটিস লিখিয়া সেই কথা জানাইবেন, ও যে ঘর গাঁথিবার মনস্থ করেন, ও নর্দ্দমা ও পাইখানা সম্বন্ধে যে বন্দোবস্ত করিতে চাহেন, সেই সঙ্গে তাহার সাধারণ বর্ণনা দিবেন।

চালা ঘর ভিন্ন ঘর গাঁথিতে বা নূতন করিয়া গাঁথিতে গেলে কমিশ্যনরগণকে নোটিস দিতে হইবার কথা।

২৩৮ ধারা। পূর্ব্ব ধারার লিখিত নোটিস পাইবার পর চৌদ্দ দিনের মধ্যে যদি কমিশ্যনরদের স্বচ্ছোদমতে দেখান না যায় যে উক্ত যোগের মধ্যে বা নিকটে নর্দ্দমার ও পাইখানার উপযুক্ত বন্দোবস্ত আছে বা হইতে পারে, তবে তাঁহারা ঐ ঘর গাঁথিবার অনুমতি দিতে অস্বীকার করিতে পারিবেন।

নর্দ্দমার ও পাইখানার বন্দোবস্ত করা না গেলে কমিশ্যনরদের ঘর গাঁথিবার অনুমতি দিতে অস্বীকার করিতে পারিবার কথা।

২৩৯ ধারা। কমিশ্যনরেরা উচিত বোধ করিলে ২৩৭ ধারার লিখিত নোটিস পাইলে পর চৌদ্দ দিনের মধ্যে যে ব্যক্তি ঐ নোটিস দেন, তাঁহার প্রতি নকুশা দিবার আদেশ করিতে পারিবেন। কমিশ্যনরগণের আদেশানুসারে ঠিক যে মাটাম জানা থাকে তাহা লক্ষ্য করিয়া, ঐ ঘরের প্রথম তালা যে মাটাম ধরিয়া করা যাইবে, ও উক্ত ঘরের ভিত্তিমূল যত প্রশস্ত হইবে ঐ নকুশায় তাহা দেখাইতে হইবে। আর কমিশ্যনরেরা এইরূপ আদেশ করিতে পারিবেন যে তাঁহাদের অনুমতি বিনা ঐ ঘর আরম্ভ করা যাইবে না।

ভিত্তিমূল যত প্রশস্ত ও প্রথম তালার মেঝে যে মাটাম ধরিয়া করা যাইবে কমিশ্যনরদের তাহার নকুশা চাহিতে পারিবার কথা।

২৪০ ধারা। কমিশ্যনরেরা ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত নোটিস পাইলে পর, চৌদ্দ দিনের মধ্যে হয় প্রস্তাবিত মাটামের ও ভিত্তিমূলের প্রশস্ততার বিষয়ে আপনাদের সম্মতি জানাইবেন, না হয় ঐ মাটামের ও ভিত্তির প্রশস্ততার পরিবর্ত্তে অন্য মাটাম ও প্রশস্ততা নিরূপণ করিবেন। পূর্ব্বোক্ত নকুশায় যে মাটাম ও ভিত্তিমূলের যে প্রশস্ততা দেখান গেল, কমিশ্যনরগণ ঐ নকুশা পাইলে পর চৌদ্দ দিনের মধ্যে সেই মাটামের বিষয়ে আপনাদের সম্মতি কি অসম্মতি না জানাইলে, কিম্বা অন্য মাটাম ও ভিত্তি মূলের অন্য প্রশস্ততা নিরূপণ না করিলে, যে ব্যক্তি ঐ নোটিস দিলেন ২৩৮ ধারামতে অনুমতি দিতে অস্বীকার করা না গেলে, তিনি ঐ নকুশায় লিখিত ভিত্তিমূলের প্রশস্ততা মাটাম ধরিয়া ঐ নোটিসের লিখিত ঘর নির্ম্মাণের কি পুনঃনির্ম্মাণের কার্য্য চালাইতে পারিবেন।

কমিশ্যনরগণ চৌদ্দ দিনের মধ্যে নকুশা বিষয়ে সম্মতি বা অসম্মতি না জানাইলে, নকুশামতে ঘর গাঁথিতে পারিবার কথা।

কিন্তু সেই ঘরের নির্ম্মাণ কি পুনঃ নির্ম্মাণ যেন অন্য সকল বিষয়ে এই আইনের অনুযায়ী হয়।

২৪১ ধারা। ২৩৭ ধারার আদেশমত নোটিস না দিয়া ঘর গাঁথা গেলে বা গাঁথিতে আরম্ভ করা গেলে,

কিম্বা ২৩৮ ধারামতে অনুমতি দিতে অস্বীকার হইবার পর ঐ অনুমতি বিনা ঐ ঘর গাঁথা গেলে বা গাঁথিতে আরম্ভ করা গেলে;

নোটিস প্রভৃতি না দিয়া কিম্বা আইনের বিধানের অন্যথায় ঘর গাঁথা গেলে, কমিশ্যনরেরা যেরূপে উচিত বোধ করেন সেইরূপে তাঁহাদের তাহা পরিবর্ত্তন বা নষ্ট করিতে পারিবার কথা।

কিম্বা ২৩৯ ধারামতে নকুশা পাঠাইবার আদেশ হইলে, ঐ নকুশা অনুমোদিত হইবার পূর্ব্বে, কিম্বা ঐ নকুশা পাঠাইবার পর চৌদ্দ দিন অতীত হইবার পূর্ব্বে, ঐ ঘর গাঁথা গেলে বা গাঁথিতে আরম্ভ করা গেলে,

কিম্বা কমিশ্যনরদের অনুমতি না লইয়া ঘর গাঁথিতে আরম্ভ করা হইবে না, কমিশ্যনরেরা এইরূপ আদেশ দিলে পর, উক্ত অনুমতি না লইয়া ঘর গাঁথা গেলে বা গাঁথিতে আরম্ভ করা গেলে;

কিম্বা কমিশ্যনরেরা মাটাম ও ভিত্তিমূলের প্রশস্ততা, নিরূপণ করিয়া দিলে, তদ্ভিন্ন অন্য মাটাম ও ভিত্তিমূল ধরিয়া ঘর গাঁথা গেলে বা গাঁথিতে আরম্ভ করা গেলে;

কিম্বা অন্য কোন বিষয়ে এই আইনের বিধানের বিরুদ্ধে ঘর গাঁথা গেলে বা গাঁথিতে আরম্ভ করা গেলে,

কমিশ্যনরগণ যেরূপে উচিত বোধ করেন সেইরূপে ঐ ঘর পরিবর্ত্তন বা নষ্ট করাইতে পারিবেন।

২৪২ ধারা। কোন নূতন ঘরের নর্দ্দমা ও পাইখানার বন্দোবস্ত তদর্থে নিযুক্ত মুনিসিপল কর্ম্মচারিরা যাবৎ পরিদর্শন করিয়া অনুমোদন না করেন, তাবৎ কমিশ্যনরগণ ঐ ঘরের স্বামিকে তথায় প্রজা বসাইতে নিষেধ করিতে পারিবেন।

দখল করিতে দিবার পূর্ব্বে নূতন ঘর অনুমোদিত হইবার কথা।

২৪৩ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরদিগকে নোটিস না দিলে, কোন চালা ঘর কিম্বা ঐরূপ ঘরশ্রেণী কি চালাশ্রেণী বাঁধিতে পারিবেন না ও যে ঘর ও চালা শ্রেণী আছে তাহার সংযোগে আর চালা ঘর কি চালা বাঁধিতে পারিবেন না। আর সেই২ চালা ঘর কি চালা ঠিক সারি২ করিয়া বাঁধা যায় ও রাস্তার খেলিবার জন্যে ও স্থান পরিষ্কার রাখার সুবিধার জন্যে কমিশ্যনরগণ যত ওসারস্থান রাখা উচিত বোধ করেন, দুই২ সারির সম্মুখে ও মধ্যে এমত স্থান থাকে, ও যত পাইখানা ও জল বাহির হইবার যে উপায় আবশ্যক বোধ হয়, তাহার বিধান করিয়া ও জল যাহাতে উপযুক্তমতে বাহির

কমিশ্যনরগণের তত্ত্বাধীনে নূতন চালা ঘর বাঁধিবার কথা।

হইতে পারে, এমত মাটাম ধরিয়া ও অতি নিকট যে রাস্তা থাকে তাহার মাটাম হইতে নেজে ন্যূন কল্পে দুই ফুট উচ্চ রাখিয়া ঐ ঘর বাঁধা যায়, কমিশ্যানরগণ এমত আজ্ঞা করিতে পারিবেন।

মোটিস না দিয়া চালা ঘর বাঁধা গেলে তাহা ভাঙ্গিয়া ফেলিবার আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

২৪৪ ধারা। কমিশ্যানরদিগকে মোটিস না দিয়া কিম্বা কমিশ্যানরগণ যদ্রূপে ঐ ঘর কি চালা বাঁধিতে আজ্ঞা করেন তদ্ভিন্ন অন্য প্রকারে তাহা বাঁধা গেলে, ঐ ঘর ও চালা যে ভূমিতে বাঁধা গেল কমিশ্যানরগণ সেই ভূমির স্বামিদিগকে ও চালা ঘরের ও চালার দখীলকারদিগকে এক মাসের মধ্যে ঐ ঘর ভাঙ্গিয়া স্থানান্তর করিবার, কিম্বা তাঁহারা যদ্রূপে তাহা পরিবর্ত্তন করা আবশ্যক বোধ করেন তদ্রূপে পরিবর্ত্তন করিবার আজ্ঞা দিতে পারিবেন।

চালাঘর শ্রেণী সম্পর্কে স্বাস্থ্যরক্ষার উপায়াবলম্বনের কথা।

কমিশ্যানরগণের চালা ঘর দেখিয়া লইতে পারিবার কথা।

২৪৫ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত কোন স্থানে চালাঘর শ্রেণী থাকিলে, তাহা বাঁধিবার ডোল দেওক, কিম্বা ঘনং করিয়া বাঁধা যাওয়াতে, কিম্বা জল বাহির হইবার উপায় না থাকাতে, ও স্থান পরিষ্কার করিয়া রাখা অসাধ্য হওয়াতে ঐ বসতির নিবাসিদের কি প্রতিবাসিদের রোগ হওয়ার সম্ভাবনা, কমিশ্যানরগণ দেখিয়া কিম্বা উপযুক্ত ব্যক্তিদের রিপোর্ট দ্বারা ইহা সন্তোষ হইয়া জানিতে পারিলে, তাঁহারা দুই জন ডাক্তারের দ্বারা তাহা পরিদর্শন করাইতে পারিবেন। ডাক্তারেরা স্বাস্থ্য সম্পর্কে সেই ঘর শ্রেণীর অবস্থার রিপোর্ট লিখিয়া দিবেন, এবং রোগের উক্ত আশঙ্কা নিবারণার্থে ঐ সকল ঘরের মধ্যে কোন ঘর উঠাইয়া দেওয়া, কিম্বা কোন পথ ও নর্দ্দমা ও মলনালী প্রস্তুত করিয়া দেওয়া ও নিতুল্য অন্য কার্য্য করিয়া দেওয়া উচিত হইলে, সেই কার্য্যও আবশ্যকমতে ঐ রিপোর্টে বিশেষ করিয়া লিখিবেন।

রিপোর্ট পাইলে কমিশ্যানরদের নোটিস প্রচার করাইবার কথা।

২৪৬ ধারা। কমিশ্যানরেরা ঐ রিপোর্ট পাইলে সন্তোষ হইয়া ঐ চালা ঘর শ্রেণীর স্বামিদিগকে কি দখীলকারদিগকে কিম্বা কমিশ্যানরদের নিকট ঐ ঘর যে ভূমিতে থাকে সেই ভূমির স্বামিকে কমিশ্যানরদের নির্দ্ধারিত কোন সঙ্গত সময়ের মধ্যে সেই রিপোর্টের নির্দ্দিষ্ট সকল কি কোন আজ্ঞা কিম্বা তাহার কোন অংশ নির্ব্বাহ করিয়া সম্পাদন করিবার আজ্ঞা করিতে পারিবেন; এবং উক্ত স্বামী বা স্বনিরূপিত দখীলকারেরা ঐ আজ্ঞা পালন না করিলে কমিশ্যানরেরা নিজে ঐরূপ সকল বা কোন কর্ম্ম করাইতে পারিবেন।

খরচ নিষ্পত্তি করিয়া লওয়া যাইতে কিম্বা দরিদ্রতা প্রযুক্ত ক্ষমা করা যাইতে পারিবার কথা।

২৪৭ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে স্বামিদের কি দখীলকারদের প্রতি কোন কর্ম্ম করিবার আজ্ঞা হইলেও তাঁহাদের সেই কর্ম্ম করিবার ত্রুটি প্রযুক্ত কমিশ্যানরেরা নিজে সেই কর্ম্ম সম্পাদন করিয়া দিলে তাহাতে যত টাকা খরচ হয়, কমিশ্যানরেরা তাহা গত হইয়া ঐ টাকার দায়ি ব্যক্তির স্থানে কিম্বা করিয়া সেই টাকা আদায় করিবার আজ্ঞা দিতে পারিবেন; কিম্বা সেই ব্যক্তি দৈনাদশা প্রযুক্ত ঐ টাকা দিতে পারেন না এমত জ্ঞান করিলে, তাঁহারা মুনিসিপল ফণ্ড হইতে সেই টাকা কি তাহার কোন অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন।

চালাঘর বিক্রয় করিবার কথা।

২৪৮ ধারা। উক্তরূপ কোন ঘর ভাঙ্গিয়া ফেলা গেলে ঐ চালা ঘরের সরঞ্জাম স্বতন্ত্র বিক্রয় হইতে পারিলে কমিশ্যানরগণ প্রত্যেক ঘরের সরঞ্জাম স্বতন্ত্র বিক্রয় করাইবেন। তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় তাহা ঐ ঘরের স্বামিকে দেওয়া যাইবে। স্বামিকে জানা না গেলে, কিম্বা স্বত্বাধিকার বিষয়ে বিবাদ হইলে, ঐ বিষয়ে যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি যত দিন সেই টাকা পাইবার বিষয়ে উপযুক্ত ক্ষমতাপন্ন দেওয়ানী আদালতের আজ্ঞা না পান, কমিশ্যানরগণ তত দিন সেই টাকা গচ্ছিত রাখিবেন।

আহারীয় ও পানীয় ও ভৈষজ দ্রব্য বিক্রয়ের বিধানের কথা।

মাংস ও কশাইখানা প্রভৃতিতে উপযুক্ত নর্দ্দমা করিবার কথা।

২৪৯ ধারা। যে ব্যক্তি মুনিসিপালিটীর মধ্যে মাংস কি মুরগী প্রভৃতি কি মাছ কি শাকসব্জী বিক্রয় করিবার কোন স্থানের কি কোন কশাইখানার স্বামী কি দখীলকার কি ইজারাদার হন, কমিশ্যানরগণ যাহা উপযুক্ত বলিয়া জ্ঞান করেন, তিনি ঐ স্থানের জল বাহির হইবার এমত নর্দ্দমা করাইয়া দিবেন; এবং কমিশ্যানরেরা আজ্ঞা করিলে সকল মেজেতে ও নর্দ্দমায় পাতর কি পাকা ইট বাঁধাইয়া দিবেন, এবং সেই স্থান কি কশাইখানা পরিষ্কার ও স্বাস্থ্যজনক ভাবে রাখিবার জন্যে যত জলের প্রয়োজন হয়, তত জল যোগাইয়া দিবার বিধান করিবেন।

অস্বাস্থ্যজনক আহারীয় কি পানীয় দ্রব্য বিক্রয়ের কথা।

২৫০ ধারা। যে দ্রব্য পীড়াজনক করা গিয়াছে কিম্বা পীড়াজনক ও মনুষ্যদের আহারের কি পানের অনুপযুক্ত হইয়াছে, এমত দ্রব্য মুনিসিপালিটীর সীমার মধ্যে মনুষ্যদের আহারীয় কি পানীয় দ্রব্যস্বরূপ বিক্রয় করিবার জন্য কিম্বা বিক্রয়ার্থে দেখাইবার জন্য কোন ব্যক্তির নিকট আছে, ইহা জানিবার উপযুক্ত কারণ থাকিবার বিষয়ে কোন মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যানরদের কিম্বা তাঁহাদের কার্য্যকারকদের প্রার্থনাপত্র পাইলে, তিনি ঐ ব্যক্তির বাটীতে গিয়া ঐ দ্রব্য তল্লাশ করিবার ও ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন।

সেইদ্রব্য পীড়াজনক ও মনুষ্যের আহারের কি পানের অনুপযুক্ত, মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, তাহা নষ্ট করিয়া ফেলিবার, ও আপনি যাহা উচিত বোধ করেন ঐ দ্রব্য লইয়া তাহা করিবার আজ্ঞা দিবেন।

২৫১ ধারা। মাংস কি মুরগী প্রভৃতি কি মাছ কি শাকসবজী কি শস্য কি ফল কি ময়দা কি মদ কি শরাব কি মাখন কি ঘি কিম্বা আহারীয় কি পানীয় অন্য দ্রব্য বিক্রয়ের জন্য, কি কশাইখানা বলিয়া যে হাট কি ঘর কি দোকান কি চালা প্রভৃতি স্থানের ব্যবহার হয়, কমিশ্যনরগণ কিম্বা এই কার্য্যের নিমিত্ত তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি যুক্তিমত কোন সময়ে সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন; ও তাহার মধ্যে আহারীয় কি পানীয় উক্ত যে দ্রব্য থাকে তাহা পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন। আর আহারীয় কি পানীয় পূর্ব্বোক্ত কোন দ্রব্য মনুষ্যের আহারের কি পানের নিমিত্ত রাখা হইয়াছে বলিয়া দেখা গেলে, ও আহারের কি পানের উপযুক্ত নয় বলিয়া দেখা গেলে, তাহা ধরিয়া লইতে পারিবেন।

হাট, দোকান প্রভৃতিতে কমিশ্যনরগণের গিয়া দেখিবার এবং অস্বাস্থ্যজনকদ্রব্য বিক্রয় হইবার জন্য দেখান গেলে তাহা ধরিয়া লই-বার ক্ষমতার কথা।

ও কোন মাজিষ্ট্রেট সাহেব আহারীয় কি পানীয় উক্ত কোন দ্রব্য মনুষ্যের আহারের কি পানের অনুপযুক্ত বোধ করিলে, তাহা নষ্ট করিতে কিম্বা ঐ দ্রব্য যাহাতে বিক্রয় করণার্থে দেখান না যায় কি মনুষ্যের আহারার্থে ব্যবহার না হয়, তাহা লইয়া এমত অন্য কার্য্য করিতে আজ্ঞা দিবেন।

২৫২ ধারা। কমিশ্যনরগণের আফিসে রেজিষ্টরী করা না গেলে ব্রিটিস ফার্ম্মাকোপিয়ার লিখিত ভৈষজ্য দ্রব্য যদি সামান্য গার্হস্থ্য ব্যবহারের দ্রব্য না হয় তবে তাহার খুচরা বিক্রয়ার্থ কোন দোকান বা স্থান রাখিতে হইবে না। যে কোন ব্যক্তি ঐরূপ দোকান বা স্থান রাখেন তিনি যদি এই ধারা প্রচল হইবার তারিখ অবধি অথবা ঐ স্থান স্থাপনের তারিখ অবধি দুই মাসের মধ্যে তাহা রেজিষ্টরী না করেন, তবে তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। যে ব্যক্তি ঐরূপ দোকান বা স্থান রাখেন রেজিষ্টরী করা গেলে কমিশ্যনরগণ তাঁহাকে একখান লাইসেন্স দিবেন, তিনি তাঁহার বাটীর কোন সুপ্রকাশ স্থানে তাহা দেখা-ইতে বাধ্য থাকিবেন।

ইউরোপীয় ভৈষজ্য দ্রব্যাদি বিক্রয়ের দোকান রেজিষ্টরী করিবার কথা।

এতদর্থে স্থানীয় গবর্ণমেন্ট যে বিধি প্রণয়ন করেন সেই বিধিমতে পশ্চাদুক্ত কর্ম্মের ভার পাইবার উপযুক্ত ব্যক্তি বলিয়া নিয়মিতরূপে সর্টিফিকেট না পাইলে কেহই উক্তরূপ কোন রেজিষ্টরী করা দোকানে বা স্থানে কোন ভৈষজ্য দ্রব্য সংযুক্ত, মিশ্রিত, প্রস্তুত, বিতরণ বা বিক্রয় করিতে পারিবেন না

সর্টিফিকেটপ্রাপ্ত ভৈষজ্য দ্রব্যাদি বিতরক-দের কথা।

কিন্তু স্থানীয় গবর্ণমেন্ট কলিকাতা গেজেটে সেই মর্ম্মের জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর ছয় মাস অতীত না হইলে এই ধারার দ্বিতীয় প্রকরণের বিধান কার্য্যকর হইবে না।

ব্রিটিস ফার্ম্মাকোপিয়ায় গ্রাহ্য হউক বা না হউক, এতদ্দেশীয় চিকিৎসা শাস্ত্র ব্যবসায়ী ব্যক্তিদের ব্যবহৃত ভৈষজ্য দ্রব্য, উক্ত ফার্ম্মাকোপিয়ায় গ্রাহ্য ভৈষজ্য দ্রব্য যে দোকানে বা স্থানে ব্যবস্থাপত্রক্রমে প্রস্তুত হয় যদি তদ্রূপ কোন দোকানে বা স্থানে বিক্রীত না হয়, তবে উক্ত ভৈষজ্য দ্রব্য বিক্রয়ের প্রতি এই ধারার কোন কথা খাটিবে বলিয়া অর্থ করা যাইবে না।

২৫৩ ধারা। ভৈষজ্য দ্রব্য বিক্রয় করিবার জন্য যে স্থান রাখা হয়, কিম্বা যে স্থানে ভৈষজ্যদ্রব্য বিক্রয় হইয়া থাকে, কমিশ্যনরগণ কিম্বা এতৎপক্ষে তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি যুক্তিমত কোন সময়ে সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন; ও সেই স্থানে যে ভৈষজ্য দ্রব্য পাওয়া যায়, অন্য দ্রব্যের সঙ্গে মিশাইয়া কিম্বা কালের বা জলবায়ুর গুণে শক্তিহীন ও অস্বাস্থ্যকর হইয়া বা প্রকারান্তরে অপকৃষ্টতাপ্রাপ্ত হইয়া তাহার গুণ কমিয়া গিয়াছে কি তাহার কল পরি-বর্ত্তন হইয়াছে কিম্বা তাহা অস্বাস্থ্যজনক হইয়াছে, তাঁহারা এমত সন্দেহ করিবার কারণ দেখিলে যে প্রকা-রের যে পরিমাণের দ্রব্য ও তাহার ন্যূনাধিক যে মূল্য হয় এই কথা লিখিত রসীদ দিয়া ঐ দ্রব্য লইয়া যাইতে পারিবেন। আর পূর্ব্বোক্তমতে যে দ্রব্য লইয়া যাওয়া যায় তাহা উক্তপ্রকারে অন্য দ্রব্যের সঙ্গে মিশান হইয়াছে কিম্বা শক্তিহীন, অস্বাস্থ্যকর বা অপকৃষ্টতা-প্রাপ্ত হইয়াছে মাজিষ্ট্রেট এমত বোধ করিলে, ঐ দ্রব্য নষ্ট করিবার কিম্বা সেই দ্রব্য লইয়া যাহা করা উচিত বোধ করেন তাহা করিবার আজ্ঞা দিতে পারিবেন।

ভৈষজ্য দ্রব্য দেখিবার কথা।

তদ্রূপে যে ভৈষজ্য দ্রব্য লইয়া যাওয়া গেল তাহা পূর্ব্বোক্তমতে মিশ্রিত নয়, কিম্বা পূর্ব্বোক্তমতে শক্তিহীন, অস্বা-স্থ্যকর বা অপকৃষ্টতাপ্রাপ্ত হয় নাই, উক্ত মাজিষ্ট্রেটের এমত বোধ হইলে, যাঁহার দোকান কি স্থান হইতে ঐ দ্রব্য লইয়া যাওয়া গিয়াছে, তাঁহার সেই দ্রব্য ফিরিয়া পাইবার অধিকার থাকিবে, ও তাঁহার যথার্থই যত হানি হইয়াছে তাহার অনধিক যত টাকাতে ঐ ব্যক্তির হানিপূরণ হইতে পারে, উক্ত মাজিষ্ট্রেট আপন বিবেচনামতে তাঁহার তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

ঐ দ্রব্য মিশ্রিত না হইলে হানিপূরণের কথা।

পূর্ব্বোক্তমতে যে ভৈষজ্য দ্রব্য লইয়া যাওয়া গেল, তাহা মাজিষ্ট্রেটের সম্মুখে আনা না গেলে, যাঁহার দোকান কি স্থানহইতে বাহির করিয়া লওয়া গেল তাঁহাকে ফিরাইয়া দেওয়া যাইবে; ও সেই দ্রব্য লইয়া যাওয়াতে তাঁহার যথার্থই যত হানি হইয়া থাকে, তাঁহার সেই হানিপূরণ পাইবার অধিকার থাকিবে।

কবরস্থানের ও শ্মশানের কথা।

২৫৪ ধারা। কবর স্থান কি শবদাহ করিবার স্থান বলিয়া যেং স্থানের ব্যবহার হইয়া থাকে, ২২২ ধারার বিধান-মতে এই ধারা ও ইহার পশ্চাৎ ছয়টি ধারা প্রচলিত করা যাই-বার তারিখ অবধি তিন মাসের মধ্যে, কমিশ্যনরদের আফিসে সেইং স্থানের

যেং কবরস্থান ও শ্মশান আছে তাহা রেজি-ষ্টরী করিতে হইবার কথা।

স্বামিদের সেই২ স্থান রেজিষ্টরী করিতে হইবে, কিন্তু রেজিষ্টরী করিবার কোন ফী লওয়া যাইবে না।

গবর্ণমেণ্টের কিম্বা কমিশ্যানরদের অনুমতি বিনা মুতন বা অব্যবহৃত কবরস্থান কি শ্মশানব্যবহার না করিতে পারিবার কথা।

২৫৫ ধারা। কমিশ্যানরদের অনুমতি কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা না পাইলে সাধারণ কিম্বা ব্যক্তিবিশেষের কবর স্থান কি শবদাহ করিবার স্থান করিতে কি নিরূপণ করিতে হইবে না, কিম্বা অব্যবহৃত হইয়া গেলে পর তদ্রূপে পুনঃ ব্যবহৃত হইবে না।

কোন২ কবরস্থান কি শ্মশান কমিশ্যানরদের বন্ধ করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

২৫৬ ধারা। যাঁহারা টাক্স দিয়া থাকেন সাধারণ কি ব্যক্তিবিশেষের কোন কবরস্থানের কি শ্মশানের দ্বারা তাঁহাদের কি তন্নিকট নিবাসিদের স্বাস্থ্যের বিঘ্ন কি কষ্ট হইতে পারে, এবং অদূর স্থানে কবর দিবার কিম্বা ফলবিশেষে শবদাহ করিবার উপযুক্ত অন্য স্থান আছে, ও মুনিসিপালিটীর মিনিবসিদের জন্যে তাহা পাওয়া যাইতে পারে, সদ্ভাগত কমিশ্যানরেরা ইহা জানিতে পাইলে, সেই কবরস্থান কি শ্মশান বন্ধ করণ বিষয়ে আপনাদের অভিপ্রায়ের প্রকাশ্য নোটিস দিয়া, ঐ নোটিস প্রকাশ করণাবধি পঞ্চদশ দিনের মধ্যে আপত্তি উপস্থিত করা গেলে তাহা বিবেচনা করিবেন। ঐ আপত্তি বিবেচনা করিলে পর তাঁহারা ঐ ভূমির কোন প্রকাশ স্থানে জ্ঞাপনপত্র লাগাইয়া ঐ কবরস্থান কি শ্মশান বন্ধ করিবার দুই মাসের অন্যূন কোন সময় নিরূপণ করিতে পারিবেন।

এই ধারামতে শবদাহ করিবার স্থান বন্ধ হইলে যদি কোন ঘর ঐ স্থানের সংলগ্ন ও উহার সম্পর্কে ব্যবহৃত হইয়া থাকে, তবে ঐ ঘরের স্বামী প্রার্থনা করিলে কমিশ্যানরেরা তাহার উপযুক্ত মূল্য দিয়া ঐ ঘর লইবেন।

রেজিষ্টরী না করা পর্য্যন্ত কবর দিতে কি শবদাহ করিতে নিষেধের কথা।

২৫৭ ধারা। ২৫৪ ধারার অতিরিক্ত ছয় মাস গত হইলে পর কমিশ্যানরদের রেজিষ্টরী বহীতে খোলা কবরস্থান কি শ্মশান বলিয়া যে স্থান লেখা না থাকে সেই স্থানে শব কবর দিতে কি দাহ করিতে হইবে না। কিন্তু কমিশ্যানরেরা অন্য স্থানে শব কবর দিবার কি দাহ করিবার বিশেষ অনুমতি দিতে পারিবেন।

মৃত ব্যক্তির ধর্ম্মমতানুসারে কমিশ্যানরদের শব দাহ করিবার বা কবর দিবার ক্ষমতার কথা।

২৫৮ ধারা। কোন মৃত ব্যক্তির মৃত্যুর পর অন্যূন চব্বিশ ঘণ্টাকাল অতীত হইলে পর কমিশ্যানরেরা মৃত দেহ দাহ করাইতে বা কবর দেওয়াইতে পারিবেন, এবং ঐরূপ কার্য্য করিতে যে খরচ হয়, তা উক্ত মৃত ব্যক্তির সম্পত্তি হইতে পাওনা ঋণের ন্যায় আদায় করা যাইতে পারিবে। এরূপ স্থলে যত সম্ভব হয়, মৃত ব্যক্তির ধর্ম্মমতানুসারে ঐ শব দিয়া কার্য্য করা যাইবে।

কবরস্থান কি শ্মশানের জন্যে কমিশ্যানরগণের ভূমি নিরূপণ করিয়া দিবার ক্ষমতা।

২৫৯ ধারা। সদ্ভাগত কমিশ্যানরগণ সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে মিনিসিপল ফণ্ড হইতে খরচ লইয়া কবর দিবার কি শব দাহ করিবার উপযুক্ত স্থান নিরূপণ করিয়া দিতে পারিবেন এবং সেই কবরস্থানে বা শ্মশানে যে প্রত্যেক শব কবর দেওয়া বা দাহ করা যায় তাহার উপর দুই টাকার অনধিক ফী ধার্য্য করিতে পারিবেন।

দরিদ্র লোকদের বিনা খরচে কবর দিবার জন্য কমিশ্যানরদের বিধান করিতে পারিবার কথা।

২৬০ ধারা। কমিশ্যানরেরা সদ্ভাগত হইয়া সময়ের মুনিসিপাল ফণ্ড হইতে মুনিসিপালটী সীমার মধ্যে বিনা খরচে দরিদ্র লোকদের শব কবর দিবার কি দাহ করিবার বিধান করিতে পারিবেন।

দুর্গন্ধ ও কাশপ্রাপ্তজনক কোন ব্যবসায়ের কি কারখানার কথা।

২৬১ ধারা। কমিশ্যানরেরা সদ্ভাগত হইয়া যে সীমা নিরূপণ করেন সেই সীমার মধ্যে কমিশ্যানরদের লাইসেন্স বিনা নিম্নলিখিত রূপে কোন স্থানের ব্যবহার করিতে হইবে না। ঐ লাইসেন্স বৎসর২ নূতন করিয়া লইতে হইবে:—

চর্ব্বি গলাইবার,

উচ্ছিষ্ট মাংস কি রক্ত পাক করিবার,

পশুর চামড়া ছাড়াইয়া কি নাড়ী বাহির করিয়া লইবার নিমিত্ত,

সাবান প্রস্তুত কি তৈল পাক করিবার কি কাপড় রঙ্গ করিবার ঘরস্বরূপ;

চর্ম্ম প্রস্তুতকরণের কারখানা কিম্বা চর্ম্মশোধনাগার কি ইটের পাঁজা কি কুম্ভের কি টালির পোয়ান কি চুনের ভাটিস্বরূপ;

অন্য যে কারখানা কি কর্ম্মের স্থান হইতে দুর্গন্ধ কি অস্বাস্থ্যজনক গন্ধ নির্গত হয় এমত কারখানা কি কর্ম্মের স্থানস্বরূপ,

শুষ্ক ঘাসের কি বিচালির কি কাষ্ঠের কি খড়ের কি পাটের কিম্বা সঙ্কটজনকভাবে আশুজ্বলনীয় অন্য দ্রব্যের ব্যবসায়ার্থ স্থান কি গোলাস্বরূপ;

কেরোসিন তৈল কি পিত্রোলিয়ম কি নাফথা কি আশুজ্বলনীয় অন্য তৈল কি সুরার গুদামস্বরূপ;

মাংস বিক্রয়ের দোকানস্বরূপ;

কিম্বা বাসাঘর বা সরাইস্বরূপ।

উক্ত যে ব্যবসাদি স্থাপন করিবার কি চালাইবার অভিপ্রায় থাকে, তাহা প্রতিবাসিদের কিম্বা তন্নিকট স্থানে নিয়ত যাতায়াতকারিদের কষ্টকর কি আশঙ্কাজনক, কমিশ্যানরদের এমত জ্ঞান করিবার কারণ না থাকিলে, তাঁহারা ঐ লাইসেন্স দিতে অসম্মত হইবেন না।

কমিশানরেরা ঐ লাইসেন্স সম্পর্কে ও উহা নূতন করিয়া লইবার সম্পর্কে কী আদায় করিতে ও যে নিয়ম আবশ্যক জ্ঞান করেন ধার্য্য করিতে পারিবেন।

২৬৪ ধারা। ২৬১ ধারামতে যে স্থানের লাইসেন্স দেওয়া গেল, সেই স্থানটি প্রতিবাসিদের পক্ষে বিপজ্জনক এই কথা সভাগত কমিশানরদের সন্তোষজনকরূপে দেখা না দেওয়া গেলে, ঐ ধারায় তাঁহাদের কর্ত্তব্য থাকিলেও তাঁহারা ঐ স্থানের রক্ষাকারককে নোটিস দিয়া ঐ নোটিসের তারিখ হইতে এক মাসের মধ্যে ঐ স্থানের আর তদ্রূপ ব্যবহার না করিবার আজ্ঞা দিতে পারিবেন।

কোন২ স্থলে কশাই-খানা ও আঁশকা ও দুর্গন্ধ জনক ব্যবসায় বন্ধ করণ বিষয়ে কমিশানরদের আজ্ঞা করিতে পারিবার কথা।

২৬৩ ধারা। কমিশানরেরা সন্তুষ্ট হইয়া যে স্থান লাইসেন্স দিবার নিষ্পত্তি করেন সে স্থানের অন্যথা হইলে সে স্থান লাইসেন্স দেওয়া গেল, কোন গোয়াল কি আস্তাবল কি আড়তখানা কি ঘোড়াদৌড়ের স্থান কি কোন ঘোড়া কি গাড়ী রাখিবার লোক সেই স্থানছাড়া অন্য স্থানে বা অন্য কর্ম্ম চালাই বা নির্দ্দিষ্ট সংখ্যার অধিক ঘোড়া কি গাড়ী কি গবাদি রাখিবে না।

লাইসেন্স বিনা গোয়ালা প্রভৃতি পশু কি গবাদি না রাখিবার কথা।

কমিশানরেরা উক্ত ব্যক্তি বা স্থানের লাইসেন্স দিতে পারিবেন, এবং এরূপ লাইসেন্স দিতে বা নূতন করিয়া দিতে ১০ টাকার অনধিক ফী লইতে পারিবেন। এ লাইসেন্স প্রতিবৎসরের প্রথম ও শেষ মাসে নূতন করিয়া লইতে হইবে।

কমিশানরদের সংক্রান্ত হইয়া যে নিয়ম উচিত বোধ করেন আপনাদের বিবেচনামতে সেই নিয়মানুসারে তদ্রূপ লাইসেন্স দিতে পারিবেন।

২৬৫ ধারা। কমিশানরেরা ঘোড়া ও গবাদি রাখিবার সরকারী আস্তাবলের বিধান করিতে পারিবার কথা।

কমিশানরদের সরকারী আস্তাবলের বিধান করিতে পারিবেন, এবং এইরূপ আজ্ঞা করিতে পারিবেন যে, তাঁহারা সভাগত হইয়া যে সীমা নির্দ্দেশ করেন, সেই সীমার মধ্যে ব্যবসায় বা কারবারের নিমিত্ত দশটির অধিক ঘোড়া ও গবাদি কেহ ঐ সরকারী আস্তাবল কিম্বা পূর্ব্ব ধারামতে লাইসেন্স প্রাপ্ত স্থান ছাড়া অন্যত্র রাখিবেন না।

উক্ত সরকারী আস্তাবল ব্যবহারার্থ কমিশানরের যেরূপ উচিত বোধ করেন, সেইরূপ যুক্তিমত ফী লইতে পারিবেন।

২৬৫ ধারা। কমিশানরেরা যে সীমা নিরূপণ করেন কোন ব্যক্তি সেই সীমার মধ্যে শূকরের খোঁয়াড় উপযুক্ত দেওয়াল কি বেড়া দিয়া পথ হইতে আবৃত না করিয়া পথের পার্শ্বে বা নিকটে ঐ খোঁয়াড় রাখিবেন না, ও কমিশানরদের লিখিত অনুমতি না পাইলে, সেই সীমার মধ্যে কোন স্থানে দশটার অধিক শূকর কি বিশটার অধিক মেষকি ছাগল রাখিতে হইবে না।

শূকরের খোঁয়াড় রাখিবার নিয়মের কথা।

তদ্রূপ অনুমতি দেওয়ার জন্য কমিশানরেরা বৎসর দুই টাকার অনধিক ফী লইতে পারিবেন ও সেই অনুমতি সম্পর্কে যেরূপ নিয়ম করা আবশ্যক বোধ করেন তাহা ধার্য্য করিতে পারিবেন।

দণ্ডের কথা।

২৬৬ ধারা। কোন ব্যক্তি মুনিসিপালিটীর মধ্যে পাইখানা প্রস্তুত করিয়া ২২৫ ধারার আদেশমতে তাহা লোকদের দৃষ্টি হইতে বন্ধ না করিয়া দিলে তাঁহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

পাইখানা দৃষ্টি হইতে বন্ধনা করিয়া রাখিবার কথা।

২৬৭ ধারা। কোন ব্যক্তি ২৪৩ ধারার বিধানের বিরুদ্ধে কোন চালা ঘর বা চালাঘরের শ্রেণী কি চালা শ্রেণী বাঁধিলে কিম্বা ঐরূপ যে ঘর বা চালা বা ঘর শ্রেণী বা চালা শ্রেণী তৎকালে থাকে, তাহার সঙ্গে নূতন ঘর কি চালা সংযোগ করিয়া দিলে; আর কমিশানরেরা উক্ত চালা ঘর কি চালা ঘরশ্রেণী বা চাল উঠাইয়া দিতে আজ্ঞা করিলে কোন ব্যক্তি তাহা উঠাইয়া না দিলে, তাহার ঐ প্রত্যেক অপরাধের জন্য বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে এ যে অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ করা থাকে দিনপ্রতি তাঁহার আর পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

নোটিস না দিয়া চালা ঘর ভাঙ্গা গেলে তাহার কথা।

২৬৮ ধারা। মাংস, পক্ষী, মৎস্য বা অন্য কোন বিক্রয়ের দ্রব্য সম্বন্ধে আজ্ঞা পালন করিবার কথা।

মাংস, পক্ষী, মৎস্য বা অন্য কোন বিক্রয়ের দ্রব্য কোন স্থানে বা কোন কশাইখানায় ২৫৯ ধারার নির্দ্দিষ্ট কোন বিষয়ে দোষ আছে ও ত্রিশ দিনের কম না হয় এমত মিয়াদের মধ্যে সেই দোষের প্রতিকার করিতে হইবে বলিয়া কমিশানরদের সহকারী প্রভৃতির আমীনকে বা দখীলকারকে কি ইজারদারকে নোটিস দিলেও তিনি ঐ বিষয়ে ত্রুটি করিলে, ঐ নোটিসের মিয়াদ অতীত হইবার পর যত দিন সেই দোষ থাকে দিন প্রতি ঐ ব্যক্তির বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

২৬৯ ধারা। কোন ব্যক্তি জল যাইবার পথ করণার্থ কিম্বা অন্য কোন কার্য্য নিমিত্ত কমিশানরদের অনুমতি ব্যতিরেকে কোন সরকারী রাস্তা বা সাধারণের গমনাগমনের পথ খুঁড়িলে বা কাটিলে তাঁহার পঁচিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, এবং ঐ সরকারী রাস্তার বা সাধারণের গমনাগমনের পথে তদ্দ্বারা বা তৎপক্ষে যে কোন খাত করা হয়, তাহা পুরাইতে যে খরচ পড়ে তাহাও তাঁহার দিতে হইবে।

জল যাইবার জন্য রাস্তা কাটিবার কথা।

২৭০ ধারা। কোন ব্যক্তি কোন মুনিসিপালিটীর মধ্যে, (১) কমিশানরদের অনুমতি না লইয়া কমিশানরদের কোন পথে কোন মল বা দুর্গন্ধ দ্রব্য ফেলিলে বা রাখিলে, কিম্বা আপন চাকরদিগকে ফেলিতে বা রাখিতে দিলে, কিম্বা তাহাদের কোন

মলনালায় জঞ্জাল ফেলিবার কথা।

লনালায় কি নর্দ্দমায় কিম্বা তৎসংযুক্ত কোন নর্দ্দমায় ট বা জঞ্জাল বা মল বা দুর্গন্ধ দ্রব্য ফেলিলে বা রাখিলে, কিম্বা চাকরদিগকে ফেলিতে বা রাখিতে দিলে; কিম্বা

মলনালা প্রভৃতির জল কোন রাস্তায় গড়াইতে দিবার কথা।

(২) আপনার কিম্বা আপন ভূমিগত কোন নর্দ্দমার বা মলনালার বা গলিজকুণ্ডের জল বা অন্য দুর্গন্ধ দ্রব্য কোন পথে গড়াইতে বা পড়িতে বা ফেলিতে বা রাখিতে দিলে, কিম্বা অন্যের দ্বারা পথের ধারের কোন খোলা নর্দ্দমায় কোন দুর্গন্ধদ্রব্য গড়াইতে বা পড়িতে বা ফেলিতে দিলে বা তাহার কারণ হইলে; কিম্বা

২৩০ ও ২৩১ ধারার বিরুদ্ধে পাইখানা প্রভৃতি প্রস্তুত করিবার কথা।

(৩) ২৩০ বা ২৩১ ধারার বিধানের বিরুদ্ধে মল মূত্র ত্যাগ করিবার স্থান কিম্বা মূত্রাগার বা গলিজকুণ্ড বা ঘরের নর্দ্দমা বা পাইখানা প্রস্তুত করিলে; কিম্বা

গর্ত্ত প্রভৃতি করিবার কথা।

(৪) কমিশ্যনরদের লিখিত অনুমতি না লইয়া ২৩২ ধারার বিধানের বিরুদ্ধে কোন খানা কি গলিজকুণ্ড কি পুকুর কি গর্ত্ত খুঁড়িলে বা করিলে কিম্বা খোঁড়াইলে বা করাইলে কিম্বা খুঁড়িতে বা করিতে দিলে;

উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার পঁচিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

২২৫, ২৩০ ও ২৩১ ধারামত আদেশপত্র অমান্য করিবার কথা।

২৭১ ধারা। কমিশ্যনরেরা ২২৫ কিম্বা ২৩০ বা ২৩১ ধারার বিধানমতে আদেশপত্র দিলে, মুনিসিপালিটীর অন্তর্গত যে কোন ব্যক্তি তদনুসারে কার্য্য করিতে ত্রুটি করেন, তাঁহার ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত পঁচিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, এবং ঐ আদেশপত্র তাঁহার উপর জারী হইবার পর যত দিন ত্রুটি করিতে থাকেন, দিনপ্রতি তাঁহার আর পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

২৭২ ধারা। কোন ব্যক্তি কোন মুনিসিপালিটীর মধ্যে,

সরকারী মলনালায় জলাদি পড়িবার নর্দ্দমা পরিবর্ত্তন প্রভৃতি করিবার কথা।

(১) এই আইনের দ্বারা কমিশ্যনরদের প্রতি যে মলনালা কি নর্দ্দমা অর্পণ করা গেল কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি পূর্ব্বে না লইয়া তন্মধ্যে জলাদি পড়িবার কোন নর্দ্দমা নির্ম্মাণ করিলে বা করাইলে, কিম্বা পরিবর্ত্তন করিলে বা করাইলে; কিম্বা

কমিশ্যনরদের আজ্ঞার বিপরীতে নর্দ্দমা করিবার কথা।

(২) কমিশ্যনরদের আজ্ঞার ও বিধানের বিপরীতে কিম্বা এই আইনের বিধানের বিপরীতে কোন নর্দ্দমা কি পাইখানা কি গলিজকুণ্ড করিলে; কিম্বা কমিশ্যনরেরা যে নর্দ্দমা কি পাইখানা কি গলিজকুণ্ড নষ্ট কি বন্ধ করিতে কি প্রস্তুত না করিতে আজ্ঞা করিলেন, কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি বিনা তাহা নির্ম্মাণ করিলে কি পুনরায় গাঁথিয়া দিলে কি খুলিয়া দিলে;

ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

২৭৩ ধারা। কোন ব্যক্তি কোন মুনিসিপালিটীর মধ্যে,

২৩৫, ২৪১, ২৪২ ধারামত অপরাধের কথা।

(১) ২৩৫ বা ২৪১ ধারার বিধানের বিপরীতে কোন ঘর গাঁথিতে কি ভাঙ্গিতে কি পরিবর্ত্তন করিতে কি সারাইয়া দিতে আরম্ভ করিলে, কিম্বা ২৪২ ধারার বিধানের বিপরীতে প্রজার দখলে কোন ঘর দিলে, কিম্বা লিখিত অনুমতি না পাইয়া ভক্তার কি অন্য প্রকারের বেড়া কি তারা বাঁধিলে, কিম্বা অনুমতি পাইয়াও ভক্তার কি অন্য প্রকারের সেই বেড়া না দিলে কিম্বা খাড়া বা উপযুক্ত অবস্থায় না রাখিলে, কিম্বা ভক্তার কি অন্য প্রকারের সেই বেড়া যতদিন থাকে, ততদিন রাত্রিতে তথায় উপযুক্তমতে আলো দিয়া না রাখিলে, কিম্বা কমিশ্যনরদের স্থানে তাহা উঠাইয়া ফেলিবার আজ্ঞা পাইলে, আটদিনের মধ্যে তাহা উঠাইয়া না ফেলিলে; কিম্বা

২৬১ ও ২৬৩ ধারামত অপরাধের কথা।

(২) ২৬১ বা ২৬৩ ধারায় নির্দ্দিষ্ট কোন কার্য্যের নিমিত্ত লাইসেন্স বিনা কোন স্থান ব্যবহার করিলে; কিম্বা

২৬১ ও ২৬৩ ধারামত অপরাধের কথা।

(৩) ২৬১ বা ২৬৩ ধারামতে লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি হইয়া ঐ লাইসেন্সের নিয়ম ভঙ্গ করিলে; কিম্বা

২৬৪ ধারামত অপরাধের কথা।

(৪) ২৬৪ ধারামতে আজ্ঞা দেওয়া গেলেপর ঐ আজ্ঞার বিপরীতে দশটার অধিক ঘোড়া বা গরাদি রাখিলে;

২৬৫ ধারামত অপরাধের কথা।

(৫) ২৬৫ ধারার বিধানের বিপরীতে কোন শূকরের খোঁয়াড় কিম্বা শূকর বা মেষ বা ছাগল রাখিলে,

ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে; এবং তাঁহার ঐ অপরাধ নির্ণয় হইবার পর যত দিন অপরাধ হইতে থাকে, দিন প্রতি তাঁহার আর দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

যাহা রেজিষ্টরী করা হয় নাই এরূপ ভূমিতে শব কবর দিবার বা দাহ করিবার কথা।

২৭৪ ধারা। কবরস্থান বা শ্মশান বলিয়া যে ভূমি রেজিষ্টরী করা হয় নাই, ২৫৭ ধারার লিখিত সময় গত হইলে পর মুনিসিপালিটীর মধ্যে কোন ব্যক্তি জানিয়া শুনিয়া সেই ভূমিতে শব কবর দিলে বা দাহ করিলে কিম্বা কবর দেওয়াইলে কি দাহ করাইলে, কিম্বা কবর দিবার বা দাহ করিবার প্রবৃত্তি দিলে, কিম্বা অন্যকে কবর দিতে কি দাহ করিতে দিলে, তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

২৫২ ধারামত অপরাধের কথা।

২৭৫ ধারা। ২৫২ ধারায় যে প্রকারের স্থানের কথা আছে, মুনিসিপালিটীর মধ্যে কোন ব্যক্তি রেজিষ্টরী না করাইয়া সেই স্থানের ব্যবহার করিলে, তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, এবং তাঁহার সেই অপরাধ নির্ণয় হইলে পর

আর যত দিন ঐ অপরাধ করিতে থাকেন, দিন প্রতি তাঁহার আর বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

যাহার সর্টিফিকেট নাই এরূপ কোন ব্যক্তির ভৈষজ্য দ্রব্য বিক্রয় করিবার কথা।

২৭৬ ধারার। মুনিসিপালিটীর মধ্যে কোন ব্যক্তি ২৫২ ধারা (২) প্রকরণের লিখিত সর্টিফিকেটধারী না হইয়া কোন রেজিষ্টরী করা দোকানে বা স্থান কোন ভৈষজ্যদ্রব্য সংযুক্ত, মিশ্রিত, প্রস্তুত বা বিক্রয় করিলে, যদি মাজিষ্ট্রেটের নিকটে অপরাধ নির্ণয় হয় তবে প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে; এবং উক্তরূপ কোন দোকানের বা স্থানের স্বামী বা দখীলকার বা রক্ষক যাহার ঐ প্রকার সর্টিফিকেট নাই, এরূপ কোন ব্যক্তিকে উক্তরূপ এক বা অধিক কর্ম্ম করিতে নিযুক্ত করিলে, যদি মাজিষ্ট্রেটের নিকট অপরাধ নির্ণয় হয়, তবে তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও তদতিরিক্ত মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে তাঁহার লাইসেন্স রহিত হইতে পারিবে।

কিন্তু স্থানীয় গবর্ণমেন্ট কলিকাতা গেজেটে সেই মর্ম্মের জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর ছয় মাস অতীত না হইলে এই ধারার বিধান কার্য্যকর হইবে না।

২৭৭ ধারা। ২৬২ ধারার বিধানমতে কমিশনরেরা যে নোটিস দেন, তাহার নির্দ্দিষ্ট সময় গত হইলে পর মুনিসিপালিটীর মধ্যে কোন ব্যক্তি ঐ নোটিসের নির্দ্দিষ্ট স্থান প্রতিবাসিদের আনিষ্টজনক ভাবে ব্যবহার করিলে কি করিবার অনুমতি দিলে, তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও তাঁহার সেই অপরাধ নির্ণয় হইলে পর যতদিন অপরাধ হইতে থাকে, দিনপ্রতি তাঁহার আর চল্লিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

২৬২ ধারামত নোটিস অমান্য করিবার কথা।

২৭৮ ধারা। যে কার্য্যের নিমিত্ত লাইসেন্স লইবার আদেশ থাক, সেই কার্য্যের নিমিত্ত এই আইনে কোন স্থানের ব্যবহার বিষয়ে যে বিধান হইল, কোন মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তির সেই বিধান লঙ্ঘনকরণ অপরাধ কিম্বা এই আইনমতে তদ্বিষয়ের কোন উপবিধি না মানিবার অপরাধ নির্ণয় হইলে, এই আইনমতে ঐ ব্যক্তির যত অর্থদণ্ড ধার্য্য হইতে পারে, ঐ মাজিষ্ট্রেট তদতিরিক্ত দুই মাসের অনধিক কোন কালের নিমিত্ত তাহার উক্ত কোন লাইসেন্স স্থগিত রাখিতে পারিবেন।

লাইসেন্স স্থগিত রাখিবার কি রহিত করিবার কথা।

এবং ঐ ব্যক্তির দ্বিতীয়বার কিম্বা তাহার পর আর কোন সময়ে তদ্রূপ অপরাধ নির্ণয় হইলে কমিশনরেরা তাহার লাইসেন্স রহিত করিতে পারিবেন।

সপ্তম পরিচ্ছেদ।

জল যোগাইবার বিধি।

২৭৯ ধারা। কোন মুনিসিপালিটিতে এই পরিচ্ছেদের বিধান ২২২ ধারার নির্দ্দিষ্ট প্রকারে প্রচলিত করা গেলে, কমিশনরেরা যোতের বার্ষিক মূল্যের উপর বাৎসরিক জলের রেট বসাইতে পারিবেন। যে রাস্তায় জল যোগাইয়া দেওয়া যায়, তথায় ঘর ও ভূমি থাকিলে, ঐ রেট শতকরা ছয় টাকার অধিক হইবে না; এবং যে রাস্তায় জল যোগাইয়া দেওয়া না যায়, তথায় ঘর ও ভূমি থাকিলে, ঐ রেট শতকরা ৫৲ টাকার অধিক হইবে না।

জলের রেট বসাইবার কথা।

যোতের দখীলকারেরা অগ্রিম ত্রৈমাসিক কিস্তিক্রমে ঐ জলের রেট দিবেন।

২৮০ ধারা। এই আইনের চর্ব্ব পরিচ্ছেদের বিধানমতে যোতের উপর রেট বসাইবার নিমিত্ত কমিশনরেরা যে মূল্য নিরূপণ করেন, তাহাই যোতের বার্ষিক মূল্য হইবে; অথবা যোতের উপর এরূপ রেট বসান না গেলে, ঐ পরিচ্ছেদের নির্দ্দিষ্ট প্রকারে বার্ষিক মূল্য স্থির করিয়া নিরূপণ করিতে হইবে। আর ৯৮ অবধি ১০৯ পর্য্যন্ত এবং ১১২ অবধি ১৩০ পর্য্যন্ত ধারার বিধান, যত দূর এই পরিচ্ছেদের বিধানের সহিত অসঙ্গত না হয়, তত দূর আবশ্যক পরিবর্ত্তন সহকারে জলের রেট নির্দ্ধারণ ও আদায় সম্বন্ধে খাটিবে।

মূল্য নিরূপণ ওজনের রেট নির্দ্ধারণ ও আদায় করণের কথা।

২৮১ ধারা। ঘরের কি ভূমির উপর জলের রেট ধার্য্য হইলে ঐ রেট যে ব্যক্তির স্থানে আদায় করা গেল কিম্বা যে ব্যক্তি ঐ রেট দিলেন তিনি ঐ ঘরের কি ভূমির স্বামী না হইলে, ঐরূপে যে জলের রেট আদায় হয় বা দেওয়া যায়, তাহার চতুর্থাংশ ঐ স্বামীর স্থানে আদায় করিয়া লইতে পারিবেন, এবং স্বামির নিকট তাঁহার যে ভাড়া দেনা থাকে তাহা হইতে কাটিয়া লইতে পারিবেন।

প্রজা জলের রেট দিলে, স্বামীর স্থানে তাহার চতুর্থাংশ ভাড়া হইতে কাটিয়া লইতে পারিবার কথা।

২৮২ ধারা। কোন ঘর কি ভূমি যদি পূর্ণ তিন মাস খালী থাকে, তবে সেই ঘরের কি জমির প্রজা থাকিলে তাঁহার যত টাকা জলের রেট দিতে হইত, কমিশনরেরা ঐ ঘরের কি ভূমির স্বামির সেই রেটের চতুর্থাংশ দিতে হইবে।

ঘর খালী থাকিলে জলের রেটের চতুর্থাংশ স্বামীর দিবার কথা।

এই ধারামতে স্বামির যে টাকা দেয় হয়, পূর্ব্ব তিন মাসের জন্যে পর তিন মাসের প্রথম তারিখে সেই টাকা দেয় হইবে বলিয়া জ্ঞান হইবে।

২৮৩ ধারা। কোন ঘরের কি জমীর উপলক্ষে জলের রেটের কোন ত্রৈমাসিক কিস্তি দেওয়া গেলে পর, যে তিন মাসের কিস্তি দেওয়া গেল সেই তিন মাসের মধ্যে প্রজা উঠিয়া যাওয়াতে যদি ঘর কি জমী খালী থাকে, তবে পূরা তিন মাসের যত দিন বাকী থাকে তত দিনের নিমিত্তে কমিশনরগণের স্থানে তাঁহার ঐ জলের রেটের চারি অংশের তিন অংশ ফিরিয়া পাইবার অধিকার থাকিবে।

ঘর খালী হইলে জলের রেট ফিরিয়া দিবার কথা।

কিন্তু এরূপ স্থলে আবশ্যক যে ঐ ঘর বা জমী খালী হইবার নোটিস লিখিয়া কমিশনরদিগকে দেওয়া হয়, এবং ঘর বা জমী খালী হইবার তারিখ অবধি ছয় মাসের মধ্যে ফিরিয়া পাইবার প্রার্থনা করা হয়।

ঐ নোটিস যে তারিখে কমিশ্যানরদের আফিসে দেওয়া যায়, এই ধারার কার্য্যপক্ষে সেই তারিখ অবধি ঘর বা জমী খালী হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

ঘরে পুনরায় প্রজা আইলে জলের রেট দিতে হইবার কথা।

২৮৪ ধারা। ঘর কি ভূমি খালী হইলে পর কোন তিন মাসের মধ্যে প্রজা আইলে, ঐ তিন মাসের যত কাল ঐ ঘর বা ভূমি খালী ছিল সেই কালের জন্য উক্ত ঘর বা ভূমি সম্বন্ধে উহা পুরা তিন মাস প্রজার দখলে থাকিলে যে জলের রেট দিতে হইত, তাহার চতুর্থাংশ হিসাবে টাকা ও অবশিষ্ট কালের জন্য পুরা রেট প্রজার তৎক্ষণাৎ দেনা হইবে।

উক্ত ঘর বা ভূমি পুরা তিন মাস প্রজার দখলে থাকিলে জলের যে রেট দিতে হইত, তাহার চতুর্থাংশ উক্ত প্রজা ভাড়া হইতে কাটিয়া লইতে পারিবে, কিম্বা প্রকারান্তরে স্বামির স্থানে আদায় করিতে পারিবে।

নানা প্রজাকে কোন ব্যক্তি পেটাও পাটা দিলে সেই বলিবেই প্রজা জ্ঞান করিবার কথা।

২৮৫ ধারা। যে ব্যক্তি স্বামির স্থানে ঘর বা ভূমি ভাড়া করিয়া লন, তিনি ঐ ঘর কিম্বা ভূমি দুই বা তদধিক ব্যক্তিকে পৃথক্ রূপে ভাড়া দিলে, যে ব্যক্তি স্বামির স্থানে জল তাঁহাকে এই পরিচ্ছেদ দর কার্য্য পক্ষে ঐ ভূমির প্রজা বলিয়া জ্ঞান করা যাইবে।

অন্য কোনও স্থানে স্বামির জলের রেট দিতে হইবার কথা।

২৮৬ ধারা। ৩১২, ৩১৩ ও ৩১৪ ধারার বিধান এই পরিচ্ছেদ সম্বন্ধে খাটিবে, কিন্তু এই উপবিধান না থাকিলে স্বামী উক্ত কএক ধারা মতে জলের যে রেট আদায় করিতে পারিতেন, কোন দখীলকার প্রজার স্থানে তাহার চারি ভাগের তিন ভাগের অধিক আদায় করিতে পারিবেন না।

কমিশ্যানরগণের জল যোগাইয়া দিবার কথা।

২৮৭ ধারা। যে কোন মুনিসিপালীটীতে এই পরিচ্ছেদের বিধান প্রচলিত করা যাইবে, সেই মুনিসিপালিটীর সীমার মধ্যে কমিশ্যানরগণ জল যোগাইয়া দিবার বিধান করিবেন। তদর্থে প্রধানং সকল রাস্তায় জল যোগাইবার নিমিত্ত বড় ছোট যত নল ও যত পুষ্করিণী ও জলাশয় কিম্বা অন্য যে কার্য্য করা আবশ্যক, তাহা প্রস্তুত করাইয়া দিবেন; ও যত কল থাকিলে নগরবাসিরা গৃহকার্য্যের নিমিত্তে সুবিধামতে জল পাইতে পারেন উক্ত রাস্তায় তত দাঁড়া কল স্থাপন করিয়া দিবেন।

যাহা গৃহকার্য্য নাহে বলা না হইতে তাহার কথা।

২৮৮ ধারা। কোন ব্যক্তি ঘোড়া প্রভৃতি কোন জন্তু কি গাড়ী বিক্রয় করিবার কি ভাড়া দিবার জন্যে রাখিলে সেই জন্তুর নিমিত্ত কি গাড়ী ধুইবার নিমিত্ত যে জলের প্রয়োজন, কিম্বা কোন ব্যবসায়ের কি কারখানার কি কর্ম্মের কিম্বা বাগানে কি পথে ছিটাইয়া দিবার নিমিত্ত কিম্বা কোন প্রকারের শোভা করিবার নিমিত্ত যে জলের প্রয়োজন, তাহা গৃহ কার্য্যের জলসম্পোষের মধ্যে ধরা যাইবে না।

জলের যত বেগ রাখিতে হইবে তাহার কথা।

২৮৯ ধারা। ব্যবহার করিবার ছোট ও বড় নলে কিরূপ চাপ দিয়া জল রাখিতে হইবে ও কোন্ ঘণ্টায় ঐরূপ চাপ থাকিবে, ইহা সভাগত কমিশ্যানরগণ নিরূপণ করিবেন; এবং এই ধারামতে যে কোন বিধি করা যায়, তাহা কমিশ্যানরগণ যেরূপ আদেশ করেন, তদনুসারে প্রকাশ করা যাইবে; ও সভাগত কমিশ্যানরগণের অনুমতি বিনা তাহা পরিবর্ত্তন করা যাইবে না।

জলের নল যত বড় হইবে তাহার কথা ও গৃহস্থের খরচে তাহা করিতে হইবার কথা।

২৯০ ধারা। সভাগত কমিশ্যানরেরা মুনিসিপালিটীর অন্তর্গত ঘর সমূহে জল যোগাইয়া দিতে স্থির করিলে, ইহার পূর্ব্বে জলের যে রেটের কথা লেখা গেল, কোন ব্যক্তি সেই রেট দিলে তাঁহার গৃহ কার্য্যের নিমিত্তে সঙ্গতমতে যত জলের প্রয়োজন, কমিশ্যানরগণের জলের নলের সঙ্গে নল যোজনা করাইয়া তাঁহার ঘরে কি ভূমিতে তত জল আনাইবার অধিকার থাকিবে।

কিন্তু ঐ ঘর কি ভূমি যত দিন খালী থাকে, কমিশ্যানরগণ তত দিন তাহার জলসম্পোষ বন্ধ করিয়া দিতে পারিবেন।

যে নল যোজনা করা গিয়া থাকে, ও তাহার সঙ্গে ঘরের মধ্যে নল প্রভৃতি যে বিষয় সংযুক্ত থাকে তাহা যে প্রকারের ও যত বড় ও যে দ্রব্যে নির্ম্মিত হইবে কমিশ্যানরগণ তাহা স্থির ও অনুমোদন করিবেন; ও যে ব্যক্তি চাহেন তাঁহারই খরচে তাহা প্রস্তুত করিয়া দেওয়া যাইবে।

ঘরে জল আনাইবার নলাদি কমিশ্যানরগণের কার্য্যকারকদের নজর মতে করিতে হইবার কথা।

২৯১ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল আনাইবার জন্যে কমিশ্যানরগণের নলের সঙ্গে যে নল সংযোগ করিয়া দেওয়া যায় ও অন্য যে সাজসরঞ্জাম থাকে এবং ঘরের কি ভূমির মধ্যে যে নল ও কল ও সাজসরঞ্জাম থাকে তাহা সর্ব্বতত্ত্বাধীনে ও সন্তোষমতে করা দাই কমিশ্যানরগণের যাইবে।

যিনি জল পাইতে চাহেন তিনি কমিশ্যানরগণের সঙ্গে নিয়ম করিলে, সেই নিয়মানুসারে, কিম্বা কমিশ্যানরগণ যত খরচ নির্দ্ধারা করেন তদনুসারে কমিশ্যানরগণের চাকরেরা ও কর্ম্মকারকেরা ঐ নল সংযোগ করাইয়া ও তৎসংক্রান্ত অন্য কার্য্য ও সাজসরঞ্জাম করাইয়া দিতে পারিবেন; ও সেই কার্য্য করিবার জন্যে যত টাকা আবশ্যক হয় কমিশ্যানরগণ ঐ কর্ম্ম করিবার পূর্ব্বে তত টাকা দিবার কি গচ্ছিত করিবার আজ্ঞা দিতে পারিবেন।

জলের রেট যে প্রকারে আদায় হইতে পারে, ঐ খরচখরচার টাকাও সেই প্রকারে আদায় হইতে পারিবে।

বাটীর মধ্যে প্রবেশ করিবার ক্ষমতার কথা।

২৯২ ধারা। পূর্ব্বোক্তমতে যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দেওয়া যায়, তাহার মধ্যে জল যোগাইবার সকল নল ও অন্যান্য কল ও সাজসরঞ্জাম দেখিবার নিমিত্ত, ও অকারণে জল নষ্ট না হয় কিম্বা তাহার অযথা ব্যবহার না হয় ইহা দেখিয়া

লইবার জন্যে, কমিশ্যনরগণ যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি পূর্ব্বাহ্ণ ৭ ঘণ্টার ও অপরাহ্ণ ৫ ঘণ্টার মধ্যে কোন সময়ে ঐ ঘরে কি ভূমিতে যাইতে পারিবেন।

আর উক্ত সময়ে উক্ত কার্য্যের নিমিত্ত ঐ কার্য্যকারককে সেই ঘরে কি ভূমিতে যাইবার অনুমতি না দেওয়া গেলে কিম্বা পূর্ব্বোক্তমতে তাঁহার সেই বিষয় দেখিয়া লইবার বাধা দেওয়া গেলে, কমিশ্যনরেরা তৎক্ষণাৎ সেই ঘরের কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন।

কিন্তু পূর্ব্বোক্ত কোন কথাদ্বারা কোন অন্তঃপুরে কি স্ত্রীলোকদের থাকিবার যে ঘর দেশাচারমতে গোপনীয় জ্ঞান হইয়া থাকে অন্যূন চারি ঘণ্টা থাকিতে নোটিস না দিয়া তন্মধ্যে কাহাকেও প্রবেশ করিবার ক্ষমতা দেওয়া গেল না।

নল বেমেরামত হইলে কমিশ্যনরগণের জল বন্ধ করিতে পারিবার কথা।

২৯৩ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার যে নল কি অন্য কল কি সাজসরঞ্জাম থাকে কমিশ্যনরদের কোন কার্য্যকারক এতৎ পক্ষে ক্ষমতা পাইয়া কোন সময়ে সেই নল কি অন্য কল কি সাজসরঞ্জাম পরীক্ষা করিয়া তাহা এত দূর বেমেরামত হইয়াছে যে জল বৃথাই নষ্ট হয় ইহা জানিতে পারিলে, কমিশ্যনরগণ অন্যূন চব্বিশ ঘণ্টা থাকিতে নোটিস লিখিয়া দিয়া ঐ ঘর কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন ও বন্ধ করিয়া দিবার খরচ ঐ ঘরের কি ভূমির প্রজার স্থানে লইতে পারিবেন।

ব্যবসায়ের নিমিত্ত জল যোগাইবার কথা।

২৯৪ ধারা। ঘরের বাণিজ্য কর্ম্মের নিমিত্ত যত জলের প্রয়োজন, তাহা ছাড়া অন্য কার্য্যের নিমিত্ত তাহারা জল পরিমাপক যন্ত্রদ্বারা জল যোগাইয়া দিতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরগণ সভাগত হইয়া খরচা ও রেট স্থির করিয়া যত বড় ও যে প্রকারের নল প্রভৃতি অনুমোদন করেন, সেই প্রকারের তত বড় নলপ্রভৃতি বসাইবেন কি বসাইতে দিবেন।

গৃহকার্য্যের নিমিত্ত গৃহস্থের কিয়ৎপরিমাণ জল পাইবার অধিকারের কথা।

২৯৫ ধারা। ঘরের প্রজা ঐ ঘরের জন্য জলের রেট বলিয়া কমিশ্যনরগণকে যত টাকা দিয়া থাকেন, তাহার টাকা প্রতি তাঁহাকে আর খরচ বিনা গৃহকার্য্যের নিমিত্ত যে পরিমাণে জল যোগাইয়া দেওয়া যাইবে ইহা কমিশ্যনরগণ সভাগত হইয়া স্থির করিতে পারিবেন।

পূর্ব্বোক্তমতে গৃহস্থের যত জল পাইবার অধিকার থাকে তিনি তাহার অধিক খরচ করিয়া থাকেন কমিশ্যনরগণের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, তাঁহারা আপনাদের খরচে জলপরিমাপক যন্ত্র যোগাইয়া ঐ ঘরসংযুক্ত জলের নলে তাহা যোজনা করিয়া রাখিতে পারিবেন। তাহা হইলে পূর্ব্বোক্তমতে প্রজার যত জল পাইবার অধিকার থাকে, তাহার অতিরিক্ত যত জল খরচ করেন তজ্জন্য কমিশ্যনরগণ সভাগত হইয়া যে হার স্থির করেন সেই হারে টাকা দিতে হইবে।

পাইখানার জন্যে কমিশ্যনরগণের পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবার কথা।

২৯৬ ধারা। কমিশ্যনরগণ সকল পাইখানায় ও শৌচস্থানে স্বেচ্ছামতে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবেন; এবং তাঁহারা আদেশ করিতে পারিবেন যে, যে সকল পাইখানায় ও শৌচস্থানে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দেওয়া যায় তথায় জলাধার দিতে হইবে। সেই আধার কত বড় ও কি প্রকারের হইবে, কমিশ্যনরগণ তাহা নির্ণয় করিবেন। যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দেওয়া যায় তাহার স্বামির খরচে ঐ সকল জলাধার দিতে হইবে।

রেট দিবার ত্রুটি হইলে জল বন্ধ করিতে পারিবার কথা।

২৯৭ ধারা। পূর্ব্বোক্ত জলের রেট যে সময়ে দেওয়া উচিত, কোন ব্যক্তি জল পাইলেও উক্ত কোন সময়ে ঐ রেট দিতে, কিম্বা গৃহকার্য্য ছাড়া অন্য কার্য্যের নিমিত্ত জল যোগাইয়া দেওয়া গেলে তাহার জন্যে খরচার দাওয়া হইলে পর তাহা দিতে ত্রুটি করিলে, যে ঘরের কি ভূমির নিমিত্ত ঐ রেট কি দাবির টাকা দেনা হয়, কমিশ্যনরগণ সেই ঘরের কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন, ও সেই ব্যক্তির স্থানে জল বন্ধ করিবার খরচ লইতে পারিবেন।

কিন্তু কোন ব্যক্তির প্রতি দণ্ড কি দায় বর্ত্তিলে, ঐ জলসম্পর্কীয় বন্ধ হওয়াতেই তিনি সেই দণ্ড কি দায় হইতে নিষ্কৃতি পাইবেন না।

যে প্রজার ঘরে জল নষ্ট হয় তাহার দণ্ড হইতে পারিবার কথা।

২৯৮ ধারা। এই পরিচ্ছেদমতে কমিশ্যনরগণ কোন ঘরের কি ভূমির জল যোগাইয়া দিলে পর, দখীলকার বা প্রজার শৈথিল্য হেতুক কিম্বা অন্য যে ভাবগতিকের উপর তাঁহার কর্ত্তৃত্ব থাকিতে পারে এমত ভাবগতিক হেতুক জল নষ্ট হইলে, কিম্বা যে নল কি কল কি সাজসরঞ্জাম দ্বারা ঐ ঘরের কি ভূমির জলসম্পর্কীয় হয় তাহা এত দূর বেমেরামত হইয়াছে যে জল নষ্ট হইয়া থাকে ইহা জানা গেলে, তাঁহার ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কোন ব্যক্তি জল নষ্ট করিলে তাহার দণ্ড হইতে পারিবার কথা।

২৯৯ ধারা। কমিশ্যনরগণ যে জল যোগাইয়া দেন কোন ব্যক্তি প্রকারান্তরে সেই জল নষ্ট করাইলে তাহার পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

নগরের বাহিরে যাঁহারা থাকেন তাঁহাদিগকে কমিশ্যনরগণের বিবেচনামতে জল লইতে অনুমতি দিতে পারিবার কথা।

৩০০ ধারা। কোন ব্যক্তি মুনিসিপালিটীর সীমার মধ্যে বাস না করিলেও, কমিশ্যনরগণ ইচ্ছা করিলে কোন সভায় তাঁহার গৃহকার্য্যের নিমিত্ত সময়ে২ জল দিবার যে২ নিয়ম নির্দ্দেশ করেন সেই২ নিয়মানুসারে ঐ ব্যক্তির জল লইবার কিম্বা তাঁহার জল যোগাইয়া দেওয়ার অনুমতি দিতে পারিবেন

কমিশ্যানরগণ যে জলসম্পোষের বিধান করেন কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি না পাইয়া মুনিসিপালিটীর সীমার বাহিরে খরচ করিবার জন্যে সেই জল লইলে কি আনাইলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

মতের কথা।

৩০১ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার নিমিত্ত কমিশ্যানরগণের জলের নলের সঙ্গে নল সংযোগ করিবার অনুমতি দেওয়ার পূর্ব্বে, কমিশ্যানরগণ তদর্থে নিযুক্ত কোন কার্য্যকারকের দ্বারা সেই ঘরের কি ভূমির অন্তর্গত সকল কার্য্য ও নল ও সাজসরঞ্জাম দেখিয়া লইতে পারিবেন।

সংযোগ করিবার পূর্ব্বে কমিশ্যানরগণের একজন কর্ম্মচারির সকল কার্য্য ও নল দেখিতে হইবার কথা।

যে ব্যক্তি নল সংযোগ করিবার প্রার্থনা করেন ঐ দেখিয়া লওয়ার খরচ তাঁহার আগাম দিতে হইবে। কমিশ্যানরগণ সভা করিয়া সময়ের যে হার নিদ্ধার্য্য করেন সেই হারানুসারে এ খরচ দিতে হইবে।

ও সেই কার্য্য ও নল ও সাজসরঞ্জাম উপযুক্তমতে করা গিয়াছে ও সন্তোষমতে বসান গিয়াছে এ কার্য্যকারক যতকাল এই মর্ম্মের সার্টিফিকেট না দেন, ততকাল কমিশ্যানরগণের নলের সঙ্গে সংযোগ করিবার অনুমতি হইবে না।

৩০২ ধারা। কমিশ্যানরগণের নলের সঙ্গে অন্য নল সংযোগ করণ ও কোন রাজপথের কি লোকদের গমনীয় পথের নীচে জল যোগাইবার নল বসাওনের কার্য্য কমিশ্যানরগণের তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক ভিন্ন অন্য ব্যক্তির দ্বারা করা যাইবে না।

জলের নলের সঙ্গে সংযোগ করণ কেবল কমিশ্যানরগণের কার্য্যকারক দ্বারা হইবার কথা।

ও যে ব্যক্তি সংযোগ করিতে প্রার্থনা করেন, ঐ কার্য্যের খরচ তাঁহার আগাম দিতে হইবে। কমিশ্যানরগণ সভা করিয়া সময়ের যে হার নিরূপণ করেন ঐ খরচ সেই হারানুসারে দেওয়া যাইবে।

৩০৩ ধারা। উক্ত কমিশ্যানরগণের জলের কল কিম্বা তাঁহাদের কর্ত্তৃত্বাধীন কোন জলের কল হইতে, কিম্বা যে জল কি স্রোত হইতে ঐ কলের জল পাওয়া যায়, তাহা হইতে কোন ব্যক্তি অবৈধমতে জল নিঃসৃত করাইয়া দিলে কি বাহির করাইলে কি অন্যমুখ করিলে কি গ্রহণ করিলে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

জল আটকাইবার কি অন্যমুখ করাইবার কথা।

৩০৪ ধারা। স্বামী আপনার ঘরে জল আনাইবার উপক্রম করিলে প্রজার নিকট ঐ কর্ম্মের খরচের দেওয়া ও অনুমানপত্র না পাঠাইলে, কিম্বা প্রজা ঐ কর্ম্ম করিবার উপক্রম করিলে স্বামীর নিকট ঐ কর্ম্মের খরচের দেওয়া ও অনুমানপত্র না পাঠাইলে, সেই কর্ম্মের আরম্ভ করিবেন না।

যে কর্ম্ম করিতে হইবে তাহার অনুমানপত্র ও বর্ণনার কথা।

৩০৫ ধারা। প্রকারান্তরের বিশেষ বন্দোবস্ত না থাকিলে, কোন ঘরের কি ভূমির স্বামী উক্ত ঘরে কি ভূমিতে জল আনাইবার কার্য্য সকল উপযুক্তমতে সারাইয়া রাখিবার খরচ দিবেন।

স্বামীর সেই কার্য্য সারাইয়া রাখিতে হইবার কথা।

কিন্তু উক্ত ঘর কি ভূমি যে মুনিসিপালিটীর মধ্যে থাকে তথায় এই পরিচ্ছেদ প্রচলিত হইবার পূর্ব্বে যে পাট্টা লিখিয়া দেওয়া যায় তদনুসারে উভয়পক্ষের যে দায় থাকে এই ধারার কোন কথা দ্বারা তাহার ব্যতিক্রম হইবে না।

৩০৬ ধারা। সাধারণের ব্যবহার্য্য সকল পুষ্করিণী ও জলাশয় ও জলাধার ও কূপ ও পয়প্রণালী ও নালা ও সুড়ঙ্গ ও নল ও কল ও জলের অন্য সকল আধার, কমিশ্যানরগণের খরচে কিম্বা প্রকারান্তরেও করা কি বসান কি নির্ম্মাণ করা গেলে, ঐ পুষ্করিণী প্রভৃতি ও তৎসম্পর্কীয় কি তৎসংলগ্ন সকল পুল ও কোটা ও কল ও বিষয় ও সরঞ্জাম ও দ্রব্য এবং সাধারণের ব্যবহার্য্য পুষ্করিণী সংক্রান্ত পার্শ্ববর্ত্তী যে ভূমি কোন ব্যক্তির সম্পত্তির মধ্যে নয় সেই ভূমি কমিশ্যানরগণের হস্তে বর্ত্তিবে।

পুষ্করিণী প্রভৃতি কমিশ্যানরগণের প্রতি বর্ত্তিবার কথা।

৩০৭ ধারা। জলের বেচ এবং জল যোগাওনের কিম্বা তৎসম্পর্কীয় কার্য্য করণের দ্বারা যে সকল টাকা আদায় হয় কি পাওয়া যায় কি ফিরিয়া পাওয়া যায় এবং জল যোগাওনের সম্পর্কে কিম্বা তৎসম্পর্কীয় কোন বিষয়ের নিমিত্ত যে সকল অর্থদণ্ড আদায় হয়, উক্ত কমিশ্যানরগণ সেই সকল টাকা লইয়া উক্ত জলসংক্রান্ত কার্য্য প্রস্তুত করিবার ও বাড়াইয়া দিবার ও সারাইয়া রাখিবার খরচ শোধ করিবেন। ও উক্ত জলসংক্রান্ত কার্য্যের নিমিত্ত যে টাকা ঋণ লওয়া যায় তাহার সুদ দিবেন, ও তৎসংক্রান্ত ঋণ কিম্বা জল যোগাওন সম্পর্কীয় অন্য কার্য্যের নিমিত্ত যে ঋণ লওয়া যায় সেই ঋণ শোধ করিবেন।

জল যোগাওনের টাকা পাওয়া যাইবার কথা।

অষ্টম পরিচ্ছেদ

গ্যাসের আলো দিবার বিধি।

৩০৮ ধারা। যে কোন মুনিসিপালিটীতে ২২২ ধারার বিধানমতে এই পরিচ্ছেদ বর্ত্তান যায়, সেই মুনিসিপালিটীর অন্তর্গত স্থান বিশেষের কোন অংশে পুরে গ্যাসের আলো দেওয়া যাউক কি না যাউক মুনিসিপল কমিশ্যানরেরা এই কোন অংশের সীমা নিরূপণ করিবার জন্যে অধিবেশন করিয়া, সেই সীমা নিরূপণ করিলে পর, তন্মধ্যে যে নিয়মমতে গ্যাসের আলো দিবার প্রস্তাব করেন সময়ে তাহার পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি পাইবার জন্যে তৎসম্মুখে অর্পণ করিতে পারিবেন। স্থানীয়

আলো দিবার নিয়মের এক খান পাণ্ডুলিপি স্থানীয় গবর্ণমেণ্টের নিকট মুনিসিপল কমিশ্যানরদের দেখিতে পাঠাইবার কথা।

গবর্ণমেণ্ট কলিকাতা গেজেটে এক মাস সেই পাণ্ডুলিপি প্রকাশ করাইবেন। কমিশ্যানরেরাও মুনিসিপালিটীর মধ্যে দেশীয় ভাষায় সেই পাণ্ডুলিপি প্রকাশ করাইবেন প্রকাশ করা গেলে পর, ও তদ্বিষয়ের কোন আপত্তি হইলে কিম্বা তাহার কোন অংশ পরিবর্ত্তন করিবার প্রস্তাব হইলে তাহা বিবেচনা করিলে পর ঐ পাণ্ডুলিপিমতে আলো দিবার প্রস্তাব উপযুক্ত ও প্রচুর স্থানীয় গবর্ণমেণ্ট ইহা ক্ষান্তোদমতে জানিলে, ঐ পাণ্ডুলিপিমতে কার্য্য হইবার অনুমতি দিতে পারিবেন, কিম্বা অনুমতি দিতে অস্বীকার করিতে পারিবেন, কিম্বা বিশেষ কোন২ বিষয় নির্দ্দিষ্ট করিয়া সেই২ বিষয় সম্বন্ধে ঐ পাণ্ডুলিপি পরিবর্ত্তন করিবার জন্যে মুনিসিপাল কমিশ্যানরদিগকে ফিরাইয়া দিতে পারিবেন ও পরিবর্ত্তন করা গেলে পর সেই পরিবর্ত্তিত পাণ্ডুলিপি সম্বন্ধে অনুমতি দিতে পারিবেন। কোন পাণ্ডুলিপিতে অনুমতি দিলে পর স্থানীয় গবর্ণমেণ্ট কলিকাতা গেজেটে ঐ কথা জ্ঞাত করিবেন ও যে পাণ্ডুলিপিতে সম্মত হন তাহাও সেই সময়ে ঐ গেজেটে প্রকাশ করাইবেন।

পাণ্ডুলিপিমতে হইলে যোতের উপর শতকরা তিন টাকার অধিক টাক্স ধার্য্য হইবার কথা।

৩০৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট ইহার পূর্ব্ব ধারার লিখিত জ্ঞাপনপত্র প্রকাশ করিলে পর, ঐ স্থানের সেই অংশে যত যোত থাকে মুনিসিপাল কমিশ্যানরেরা ঐ আলো দিবার সমুদয় খরচ পোষাইবার জন্যে সেই সকল যোতের বার্ষিক মূল্যের উপর বৎসর শতকরা ৩ টাকার অধিক টাক্স ধার্য্য করিতে পারিবেন।

যে অংশে পূর্ব্বে আলো দেওয়া গিয়াছে তদ্বিষয়ের উপবিধান।

পরন্তু উক্ত স্থানের কোন অংশে পূর্ব্বে গ্যাসের আলো দেওয়া গিয়া থাকিলে, ও ভবিষ্যকালে তাহাতে গ্যাসের আলো দিবার নিয়মের পাণ্ডুলিপি প্রস্তুত হইয়া তদ্বিষয়ে ইহার পূর্ব্ব ধারার বিধানমতে স্থানীয় গবর্ণমেণ্ট সম্মত হইলে, সেই অংশের বিষয়ে ঐ উপবিধানমতে চলিতে হইবে। শতকরা ৩ টাকার হিসাবে ঐ টাক্স দ্বারা যত টাকা উৎপন্ন হইবার সম্ভাবনা ঐ আলো দিবার সমস্ত খরচ তাহাতে কুলাইবে না দেখা গেলে, ঐ আলো দিবার সমস্ত খরচ যত টাকাতে কুলায় কমিশ্যানরেরা তাহার উপযুক্ত হারানুসারে টাক্স ধার্য্য করিতে পারিবেন।

সেই টাক্স প্রজাদের তিনং মাসে আগাম দিতে হইবার কথা।

৩১০ ধারা। যোতের প্রজারা তিন মাসের কিস্তি করিয়া পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট ঐ যোতের টাক্স আগাম দিবেন। কিন্তু উক্ত স্থানের ঐ অংশের লাগুনে যতদিন গ্যাসের আলো না দেওয়া যায় ঐ টাক্স ততদিন আদায় হইতে পারিবে না, ও আলো দিবার পূর্ব্ব কোন তিন মাসের নিমিত্ত অথবা তিন মাসের কোন অংশের নিমিত্ত কোন টাক্স আদায় হইতে পারিবে না।

মূল্যনিরূপণ এবং আলোর টাক্স নির্দ্ধারণ ও আদায়ের কথা।

৩১১ ধারা। কমিশ্যানরেরা এই আইনের ৪র্থ পরিচ্ছেদের বিধানমতে যোতের উপর রেট বসাইবার নিমিত্ত উক্ত সকল যোতের যে মূল্য নির্ণয় করেন তাহাই ঐ সকল যোতের বার্ষিক মূল্য হইবে; অথবা যোতের উপর ঐরূপ রেট বসান গেলে ঐ পরিচ্ছেদের নির্দ্দিষ্ট প্রকারে বার্ষিক মূল্য স্থির করিয়া নিরূপণ করিতে হইবে। আর ৯৬ অবধি ১০৯ পর্য্যন্ত এবং ১১২ অবধি ১৩০ পর্য্যন্ত ধারার বিধান, যত দূর এই পরিচ্ছেদের বিধানের সহিত অসঙ্গত না হয়, ততদূর আবশ্যক পরিবর্ত্তন সহকারে আলোর টাক্স নির্দ্ধারণ ও আদায় সম্বন্ধে খাটিবে।

অল্পবিশেষে স্বামির উপর টাক্স ধার্য্য হইবার কথা।

৩১২ ধারা। একই যোতে দুই কি তদধিকজন প্রজা স্বতন্ত্র২ পাট্টা লইয়া বাস করিলে কিম্বা সেই যোতের বার্ষিক মূল্য একশত টাকার কম হইলে, কমিশ্যানরেরা ঐ যোতের স্বামির স্থানে ঐ আলোর টাক্স আদায় করিতে পারিবেন।

স্বামি টাক্স দিলে প্রজার স্থানে স্বামির ঐ টাক্স ফিরিয়া পাইবার কথা।

৩১৩ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন যোতের স্বামির স্থানে কোন টাক্স আদায় করা গেলে যদি তাঁহার সেই যোতে কেবল এক জন প্রজা থাকে, তবে ঐ টাক্সের যত টাকা দিলেন তাহা সমুদয় ঐ প্রজার স্থানে ফিরিয়া পাইতে পারিবেন। যদি সেই যোতের এক ভাগে এক জন প্রজা কিম্বা সেই যোতে দুই কি তদধিক জন প্রজা থাকে, তবে এক২ জন ঐ যোতের যে ভাগে থাকে সেই ভাগের মূল্য ঐ সম্পূর্ণ যোতের মূল্যের যত হয় তাহা তাকার আর করিয়া কাপনার নিকট হইতে আদায় করা সমুদয় টাকার এক২ আনা তাঁহাদের এক২ জনের স্থানে ফিরিয়া পাইতে পারিবেন, কিন্তু ইহার পর ধারার বিধান প্রবল মানিতে হইবে।

খাজানার নায় স্বামির ঐ টাক্স আদায় করিতে পারিবার কথা।

৩১৪ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার বিধানমতে কোন যোতের কিম্বা তাহার কোন ভাগের প্রজার স্থানে স্বামির টাকা আদায় করিবার অধিকার থাকিলে, ঐ যোতের যে অংশ ঐ প্রজার দখলে থাকে তাহার খাজানা বলিয়া সেই টাকা পাওনা হইলে সেই খাজানা আদায় করিতে তাঁহার যে উপায় ও শক্তি ও অধিকার ও ক্ষমতা থাকে সেই টাক্সের টাকা আদায় করিবার জন্যে তাঁহার তত্তুল্য ও সেই উপায় ও শক্তি ও অধিকার ও ক্ষমতা থাকিবে।

প্রজা যতদিন থাকে কেবলতত দিনের টাক্সের দায়ী হইবার কথা।

৩১৫ ধারা। প্রত্যেক জন প্রজা যত দিন থাকে তত দিনের আলোর টাক্সের দায়ী হইবে। কোন বাকি কোন তিন মাসের অংশ মাত্র কোন যোতে থাকিলে, যত দিন থাকে ঐ তিন মাসের তত দিনের টাক্সের হারানুসারে ঐ টাক্সের দায়ী হইবে

অধিক টাকা আগাম দেওয়া গেলে তাহা ফিরাইয়া দিবার কথা।

যদি ঐ টাক্স আগাম দিয়া থাকে, তবে এই ধারামতে যত পাওনা হয় তাহার অতিরিক্ত ভাগ তাহাকে ফিরিয়া দেওয়া যাইবে।

খালী থাকিলে টাক্স না লাগিবার কথা।

কোন যোত যত দিন খালী থাকে তত দিনের নিমিত্ত সেই যোতের উপর কোন ব্যক্তির টাক্স লাগিবে না।

প্রজা উঠিয়া গেলে সাত দিনের মধ্যে সম্বাদ দিতে হইবার কথা।

কিন্তু যে যোতের উপর টাক্স ধার্য্য হয় কোন ব্যক্তি তাহা ছাড়িয়া উঠিয়া গেলে, উঠিয়া যাইবার তারিখের পর সাত দিনের মধ্যে কমিশানরদিগকে জানাইবে। সেই মিয়াদের মধ্যে সেই কথা না জানাইলে, ঐ যোতে যদিও তিন মাসের একাংশ মাত্র থাকে তথাপি ঐ যোতের সম্পূর্ণ তিন মাসের নির্দ্ধারিত টাক্সের দায়ী হইবে; এবং যেস্থলে ৩১২ ধারার বিধান বর্ত্তে, সেই স্থলে উক্ত যোত যে তারিখে খালী হয় স্বামী সেই তারিখ অবধি সাত দিনের মধ্যে ঐ যোত খালী হইবার নোটিস না দিলে, ঐ স্বামীর স্থানে ঐ যোতের উপর নির্দ্ধারিত পুরা তিন মাসের টাক্স আদায় হইতে পারিবে।

স্বামির কি প্রজার নাম না জানা গেলে তাহাকে কি প্রকারে নির্দ্দেশ করা যাইবে তাহার কথা।

৩১৬ ধারা। যদি কোন যোতের স্বামীর কি প্রজার নাম জানা না থাকে, তবে এই পরিচ্ছেদমতে তাঁহাকে কোন নোটিস কি রবকারী দিতে হইলে, অন্য কোন প্রকারে তাঁহার বর্ণনা না করিয়া যে যোতের উপর ঐ টাক্স ধার্য্য হইল সেই যোতের স্বামী কি প্রজা বলিয়া তাহাতে নির্ণয় করিলেই চলিতে পারিবে।

গ্রাসের ধন কি অন্য কোন বিষয় এক স্থল হইতে উঠাইয়া অন্য স্থানে বসাইতে হইলে তাহার খরচ কমিশানরদের দিতে হইবার কথা।

৩১৭ ধারা। উক্ত স্থানের কোন হতলে গ্রাসের যে ধন কিম্বা গ্রাসের অন্য যে বিষয় বসান গিয়াছে, কমিশানরেরা এই পরিচ্ছেদের কার্য্যের নিমিত্তে তাহা কিঞ্চিৎ তুলিয়া কি নামাইয়া দেওয়া কিম্বা অন্য প্রকারে তাহার স্থান পরিবর্ত্তন করা আবশ্যক জ্ঞান করিলে, ঐ ধন কি বিষয় যে ব্যক্তির হয় কি তাঁহার জিম্মায় থাকে কমিশানরেরা সময়ে তাঁহার নিকট নোটিস লিখিয়া দিয়া যেরূপে বলেন সেইরূপে ঐ ধন কি অন্য বিষয় এমতে কিম্বা সুবিধামতে তুলিতে কি নামাইতে কিম্বা প্রকারান্তরে তাহার স্থান পরিবর্ত্তন করিয়া দিতে আদেশ করিতে পারিবেন

কিন্তু তদ্রূপে পরিবর্ত্তন করিতে হইলে যেন সেই ধনের কি বিষয়ের স্থায়ী হানি না হয়, কিম্বা গ্রাস যেমন অবাধে ও সহজে পূর্ব্বে চলিত তাহার কোন বাধা না হয়; এবং তদ্রূপে তুলিয়া কি নামাইয়া দিতে কি পরিবর্ত্তন করিতে যত খরচ লাগে, তাহা করাইতে যে কোন হানি হয়, ঐ ধন কি অন্য বিষয় যে ব্যক্তির হয় কমিশানরেরা তাঁহাকে ও অন্যান্য ব্যক্তিদিগকে মুনিসিপাল ফণ্ড হইতে সেই খরচ দিবেন ও তাঁহাদের সেই হানি পূরণ করিয়া দিবেন।

স্বামী প্রভৃতি পরিবর্ত্তন করিতে আজ্ঞা করিলে কমিশানরদের তাহা করাইতে পারিবার কথা।

৩১৮ ধারা। কমিশানরেরা উক্ত কোন ধন কি বিষয় যদ্রূপে তুলিয়া কি নামাইয়া দিতে কিম্বা পরিবর্ত্তন করিতে আজ্ঞা করেন, যে ব্যক্তির ঐ ধন প্রভৃতি হয় কিম্বা যাঁহার তদ্ভাবধান তাহা থাকে তিনি সেই নোটিস পাইলে পর তৎকালেই কিম্বা সুবিধামতে ত্বরায় তদ্রূপ করিতে প্রবৃত্ত না হইলে, কমিশানরেরা নিজে যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপে সেই ধন কি বিষয় তুলিয়া কি নামাইয়া দিতে কি পরিবর্ত্তন করিতে পারিবেন।

কিন্তু তদ্দ্বারা যেন ঐ বিষয়ের স্থায়ী হানি না হয় কিম্বা গ্যাস পূর্ব্বে যেমন অবাধে ও সহজে চলিত তাহার কোন বাধা না হয়।

আলো দিবার অন্য প্রণালী সম্বন্ধে বিধান থাকিবার কথা।

৩১৯ ধারা। কোন মুনিসিপালিটীর কমিশানরেরা যাহাতে নল বা তার বা তদ্রূপ অন্য সরঞ্জাম ব্যবহার করিতে হয় এরূপ কোন প্রণালীমতে মুনিসিপালিটীতে আলো দিবার কোনরূপ প্রস্তাব অবলম্বন করিলে, তৎসম্বন্ধে যত দূর সম্ভব এই পরিচ্ছেদের বিধান বর্ত্তিবে।

নবম পরিচ্ছেদ

পাইখানা প্রস্তুত ও পরিষ্কার করিবার বিধি।

কমিশানরগণের জ্ঞাপনপত্র প্রকাশ করিবার কথা।

৩২০ ধারা। যে কোন মুনিসিপালিটীতে এই পরিচ্ছেদের বিধান ২২২ ধারার নির্দ্দিষ্টমতে প্রচলিত করা যায়, তথায় কমিশানরগণ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই নির্দ্দেশ করিতে পারিবেন যে, ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট তারিখ অবধি কমিশানরগণ মুনিসিপালিটীর সীমার অন্তর্গত সমুদয় স্থানে কিম্বা তাহার কোন অংশে সাধারণের ও কোন ব্যক্তির স্বকীয় পাইখানা পরিষ্কার করিবার কর্ম্মচারী রাখিবেন; ও কমিশানরগণ তদ্বিষয়ের উপযুক্ত বিধান করিবেন।

কমিশানরদের ফী আদায় করিতে পারিবার কথা।

৩২১ ধারা। তদ্রূপ বিধান করা গেলে, সত্তাগত কমিশানরগণ মুনিসিপালিটীর সীমার বা তাহার পূর্ব্বোক্ত অংশের অন্তর্গত যোতের বার্ষিক মূল্যানুসারে সময়ে২ যে হারে ফী ধার্য্য করিতে আজ্ঞা করেন, কমিশানরগণ সেই হার অনুসারে ফী ধার্য্য করিয়া লইতে পারিবেন;

কিন্তু যে ঘরের বা বাটীর কি তাহার কম মূল্য নিরূপণ হইলে বৎসরে ৩ টাকার অধিক ফী লাগিবে না;

ও কোন এক যোতের উপর ৫৮০ চারি শত আশি টাকার অধিক ফী লওয়া যাইবে না।

কিন্তু এই আইন প্রচলিত হইবার সময়ে যদি কমিশানরগণের সঙ্গে কোন যোতের স্বামিদের কি দখীলকারদের বাটী পরিষ্কার করিবার জন্য বৎসরে চারি শত আশি টাকার অধিক দিবার করার থাকে, তবে উক্ত টাকা বা তাঁহাদের সঙ্গে করারক্রমে কমিশানরগণ সময়ের

অন্য যত টাকা স্থির করেন, তাহা এই পরিচ্ছেদের বিধানানুসারে তাঁহাদের স্থানে আদায় হইতে পারিবে।

কী আদায় করণ বিষয়ক কথা।

৩২২ ধারা। যিনি যৎকালে যে যোতের দখীলকার হন তিনি কিম্বা ইহার পর ধারামতে যোতের স্বামী তিন মাসের কিস্তি করিয়া উক্ত কী দিবেন, ও এই আইনে যোতের মূল্যের উপর টাক্স আদায়ের যে বিধান আছে, উক্ত কী সেই বিধানমতে আদায় করা যাইতে পারিবে।

যে তিন মাসের যে কিস্তি দিতে হইবে তাহা সেই তিন মাসের প্রথম দিবসেই দেনা বলিয়া জ্ঞান হইবে

উক্ত কীর দ্বারা যত টাকা উৎপন্ন হয় তাহা হইতে উক্ত কর্ম্মচারিদের বেতনাদি দেওয়া যাইবে ও সাধারণের পাইখানা প্রস্তুত করা যাইবে ও সাধারণমতে এই পরিচ্ছেদের বিধান সফল করা যাইবে।

উক্ত কীর ও সাঁতারা সেই কী দিবার যোগ্য তাঁহাদের নামের ফর্দ্দ ৩১৪ ধারার নির্দ্দিষ্টমতে প্রতি বৎসর একবার প্রকাশ করা যাইবে।

কোন২ স্থলে স্বামির স্থানে কী আদায় হইতে ও দখীলকারের স্থানে তাঁহার লইতে পারিবার কথা।

৩২৩ ধারা। একের অধিক জন স্বতন্ত্র লোক যোত ভোগ করিলে, কমিশানরগণ ঐ যোতের স্বামির স্থানে উক্ত কী আদায় করিতে পারিবেন। তাহা হইলে স্বামির নিকট সম্পূর্ণ যোতের মূল্য বিবেচনায় যত কী আদায় হয়, সম্পূর্ণ যোতের যে অংশ যে ব্যক্তি দখলে থাকে স্বামী সেই অংশের মূল্যানুসারে সেই প্রত্যেক জনের স্থানে আপন২ অংশের কী আদায় করিতে পারিবেন।

দখীলকারের স্থানে খাজানা বলিয়া স্বামির কী আদায় করিতে পারিবার কথা।

৩২৪ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে যোতের কোন অংশের দখীলকারের স্থানে স্বামির টাকা আদায় করিবার অধিকার থাকিলে, ঐ যোতের যে অংশ ঐ ব্যক্তির দখলে থাকে সেই অংশের নিমিত্ত স্বামির প্রাপ্য খাজানা আদায় করিবার যে উপায় ও ক্ষমতা ও স্বত্ব ও অধিকার থাকে, ঐ টাকা ফিরিয়া পাইবার জন্যে তাঁহার তদ্রূপ ও সেই উপায় ও ক্ষমতা ও স্বত্ব ও অধিকার থাকিবে।

কোন২ বাড়ীর দখীলকার বা স্বামির সঙ্গে কমিশানরগণের কুরণ করিয়া টাক্স লইতে পারিবার কথা।

৩২৫ ধারা। রেলওয়ে সংক্রান্ত কোন বাড়ীর খাটাল কিম্বা কোন বাড়ীর সরে কুঠী কিনৌপানি সেরামত বানার গুদাম কি কারখানা কি মজুরের আড্ডা কি বিদ্যালয় কি হাস্পাতাল কি বাজার কি আদালতঘর কি তদ্রূপ অন্য স্থান থাকিলে, কমিশানরগণ আপনাদের বিবেচনাতে ঐ বাড়ীর দখীলকারের বা স্বামির সঙ্গে কুরণ করিয়া উক্ত কীর পরিবর্ত্তে এক বৎসরের অনধিক কালের নিমিত্ত বিশেষ কএক টাকা লইতে পারিবেন।

জন প্রতি টাক্স আদায় করিতে কমিশানরগণের ক্ষমতার কথা।

৩২৬ ধারা। কমিশানরগণ পূর্ব্বোক্ত কী না লইয়া, যাঁহারা উক্ত রেলওয়ে বাড়ীর মধ্যে বা কুঠীতে কি গুদিতে কি কারখানায় কি মজুরের আড্ডায় কি বিদ্যালয়ে কি হাস্পাতালে কি বাজারে কি আদালতঘরে কি তদ্রূপ অন্যস্থানে বাস করেন কি নিয়ত যাতায়াত করেন, তাঁহাদের জন প্রতি টাক্স আদায় করিতে পারিবেন। সভাগত কমিশানরগণ সেই টাক্সের ভার ধার্য্য করিবেন।

কমিশানরদেরকে কমাইয় দিবার বা ক্ষমা করিবার ক্ষমতার কথা।

৩২৭ ধারা। এই পরিচ্ছেদমতে যে কী দেয় হয় তাহা যে ব্যক্তি দিবার যোগ্য হন আদায় করিতে গেলে তাঁহার অত্যন্তকষ্ট হইবে কমিশানরগণ এমত বোধ করিলে তাঁহার সেই কী কমাইয়া দিতে বা ক্ষমা করিতে পারিবেন।

দণ্ডের কথা।

৩২৮ ধারা। এই পরিচ্ছেদমতে কোন কী কি টাক্স প্রাপ্য হইলে কোন ব্যক্তি তাহা দিতে অস্বীকার করিলে, কিম্বা ৩২৫ ধারামতে বিশেষ কএক টাকা দিবার কুরণ করিয়া ঐ টাকা দিতে অস্বীকার করিলে, অপরাধ সিদ্ধ হইলে তাঁহার সেই দেনা টাকা ছাড়া তাহার তিন গুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

২১৭ ধারামতে অভিযোগ হইতে মুক্ত থাকার কথা।

৩২৯ ধারা। কোন ব্যক্তি এই পরিচ্ছেদের বিধানমতে কী কি টাক্স দিবার যোগ্য হইলে আপনার পাইখানা উপযুক্ত অবস্থায় রাখিতে শ্রেণিবদ্ধ করণে অস্বীকার করা হেতুক ২১৭ ধারার (৩) প্রকরণমতে তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে না।

কমিশানরগণের চাকরদের ক্ষমতার কথা।

৩৩০ ধারা। কমিশানরগণের যে সকল কর্ম্মচারী এই পরিচ্ছেদের নিমিত্ত বিশেষরূপে নিযুক্ত থাকেন, তাঁহারা কমিশানরগণের নির্দ্দিষ্ট ঘণ্টার মধ্যে পূর্ব্বোক্ত কী কি টাক্স দিবার যোগ্য দখীলকারের কি স্বামীর কোন বাড়ীতে প্রবেশ করিয়া আপনাদের এই পরিচ্ছেদমত কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করণার্থ আবশ্যক সকল কর্ম্ম করিতে পারিবেন।

মেজরদিগকে কমিশান দেওয়া হইলে তাহা বলিতে পারিবার কথা।

৩৩১ ধারা। কমিশানরগণ সভাগত হইয়া মুনিসিপালিটীর সীমার কি তাহার কোন অংশের মধ্যে যে সকল লোক মল স্থানান্তর করিবার কার্য্যে নিযুক্ত থাকেন, তাহাদিগকে লাইসেন্স লইয়া উক্ত সীমার অন্তর্গত বাড়ী হইতে মল স্থানান্তর করিয়া লইবার জন্যে কমিশানরগণের চাকর হইবার আজ্ঞা করিতে পারিবেন।

কমিশানরগণ সভাগত হইয়া যে নিয়ম নিশ্চিত বোধ করেন এমত নিয়ম করিয়া উক্ত লাইসেন্স দিতে ও তৎসম্পর্কীয় কী ধার্য্য করিতে পারিবেন।

ঐ ব্যক্তিদের কর্ত্তব্য কর্ম্ম নির্ণয় করণার্থে কমিশ্যনরগণ স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষায় বিধি করিতে ও সময়ে২ তাহার পরিবর্ত্তন কি তাহাতে নূতন বিধি সংযোগ কি তাহা রহিত করিতেও পারিবেন। উক্ত কোন বিধিলঙ্ঘন হইলে, অপরাধির লাইসেন্স বাতিল হইতে ও তাহার ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

কমিশ্যনরদের পাইখানা প্রস্তুত করিয়া দিবার আজ্ঞা করিতে ও তাহা করিয়া দেওয়া না গেলে নিজে প্রস্তুত করাইয়া দিতে পারিবার কথা।

৩৩২ ধারা। কমিশ্যনরগণ মুনিসিপালিটির সীমার অন্তর্গত কোন ঘরে কি ভূমিতে পাইখানা কিম্বা পূর্ব্বাপেক্ষা অধিকপ ইখানা কি সাধারণ পাইখানা করাইয়া দেওয়া উচিত বোধ করিলে, ও এতৎপক্ষে নোটিস দিলে ঐঘরের কি ভূমির স্বামিরা ঐ নোটিস পাইবার পর ১২ চতুর্দ্দশ দিনের মধ্যে কিম্বা কমিশ্যনরেরা বিশেষ কোন কারণে সময় বাড়াইয়া দিলে তন্মধ্যে ঐ নোটিসের আদেশানুসারে ঐ পাইখানা প্রস্তুত করাইয়া দিবেন। পাইখানা সেই মিয়াদের মধ্যে কমিশ্যনরদের অনুরোধমতে প্রস্তুত করাইয়া না দেওয়া গেলে, কমিশ্যনরগণ তাহা প্রস্তুত করাইতে পারিবেন ও তাহাতে যে খরচ লাগে স্বামিদের তাহা দিতে হইবে ও ৩২২ ধারার বিধানমতে তাহা আদায় করিয়া লওয়া যাইতে পারিবে।

যে২ ঘরে যতজন থাকেন তাহাদের জন্য কমিশ্যনরগণের চাহিয়া লইতে পারিবার কথা।

৩৩৩ ধারা। কমিশ্যনরগণ এই পরিচ্ছেদের কার্য্য পক্ষে নোটিস লিখিয়া কোন ঘোতের স্বামিকে কি দখীলকারকে ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ ঘোতখরিদে কি তথায় নিযুক্ত মাজায়তকারি চাকরদের সংখ্যার ফর্দ্দ দিবার আজ্ঞা করিতে পারিবেন।

ফর্দ্দ না দিবার দণ্ডের কথা।

৩৩৪ ধারা। কোন ঘোতের স্বামি কি দখীলকার কমিশ্যনরদের পূর্ব্বে ঐরূপ ফর্দ্দ দিবার আদেশ পাইলেও ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা না দিলে, তাঁহার ১০০ একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

দশম পরিচ্ছেদ।

হাটের বিধান।

বাজার প্রস্তুত করিবার ক্ষমতার কথা।

৩৩৫ ধারা। যে কোন মুনিসিপালিটীতে এই পরিচ্ছেদের বিধান ২২২ ধারার নির্দ্দিষ্টমতে প্রচলিত করা হয়, তথায় কমিশ্যনরেরা সভাগত হইয়া মুনিসিপল হাট বসাইবার জন্যে ভূমি নিরূপণ করিতে পারিবেন ও সেই ভূমি নিরূপণ করিবার খরচ ও সেই হাট বসাইবার জন্যে আবশ্যক অন্যান্য খরচ মুনিসিপল ফণ্ড হইতে দিতে পারিবেন, ও কোন হাট পাট্টা করিয়া লইতে পারিবেন;

এবং তাঁহারা ঐ হাটে বিক্রয়ার্থ দ্রব্য সাজাইয়া রাখিবার অধিকারের জন্যে ও দোকান ও মাচা ও দাঁড়াইবার স্থানের ব্যবহার জন্যে ভাড়া ও মাসুলে ও ফী লইতে পারিবেন।

ঐ ভাড়া ও মাসুলে ও ফী ১২০ অবধি ১২৯ পর্য্যন্ত সকল ধারার বিধানমতে বাকী টাক্সের ন্যায় আদায় হইতে পারিবে।

"মুনিসিপল হাট" এই শব্দের অর্থনির্ণয়ের কথা।

৩৩৬ ধারা। কোন স্থানে দ্রব্য বিক্রয় করিবার জন্যে ন্যূনকল্পে ত্রিশ খানি দোকান কি মাচা কি দাঁড়াইবার স্থান না থাকিলে সেই স্থানটি পূর্ব্ব ধারার অর্থানুযায়ী "মুনিসিপল হাট" বলিয়া গণ্য হইবে না।

হাটের লাইসেন্স না থাকিলে তাহার ব্যবহার করা কমিশ্যনরদের নিষেধ করিতে পারিবার কথা।

৩৩৭ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া কোন সীমা নিরূপণ করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন যে কমিশ্যনরদের প্রদত্ত লাইসেন্স বিনা ঐ সীমার অন্তর্গত কোন ভূমি বাঁস কি মাচা কি মাথন কি ঘী কি ফল কি শাকসব্জী প্রভৃতি আহারীয় দ্রব্য বিক্রয় করিবার হাট বলিয়া ব্যবহৃত হইতে পারিবে না।

হাটের লাইসেন্স দিবার ক্ষমতার কথা।

৩৩৮ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া ইহার পূর্ব্ব ধারামতে আজ্ঞা প্রচার করিলে, তাঁহারা সভাগত হইয়া মুনিসিপালিটীর মধ্যে পূর্ব্বোক্ত আহারীয় দ্রব্য বিক্রয় করিবার হাট বলিয়া কোন ভূমি ব্যবহার করিবার লাইসেন্স দিতে পারিবেন।

লাইসেন্স যত দিন প্রবল থাকিবে ও কিরূপ নিয়মমতে দেওয়া যাইবে তাহার কথা।

৩৩৯ ধারা। এই পরিচ্ছেদমতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা ২১ টাকার অনধিক ফী লইয়া দেওয়া যাইবে ও বৎসরের অবসান পর্য্যন্ত প্রবল থাকিবে; ও সেই ভূমি পূর্ব্বোক্ত আহারীয় দ্রব্য বিক্রয় করিবার হাটের উপযুক্ত স্থান, সভাপতি ইহা বলিয়া বৎসর২ নূতন করিয়া সর্টিফিকেট লিখিয়া স্বাক্ষর করিয়া দিলে, কমিশ্যনরেরা বৎসর২ ঐ লাইসেন্স দিতে পারিবেন।

উপযুক্ত স্থানের বিষয়ে সভাপতির সর্টিফিকেট দিতেই হইবার কথা।

৩৪০ ধারা। কোন ভূমির স্বামী লিখিয়া প্রার্থনা করিলে, জলনিঃসরণের ও বায়ুচলনের ও জলসম্পোষের উপায় সম্বন্ধে কিম্বা তাহার অন্যান্য পথ প্রভৃতির উপযুক্ত প্রশস্ততা সম্বন্ধে সেই স্থান হাট বসিবার অনুপযুক্ত না হইলে, সভাপতি ঐরূপ সর্টিফিকেট দিবেন।

যে২ হাট আছে তাহার কথা।

কোন মুনিসিপালিটীতে এই পরিচ্ছেদের বিধান প্রচলিত হইবার সময়ে যে ভূমিতে পূর্ব্বোক্ত দ্রব্য বিক্রয় করিবার হাট বসে, চলিত সনের নিমিত্ত ৩৩৯ ধারার বিধানমত সর্টিফিকেট বিনা

সেই ভূমির স্বামীর কি পাট্টাদারের লাইসেন্স পাইবার অধিকার থাকিবে। কিন্তু তাহার পর কোন বৎসরে ঐ সর্টিফিকেট না পাইলে ঐ লাইসেন্স নূতন করিয়া দেওয়া যাইবে না।

লাইসেন্স রেজিষ্টরী করিবার কথা।

৩৪১ ধারা। এই পরিচ্ছেদমত প্রত্যেক লাইসেন্স রেজিস্টরী করিবার জন্য কমিশনর-সাহেবের কাছারিতে রাখিয়া রেজিস্টরী করা যাইবে। তন্মধ্যে এই২ কথা লেখা থাকিবে

(ক) ভূমির ও হাটের স্বামির নাম ও ঠিকানা।
(খ) পাট্টাদার থাকিলে তাহার নাম ও ঠিকানা।
(গ) হাটের আয়তন ও সীমা।
(ঘ) তথায় যে২ প্রকারের দ্রব্য বিক্রয় হয়, ও
(ঙ) যে২ দিনে হাট বসিবে।

হস্তান্তর কার্য্য রজিষ্টরী করিবার কথা।

৩৪২ ধারা। উক্ত হাটে কোন ব্যক্তির স্বার্থ হস্তান্তর করা গেলে, হস্তান্তর করিবার তারিখের পর দুই মাসের মধ্যে তাহা রেজিস্টরী করিতে হইবে।

রেজিষ্টরী না করা হাট লাইসেন্স ব্যতীত হাট বলিয়া জ্ঞান হইবার কথা।

৩৪৩ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারামতে যে হাটের লাইসেন্স কিম্বা যে হাটের স্বার্থ হস্তান্তর করণকার্য্য নিয়মিতরূপে রেজিস্টরী করান যায় তাহা লাইসেন্সব্যতীত সাট বসান ভূমি বলিয়া জ্ঞান হইবে।

লাইসেন্স বিনা হাট বসাইবার দণ্ডের কথা।

৩৪৪ ধারা। কোন ব্যক্তি কোন ভূমির স্বামী কি প্রজা হইয়া, ৩৩৮ ধারামত লাইসেন্স বিনা স্বেচ্ছাক্রমে কিম্বা অনবধানতা হেতুক সেই স্থানে মাংস কি মাছ কি মাখন কি ঘী কি ফল কি শাকসব্জী প্রভৃতি আহারীয় দ্রব্য বিক্রয়ের হাট বসিতে দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ২০০ দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও ঐ অপরাধনিণয় হইলে পর যত দিন সেই অপরাধ হইতে থাকে দিন প্রতি ঐ ব্যক্তির আর ৪০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

যে স্থানের লাইসেন্স না থাকে তাহা বন্ধ করিবার ক্ষমতার কথা।

৩৪৫ ধারা। কোন ভূমির বিষয়ে ইহার পূর্ব্ব ধারামতে অপরাধনিণয় হইলে, কমিশনরদের প্রার্থনামতে মাজিষ্ট্রেট সাহেব হাটস্বরূপ সেই স্থান বন্ধ হইবার আজ্ঞা দিতে পারিবেন, ও উক্তমতে ঐ স্থানের ব্যবহার করিতে না পারিবার জন্যে উপায়ের বিধান করিতে পারিবেন। কোন স্থান উক্ত প্রকারে বন্ধ হইলে পর কোন ব্যক্তি তথায় মাংস কি মাছ কি মাখন কি ঘী কি ফল কি শাকসব্জী প্রভৃতি আহারীয় দ্রব্য বিক্রয় করিলে, তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ১০৭ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

একাদশ পরিচ্ছেদ।

জন্ম ও মৃত্যুর রেজিষ্টরী করিবার কথা।

জন্ম ও মৃত্যুর রেজিষ্টরী করিবার কথা।

৩৪৬ ধারা। কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে যত শিশুর জন্ম ও যত ব্যক্তির মৃত্যু হয়, স্থানীয় গবর্ণমেণ্ট আদেশ করিলে ঐ মুনিসিপালিটীর কমিশনরেরা জন্ম ও মৃত্যুর কথা রেজিস্টরী করণ বিষয়ক ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের কিম্বা যৎকালে তদ্রূপ অন্য যে আইন প্রচলিত থাকে সেই আইনের বিধানমতে সেই জন্ম ও মৃত্যু রেজিস্টরী করিবার বিধান করিবেন

গবর্ণমেণ্টে আদেশ থাকিলে শবদাহ করিবার ঘাটে ও কবরস্থানে কমিশনরদের সব-রেজিষ্ট্রার নিযুক্ত করিতে হইবার কথা।

৩৪৭ ধারা। শবদাহ করিবার ঘাটে কি কবরস্থানে দাহ করিবার কি গোর দিবার জন্যে যত শব আনা যায়, তাহা রেজিস্টরী করিবার নিমিত্তে, স্থানীয় গবর্ণমেণ্ট কোন মুনিসিপালিটীর কমিশনরদিগকে শব দাহ করিবার প্রত্যেক ঘাটে ও কবর দিবার প্রত্যেক স্থানে সব-রেজিষ্ট্রার নিযুক্ত করিয়া রাখিবার আজ্ঞা দিতে পারিবেন।

১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনমতে ঐ সব-রেজিষ্ট্রারদিগকে সন্ধান জানাইতে হইবার কথা।

৩৪৮ ধারা। ইহার পূর্ব্বধারামতে শবদাহ করিবার ঘাটে কিম্বা কবরস্থানে সব-রেজিষ্ট্রার নিযুক্ত হইলে, ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ৮ ধারামতে যে২ কথার সন্ধান জানিয়া রেজিস্টরী করিবার আজ্ঞা হইয়াছে, দাহ করিবার উক্ত ঘাটে কি কবর স্থানে দাহ করিবার কি গোর দিবার জন্যে যে ব্যক্তির শব আনা যায় তাহার মরণবিষয়ক সেই২ কথার সন্ধান ঐ সব-রেজিষ্ট্রারকে জানান যাইতে পারিবে। তদ্রূপে যে সন্ধান জানান যায় তাহা ঐ ধারার বিধানমতে পল্লির রেজিষ্ট্রারকে জ্ঞাত করা সন্ধান বলিয়া জ্ঞান করা যাইবে।

এই আইনমতে যে সকল সব-রেজিষ্ট্রার নিযুক্ত হন তাঁহাদের প্রতি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ৯ ধারা বর্ত্তিবে।

হাঁসপাতালে মৃত্যু হইলে তাহার সন্ধানের কথা।

৩৪৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনমতে যে মুনিসিপালিটীর লোকদের মৃত্যুর কথা রেজিস্টরী করিবার আজ্ঞা করেন, সেই মুনিসিপালিটীর সীমার অন্তর্গত কোন হাঁসপাতালে কোন ব্যক্তির মৃত্যু হইলে, ঐ হাঁসপাতালের কর্ত্তৃত্বভারপ্রাপ্ত ডাক্তরের কর্ত্তব্য যে স্থানীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারিত পাঠে অগোণে সেই কমিশনরদের নিকট ঐ ব্যক্তির মৃত্যুর নোটিস লিখিয়া পাঠান। তাহা হইলে অন্য কোন ব্যক্তির প্রতি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনমত রেজিষ্ট্রারের ও এই আইনমত সব-রেজিষ্ট্রারের নিকট ঐ মৃত্যুর সন্ধান জানাইবার আদেশ থাকিবে না।

দ্বাদশ পরিচ্ছেদ।

বিবিধ বিষয়ের কথা।

৩৫০ ধারা। কোন মুনিসিপালিটীর কমিশ্যনরেরা উপযুক্ত নোটিস দিয়া সময়ে২ উপবিধি প্রণয়ন করিবার নিমিত্ত স্পষ্টাক্ষরে সভা আহ্বান করিয়া ঐ সভায় এই আইনের উদ্দেশ্য সফল করিবার নিমিত্ত এই আইনের সহিত অথবা অন্য কোন সাধারণ কি বিশেষ আইনের সহিত অসঙ্গত না হয়, এরূপ যে উপবিধি উচিত বোধ করেন প্রণয়ন করিতে পারিবেন, এবং সেই উপবিধিক্রমে ঐ উপবিধি লঙ্ঘনাপরাধীদের উপর যেরূপ উচিত বোধ করেন, যুক্তিমত দণ্ডবিধান করিতে পারিবেন। কিন্তু উক্ত দণ্ড প্রত্যেক অপরাধের নিমিত্ত পঞ্চাশ টাকার অধিক হইবে না, এবং ক্রমাগত অপরাধ হইতে থাকিলে, ঐ অপরাধ সম্বন্ধে কমিশ্যনরেরা লিখিত নোটিস দিলে পর দিনপ্রতি আর বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

উপবিধি লঙ্ঘন হইলে দণ্ড করিতে পারিবার কথা।

৩৫১ ধারা। এই আইনমতে যে সকল উপবিধি প্রণীত হয়, তাহা স্থানীয় গবর্ণমেণ্টে প্রেরিত হইয়া উক্ত গবর্ণমেণ্ট দ্বারা দৃঢ় করা না গেলে, যতদিন না যায় ততদিন ফলবৎ হইবে না।

উপবিধি দৃঢ় করিবার কথা।

কিন্তু উক্ত উপবিধি যে মুনিসিপালিটীর সম্বন্ধে হয়, সেই মুনিসিপালিটীর মধ্যে যে এক বা অধিক স্থানীয় সংবাদপত্র চলিত থাকে, তাহাতে কিম্বা ঐরূপ সম্বাদপত্র না থাকিলে কমিশ্যনরেরা যে প্রকারের আজ্ঞা করেন, সেই প্রকারে উপবিধি দৃঢ় করাইবার নিমিত্ত প্রার্থনা করিবার অভিপ্রায়সূচক নোটিস প্রার্থনা করিবার অন্যূন এক মাস পূর্ব্বে দেওয়া না গেলে, এবং ঐরূপ প্রার্থনা করিবার অন্যূন এক মাস থাকিতে প্রস্তাবিত উপবিধির প্রতিলিপি কমিশ্যনরদের আফিসে রক্ষিত হইয়া উক্ত উপবিধি যে মুনিসিপালিটীর সম্বন্ধে হয়, সেই মুনিসিপালিটীর অধিবাসীদের দেখিবার নিমিত্ত ফী বা পুরস্কার বিনা কার্য্যচলনের সময়ে খোলা রাখা না গেলে, ঐ উপবিধি দৃঢ় করা যাইবে না।

মুনিসিপালিটীর কোন অধিবাসী প্রার্থনা করিলে, কমিশ্যনরেরা তাঁহাকে প্রস্তাবিত উপবিধির একখণ্ড প্রতিলিপি দিবেন। প্রতিলিপিতে যত শব্দ থাকে, তাহার প্রতি শতের নিমিত্ত চারি আনা দিতে হইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের যে কোন উপবিধি দৃঢ় করিতে হয়, অন্য কোন কর্ত্তৃপক্ষের তাহা দৃঢ় করিতে বা তাহার অনুমতি দিতে বা তাহা অনুমোদন করিতে হইবে না।

৩৫২ ধারা। কমিশ্যনরেরা সাধারণের অনিষ্টজনক কোন কর্ম্মের নিমিত্ত অভিযোগের আদেশ করিতে পারিবেন এবং এই আইনমত কোন অর্থদণ্ড আদায়ের জন্য ও এই আইনের বিরুদ্ধ কোন অপরাধির দণ্ড হইবার জন্য কার্য্যানুষ্ঠানের আজ্ঞা দিতে পারিবেন, ও সেই অভিযোগের কি অন্য কার্য্যানুষ্ঠানের খরচ মুনিসিপল ফণ্ড হইতে দিবার আজ্ঞা করিতে পারিবেন।

সাধারণের অনিষ্টজনক কর্ম্মহেতুক কমিশ্যনরদের অভিযোগের আদেশ করিতে পারিবার কথা।

৩৫৩ ধারা। এই আইনক্রমে, কিম্বা এই আইনানুসারে প্রণীত উপবিধিক্রমে যে অপরাধ হয়, কমিশ্যনরদের আজ্ঞা কি অনুমতি বিনা সেই অপরাধহেতুক অভিযোগ হইবে না, এবং তদ্রূপ অপরাধ করা গেলে পর তিন মাসের মধ্যে না হইলে নালিশ উপস্থিত করিতে হইবে না। কিন্তু অপরাধের ভার বিবেচনায় যদি তাহা ক্রমাগত হইতে থাকে, তবে কমিশ্যনরদের সভাপতিকে যে তারিখে সেই অপরাধ করণের কি হওনের কথা জ্ঞাত করা যায়, সেই তারিখ অবধি তিন মাসের মধ্যে ঐ অভিযোগ উপস্থিত করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের অনুমতি না হইলে এই আইনমত অপরাধ হেতুক অভিযোগ না হওয়ার কথা।

পরন্তু এই আইনমত কোন লাইসেন্স লইবার ত্রুটি হইলে, যে মিয়াদের নিমিত্ত ঐ লাইসেন্স লইবার আদেশ থাকে সেই মিয়াদ গত না হওন পর্য্যন্ত ঐ অপরাধ ক্রমাগত চলিতেছে বলিয়া জ্ঞান হইবে।

৩৫৪ ধারা। এই আইনমতে যে সকল উপবিধি কি আজ্ঞা কি নোটিস কি অন্য দলীল প্রকাশ করিবার আদেশ থাকে, তাহা জিলার চলিত ভাষায় লেখা গিয়া কিম্বা অনুবাদিত হইয়া কমিশ্যনরদের কার্য্যালয়ে অর্পণ করা যাইবে; ও তাহার প্রতিলিপি সেই কার্য্যালয়ের কোন সুপ্রকাশ স্থানে, ও কমিশ্যনরেরা অন্য যে২ প্রকাশ্য স্থান উপযুক্ত জ্ঞান করেন সেই২ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে;

আজ্ঞা প্রকাশ করিবার কথা।

ও ঐ প্রতিলিপি তদ্রূপ লটকাইয়া দেওয়া গিয়াছে ও কমিশ্যনরদের কার্য্যালয়ে আসল পত্র সাধারণের দেখিবার জন্য খোলা আছে, সাধারণের নিকট এই মর্ম্মের সম্বাদসূচক ঘোষণাপত্র ঢেঁড়রা দিয়া ঐ মুনিসিপালিটীর সর্ব্বত্র প্রচার করা যাইবে।

৩৫৫ ধারা। এই আইনমত যে অপরাধের নিমিত্ত যে অর্থদণ্ড ধার্য্য আছে কোন ব্যক্তির সেই অপরাধ নির্ণয় হইলে, কোন মাজিষ্ট্রেট সেই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন; ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের বিধানমতে ঐ দণ্ডের টাকা আদায় হইতে পারিবে।

অর্থদণ্ড আদায় করিবার কথা।

৩৫৬ ধারা। এই আইনমত নোটিস কি বিল কি পাঠ কি সমন কি দাওয়ার নোটিস জারী করিতে হইলে, যে ব্যক্তির নামে দেওয়া যায়, নিজ তাঁহাকেই দেওয়া যাইতে কিম্বা দেখান যাইতে পারিবে,

নোটিস প্রভৃতি যেরূপে দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

অথবা তাঁহার নিয়ত বাসস্থানে তাঁহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষের কি চাকরের হাতে দেওয়া যাইতে পারিবে;

কিম্বা তদ্রূপে দেওয়া যাইতে কি দেখান যাইতে না পারিলে তাঁহার বাসগৃহের কোন সুপ্রকাশ স্থানে,

কিম্বা যে ভূমি কি ঘর কি অন্য বিষয় সম্পর্কে ঐ নোটিস কি বিল কি পাঠ কি সমন কি দাওয়ার নোটিস জারী করিবার কল্পনা থাকে তাহার কোন সুপ্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইতে পারিবে।

৩৫৭ ধারা। ভূমির স্বামিকে কিম্বা প্রজাকে নোটিস দিবার আদেশ থাকিলে, ঐ নোটিস স্বামির কিম্বা বিষয় বিবেচনায় প্রয়োজন হইলে প্রজার নামে লেখা গিয়া, ঐ ভূমির প্রজাকে দেওয়া যাইতে পারিবে, কিম্বা তাহার পূর্ব্ব ধারার লিখিনমতে অন্য প্রকারে জারী হইতে পারিবে।

ভূমির স্বামিকে কি প্রজাকে নোটিস দিতে হইবার কথা।

কিন্তু কমিশ্যনরেরা কিম্বা অন্য যে কর্ত্তৃপক্ষেরা নোটিস দেন তাঁহারা ঐ জমির স্বামিকে ও তাঁহার বাসস্থান জানিলে, ও সেই স্থানটি তাঁহাদের ক্ষমতাধীন স্থানের সীমার মধ্যে থাকিলে, ভূমির স্বামিকে যেং নোটিস দিবার আজ্ঞা হয় তাহা স্বামিকেই কিম্বা তাঁহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তিকে কি চাকরকে দেওয়াইবেন;

স্বামির বাসস্থান সেই সীমার মধ্যে না থাকিলে, তাঁহারা তদ্রূপ প্রত্যেক নোটিস রেজিষ্টরী করা খামে বদ্ধ করিয়া ডাকযোগে তাঁহার বাসস্থানে পাঠাইবেন, তাহা হইলে নোটিস উপযুক্তমতে জারী হইল এমন জ্ঞান হইবে।

স্বামির কিম্বা প্রজার নাম জানা না গেলে, যে ভূমির বিষয়ে নোটিস দেওয়া যায়, সেই ভূমির "স্বামী" কি "প্রভু" মাত্র লিখিলেই চলিতে পারিবে।

৩৫৮ ধারা। সম্পত্তির উপর যে টাক্স ধার্য্য বা নিরূপিত হয়, ভূমি কি দাঁড়ার কোন ব্যতিক্রম প্রযুক্ত তাহা অসিদ্ধ হইবে না, ও টাক্স করণ জন্যে যে সম্পত্তির টাক্স ধার্য্য কিম্বা মূল্য নিরূপণ হয় সেই সম্পত্তি যাহাতে চেনা যাইতে পারে ঐ টাক্স ধার্য্য করণপত্রে কিম্বা মূল্য কি হার নিরূপণপত্রে তাহা এইরূপে বর্ণনা করা হইলেই চলিতে পারিবে, ঐ সম্পত্তির স্বামির কি প্রজার নাম লিখিবার প্রয়োজন হইবে না।

দাঁড়ার ব্যতিক্রম হওয়াতে টাক্স অসিদ্ধ না হওয়ার কথা।

৩৫৯ ধারা। এই আইনমতে কোন ব্যক্তিকে লাইসেন্স দেওয়া গেলে, যে কর্ত্তৃপক্ষেরা ঐ লাইসেন্স দিলেন তাঁহারা কিম্বা এই কার্য্যপক্ষে তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি সেই লাইসেন্স প্রবল থাকার মিয়াদের মধ্যে সঙ্গত কোন সময়ে দেখাইতে বলিলে তাঁহার ঐ লাইসেন্স দেখাইতে হইবে।

লাইসেন্স যাঁহাকে দেওয়া গেল আদেশ হইলে তাঁহার দেখাইতে হইবার কথা।

এই ধারামতে যে ব্যক্তির প্রতি লাইসেন্স দেখাইতে আজ্ঞা করিবার ক্ষমতা দেওয়া যায়, তিনি কোন ব্যক্তিকে লাইসেন্স দেখাইতে আদেশ করিলেও ঐ ব্যক্তি না দেখাইলে তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

৩৬০ ধারা। এই আইনমতে কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদের নিকট ঘর খরচা, কী, মাসুল বা অন্য টাকা দেনা হইলে ১২০ অবধি ১২৯ পর্য্যন্ত ধারার বিধানমতে তাহা আদায় হইতে পারিবে।

কমিশ্যনরদের পাওনা টাকা যেরূপে আদায় করা যাইবে তাহার কথা।

৩৬১ ধারা। এই আইনমতে যে টাক্স কি খরচ কি দাবীর টাকা আদায় হইতে পারে, কোন যোতের উদ্দেশ্যে স্বামীর স্থানে কমিশ্যনরদের সেই টাকা পাওনা থাকিলে ও সেই যোতের স্বামির পরিচয় পাওয়া না গেলে কিম্বা স্বামিত্বের বিষয়ে বিবাদ হইয়া থাকিলে, ঐ কমিশ্যনরেরা তিন মাসান্তরে দুইবার ঐ যোত নীলাম হইবার নোটিস প্রকাশ করিতে পারিবেন, ও সেই পাওনা টাকা না দেওয়া গেলে ঐ নোটিস শেষবার প্রকাশ হইবার তারিখ অবধি অন্যূন তিন মাস গত হইলে পর ঐ যোতের নিমিত্ত যে ব্যক্তি উচ্চ মূল্য ডাকেন তাঁহার নিকট ঐ যোত বিক্রয় করিতে পারিবেন। সেই ব্যক্তি বিক্রয় কালের খরিদের সমুদয় টাকা গচ্ছিত করিয়া দিবেন।

যোতের পাওয়া না হইলে পাওনা টাকার নিমিত্ত তাহা বিক্রয় করিবার ক্ষমতার কথা।

নীলামোৎপন্ন টাকা হইতে কমিশ্যনরদের পূর্ব্বোক্ত প্রাপ্য টাকা দেওয়া গেলে পর উদ্বর্ত্ত থাকিলে, সেই উদ্বর্ত্ত টাকা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে; এবং কোন ব্যক্তি তাহা দাওয়া করিয়া কমিশ্যনরদের অনুরোধমতে অথবা উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে আপনার সেই উদ্বর্ত্ত টাকা পাইবার অধিকার স্থাপন করিলে তাঁহাকে দেওয়া যাইতে পারিবে।

নীলাম সমাপ্ত হইবার পূর্ব্ব কোন সময়ে কোন ব্যক্তিই ঐ পাওনা টাকা শোধ করিয়া দিতে পারিবেন। করিলে সেই সম্পত্তিতে যে ব্যক্তির উপকারজনক স্বার্থ থাকে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়া তাঁহার স্থানে ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন।

৩৬২ ধারা। এই আইনমতে প্রদত্ত কোন ক্ষমতানুসারে কার্য্য করণপ্রযুক্ত কোন ব্যক্তির হানি হইলে, কমিশ্যনরগণ মুনিসিপল ফণ্ড হইতে সেই হানিপূরণ করিতে পারিবেন।

হানিপূরণ করিবার কথা।

৩৬৩ ধারা। এই আইনমতে করা কোন কার্য্যহেতুক কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদের কিম্বা তাঁহাদের কোন কর্ম্মকারকের কি তাঁহাদের আজ্ঞামতে কর্ম্মকারি কোন ব্যক্তির নামে নালিশ করিবার মানস থাকিলে, যে ব্যক্তি বাদী হইতে চাহেন তাঁহার নাম ও বাসস্থান ও নালিশ করিবার হেতু বিষয়ক নোটিস লিখিত হইয়া ঐ কমিশ্যনরদের আফিসে, এবং (উক্ত কমিশ্যনরদের কোন কর্ম্মকারকের কি তাঁহাদের আজ্ঞামতে কর্ম্মকারি কোন

কমিশ্যনরদের কি তাঁহাদের কার্য্যকারকদের নামে এক মাস থাকিতে মোকদ্দমার হেতুর নোটিস না দিলে নালিশ হইতে না পারিবার কথা।

ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করিবার কল্পনা থাকিবে) যাঁহাকে প্রতিবাদী করা যাইবার ভয় দেখান হয় তাঁহার বাসস্থান দেওয়া গেলে পর এক মাস গত না হইলে, নালিশ করিতে পারা যাইবেন ;

ও সেই নোটিস দেওয়ার প্রমাণ না হইলে, আদালত প্রতিবাদির পক্ষে নিষ্পত্তি করিবেন।

নালিশের হেতু হইবার পর ছয় মাসের মধ্যে উক্ত প্রকারের মোকদ্দমা আরম্ভ করিতে হইবে, তাহার পর নয়।

কমিশ্যনরেরা বা তাঁহাদের কর্ম্মকারক কিম্বা যাঁহাকে উক্ত প্রকারের কোন নোটিস দেওয়া যায় তিনি উক্ত মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে যাদিকে উপযুক্ত হানিপূরণের প্রস্তাব করিলে, এ রূপ মোকদ্দমা করিয়া কিছুই পাইতে পারিবেন না।

চৌকীদারী চাকরাণ ভূমির কথা।

৩৬৪ ধারা। ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইন (অর্থাৎ গ্রাম্য চৌকীদারদিগকে নিযুক্ত ও অবসর করিবার ও তাহাদের ভরণপোষণের বিধান করণার্থ আইন) প্রচলিত হইবার পূর্ব্বে কোন মুনিসিপালিটীর কোন অংশের উপকারার্থে যে সকল চৌকীদারী চাকরাণ ভূমি নিরূপণ করা গিয়াছিল, ঐ আইনের ৩ ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও এ ভূমির প্রতি ঐ ভূমি-বিষয়ক উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের বিধান বর্ত্তিবে ; এবং ঐ অধ্যায়ের বিধানমতে গ্রামের পঞ্চায়তের প্রতি কিম্বা পঞ্চায়তের কোন ব্যক্তির প্রতি কর্ত্তব্যাদি বলিয়া যে সকল কর্ম্ম নির্ব্বাহ করিবার আদেশ থাকে, ও সেই অধ্যায়ানুসারে কোন গ্রামের পঞ্চায়তের কিম্বা পঞ্চায়তের কোন ব্যক্তির যে সকল ক্ষমতানুসারে কার্য্য করিবার অনুমতি দেওয়া গিয়াছে, উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরেরা সেই সকল কর্ম্ম নির্ব্বাহ করিবেন ও সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিবেন, এবং উক্ত অধ্যায়ানুসারে ঐ ভূমির উপর যে টাক্স ধার্য্য হয় তাহার উৎপন্ন টাকা মুনিসিপল ফণ্ডে দেওয়া যাইবে, ও ঐ ফণ্ডের টাকা যে কার্য্যে প্রয়োগ করা যাইতে পারে সেই কার্য্যে প্রয়োগ করা যাইবে।

পোলীসের কর্ম্মকারকদের অপরাধ রিপোর্ট করিবার ও যাহারা নাম ও বাসস্থান বলিতে অস্বীকার করে তাহাদিগকে ধৃত করিবার কথা।

৩৬৫ ধারা। এই আইনের বিপরীত কোন অপরাধ করা গেলে, পোলীসের সকল কর্ম্মকারক মুনিসিপালিটীর কমিশ্যনরদিগকে তৎক্ষণাৎ সেই অপরাধের সন্ধান জানাইবেন।

কোন ব্যক্তি পোলীসের কোন কর্ম্মকারকের চক্ষুর গোচরে এই আইনের বিপরীত অপরাধ করিলে কিম্বা ঐরূপ অপরাধ করিয়াছে বলিয়া তাহার নামে অভিযোগ হইলে, ও পোলীস কর্ম্মকারকের দাওয়াতে সেই ব্যক্তি আপনার নাম ও বাসস্থান জানাইতে না চাহিলে, কিম্বা জানাইলেও যে নাম ও বাসস্থান জানাইয়াছে তাহা উক্ত কর্ম্মকারকের মিথ্যা বলিয়া বিশ্বাস করিবার কারণ থাকিলে, তাহার নাম ও বাসস্থান নিশ্চয়মতে জানিয়া লইবার জন্য তিনি সেই ব্যক্তিকে ধরিয়া রাখিতে পারিবেন ; ধৃত-করণাবধি ২৪ ঘণ্টার মধ্যে তাঁহাকে নিকটস্থ মাজিষ্ট্রেটের নিকট পাঠান যাইবে। কিন্তু উক্ত সময় অতীত হইবার পূর্ব্বে তাহার প্রকৃত নাম ও বাসস্থান নিশ্চয়মতে জানা গেলে, যদি তিনি আদেশ হইলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার নিবন্ধ-পত্র লিখিয়া দেন, তবে তাঁহাকে খালাস দেওয়া যাইবে।

ঘুষোঘুষি ওফা লইলে তাহাদের দণ্ডের কথা।

৩৬৬ ধারা। ভারতবর্ষীয় দণ্ড বিধি আইনের ২১ ধারার মর্ম্মানুসারে যিনি রাজকীয় কর্ম্মকারক হন তদ্ভিন্ন এই আইনমতে কার্য্যপ্রাপ্ত কোন ব্যক্তি আপনার পদসংক্রান্ত কোন কর্ম্ম করিবার কিম্বা কোন কর্ম্ম না করিবার জন্যে, কিম্বা আপন পদসংক্রান্ত কার্য্য নির্ব্বাহ করণে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ বা নিগ্রহ প্রকাশ করিবার বা না করিবার জন্যে, কিম্বা কমিশ্যনর কি রাজকীয় কার্য্যকারক কি গবর্ণমেণ্ট বলিয়া ঐ কমিশ্যনরদের কি রাজকীয় কোন কার্য্যকারকের কি গবর্ণমেণ্টের নিকট কোন ব্যক্তির উপকার কি অনুপকার করিবার কি করিতে উদ্যোগ করিবার জন্যে, কোন ব্যক্তির স্থানে আইনমত পারিশ্রমিক ছাড়া আপনার কি অন্য ব্যক্তির নিমিত্ত পুরস্কারস্বরূপ কোন প্রকারে পারিতোষিক গ্রহণ করিলে কি পাইবার উদ্যোগ করিলে, তাঁহার তিন বৎসরের অনধিক কাল ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৫৩ ধারার বিধানমত সামান্য বা কঠোর কারাদণ্ড কিম্বা পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড বা উভয় দণ্ড হইবে।

রক্ষার্থ ধারা।

৩৬৭ ধারা। (ক) এই আইন না থাকিলে যে কার্য্য কিম্বা যে কার্য্যের ত্রুটি আইনমতে অনিষ্টজনক বলিয়া জ্ঞান হইত, কোন ব্যক্তির সেই কার্য্য কি সেই ত্রুটি আইন-সিদ্ধ করা গেল,

(খ) অনিষ্টজনক কার্য্যের অপরাধি কোন ব্যক্তির নামে তদ্বিষয়ের মোকদ্দমা হইতে পারিবে না,

(গ) এই আইনক্রমে কোন আইন স্পষ্টরূপে রহিত করা না গেলেও তাহার ব্যতিক্রম হইবে,

এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না।

প্রথম তফসীল

(৮ ও ১৭ ধারা দেখ।)

যে সকল মুনিসিপালিটীতে কমিশ্যনরগণ স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত হইবেন।

জিলা		মুনিসিপালিটী।
খুলনা	...	চুয়াড়িঙ্গা।
ঐ	...	দেবহাটা।
দার্জ্জিলিঙ্গ		দার্জ্জিলিঙ্গ।
হাজারীবাগ	...	হাজারীবাগ।
সিংহভূম	...	চৈবাসা।

বাখরগঞ্জ	...	নলছিটি।
ঐ	...	বালোকাটি।
চট্টগ্রাম	...	কক্সবাজার।
মজঃফরপুর	...	লালগঞ্জ।
ঐ	...	সীতামঢ়ী।
দারভঙ্গা	...	রসেড়া।
চাম্পারণ	..	বেতিয়া।
ভাগলপুর	...	কাহালগাঁ।
কটক	...	যাজপুর।
ঐ	...	কেন্দরাপাড়া।

দ্বিতীয় তফসীল।

(৮ ও ২৩ ধারা দেখ।)

যে সকল মুনিসিপালিটীতে সভাপতি স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত হইবেন।

জিলা	...	মুনিসিপালিটী।
বর্দ্ধমান	...	কাটোয়া।
হুগলী	...	উত্তরপাড়া।
২৪ পরগণা	...	কলিকাতা শাখানগর।
ঐ	..	বারাকপুর।
নদীয়া	...	শান্তিপুর।
ঐ	...	বীরনগর।
ঐ	...	মহেশপুর।
মুরশিদাবাদ	...	কান্দি।
দার্জ্জিলিঙ্গ	...	দার্জ্জিলিঙ্গ।
হাজারিবাগ	..	হাজারিবাগ।
ঐ	...	চাতরা।
লোহারডগা	..	রাঞ্চি।
সিংভূম	...	চৈবাসা।
মানভূম	...	পুরুলিয়া।
চট্টগ্রাম	...	কক্সবাজার।
পাটনা	...	পাটনা।
গয়া	...	গয়া।
শাহাবাদ	...	সাসেরাম।
ঐ	...	ডুমরা।
মজঃফরপুর	...	সীতামঢ়ী।
দারভঙ্গা	...	দারভঙ্গা।
ঐ	...	মধুবনী।
সারণ	..	সেওয়ান।
চাম্পারণ	..	বেতিয়া।
কটক	...	যাজপুর।
ঐ	..	কেন্দরাপাড়া।

তৃতীয় তফসীল।

A পাঠ।—(১১২ ধারা দেখ।)

ব্যক্তিদের উপর টাক্স ধার্য্য হওয়ার নির্ঘণ্টপত্র প্রস্তুত হওনবিষয়ক এই নোটিস প্রকাশ করিতে হইবে।

১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইন।

(১১২ ধারা।)

অমুক মুনিসিপালিটী।

যে ব্যক্তিদের দখলে যোত থাকে ১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইনের ১১২ ধারার বিধানমতে তাঁহাদের টাক্স নিরূপণের নির্ঘণ্টপত্র কমিশ্যানরদের কার্য্যালয়ে অর্পণ করা গিয়াছে, অতএব এই নোটিস দেওয়া যাইতেছে, কোন ব্যক্তি সেই নির্ঘণ্টপত্র দেখিতে ইচ্ছা করিলে, বন্দের দিন ছাড়া কোন দিনে কাছারী খোলা থাকার কোন সময়ে উক্ত কমিশ্যানরদের কার্য্যালয়ে গিয়া তাহা দেখিতে পারিবেন, এবং উক্ত টাক্স নিরূপণপত্রের মধ্যে যে ব্যক্তির নাম লেখা আছে তাঁহাদিগকে এতদ্দ্বারা এই আজ্ঞা করা গেল, তাঁহাদের নামের পার্শ্বে যত টাকা লেখা আছে কমিশ্যানরেরা ঐ টাকা আদায়ের জন্যে যে কাছারী নিরূপণ করেন তিন২ মাসের কিস্তি করিয়া তাঁহারা ঐ কাছারীতে গিয়া টাক্স আদায়কারককে কি অন্য যে কর্ম্মকারক টাকা লইতে ক্ষমতা পান তাঁহাকে নিয়মমতে তত টাকা দিবেন। অমুক মাসের প্রথম তারিখে প্রথমবার ঐ টাকা দিবেন, তৎপরে অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে, ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে, দিতে থাকিবেন। না দিলে বাকীদারের অস্থাবর সম্পত্তি, কিম্বা যে মোতের উপলক্ষে বাকীদারের উপর ঐ টাক্স বসান গিয়াছে তন্মধ্যে অস্থাবর যে দ্রব্য পাওয়া যাবে তাহা ক্রোক ও নীলাম করিয়া ও সেই টাকা আদায় করিবার জন্যে আইনমতে অন্যান্য যে কার্য্য করিবার অনুমতি থাকে তাহা করিয়া ঐ বাকী টাকা আদায় করা যাইবে।

সাল তাং

শ্রীঅমুক,
কমিশ্যানরদের সভাপতি।

B পাঠ।—(১১২ ধারা দেখ।)

যোতের মূল্য নিরূপণপত্র ও হারানুসারে যে টাক্স ধার্য্য হইল তাহার নির্ঘণ্টপত্র প্রস্তুত হইবার এই নোটিস প্রকাশ করিতে হইবে।

১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইন।

(১১২ ধারা।)

অমুক মুনিসিপালিটী।

কাল যোতের মূল্য নিরূপণের ও পারিক মূল্যানুসারে হারধারিমতে যে রেট ধার্য্য হইল তাহার নির্ঘণ্টপত্র ১৮৮৩ সালের বঙ্গীয় মুনিসিপল আইনের ১১২ ধারার বিধানমতে কমিশ্যানরদের কার্য্যালয়ে অর্পণ করা গিয়াছে, অতএব এই নোটিস দেওয়া যাইতেছে কোন ব্যক্তি ঐ নির্ঘণ্টপত্র দেখিতে ইচ্ছা করিলে বন্দের দিন ছাড়া কোন দিনে কাছারী খোলা থাকার কোন সময়ে উক্ত কমিশ্যানরদের কার্য্যালয়ে গিয়া তাহা দেখিতে পারিবেন, ও সেই নির্ঘণ্টপত্র লিখিত সকল যোতের স্বামিদের প্রতি এতদ্দ্বারা এই আজ্ঞা করা গেল, তাঁহাদের নামের পার্শ্বে যত টাকা লেখা আছে কমিশ্যানরেরা ঐ টাকা আদায়ের জন্যে যে কাছারী নিরূপণ করেন, তাঁহারা তিন২ মাসের কিস্তি করিয়া ঐ কাছারীতে গিয়া টাক্স আদায়কারককে কি অন্য যে কর্ম্মকারক ঐ টাকা লইতে ক্ষমতা পান তাঁহাকে নিয়মমতে তত টাকা

দিবেন। অমুক মাসের প্রথম তারিখে প্রথমবার ঐ টাকা দিবেন, তৎপরে অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে দিতে থাকিবেন। না দিলে বাকীদারের অস্থাবর সম্পত্তি, কিম্বা যে যোতের উপলক্ষে ঐ মূল্য নিরূপণ করা গেল তন্মধ্যে অস্থাবর যে দ্রব্য পাওয়া যায়, তাহা ক্রোক ও নীলাম করিয়া ও সেই টাকা আদায় করিবার জন্যে আইনমতে অন্যান্য যে কার্য্য করিবার অনুমতি থাকে তাহা করিয়া ঐ বাকী টাকা আদায় করা যাইবে।

সাল ভাং

শ্রীঅমুক,
কমিশ্যনরদের সভাপতি।

চতুর্থ তফসীল।

A পাঠ।—(১২০ ধারা দেখ।)

১৮৮৩ সালের বঙ্গীয় মুনিসিপল আইনের ১২০ ধারামত দাওয়ার নোটিস।

অমুক স্থানবাসি শ্রীঅমুক

সমীপেষু।

অমুক মুনিসিপালিটী।

ইহার সঙ্গে যে বিল পাঠান গেল তদনুসারে তোমার এত টাকা দেনা আছে, এইক্ষণে তোমার নিকট সেই টাকার দাওয়া হইতেছে। এই টাকা দিবার ক্ষমতা প্রাপ্ত কোন কার্য্য করিতে কিম্বা মুনিসিপল কমিশ্যনরদের কার্য্যালয়ে পঞ্চদশ দিবসের মধ্যে এ টাকা না দিলে তোমার মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করণদ্বারা কিম্বা আইনে অন্য যে বিধান হইয়াছে সেই বিধানমতে খরচা সহিত এ টাকা আদায় করা যাইবে।

শ্রীঅমুক
কমিশ্যনরদের সভাপতি।

[যে ব্যবসাদারের টাকের দাওয়া হয় কোন ব্যক্তি সেই ব্যবসাদারের টাকের একখিণ্ড না দিয়া থাকিলে, কেবল তাহার নামে যে নোটিস দেওয়া যায় তাহার তলপেটে এই নোট দিতে হইবে।]

নোট।—এই দাওয়ার বিষয়ে তোমার কোন আপত্তি থাকিলে এই পত্র তোমার স্থানে যত টাকার দাওয়া হইল সেই টাকা না দিয়া তোমার উপর যে ডক্ক (কি রেট) ধার্য্য হইয়াছে কমিশ্যনরদের নিকট তাহা পুনর্ব্বালোচনা করিবার দরখাস্ত দিতে পারিবে। এই নোটিস পাইবার পর পঞ্চদশ দিনের মধ্যে তোমার সেই দরখাস্ত দিতে হইবে, নতুবা গ্রাহ্য হইবে না। তদ্রূপ দরখাস্ত দিলে কমিশ্যনরেরা তোমার সেই দরখাস্তের উপর যত দিন আজ্ঞা না দেন তত দিন তোমার স্থানে গ্রার টাকা আদায় করা যাইবে না, কিন্তু সেই আজ্ঞা হইয়া পঞ্চদশ দিন গত হইলে পর তোমার স্থানে যত টাকা পাওনা হয় তাহা পূর্ব্বে না দেওয়া গেলে ঐ টাকা ও কমিশ্যনরেরা আর যে খরচা দিবার আদেশ করেন তাহা আদায় করা যাইবে।

B

এই আইনমতে ক্রোক করিলে যে ফী দিতে হইবে তাহার কর্দ্দ।

B পাঠ।—(১২১ ধারা দেখ।)

যত টাকার নিমিত্ত ক্রোক হয়						ফী। টাকা।
১৲ টাকার কম হইলে			...	...	...	।৹
১৲ টাকা অবধি		৫৲ টাকার কম		...	...	॥৹
৫৲	ঐ	১০৲	ঐ	...	...	৸৹
১০৲	ঐ	১৫৲	ঐ	...	...	১৲
১৫৲	ঐ	২০৲	ঐ	...	...	১৷৹
২০৲	ঐ	২৫৲	ঐ	..	..	১৷৷৹
২৫৲	ঐ	৩০৲	ঐ	...	...	২৲
৩০৲	ঐ	৩৫৲	ঐ	...	..	২৷৹
৩৫৲	ঐ	৪০৲	ঐ	...	...	২৷৷৹
৪০৲	ঐ	৪৫৲	...	...	...	৩৲
৪৫৲	ঐ	৫০৲	...	...	..	৩৷৹
৫০৲	ঐ	৬০৲	...	...	...	৩৷৷৹
৬০৲	ঐ	৮০৲	..	..	...	৪৲
৮০৲	ঐ	১০০৲				৪৷৷৹

টাকা

উক্ত ফী মধ্যে দাওয়ার নোটিস জারী করিবার খরচ সুদ্ধ সকল খরচ ধরা গেল। কিন্তু ক্রোক করা সম্পত্তি পেয়াদাদের জিম্মায় রাখা গেলে তাহাদের এক এক জনের ৵৹ আনা রোজ লাগিবে। নীলাম হওয়ার পূর্ব্বে দাবীর টাকা দেওয়া যাওয়াতে কিম্বা পরওয়ানা না রহিত হওয়াতে নীলাম করিবার আর আবশ্যকতা না হইলে, উক্ত ফীর টাল্লিখিত কোন অংশ ক্ষমা করা যাইবে।

(পাঠ।—(১২২ ধারা দেখ।)

ক্রোকী পরওয়ানা।

১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইন।

(১২২ ধারা।)

শ্রী (যে সাহাকারককে পরওয়ানা জারী করিতে দেওয়া যায় তাহার নাম এই স্থানে লিখিতে হইবে) সমীপেষু।

অমুক স্থানস্থ শ্রীঅমুকের স্থানে পাওনা লিখিত টাকার কি তাহার কিছু এক ভাগ না পাইলে তাহার নিকট নিমিত্তরূপে লিখিয়া দাওয়া হইলেও এবং সেই দাওয়ার নোটিস তাঁহাকে দেওয়া গেলে পর পঞ্চদশ দিন গত হইলেও উক্ত শ্রীঅমুক সেই টাকা দেন নাই ও দিবার উপযুক্ত কোন কারণ নাই। অতএব তোমাকে এদ্দ্বারা এই আজ্ঞা করা গেল যে ধোবা ও তাঁতিয়াকে ও জাতিয়ার ও ব্যবসাদারের কিম্বা কৃষিকারের যন্ত্রাদি ছাড়া এত টাকা পর্য্যন্ত মূল্যের উক্ত শ্রীঅমুকের যে অস্থাবর সম্পত্তি মুনিসিপালিটীর তত্ত্বাবধানে পাইতে পার, কিম্বা পাওনালিখিত তোমার মধ্যে লাঙ্গল প্রভৃতি ছাড়া অস্থাবর অন্য যে দ্রব্য পাইতে পার তাহা ক্রোক কর, ও সেই দ্রব্য লইবার ও রাখিবার ও বিক্রয় করিবার খরচ তোমার করণের উপযুক্ত আর এত টাকার দ্রব্য ও লও, ও উক্ত দ্রব্য ক্রোক করণের পর দশ দিনের মধ্যে উক্ত এত টাকা না দেওয়া গেলে সেই দ্রব্য নীলাম কর, এবং নীলামের উৎপন্ন টাকা হইতে উক্ত এত টাকা এবং ঐ দ্রব্য লইবার ও রাখিবার ও নীলাম করিবার খরচের টাকা বাদ দিলে পর উদ্বৃত্ত থাকিলে, উক্ত দ্রব্য যাঁহার অধিকারে পাওয়া গিয়াছিল তাঁহার দাওয়ানতে তাঁহাকে ঐ উদ্বৃত্ত টাকা দাও, দাওয়া না হইলে তাহা কমিশ্যনর-

দিগকে দাও। যদি উক্ত ব্যক্তির ক্রোক করিবার উপযুক্ত পরিমাণ দ্রব্য না পাওয়া যায়, তবে এই পরওয়ানা ফিরিয়া আনিবার সময়ে সর্টিফিকেট লিখিয়া আমাদিগকে সেই কথা জ্ঞাত কর।

শ্রীঅমুক।
অমুক স্থানের সভাপতি।

D পাঠ।—(১২১ ধারা দেখ।)

নিষ্পত্তের ও নোটিসের পাঠ।

১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইন।

(১২২ ধারা।)

(যে২ দ্রব্য ক্রোক করা গেল তাহা সবিশেষ লিখিয়া) পার্শ্বের লিখিত টাকার কি রেটের জন্যে এত টাকা আদায়ের নিমিত্ত আমি অদ্য উক্ত নিষ্পত্তের নির্দ্দিষ্ট দ্রব্য ক্রোক করিয়াছি ইহা জানিও; এবং তুমি এই নোটিসের তারিখ অবধি দশ দিনের মধ্যে আমাকে কিম্বা অমুক স্থানের কমিশনরদের কার্য্যালয়ে উক্ত এত টাকা ও এই ক্রোক করিবার নিম্নলিখিত খরচ না দিলে সেই দ্রব্য নীলাম করা যাইবে।

(ক্রোকী পরওয়ানা জারী করণার্থে নিযুক্ত কার্য্যকারকের স্বাক্ষর।)

ক্রোকের খরচ—
সাল তারিখ

E পাঠ—(১২৪ ধারা দেখ)।

অমুক মাসের বাকীর নিমিত্ত যে সম্পত্তি ক্রোক ও নীলাম করা যায় তাহার রেজিষ্টর।

১। বাকীদারের নাম।
২। যে মৌজের উপর বাকী পড়িল রেজিষ্টরে তাহার নম্বর ও বিশেষ কথা।
৩। যত টাকা বাকী আছে।
৪। খরচার ও দণ্ডের যত টাকা।
৫। সর্ব্বসুদ্ধ যত টাকা আদায় করিতে হইবে।
৬। ক্রোকী পরওয়ানা দ্বারা যে সম্পত্তি ক্রোক করা গেল তাহার নিষ্পত্ত।
৭। ক্রোক করিবার তারিখ।
৮। নীলামের তারিখ।
৯। যে দ্রব্য বিক্রয় হইল তাহার বেওরা।
১০। এক২ দ্রব্যের নিমিত্ত যত টাকা পাওয়া গেল।
১১। খরিদারের নাম।
১২। মোটে যত টাকা আদায় হইল।
১৩। বাকীর যত টাকা যে তারিখে কমিশনরদের কার্য্যালয়ে দেওয়া গেল।
১৪। খরচার ও দণ্ডের যত টাকা কমিশনরদের কার্য্যালয়ে দেওয়া গেল।
১৫। প্রাপ্য বাকী ও খরচা ও দণ্ডের টাকা কাটিয়া লইলে নীলামের উৎপন্ন যত টাকা উদ্বৃত্ত থাকে।
১৬। সেই উদ্বৃত্ত লইয়া যে ভাগি খে যাহা করা গেল।
১৭। আদায় না হইয়া টাকা বাকী থাকিলে কত বাকী আছে।
১৮। সেই অবশিষ্ট বাকী যে তারিখে আদায় হয় বা অনুমতিক্রমে খারিজ করা যায়।
১৯। মন্তব্য কথা (ক্রোক করা সম্পত্তি বিক্রয় না করিয়া ছাড়িয়া দেওয়া গেলে তাহার কারণ ও অন্যান্য কথা এই ঘরে লিখিতে হইবে।)

পঞ্চম তফসীল।

(৮১ ও ১৩১ ধারা দেখ।)

গাড়ী ও ঘোড়া প্রভৃতির উপর টাক্সের কর্দ্দ।

	তিন২ মাসের দেয়।
চারি চাকার ও দুই ঘোড়ার প্রত্যেক গাড়ীর ...	৪৷৷০
চারি চাকার ও এক ঘোড়ার কি ৪ ফুট ৪ ইঞ্চির ন্যূন উচ্চ এক ঘোড়া টাটুর প্রত্যেক গাড়ীর...	৩৲
দুই চাকার প্রত্যেক গাড়ীর	২৷৷০
প্রত্যেক ঘোড়ার	২৲
৪ ফুট ৪ ইঞ্চির ন্যূন উচ্চ এক২ টাটুর ও এক২ খচ্চরের ও গদ্দভের	৸০
প্রত্যেক ষাঁড়ের	৬৲
প্রত্যেক উষ্ট্রের	২৲

গাড়ীর চাকার বেসি ২৫ ইঞ্চির অধিক না হইলে তাহার টাক্স নাই।

ষষ্ঠ তফসীল।

(২ ও ৪ ধারা দেখ।)

মফস্বলাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন।

সাল ও নম্বর।	বিষয়।	যত দুরস্তিত হইল।
১৮৭৭ সাল ২১ আঃ।	কাবড়া মোকামে২ কুত্তারা ও শূকর রাখিবার জন্যে ঘর প্রস্তুত করিবার আইন।	৪, ৫, ৬, ৮, ৯, ১৬, ১৭, ২৪, ৪৩, ২৮, ৩২, ৩৬, ৩৭, ৩৯, ও ৪৬ ধারা।

মফস্বলাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন।

সাল ও নম্বর।	বিষয়।	যত দুরস্তিত হইল।
১৮৭৩ সাল ৫ আঃ।	কাবড়ায় অর্থাৎ দিবার সমুদয় আইন জন্যে টাক্স আদায় করিবার আইন।	
১৮৭৬ সাল ৩ আঃ।	মুনিসিপালিটী বিষয়ক আইন ১ সংশোধন ও সংগ্রহ করণার্থ আইন।	ঐ
১৮৮৮ সাল ৬ আঃ।	প্রথম শ্রেণীর মুনিসিপালিটীর মধ্যে পায়খানা পরিষ্কার রাখিবার ও নির্ম্মাণ করিবার বিধান করণার্থ আইন।	ঐ

সি, এচ, টাইলর,
রাজস্থাপন কার্য্য বিভাগে,
বঙ্গদেশেরগবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L.,
Bengali Translator.

কলিকাতা প্রসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 343 [২৩৪৩]. REGISTERED No. 30.



গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 24, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ২৪ জুন।

CONTENTS

	Page.
Part I.—Resolutions, Orders, and Notifications of the Government of India	*Nil*
Part II.—Resolutions, Orders, and Notifications of the Lieut.-Governor of Bengal ...	613 657
Part III.—Acts of the Legislative Council of India	*Nil.*
Part IV.—Bills of the Legislative Council of India	*Nil.*
Part V.—Acts of the Bengal Council	*Nil.*
Part VI.—Bills of the Bengal Council	17—43
Part VII.—Circular Orders of the High Court and Board of Revenue	43—45
Part VIII.—Advertisements	637 691
Supplement	*Nil.*

নির্ঘণ্ট।

	পৃষ্ঠা।
প্রথম খণ্ড।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	নাই
দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন	৬৫৩—৬৫৭
তৃতীয় খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	নাই।
চতুর্থ খণ্ড।—ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	নাই।
পঞ্চম খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন	নাই।
ষষ্ঠ খণ্ড।—বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি	১৭—৪৩
সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র	৪৩—৪৫
অষ্টম খণ্ড।—ইশ্‌তিহার প্রভৃতি	৬৩৭—৬৯১
পরিশিষ্ট গবর্ণমেণ্ট গেজেট	নাই।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2038 A.

GENERAL.—*The 26th May* 1884.—Mr. R. J. Harrison is appointed to be a Captain in the Northern Bengal Volunteer Rifle Corps, with effect from the 9th instant, *vice* Mr. A. A. Wace, resigned.

The 30th May 1884.—Moulvie Mahomed-ul-Nobi, Deputy Collector, Shahabad, is appointed to perform the functions of a Collector under section 4, Act VII (B.C.) of 1880 in that district, *vice* Mr. J. R. Hand.

The 3rd June 1884.—Mr. L. C. Abbott, C.S., has been granted by Her Majesty's Secretary of State for India an extension of furlough for six months on medical certificate.

The 4th June 1884.—Baboo Nobin Chunder Sen, Deputy Collector, Noakholly, is appointed to perform the functions of a Collector under section 4, Act VII (B.C.) of 1880 in that district, *vice* Baboo Rojoni Coomar Dutt, transferred.

The 5th June 1884.—Moulvie Mobaruck Ali, Officiating Deputy Magistrate and Deputy Collector, Sewan, Sarun, is allowed leave for two months and five days, under rule 2, section 138, chapter X of the Civil Leave Code, with effect from such date as he availed himself of it.

The 9th June 1884.—Mr. H. P. Todd-Naylor, Assistant Magistrate and Collector, Dacca, is vested with the powers of a Deputy Collector.

The 10th June 1884.—The services of Mr. C. P. Caspersz, Officiating Joint-Magistrate and Deputy Collector, Sasseram, Shahabad, are placed temporarily at the disposal of the Board of Revenue for employment as Settlement Officer in charge of the settlement of Noabad Talooks in Chittagong.

The 11th June 1884.—Mr. R. F. Rampini, C.S., has been granted by Her Majesty's Secretary of State for India an extension of furlough for five months.

The 12th June 1884.—Moulvie Syed Obedullah, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, is allowed leave for six weeks, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

Baboo Tara Nath Bose is appointed temporarily to be a Sub-Deputy Collector in the district of Mymensingh, *vice* Baboo Nobin Chunder Guho, resigned.

The leave granted to Baboo Shama Churn Mitter, Deputy Magistrate and Deputy Collector, Aurungabad, Gya, under the order of the 1st April last, is commuted to leave for one month under sections 134 and 141, chapter X of the Civil Leave Code.

The order of the 13th ultimo, transferring Baboo Sri Nath Chatterjee, Sub-Deputy Collector, Buxar, Shahabad, to the Bhubooah sub-division of that district, is cancelled.

In modification of the order of the 7th May last, Moulvie Mohamed Abdul Kadir, Deputy Magistrate and Deputy Collector, Narail, Jessore, is appointed to have charge of the Contai sub-division of the Midnapore district, during the absence, on deputation, of Mr. F. A. Slack, or until further orders, with effect from the date on which he joined his appointment.

The 13th June 1884.—Mr. S. N. Banerjee, Temporary Sub-Deputy Collector, Rungpore is allowed leave for six weeks, under rule 2, section 138, chapter X of the Civil Leave Code with effect from such date as he may avail himself of it.

Baboo Dino Nath Chuckerbutty, Temporary Sub-Deputy Collector, Rungpore, is transferred to Alipore, in the district of Julpigoree.

Baboo Radhica Lal Shome, Temporary Sub-Deputy Collector, Backergunge, is allowed leave for two months, under sections 127-7 and 134, chapter X of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 24th April 1884.

[*Government Gazette, 24th June* 1884.]

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

২০৮ A নম্বর।

সাধারণ।—১৮৮৪ সাল ২৬ মে।—শ্রীযুত এ, এ. ওয়েস সাহেব কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত আর, জে; হারিসন সাহেব এই মাসের ৯ তারিখ অবধি বঙ্গদেশের উত্তরদিকের বলণ্টিয়র রাইফল দলের কাপ্তানের পদে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ৩০ মে।—শ্রীযুত জে, আর, হাণ্ড সাহেবের পরিবর্ত্তে শাহাবাদের ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ উল-নবি উক্ত জিলায় ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের ৪ ধারামতে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ৩ জুন।—ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব শ্রীযুত এল, সি, আবট, সি, এস, সাহেবকে চিকিৎসকের সর্টিফিকেটক্রমে আর ছয় মাসের নিয়মিত ছুটী দিয়াছেন,।

১৮৮৪ সাল ৪ জুন।—শ্রীযুত বাবু রজনীকুমার দত্ত স্থানান্তরে প্রেরিত হওয়াতে নওয়াখালীর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবীনচন্দ্র সেন উক্ত জিলায় ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের ৪ ধারামতে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ৫ জুন।—সারণের অন্তর্গত সেওয়ানের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মবারক আলি যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১৩৮ ধারার ২ প্রকরণমতে ছয় মাস পাঁচ দিনের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ৯ জুন।—ঢাকার আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, পি, টড-নেলর সাহেব ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইলেন।

১৮৮৪ সাল ১০ জুন।—শাহাবাদের অন্তর্গত সাসীরামের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, পি, ক্যাসপার্জ সাহেব চট্টগ্রামের অন্তর্গত মওয়াবাদ তালুকের বন্দোবস্তী কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত বন্দোবস্তের কর্ত্তৃপক্ষের পদে নিযুক্ত হওনার্থে কিয়ৎকালের জন্যে রেবিনিউ বোর্ডের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

১৮৮৪ সাল ১১ জুন।—ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটরী সাহেব শ্রীযুত আর, এফ, রাম্পিনি সি, এস, সাহেবকে আর পাঁচ মাসের নিয়মিত ছুটী দিয়াছেন।

১৮৮৪ সাল ১২ জুন।—বাখরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সৈয়দ আবেদুল্লা যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে ছয় সপ্তাহের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র গুহ কর্ম্মত্যাগ করাতে শ্রীযুত বাবু তারানাথ বসু কিয়ৎকালের জন্যে ময়মনসিংহ জিলায় সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

গয়ার অন্তর্গত আরজাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ মিত্র গত আপ্রিল মাসের ১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা সিবিল কার্য্যকারদের ছুটীর বিধি ১০ অধ্যায়ের ১৩৪ ও ১৪১ ধারামত এক মাসের ছুটী বলিয়া গণ্য করা গেল।

শাহাবাদের অন্তর্গত বক্সারের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্রীনাথ চট্টোপাধ্যায়কে উক্ত জিলার অন্তর্গত ভুবুয়া মহকুমায় প্রেরণ বিষয়ক গত মাসের ১৩ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

গত মে মাসের ৭ তারিখের আজ্ঞা পরিবর্ত্তন করিয়া এই আজ্ঞা করা গেল। রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এফ, এ, স্লাক সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, যশোহরের অন্তর্গত মড়াইলের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ আবদুল কাদের মেদিনীপুর জিলার অন্তর্গত কাঁথি মহকুমার কার্য্যের ভার গ্রহণের তারিখ অবধি উক্ত মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ১৩ জুন।—রঙ্গপুরের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত এস, এম, বন্দ্যোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১৩৮ ধারার ২ প্রকরণমতে ছয় সপ্তাহের ছুটী পাইলেন।

রঙ্গপুরের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ চক্রবর্ত্তী জলপাইগুড়ি জিলার অন্তর্গত আলিপুরে প্রেরিত হইলেন।

বাখরগঞ্জের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধিকালাল সোম গত আপ্রিল মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৭—৭ ও ১৩৪ ধারামতে দুই মাসের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ২৪ জুন।]

Mr. T. Inglis, Officiating Joint-Magistrate and Deputy Collector, Raneegunge, Burdwan, is allowed leave for three months, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 21st instant.

Mr. H. Farrer, Officiating Joint-Magistrate and Deputy Collector, Serajgunge, Pubna, on leave, is appointed to have charge of the Raneegunge sub-division of the Burdwan district, during the absence, on leave, of Mr. T. Inglis, or until further orders.

Mr. C. T. Metcalfe, C.S.I., Magistrate and Collector, Patna, is allowed leave for one month and one day, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 18th instant, the day following the date on which his present appointment as Additional Commissioner, Patna, expires.

The 14th June 1884.—Baboo Annoda Prosad Sen, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is transferred to the district of Julpigoree.

Baboo Sarat Chunder Chatterjee, B.L., is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the sudder station of the Dinagepore district, *vice* Baboo Annoda Prosad Sen, on deputation.

POLICE.—*The 9th June* 1884.—Mr. E. C. S. Baker, Officiating Assistant Superintendent of Police, Nuddea, is transferred to Serampore, in the district of Hooghly.

Mr. C. Plowden is appointed to act, until further orders, as an Assistant Superintendent of Police, and is posted to Nuddea.

The 12th June 1884.—Lieutenant-Colonel R. M. Skinner, District Superintendent of Police, Sarun, is allowed leave for two months and two days, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 15th instant.

Mr. W. C. Fasson, Assistant Superintendent of Police, Sarun, is appointed to act as District Superintendent of Police of that district, during the absence, on leave, of Lieutenant-Colonel R. M. Skinner, or until further orders.

The 13th June 1884.—Mr. H. G. Wilkins, Officiating Deputy Commissioner of Police, Calcutta, is appointed to act temporarily as District Superintendent of Police, Howrah, on being relieved of his present appointment.

Mr. Wilkins is also appointed to act, until further orders, in the third grade of District Superintendents of Police, with effect from the date on which he joins his appointment at Howrah.

Mr. P. A. Sandilands, Assistant Superintendent of Police, is appointed to act, until further orders, in the first grade of Assistant Superintendents of Police at Howrah, with effect from the date on which he may be relieved of his present appointment as Officiating District Superintendent of Police by Mr. H. G. Wilkins.

EDUCATION.—*The 14th June* 1884.—Mr. A. Macdonell, Professor, Dacca College, is appointed to be a Professor in the Presidency College.

Mr. W. Booth, Professor, Presidency College, is appointed to be Principal of the Dacca College.

Mr. R. Parry, Officiating Principal, Dacca College, is appointed to be a Professor in the Patna College.

Baboo Surja Kumar Agasti, M.A., is appointed temporarily to be an Assistant Professor in the Dacca College.

Baboo Brahma Mohun Mullick, Inspector of Schools, Western Circle, is confirmed in class IV of the Bengal Educational Service, *vice* Mr. A. W. Garrett, who has applied to retire.

OPIUM.—*The 7th June* 1884.—Mr. J. E. Hand, Assistant Sub-Deputy Opium Agent, Benares Agency, is allowed leave for two and a half months, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 1st June 1884.

Mr. F. J. R. Field, Assistant Sub-Deputy Opium Agent, Behar Agency, is allowed leave for one month, under section 128, chapter X of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 20th May 1884.

[*Government Gazette, 24th June* 1884.]

বর্দ্ধমানের অন্তর্গত রাণীগঞ্জের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি, ইংলিস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে এই মাসের ২১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত টি, ইংলিস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিত কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় পাবনার অন্তর্গত শেরাজগঞ্জের ছুটী প্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, ফেরর সাহেব বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, টি, মেটকাফ সাহেব, সি, এস, আই, সিবিল কার্য্যকারীকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে এই মাসের ১৮ তারিখ অবধি অর্থাৎ পাটনার আডিশ্যনল কমিশনরস্বরূপ তাঁহার বর্ত্তমান কর্ম্মের কাল যে তারিখে অতীত হয় তাহার পর দিন অবধি এক মাস এক দিনের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ১৪ জুন।—দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ সেন জলপাইগুড়ি জিলায় প্রেরিত হইলেন।

শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ সেন রাজকার্য্যান্তরে নিযুক্ত হওয়ায় শ্রীযুত বাবু শরৎচন্দ্র চট্টোপাধ্যায় বি, এল, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী-কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া দিনাজপুর জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

পোলীস বিষয়ক।—১৮৮৪ সাল ৯ জুন।—নদীয়ার পোলীসের একটিং আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, সি, এস, বেকার সাহেব, হুগলী জিলার অন্তর্গত শ্রীরামপুরে প্রেরিত হইলেন।

শ্রীযুত সি, প্লোডেন সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয়, পোলীসের আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া নদীয়ায় অবস্থাপিত হইলেন।

১৮৮৪ সাল ১২ জুন।—পাবনের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত আর, এম, স্কিনর সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে এই মাসের ১৫ তারিখ অবধি দুই মাস দুই দিনের ছুটী পাইলেন।

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত আর, এম, স্কিনর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় পাবনের পোলীসের আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, সি, কাসন সাহেব উক্ত জিলার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ১১ জুন।—কলিকাতার পোলীসের একটিং ডেপুটী কমিশনর শ্রীযুত এচ, জি, উইলকিন্স সাহেব স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া কিয়ৎকালের জন্যে হাবড়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত উইলকিন্স সাহেব হাবড়ায় স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পোলীসের আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত পি, এ, সাভিলাণ্ডস সাহেব পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার শ্রীযুত জি, এচ, উইলকিন্স সাহেবের প্রতি অর্পণ করিবার তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় হাবড়ায় পোলীসের আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৮৪ সাল ১৪ জুন।—ঢাকা কালেজের অধ্যাপক শ্রীযুত এ মাকডনেল সাহেব প্রেসিডেন্সী কালেজে অধ্যাপকের পদে নিযুক্ত হইলেন

প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত ডবলিউ, বুথ সাহেব ঢাকা কালেজের প্রিন্সিপলের পদে নিযুক্ত হইলেন।

ঢাকা কালেজের একটিং প্রিন্সিপল শ্রীযুত আর, পারি সাহেব পাটনা কালেজে অধ্যাপকের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু সূর্য্যকুমার আগস্তি, এম এ, কিয়ৎকালের নিমিত্তে ঢাকা কালেজে সহকারী অধ্যাপকের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এ, ডবলিউ, গারেট সাহেব কর্ম্ম হইতে অবসর গ্রহণের প্রার্থনা করায় পশ্চিম চক্রের স্কুল সমূহের ইনস্পেক্টর শ্রীযুত বাবু ব্রহ্মমোহন মল্লিক বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের চতুর্থ শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

আফীন বিষয়ক।—১৮৮৪ সাল ৭ জুন।—বাণারস এজেন্টীর আফিনের আসিস্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে, ই, হাণ্ড সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধি ৫ অধ্যায়ের ৭২ ধারামতে ১৮৮৪ সালের ১ জুন অবধি আড়াই মাসের ছুটী পাইলেন।

বিহার এজেন্টীর আফিনের আসিস্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এফ, জে, আর, ফিলড সাহেব ১৮৮৩ সালের ১০ মের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ২৪ জুন।]

Medical.—*The 5th June* 1884.—Assistant Surgeon Amulya Chandra Chumpati, who was in charge of the charitable dispensary at Behar, held also medical charge of that sub-division from the 29th March to the 29th April 1883, both days inclusive.

Surgeon D. G. Crawford is appointed to act as Resident Physician, Medical College Hospital, Calcutta, during the absence, on deputation, of Surgeon L. A. Waddell, or until further orders.

The 17th June 1884.—Assistant Surgeon Poorno Chunder Singh, a Supernumerary at the Presidency, is appointed temporarily to have medical charge of the civil station of Serampore, in the district of Hooghly, with effect from the date on which he joined his appointment.

Municipal.—*The 8th June* 1884.—The Lieutenant-Governor sanctions the election by the Commissioners of the Patna Municipality of Mr. R. C. McKennie to be their Vice-Chairman for a term of two years.

The following gentlemen are appointed to be Commissioners of the Lalbagh Municipality, in the district of Moorshedabad :—

Rai Meghraj Kutari Bahadoor. | Rai Sitab Chand Nahar Bahadoor.
Baboo Raj Krishna Ghose.

The following gentlemen are re-appointed to be Commissioners of the above municipality :—

Mr. M. J. Reuther. | Pandit Taranoth Nyabagish.
Baboo Haran Chunder Moitra.

The 13th June 1884.—Baboo Mohendra Nath Mukerjea is appointed to be a Commissioner of the South Barrackpore Municipality, in the district of the 24-Pergunnahs.

Road Cess.—*The 8th June* 1884.—Rai Shib Chunder Banerjee, Bahadoor, is re-appointed to be Vice-Chairman of the Bhagulpore District Road Committee.

Munshi Soojait Ally is re-appointed to be a member of the Bhagulpore District Road Committee.

Baboo Purna Chandra Sing, zemindar, is also appointed to be a member of the above Committee, *vice* Baboo Tej Narain.

Baboo Srimohan Thakoor is re-appointed to be Vice-Chairman of the Sudder Branch Road Committee of Bhagulpore.

The following notifications are republished from the *Assam Gazette* :—

No. 196.—*The 5th June* 1884.—Mr. P. C. Lyon, c.s., Assistant Commissioner, Sylhet, is transferred, as a temporary arrangement, to the Khasi and Jaintia Hills, and posted to the head-quarters station.

No. 203.—The following promotions are made in the Assam Commission, with effect from the 19th May 1884, in consequence of Major E. N. D. LaTouche being transferred to the half-pay list (as notified in the *Gazette of India*, dated the 17th May 1884) :—

Mr. J. Kennedy, c.s., Assistant Commissioner, second grade, to be Assistant Commissioner, first grade.

Mr. B. G. Geidt, c.s., Assistant Commissioner, third grade, to be Assistant Commissioner, second grade.

Mr. R. S. Greenshields, c.s., Supernumerary Assistant Commissioner, third grade, is absorbed in that grade.

F. B. Peacock,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 9th June 1884.—The undermentioned Assistant Surgeon of the second grade, having passed the prescribed examination, is promoted to the first grade, with effect from the 1st May 1884 :—

Assistant Surgeon Chunder Mohun Ghose.

[*Government Gazette, 24th June* 1884.]

চিকিৎসা বিষয়ক।—১৮৮৪ সাল ৫ জুন।—আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত অমূল্যচন্দ্র চম্পতি, যিনি বিহারস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ছিলেন তিনি, ১৮৮১ সালের ২৯ মার্চ্চ অবধি ২৯ আপ্রিল পর্য্যন্ত সেই মফস্বলের চিকিৎসাকার্য্যেরও ভার প্রাপ্ত ছিলেন।

ঐ কার্য্যোপলক্ষে সর্জন শ্রীযুত এস, এ, ওয়াডেল সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, সর্জন শ্রীযুত ডি, জি, ক্রাফর্ড সাহেব কলিকাতার মেডিকাল কালেজ হাস্পাতালে রেসিডেণ্ট ফিজিশনের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ১৭ জুন।—রাজধানীতে অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত পূর্ণচন্দ্র সিংহ, হুগলী জিলার অন্তর্গত শ্রীরামপুর সিবিল ষ্টেশনে চিকিৎসাকার্য্যের ভার গ্রহণের তারিখ অবধি কিয়ৎকালের জন্যে তথাকার চিকিৎসাকার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৮৪ সাল ৮ জুন।—পাটনা মুনিসিপালিটীর কমিশনরেরা শ্রীযুত আর, সি, মাকেনাই সাহেবকে দুই বৎসরের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মুরশিদাবাদ জিলার অন্তর্গত লালবাগ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত রায় মেঘরাজ কুটারি বাহাদুর। | শ্রীযুত রায় সিতাব চাঁদ নবর বাহাদুর।
শ্রীযুত বাবু রাজকৃষ্ণ ঘোষ।

নিম্নলিখিত মহাশয়েরা উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।—

শ্রীযুত এম, জে, রিউথর সাহেব। | শ্রীযুত পণ্ডিত তারানাথ ন্যায়বাগীশ।
শ্রীযুত বাবু হারাণচন্দ্র মৈত্র।

১৮৮৪ সাল ১৮ জুন।—শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ মুখোপাধ্যায় ২৪ পরগণা জিলার অন্তর্গত দক্ষিণ বারাকপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পথকর বিষয়ক।—১৮৮৪ সাল ৮ জুন।—শ্রীযুত রায় শিবচন্দ্র বন্দ্যোপাধ্যায় বাহাদুর ভাগলপুর জিলার পথকমিটীর প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত মুন্সী মুজাত আলি ভাগলপুর জিলার পথকমিটীর মেম্বরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত তেজনারায়ণ বাবুর পরিবর্ত্তে জমীদার শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র সিংহ উক্ত কমিটীর মেম্বরের পদেও নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শ্রীমোহন ঠাকুর ভাগলপুরের সদর শাখাপথ কমিটীর প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেটহইতে উদ্ধৃত করা গেল।—

১৯৬ নম্বর।—১৮৮৪ সাল ৫ জুন।—ডিষ্ট্রীক্ট আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত পি, সি, লিয়ন সাহেব, সি, এস, কিয়ৎকালের নিমিত্তে খাসি ও জয়ন্তী পর্ব্বতে প্রেরিত হইয়া সদর মোকামে অবস্থাপিত হইলেন।

২০৩ নম্বর।—মেজর শ্রীযুত ই, এন, ডি, লাটুচ সাহেব, ১৮৮৪ সালের ১৭ মে তারিখের ইণ্ডিয়া গেজেটে প্রকাশিত হাফ পে লিষ্টে প্রেরিত হওয়ায় ১৮৮৪ সালের ১৯ মে অবধি আসাম কমিশ্যনে নিম্নলিখিত পদ বৃদ্ধি করা গেল।

দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত জে, কেনেডি সাহেব, সি, এস, প্রথমশ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর হইবেন।

তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত বি, জি, গেইট সাহেব, সি, এস, দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর হইবেন।

তৃতীয় শ্রেণীর অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত আর, এস, গ্রীনশিলডস সাহেব সি, এস, সেই শ্রেণী ভুক্ত হইলেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ৯ জুন।—নিম্নলিখিত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সর্জন নির্দ্দিষ্ট পরীক্ষায় উত্তীর্ণ হওয়াতে ১৮৮৪ সালের ১ মে অবধি প্রথম শ্রেণীভুক্ত হইলেন।—

আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত চন্দ্রমোহন ঘোষ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ২৪ জুন।]

The undermentioned Assistant Surgeons of the third grade, having passed the prescribed examination, are promoted to the second grade, with effect from the 1st May 1884:—

Assistant Surgeon Hari Das Mitra.
" " Binode Krishna Bose.
" " Amrita Lal Mozoomdar.

F. B. Peacock,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

Forests.—*The 11th June* 1884.—Mr. G. A. Richardson, Deputy Conservator of Forests, is promoted to officiate in the second grade of Deputy Conservators, with effect from the date on which Mr. G. W. Strettell, Deputy Conservator of the first grade, availed himself of the three months' furlough granted to him under orders dated the 13th May 1884.

A. P. MacDonnell,
Offg. Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th June 1884.—It is hereby notified for general information that, in the exercise of the powers conferred on him by section 1, Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor intends to direct that all births and deaths occurring within the Nychatty Municipality, in the district of the 24-Pergunnahs, after the 1st August next, shall be registered, unless good reasons to the contrary are shown within one month from the date of publication of this notification within the municipality.

E. N. Baker,
Offg. Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 9th June 1884.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the powers conferred on him by section 1, Act V (B.C.) of 1880, to extend the provisions of the said Act to the Patna Municipality, unless good reasons be shown to the contrary within six weeks from the date of the publication of this notification.

E. N. Baker,
Offg. Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 13th June 1884.—It is hereby notified that, under clause 2, section 3, Regulation VI of 1819, the Lieutenant-Governor declares the Kallina Ghat ferry over the river Kareh, in the district of Durbhunga, to be a public ferry.

E. N. Baker,
Offg. Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 13th June 1884.—It is hereby notified for general information that, in accordance with the recommendation of the Commissioners of the Roserah Municipality, in the district of Durbhunga, made at a meeting, the Lieutenant-Governor intends, in the exercise of the powers conferred on him by section 299, Act V (B.C.) of 1876, to sanction the extension of the provisions of Part IX, chapter II of the Act to the above municipality.

E. N. Baker,
Offg. Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 13th June 1884.—It is hereby notified for general information that, in the exercise of the powers conferred on him by section 13, Act V (B.C.) of 1876, the Lieutenant-Governor intends to declare that the portion of the town of Hazaribagh which has hitherto been included within cantonment limits, and which is bounded on all sides by the

নিম্নলিখিত তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সর্জ্জনেরা নির্দ্দিষ্ট পরীক্ষায় উত্তীর্ণ হওয়াতে ১৮৮৪ সালের ১ লে অবধি দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।—

আসিষ্টাণ্ট সর্জ্জন শ্রীযুত হরিদাস মিত্র।
" " " বিনোদকৃষ্ণ বসু।
" " " অমৃতলাল মজুমদার।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

বনবিষয়ক।—১৮৮৪ সাল ১১ জুন।—প্রথম শ্রেণীর ডেপুটী বনরক্ষক শ্রীযুত জি, ডব্লিউ, ষ্টেটেল সাহেব ১৮৮৪ সালের ১৩ মের আজ্ঞামতে যে তিন মাসের নিয়মিত ছুটীপান তাঁহার সেই ছুটী গ্রহণের তারিখ অবধি ডেপুটী বনরক্ষক শ্রীযুত জি, এ, রিচার্ডসন সাহেব ডেপুটী বনরক্ষকের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৮ জুন।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এইসংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগণ জিলার অন্তর্গত নৈহাটী মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি আগামি আগষ্ট মাসের ১ তারিখের পর উক্ত মুনিসিপালিটীতে জন্ম মৃত্যু রেজিষ্টরী করণের আদেশ করিবার কল্পনা করিয়াছেন।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৯ জুন।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৮০ সালের বঙ্গীয় ৫ আইনের ১ ধারামতে তাঁহার ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি, পাটনা মুনিসিপালিটীতে উক্ত আইনের বিধান প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ১৩ জুন।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব দ্বারভঙ্গা জিলার অন্তর্গত কারে নদীর কলাণিয়া খেয়াঘাট ১৮৬৯ সালের ৬ আইনের ৩ ধারার ২ প্রকারণমতে সরকারী খেয়াঘাট বলিয়া প্রকাশ করিলেন।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ১৩ জুন।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২৯৯ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি দ্বারভঙ্গা জিলার অন্তর্গত রসেড়া মুনিসিপালিটীর সভ্যগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৯ পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ১৩ জুন।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, হাজারীবাগ মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষকারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১৩ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি, হাজারীবাগ নগরের যে অংশ এতদিন সেনা-

municipality of Hazaribagh, shall be united with the municipality for the purpose of taxation, and for all other purposes of the said Act, unless good reasons be shown to the contrary within one month from the publication of this notification within the municipality.

E. N. BAKER,
Offg. Secretary to the Govt. of Bengal.

DECLARATION.

The 3rd June 1884.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense and for a public purpose, viz. for a post office bungalow at Moheshtala, mouzah Jalkhura, in the district of 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a piece of land measuring 4 cottahs, more or less, of the standard measurement, and bounded on the north and west by Faquir Haldar's land, south by Budge-Budge road, and east by Akra road, is required within the aforesaid mouzah.

2. This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. P. MACDONNELL,
Offg. Secretary to the Govt. of Bengal.

DECLARATION.

The 13th June 1884.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Bansberia Municipality for a public purpose, viz. for widening the Tribeny Ghat road in the village of Tribeny, within the Bansberia Municipality, pergunnah Boro, in the district of Hooghly, it is hereby declared that for the above purpose a piece of land, measuring, more or less, 1 cottah 4 chittacks of standard measurement, is required. The land is bounded on the north by the Tribeny *Banda* Ghat road; on the south by Basudebpur Mozumdar's *Banda* Ghat road; on the east by the pucca houses of Baboo Sashi Bhusan Mazumdar and others: and on the west by the Tribeny Ghat road.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

E. N. BAKER,
Offg. Secretary to the Govt of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 2039 A.

The 6th June 1884.—Baboo Ram Prosonno Roy is appointed to be an Honorary Magistrate for the General Bench at Jehanabad, in the district of Hooghly, and is vested with the powers of a Magistrate of the third class.

The 9th June 1884.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Bench at Howrah, and are vested with the powers of a Magistrate of the third class:—

Mr. William Ammon.
" John Lowther.
" W. John Carter.
" A. W. Kelso.
" C. J. Simmons.
" W. Palmer.
" J. Cartland.
" J. G. Burbridge.
" W. Scott.
" J. Clarke.
" C. Kiernander.
" C. J. L. Fordyce.
" H. Rushton.
" D. Souttar.
Mr. W. Tyrell.
" W. F. Mitchell.
Captain C. G. Smyth.
Mr. P. M. Lowther.
" A. B. Langham.
Baboo Juggut Chunder Gangooly.
" Bhabodayini Churn Mitter.
" Kirti Chunder Banerjee.
" Jogendra Nath Chatterjee.
" Gobind Chunder Haldar.
" Tarini Churn Dass.
Revd. B. C. Ghosh.
Baboo Gooroo Churn Roy Chowdry.
" Dinanath Chatterjee.

[*Government Gazette, 24th June* 1884.]

দীবেশের সীমাভুক্ত আছে ও যাহার চতুঃসীমা চাঙ্গারীবাগ মুনিসিপালিটী সেই অংশ উক্ত আইনমত টাক্স ধার্য্য করণ ও অন্য সকল কার্য্যপক্ষে উক্ত মুনিসিপালিটীর সঙ্গে সংযোগ করা যাইবে বলিয়া আদেশ করিবার কল্পনা করিয়াছেন।

ই, এম, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৩ জুন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত জলপুর মৌজার মহেশতলায় ডাকঘরের জন্যে বাঙ্গলাঘর করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত মৌজায় কষ্টিমতে ন্যূনাধিক ৵৪ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা ফকীর চালদারের জমি, দক্ষিণ সীমা বজবজের পথ, ও পূর্ব্ব সীমা আকড়া পথ।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

এ, পি, মাকডানেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ১৩ জুন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ হুগলী জিলার অন্তর্গত বোর পরগনার হাঁসখেড়িয়া মুনিসিপালিটীর সামিল ত্রিবেণী গ্রামে ত্রিবেণী ঘাটের পথ পরিশর করণার্থে হাঁসখেড়িয়া মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত কষ্টিমতে ন্যূনাধিক ৵১৷ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ত্রিবেণীর হাঁদাঘাটের পথ, দক্ষিণ সীমা বসুদেবপুর মজুমদারের হাঁদা ঘাটের পথ, পূর্ব্ব সীমা ৺ শশীভূষণ মজুমদার প্রভৃতির পাকা বাড়ী, ও পশ্চিম সীমা ত্রিবেণীর ঘাটের পথ।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

ই, এম, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট

২০৩৯A নম্বর।

১৮৮৪ সাল ৬ জুন।—শ্রীযুত বাবু রামপ্রসন্ন রায় হুগলী জিলার অন্তর্গত জাহানাবাদস্থ [illegible] রেখে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮৪ সাল ৯ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা হাবড়া রেখে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।—

শ্রীযুত উলিয়ম আমন সাহেব।
,, জান শৌয়র সাহেব।
,, ডবলিউ জান কাটর সাহেব।
,, এ, ডবলিউ, কেলসো সাহেব।
,, সি, জে, গিমল্স সাহেব।
,, ডবলিউ, পামার সাহেব।
,, জে, কাটলাণ্ড সাহেব।
,, জে, জি, বরব্রিজ সাহেব।
,, ডবলিউ, স্কট সাহেব।
,, জে, ক্লার্ক সাহেব।
,, সি, কিয়রনাণ্ডর সাহেব।
,, সি, জে, এল, ফর্ডাইস সাহেব।
,, এচ, রস্টন সাহেব।
,, ডি, স্কটর সাহেব।

শ্রীযুত ডবলিউ, টাইরেল সাহেব।
,, ডবলিউ এফ, মিচেল সাহেব।
কাপ্তান শ্রীযুত সি, জি, স্মাইথ্ সাহেব।
শ্রীযুত পি, এম, শৌয়র সাহেব।
,, এ, বি, লাড্ডাম সাহেব।
,, বাবু জগচ্চন্দ্র গঙ্গোপাধ্যায়।
,, ,, ভবদায়িনী দেব মিত্র।
,, ,, কীর্ত্তিচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
,, ,, যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়।
,, ,, গোবিন্দচন্দ্র হালদার।
,, ,, তারিণীচরণ দাস।
পাদরী শ্রীযুত বি, সি, ঘোষ।
শ্রীযুত বাবু গুরুচরণ রায়চৌধুরী।
,, ,, দীননাথ চট্টোপাধ্যায়।

Baboo Abinash Chunder Mitter, Second Subordinate Judge of Tirhoot, is allowed leave for twenty-one days, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

Baboo Nil Madhub Banerji, Munsif of Madhubani, Tirhoot, is appointed to act as Subordinate Judge of Tirhoot, during the absence, on leave, of Baboo Abinash Chunder Mitter, or until further orders, with effect from the date on which he joined his appointment.

Baboo Hur Mohun Bose, Second Munsif of Soodharam, in the district of Noakholly, is transferred temporarily to the district of Backergunge, to be ordinarily stationed at Burrisal.

Mr. W. Grindlay, Assistant Magistrate and Collector, Sewan, Sarun, is appointed under the provisions of section 22, Act X of 1882, to act as a Justice of the Peace within the territories under the Lieutenant-Governor's control.

The 11th June 1884.—Baboo Sarat Chunder Chatterjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is vested with the powers of a Magistrate of the third class.

Baboo Nobin Chunder Gangooly, Subordinate Judge of Dacca, is appointed to be Subordinate Judge of Rungpore.

Baboo Mati Lall Sircar, Subordinate Judge of Rungpore, is appointed to be Subordinate Judge of Dacca.

GRANT OF LEAVE TO MUNSIFS.—*The 12th June* 1884.—Baboo Sheo Shankar Sahoy, Munsif of Banka, in the district of Bhagulpore, is allowed leave for six months, under section 130, chapter X of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

Baboo Biraj Krishna Ghose, First Munsif of Cutwa, in the district of Burdwan, is allowed leave for six months, under section 128, chapter X of the Civil Leave Code, with effect from the 12th May 1884.

The 13th June 1884.—Baboo Radha Churn Roy, Second Munsif of Bhola, in the district of Backergunge, is allowed leave for nineteen days, under section 73-1, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 5th June 1884.—In continuation of the notification, dated the 13th August 1883, published at page 713, Part I of the *Calcutta Gazette* of the 22nd idem, which extended Act X of 1882 (the Code of Criminal Procedure) to the Sonthal Pergunnahs, it is hereby notified that, under section 3 of Regulation III of 1872, the Lieutenant-Governor directs that Act III of 1884 (an Act to amend the Code of Criminal Procedure, 1882) shall also have force and effect in those Pergunnahs.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT—BENGAL.

The 16th June 1884.

No. 237.—*Notification.*—Baboo Prosono Coomar Duneary, Assistant Engineer, first grade, reported his return to duty, on the afternoon of the 13th June 1884, from the sick leave granted to him in notification No. 373, dated 3rd November 1883.

No. 238.—*Corrigendum.*—In notification No. 227 of the 11th June 1884, *for* "8th April 1884," *read* "28th April 1884" as the date on which Mr. Finnimore passed the colloquial examination in Hindustani.

G. F. E. S. NEILL, *Major*, M.S.C.,
Under-Secretary to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette*, 24*th June* 1884.]

ত্রিহুতেরদ্বিতীয় সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্র যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে একুশ দিনের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্রের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ত্রিহুতের অন্তর্গত মধুবনির মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব বন্দোপাধ্যায় স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি ত্রিহুতের সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

নওয়াখালী জিলার অন্তর্গত সুধারামের দ্বিতীয় মুনসেফ শ্রীযুক্ত বাবু ভগমোহন বসু কিয়ৎকালের নিমিত্তে বাখরগঞ্জ জিলায় প্রেরিত হইয়া সামানাতঃ বরিশালে অবস্থাপিত হইলেন।

সারণের অন্তর্গত সেওয়ানের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, গ্রিগ্‌সন সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের শাসনাধীন দেশে ১৮৫৯ সালের ১০ আইনের ২৮ ধারার বিধানমতে শান্তিরক্ষার্থ অফিসের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ১৪ জুন।—দিন জপুরের এক্টিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শরচ্চন্দ্র চট্টোপাধ্যায় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

ঢাকার সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু নবীনচন্দ্র গাঙ্গুলীপাধ্যায় রঙ্গপুরের সবর্ডিনেট জজের পদে নিযুক্ত হইলেন।

রঙ্গপুরের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু মতিলাল সরকার চাঁচার সবর্ডিনেট জজের পদে নিযুক্ত হইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৮৪ সাল ১২ জুন।—ভাগলপুর জিলার অন্তর্গত ঝাঁকার মুনসেফ শ্রীযুত বাবু শিবশঙ্কর সহায়, আমোর প্রতি সম্মতি ক্রমে ও গবর্ণমেণ্ট কর্ত্তৃক তাঁহার অধীন সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১৩০ ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

বর্দ্ধমান জিলার অন্তর্গত কাটোয়ার প্রথম মুনসেফ শ্রীযুক্ত বাবু চন্দ্রিকা প্রসন্ন ঘোষ ১৮৮৪ সালের ১২ মে অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১৩০ ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ১৩ জুন।—বাখরগঞ্জ জিলার অন্তর্গত কেওয়ার দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু রাসবিহারী রায় যে তারিখে ছুটী গ্রহণ করেন ও যদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিধির ১০ অধ্যায়ের ৭৩ ধারামতে একুশ দিনের ছুটী পাইলেন।

এফ, বি, পীককে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৮৪ সাল ৫ জুন।—ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের ১০ আইন সাঁওতাল-পরগণায় প্রচলিত করণার্থ ১৮৮৩ সালের ১৩ আগষ্টের যে বিজ্ঞাপন ঐ মাসের ২৮ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৬৮১ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তদতিরিক্ত এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮২ সালের ১০ আইনের ৩ ধারামতে এই আদেশ করিলেন, যে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের ১০ আইন সংশোধনার্থ ১৮৮৪ সালের ৩ আইন ঐ সাঁওতালপরগণায় বলবৎ ও সলবৎও হইবে।

এফ, বি, পীককে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক্ ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৮৪ সাল ১৬ জুন।

২৩৭ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু প্রসন্নকুমার দনিয়ারি পীড়াপ্রযুক্ত ১৮৮৩ সালের ৩ নবেম্বরের ৩২৩ নং বিজ্ঞাপনক্রমে যে ছুটী পান তাহাহইতে ১৮৮৪ সালের ১৩ জুনের অপরাহ্ণে কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করেন।

২৩৮ নম্বর।—অশুদ্ধ শোধন।—১৮৮৪ সালের ১০ জুনের ২২৭ নং বিজ্ঞাপনে শ্রীযুত ফিনিমোর সাহেবের চলিত হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হওনের তারিখ "১৮৮৪ সালের ৮ আপ্রিলের" পরিবর্ত্তে "১৮৮৪ সালের ৮ আপ্রিল" পাঠ করিতে হইবে।

জি, এফ, ই, এস, নীল, মেজর, এম, এস, সি,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ২৪ জুন।]

IRRIGATION.

The 16th June 1884.

No. 239.—*Notification.*—With reference to notification No. 235, dated the 9th instant, published at page 673, Part I of the *Calcutta Gazette* of the 11th idem, it is hereby notified, for general information, that the estimate of the probable cost to be incurred in the repairs and maintenance of the fifty-two miles four hundred feet of the Gunduck tuccavee embankment, and the works connected therewith, in the district of Mozufferpore, during twenty years, commencing from the 1st of April 1883, amounts, at the rate of Rs. 200 per mile per annum, to Rs. 10,415, and that the Lieutenant-Governor proposes, under section 68 of Act II (B.C.) of 1882, to fix the aforesaid total sum of Rs. 10,415 as payable during the said twenty years by the zemindars of the estates benefited by such repairs, maintenance, and works, should no valid objection thereto be preferred.

Any person interested, who desires to object to the abovementioned order, is required to prefer, within three months of the date of its first publication in the *Calcutta Gazette*, such objections as he may think proper to the Collector of Mozufferpore for consideration by the Lieutenant-Governor.

G. F. E. S. NEILL, *Major*, R.S.C.,
Under-Secy. to the Govt. of Bengal, P. W. D.

The 17th June 1884.

No. 240.—*Leave.*—Mr W. H. Nightingale, Executive Engineer, second grade, has been granted by Her Majesty's Secretary of State for India a further extension of three months' furlough.

No. 242.—*Notification.*—Notification No. 228 of the 9th instant, granting Mr. W. H. Marten Deputy Examiner, 15 days' extraordinary leave without allowances, is hereby cancelled.

IRRIGATION.

The 17th June 1884.

No. 243.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for an escape channel from the Kesry distributary, it is hereby declared that for the above purpose a strip of land measuring about one mile and 57 feet in length, and varying from 60 to 120 feet in width, and containing an area of 9 acres 2 roods and 33 poles, more or less, and passing through mouzah Sheopore, pergunnah Behya, is required in the district of Shahabad.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

G. F. E. S. NEILL, *Major*, R.S.C.,
Under-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

জরিপ বিষয়ক।

১৮৮৪ সাল ১৬ জুন।

২৩৯ নম্বর।—বিজ্ঞাপন।—১৮৮৪ সালের জুনমাসের ১৭ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৬৪১ পৃষ্ঠায় প্রকাশিত এই মাসের ৯ তারিখের ২৩৫নং বিজ্ঞাপনোপলক্ষে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এইসংবাদ দেওয়া যাইতেছে যে, মজফরপুর জিলার অন্তর্গত গণ্ডক তাকারী বাঁধের ৫২ মাইল ৪০০ফুট মেরামৎ, রক্ষা ও তৎসংক্রান্ত কার্য্যসম্বন্ধে ১৮৮৩ সালের ১ আপ্রিল অবধি আরম্ভ করিয়া বৎসর২ মাইল প্রতি ২০০৲ টাকার হিসাবে বিশবৎসরে ১০৭৪১৫৲ টাকা ব্যয় সম্ভাবনা, অতএব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭২ সালের বঙ্গীয় ২ আইনের ৬৩ ধারামতে এই স্থির করিবার প্রস্তাব করিতেছেন যে, যুক্তিসিদ্ধ কোন আপত্তি উপস্থিত করা না গেলে উক্ত মেরামৎ, রক্ষা ও কার্য্য-দ্বারা যে২ মহালের জমিদারদের উপকার হইবে ২০ বৎসরে তাঁহাদেরই মোট ঐ ১০,৪১৫ টাকা দিতে হইবে।

স্বার্থবিশিষ্ট কোন ব্যক্তি উক্ত আজ্ঞার উপর আপত্তি করিতে চাহিলে যেরূপ আপত্তি করা উচিত বোধ করেন তাহা কলিকাতা গেজেটে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি তিন মাসের মধ্যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিবেচনার্থে মজফরপুরের কালেক্টর সাহেবের নিকট অর্পণ করিবেন।

জি, এফ, ই, এস, নীল, মেজর এম, এস, সি,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮৪ সাল ১৭ জুন।

২৪০ নম্বর।—ছুটী।—ভারতবর্ষের পক্ষে শ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব দ্বিতীয় শ্রেণীর এক্-সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এচ, নাইটিঙ্গেল সাহেবকে আর তিন মাসের নিয়মিত ছুটী দিয়াছেন।

২৪২ নম্বর।—বিজ্ঞাপন।—ডেপুটী কমিসার পরীক্ষক শ্রীযুত ডবলিউ, এচ, মাটেন সাহেবকে বিনা বেতনে অতিরিক্ত ভাবে পনের দিনের ছুটী দেওন বিষয়ক এই মাসের ৯ তারিখের ২২৮ নং বিজ্ঞাপন এতদ্দ্বারা রহিত করা গেল।

জরিপ বিষয়ক।

১৮৮৪ সাল ১৭ জুন।

২৪৩ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কোম্পি জল বিতরণার্থ নাবা হইতে জল নির্গত হইবার নালার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ১ মাইল ৫৭ ফুট দীর্ঘ ও ১০ অবধি ১২০ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ ক্যুনাধিক ৯ একর ২ রুড ৩৯ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমি শাহাবাদ জিলার অন্তর্গত বিহিয়া পরগণার শিবপুর মৌজার মধ্য দিয়া যায়।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জি, এফ, ই, এস, নীল, মেজর, এম, এস, সি,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৮৪ সাল, ২৪ জুন।

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৯ জুন।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অদ্যকার তারিখ অবধি এক মাসের পর ক্রমান্বয়ে ১৮৭৯ সালের ১ আইনের ৬৭ ধারামত ও সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৬৭ সালের আইনের ৬ ধারামত নিম্নলিখিত দুই বিজ্ঞাপন প্রচার করিবার কল্পনা করিয়াছেন।—

বিজ্ঞাপন।

১৮৭৯ সালের ২০ জুলাইর কলিকাতা গেজেটের ১৭০৫ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৭৯ সালের ১ আইনের ৬৭ ধারামতে নির্দ্দিষ্ট ঔষধের নিঘণ্টু পত্রে নিম্নলিখিত কথা যোগ করিতে হইবে।

৪৩ পংক্তির "পারেগোরিক" শব্দের পর যোগ কর—

ঔষধাদির নাম।	নিম্নলিখিত সংখ্যক পুরুষ ও বালক যে জাহাজে লইয়া যাওয়া যায়, সেই জাহাজে যত লইতে হইবে।					
	১ ঘর। ১০ জন ও তাহার কম।		২ ঘর। ১১ জন অবধি ২০ জন পর্য্যন্ত।		৩ ঘর। ২১ জন ও তদধিক।	
	ইউরোপীয়।	দেশীয়।	ইউরোপীয়।	দেশীয়।	ইউরোপীয়।	দেশীয়।
১৮৮৪ সালের মাসের তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত তারিখের সং বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট প্রকারে মরিচা মিশ্রিত মেসুর রস।	প্রত্যেক জনের জন্য প্রতিদিন এক ঔন্স হিসাবে যত আবশ্যক হয়।	.....	প্রত্যেক জনের জন্য প্রতিদিন এক ঔন্স হিসাবে যত আবশ্যক হয়	.....	প্রত্যেক জনের জন্য প্রতিদিন এক ঔন্স হিসাবে যত আবশ্যক হয়	.....
উপরোক্ত বিজ্ঞাপনের দ্বিতীয় প্রকরণের উল্লিখিত সুরাশূন্য মেসুর রস।	.....	প্রত্যেক জনের জন্য প্রতিদিন এক ঔন্স হিসাবে যত আবশ্যক হয়।	.....	প্রত্যেক জনের জন্য প্রতিদিন এক ঔন্স হিসাবে যত আবশ্যক হয়।	.....	প্রত্যেক জনের জন্য প্রতিদিন এক ঔন্স হিসাবে যত আবশ্যক হয়।

বিজ্ঞাপন।

১৮৭৮ সালের মে মাসের ১৫ তারিখের যে জ্ঞাপনপত্র ১৮৭৮ সালের ২৮ মের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৪৪৫ পৃষ্ঠায় প্রকাশ করা যায়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা রহিত করিয়া সওদাগরী জাহাজ সংক্রান্ত ১৮৬৭ সালের আইনের ৬ ধারার বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে জাহাজের ব্যবহারার্থ নেবু বা নেবুর রস বা রক্তপিত্ত রোগ নিবারণার্থ অন্য দ্রব্য যোগাইবার নিম্নলিখিত সংশোধিত বিধি প্রচলিত করিলেন।

১। জাহাজীয় নাবিকদের কি চড়নদারদের ব্যবহারের জন্যে নেবুর রস আনা গেলে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন ইনস্পেক্টর সাহেব তাহার নমুনা দেখিয়া তাহা ঐ জাহাজের ব্যবহারের উপযুক্ত এই মর্ম্মের সর্টিফিকেটে স্বাক্ষর করিবেন। কিন্তু সেই নেবু রসের এক ঔন্সে নেবুজাত অম্লের ২৫ গ্রেণের অন্যূন আছে ইহা ঐ ইনস্পেক্টরের বোধমতে দেখান যাইতে না পারিলে ঐ সর্টিফিকেট দেওয়া যাইবে না: এবং ঐ নেবুর রস দৃষ্টি হইবার পূর্ব্বে কিম্বা তাহার অব্যবহিত পরে উক্ত ইনস্পেক্টর কিম্বা কষ্টমের উপযুক্ত কার্য্যকারক নিম্নলিখিত ২ ধারায় উল্লিখিত স্থল ভিন্ন যে প্রুফ মদিরা উপযুক্ত ও সুখাদ্য বলিয়া স্বীকার করেন ঐ রসের শতাংশে সেই মদিরার পঞ্চদশাংশ মিশ্রিত করিতে হইবে এবং উক্ত ইনস্পেক্টর কিম্বা কষ্টমের কালেক্টর সাহেব যদ্রূপ বোতলে ভরিয়া ও যদ্রূপ লেবেল দিয়া যে সময়ে যে প্রকারে বন্ধ করিতে আজ্ঞা করেন তদ্রূপে বন্ধ করিতে হইবে, এই সকল না করা গেলে সেই নেবুর রস জাহাজে লইবার উপযুক্ত বলিয়া জ্ঞান হইবে না। পরন্তু ঐ নেবু বা নেবুর রস কোন বাণ্ড হৌসে আনা গেলে ও উক্ত ইনস্পেক্টর কর্ত্তৃক উক্ত প্রকারে গ্রাহ্য হইলে, ঐ মদিরা কিম্বা তাহার যত দিলে শতাংশের রসে ১২ পঞ্চদশাংশ মদিরা হয় তাহা ঐ বাণ্ডহৌসে মিশ্রিত করিয়া দেওয়া যাইতে পারিবে ও তাহার উপর মাসুল লাগিবে না; এবং নেবু বা নেবুর রস মদিরা মিশ্রিত হইয়া সেই প্রকারে লেবল দেওয়া গেলে পর, বাণ্ডহৌস হইতে জাহাজীয় দ্রব্য সমর্পণের কার্য্য প্রতি যে নিয়ম ও কষ্টমের আইনের যে বিধান বর্ত্তে ঐ নেবু বা নেবুর রস কেবল সেই নিয়ম ও বিধানমতে জাহাজীয় দ্রব্য বলিয়া সমর্পণ করণার্থে ঐ বাণ্ডহৌসে রাখা যাইবে।

২। ভিন্নদেশগামী জাহাজে এসিয়ানিবাসী লোক লইয়া গেলে, কলিকাতার বীডন ষ্ট্রীটের ৫ নং বাটীর শ্রীযুত বাবু প্রিয়লাল দের প্রস্তুত সুরাশূন্য নেবুর রস অর্থাৎ সুরা না দিয়া যে নেবুর রস রক্ষিত হয় তাহা উপযুক্ত বলিয়া জ্ঞান করা যাইতে পারিবে। কিন্তু উক্ত জাহাজের এসিয়ানিবাসী নাবিক কি চড়নদারদের ব্যবহারের জন্য উক্ত সুরাশূন্য নেবুর রস আনা গেলে, স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন ইনস্পেক্টর সাহেব তাহার নমুনা দেখিয়া তাহা ঐ জাহাজে ব্যবহারের উপযুক্ত এই মর্ম্মের সর্টিফিকেটে স্বাক্ষর করিবেন। পরন্তু সেই নেবুর রসের এক ঔন্সে নেবুজাত অম্লের ২৫ গ্রেণের অন্যূন আছে, ইহা ঐ ইনস্পেক্টরের বোধমতে দেখান যাইতে না পারিলে ঐ সর্টিফিকেট দেওয়া যাইবে না; এবং উক্ত ইনস্পেক্টর কিম্বা কষ্টমর কালেক্টর সাহেব যদ্রূপ বোতলে ভরিয়া ও যদ্রূপ লেবেল দিয়া যে সময়ে যে প্রকারে বন্ধ করিতে আজ্ঞা করেন, তদ্রূপে বন্ধ করিতে হইবে। এই সকল না করা গেলে, উক্ত সুরাশূন্য নেবুর রস জাহাজে লইবার উপযুক্ত বলিয়া জ্ঞান হইবে না।

৩। জাহাজে নেবুর রস থাকিলে যদি জাহাজের অধ্যক্ষ তাহা শোধন করিবার কিম্বা জাহাজীয় নাবিকদের কি চড়নদারদের ব্যবহারের যোগ্য করিবার নিমিত্ত তাহা জাহাজহইতে নামাইয়া আনিতে ইচ্ছুক হন, তবে তিনি প্রতিজ্ঞাপত্রের নিয়মিত পাঠানুসারে তাহা শোধন করিবার জন্যে নামাইয়া আনিবার নিমিত্তে কষ্টম হৌসে এণ্টর করিবেন এবং; নেবু বা নেবুর রস যে নিয়ম ও যে বিধানমতে বাণ্ডহৌস হইতে একেবারে জাহাজে দেওয়া যায় ঐ নেবু বা নেবুর রস উপযুক্তমতে শোধন করা গেলে ও তদ্বিষয়ে ইনস্পেক্টরের সর্টিফকেট দেওয়া গেলে পর তাহাও সেই নিয়ম ও বিধানমতে জাহাজে পুনশ্চ তুলিয়া দেওয়া যাইতে পারিবে।

৪। নেবুর রস জাহাজীয় দ্রব্য বলিয়া বাণ্ডহৌসহইতে লওয়া গেলে, তাহার উপর যে লেবল থাকে ভিন্নদেশে গমনার্থে জাহাজ যে সময়ে বন্দর ছাড়িয়া যায় সেই সময়াবধি চব্বিশ ঘণ্টা গত না হইলে সেই লেবল স্পর্শ করিতে হইবে না।

এ, পি, মাকডনেল,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল ২৪ জুন।

বষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

সিলেক্ট কমিটীর নিম্নলিখিত প্রথমস্থলীয় রিপোর্ট তাঁহাদের প্রথম সংশোধিত পাণ্ডুলিপি সমেত শ্রীযুত প্রেসিডেণ্ট সাহেবের আজ্ঞাক্রমে সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা গেল।—

বঙ্গদেশে স্থানীয় স্ব-তন্ত্র শাসন প্রণালী বিস্তার করণার্থ আইনের পাণ্ডুলিপি যে সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়, সেই সিলেক্ট কমিটীর মেম্বর আমাদের সম্মুখে যে সংশোধিত পাণ্ডুলিপি উপস্থিত করা হইয়াছে, তাহা বিবেচনা করিয়া দেখিয়া আমরা নিম্নলিখিত প্রথমস্থলীয় রিপোর্ট দিলাম।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৮৩ সালের ৩০ জুলাই তারিখের ১০০৯ নং পত্রে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের যে আজ্ঞা জ্ঞাত করা হইয়াছে, তাহাতে কর্ত্তৃত্ব প্রণালী ছাড়া প্রথম পাণ্ডুলিপির সাধারণ পদ্ধতির কোন অংশ সম্বন্ধে আপত্তি করা হয় নাই এবং সমুদয় ব্যবস্থাটী সম্বন্ধে রাজকর্ম্মচারীদের ও সাধারণ সমিতিদের মত দিতে অদ্যাপি বাকী আছে, এ নিমিত্ত যে সকল ধারায় স্থানীয় কর্ত্তৃপক্ষদের কর্ত্তব্য ও ক্ষমতা সম্বন্ধে ও স্থানীয় তহবীল সম্বন্ধে বিধান আছে সেই সকল ধারার পুনর্বিন্যাস ও যথাযোগ্য ভাবাগত পরিবর্ত্তনের অতিরিক্ত অদ্যাপি অধিক পরিবর্ত্তন সংশোধিত পাণ্ডুলিপিতে করা যায় নাই। কিন্তু সমাহার কমিটী ছাড়া অন্যান্য স্থানীয় কর্ত্তৃপক্ষদের সংগঠন ও কর্ত্তৃত্ব সম্বন্ধে সম্পূর্ণরূপ নূতন ব্যবস্থা করা গিয়াছে।

এই মাত্র শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের যে আজ্ঞার উল্লেখ করা গিয়াছে, তাহাতে এরূপ জিলার কমিটী স্থাপনের কল্পনা আছে, যাহা কর্ত্তৃত্ব করিবে, কার্য্য চালাইবে না। কিন্তু এই সূত্র অবলম্বন করিয়া এরূপ একটী প্রণালী উদ্ভাবন করা সম্ভব বোধ হয় নাই, যাহা এই প্রদেশের সমস্ত স্থানে প্রয়োগ করা যাইতে পারে। কোন২ জিলায় একটী বোর্ড স্থাপিত হইতে পারে, এবং একই স্থানের নিমিত্ত একটী কার্য্য চালাইবার ও একটী কর্ত্তৃত্ব করিবার বোর্ড এইরূপ দুইটী বোর্ড থাকা বাঞ্ছনীয় নহে, ইহা স্পষ্টই বুঝা যাইতেছে। এই নিমিত্ত সংশোধিত পাণ্ডুলিপি প্রণয়ন কালে এই সূত্র অবলম্বন করা গিয়াছে যে, জিলার বোর্ডকেই মূল সমিতি বলিয়া গ্রহণ করা যাইবে। যেখানে স্থানীয় বোর্ড না থাকে, সেখানে উক্ত সমিতি কার্য্য চালাইবেন, যেখানে স্থানীয়বোর্ড থাকে, সেখানে সম্পূর্ণরূপে

A Bill to extend the system of Local Self-Government in Bengal,

বা আংশিকরূপে কর্তৃত্ব করিবেন। আমরা এই সূত্র অনুমোদন করি বলিয়া প্রকাশ করিতে চাহি। পাণ্ডুলিপিতে এইরূপ ব্যবস্থা হইয়াছে যে, প্রত্যেক জিলায় একটী করিয়া জিলা বোর্ড স্থাপিত হইবে, এক বা একাধিক মহকুমায় যতদূর সম্ভব প্রতিনিধি প্রণালীমতে স্থানীয় বোর্ড স্থাপন করা যাইতে পারিবে, এবং যে কোন মহকুমায় অধস্তন সমাহার কমিটী প্রবর্ত্তিত হইয়াছে, তথায় স্থানীয় বোর্ড স্থাপিত করিতেই হইবে; এবং পাণ্ডুলিপিতে জিলা বোর্ডের হস্তে যে সকল বা যে কোন বিষয় ন্যস্ত হইয়াছে, জিলা বোর্ড বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জিলা বোর্ডের সাধারণ কর্তৃত্ব ও দায়িত্বের নিয়মাধীনে তাহা স্থানীয় বোর্ডের কার্য্য নির্ব্বাহের ও কর্তৃত্বের অধীনে হস্তান্তর করিয়া দিতে পারিবেন। স্থানীয় বোর্ডের উপর যে সকল কর্ম্মের ভার অর্পিত হইল, সেই সকল কর্ম্ম করণার্থ সমাহার কমিটী স্থানীয় বোর্ডের এজেণ্টস্বরূপ থাকিবেন, প্রথম পাণ্ডুলিপিতেও এইরূপ বিধান ছিল।

পাণ্ডুলিপিতে বিধান আছে যে, যেখানে স্থানীয় বোর্ড নাই, সেখানে জিলা বোর্ডের সমুদয় সভ্যই নামোল্লেখে নিযুক্ত হইবেন; যেখানে স্থানীয় বোর্ড থাকে, তথায় প্রত্যেক স্থানীয় বোর্ড জিলা বোর্ডে এক বা একাধিক প্রতিনিধি পাঠাইতে পারিবেন; এবং যেখানে জিলার সমুদয় স্থান স্থানীয় বোর্ডের অধীনে থাকে, তথায় জিলা বোর্ডের অন্যূন অর্দ্ধেক সভ্য স্থানীয় বোর্ডের প্রতিনিধি হইবেন। আরও বিধান আছে যে, যে সকল সভ্যকে নামোল্লেখে নিযুক্ত করা যায়, কোন স্থলে তাঁহাদের অর্দ্ধেকের অধিক গবর্ণমেণ্টের অধীন বেতনভোগী পদধারী ব্যক্তি হইবেন না। এই সকল বিধান আমাদের নিতান্ত অভিলষিত বোধ হয়। আমাদের মত এই, যে স্থলে লোকে নির্ব্বাচন স্বত্ব পাইবার উপযুক্ত বোধ হয়, তথায় স্থানীয় বোর্ড স্থাপন করা উচিত; এবং সেখানে নামোল্লেখে নিয়োগ করিয়াও স্থানীয় বোর্ড করা সম্ভব বলিয়া বোধ হয় না, তথায় নির্ব্বাচনমূলে জিলা বোর্ড করিবার চেষ্টা করা উচিত নহে। আমরা আরও বিবেচনা করি যে, যে জিলার সমুদয় স্থানে স্থানীয় বোর্ড স্থাপন করা সম্ভব হইয়াছে, তথায় নির্ব্বিঘ্নে এইরূপ বিধান করা যাইতে পারে যে, জিলা বোর্ডের অর্দ্ধেক সভ্য স্থানীয় বোর্ডের প্রতিনিধি হইবেন। সমুদয় প্রতিনিধি সভ্য সমস্ত নিযুক্ত সভ্যদের বিরুদ্ধ হইয়া দাঁড়াইবেন, ইহা অত্যন্ত অসম্ভব; কিন্তু এরূপ হইলেও সভাপতি আপনার মতদ্বিরা এক দিকের মত প্রবল করিতে পারিবেন; এবং ইহা দৃষ্ট হইবে যে, শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের আজ্ঞানুসারে গবর্ণমেণ্টের এরূপ ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে যে, যে সকল স্থলে আবশ্যক বিবেচনা করেন, সেই সকল স্থলে গবর্ণমেণ্ট সভাপতি নিযুক্ত করিতে পারিবেন। সাধারণের স্বার্থরক্ষার্থ গবর্ণমেণ্টকে প্রত্যক্ষ ও পরোক্ষ ক্ষমতা দেওয়া গেলেও যাহাতে প্রতিনিধি প্রণালীর ব্যভিচার হইতে পারে, এরূপে পাণ্ডুলিপি প্রণয়ন করা আমাদের বিবেচনায় উচিত হইয়াছে। ৫ ধারায় বিধান আছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিলে জিলা বোর্ডের সমুদয় সভ্য নির্ব্বাচিত হইতে পারিবেন; এবং ১৪ ধারামতে ঐরূপ আজ্ঞা হইলে, বোর্ডের সভ্যেরা আপনাদের মধ্য হইতে সভাপতি নির্ব্বাচন করিয়া লইতে পারিবেন।

এইরূপ বিধান করা গিয়াছে, সমাহার কমিটী স্থাপিত হইলে স্থানীয় বোর্ড নির্ব্বাচনমূলে গঠিত হইবে, ঐরূপ কমিটী যে থানায় থাকে, তাহার প্রত্যেক থানা হইতে অন্যূন দুইজন নির্ব্বাচিত হইবেন। কিন্তু এরূপ স্থলে সেন্সল নির্ব্বাচন প্রণালীর প্রয়োগ অধিক রূপ বাঞ্ছনীয় বোধ হয় নাই; সকল স্থানীয় বোর্ডের সভ্য নির্ব্বাচন করণার্থ বিধি প্রণয়ন করিবার ক্ষমতা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে দেওয়া গিয়াছে। এই মর্ম্মের একটী উপবিধান সন্নিবিষ্ট হইয়াছে যে, একবার যে স্থানীয় বোর্ড সম্বন্ধে নির্ব্বাচন প্রণালী প্রবর্ত্তন করা গিয়াছে তথায় নির্ব্বাচকদের অধিকাংশ ব্যক্তি ইচ্ছা প্রকাশ না করিলে, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমতি না দিলে, উক্ত প্রণালীর পরিবর্ত্তে নিয়োগ প্রণালী পুনঃ প্রবর্ত্তিত করা যাইবে না। প্রথম পাণ্ডুলিপির সূত্র অনুসরণ করিয়া সংশোধিত পাণ্ডুলিপিতে স্থানীয় বোর্ডের সভ্যসংখ্যা গবর্ণমেণ্টের নিযুক্ত বেতনভোগী কর্ম্মচারীদের সংখ্যা তৃতীয়াংশের অধিক হইবে না, বলিয়া স্থির করা হইয়াছে, কিন্তু বিশেষ স্থলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই নিয়মের ব্যতিক্রম করিবার অনুমতি দিতে পারিবেন। স্থানীয় বোর্ডের সভ্যেরা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনের অপেক্ষায় আপনাদের সভাপতি নির্ব্বাচন করিতে পারিবেন এবং চূড়ান্তরূপে আপনাদের প্রতিনিধি সভাপতি নির্ব্বাচন করিতে পারিবেন, প্রথম পাণ্ডুলিপিতেও এরূপ বিধান ছিল।

নির্ব্বাচকদের যোগ্যতা বিধিক্রমে ধার্য্য করা যাইবে, আইনের বিশেষ বিধানক্রমে নহে, এইকথা ছাড়া সমাহার কমিটীর সংগঠন সংক্রান্ত বিধানের কোন পরিবর্ত্তন করা যায় নাই।

কর্ম্ম চালাইবার সংক্রান্ত যে সকল বিবিধ ধারা ছিল, তৎপরিবর্ত্তে একটী ধারা করা বাঞ্ছনীয় বোধ হইয়াছে। ঐ ধারায় এতদ্ব্যাপার সংক্রান্ত নানা বিষয়ের বিধান করণার্থ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে ও তাঁহার আজ্ঞাধীনে ভিন্নই বোর্ডকে বিধি প্রণয়ন করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে। দুইটী প্রয়োজনীয় কথা নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে, অর্থাৎ, যেপ্রকারে সভাধিবেশনের নোটিস দেওয়া যাইবে, ও যে উপায়ে ভিন্নমত ও বাদানুবাদ উপযুক্তরূপে লিপিবদ্ধ করা যাইবে। শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের আজ্ঞায় শেষোক্ত বিধান বিশেষ মনোযোগযোগ্য বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে।

আয়ব্যয় সম্বন্ধে দুইটী কথার উল্লেখ করা আবশ্যক। প্রথমটী পথকরের ধার্য্য করা। বর্ত্তমান আইন অনুসারে জিলার পথকমিটীর ঐ ধার্য্য করিবার ক্ষমতা নামে আছে, কিন্তু শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উহা পরিবর্ত্তন করিতে পারেন। একত্র স্থানীয় বোর্ড একত্র পরামর্শ করিয়া ধার্য্য চূড়ান্তরূপে ধার্য্য করিতে পারিবেন

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ২৪ জুন।]

প্রথম পাণ্ডুলিপিতে তাঁহাদের প্রতি এইরূপ ক্ষমতা প্রদত্ত হইয়াছিল। আমাদের মত এই, কেবল অধিকাংশ সভ্যের দ্বারাই এই ক্ষমতা পরিচালিত হওয়া উচিত নহে। এক্ষণে যে হার আদায় হয়, তাহাতে রক্ষণাদি সম্বন্ধে যেটাকা খরচ হয়, এপ্রদেশে বোধহয় এমন কোন জিলা নাই, যেখানে তদপেক্ষা কম টাকা খরচ করা যাইতে পারে। প্রকৃতঃ আমরা জানি যে, বাখরগঞ্জ ছাড়া প্রত্যেক জিলায় অত্যুচ্চহারে পথকর আদায় হইলেও পথের তহবীলে অর্থসাহায্য করণার্থ গবর্ণমেণ্টের নিকট সর্ব্বদা প্রার্থনা করা হয়; বাখরগঞ্জের অবস্থা বিশেষ বিবেচনা করিয়া তথায় এরূপ কর আদায় করা হয় না। কিন্তু যদিও আমরা বিবেচনা করি যে, বর্ত্তমান হার সাধারণতঃ রক্ষা করা উচিত, তথাপি আমরা এরূপ পরামর্শ দিতে প্রস্তুত নহি যে, জিলা বোর্ডের মতানুসারে না হইয়া প্রকারান্তরে ঐ কর দ্বারা ব্যয় করিতে হইবে। এরূপ হইলেও, বোর্ডের অনেক অধিক মত্ত আবশ্যক বিবেচনা না করিলে কোন পরিবর্ত্তন করিতে দেওয়া উচিত নহে। নিম্নতর হারের অনুকূলে সমুদয় বোর্ডের তিন-ভাগের দুইভাগের অনুন সভ্যদের মতানুসারে নির্দ্ধারণ না হইলে, এক্ষণকার প্রচলিত হার কখনই যাইবে না। এই বিধানদ্বারা আমাদের বোধ হয় যে, জিলার স্বার্থ উপযুক্তরূপে সংরক্ষিত হইবে।

দ্বিতীয় কথা কার্য্যতঃ কর্ত্তৃত্ব বিষয়ক। প্রথম পাণ্ডুলিপি অনুসারে ব্যয়ের অনুমানপত্র একেবারে সদর বোর্ডে পাঠাইতে হইত। এক্ষণে প্রস্তাব হইয়াছে, জিলা বোর্ডের অনুমানপত্র জিলার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কমিশনর সাহেবের নিকট পাঠাইতে হইবে, এবং মাজিষ্ট্রেট উক্ত বোর্ডের সভাপতি না হইলে, তিনি যদি বিবেচনা করেন যে উক্ত অনুমানপত্রের কোন বিষয়ে দোষ আছে, তবে উহা পুনর্বিবেচনার্থ ফিরাইয়া দিতে পারিবেন। জিলার অনুমানপত্র সম্বন্ধে কমিশনর সাহেবের আজ্ঞা না লইয়া জিলা বোর্ড যেরূপে উচিত বোধ করেন, স্থানীয় বোর্ডের অনুমানপত্র লইয়া সেইরূপে কার্য্য করিবেন।

পাণ্ডুলিপির তৃতীয় খণ্ড সম্বন্ধে আমরা কোন কথা বলা আবশ্যক বিবেচনা করি না। এখণ্ডে স্থানীয় কর্তৃপক্ষদের কর্ত্তব্য কর্ম্মের ও ক্ষমতার বিধান আছে। কার্য্যের ইনস্পেক্টর নিযুক্ত করণ বিষয়ক আমাদের সহযোগী কমিশনর টেবর সাহেবের প্রস্তাব ছাড়া পাণ্ডুলিপির এখণ্ডে কোন প্রধান পাণ্ডুলিপির ভঙ্গ বিষয়ক বিধান তুলিয়া লওয়া হইয়াছে। উক্ত কার্য্যকারকের বেতন সম্বন্ধে আমরা একমত নহি। আমাদের কেহ কেহ বিবেচনা করেন যে, এক্ষণে জেলার ওভারসিয়রদের বেতন যেরূপে দেওয়া যায়, সেইরূপে বোর্ডসমূহ উক্ত কর্ম্মচারীর বেতন দিবেন। আমাদের অন্য কেহ কেহ বিবেচনা করেন যে, গবর্ণমেণ্টের খরচে তাহাকে রাখা উচিত। সাধারণের পরামর্শার্থে এই বার রাখিতে আমরা স্থির করিয়াছি।

কর্তৃত্ববিষয়ক বিধানগুলি এই মূল সূত্রের উপর স্থাপন করা গিয়াছে যে জিলার মাজিষ্ট্রেট সাহেব জিলা বোর্ডের সভাপতি হইলে সভাপতিস্বরূপ তাঁহার এতদূর কর্ত্তৃত্ব থাকিবে যে, এই প্রকারের বিশেষ ক্ষমতা তাঁহাকে দেওয়া অনাবশ্যক। তিনি জিলা বোর্ডের সভাপতি না হইলে, তাঁর পরিবর্ত্তন করা, কার্য্য স্থগিত রাখিবার এবং অত্যধিকাংশরূপে কার্য্য সম্পাদনের বিধানে যে ক্ষমতা দেওয়া গিয়াছে, তিনি সেই ক্ষমতা ব্যবহার করিতে পারিবেন। তিনি জিলা বোর্ডের সভাপতি হইলে, কমিশনর সাহেব এই সকল ক্ষমতা ক্রমে ক্রমে করিবেন। এই হইলে কমুনিকেশনের বিধান করণার্থও কমিশনর সাহেবের ক্ষমতা থাকিবে। কিন্তু এই সকল ক্ষমতা প্রয়োগকরণার্থে মাজিষ্ট্রেট ও কমিশনর সাহেব যে সকল আজ্ঞা করেন, তাহা আজ্ঞা করিবার হেতু বর্ণনাপূর্ব্বক লিখিত এবং সংপৃক্তযুক্ত স্থানীয় কর্তৃপক্ষ যে কোন কৈফিয়ত দিতে চাহেন, সেই কৈফিয়তের সহিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিকট পেরিত হইবে; এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ আজ্ঞা পরিবর্ত্তন বা রহিত করিতে পারিবেন। স্থানীয় বোর্ডের উপর জিলা বোর্ডেরও ঐরূপ বলপ্রয়োগের ক্ষমতা থাকিবে। যে আজ্ঞা করা যায়, তাহার নকল কমিশনর সাহেবের নিকট পাঠাইতে হইবে; এবং কমিশনর সাহেব তাহাতে সন্তুষ্ট না হইলে, ঐ আজ্ঞা পরিবর্ত্তন বা রহিত করণার্থ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন। আমাদের বোধ হয়, এই সকল বিধানে একটী কার্য্যকর কর্ত্তৃত্বপ্রণালী প্রতিষ্ঠিত হইবে, অথচ স্থানীয় কর্তৃপক্ষদের কার্য্যানুষ্ঠানে অনুচিত হস্তক্ষেপ করা হইবে না।

আমরা এই পরামর্শ দিতে চাই যে, সংশোধিত পাণ্ডুলিপি প্রকাশ করা যাউক, এবং তৎসম্বন্ধে গবর্ণমেণ্টের কর্ম্মচারীদের ও সাধারণ সমিতিদের মত জিজ্ঞাসা করা হউক।

১৮৮৪ সাল, ২৯ মার্চ্চ।

সি, মেকলে।
জি, সি, পল।
এচ, রেনল্ডস।
এস, টি, ট্রেবর।
এচ, বেবর্লি।
হরবংশ সহায়।
চন্দ্রমাধব ঘোষ।

[প্রথমবলীয় সংশোধিত আকারে]

বঙ্গদেশের স্থানীয় স্ব-তন্ত্র শাসন প্রণালী বিস্তার করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে স্থানীয় স্ব-তন্ত্র শাসনপ্রণালী বিস্তার করা বিহিত; অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

উপক্রমণিকা।

নাম।

১ ধারা। এই আইন "বঙ্গদেশের স্থানীয় স্ব-তন্ত্র শাসন বিষয়ক ১৮৮৫ সালের আইন" বলিয়া খ্যাত হইতে পারিবে।

ব্যাপ্তি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের যে সকল ভাগ কলিকাতা নগরের সীমার কিম্বা সিংহভূম, সাঁওতাল পরগণা বা চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশ জিলার অন্তর্গত না হয় কিম্বা যে স্থানে বা নগরে ১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইনের বিধান প্রচলিত হইয়াছে বা ভবিষ্যতে হইবে সেই স্থানের বা নগরের অন্তর্গত নয়, তথায় এই আইন বর্ত্তিবে;

আরম্ভ।

এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্দ্দেশ করেন, সেই তারিখ অবধি এই আইন অন্য কোন জিলায় বা জিলার অংশে প্রচলিত হইবে।

কিন্তু শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক এই আইন অনুমোদিত হইলে পর যে কোন সময়ে এই আইনমতে কোন বিজ্ঞাপন, আজ্ঞা বা বিধি ও কোন পদে নিয়োগ বা কোন নির্ব্বাচন করা যাইতে পারিবে, কিন্তু যাবৎ এই আইন কোন জিলায় বা জিলার অংশে প্রচলিত না হয় তাবৎ তথায় উক্ত বিজ্ঞাপনাদি ফলবৎ হইবে না।

কিন্তু এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশমতে যে কোন সমাহার কমিটী নির্ব্বাচন হয়, তাহা এই আইনের বিধানমতে হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

যে যে আইন রহিত ও সংশোধিত হইল তাহার কথা।

২ ধারা। কোন জিলায় বা জিলার অংশে এই আইন প্রচলিত হইলে প্রথম তফসীলের নির্দ্দিষ্ট আইন উক্ত জিলা বা জিলার অংশ সম্বন্ধে ঐ তফসীলের তৃতীয় ঘরে যতদূর লিখিত হইল ততদূর রহিত হইবে; এবং দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট আইন ঐ তফসীলের তৃতীয় ঘরে যতদূর লিখিত হইল তদ্দূর সংশোধিত হইবে।

কিন্তু উক্ত আইনে যে কোন পদ, ক্ষমতা বা বিষয় উঠাইয়া দেওয়া হয় এই রাহিত্যক্রমে তাহা পুনর্জ্জীবিত হইবে না, কিম্বা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যাহা কিছু করা যায় বা ভোগ হয় অথবা যে কোন স্বত্ব, অধিকার, কর্ত্তব্য বা দায় উৎপন্ন হয়, তাহার সিদ্ধতা সম্বন্ধে কোন ব্যাঘাত হইবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ২৪ জুন।]

এবং ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনমতে কোন পদে যে নিয়োগ করা হইয়া থাকে, তাহা কোন জিলার বা জিলার অংশে এই আইন প্রচলিত হইলে পর তথায় আর বলবৎ থাকিবে না।

শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি বিনা এই আইন সেনানিবেশ স্থানে না চালাইবার কথা।

৩ ধারা। ১ ধারার প্রকারান্তরের কথা থাকিলেও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি পূর্ব্বে না লওয়া গেলে, এই আইন কোন সেনানিবেশ স্থানে ফলবৎ হইবে না।

অর্থ করণের কথা।

৪ ধারা। বিষয়ে বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর প্রকাশ না হইলে, এই আইনে

"কমিশ্যনর সাহেব।"

"কমিশ্যনর সাহেব" শব্দে খণ্ডের কমিশ্যনর সাহেব বুঝাইবে।

"স্থানীয় কর্ত্তৃপক্ষ।"

"স্থানীয় কর্ত্তৃপক্ষ" বলিতে এই আইনমতে সংস্থাপিত কোন জিলা বোর্ড বা স্থানীয় বোর্ড, সম্মিলিত কমিটী, সমাহার কমিটী, কিম্বা সম্মিলিত সমাহার কমিটী বুঝাইবে।

"মুনিসিপল কর্ত্তৃপক্ষ।"

"মুনিসিপল কর্ত্তৃপক্ষ" বলিতে ১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইনের বিধানমতে সংস্থাপিত কোন মুনিসিপালিটীর কমিশ্যনরগণ বুঝাইবে।

"বিজ্ঞাপন।"

"বিজ্ঞাপন" বলিতে কলিকাতা গেজেটে প্রকাশিত বিজ্ঞাপন বুঝাইবে।

"নির্দ্দিষ্ট।"

"নির্দ্দিষ্ট" শব্দে ১৩৩ ধারার মুসাবেদা অনুযায়ী বিধিতে নির্দ্দিষ্ট বুঝাইবে।

"জিলার মাজিষ্ট্রেট।"

"জিলার মাজিষ্ট্রেট" শব্দে জিলার মাজিষ্ট্রেট আপনার অধীন যে কোন মাজিষ্ট্রেটকে এই আইনমত আপনার সমুদয় বা কোন ক্ষমতা অর্পণ করেন, তাঁহাকেও বুঝাইবে।

"গবর্ণমেণ্টের বেতনভোগী কর্ম্মচারী।"

"গবর্ণমেণ্টের বেতনভোগী কর্ম্মচারী" বলিতে গবর্ণমেণ্টের যে কর্ম্মচারী কর্ম্ম হইতে অবসর গ্রহণ করিয়া পেন্সুশ্যন পাইতেছেন, তাঁহাকে বুঝাইবে না।

"বৎসর।"

আপ্রিল মাসের ১ম দিবসে যে বৎসর আরম্ভ হয়, "বৎসর" শব্দে সেই বৎসর বুঝাইবে।

১ম খণ্ড।

আইন সফল করণার্থ কর্ত্তৃপক্ষ বিষয়ক বিধি।

১ম অধ্যায়।

জিলাবোর্ড ও স্থানীয় বোর্ড বিষয়ক বিধি।

ক।—জিলা বোর্ডের ও স্থানীয় বোর্ডের গঠনের কথা।

জিলা বোর্ড ও স্থানীয় বোর্ড সংস্থাপনের কথা।

৫ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিজ্ঞাপন দিয়া প্রত্যেক জিলার নিমিত্ত একটী করিয়া জিলা বোর্ড সংস্থাপন করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বিজ্ঞাপন দিয়া প্রত্যেক জিলার প্রত্যেক মহকুমার কিম্বা দুই বা তদধিক মহকুমা একত্র করিয়া তথায় একটী স্থানীয় বোর্ড সংস্থাপন করিতে পারিবেন, এবং এরূপ কোন বিজ্ঞাপন রহিত বা পরিবর্ত্তন করিতে পারিবেন।

কিন্তু যে কোন মহকুমায় পরবর্ত্তী অধ্যায়ের বিধান প্রচলিত করা গিয়াছে, তথায় স্থানীয় বোর্ড সংস্থাপন করিতেই হইবে।

কোন জিলা বোর্ড যে জিলার নিমিত্ত সংস্থাপিত করা যায়, সেই সমস্ত জিলার উপর এই আইনের পার্শ্ব পক্ষে ঐ বোর্ডের ক্ষমতা থাকিবে; এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বিজ্ঞাপন দিয়া যে কোন বা যে সকল মহকুমা নির্দ্দেশ করেন, তাহার উপর স্থানীয় বোর্ডের ক্ষমতা থাকিবে।

জিলা বোর্ডের গঠনের কথা।

৬ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বিজ্ঞাপন দিয়া এতদর্থে আটজনের অন্যূন যতজন স্থির করিয়া দেন, কোন জিলা বোর্ডের ততজন সভ্য থাকিবেন; এবং তাঁহাদের মধ্যে কেহ নিযুক্ত কেহ নির্ব্বাচিত হইতে পারেন।

কিন্তু কোন জিলায় স্থানীয় বোর্ড না থাকিলে, জিলা বোর্ডের সমস্ত সভ্যই নিযুক্ত সভ্য হইবেন।

কোন জিলায় স্থানীয় বোর্ড সংস্থাপিত হইয়া থাকিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব প্রত্যেক স্থানীয় বোর্ড হইতে সাধ্যমত যতজন প্রতিনিধি পাঠাইবার আদেশ করেন, উক্ত জিলার অন্তর্গত প্রত্যেক স্থানীয় বোর্ডের সভ্যেরা আপন সের মধ্য হইতে ততজন প্রতিনিধি নির্ব্বাচন করিবেন, ও তাঁহারা জিলা বোর্ডের নির্ব্বাচিত সভ্য হইবেন।

কিন্তু কোন জিলার সর্ব্বত্র স্থানীয় বোর্ড সংস্থাপিত হইয়া থাকিলে, যদি ১৪ ধারামতে সভাপতি নিযুক্ত করা যায়, তবে তাঁহাকে না ধরিয়া জিলা বোর্ডের মোট যতজন সভ্য থাকেন, নির্ব্বাচিত সভ্যের সংখ্যা তাহার অর্দ্ধেকের কম হইবে না।

নিযুক্ত সভ্য থাকিলে তাঁহারা, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ নাম বা পদোল্লেখে যে২ ব্যক্তিদিগকে নিযুক্ত করেন, তদ্রূপ ব্যক্তি হইবেন।

কিন্তু নিযুক্ত সভ্যদের অর্দ্ধেকের অধিক গবর্ণমেণ্টের বেতনভোগী কর্ম্মচারী হইবেন না।

স্থানীয় বোর্ড সংস্থাপনের কথা।

৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বিজ্ঞাপন দিয়া এতদর্থে ছয় জনের অন্যূন যত জন স্থির করিয়া দেন, কোন স্থানীয় বোর্ডের তত জন সভ্য থাকিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যেরূপ আদেশ করেন, তদনুসারে তিনি নাম বা পদোল্লেখে সভ্যদিগকে নিযুক্ত করিতে পারিবেন, কিম্বা তদনুসারে এই আইনক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত বিধিমতে তাঁহারা নির্ব্বাচিত হইতে পারিবেন, অথবা কেহ নিযুক্ত ও কেহ নির্ব্বাচিত হইতে পারিবেন।

কিন্তু পরবর্ত্তী অধ্যায়ের বিধানমতে কোন থানায় এক বা একাধিক সমাহার কমিটী সংস্থাপিত হইয়া থাকিলে, ঐ থানা যে মহকুমার অন্তর্গত, সেই মহকুমায় সংস্থাপিত স্থানীয় বোর্ডের সভ্যস্বরূপ কর্ম্ম করণার্থ ঐ থানার নিমিত্ত অন্যূন দুই ব্যক্তি নির্দ্দিষ্ট প্রকারে নির্ব্বাচিত হইবেন।

আর

(ক) সমুদয় বা কিয়দংশ সভ্য নির্ব্বাচিত হইবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এইরূপ আদেশ দিয়া থাকিলে, তিনি পরে ঐ সভ্যদিগকে নিযুক্ত করিবার আজ্ঞা দিবেন না। কিন্তু যদি অধিকাংশ নির্ব্বাচকেরা ঐ আজ্ঞা চাহে বলিয়া প্রকাশ করে, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সাধারণের স্বার্থঘটিত কোন কারণে এরূপ আজ্ঞা করিবার অনুমতি করেন, তাহা হইলে এই বিধি খাটিবে না।

(খ) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন না করিলে, অথবা গবর্ণমেণ্টের বেতনভোগী কর্ম্মচারীরা নির্ব্বাচিত না হইলে, প্রত্যেক বোর্ডের সভ্যদের তিন ভাগের অন্যূন দুই ভাগ গবর্ণমেণ্টের বেতনভোগী কর্ম্মচারী ভিন্ন অন্য ব্যক্তি হইবেন।

(গ) এই ধারার নয় প্রকরণমতে প্রদত্ত আদেশক্রমে কোন বোর্ডের সভ্যের পদ যে স্থলে পূর্ণ করিতে হইবে, সেই স্থলে উপযুক্তসংখ্যক সভ্য নির্ব্বাচন করা না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিয়োগ করিয়া ঐ সকল পদ পূরণ করিতে পারিবেন।

সভ্যের যতকাল পদে থাকিবেন, তাহার কথা।

৮ ধারা। কোন জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের কোন সভ্য কোন পদোল্লেখে নিযুক্ত হইলে যদি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব প্রকারান্তরের আদেশ না করেন, তবে এরূপ আদেশ না হওয়া পর্য্যন্ত যত কাল উক্ত সভ্য ঐ পদে থাকেন, তত কাল উক্ত বোর্ডের সভ্য থাকিবেন।

জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের অন্য সকল নির্ব্বাচিত ও নিযুক্ত সভ্য যতকাল পদে থাকিবেন, তাহা এই আইনমতে প্রণীত বিধিক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিরূপণ করিবেন, এবং উহা এইরূপে নিরূপণ করিবেন, যেন সভ্যদের পর্য্যায়ক্রমে অবসর হয়, কিন্তু উক্তকাল তিন বৎসরের অধিক হইবে না।

কোন সভ্যের পদের কাল অতীত হইলে, তিনি যদি অন্য সকল বিষয় বিবেচনায় যোগ্য হন, তবে তাঁহাকে আবার নির্ব্বাচন বা নিয়োগ করা যাইতে পারিবে।

সভ্যদের পদত্যাগ করিবার কথা।

৯ ধারা। জিলা বোর্ডের সভ্য হইলে আপন পদ ত্যাগ করিবার অভিপ্রায় লিখিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে জানাইয়া এবং স্থানীয় বোর্ডের সভ্য হইলে কমিশনর সাহেবকে জানাইয়া, কোন জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের সভ্য পদ ত্যাগ করিতে পারিবেন, এবং ঐ পদ ত্যাগপত্র শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর কিম্বা কমিশনর সাহেব যথাক্রমে গ্রহণ করিলে, উক্ত সভ্যের পদ শূন্য হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

সভ্যদের পদচ্যুত করণ সম্বন্ধে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ক্ষমতার কথা।

১০ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কোন জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের সভ্যকে নিম্নলিখিত কারণে পদচ্যুত করিতে পারিবেন।—

(ক) যদি উক্ত সভ্য কর্ম্ম করিতে অসম্মত, কিম্বা অক্ষম হন, কিম্বা তাঁহাকে যোত্রহীন বলিয়া প্রকাশ করা যায়, অথবা যদি তাঁহার এরূপ কোন অপরাধের প্রমাণ হয়, কিম্বা তাঁহার প্রতি কোন ফৌজদারী আদালতের এমন কোন আজ্ঞা হয়, যাহাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনায় তাঁহার চরিত্রে এরূপ দোষ থাকা বুঝায় যে, তিনি সভ্য থাকিবার অনুপযুক্ত

(খ) যদি তিনি রাজকার্য্যে নিযুক্ত থাকিবার অযোগ্য বলিয়া বিজ্ঞাপনক্রমে প্রকাশ করা যায়;

(গ) যদি তিনি শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনায় যাহা উপযুক্ত ওজর বলিয়া গণ্য হয়, তদ্রূপ ওজর বিনা বোর্ডের ক্রমাগত তিন অধিবেশনে অনুপস্থিত থাকেন; কিম্বা

(ঘ) তিনি গবর্ণমেণ্টের বেতনভোগী কর্ম্মচারী হইলে, যদি শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনায় তাঁহার স্বীয় পদে থাকা অনাবশ্যক বা অবাঞ্ছনীয় হয়।

নৈমিত্তিক পদ শূন্য পূর্ণ করিবার কথা।

১১ ধারা। কোন জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের কোন নির্ব্বাচিত সভ্যের পদ তাঁহার পদত্যাগ বা পদচ্যুতি ব্যতীত প্রযুক্ত শূন্য হইলে, উক্ত শূন্য পদ পূর্ণকরণার্থ এই আইনমতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত বিধি অনুসারে একজন নূতন সভ্য নির্ব্বাচন করা যাইবে।

কিন্তু এরূপ কোন স্থলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আদেশ করিতে পারিবেন যে, উক্ত শূন্য পদ পূর্ণ করিতে হইবে না।

না-মাল্লেখে নিযুক্ত কোন জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের কোন সভ্যের পদ পূর্ব্বোক্তরূপে শূন্য হইলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উচিত বোধ করিলে উক্ত পদ পূর্ণ করণার্থ এক জন নূতন সভ্য নিযুক্ত করিতে পারিবেন।

নৈমিত্তিক শূন্য পদ পূর্ণ করণার্থে এই ধারামতে কোন ব্যক্তিকে নির্ব্বাচন বা নিযুক্ত করা গেলে, তিনি যে ব্যক্তির পদে অধিষ্ঠিত হন, সেই ব্যক্তি নিয়মিতরূপে যে সময়ে পদ হইতে অবসর গ্রহণ করিতেন, সেই সময় পর্য্যন্ত পদে থাকিবেন, ও সেই সময়ে পদ হইতে অবসর প্রাপ্ত হইবেন, কিন্তু আবার নির্ব্বাচিত বা নিযুক্ত হইতে পারিবেন।

জিলা বোর্ড সমবায়িত হইবার কথা।

১২ ধারা। প্রত্যেক জিলা বোর্ড "অমুক জিলার জিলা বোর্ড" নামে সমবায়িত সমিতি হইবেন, এবং উক্ত বোর্ডের নিয়ত পর্য্যায় ও সাধারণ মোহর থাকিবে, এবং বোর্ড স্থাবর অস্থাবর সম্পত্তি লইতে ও রাখিতে পারিবেন, এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আইনমতে যে বিধি প্রণয়ন করেন তাহার নিয়মাধীনে ঐরূপ কোন হস্তিত সম্পত্তি হস্তান্তর করিতে পারিবেন, এবং এই আইনের কার্য্যপক্ষে অন্য যাহা কিছু আবশ্যক হয়, তজ্জন্য চুক্তি করিতে ও তাহা করিতে পারিবেন, ও বোর্ডের সমবায়িত নাম ধরিয়া তৎপক্ষে ও বিপক্ষে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।

যে সময়ে জিলা ও স্থানীয় বোর্ড প্রতিষ্ঠিত হইবে তাহার কথা।

১৩ ধারা। এতদর্থে বিজ্ঞাপন দিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে সময় ধার্য্য করিয়া দেন, সেই সময়ে এই আইনমতে গঠিত নানা জিলা বোর্ড ও স্থানীয় বোর্ড প্রতিষ্ঠিত হইবে।

সভাপতি ও প্রতিনিধি সভাপতির কথা।

জিলা বোর্ডের সভাপতির কথা।

১৪ ধারা। প্রত্যেক জিলাবোর্ড উপর আধিপত্যকারী একজন সভাপতি থাকিবেন, তাঁহাকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব নিযুক্ত করিতে পারিবেন, অথবা কোন স্থলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আদেশ করিলে, জিলা বোর্ডের সভ্যেরা আপনাদের মধ্য হইতে সভাপতি নির্ব্বাচন করিতে পারিবেন। যাবৎ শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অনুমোদন না করেন, তাবৎ সভাপতির নির্ব্বাচন সিদ্ধ বলিয়া গণ্য হইবে না।

প্রতিনিধি সভাপতির কথা।

১৫ ধারা। প্রত্যেক জিলা বোর্ড আপনাদের সভ্যদের মধ্য হইতে একজনকে প্রতিনিধি সভাপতি নির্ব্বাচন করিবেন।

জিলা বোর্ডের সভাপতি ও প্রতিনিধি সভাপতি যত দিন পদে থাকিবেন, তাঁহার কথা।

১৬ ধারা। সভাপতি নিযুক্ত হইলে এক বৎসর পদে থাকিবেন, কিন্তু তাঁহার পদের কাল অতীত হইলে পুনর্ব্বার নিযুক্ত হইতে পারিবেন। প্রত্যেক নিযুক্ত সভাপতি যত দিন সভাপতি পদে থাকেন ততদিন উক্ত বোর্ডের সভ্য বলিয়া গণ্য হইবেন।

কোন জিলা বোর্ডের সভাপতি বা প্রতিনিধি সভাপতি নির্ব্বাচিত হইলে, তিনি আর যত কাল উক্ত বোর্ডের সভ্য থাকেন, তত কাল উক্ত পদে থাকিবেন।

স্থানীয় বোর্ডের সভাপতির কথা।

১৭ ধারা। প্রত্যেক স্থানীয় বোর্ড সময়ে২ আপনাদের সভ্যদের এক জনকে সভাপতি নির্ব্বাচন করিবেন। যাবৎ শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অনুমোদন না করেন, তাবৎ সভাপতির নির্ব্বাচন সিদ্ধ বলিয়া জ্ঞান হইবে না।

কোন সভাপতি আর যত কাল উক্ত বোর্ডের সভ্য থাকেন, তত কাল সভাপতি পদে থাকিবেন।

প্রতিনিধি সভাপতির কথা।

১৮ ধারা। প্রত্যেক স্থানীয় বোর্ড সময়ে২ আপনাদের সভ্যদের মধ্যে হইতে এক জনকে প্রতিনিধি সভাপতি নির্ব্বাচন করিবেন। তিনি আর যত কাল উক্ত বোর্ডের সভ্য থাকেন, তত কাল ঐ পদে থাকিবেন।

জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের সভাপতি ও প্রতিনিধি সভাপতির পদ ত্যাগ করিবার কথা।

১৯ ধারা। কোন জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের সভাপতি আপনার পদ ত্যাগ করিবার অভিপ্রায় লিখিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে জানাইয়া পদ ত্যাগ করিতে পারিবেন; এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ পদত্যাগপত্র গ্রহণ করিলে, তাঁহার পদ শূন্য হইয়াছে বলিয়া জ্ঞান হইবে। কোন জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের প্রতিনিধি সভাপতি আপনার পদ ত্যাগ করিবার অভিপ্রায় লিখিয়া উক্ত বোর্ডকে জানাইয়া পদ ত্যাগ করিতে পারিবেন, এবং ঐ পদত্যাগপত্র গৃহীত হইলে, তাঁহার পদ শূন্য হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

জিলা বোর্ডের ও স্থানীয় বোর্ডের সভাপতি ও প্রতিনিধি সভাপতিকে পদচ্যুত করিবার কথা।

২০ ধারা। কোন জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের সভাপতি যদি কর্ম্ম করিতে অসমর্থ বা অক্ষম হন, অথবা যদি তাঁহাতে দোষার্হতা বলিয়া প্রকাশ করা যায়, কিম্বা যদি তাঁহার এরূপ কোন অপরাধের প্রমাণ হয়, কিম্বা তাঁহার প্রতি ফৌজদারী আদালতের এরূপ কোন আজ্ঞা হয়, যাহাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিবেচনায় তাঁহার চরিত্রে এরূপ দোষ থাকা বুঝায় যে, তিনি সভাপতি হইবার অনুপযুক্ত, কিম্বা যদি বোর্ডের প্রার্থনামতে দেখা যায় যে, তিনি ক্রমাগত সভাপতির কার্য্যে অবহেলা করিয়াছেন, তবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাঁহাকে পদচ্যুত করিতে পারিবেন।

কোন জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের প্রতিনিধি সভাপতি যদি কর্ম্ম করিতে অসমর্থ বা অক্ষম হন, কিম্বা যদি তাঁহাকে দোষার্হ বলিয়া প্রকাশ করা যায়, অথবা যদি তাঁহার এরূপ কোন অপরাধের প্রমাণ হয়, কিম্বা তাঁহার প্রতি ফৌজদারী আদালতের এরূপ কোন আজ্ঞা হয়, যাহাতে উক্ত বোর্ডের বিবেচনায় তাঁহার চরিত্রে এরূপ দোষ থাকা বুঝায় যে তিনি প্রতিনিধি সভাপতি হইবার অনুপযুক্ত, কিম্বা যদি তিনি ক্রমাগত সভাপতির কার্য্যে অবহেলা করেন, তবে উক্ত বোর্ড তাঁহাকে পদচ্যুত করিতে পারিবেন।

জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের সভাপতির বা প্রতিনিধি সভাপতির পদ কোন কারণে শূন্য হইবার কথা।

২১ ধারা। কোন জিলা বোর্ডের নির্ব্বাচিত সভাপতি কিম্বা কোন স্থানীয় বোর্ডের সভাপতি কিম্বা কোন জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের প্রতিনিধি সভাপতি মরিলে, পদ ত্যাগ করিলে, পদচ্যুত হইলে, কিম্বা কর্ম্ম করিতে অক্ষম হইলে, উক্ত বোর্ড নির্দ্দিষ্ট সময়ের মধ্যে এতদর্থে বিশেষ সভা করিয়া আপনাদের এক জন সভ্যকে স্থলবিশেষে সভাপতি বা প্রতিনিধি সভাপতি নির্ব্বাচন করিবেন।

নৈমিত্তিক শূন্যপদ পূর্ণ করণার্থ এই ধারামতে নির্ব্বাচিত সভাপতি বা প্রতিনিধি সভাপতি আর যত কাল উক্ত বোর্ডের সভ্য থাকেন, ততকাল ঐ পদে থাকিবেন।

কোন জিলা বোর্ডের নিযুক্ত সভাপতি মরিলে, পদ ত্যাগ করিলে, পদচ্যুত হইলে কিম্বা কর্ম্ম করিতে অক্ষম হইলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আর এক জন সভাপতি নিযুক্ত করিতে পারিবেন।

সম্মিলিত কমিটীর কথা।

সম্মিলিত কমিটীর কথা।

২২ ধারা। কোন জিলা বোর্ড অন্য এক বা অধিক জিলা বোর্ড, মুনিসিপাল কমিটী কিম্বা নেসানিবেশ স্থানের কর্ত্তৃপক্ষদের সহিত একমত হইয়া যাহাতে তাঁহাদের সংসৃষ্ট স্বার্থ থাকে, এরূপ কোন কার্য্যের নিমিত্ত আপনার দল হইতে সম্মিলিত কমিটী নিযুক্ত করিতে এবং সম্পর্কযুক্ত বোর্ড, কমিটী বা কর্ত্তৃপক্ষ যে কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিতেন, উক্ত সম্মিলিত কমিটীর প্রতি সেই ক্ষমতা অর্পণ করিতে, ও সম্মিলিত কমিটীর কার্য্যপ্রণালী সম্বন্ধে ও সম্মিলিত কমিটী যে কার্য্যের নিমিত্ত নিযুক্ত হন, সেই কার্য্যসম্পাদন উহাঁদের চালাইবার সম্বন্ধে বিধান প্রস্তুত ও পরিবর্ত্তন করিতে পারিবেন।

কর্ম্ম চালাই বার কথা।

কার্য্য বিবরণ লিপিবদ্ধ ও প্রকাশ করিবার কথা।

২৩ ধারা। জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের প্রত্যেক সভার কার্য্য বিবরণের সংক্ষিপ্তলিপি লিখিয়া তদর্থে রক্ষিত একখানী বহীতে লিপিবদ্ধ করিতে হইবে, এবং ঐ সভার সভাপতি তাহাতে স্বাক্ষর করিবেন, ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যে প্রকারে প্রকাশ করিবার আজ্ঞা করেন, সেই প্রকারে তাহা প্রকাশ করা যাইবে; এবং উক্ত বোর্ডের ক্ষমতাধীন স্থানে যে কোন ব্যক্তি বাস করেন, কিম্বা ভূমির মালিক বা ভোগাধিকারী হন, তাঁহারা যুক্তিসিদ্ধ সকল সময়ে কোন ফী না দিয়া ঐ সংক্ষিপ্ত লিপি দেখিতে পারিবেন।

কোন স্থানীয় বোর্ড সভাগত হইয়া যে কোন নির্দ্ধারণ করেন, তাহার প্রতিলিপি সভা হইবার তারিখ অবধি তিন দিনের মধ্যে জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইতে হইবে।

কোন জিলা বোর্ড সভাগত হইয়া যে কোন নির্দ্ধারণ করেন, তাহার প্রতিলিপি সভা হইবার তারিখ অবধি তিন দিনের মধ্যে জিলার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কমিশনর সাহেবের নিকট পাঠাইতে হইবে।

কার্য্যাদি সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

২৪ ধারা। প্রত্যেক জিলা বোর্ড ও স্থানীয় বোর্ড নিম্নলিখিত বিষয়ের বিধি প্রণয়ন করিতে পারিবেন।—

(ক) যে স্থানে যে সময়ে সভা হইবে, সভা যে কার্য্য হইবে, এবং সভা করিবার নোটিস যে প্রকারে দেওয়া যাইবে, ইহার বিধি;

(খ) সভার কার্য্য চালাইবার, সমস্ত বিষয়ক ও বাদানুবাদ উপযুক্তরূপে লিপিবদ্ধ করিবার ও সভার দিনান্তর নিরূপণ করিবার বিধি;

(গ) সাধারণ মোহর যেরূপ হেফাজতে থাকিবে ও যে২ কার্য্যের নিমিত্ত ব্যবহৃত হইবে, তাহার বিধি ;

(ঘ) সভ্যদের মধ্যে কার্য্য বিভাগের বিধি ;

(ঙ) সভাপতি বা প্রতিনিধি সভাপতি কিম্বা যে সব-কমিটী বা সভ্যদের প্রতি বিশেষ কর্ম্মের ভার অর্পণ করা গিয়াছে, তাঁহারা যে২ ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন, তদ্বিষয়ের বিধি ;

(চ) এই আইনমতে যে টাকা পাওয়া যায়, তাহার রসীদ যে ব্যক্তিরা দিবেন, তদ্বিষয়ের বিধি ;

(ছ) বোর্ডের কর্ম্মচারী ও চাকরদের কর্ত্তব্য কর্ম্ম, নিয়োগ, ছুটী, স্থগিত করণ ও পদচ্যুত করণ বিষয়ের বিধি ; এবং

(জ) ঐরূপ অন্যান্য বিষয়ের বিধি।

কিন্তু কোন স্থানীয় বোর্ড এই ধারামতে যে কোন বিধি প্রণয়ন করেন, তাহা জিলা বোর্ডের দৃঢ়ীকরণ-সাপেক্ষ থাকিবে।

আর এই ধারামতে যে প্রত্যেক বিধি প্রণয়ন করা যায়, তাহা এই আইনের সহিত এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আইনমতে যে কোন বিধি প্রণয়ন করেন, তাহার সহিত সঙ্গত হইবে ; এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে প্রকারে প্রকাশ করিবার আদেশ করেন, সেই প্রকারে প্রকাশ করা যাইবে।

মেহেন্তর কথা।

মেহেন্তর ও বেতন যেরূপে স্থির করিতে হইবে তাহার কথা।

২৫ ধারা। কোন জিলা বোর্ড কিম্বা পশ্চাল্লিখিত-মতে নিযুক্ত কোন সমিতি ঐ জিলা বোর্ড যে সকল কর্ম্মচারী, মেহেন্তী ও চাকর নিযুক্ত করিবেন তাহাদের মেহেন্তা সম্বন্ধীয় বিস্তারিত বিবরণ এবং প্রকৃপ প্রত্যেক কর্ম্মচারী মেহেন্তী ও চাকরকে যে বেতন দিতে হইবে তাহা জিলা বোর্ড পশ্চাল্লিখিত বিধানের নিয়মানুসারে স্থির করিতে ও সময়ে২ পরিবর্ত্তন করিতে পারিবেন। কিন্তু

(১) কমিশনর সাহেবের সম্মতি বিনা একশত টাকার অধিক মাসিক বেতনের কোন পদ সৃষ্টি করা বা উঠাইয়া দেওয়া যাইবে না, এবং এরূপ পদে প্রত্যেক নিয়োগ ও পদচ্যুতি কমিশনর সাহেবের দৃঢ়ীকরণ-সাপেক্ষ থাকিবে ;

(২) ৭ম খণ্ডের ৩, ৮ ও ৯ পরিচ্ছেদের কার্য্য সম্পর্কে কোন জিলা বোর্ড যে মেহেন্তা বেতন ও ভরণ সমষ্টি, উক্ত বোর্ডের সাধারণ মেহেন্তার খরচের উপযুক্ত অংশ সমেত, পূর্ব্ব-কার বা উক্ত বৎসরে বোর্ডে যে টাকা খরচ করিতে পারেন তাহার শতকরা ২১ টাকার অধিক হইবে না।

(৩) কর্ম্মকাজ্ঞীদিগের যেরূপ যোগ্যতা থাকা আবশ্যক তদ্বিষয়ে কখন২ লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়২ যে সকল সাধারণ বিধি নির্দ্দেশ করেন, প্রত্যেক জিলা বোর্ডের তদনুসারে চলিতে হইবে।

কর্ম্মচারীদের ছুটীর কথা।

২৬ ধারা। জিলা বোর্ড পূর্ব্ব ধারার বিধানের নিয়-সাধীনে আপনাদের কর্ম্মচারী ও চাকরদের সম্বন্ধে সময়ে২ যেরূপ উচিত বোধ করেন ছুটী ও ছুটীকালীন বৃত্তি বিষয়ে সেইরূপ বিধি প্রণয়ন করিবেন।

পেন্‌শান ও পারিতো-ষিক ইত্যাদির কথা।

২৭ ধারা। জিলা বোর্ড আপনাদের কর্ম্মচারী ও চাকরদিগকে জিলার তহবীল হইতে যে পেন্‌শান ও পারিতোষিক দিতে হইবে, কমিশনর সাহেবের অনুমোদন লইয়া তাহার বিধি করিতে পারিবেন, ও সময়ে২ ঐরূপ অনুমোদন লইয়া উক্ত বিধি রহিত, পরিবর্ত্তিত বা পরিবর্দ্ধিত করিতে পারিবেন।

কিন্তু কোন কর্ম্মচারী যে সময়ে জিলা বোর্ডের অধীনে কর্ম্ম করিতেন না, সেই সময় সম্বন্ধে উক্ত জিলার তহবীল হইতে এই আইনমতে কোন পেন্‌শান বা পারিতোষিক পাইবার অধিকারী হইবেন না।

আর গবর্ণমেণ্টের প্রদত্ত যে কোন কর্ম্মচারী কোন পেন্‌শান ফণ্ডে আপনার বেতনের কিয়দংশ দেন, তিনি জিলার তহবীল হইতে কোন পেন্‌শানের দাওয়া করিবার অধিকারী হইবেন না।

২য় অধ্যায়।

সমাহার কমিটীর কথা।

এই অধ্যায়ের কার্য্য-চলনের কথা।

২৮ ধারা। এই অধ্যায়ের কোন বিধান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তদর্থে বিজ্ঞাপন দিয়া কোন জিলায় বা জিলার অংশে স্পষ্টতঃ প্রচলিত না করিলে, যতদিন প্রচলিত করা না যায় ততদিন বিরত না।

সমাহারক্ষেত্রনির্ণয়ের কথা।

২৯ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব প্রত্যেক জিলায় স্থানীয় স্ব-তন্ত্র শাসনের কার্য্যপক্ষে লিখিত আজ্ঞা দিয়া কোন গ্রাম বা কতকগুলি গ্রাম লইয়া সমাহার করিতে পারিবেন।

এই ধারামতে যে কোন আজ্ঞা করা যায়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ লিখিত আজ্ঞা দিয়া তাহা পরিবর্ত্তন বা রহিত করিতে পারিবেন।

সমাহারকমিটীর কথা।

৩০ ধারা। প্রত্যেক সমাহারে সমাহার কমিটী নামে একটী সমিতি স্থাপন করিতে হইবে। উক্ত সমাহার স্থাপনের আদ্য সময়ে যত জন নির্দ্দিষ্ট থাকে উক্ত কমিটীতে পাঁচ জনের কমুন ও নয় জনের অনধিক তত জন সভ্য থাকিবেন।

সমাহার কমিটীর সভ্য-দের নির্ব্বাচনের কথা।

৩১ ধারা। পশ্চাল্লিখিত বিধানের স্থল ছাড়া প্রত্যেক সমাহারের সমাহার কমিটীর সভ্যেরা এই আইনমতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত বিধি অনুসারে নির্ব্বাচিত হইবেন।

নির্ব্বাচন না করিলে নিয়োগের কথা।

৩২ ধারা। কোন সমাচারের নির্ব্বাচকেরা উক্ত সমাচারের কমিটীর জন্য যত জন সভ্য নির্দ্দিষ্ট থাকে তত জন সভ্য নির্ব্বাচন না করিলে, কমিশনর সাহেব জিলার মজিষ্ট্রেট সাহেবের প্রতি পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট সংখ্যা পূরণ করণার্থ এক কিম্বা অধিক জন সভ্যের নাম দিতে আদেশ করিবেন, এবং কমিশনর সাহেব উক্ত নাম বা নামগুলি গ্রহণ করিয়া নিম্নোল্লিখিত ব্যক্তিকে বা ব্যক্তিদিগকে উক্ত কমিটীর সভ্যের পদে নিযুক্ত করিবেন।

নির্ব্বাচনের পরিবর্ত্তে নিয়োগের কথা।

৩৩ ধারা। এই আইনে প্রকারান্তরের কথা থাকিলেও নিযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব লিখিত ঘোষণা দিয়া এই আইনের নির্দ্দিষ্ট কিছু বিশেষ করিয়া এরূপ আদেশ করিতে পারিবেন যে, কোন সমাচার যে জিলায় থাকে সেই সমাচারের কমিটী সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের মনোনীত এবং সভ্য সংখ্যা সম্পূর্ণ বা অংশতঃ গঠিত হইবে। তাহা হইলে উক্ত মাজিষ্ট্রেট সাহেব ঐ আদেশে আদেশ অনুসারে এক বা অধিক ব্যক্তির নাম দিবেন, এবং কমিশনর সাহেব উক্ত ব্যক্তিকে বা ব্যক্তিদিগকে উক্ত সমাচার কমিটীর সভ্যের পদে নিযুক্ত করিবেন।

বর্ত্তমান সভ্যদিগের কার্য্য করণের কথা।

৩৪ ধারা। সমাচার কমিটীর সভ্যের দুই বৎসরের অধিক নিয়োগের কথা থাকিলে বিশেষে। নিযুক্ত হওয়ার উক্ত কালের পর ঐ কমিটীর সভ্য থাকেন না, কিন্তু পুনর্ব্বার নির্ব্বাচিত বা নিযুক্ত হইতে পারিবেন।

কিন্তু ইহার পরবর্ত্তী ধারামত নির্ব্বাচন বা নিয়োগ ইলে, উক্ত দুই বৎসর কাল বলিতে দুই বৎসর অবসান অবধি পরবর্ত্তী নির্ব্বাচন বা নিয়োগের তারিখ পর্য্যন্ত কাল ও গণ্য হইবে।

ইচ্ছাপূর্ব্বক নিযুক্ত না হইবার কথা।

৩৫ ধারা। সমাচার কমিটীর কোন সভ্য মরিলে বা পদত্যাগ করিলে পূর্ব্বোক্ত প্রকারে তাঁহার উত্তরাধিকারী অবিলম্বে নির্ব্বাচিত বা নিযুক্ত হইবেন; এবং যে সভ্য মরিয়াছেন বা পদ ত্যাগ করিয়াছেন, কিম্বা যে সভ্য নির্ব্বাচিত বা নিযুক্ত হইয়াছিলেন, কেবল এই কারণের অব্যবহিতপরে নির্দ্দিষ্ট উক্ত উত্তরাধিকারী ঐ কমিটীর সভ্য থাকিবেন।

কমিটীর সভ্যের ভিন্ন ভিন্ন বর্ষের দুই ভাগের অনূন ব্যক্তিদের নিযুক্তি ঐ দুই বর্ষের অনুরূপে নিজ্জীব না হইলে, যে হারে ধার্য্য করা যায়, তাহা উক্ত জিলায় যে সময়ে এই আইন প্রবল হয়, সেই সময়ের প্রচলিত হার অপেক্ষা ন্যূনতর হইবে না।

কমিশনর সাহেবের নিকট অনুধাবনপত্র ইত্যাদি দাখিল করিবার কথা।

৩৬ ধারা। প্রত্যেক জিলা বোর্ড নির্দ্দিষ্ট তারিখে বা তৎপূর্ব্বে জিলার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কমিশনর সাহেবের নিকট

(১) আগামী বৎসর জিলা বোর্ডের যাহার প্রয়োজন হইবে তাহার অনুমানপত্র,

(২) তদীয় পূর্ব্ব বিশেষের রিপোর্ট,

(৩) ৩৫ বৎসরের ব্যয়ব্যয়ের হিসাব,

এই কমিশনর সাহেব সময়ের অন্যান্য যে সকল রিপোর্ট চাহেন, সময়ে তাহা পাঠাইবেন।

আপনার দল হইতে সম্মিলিত কমিটী নিয়োগ করিতে এবং কোন সমাচার কমিটী যে কোন ক্ষমতামতে কার্য্য করিতে পারেন উক্ত সম্মিলিত কমিটীর প্রতি সেই ক্ষমতা অর্পণ করিতে এবং উক্ত সম্মিলিত কমিটীর কার্য্যপ্রণালী সম্বন্ধীয় বিধান প্রস্তুত বা পরিবর্ত্তন করিতে সম্মত হইতে পারিবেন।

এই ধারামতে যে কোন সম্মিলিত সমাচার কমিটী নিযুক্ত হয় স্থানীয় বোর্ড তাহার সহিত আপনাদের দুই জনের অনধিক সভ্য সংযুক্ত করিতে পারিবেন।

এই ধারামতে কর্ম্মকারী দুই বা তদধিক সমাচার কমিটীর মধ্যে কোন বিবাদ উত্থিত হইলে, তদ্বিষয়ে স্থানীয় বোর্ডের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

২য় খণ্ড।

আদেশ বিষয়ক বিধি।

নিয়োগ।

বর্ত্তমান স্থানীয় কমিটী ভিন্ন নূতন স্থানীয় কমিটীর নিয়োগের কথা।

৩৭ ধারা। প্রভুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কোন জিলার কোন অংশের জন্য এই অধ্যায় প্রবর্ত্তিত করিবার আজ্ঞায় এরূপ আদেশ করিতে পারিবেন যে, তৎকালে উক্ত জিলায় বা জিলার আদেশ যে কোন স্থানে কমিটী থাকে তদ্ভিন্ন আপত্ত তদ্বীয়ের সমুদয় বা কোন অংশ এই আইনমতে স্থাপিত স্থানীয় কমিটীর প্রতি উক্ত স্থানীয় কমিটী স্থাপিত হওয়ামাত্র ন্যস্ত হইবে।

নূতন স্থানীয় কমিটীর কার্য্যকরণের কথা।

৩৮ ধারা। পরবর্ত্তী জিলা যে তারিখে পরবর্ত্তী অধ্যায় হইতে তাহা রহিত করণার্থ কোন আদেশ প্রতিসংহরণ নির্দ্দিষ্ট দিনে বা তৎপূর্ব্বে সভা করিবেন।

কিন্তু সমস্ত জিলা বোর্ডের ভিন্ন ভিন্ন বর্ষের দুই ভাগের অনূন ব্যক্তিদের নিযুক্তি ঐ দুই বর্ষের অনুরূপে নিজ্জীব না হইলে, যে হারে ধার্য্য করা যায়, তাহা উক্ত জিলায় যে সময়ে এই আইন প্রবল হয়, সেই সময়ের প্রচলিত হার অপেক্ষা ন্যূনতর হইবে না।

জিলার মাজিষ্ট্রেট সাহেব উক্ত বোর্ডের সভাপতি না হইলে, নির্দ্দিষ্ট তারিখে বা তৎপূর্ব্বে প্রয়োজনের বর্ণনা-পত্র ও অনুমানপত্র অনুমোদন করেন কি না করেন ইহা লিখিয়া উক্ত বোর্ডকে জানাইবেন। বেতন ও কার্য্য প্রভৃতিতে যে খরচ করিবার প্রস্তাব হয়, তাহা অপ্রচুর বা অত্যধিক বোধ হয়, অথবা কোন বিশেষ বিবরণ ভ্রান্তিমূলক, দোষযুক্ত বা অনুচিত বোধ হয়, এই হেতু ধরিয়া তিনি প্রয়োজনের বর্ণনাপত্র ও অনুমানপত্র অনুমোদন না করিলে, তাঁহার আপত্তির ভাব নির্দ্দেশ করিবেন। তাহা হইলে বোর্ড তাঁহার আপত্তি বিবেচনা করিয়া দেখিবেন এবং প্রয়োজনের বর্ণনাপত্র ও অনুমানপত্র পরিবর্ত্তন করিতে পারিবেন, অথবা যে কারণে উক্ত বর্ণনাপত্র ও অনুমানপত্র বজায় রাখিতে চাহেন তাহা লিখিয়া জানাইতে পারিবেন।

এই ধারামতে যে কোন অনুমানপত্র প্রস্তুত করা যায়, তাহা কমিশনর সাহেবের অনুমোদনসাপেক্ষ থাকিবে, এবং ৪০ ও ৪১ ধারার বিধান মানিয়া কমিশনর সাহেব ঐ অনুমানপত্র সংশোধন বা পরিবর্ত্তন করিতে পারিবেন।

সভায় জিলা বোর্ডের উপস্থিত সভ্যদের দুই তৃতীয়াংশের দ্বারা অনুমানপত্র অনুমোদিত হইল কি না তাহা নির্ণয় করা প্রণালী কথা।

৪০ ধারা। ঐ অনুমানপত্র যে সভায় গ্রাহ্য হয়, সেই সভায় জিলা বোর্ডের উপস্থিত সভ্যদের দুই তৃতীয়াংশের দ্বারা ঐ অনুমানপত্র অনুমোদিত হইলে কমিশনর সাহেব ঐ অনুমানপত্র অনুমোদন করিবার পূর্ব্বে উহার বিস্তারিত দফার বা মোটের উপর যেরূপ পরিবর্ত্তন করা উচিত বোধ করেন, করিতে পারিবেন, অথবা এরূপ বিস্তারিত কথায় বা মোটের উপর ঐরূপ কোন পরিবর্ত্তন করিবার আদেশ করিয়া জিলা বোর্ডে ঐ অনুমানপত্র ফিরাইয়া দিতে পারিবেন।

কিন্তু জিলা বোর্ড ৮৮ ধারামতে ঐ বৎসরের নিমিত্ত যে টোল নির্দ্ধারণ করিয়া থাকেন, তাহা ধার্য্য করা হইলে, ঐ বৎসর অন্য কোন বিষয়ে জিলা বোর্ডের হাতে মোট যত টাকা থাকিবার কথা, উক্ত অনুমানপত্রে তাহা অপেক্ষা অধিক হইয়া উঠে, কমিশনর সাহেব কিন্তু বোর্ডের সভাপতি ব্যতিরেকে এমন কোন পরিবর্ত্তন করিবেন না, যাহাতে বোর্ডকে বাধ্য হইয়া টোল বসাইতে হয়।

[illegible] পরিবর্ত্তন করিতে প্রস্তুত হইলে, কমিশনর সাহেবের নিকট পুনর্ব্বার অনুমান করিতে হইবে। তৎপরেই তিনি জিলা বোর্ডের এরূপ অনুমানপত্র অনুমোদন করেন।

স্থানীয় বোর্ডের অনুমান ইউনিয়নে বসিবার অনুমানপত্র অনুমোদিত হইলে কার্য্যপ্রণালীর কথা

৪১ ধারা। (১) ৩৯ ধারামতে প্রস্তুত করা কোন অনুমানপত্র যে সভায় গ্রাহ্য হয় সেই সভায় জিলা বোর্ডের উপস্থিত সভ্যদের দুই তৃতীয়াংশের অনুমান সংখ্যা দ্বারা ঐ অনুমানপত্র অনুমোদিত হইলে কমিশনর সাহেব ঐ অনুমানপত্র অনুমোদন করিবার পূর্ব্বে উহার বিস্তারিত দফার বা মোটের উপর যেরূপ পরিবর্ত্তন করা উচিত বোধ করেন, সেইরূপ পরিবর্ত্তন করিতে পারিবেন। তাহাতে ঐ অনুমানপত্রের বিস্তারিত দফায় বা মোটের উপর যেরূপ পরিবর্ত্তন করা তাঁহার বিবেচনায় উচিত বোধ হয়, তাহা উক্ত বোর্ডের গোচর করিবেন।

ঐরূপ পত্র পাইলে জিলা বোর্ড ঐরূপ প্রস্তাবগুলি পুনর্ব্বার বিবেচনা করিয়া দেখিতে প্রবৃত্ত হইবেন এবং

(ক) ঐরূপ সমুদয় বা কোন প্রস্তাব গ্রহণ করিয়া তদনুসারে আপনাদের অনুমানপত্র সংশোধন করিতে এবং কমিশনর সাহেবের অনুমোদন নিমিত্ত উক্ত সংশোধিত অনুমানপত্র পাঠাইতে পারিবেন; কিম্বা

(খ) আপনাদের মূল অনুমানপত্র বজায় রাখিবার কারণ সহিত উহা পুনর্ব্বার কমিশনর সাহেবের নিকট পাঠাইতে পারিবেন।

(২) ঐরূপে পুনঃ প্রেরিত অনুমানপত্র পাইলে, কমিশনর সাহেব ঐ অনুমানপত্র অনুমোদন করিতে পারিবেন, অথবা ঐ অনুমানপত্রের বিস্তারিত দফার যেরূপ পরিবর্ত্তন করা উচিত বোধ করেন সেইরূপ পরিবর্ত্তন করিতে পারিবেন।

কিন্তু জিলা বোর্ডের হাতে মোট যত টাকা আছে বলিয়া অনুমান হয়, কমিশনর সাহেব কোন স্থলে উক্ত অনুমানপত্রের মোট টাকা তদপেক্ষা অধিক করিয়া দিবেন না।

জিলা বোর্ডে যে অনুমানপত্র প্রস্তুত করেন কমিশনর সাহেব কতৃক তাহা ৪০ ও ৪১ ধারামতে অনুমোদিত হইলে, জিলা বোর্ড কতৃক সে কার্য্য করা হয় তাহা কমিশনর সাহেব শ্রীযুক্ত গেজেটেড গবর্ণর সাহেবের নিকট রিপোর্ট করিবেন। তিনি তাহা গেজেটে প্রকাশ করিতে পারেন।

৪২ ধারা। যে কোন অনুমানপত্র ৩৯ ধারামতে প্রস্তুত করা যায় ও পূর্ব্বোল্লিখিত বিধানমতে অনুমোদন করা যায়, তাহা কমিশনর সাহেব [illegible] করিতে পারিবেন। কিন্তু এরূপ স্থলে আবশ্যক সে বৎসরের [illegible] অনুমান হয়, সংশোধিত বারের অনুমানপত্রের মোট টাকা তদধিক না হয়।

অনুমানপত্র সংশোধন করিতে পারিবেন

৪৩ ধারা। স্থানীয় অনুসন্ধানের ব্যয় প্রদান বিষয়ক যে আইন সংকালে বলবৎ থাকে তাহার বিধানের নিয়মাধীনে জিলা বোর্ড এই আইনের কোন বিধান সফল করণার্থ ব্যয় করিতে পারিবেন।

জিলা বোর্ডের ব্যয় প্রদান করিবার ক্ষমতা

৪৪ ধারা। ঐ ব্যয়ের যত টাকা দিবার প্রতিভূ দিতে এবং [illegible] পরিশোধার্থ জমীন গ্রহণ করিতে

৪৫ ধারা। জিলাবোর্ড যে তারিখ নিরূপণ করিয়া দেন সেই তারিখে বা তৎপূর্ব্বে প্রত্যেক স্থানীয় বোর্ড বৎসরের জিলাবোর্ডের নিকট আগামী সংসর স্থানীয় বোর্ডের যাহার প্রয়োজন হইবে তাহার ঋণলিপত্র ও সে ব্যয় হইবার সম্ভাবনা তাহার অনুমানপত্র পাঠাইবেন, এবং জিলাবোর্ড সংবৎসরে চারিবার ত্রৈমাসিক আপনাদের আয় ব্যয়ের হিসাব পাঠাইবেন।

স্থানীয় বোর্ডের অনুমানপত্র ও হিসাবের কথা।

জিলাবোর্ড ঐ অনুমানপত্র অনুমোদন করিতে পারিবেন অথবা অনুমানপত্রের বিস্তারিত দফায় যেরূপ উচিত বোধ করেন তদ্রূপ পরিবর্ত্তন করিতে পারিবেন।

কিন্তু কোন চলিত বৎসরের মধ্যে জিলা বোর্ডে পূর্ব্বে জিজ্ঞাসাবাদ করিতে গেলে যদি অসুবিধা বা অনুচিত বিলম্ব হয়, তবে জিলার মাজিষ্ট্রেট সাহেব চূড়ান্তরূপে অনুমোদিত অনুমানপত্রের সীমার মধ্যে খাতিজ খাতিল মঞ্জুর করিতে পারিবেন।

এই ধারামতে জিলা বোর্ডের নিকট যে হিসাব পেশ হয়, তাহা পরীক্ষা করিয়া অডিট করণার্থ উক্ত বোর্ড কমিশনার সাহেবের অনুমোদনের অপেক্ষায় বন্দোবস্ত করিতে পারিবেন এবং উক্ত হিসাব প্রকাশ করণের বন্দোবস্ত করিতে পারিবেন।

৩য় অধ্যায়।

জিলার তহবীল বিষয়ক বিধি

৪৬ ধারা। প্রত্যেক জিলার নিমিত্ত জিলার তহবীল নামে একটী তহবীল করা যাইবে, এবং তাহাতে নিম্নলিখিত টাকা জমা দেওয়া যাইবে।—

জিলার তহবীল স্থাপনের কথা।

(১) এই আইন দ্বারা সংশোধিত ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনের বিধানমতে ঐ তারিখে জিলার পথের তহবীলের যে অংশ উদ্বৃত্ত থাকে সেই অংশ।

(২) এই আইনের বিধানমতে জিলার মধ্যে কর্ণেট বসাইয়া বা একেবারেতে যে সকল টাকা আদায় হয় তাহা।

(৩) এই আইনের ৫৫ ধারামতে যে সময়ে কমিটীর হস্তে যে সকল রোডসেস বেঙ্গল সেস পথের তহবিলে কোমেমোরিয় প্রবেশ করিয়া ১৮৭১ সালের আইনের বিধানমতে সেস বোর্ড হইতে জিলার মধ্যে যে সকল টাকা পাওয়া যায় তাহা।

(৪) এই আইনের ৩য় খণ্ডের বিধানমতে জিলার অন্তর্গত বা সীমানার যে সকল চরবন্দরী খেয়া জিলা বোর্ডের কর্তৃত্বাধীনে স্থাপন করা হইয়াছে তাহার উৎপন্ন টাকা।

(৫) এই আইনের ৩য় খণ্ডমতে যে কোন বিদ্যালয়, হাঁসপাতাল, ঔষধালয়, রেলওয়ে, ট্রামওয়ে কিম্বা অন্য ইমারত, আলয় বা কার্য্য জিলা বোর্ড কর্ত্তৃক প্রস্তুত হয় বা উহাদের প্রতি বন্ধে, তৎসম্পর্কে যে সকল টাকা পাওয়া যায় তাহা।

(৬) এই আইনের ৩য় খণ্ডের লিখিত কোন কার্য্যের নিমিত্ত বা অন্য কোন কার্য্যের নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব প্রদেশীয় রাজস্ব হইতে সময়ে২ জিলা বোর্ডকে যে কোন টাকা নিরূপণ করিয়া দেন তাহা।

(৭) স্থানীয় সমিতি বা ব্যক্তি বিশেষ জিলা বোর্ডকে অন্য যে টাকা দেন তাহা।

জিলার তহবীল জিলা বোর্ডের প্রতি বর্ত্তিবে, এবং যে উদ্বৃত্ত টাকা উক্ত তহবীলে জমা থাকে তাহা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যেরূপ আদেশ করেন সেইরূপ হেফাজতে রাখা হইবে।

৪৭ ধারা। জিলার তহবীল হইতে নিম্নলিখিত কার্য্যের নিমিত্ত নিম্নলিখিতক্রমে ব্যয় হইতে পারিবে।—

জিলার তহবীল প্রয়োগের কথা।

প্রথমতঃ —জিলা বোর্ড এই আইনের কার্য্যপক্ষে যে ঋণ করেন তাহার মূল ও সুদ দিবার যে টাকা দিতে স্বীকার পান সেই টাকা দিতে হইবে ও আবশ্যক হইলে সিঙ্কিং-ফণ্ড অর্থাৎ ঋণপরিশোধার্থ তহবীল করিতে হইবে।

দ্বিতীয়তঃ —আপিসের খরচ সম্বন্ধে, এবং কোন হিসাবের আপিসের বা খাস নাথানার সেরেস্তার খরচ সম্বন্ধে শ্রী ও লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ শতকরা যত টাকা দিতে আদেশ করেন, তত টাকা দিতে হইবে।

কিন্তু এই হিসাবে কোন জিলা বোর্ডের প্রতি মোট যত টাকা দিবার আদেশ হয়, তাহা কোন বৎসর জিলার তহবীলের উক্ত বৎসরের মোট আয়ের শতকরা ২ টাকার অধিক হইবে না।

তৃতীয়তঃ।—এই আইনের কার্য্যপক্ষে জিলা বোর্ড যে সেরেস্তা বা আপিস রাখিবার খরচ ও গবর্ণমেণ্ট উক্ত সেরেস্তার কর্ম্মচারীদের চুক্তিকালীন বৃত্তি ও পেন্সুন দিতে স্বীকার পাওয়ায় উক্ত কর্ম্মচারীদের বেতনের শতকরা যত টাকা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ গবর্ণমেণ্টকে দিবার আদেশ করেন ততটাকা দিতে হইবে।

চতুর্থতঃ।—এই আইনের অধীনে বা ইহার বেতনের ও ইহার সেরেস্তার কর্ম্মচারীদের যে অংশ দিতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আদেশ করেন সেই অংশ ও গবর্ণমেণ্ট উক্ত সেরেস্তার কর্ম্মচারীদের চুক্তিকালীন বৃত্তি ও পেন্সুন দিতে স্বীকার পাওয়ায়, উক্ত কর্ম্মচারীদের বেতনের শতকরা যতটাকা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ গবর্ণমেণ্টকে দিবার আদেশ করেন ততটাকা দিতে হইবে।

পঞ্চমতঃ।—এই আইনের নির্দ্ধারিত কর্ম্ম করিতে, এবং এই আইনের বিধানমতে জিলা বোর্ডে যে কোন বিষয় রক্ষা প্রস্তুত ও রক্ষা করিতে, উক্ত বোর্ডের যে ব্যয় হয়, তাহা টাকা দিতে হইবে।

ষষ্ঠতঃ।—এই আইনের ৮২ ধারার বিধানমতে জিলা-বোর্ডের যে ব্যয় করিতে হয়, তাহার টাকা দিতে হইবে।

সপ্তমতঃ।—জিলা বোর্ডের বা সম্মিলিত কমিটীর সভার জিলা বোর্ডের যে মেম্বর বা উপস্থিত হন তাঁহাদের প্রত্যেক মাইল [illegible] সাহেব যে হারের আদেশ করেন সেই হারে দিতে হইবে।

অষ্টমতঃ।—উক্ত জিলার মধ্যে কিম্বা উক্ত জিলা ও পার্শ্ববর্ত্তী জিলার মধ্যে যে সকল পুস্তকাদি দ্বারা গমনাগমনের সাক্ষাৎ সম্বন্ধে অধিকতর সুবিধা হইবে, তাহা করিবার নিমিত্ত ভারত স্থায় গবর্ণমেণ্টের কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচারিত কোন স্থানীয় ঋণপত্র ক্রয় করিতে হইবে।

কিন্তু

(১) জলসেচনকার্য্যের নিমিত্ত

কিম্বা রাজকীয় কার্য্যকারকদের কার্য্যকর্ত্তাধীন কোন জলসেচনকার্য্য সংক্রান্ত জল নিঃসরণের নিমিত্ত কোন খাল করিতে,

কিম্বা যে কোন জলনালের মালিক হওয়া হইতে ঐ সাহেবের বিরত, কোন অংশ জিলার তহবীলে দেওয়া না গেলে সেই জলনালের উৎকর্ষ সাধন বা রক্ষা করিতে,

জিলার তহবীল হইতে কোন টাকা ব্যয় করা যাইবে না।

(২) কোন জিলার তহবীলের কোন অংশ ১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপাল আইনমতে কোন মুনিসিপালিটীর অন্তর্গত কোন পথ প্রস্তুত বা রক্ষণ করণার্থে প্রয়োগ করা যাইবে না। কিন্তু উক্ত আইনের ৩৮ ধারামতে উক্ত তহবীলের আয়োচলন হইতে উক্ত পথ স্থানান্তরে নির্দ্দিষ্ট হইয়া থাকিলে এই নিষেধ খাটিবে না।

৬৮ ধারা। জিলা বোর্ডের নিযুক্ত এক জন কর্ম্মচারী জিলার তহবীলের হিসাব রাখিবেন।

প্রত্যেক ত্রিমাস শেষ হইবা মাত্র একটী হিসাব প্রস্তুত করিতে হইবে। তাহাতে উক্ত ত্রিমাসের জমা খরচ ও মুক্ত সমাহার সাজাইয়া ও নির্দ্দিষ্ট করিয়া নির্দ্দিষ্ট হইবে, এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে প্রকারে তাহা প্রকাশ করিতে আদেশ করেন, সেই প্রকারে তাহা প্রকাশ করিতে হইবে। জিলার প্রত্যেক করদাতা অধিবাসী বা তহবীলের তুমির মালিক বা ভোগাধিকারী জন, তিনি যুক্তিসিদ্ধ সকল সময়ে কোন সাধারণ দিন এ হিসাব বা অনুমানপত্র দেখিতে পারিবেন।

জমার প্রত্যেক দফায় জিলার তহবীলের যত আয় হইয়াছে সেরেস্তার যত খরচ পড়িয়াছে, যে কার্য্য অনুষ্ঠান করা হইয়াছে, প্রত্যেক কার্য্যে যত খরচ হইয়াছে ও বৎসরের শেষে ঐ তহবীলের অবশিষ্ট কিছু আছে কি না, ইহা দেখাইয়া প্রত্যেক বৎসর শেষ হইবার পর যত শীঘ্র সম্ভব উক্ত বৎসরের একরূপ এক হিসাব প্রস্তুত করিতে হইবে, এবং পূর্ব্বোক্ত প্রকারে তাহা দেখিবার নিমিত্ত খোলা থাকিবে।

বার্ষিক ও ত্রৈমাসিক হিসাবের প্রতিলিপি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট পাঠাইতে হইবে।

৭৯ ধারা। প্রত্যেক জিলা বোর্ড যতজন সভ্য লইয়া উচিত বোধ করেন আয় ব্যয়ের এক কমিটী নিযুক্ত করিবেন। উক্ত কমিটী ৩৯ ধারার বিধানমতে অনুমানপত্র প্রস্তুত করিবেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশমত হিসাবের বহী রাখিবেন এবং সাধারণতঃ জিলা বোর্ডের আয় ব্যয় ও হিসাব সংক্রান্ত সকল বিষয়ের তত্ত্বাবধারণ করিবেন।

[৭ সেপ্টেম্বর ১৮৮৫। ২৪ ভাদ্র।]

এতদর্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার দ্বারা আডিট হইবার জন্য উক্ত আয়ব্যয়ের কমিটী সকল সময়ে আদেশ পাইলেই আপনাদের হিসাব বহী উপস্থিত করিবেন।

৩য় অধ্যায়।

সমাহার তহবীলের কথা।

৫০ ধারা। প্রত্যেক সমাহারের নিমিত্ত "সমাহার তহবীল" নাম একটী তহবীল করা যাইবে এবং নিম্নলিখিত টাকাগুলি তাহাতে জমা করিয়া দেওয়া যাইবে।—

সমাহার তহবীল সংস্থানের কথা।

(১) পরের তপশিলে সোমেরাদির প্রবেশ নিষেধক ১৮৭১ সালের আইনমতে উক্ত সমাহারের মধ্যে যে সকল টাকা আদায় হয় সেই সকল টাকা।

(২) উক্ত পথ প্রস্তুত কমিটীর হস্তের অংশ স্বরূপ যা প্রকারান্তরে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ জিলা বোর্ডে উক্ত সমাহারের নিমিত্ত যে টাকা নির্দ্ধারণ করিয়া দেন তাহা।

(৩) এই আইন সকল করিতে যিনি সমাহার কমিটীর যে সকল টাকা পাবে তাহা।

সমাহার তহবীলের সমাহার করিবার সময়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে সময়ে যেরূপ আদেশ করেন সেইরূপ তহবীলে রাখা যাইবে।

৫১ ধারা। সমাহার তহবীল হইতে নিম্নলিখিত কার্য্যের নিমিত্ত নিম্নলিখিতক্রমে ব্যয় হইতে পারিবে।—

সমাহার তহবীল হইতে যে যে ব্যয় হইতে পারে।

(১) এই আইনের কার্য্যোপলক্ষে সমাহার কমিটী যে যে কার্য্য করেন ও ব্যয় করেন তাহার খরচ দেওয়া যাইবে।

(২) এই আইনের তপশিল মতে সমাহার কমিটীর প্রতি যে যে কার্য্যের ভার অর্পিত হইবে তৎসম্বন্ধে উক্ত কমিটীর যে যে ব্যয় হয় ও উক্ত কমিটীর ক্রটি প্রযুক্ত যে যে ব্যয় করিতে যে ব্যয় হয় তাহার টাকা দিতে হইবে।

৫২ ধারা। সমাহার কমিটীর নিযুক্ত এক জন কর্ম্মচারী সমাহার তহবীলের হিসাব বহী রাখিবেন।

সমাহার তহবীলের হিসাবের কথা।

প্রত্যেক ত্রিমাস শেষ হইবার অব্যবহিত পরে একটী হিসাব প্রস্তুত করিতে হইবে। তাহাতে উক্ত ত্রিমাসের জমা ও খরচ উপযুক্ত দফাক্রমে সাজাইয়া ও নিয়মমত নির্দ্দিষ্ট করিতে হইবে; এবং যাঁহারা সমাহার কমিটীর সভ্য নির্দ্দিষ্টসংখ্যক মত দিবার অধিকারী তাঁহারা যে দেখিবার নিমিত্ত উক্ত হিসাব, সমস্ত হিসাব বহীর সহিত খোলা থাকিবে।

প্রত্যেক বৎসর শেষ হইবার পর যত শীঘ্র সম্ভব উক্ত বৎসরের নিমিত্ত ঐরূপ হিসাব প্রস্তুত করিতে হইবে, এবং তাহা পূর্ব্বোক্ত প্রকারে দেখিবার নিমিত্ত খোলা থাকিবে।

উক্ত সমাচার কমিটী যে স্থানীয় বোর্ডের অধীন, বার্ষিক ও ত্রৈমাসিক হিসাবের প্রতিলিপি সেই স্থানীয় বোর্ডে পাঠাইতে হইবে।

৩য় খণ্ড।

স্থানীয় কর্ত্তৃপক্ষদের কর্ত্তব্য ও ক্ষমতা বিষয়ক বিধি।

সাধারণ।

প্রথম ও দ্বিতীয় অধ্যায়ের কার্য্যচলনের কথা।

৫৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব প্রকারান্তরের আদেশ না করিলে, যতদিন না করেন ততদিন এই অধ্যায়ের ক অবধি চ পর্য্যন্ত পরিচ্ছেদের বিধান প্রত্যেক জিলা বোর্ড সম্বন্ধে বলৎ থাকিবে।

তৃতীয় অধ্যায়ের কার্য্যচলনের কথা।

৫৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিজ্ঞাপন দিয়া এই অধ্যায়ের জ অবধি ঠ পর্য্যন্ত পরিচ্ছেদের বিধান স্পষ্টাক্ষরে কোন জিলা বোর্ডে না বহাইলে, যতদিন বহান না যায় ততদিন ঐরূপ কোন বিধান উক্ত বোর্ডে বর্ত্তিবে না।

৪র্থ অধ্যায়।

জিলা বোর্ডের কর্ত্তব্য ও ক্ষমতা বিষয়ক বিধি।

ক।—খোঁয়াড়ের কথা।

খোঁয়াড় সম্বন্ধে জিলা বোর্ডের ক্ষমতার কথা।

৫৫ ধারা। ১৮৮৩ সালের ১৮ আইনমতে বিজ্ঞাপনক্রমে কোন জিলা বোর্ডের প্রতি খোঁয়াড় স্থাপন ও রক্ষা ও ও তাহার তত্ত্বাবধারণকর্ত্তা সম্বন্ধে যেরূপ ক্ষমতা অর্পিত হয়, উক্ত বোর্ড সেইরূপ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ঘ।—খেয়াঘাটের কথা।

জিলার বোর্ডে সরকারী খেয়াঘাট বর্ত্তিবার কথা।

৫৬ ধারা। কোন জিলার সীমার মধ্যে যে সকল সরকারী খেয়াঘাট থাকে তাহা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে২ বর্জ্জিত স্থল ও নিয়ম নির্দ্দেশ করেন, তদধীনে জিলা বোর্ডের প্রতি বর্ত্তিবে।

স্থানীয় বোর্ডের খেয়াঘাট ইজারা দিতে বা খাসে রাখিতে পারিবার কথা।

৫৭ ধারা। এতদর্থে কমিশনর সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে যে বিধি প্রণয়ন করেন তাহার নিয়মাধীনে, এবং বঙ্গদেশে সরকারী খেয়াঘাট নিয়মিত করণার্থে যে আইন যৎকালে বলবৎ থাকে তাহার নিয়মাধীনে, যে প্রত্যেক জিলা বোর্ডের প্রতি পূর্ব্ব ধারার বিধানমতে কোন সরকারী খেয়াঘাট বর্ত্তে, সেই জিলা বোর্ড

উক্ত খেয়াঘাট সাক্ষাৎসম্বন্ধে আপনার নিজ কর্ত্তৃত্বাধীনে রাখিতে পারিবেন কিম্বা কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের কর্ত্তৃত্বাধীনে স্থাপন করিতে পারিবেন এবং কমিশনর সাহেব সময়ে২ যে মাসুল অনুমোদন করেন উক্ত খেয়াঘাটে যাহারা পার হয় তাহাদের উপর সেইরূপ মাসুল আদায় করিতে কিম্বা উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষকে তাহা আদায় করিবার ক্ষমতা দিতে পারিবেন।

কিম্বা যেরূপ উচিত বোধ করেন তদ্রূপ ব্যক্তিকে বা ব্যক্তিদিগকে তদ্রূপ কালের নিমিত্ত ও তদ্রূপ শর্ত্তে ঐ খেয়াঘাট ইজারা দিতে পারিবেন।

কিন্তু ঐরূপ কোন সরকারী খেয়াঘাটের ইজারদার কমিশনর সাহেবের অনুমোদিত হারের অধিক মাসুল যাহারা খেয়াঘাটে পার হয় তাহাদের নিকট লইতে অধিকারী হইবেন না।

খেয়াঘাটের কার্য্যচালাইবার নিমিত্ত জিলা বোর্ডের নেরেস্তা ও নৌকা প্রভৃতি রাখিবার কথা।

৫৮ ধারা। যে কোন জিলা বোর্ডের প্রতি ৫৬ ধারামতে কোন সরকারী খেয়াঘাট বর্ত্তে, সেই জিলা বোর্ড ২৫ ধারার বিধানের নিয়মাধীনে উক্ত খেয়ায় যে সকল পথিক ও সম্পত্তি পার হয় সেই পথিকদের নির্ব্বিঘ্নতা ও সুবিধা ও সেই সম্পত্তির নির্ব্বিঘ্নপার বিধান করণার্থে যেরূপ নেরেস্তা, নৌকা, পারিবার মঞ্চ ও সরঞ্জাম রাখা ও যাহা কিছু করা আবশ্যক হয় তাহা রাখিবেন ও করিবেন কিম্বা তাহা রাখিবার ও করিবার নিমিত্ত উক্ত খেয়াঘাটের ইজারদারের প্রতি আদেশ দিতে পারিবেন।

পূর্ব্ব ধারার বিধানমতে কোন সরকারী খেয়াঘাট কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের কর্ত্তৃত্বাধীনে স্থাপন করা গেলে, স্থানীয় বোর্ড উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষের প্রতি পূর্ব্বোক্তরূপে নেরেস্তা প্রভৃতি রাখিবার ও কার্য্য করিবার আদেশ দিতে পারিবেন।

খেয়াঘাটের ইজারা পাট্টা প্রভৃতি রহিত করিবার কথা।

৫৯ ধারা। জিলা বোর্ড হইতে লিখিত নোটিসক্রমে আদেশ দেওয়া গেলে পর পরের দিনের মধ্যে ইজারদার সাধারণের সুবিধার ও নির্ব্বিঘ্নতার উপযুক্ত বিধান করে নাই সন্তোষজনক জিলা বোর্ডের এরূপ প্রতীতি হইলে, পূর্ব্বলিখিত বিধানমতে জিলা বোর্ডের প্রদত্ত খেয়াঘাটের প্রত্যেক ইজারা পাট্টা একেবারে রহিত করা যাইতে পারিবে।

কোন ইজারা পাট্টা রহিত করা গেলে, ইজারদার খেয়াঘাটের কার্য্য চালাইতে যে সকল নৌকা ও অন্য সরঞ্জাম ব্যবহার করিতেন জিলা বোর্ড তাহা দখল করিয়া লইতে পারিবেন; এবং মালিককে ন্যায্য মূল্য দিয়া তাহা চিরকালের নিমিত্ত রাখিতে পারিবেন, অথবা অন্য যে নৌকা ও সরঞ্জাম আবশ্যক হয় যত কাল তাহার বন্দোবস্ত করিতে না পারেন তিন মাসের অনধিক প্রয়োজনমত তত কাল তাহা রাখিতে পারিবেন। শেষোক্ত স্থলে উক্ত নৌকা ও সরঞ্জামের ব্যবহার নিমিত্ত জিলা বোর্ড তাহাদের মালিকদিগকে ন্যায্য মূল্য দিবেন।

কিন্তু ঐরূপ দখল করিয়া লইবার এক সপ্তাহের মধ্যে জিলা বোর্ড উক্ত নৌকা ও সরঞ্জাম চিরকালের নিমিত্ত কিম্বা নোটিসের নির্দ্দিষ্ট কালের নিমিত্ত রাখিবার অভিপ্রায়ের নোটিস উক্ত ইজারদারকে দিতে বাধ্য হইবেন।

৬০ ধারা। জিলা বোর্ড কমিশনার সাহেবের সম্মতি লইয়া ঐ জিলার অন্তর্গত কোন স্থানে নূতন খেয়াঘাট স্থাপন করিতে পারিবেন এবং ঐরূপ প্রত্যেক খেয়াঘাট স্থাপিত হইলে জিলা বোর্ডের প্রতি বস্তিবে এবং এই অধ্যায়ের যে সকল বিধান খেয়াঘাট সম্বন্ধে খাটে সেই সকল বিধানের নিয়াধীন হইবে।

স্থানীয় বোর্ডের নূতন খেয়াঘাট স্থাপন করিতে ও পুরাতন খেয়াঘাট বন্ধ করিতে পারিবার কথা।

৫৬ ধারার বিধানমতে বর্ত্তমান যে কোন খেয়াঘাট জিলা বোর্ডে বর্ত্তে, উক্ত বোর্ড ঐরূপ সমস্ত বা কোন খেয়াঘাট বন্ধ করিতে পারিবেন কিম্বা যেরূপ উচিত বোধ করেন সেইরূপ অন্য স্থানে উক্ত খেয়াঘাট সরাইয়া লইয়া যাইবার আজ্ঞা করিতে পারিবেন।

৬১ ধারা। ৫৬ ধারা মতে যে সকল জিলা বোর্ডের প্রতি সরকারী খেয়াঘাট বর্ত্তে, তাহাদের কার্য্যোপলক্ষে ঐ সকল কিম্বা তদধিক ঘাটের মধ্যে ঐরূপ খেয়াঘাটের কোন, বন্দোবস্ত করিবার সম্বন্ধে কমিশনার সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতি লইয়া সময়ে সময়ে পূর্ব্ব পাঁচধারার সহিত সঙ্গত হয় এরূপ বিধি প্রণয়ন করিতে পারিবেন, এবং সময়ে সময়ে ঐরূপ বিধি পরিবর্ত্তন, রূপান্তর বা অন্যথা করিতে পারিবেন।

সরকারী খেয়াঘাট সম্বন্ধে কমিশনার সাহেব যে বিধি করিতে পারিবার কথা।

৬২ ধারা। পূর্ব্ব ছয় ধারা তাহাদের নির্দ্দিষ্ট মতে পূর্ব্ব সম্মত হয় তত দূর ১৮৬৯ সালের বঙ্গীয় ৬ আইনের এবং ১৮৭৫ সালের বঙ্গীয় ১ আইনের সহিত খাটিত হইবে ও তাহার প্রকরণ বলিয়া গণ্য হইবে। উক্ত কএক ধারার কার্য্য পক্ষে প্রত্যেক জিলা বোর্ড উক্ত আইনদ্বয়ের জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা পাইবেন ও তদনুসারে কাজ করিবেন; কিন্তু এই আইনের ৫৬ ধারার বিধান মানিয়া চলিবেন।

এই আইন ১৮৭৫ সালের ৩ আইনের ও ১৮৬৯ সালের বঙ্গীয় ১ আইনের সহিত খাটিত হইবার কথা।

গ।—শিক্ষার কথা।

৬৩ ধারা। পরিশিষ্টে উল্লিখিত উপবিধানের নিয়মাধীনে, প্রত্যেক জিলা বোর্ড আপন জিলার অন্তর্গত সমুদয় বিদ্যালয়ের কার্য্যাধ্যক্ষতা, রক্ষা ও পরিদর্শন করিবার জন্য এই ৬২ ধারার বিধানের নিয়মাধীনে উক্ত বিদ্যালয়ের সমুদয় শিক্ষক ও সহকারী শিক্ষক নিযুক্ত করিবার ও ঐরূপ শিক্ষক ও সহকারী শিক্ষকদিগকে বেতন দিবার ভারপ্রাপ্ত হইবেন ও তজ্জন্য দায়ী থাকিবেন। উপবিধান এই যে,

জিলা বোর্ডের বিদ্যালয়ের কার্য্য রক্ষণ করিবার কথা।

(১) সমাহার কমিটীর আপন সমাহারের অন্তর্গত প্রাথমিক বিদ্যালয় সম্বন্ধে যে সকল ক্ষমতা, তাহে এই ধারার কোন কথাই তাহার বিরুদ্ধ হইবে না।

সমাহার কমিটীর ক্ষমতা রক্ষণের কথা।

(২) এই আইনে প্রকারান্তরের কথা থাকিলেও গবর্ণমেণ্ট হইতে সাহায্যপ্রাপ্ত কোন বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহার্থে কোন কমিটী নিযুক্ত হইয়া থাকেন বা পরে হইবেন, সেই কমিটী উক্ত বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহকাল শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তৎপ্রতি যে সকল ক্ষমতা দিয়া থাকেন তদনুসারে কার্য্য করিতে থাকিবেন।

সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর ক্ষমতা রক্ষণের কথা।

(৩) শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ প্রাথমিক ও দ্বিতীয়স্তরীয় বিদ্যালয়ের টাকা নিরূপণ, শিক্ষক ও সব-ইনস্পেক্টরদের নিয়োগ, শিক্ষার কক্ষি, পরীক্ষার কার্য্যপ্রণালী, ছাত্রবৃত্তিদান, এবং ঐরূপ বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহ সংক্রান্ত অন্যান্য সমুদয় বিষয় সম্বন্ধে যে বিধি প্রণয়ন করেন, জিলা বোর্ড সেই বিধি অনুসারে চলিবেন।

জিলা বোর্ডের গবর্ণমেণ্টের বিধি অনুসারে চলিবার কথা।

৬৪ ধারা। পূর্ব্ব ধারায় প্রকারান্তরের কথা থাকিলেও যে জিলা বোর্ডের নিজ জিলার মধ্যে কোন বিশেষ বিদ্যালয় বা বিশেষ কোন শ্রেণীর বিদ্যালয় থাকে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা সেই জিলা বোর্ডের কার্য্যাধ্যক্ষতায় বর্ত্তিত থাকিবে যে কোন সময়ে এই আদেশ দিতে পারিবেন, এবং তাহার কার্য্যনির্ব্বাহ সম্বন্ধে এমন যে কোন আজ্ঞা করা উচিত বোধ করেন করিতে পারিবেন।

গবর্ণমেণ্টের কোন বিদ্যালয় জিলা বোর্ডের কার্য্যাধ্যক্ষতায় বর্ত্তিত করিতে পারিবার কথা।

এই ধারামতে যে কোন আজ্ঞা করা যায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে তাহা রহিত, পরিবর্ত্তিত বা রহিত করিতে পারিবেন।

৬৫ ধারা। যে কোন নগর ১৮৮৪ সালের বঙ্গীয় মিউনিসিপালিটী আইনমতে মিউনিসিপালিটী হইয়াছে সেই নগরের মধ্যে কোন উচ্চ ইংরাজী বিদ্যালয় থাকিলে তাহার কার্য্যাধ্যক্ষতা, রক্ষা ও পরিদর্শন কার্য্য, তাহার অংশতঃ উপযুক্ত হইলে, মিউনিসিপালিটীর কমিশনারদের প্রেরিত সভ্য ও অংশতঃ আমার ভাল্লিখিত জিলা বোর্ডের সভ্য লইয়া গঠিত ও নিয়মিত কমিটীর প্রতি ন্যস্ত হইবে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আজ্ঞা করিতে পারিবেন।

উক্ত ইংরাজী বিদ্যালয় সাহায্যপ্রাপ্ত কমিটীর দ্বারা স্থাপন করিতে পারিবার কথা।

এই ধারামতে যে প্রত্যেক আজ্ঞা করা যায় তাহাতে উল্লিখিত প্রত্যেক বস্তু যে কত দূর সঙ্গত হইবে এবং বিদ্যালয়ের রক্ষণাবেক্ষণ খরচের কিরূপ অংশ দিবেন তাহা নির্দ্দিষ্ট থাকিবে।

এই অধ্যায়ে জিলা বোর্ডের প্রতি যে সকল ক্ষমতা ও দায়িত্ব অর্পিত হইল, এই ধারামতে নিযুক্ত প্রত্যেক সম্মিলিত কমিটীর সেই সকল ক্ষমতা থাকিবে ও উক্ত কমিটী সেই সকল দায়িত্বের অধীন হইবে।

এই ধারামতে কমিটীর দুই বা তদধিক স্থানীয় কর্ত্তৃপক্ষের মধ্যে কোন বিবাদ উত্থিত হইলে, তদ্বিষয়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবে।

ঘ।—চিকিৎসা বিষয়ক কথা।

৬৬ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিজ্ঞাপন প্রকাশ করিয়া আজ্ঞা করিতে পারিবেন যে, কোন জিলার অন্তর্গত কোন সরকারী দাতব্য ঔষধালয় বা হাস্পাতাল জিলা বোর্ডের প্রতি অর্পিত হইতে পারিবার কথা।

সরকারী ঔষধালয় বা হাস্পাতাল জিলা বোর্ডের প্রতি অর্পিত হইতে পারিবার কথা।

তাহা হইলে উক্ত ঔষধালয় বা হাঁস্পাতাল উক্ত জিলা বোর্ডের প্রতি অর্পিত হইবে, এবং জিলাবোর্ড তাহার কার্য্যধ্যক্ষতা ও রক্ষা করিবার ভার প্রাপ্ত হইবেন।

এই ধারামতে যে কোন আজ্ঞা করা যায়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে কোন সময়ে তাহা রহিত করিতে পারিবেন।

জিলা বোর্ডের ঔষধালয় প্রভৃতি স্থাপন করিতে পারিবার কথা।

৬৭ ধারা। কোন জিলা বোর্ড জিলার অধিবাসিদের ব্যবহারার্থ ঔষধালয়, হাঁস্পাতাল, বা পীড়িত লোকদের থাকিবার কিংবা চালীন স্থানের বিধান করিতে পারিবেন এবং তদর্থে

আপনারা উক্ত ঔষধালয় হাঁস্পাতাল বা থাকিবার স্থান প্রস্তুত করিতে পারিবেন

কিম্বা ঐরূপ কোন ঔষধালয়, হাঁস্পাতাল বা থাকিবার স্থান রক্ষা করিবার কোন অংশ ব্যয়ের চুক্তি করিতে পারিবেন, কিম্বা

কোন হাঁস্পাতালের অধ্যক্ষতা সম্বন্ধে কোন ব্যক্তির সহিত যেরূপ বন্দোবস্ত বা অন্য রূপ ব্যবস্থা করা বিধেয় নিয়ম হয় সেইরূপ ব্যবস্থা করিতে পারিবেন।

ঔষধালয়াদি স্থাপন করিতে দুই বা অধিক জিলা বোর্ডের সম্মত হইতে পারিবার কথা।

৬৮ ধারা। দুই কিম্বা ততোধিক জিলার শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সম্মতিক্রমে একটি সাধারণ ঔষধালয়, হাঁস্পাতাল বা থাকিবার স্থানের বিধান করিতে সম্মত হইতে পারিবেন এবং কাহার খরচের কত অংশ দিতে হইবে ইহা সম্মতিক্রমে ইহাও স্থির করিতে পারিবেন।

জিলার বহির্ভূত হাঁস্পাতালের খরচের অংশ জিলা বোর্ডের দিতে পারিবার কথা।

৬৯ ধারা। জিলার কোন ঔষধালয়, হাঁস্পাতাল উক্ত জিলার অধিবাসিরা নিয়মিত পরিমাণ খরচ দিয়া রক্ষা করিবার খরচের অংশ জিলা বোর্ড শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে যেরূপ নিয়ম হয় সেইরূপ বার্ষিক বা অন্য টাকা দিতে পারিবেন।

হাঁস্পাতালে রোগির কণ্ট্রিবিউশনের খরচ আদায় করিবার কথা।

৭০ ধারা। জিলার কোন ঔষধালয়, হাঁস্পাতাল বা থাকিবার স্থানে কিম্বা পীড়িত ব্যক্তিদের থাকিবার নিমিত্ত চালীন কোন স্থানে নিধন নয় এরূপ কোন রোগির ভরণপোষণ করিতে জিলাবোর্ডের যে কোন খরচ পড়ে তাহা উক্ত রোগির স্থানে জিলা বোর্ডের প্রাপ্য ঋণ বলিয়া গণ্য হইবে, এবং উক্ত হাঁস্পাতাল বা থাকিবার স্থান হইতে তাহাকে ছাড়িয়া দেওয়া গেলে পর ছয় মাসের মধ্যে যে কোন সময়ে তাহার নিকট হইতে কিম্বা উক্ত হাঁস্পাতালে বা স্থানে তাঁহার মৃত্যু হইলে তাঁহার সম্পত্তি হইতে আদায় করা যাইতে পারিবে।

কিয়ৎকালের নিমিত্ত ঔষধ দিবার বিধান করিতে পারিবার কথা।

৭১ ধারা। জিলা বোর্ড কমিশনার সাহেবের অনুমতিক্রমে জিলার দুঃস্থ অধিবাসিদিগকে ঔষধ ও চিকিৎসা সংক্রান্ত সাহায্য কিয়ৎকাল দিবার বিধান করিতে পারিবেন কিম্বা কোন ব্যক্তি সম্বন্ধে তাহার বিধান করিবার চুক্তি করিতে পারিবেন।

জিলা বোর্ডের সম্পত্তি সম্বন্ধে কার্য্য করিবার বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ক্ষমতা।

৭২ ধারা। প্রত্যেক জিলা বোর্ড পূর্ব্ব হয় পারমেণ্ট কর্ত্তৃক অর্পিত ক্ষমতা ব্যতিরেকে কার্য্য করিবার সময়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তদর্থে সময়ে সময়ে যে যে বিধি প্রদান করেন তদনুসারে চলিবে।

জিলা বোর্ডের সম্পত্তি সম্বন্ধে কালেক্টরের সহিত পত্রব্যবহার করিবার কথা।

৭৩ ধারা। জিলার মাজিষ্ট্রেট যখন যখন জয়েণ্ট মাজিষ্ট্রেট বা ডিপুটি মাজিষ্ট্রেট কালেক্টর সাহেবের নিকট পত্র লিখিবেন তখন তখন তাহা কালেক্টর সাহেবের নিকট পাঠাইতে হইবে।

৮।—পথ ও জলপ্রণালীর কথা।

জিলার পথ ও জলপ্রণালী জিলা বোর্ডের প্রতি অর্পিত হইবার কথা।

৭৪ ধারা। এই আইন প্রচলিত হইলে, ১০৭ ধারামতে কোন সমাচারের প্রতি অর্পিত নয় এমন সকল পথ, সাঁকো, পুষ্করিণী, ঘাট, কূপ, নালা ও জলপ্রণালী এক্ষণে থাকে বা পরে প্রস্তুত করা যায় তাহা এবং তাহার ইষ্টক, পাথর ও অন্যান্য উপকরণ ও তৎসংক্রান্ত সমুদয় বৃক্ষাদি, সরঞ্জাম, ক্রিয়ার দ্রব্য অন্য দ্রব্য জিলা বোর্ডের প্রাপ্য হইবে ও উক্ত বোর্ডের হইবে।

জিলার পথ সম্বন্ধে কালেক্টর সাহেবের নিকট পত্র লিখিবার কথা।

৭৫ ধারা। পূর্ব্ব ধারামতে কোন জিলা বোর্ডের প্রতি যে সকল পথ অর্পিত হয় তাহা উক্ত জিলা বোর্ড কালেক্টর সাহেবের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাঁহাকে তৎকালীন তাহার নকট পাঠাইবেন। এ ভিন্ন মাইলে পথের দৈর্ঘ্য ও প্রস্থ ও সাঁকোর সংখ্যা, বাঁধা ও অবাঁধা ও কালভার্টের সংখ্যা যেরূপ চাহিবেন তাহা লিখিতে হইবে।

জিলা বোর্ড সময়ের উক্ত তালিকা সংশোধন করিতে পারিবেন এবং উহা সংশোধন করিবার নিমিত্ত কমিশনার সাহেবের স্থানে আদেশ প্রাপ্ত হইতে পারিবেন।

জমিদারদের সম্মতি লইয়া জিলা বোর্ডের পথ প্রভৃতি লইতে ও মেরামত করিতে পারিবার কথা।

৭৬ ধারা। যে ব্যক্তির প্রতি কোন পথ, সাঁকো, পুষ্করিণী, ঘাট, কূপ, নালা বা জলপ্রণালীর স্বামিত্ব বর্ত্তে, জিলা বোর্ড সভাগত হইয়া তৎসংক্রান্ত স্বামিত্ব লইবার নিমিত্ত সেই ব্যক্তির সহিত নিয়ম করিতে পারিবেন এবং ঐরূপ নিয়ম করিবার পর তথায় বা তন্নিকটে লিখিত নোটিস দিয়া প্রকাশ করিতে পারি-

রেন যে উক্ত পথ, সাঁকো, পুষ্করিণী, ঘাট, কূপ, নালা বা নর্দ্দমা জিলা বোর্ডের প্রতি হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছে।

তাহা হইলে তৎসংক্রান্ত স্বামিত্ব উক্ত জিলা বোর্ডের প্রতিই বর্ত্তিবে, এবং তদবধি উক্ত পথ, সাঁকো, পুষ্করিণী, ঘাট, কূপ, নালা বা নর্দ্দমা জিলার তহবীল হইতে মেরামত করা ও রক্ষা করা যাইবে।

জিলা বোর্ডের ইঞ্জিনিয়র নিযুক্ত করিবার কথা।

৭৭ ধারা। ২৫ ধারার বিধান মানিয়া এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে বিধি প্রণয়ন করেন তাহা মানিয়া, জিলা বোর্ড অবিলম্বে উক্ত বোর্ডের ইঞ্জিনিয়রের পদে একজন উপযুক্ত যোগ্য সম্পন্ন ব্যক্তিকে নিযুক্ত করিবেন।

জিলা বোর্ডের ওবর্সিয়র প্রভৃতি নিযুক্ত করিবার কথা।

৭৮ ধারা। ২৫ ধারার বিধানের নিয়মাধীনে জিলা বোর্ড এই অধ্যায়ের কার্য্যপক্ষে যে প্রকারের যত জন অধীন কর্ম্মচারী আবশ্যক বোধ করেন সেই প্রকারের তত জন কর্ম্মচারী নিযুক্ত করিতে পারিবেন। ঐ সকল ব্যক্তি জিলার ইঞ্জিনিয়রের অধীন হইবেন ও তাঁহার আজ্ঞাধীন থাকিবেন।

জিলার ইঞ্জিনিয়রের কর্ত্তব্যের কথা।

৭৯ ধারা। জিলা বোর্ডের যে সকল কল্পনাপত্র, অনুমানপত্র ও নক্সা আবশ্যক হয় জিলার ইঞ্জিনিয়র তাহা প্রস্তুত করিবেন, এবং উক্ত বোর্ড যে সকল কার্য্যের আদেশ করেন সেই সকল কার্য্য সম্পন্ন করিবেন।

জিলা বোর্ডের পথ প্রভৃতি প্রস্তুত ও রক্ষা করিবার কথা।

৮০ ধারা। এই আইনমতে জিলা বোর্ড যে সকল পথ, সাঁকো ও জলপ্রণালীর ও গমনাগমনের সুবিধা করণার্থ অন্য যে যে উপায় ও সরঞ্জামের ভার লইয়াছেন বা যাহার জন্য অর্থসাহায্য করিতে সম্মত হইয়াছেন তাহা মেরামত ও রক্ষা করিবার,

এবং নূতন পথ, সাঁকো, জলপ্রণালী ও গমনাগমনের অন্য উপায় প্রস্তুত করিবার,

বিধান করা জিলা বোর্ডের কর্ত্তব্য হইবে।

গমনাগমনের উপায় প্রভৃতির উদ্দেশে জিলা বোর্ডের অর্থসাহায্য করিতে পারিবার কথা।

৮১ ধারা। জিলার মধ্যে কিম্বা উক্ত জিলা ও অন্য জিলার মধ্যে গমনাগমনের সুবিধা করণার্থ কোন উপায় ও সরঞ্জাম প্রস্তুত, বিধান, সংস্কার ও রক্ষা করিবার নিমিত্ত;

রাস্তার ধারে বৃক্ষ রোপণ করিবার নিমিত্ত; ও

পানীয় জল উৎকৃষ্টতররূপে যোগাইবার কিম্বা জল নিঃসরণের বিধান আরও উৎকৃষ্টতররূপে বিধান করিবার কোন উপায় ও সরঞ্জাম প্রস্তুত ও রক্ষা করিবার নিমিত্ত,

স্থানীয় বোর্ড ব্যবস্থা করিতে বা ঐ সকল কার্য্যোদ্দেশে অর্থসাহায্য দিতে পারিবেন।

৮২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব প্রত্যেক কমিশ্যনরের খণ্ডে স্থানীয় কার্য্যের ইনস্পেক্টর বলিয়া এক জন কার্য্যকারক নিযুক্ত করিতে পারিবেন এবং ঐ কার্য্যকারকের এক সেরেস্তা মঞ্জুর করিতে পারিবেন।

স্থানীয় কার্য্যের ইনস্পেক্টরের কথা।

খণ্ডের অন্তর্গত জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের বা সমাহার কমিটীর যে সকল কার্য্য প্রস্তুত বা মেরামত হইতেছে বা যে সকল কার্য্য তাঁহাদের অধ্যক্ষতাধীনে থাকে, স্থানীয় কার্য্যের ইনস্পেক্টর তৎসমুদয় পরিদর্শন করিবেন ও তৎসম্বন্ধে উপদেশ দিবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে বিধি প্রণয়ন করেন সেই বিধিক্রমে স্থানীয় কার্য্যের ইনস্পেক্টরের প্রতি যে২ সকল ক্ষমতা ও কর্ত্তব্যভার অর্পিত হয়, তিনি সেই সকল ক্ষমতানুসারে সেই সকল কর্ত্তব্যও সম্পাদন করিবেন।

স্থানীয় কার্য্যের ইনস্পেক্টর সকল সময়ে খণ্ডের অন্তর্গত কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের কোন স্থাবর সম্পত্তিতে কিম্বা তাঁহাদের অধ্যক্ষতাধীনে যে কোন কার্য্য চলিতেছে, তাহাতে প্রবেশ করিতে বা কাহাকে প্রবেশ করাইতে পারিবেন, এবং যেরূপ উচিত বোধ করেন, উক্ত কর্ত্তৃপক্ষকে সেইরূপ বর্ণনাপত্র, অনুমানপত্র ও রিপোর্ট দিবার আদেশ করিতে পারিবেন। প্রত্যেক পরিদর্শনের রিপোর্ট প্রস্তুত করিতে হইবে এবং তাহার নকল জিলার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা সম্পর্কযুক্ত জিলা বোর্ডে পাঠাইতে হইবে।

পূর্ত্তকার্য্যসংক্রান্ত সমুদয় খুঁটরা বিষয়ে স্থানীয় কর্ত্তৃপক্ষ স্থানীয় কার্য্যের ইনস্পেক্টরের রিপোর্ট অনুসারে চলিবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যেরূপ ভারতারিমতে দিবার আদেশ করেন, সেইরূপ ভারতারিমতে খণ্ডের অন্তর্গত ভিন্ন২ জিলা বোর্ড হইতে স্থানীয় কার্য্যের ইনস্পেক্টরের বেতন ও তাঁহার সেরেস্তার খরচ দেওয়া যাইবে।

৮০ ও ৮১ ধারামত বোর্ডের ক্ষমতা নক্সা অনুমোদনের নিয়মাধীন হইবার কথা।

৮৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ নক্সা, কল্পনাপত্র, বিশেষ বিবরণ ও অনুমানপত্র অনুমোদনার্থ পাঠাইবার সম্বন্ধে যে কোন বিধি প্রণয়ন করেন, ৮০ ও ৮১ ধারার বিধানমত জিলা বোর্ডের ক্ষমতা সেই বিধির নিয়মাধীন হইবে।

৮।—ট্রামওয়ে ও রেলওয়ের কথা।

জিলা বোর্ডের ট্রামওয়ে প্রস্তুত করিতে পারিবার কথা।

৮৪ ধারা। রেলওয়ে বা ট্রামওয়ে প্রস্তুত করিবার বিধান করণার্থ যে আইন২ কালে বঙ্গদেশে চলিত থাকে সেই আইনের বিধানমতে কোন জিলা বোর্ড একক কিম্বা অন্য কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের সহিত সমবেত হইয়া স্বীয় জিলার মধ্যে অথবা অংশতঃ তাহার মধ্যে ও অংশতঃ তাহার বাহিরে রেলওয়ে বা ট্রামওয়ে প্রস্তুত ও রক্ষা করিতে পারিবেন, এবং তদর্থে আইনমত যে সমুদয় কার্য্য করা আবশ্যক হয় তাহা করিতে পারিবেন।

জিলা বোর্ডের ট্রামওয়ে প্রস্তুতকরণার্থে ঋণ করিতে পারিবার কথা।

৮৫ ধারা। জিলা বোর্ড পূর্ব্বধারার কার্য্যপক্ষে ঐ রূপ প্রস্তুত বা রক্ষা করিবার খরচ দিতে যে কোন টাকা আবশ্যক হয় জিলার ভবিষ্যৎ প্রাপ্তিস্বীকারস্বরূপ রাখিয়া সুদ দিবার নিয়মে সেই টাকা কর্জ্জ করিয়া লইতে পারিবেন এবং ঐ ঋণের সুদ দিবার প্রতিজ্ঞা করিতে পারিবেন, অথবা যে কোন রেলওয়ে বা ট্রামওয়ে হইতে উক্ত জিলা বোর্ডের বিবেচনায় উক্ত জিলার সাক্ষাৎ সম্বন্ধে উপকার হইবার সম্ভাবনা সেই রেলওয়ে বা ট্রামওয়ে প্রস্তুত বা রক্ষা করিতে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট বা কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ যে কোন ঋণপত্র করেন তাহার অংশ গ্রহণ করিতে পারিবেন।

পূর্ব্ব দুই ধারা বঙ্গদেশের ট্রামওয়ে বিষয়ক আইনের সহিত পঠিত হইবার কথা।

৮৬ ধারা। পূর্ব্ব দুই ধারার মর্ম্মানুসারে যত দূর সঙ্গত হয়, ঐ দুই ধারা বঙ্গদেশের ট্রামওয়ে বিষয়ক ১৮৮৩ সালের আইনের সহিত পঠিত হইবে ও তাহার অংশ বলিয়া গণ্য হইবে।

এই সকল ধারামত কার্য্যানুষ্ঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদন আবশ্যক হইবার কথা।

৮৭ ধারা। নীচা বিষয় সংক্রান্ত না হইলে পূর্ব্ব তিন ধারামত জিলা বোর্ডের কোন কার্য্যানুষ্ঠান, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদন না পাওয়া গেলে, যত দিন না পাওয়া যায় তত দিন সিদ্ধ হইবে না।

ছ।—ইমারতের কথা।

সরকারী ইমারত স্বীয় বোর্ডের কর্ত্তৃত্বাধীনে স্থাপন করিতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

৮৮ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জিলা বোর্ডের সম্মতিক্রমে সময়ে সময়ে বিজ্ঞাপন দিয়া এই আজ্ঞা করিতে পারিবেন যে ঐ জিলার অন্তর্গত যে কোন সরকারী ইমারত গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে থাকে, পরিবর্ত্তন, মেরামত বা রক্ষা করণার্থ তাহা জিলা বোর্ডের কর্ত্তৃত্বাধীনে স্থাপিত হইবে, অথবা কোন নূতন ইমারত প্রস্তুত করিবার ভার কোন জিলা বোর্ডের প্রতি অর্পণ করিতে পারিবেন।

এই ধারামতে যে প্রত্যেক আজ্ঞা করা যায়, তাহাতে যে যে নিয়মে ঐরূপ ইমারত জিলা বোর্ডের কর্ত্তৃত্বাধীনে স্থাপন করা যায় বা যে যে নিয়মে উক্ত বোর্ড উহা প্রস্তুত করিবেন তাহা নির্দ্দেশ করিতে হইবে।

কিন্তু যে কোন ইমারত এই আইনের অন্য কোন ধারামতে কোন জিলা বোর্ডের প্রতি অর্পিত হয়, তৎপ্রতি এই ধারার কোন কথা বর্ত্তিবে না।

জ।—স্বাস্থ্যসাধনের কথা।

জিলা বোর্ডের স্বাস্থ্যসাধনের বিধান করণের কথা।

৮৯ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যে বিধি প্রণয়ন করেন তাহার নিয়মাধীনে, প্রত্যেক জিলা বোর্ড যতদূর সম্ভব স্বীয় জিলার উপযুক্ত স্বাস্থ্যসাধনের বিধান করিবেন, এবং তদর্থে যেরূপ আবশ্যক হয় সেইরূপ খরচ করিবেন অথবা সেইরূপ দায়িত্ব স্বীকার করিবেন।

জিলায় জল যোগাইবার নিমিত্ত ধারণ ক্ষমতার কথা।

৯০ ধারা। কোন জিলা বোর্ড কমিশ্যনর সাহেবের সম্মতি লইয়া এবং তিনি খরচ সম্বন্ধে যে সীমা ধার্য্য করেন তাহা মানিয়া স্বীয় জিলার অন্তর্গত কোন স্থানে সরকারী ও ব্যক্তিবিশেষের কার্য্যোপযোগী জল যোগাইয়া দিবার বিধান করিতে পারিবেন এবং ঐরূপ সমুদয় বা কোন কার্য্যের নিমিত্ত

(১) জলের কল প্রস্তুত ও রক্ষা করিতে, কূপ বা পুষ্করিণী খনন করিতে এবং অন্য কোন আবশ্যক কার্য্য করিতে পারিবেন, এবং

(২) স্বীয় জিলার অন্তর্গত বা বহির্ভূত কোন জলের কল ইজারা বা ভাড়া লইতে ও কোন জলের কল বা জল কিম্বা জল লইবার বা লইয়া যাইবার স্বত্ব ক্রয় করিতে পারিবেন; এবং

(৩) জল যোগাইয়া দিবার নিমিত্ত কোন ব্যক্তির সহিত চুক্তি করিতে পারিবেন।

জিলা বোর্ডের স্বাস্থ্য বিষয়ক ইনস্পেক্টরের নিযুক্ত করিবার কথা।

৯১ ধারা। প্রত্যেক জিলা বোর্ড একজন উপযুক্ত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে স্বীয় স্বাস্থ্য বিষয়ক ইনস্পেক্টরের পদে নিযুক্ত করিতে পারিবেন এবং ২৫ ও ৯২ ও ৯৩ ধারার বিধানের নিয়মাধীনে উক্ত স্বাস্থ্য বিষয়ক ইনস্পেক্টরের বেতন ও ঠাঁহার অধীন সেরেস্তার বিস্তারিত দফ ধার্য্য করিবেন।

ঝ।—গোরীজে টিকা দিবার কথা।

জিলা বোর্ডের স্বীয় জিলার মধ্যে টিকাদানের তত্ত্বাবধারণ করিবার কথা।

৯২ ধারা। এই ধারার এবং ইহার পরবর্ত্তী চারি ধারার বিধান যে প্রত্যেক জিলা বোর্ডে প্রচলিত করা যায়, সেই জিলা বোর্ড আপন জিলার মধ্যে সমুদয় সরকারী টিকাদারের নিয়োগ করিবার, বেতন দিবার এবং কার্য্যাধ্যক্ষতা ও তত্ত্বাবধারণ করিবার ভার প্রাপ্ত হইবেন।

জিলা বোর্ডের টিকাদানের ইনস্পেক্টর নিযুক্ত করিবার কথা।

৯৩ ধারা। ঐরূপ প্রত্যেক জিলা বোর্ড স্বীয় জিলার মধ্যে একজন উপযুক্ত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিকে টিকাদানের ইনস্পেক্টরের পদে নিযুক্ত করিবেন, এবং ঐ ব্যক্তিকে যে বেতন দিতে হইবে ২১ ধারার ও ৯১ ধারার বিধানের নিয়মাধীনে তাহা ধার্য্য করিবেন।

বঙ্গদেশে গোরীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালে আইনের বিধানমত গোরীজে টিকাদানের সুপারিণ্টেণ্ডেণ্টের প্রতি যে২ ক্ষমতা ও কর্ম্মের ভার অর্পিত হইয়াছে, এই ধারামতে নিযুক্ত প্রত্যেক টিকাদানের ইনস্পেক্টর উক্ত জিলায় সেই২ ক্ষমতানুসারে সেই২ কর্ম্ম করিবেন।

টিকাদানের ইনস্পেক্টর এই আইনের ৯১ ধারার বিধানমত জিলা বোর্ডের স্বাস্থ্যবিষয়ক ইনস্পেক্টরের কর্ম্মও করিবেন।

৯৪ ধারা। যে প্রত্যেক জিলায় বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের আইন প্রচলিত হইয়াছে বা পরে প্রচলিত হইবে, তথায় উক্ত আইনের ২৫ ধারা-মত জিলা মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা উক্ত জিলা বোর্ডের থাকিবে।

গোবীজে টিকাদান বিষয়ক আইন যথায় প্রচলিত হয় সেই জিলায় জিলা বোর্ডের মাজিষ্ট্রেটের ক্ষমতা থাকিবার কথা।

৯৫ ধারা। যে প্রত্যেক জিলা বোর্ডে এই পরিচ্ছেদের বিধান বর্ত্তান যায়, সেই বোর্ড উক্ত বিধান অনুসারে কার্য্য করিবার সময়ে কমিশনর সাহেবের সাধারণ কর্তৃত্ব ও তত্ত্বাবধানের অধীন হইবেন। কমিশনর সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতি লইয়া সময়ে২ এই আইনের ও বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের আইনের সহিত সঙ্গত হয় এরূপ বিধি প্রণয়ন করিতে পারিবেন;

কমিশনর সাহেবের টিকাদান সম্বন্ধে কর্তৃত্ব করিবার ও বিধি করিবার কথা।

এবং ঐরূপ সম্মতি লইয়া উক্ত বিধি সময়ে২ পরিবর্ত্তন পরিবর্দ্ধন বা রহিত করিতে পারিবেন।

৯৬ ধারা। পূর্ব্ব ধারার মর্ম্মানুসারে যত দূর সঙ্গত হয়, ঐ চরিত্র বা বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের আইনের সহিত পঠিত ও তাহার অংশ বলিয়া গণ্য হইবে।

এই আইন বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক আইনের সহিত পঠিত হইবার কথা।

ঞ।—লোকসংখ্যা গ্রহণের কথা।

৯৭ ধারা। কমিশনর সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে কোন জিলা বোর্ডের প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে উক্ত বোর্ডের জিলার মধ্যে হিসাব লইবার সময়ে যত লোক থাকে তাহাদের সংখ্যার হিসাব লন এবং তদর্থে যে প্রকারের যত ব্যক্তিকে নিযুক্ত করিতে ও যে খরচ করিতে কমিশনর সাহেব আদেশ দেন, সেই প্রকারের তত ব্যক্তিকে নিযুক্ত করেন ও সেই খরচ করেন।

লোকসংখ্যা গ্রহণের জন্য জিলা বোর্ডের প্রতি কমিশনর সাহেবের আজ্ঞা করিতে পারিবার কথা।

৯৮ ধারা। পূর্ব্ব ধারামত হিসাব লইতে যে প্রত্যেক জিলা বোর্ডের প্রতি আদেশ হয় সেই জিলা বোর্ড ঐরূপ হিসাব লইতে গেলে তদর্থে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে কোন বিধি করেন সেই বিধি অনুসারে, এবং লোকসংখ্যা গ্রহণের বিশেষ কার্য্যার্থ যে আইন যৎকালে বঙ্গদেশে প্রচলিত থাকে সেই আইনের বিধান অনুসারে, কার্য্য করিবেন।

লোকসংখ্যা গ্রহণের সম্বন্ধে কথা।

ট।—দুর্ভিক্ষ প্রশমনের কথা।

৯৯ ধারা। কমিশনর সাহেব খরচের যে সীমা নির্দ্দেশ করেন তাহা মান্য করিয়া, যে প্রত্যেক জিলা বোর্ডের প্রতি এই ধারা বর্ত্তান যায়, সেই বোর্ড স্বীয় জিলার মধ্যে দুর্ভিক্ষ প্রশমনার্থ যেরূপ উচিত বোধ করেন সেইরূপ ব্যবস্থা করিবার ক্ষমতা প্রাপ্ত হইবেন, এবং তদর্থে

দুর্ভিক্ষ হইলে জিলা বোর্ডের প্রশমনার্থ ব্যবস্থা করিবার কথা।

(১) যে প্রকারের যত দুর্ভিক্ষপ্রশমনার্থ কার্য্য আবশ্যক হয়, তাহা খুলিতে ও রক্ষা করিতে পারিবেন।

(২) যে প্রকারের যত কিয়ৎকালীন হাঁসপাতাল, দরিদ্রনিবাস, অনাথালয়, ও বিনা মূল্যে খাদ্য বিতরণের স্থান আবশ্যক হয়, তাহা খুলিতে ও রক্ষা করিতে পারিবেন।

(৩) চিকিৎসাসংক্রান্ত বা অন্য প্রকারের যে অতিরিক্ত সাহায্য আবশ্যক হয়, তাহা লইতে পারিবেন।

(৪) ঐরূপ সকল বা কোন কর্ম্মের নিমিত্ত অন্য এক বা অধিক জিলা বোর্ডের সহিত সমবেত হইতে পারিবেন।

ঠ।—বিবিধ কথা।

১০০ ধারা। কোন জিলা বোর্ড কমিশনর সাহেবের সম্মতিক্রমে এবং তদর্থে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে কোন বিধি প্রণয়ন করেন তাহার নিয়মাধীনে,

জিলা বোর্ডের বিবিধ ক্ষমতার কথা।

(১) স্বীয় জিলার মধ্যে যে স্থানে উচিত বোধ করেন পথিকদিগের ব্যবহারার্থ ডাক বাঙ্গলা প্রস্তুত ও রক্ষা করিতে এবং উহার ব্যবহার নিমিত্ত যেরূপ উচিত বোধ করেন সেইরূপ ফী লইতে পারিবেন

ডাক বাঙ্গলার কথা।

কিন্তু কমিশনর সাহেব যে টাকা নির্দ্দিষ্ট করেন, উক্ত ফী কোন স্থলে তদধিক হইবে না।

(২) উক্ত জিলার মধ্যে অনিষ্টকর জন্তু বিনষ্ট করিবার নিমিত্ত কমিশনর সাহেবের অনুমোদিত হার অনুসারে পুরস্কার দিতে পারিবেন।

অনিষ্টকর জন্তু বিনাশার্থ পুরস্কারের কথা।

(৩) স্বীয় জিলার মধ্যে মেলা ও হাট বসাইতে ও করিতে পারিবেন।

মেলা ও হাটের কথা।

(৪) স্বীয় জিলার মধ্যে সময়ে২ গবাদি জন্তু, দেশোৎপন্ন শস্যাদি ও কৃষিকার্য্যের যন্ত্র বা স্থানীয় শিল্পজাত দ্রব্যের প্রদর্শনী করিতে এবং কমিশনর সাহেব তদর্থে সময়ে২ যেরূপ ব্যয় ও ফী অনুমোদন করেন সেইরূপ ব্যয় করিতে ও সেইরূপ ফী লইতে পারিবেন।

প্রদর্শনীর কথা।

(৫) দরিদ্রনিবাস স্থাপন ও রক্ষা করিতে পারিবেন।

দরিদ্রনিবাসের কথা।

(৬) অন্য যে কোন স্থানীয় কার্য্যের দ্বারা সাধারণের স্বাস্থ্য, স্বচ্ছন্দতা ও সুবিধা বৃদ্ধি হইবার সম্ভাবনা ও যাহার নিমিত্ত এই আইনের অন্য কোন অধ্যায়ে বিধান নাই, এইরূপ স্থানীয় কার্য্যে প্রবৃত্ত হইতে ও তাহা সাধন করিতে পারিবেন।

যাহার অন্যরূপ বিধান হয় নাই এরূপ কার্য্যের কথা।

২য় অধ্যায়।

স্থানীয় বোর্ডের কর্ত্তব্য কর্ম্ম ও ক্ষমতা বিষয়ক বিধি।

স্থানীয় বোর্ডের কর্ত্তব্য কর্ম্মের কথা।

১০১ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অথবা তাঁহার কর্ত্তৃত্বাধীনে জিলাবোর্ড এই আদেশ করিতে পারিবেন যে, কোন স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন স্থানে এই আইনের বিধানমতে জিলা বোর্ডের কর্ত্তৃত্ব ও অধ্যক্ষতাধীনে স্থাপিত কোন বিষয় সম্পূর্ণরূপে বা অংশতঃ উক্ত স্থানীয় বোর্ডের কর্ত্তৃত্ব ও অধ্যক্ষতাধীনে হস্তান্তর করিয়া দেওয়া যাইতে পারিবে।

এই ধারামতে কোন স্থানীয় বোর্ডের কর্ত্তৃত্ব ও অধ্যক্ষতাধীনে যে সকল বিষয় হস্তান্তর করিয়া দেওয়া যায়, উক্ত বোর্ড জিলা বোর্ডের এজেণ্টস্বরূপ ও তদীয় কর্ত্তৃত্বাধীনে আপন হাতের টাকায় যতদূর করিতে পারেন, ততদূর সেই সকল বিষয়ের উপযুক্ত বিধান করিবেন।

এই ধারামতে কোন স্থানীয় বোর্ডের প্রতি যে দায়িত্ব বর্ত্তে, জিলা বোর্ড তাহা প্রবল করাইবেন।

স্থানীয় বোর্ডের খরচের সীমার কথা।

১০২ ধারা। এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, আপন জিলার জিলা বোর্ড যে সীমা নির্দ্ধারিত করিয়া দেন, কোন স্থানীয় বোর্ড তদধিক টাকা খরচ করিবেন না, কিম্বা তদধিক টাকার দায়িত্ব গ্রহণ করিবেন না।

স্থানীয় বোর্ডের সমাহার কমিটী সম্বন্ধে তত্ত্বাবধান ও কর্ত্তৃত্ব করিবার কথা।

১০৩ ধারা। স্থানীয় বোর্ডের এলাকার মধ্যে যে সকল সমাহার কমিটী থাকে, উক্ত বোর্ড তাহাদের উপর তত্ত্বাবধান ও কর্ত্তৃত্ব করিবার ক্ষমতা চালাইবেন, এবং জিলা বোর্ড সময়ে২ যে সকল রিপোর্ট, রিটর্ণ ও স্থিতিবিবরণ চাহেন, স্থানীয় বোর্ড জিলাবোর্ডের নির্দ্দিষ্ট পাঠে তাহা সংগ্রহ করিয়া দিবেন।

৩য় অধ্যায়।

সমাহার কমিটীর কর্ত্তব্য ও ক্ষমতা বিষয়ক বিধি।

সমাহার কমিটীদের স্থানীয় বোর্ডের অধীন হইবার কথা।

১০৪ ধারা। যে২ সমাহার সম্বন্ধে সমাহার কমিটী নিযোজিত বা নিযুক্ত হয় সে২ সমাহার যে মহকুমার অন্তর্গত, সমাহার কমিটী সেই মহকুমার স্থানীয় বোর্ডের এজেণ্টস্বরূপ ও কর্ত্তৃত্বাধীন হইবেন, এবং তাঁহাদের ক্ষমতাধীন স্থানের মধ্যে স্থানীয় বোর্ড যেং বিষয় সাক্ষাৎসম্বন্ধে আপনাদের কর্ত্তৃত্ব ও কার্য্যাধ্যক্ষতাধীনে লওয়া উচিত বোধ করেন তদ্ভিন্ন এই অধ্যায়ের নির্দ্দিষ্ট সকল বিষয়ে কর্ত্তৃত্ব ও কার্য্যাধ্যক্ষতা করিবেন ও তজ্জন্য দায়ী হইবেন।

সমাহার কমিটীদের স্থানীয় বোর্ডে রিপোর্ট, অনুমানপত্র ও হিসাব পাঠাইবার কথা।

১০৫ ধারা। এতদর্থে স্থানীয় বোর্ড যে তারিখ নিরূপণ করেন সেই তারিখে বা তৎপূর্ব্বে প্রত্যেক সমাহার কমিটী আপন মহকুমার স্থানীয় বোর্ডের নিকট বৎসর২ আগামী রাজস্ব সংক্রান্ত বৎসরে কমিটীর যে ব্যয় হইবার সম্ভাবনা তাহার এক অনুমানপত্র এবং পূর্ব্ব বৎসরের জমা ও খরচের এক হিসাব পাঠাইবেন; এবং স্থানীয় বোর্ড সময়ে২ যেরূপ রিপোর্ট দিবার আদেশ করেন, সেইরূপ অন্যান্য রিপোর্টও স্থানীয় বোর্ডের নিকট পাঠাইবেন।

সমাহার কমিটীর ব্যয়ের সীমার কথা।

১০৬ ধারা। আপন মহকুমার স্থানীয় বোর্ড যে সীমা নির্দ্দেশ করেন, সমাহার কমিটী তদ্ভিরিক্ত টাকা ব্যয় করিবেন না কিম্বা তদতিরিক্ত টাকার দায়িত্ব স্বীকার করিবেন না।

গ্রাম্য পথ সমাহার কমিটীতে বর্ত্তিবার কথা।

১০৭ ধারা। কোন সমাহারের অন্তর্গত সমুদয় গ্রাম্য পথ ও তাহার প্রস্তর ও অন্যান্য সরঞ্জাম এবং ঐ পথের জন্য নির্দ্দিষ্ট সমুদয় গাঁথনী, সরঞ্জাম, যন্ত্রাদি, ও অন্যান্য দ্রব্য সমাহার কমিটীর প্রতিই বর্ত্তিবে ও তাঁহাদেরই হইবে।

গ্রাম্য পথ প্রস্তুত ও ভাল করিতে পারিবার কথা।

১০৮ ধারা। নিম্নলিখিত কোন কার্য্যের নিমিত্ত যে কোন বাটীর বা ভূমির প্রয়োজন হয়, তাহার মালিক ও দখীলকারদিগকে উপযুক্ত ক্ষতিপূরণ দিয়া সমাহার কমিটী

(ক) নূতন গ্রাম্য পথের সূত্রপাত ও তাহা প্রস্তুত করিতে পারিবেন;

(খ) নূতন সাঁকো প্রস্তুত ও নির্ম্মাণ করিতে পারিবেন;

(গ) কোন গ্রাম্য পথ ফিরাইতে, অন্যমুখ করিতে, বন্ধ করিয়া দিতে বা বন্ধ করিতে পারিবেন; এবং

(ঘ) উপরূপ কোন পথ চৌড়া করিতে, খুলিতে, বা বড় করিতে কিম্বা প্রকারান্তরে তাহার উৎকর্ষসাধন করিতে পারিবেন।

গ্রাম্য পথরক্ষা ও সংস্কার করিবার কথা।

১০৯ ধারা। সমাহার এক্তিয়ার হইতে যত দূর পারা যায় সমাহার কমিটী সময়ে২ গ্রাম্য পথ রক্ষা ও সংস্কার করাইবেন এবং সেই কার্য্যের নিমিত্ত সাধারণের নির্ব্বিঘ্নতা ও সুবিধার বিধানার্থে যাহা কিছু আবশ্যক হয়, করিতে পারিবেন।

সমাহার কমিটীর স্থানীয় বোর্ডে পথের তফসীল পাঠাইবার কথা।

১১০ ধারা। কোন সমাহার কমিটী যে স্থানীয় বোর্ডের অধীন হন, সেই স্থানীয় বোর্ডের আদেশমত সময় মধ্যে সমাহারের অন্তর্গত সমুদয় গ্রাম্য পথের এক তফসীল উক্ত স্থানীয় বোর্ডে পাঠাইবেন। ঐ তফসীলে পথের দৈর্ঘ্য ও প্রস্থ, সাঁকোর সংখ্যা, বয়না ও কাষ্টের এবং স্থানীয় বোর্ড আর যেং বৃত্তান্ত চাহেন তাহা লিখিতে হইবে।

সমাহার কমিটী আপন প্রবৃত্তিমতে যে কোন সময়ে উক্ত তফসীল সংশোধন করিতে পারিবেন অথবা তাহা করিতে স্থানীয় বোর্ড কর্ত্তৃক আদিষ্ট হইতে পারিবেন।

স্থানীয় বোর্ডের জিলার পথের অংশ সমাহার কমিটীর কার্য্যাধ্যক্ষতাধীনে স্থাপন করিতে পারিবার কথা।

১১১ ধারা। কোন স্থানীয় বোর্ডের অধীন কোন সমাহার কমিটীর প্রতি স্থানীয় বোর্ড উক্ত সমাহার কমিটীর সমাহারের মধ্যে উক্ত বোর্ডের কার্য্যাধ্যক্ষতাধীন কোন পথের যে অংশ থাকে সেই অংশের কার্য্যভার অর্পণ করিতে পারিবেন। তাহা হইলে উক্ত সমাহার কমিটীর প্রতি পথের যে অংশ নিরূপণ করিয়া দেওয়া হয়, উক্ত কমিটী সেই অংশের রক্ষা ও সংস্কার করণার্থ আবশ্যক সমস্ত কার্য্য করিবেন ও তদর্থে স্থানীয় বোর্ডের নিকট দায়ী থাকিবেন।

খোঁয়াড়ের সম্বন্ধে সমাহার কমিটীর ক্ষমতার কথা।

১১২ ধারা। ১৮৮৩ সালের ১৮ আইনমত বিজ্ঞাপনক্রমে কোন সমাহার কমিটীর প্রতি খোঁয়াড় স্থাপন ও রক্ষা ও তাহার কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে যে২ ক্ষমতা অর্পিত হয়, উক্ত কমিটী সেই২ ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

প্রাথমিক বিদ্যালয়ের কথা।

১১৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে বিধি নির্দ্দেশ করেন তাহার নিয়মাধীনে, সমাহার কমিটী সমাহারের অন্তর্গত সমুদয় প্রাথমিক বিদ্যালয়ের কার্য্যাধ্যক্ষতা করিবার ও তাহা রক্ষা করিবার ও দেখিবার ও ১২১ ধারার বিধানের নিয়মাধীনে উক্ত বিদ্যালয়ের গুরু নিযুক্ত করিবার ও উক্ত গুরুদিগকে বেতন দিবার ও স্থানীয় বোর্ডের প্রদত্ত পুরস্কার তাহাদিগকে দিবার ভারপ্রাপ্ত হইবেন ও তজ্জন্য দায়ী থাকিবেন।

ঔষধালয়ের কথা।

১১৪ ধারা। সমাহারের অন্তর্গত কোন ঔষধালয়ের কার্য্যাধ্যক্ষতা করিবার ও তাহা রক্ষা করিবার ও দেখিবার ভার সমাহার কমিটীর সম্মতিক্রমে ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে বিধি নির্দ্দেশ করেন তাহার নিয়মাধীনে সমাহার কমিটীর হস্তে ন্যস্ত হইতে পারিবে।

জন্মমৃত্যুসম্বন্ধীয় বৃত্তান্ত রেজিষ্টরী করিবার কথা।

১১৫ ধারা। প্রত্যেক সমাহার কমিটী সমাহারের মধ্যে জন্মমৃত্যুর রেজিষ্টরী করিবার বিধান করিবেন; এবং স্থানীয় বোর্ড যে২ রিটর্ণ পাঠাইবার আদেশ করেন সেই২ রিটর্ণ পাঠাইবেন।

স্বাস্থ্যসাধনের কথা।

১১৬ ধারা। সমাহার কমিটী যত দূর সম্ভব সমাহারের স্বাস্থ্যসাধনের বিধান করিবেন এবং মেলা প্রভৃতি হইলে এতদর্থে বিশেষ বন্দোবস্ত করিবেন।

নর্দ্দমা প্রভৃতি সমাহার কমিটীর কর্তৃত্বাধীনে থাকিবার কথা।

১১৭ ধারা। সমাহারের অন্তর্গত সমুদয় নর্দ্দমা ও গ্রামাদি পরিষ্কার করিবার অন্যান্য কার্য্য অন্য কোন কর্তৃপক্ষের কর্তৃত্বাধীনে না থাকিলে সমাহার কমিটীর কর্তৃত্বাধীনে থাকিবে।

স্থানীয় বোর্ডের সমাহার কমিটীর প্রতিস্বাস্থ্যসাধনাদি কার্য্যের ভার অর্পণ করিতে পারিবার কথা।

১১৮ ধারা। যে স্থান কোন সমাহার কমিটীর এলাকাধীন সেই স্থান সম্বন্ধীয় স্বাস্থ্যসাধন বা জলনিঃসরণ করিবার বা জল যোগাইবার কোন কার্য্য নির্ব্বাহ করিবার ভার উক্ত সমাহার কমিটী যে স্থানীয় বোর্ডের অধীন সেই স্থানীয় বোর্ড ঐ কমিটীর প্রতি অর্পণ করিতে পারিবেন।

সমাহার কমিটীর সরকারী পুষ্করিণী পরিষ্কার করিতে পারিবার কথা।

১১৯ ধারা। কোন সমাহার কমিটী উক্ত সমাহার কমিটীর এলাকার অন্তর্গত কোন সরকারী পুষ্করিণী, জলস্রোত বা কূপ বা সরকারী নর্দ্দমা পরিষ্কার বা সংস্কার করিতে পারিবেন, এবং ঐরূপ পরিষ্কার বা সংস্কার করণের খরচ সমাহার তহবীল হইতে লইতে পারিবেন, কিম্বা ঐ তহবীলে না কুলাইলে ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইনমতে ও ১৮৭১ সালের বঙ্গীয় ১ আইনমতে কিম্বা যৎকালে অন্য যে আইন বলবৎ থাকে সেই আইনমতে চৌকীদারী টাক্স আদায় করিবার নির্দ্দিষ্ট প্রণালীক্রমে উক্ত সমাহারের মধ্যে যাঁহারা বাস করেন তাঁহাদিগের স্থানে ঐ খরচ আদায় করিতে পারিবেন।

ব্যক্তি বিশেষের পুষ্করিণী প্রভৃতি সম্বন্ধে ক্ষমতার কথা।

১২০ ধারা। যে কোন পুষ্করিণী বা জলস্রোত বা কূপ পানীয় জলের নিমিত্ত ব্যবহৃত হয় সমাহার কমিটী তাহার মালিককে তাহা পরিষ্কার বা ভরাট করিবার আদেশ দিতে পারিবেন, কিন্তু যাহাতে স্বাস্থ্যের হানি হয় বা নিকটস্থ লোকের কষ্ট হয় কোন ভূমির এরূপ অবস্থা দৃষ্ট হইলে উক্ত ভূমির মালিককে বা দখীলকারকে উহা পরিষ্কার করিতে বা উহার জলনিঃসরণ করিতে কিম্বা উহার সম্বন্ধে অন্য যে কোন কার্য্য করা আবশ্যক বোধ হয় তাহা করিতেও আদেশ দিতে পারিবেন। উক্ত মালিক বা দখীলকার উক্ত আজ্ঞা পালন না করিলে, সমাহার কমিটী উক্ত কার্য্য করাইতে পারিবেন এবং তাহাতে যে খরচ হয় তাহা উক্ত মালিকের স্থানে আদায় করিতে পারিবেন। রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক যে আইন যৎকালে বলবৎ থাকে সেই আইনের নির্দ্দিষ্ট প্রকারে উক্ত খরচ আদায় করা যাইতে পারিবে।

কিন্তু যে কার্য্য করিবার আদেশ দেওয়া যায় তাহার নোটিস যে তারিখে উক্ত পুষ্করিণী, জলস্রোত, বা কূপের মালিকের, কিম্বা ভূমির মালিকের বা দখীলকারের উপর জারী করা যায়, সেই তারিখ অবধি ত্রিশ দিন গত না হইলে পর সমাহার কমিটী কোন কার্য্য করিবেন না।

আর এই ধারামত কোন আজ্ঞা পালন করিবার খরচ একশত টাকার অধিক হইবার সম্ভাবনা বলিয়া অনুমান হইলে, সমাহার কমিটী স্থানীয় বোর্ডের সম্মতি পূর্ব্বে না লইয়া উক্ত আদেশ দিবেন না।

কর্ম্মচারী নিযুক্ত করিবার কথা।

১২১ ধারা। এই আইন সফল করিবার কার্য্যে সাহায্য করণার্থ যে সকল অধীন কর্ম্মচারী ও চাকর আবশ্যক হয়, সমাহার কমিটী সময়ে২ তাঁহাদিগকে নিযুক্ত করিতে পারিবেন এবং সময়ে২ ঐরূপ

কোন ব্যক্তিকে পদচ্যুত করিয়া তাঁহার পদে অন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন;

এবং স্থানীয় বোর্ডের অনুমতিক্রমে ঐরূপ ব্যক্তিদের বেতন স্থির করিতে পারিবেন এবং সমাচার তহবীল হইতে উক্ত ব্যক্তিদিগকে সেই বেতন দিতে কিম্বা ছুটীর স্থলে তাহার যে অংশ যুক্তিসিদ্ধ বোধ করেন সেই অংশ দিতে পারিবেন।

স্থানীয় বোর্ড লিখিত আজ্ঞা দিয়া ঐ আজ্ঞার নির্দ্দিষ্ট কারণে আপনাদের অধীন কোন সমাচার কমিটীর প্রতি এই ধারামতে উক্ত কমিটীর নিযুক্ত কোন ব্যক্তিকে পদচ্যুত করিবার আদেশ দিতে পারিবেন। তাহা হইলে সমাচার কমিটী উক্ত আজ্ঞার লিখিত ব্যক্তিকে বা ব্যক্তিদিগকে পদচ্যুত করিবেন।

৪র্থ খণ্ড।

কর্ত্তৃত্ব বিষয়ক বিধি।

১ম অধ্যায়।

জিলা বোর্ডের ও স্থানীয় বোর্ডের উপর কর্ত্তৃত্বের কথা।

শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর ও কমিশানরদিগের প্রতিভের ক্ষমতা করণ।

১২২ ধারা। স্থানীয় কর্ত্তৃপক্ষদের কার্য্যানুষ্ঠান আইন ও তাহার অধীনস্থ প্রচলিত বিধি অনুসারে হইবে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এবং তাঁহার আজ্ঞামতে কর্ম্মকারি কমিশানর সাহেবেরা ও জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা এতদর্থে আদেশ করিতে পারিবেন। তদর্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সমুদয় আবশ্যক ক্ষমতা কমিশানর সাহেবকে দিতে পারিবেন, এবং যে কোন কার্য্য বিধান আইন ও উক্ত বিধি অনুসারে করা যাইবে বলিয়া তিনি বিবেচনা করেন, অন্যান্য বিষয়ের মধ্যে তাহা লিখিত আজ্ঞা দিয়া নিষ্পন্ন করিতে পারিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এতদর্থে বিধি করণ করিয়া কমিশানর সাহেবের ও জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পণ করেন, তাঁহারা আপন ক্ষমতাধীন স্থানে পূর্ব্বোক্ত উদ্দেশে সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

বহী ও নথী জিলার কর্ত্তৃপক্ষদের দেখিবার নিমিত্ত খোলা থাকিবার কথা।

১২৩ ধারা। প্রত্যেক জিলা বোর্ড ও স্থানীয় বোর্ড সকল সময়ে কমিশানর সাহেবকে এবং জিলার মাজিষ্ট্রেট সাহেব জিলা বোর্ডের সভাপতি না হইলে, তাঁহাকে আপনাদের সমুদয় বহী, কার্য্যবিবরণ ও নথী দেখিতে দিবেন।

কার্য্য পরিদর্শন করিতে পারিবার কথা।

১২৪ ধারা। কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের দখলে যে কোন স্থাবর সম্পত্তি থাকে কিম্বা উক্ত কর্ত্তৃপক্ষের আজ্ঞাধীনে যে কোন কার্য্য চলিতে থাকে, জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা তিনি জিলা বোর্ডের সভাপতি হইলে কমিশানর সাহেব সকল সময়ে তথায় প্রবেশ করিয়া পরিদর্শন করিতে বা তাহাকে প্রবেশ করাইয়া পরিদর্শন করাইতে পারিবেন।

কর্ম্ম করণ স্থগিত রাখিতে পারিবার কথা।

১২৫ ধারা। যদি জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা তিনি জিলা বোর্ডের সভাপতি হইলে কমিশানর সাহেবের এরূপ প্রতীতি হয় যে, আপনার এলাকার মধ্যে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের আজ্ঞা বা নির্দ্ধারণ অনুসারে কার্য্য সাধন হইলে কিম্বা উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষ যে কোন কর্ম্ম করিতে উদ্যত আছেন বা করিতেছেন তাহা করিলে সাধারণের বা কোন শ্রেণীর বা সম্প্রদায়ের ব্যক্তিবর্গের হানি বা বিরক্তি হইবার কিম্বা শান্তিভঙ্গ ঘটিবার সম্ভাবনা, তবে উক্ত মাজিষ্ট্রেট বা কমিশানর সাহেব লিখিত আজ্ঞা দিয়া উক্ত কার্য্যসাধন কিম্বা কর্ম্মকরণ স্থগিত রাখিতে পারিবেন।

জিলা বোর্ডের ত্রুটি হইলে কর্ম্ম করিবার নিমিত্ত বিধান করিবার ক্ষমতার কথা।

১২৬ ধারা। এই আইনের দ্বারা বা এই আইনমতে কোন জিলা বোর্ডের প্রতি যে কর্ম্মের ভার অর্পিত হয় উক্ত বোর্ড সেই কর্ম্ম, কর্ত্তব্যে ত্রুটি করিয়াছেন, পালিশক্রমে বা প্রকারান্তরে কমিশানর সাহেব এই কথা অবগত হইলে, উপযুক্ত অনুসন্ধান করিবার পর যদি তাঁহার বোধ হয় যে, উক্ত জিলা বোর্ড বিলক্ষণ ত্রুটি করিয়াছেন, তবে লিখিত আজ্ঞা দিয়া সেই কর্ম্ম করিবার সময় নিরূপণ করিয়া দিতে পারিবেন।

উক্ত নিরূপিত সময়ের মধ্যে ঐ কর্ম্ম করা না গেলে, কমিশানর সাহেব ঐ কর্ম্ম করিবার নিমিত্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন, এবং এই আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ কর্ম্ম করিবার খরচ ও তাহা করিতে নিযুক্ত ব্যক্তির যুক্তিমত বেতন জিলা বোর্ড অবিলম্বে দিবেন।

নিতান্ত প্রয়োজনস্থলে অধিকক্ষমতার কথা।

উক্ত খরচ ও বেতন ঐরূপে দেওয়া না গেলে, জিলার তহবীলের উদ্বৃত্ত টাকা যে ব্যক্তির জিম্মায় থাকে, কমিশানর সাহেব তাঁহার প্রতি উক্ত উদ্বৃত্ত টাকা হইতে উক্ত খরচ ও বেতন অথবা তাহার যে অংশ দেওয়া সম্ভব হয় সেই অংশ দিবার আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন।

১২৭ ধারা। যাহা কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ সম্পাদন করিতে বা করিতে ক্ষমতাপন্ন এবং যাহা অবিলম্বে সম্পাদন করা বা করা মাজিষ্ট্রেট বা কমিশানর সাহেবের বিবেচনায় সাধারণের উপকার বা নিরিঘ্নতা নিমিত্ত আবশ্যক, নিতান্ত প্রয়োজন হইলে, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা তিনি জিলা বোর্ডের সভাপতি হইলে, কমিশানর সাহেব এরূপ কোন কার্য্য সম্পাদনের বা এরূপ কোন কর্ম্ম করিবার বিধান করিতে পারিবেন; এবং এইরূপ আদেশ করিতে পারিবেন যে, উক্ত কার্য্য সম্পাদনের বা উক্ত কর্ম্ম করিবার খরচ ও যে ব্যক্তি তাহা সম্পাদন করিতে বা করিতে নিযুক্ত হন, সেই ব্যক্তির যুক্তিমত বেতন জিলা বোর্ড অবিলম্বে দিবেন।

উক্ত খরচ ও বেতন ঐরূপে দেওয়া না গেলে, জিলার তহবীলের উদ্বৃত্ত টাকা যে ব্যক্তির জিম্মায় থাকে, মাজিষ্ট্রেট সাহেব বা স্থল বিশেষে কমিশানর সাহেব তাঁহার প্রতি উক্ত উদ্বৃত্ত টাকা হইতে উক্ত খরচ ও বেতন অথবা

তাহার যে অংশ দেওয়া সম্ভব হয়, সেই অংশ দিবার আদেশসূচক আজ্ঞা করিতে পারিবেন।

কোনও আজ্ঞা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট পাঠাইতে হইবার কথা।

১২৮ ধারা। কমিশনর সাহেব ১২৫, ১২৬ কিম্বা ১২৭ ধারামতে কোন আজ্ঞা করিলে, অবিলম্বে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট, এবং জিলার মাজিষ্ট্রেট সাহেব ১২৫ বা ১২৭ ধারামতে কোন আজ্ঞা করিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট প্রেরণ নিমিত্ত অবিলম্বে কমিশনর সাহেবের নিকট, উক্ত আজ্ঞার নকল ও উহা করিবার হেতুর বর্ণনপত্র ও স্থানীয় কর্ত্তৃপক্ষ কোন কৈফিয়ৎ দিতে চাহিলে তাহা পাঠাইবেন। তাহা হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আজ্ঞা দৃঢ়, পরিবর্ত্তিত বা রহিত করিতে পারিবেন।

কমিশনর সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা ও কর্ত্তব্য তাঁর জিলা বোর্ডে ও স্থানীয় বোর্ডে হস্তান্তর করিয়া দিবার কথা।

১২৯ ধারা। জিলা বোর্ডের বা সাধারণতঃ স্থানীয় কর্ত্তৃপক্ষদের সম্বন্ধে ১২৫, ১২৬ ও ১২৭ ধারামতে কমিশনর সাহেবের প্রতি ও জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি যেসকল ক্ষমতা অর্পিত হইল, সমাহার কমিটীর সম্বন্ধে স্থানীয় বোর্ড ও স্থানীয় বোর্ডের সম্বন্ধে জিলা বোর্ড সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

কোন জিলা বোর্ড এই ধারামতে কোন আজ্ঞা করিলে কমিশনর সাহেবের নিকট প্রেরণ নিমিত্ত অবিলম্বে জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট, কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেব উক্ত বোর্ডের সভাপতি হইলে, অবিলম্বে কমিশনর সাহেবের নিকট, উক্ত আজ্ঞার নকল ও উহা করিবার হেতুর বর্ণনপত্র ও স্থানীয় বোর্ড কোন কৈফিয়ৎ দিতে চাহিলে তাহা পাঠাইবেন। কমিশনর সাহেব ঐ আজ্ঞায় অসন্তুষ্ট হইলে, তদ্বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট রিপোর্ট করিতে পারিবেন, তাহা হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ আজ্ঞা দৃঢ়, পরিবর্ত্তিত বা রহিত করিতে পারিবেন।

অকর্ম্মণ্যতা, কিম্বা ক্রমাগত ত্রুটি বা ক্ষমতার অপব্যবহার হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পদচ্যুত করিবার ক্ষমতার কথা।

১৩০ ধারা। এই আইনদ্বারা বা এই আইনমতে কিম্বা অন্য কোনদ্বারা যে কর্ম্মের ভার অর্পিত হয়, কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ সেই কর্ম্ম করিতে সক্ষম না হইলে, কিম্বা তাহা করিতে ক্রমাগত ত্রুটি করিলে অথবা আপন ক্ষমতার অতিরিক্ত কার্য্য করিলে, কিম্বা আপনার ক্ষমতার অপব্যবহার করিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিবার হেতুসহিত বিজ্ঞাপন প্রকাশ করিয়া ঐ বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট কালের নিমিত্ত উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষকে পদচ্যুত করিবার আজ্ঞা করিতে পারিবেন।

পদচ্যুত হইলে যে কল হয় তাহার কথা।

১৩১ ধারা। পূর্ব্ব ধারামতে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষকে পদচ্যুত করা গেলে নিম্নলিখিত ফল হইবে।—

(ক) উক্ত বিজ্ঞাপনের তারিখ অবধি উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষের অন্তর্ভুক্ত সমুদয় সভ্য ঐরূপ সভ্যস্বরূপ আপনং পদ হইতে ভ্রষ্ট হইবেন;

(খ) উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষের যে সমুদয় ক্ষমতা ও কর্ত্তব্য থাকে, উক্ত কর্ত্তৃপক্ষ স্থাপনে পুনঃসংস্থাপিত না হওয়া পর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে ব্যক্তিদিগকে নিযুক্ত করেন, তাঁহারা সেই সকল ক্ষমতানুসারে সেই সকল কর্ত্তব্য সম্পাদন করিতে পারিবেন।

(গ) কোন জিলা বোর্ডকে পদচ্যুত করা গেলে, যে সকল সম্পত্তি তৎপ্রতি অর্পিত থাকে, তাহা উক্ত বোর্ড পুনঃ সংস্থাপন না হওয়া পর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বর্ত্তিবে।

বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট পদচ্যুতি কাল অতীত হইলে উক্ত বোর্ড পুনঃ সংস্থাপিত হইবে এবং যে সকল ব্যক্তি (ক) প্রকরণমতে পদভ্রষ্ট হন তাঁহারা নিযুক্ত বা নির্ব্বাচিত হইবার অযোগ্য বলিয়া গণ্য হইবেন না।

১৩২ ধারা। এই আইনে যাহার নিষ্পত্তি নিমিত্ত প্রকারান্তরের বিধান নাই, তদ্রূপ কোন বিষয়ে স্থানীয় কর্ত্তৃপক্ষের মধ্যে এরূপ কোন বিবাদ উপস্থিত হইলে, ঐ বিষয়ে।

(ক) সম্পর্কযুক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষগণ একই জিলার মধ্যে থাকিলে, জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট,

(খ) সম্পর্কযুক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষগণ ভিন্ন২ জিলায় থাকিলে, এক খণ্ডের কমিশনর সাহেবের কিম্বা ভিন্ন২ খণ্ডের কমিশনর সাহেবদের নিকট, ও

(গ) সম্পর্কযুক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষগণ ভিন্ন২ খণ্ডে থাকিলে, এক খণ্ডের কমিশনর সাহেবেরা একমত হইতে না পারিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট অর্পিত করে।

এই ধারামতে যে কর্ত্তৃপক্ষের নিকট কোন বিবাদ অর্পিত হয়, তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

(ক) প্রকরণের লিখিত স্থলে জিলার মাজিষ্ট্রেট সাহেব সম্পর্কযুক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষদের একতর পক্ষভুক্ত হইলে, এই ধারামতে তদীয় ক্ষমতানুসারে কমিশনর সাহেব কর্ম্ম করিবেন।

"স্থানীয় কর্ত্তৃপক্ষ" শব্দে এই ধারায় মুনিসিপল কর্ত্তৃপক্ষও বুঝাইবে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১৩৩ ধারা। এই আইনের বিধানের সহিত যত দূর সঙ্গত হয়, ততদূর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কোন জিলা বোর্ড, স্থানীয় বোর্ড ও সমাহার কমিটীর নিমিত্ত নিম্নলিখিত বিষয়ের বিধি প্রণয়ন করিতে পারিবেন।—

(ক) বোর্ড ও কমিটীর সভ্যদের নিয়োগ বা নির্ব্বাচনের প্রণালী ও সময়, ও পদে থাকিবার কাল, এবং উক্ত সভ্যদের যোগ্যতা ও অযোগ্যতা ও নির্ব্বাচকদের যোগ্যতা ও অযোগ্যতা নিরূপণ করিবার বিধি ও সাধারণতঃ এই আইনমত সমস্ত নির্ব্বাচন কার্য্যের বিধান করিবার বিধি

(থ) জিলা বোর্ডের সম্পত্তি হস্তান্তর করিবার ক্ষমতা নিয়মিত করিবার বিধি ;

(গ) বোর্ডের ও কমিটীর চুক্তি করিবার ও আপনাদের সংস্থাপনের উদ্দেশ্য সাধনার্থ আবশ্যক অন্যান্য কর্ম্ম করিবার ক্ষমতা ও চুক্তি সম্পাদন করিবার প্রণালী নিয়মিত করিবার বিধি ;

(ঘ) যদি অব্যবহিত কোন আফিস দিয়া বোর্ড ও কমিটীদের মধ্যে অথবা বোর্ড ও কমিটীর সভ্যদের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বা তদীয় কার্য্যকারকদের সহিত চিঠীপত্র চলে, তবে ঐ আফিস নিরূপণ করিবার বিধি ;

(ঙ) যে ভাষায় কর্ম্ম চালাইতে হইবে, তাহা নিরূপণ করিবার বিধি ;

(চ) ২৫ ধারামতে নিযুক্ত করণার্থ কর্ম্মাকাঙ্ক্ষীদের যোগ্যতা নির্দ্দেশ করিবার বিধি ;

(ছ) ৩৮ ও ৩৯ ধারাতে সভা করিবার কিম্বা বর্ণনাপত্র, অনুমানপত্র, রিপোর্ট বা হিসাব পাঠাইবার দিন নিরূপণ করিবার বিধি ;

(জ) জিলার সাধারণ কার্য্য ও জিলার অংশ বিশেষের কার্য্য নিমিত্ত জিলার তহবীল বণ্টন করিয়া দিবার বিধি ;

(ঝ) জিলার তহবীলের টাকা প্রয়োগের বিধি ;

(ঞ) ৩৯ ধারামত আয়ব্যয়ের অনুমানপত্রের পাঠের বিধি ;

(ট) ৪৮ ও ৪৯ ধারামত হিসাবের পাঠের তারিখ প্রকাশ করিবার ও যে প্রকারে নিয়মিত কালান্তরে তাহার আডিট হইবে, তদ্বিষয়ের বিধি ;

(ঠ) প্রাথমিক ও দ্বিতীয়স্থলীয় বিদ্যালয়ের সাহায্যদান ও শিক্ষক ও সব ইনস্পেক্টরদের নিয়োগ করিবার বিধি, এবং শিক্ষার ভিন্ন২ কটি নির্দ্দেশ করিবার, পরীক্ষা চালাইবার, ছাত্রবৃত্তি দিবার ও ঐ বিদ্যালয়ের কার্য্য নির্ব্বাহ সংক্রান্ত অন্যান্য সকল বিষয়ের বিধি ;

(ড) ঔষধালয়, হাস্পাতাল ও পীড়িত ব্যক্তিদের থাকিবার স্থানের বিধান ও রক্ষা, হাস্পাতালে যে সকল রোগী থাকে, তাহাদের ভরণপোষণের খরচ আদায়, এবং জিলার দুঃস্থ অধিবাসীদের ঔষধ ও চিকিৎসা বিধান করিবার বিধি ;

(ঢ) চিকিৎসকদের যেরূপ ব্যবসায়গত যোগ্যতা চাই, তাহা নির্দ্ধারণ করিবার ও তাঁহাদের কর্ম্মের বিধান করিবার বিধি, এবং ঔষধালয় ও হাস্পাতালের পরিদর্শনের ও জিলা বোর্ড যে সকল রিটর্ণ ও রিপোর্ট পাঠাইবেন, তাহার পাঠের বিধি ;

(ণ) স্থানীয়কার্য্যের ইনস্পেক্টরের ক্ষমতা ও কর্ত্তব্যকর্ম্মের বিধান করিবার বিধি ;

(ত) যে সকল বিষয় অংশতঃ বা সম্পূর্ণরূপে বোর্ডের খরচে প্রস্তুত করিতে হইবে, তাহার নক্সা, কল্পনাপত্র বিশেষ বিবরণ ও অনুমানপত্র প্রস্তুত করিবার বিধি এবং যে কর্ত্তৃপক্ষদ্বারা যে২ নিয়মে উক্ত নক্সা ও অনুমানপত্র অনুমোদিত হইতে পারিবে, তাহার বিধি ;

(থ) জিলার স্বাস্থ্যসাধন সম্বন্ধে জিলা বোর্ডের কর্ত্তব্যকর্ম্মের বিধান করিবার বিধি ;

(দ) লোকসংখ্যাগ্রহণ সম্বন্ধে জিলা বোর্ডের কর্ত্তব্য কর্ম্মের বিধান করিবার বিধি ;

(ধ) ডাকবাঙ্গলা, মেলা, হাট ও দরিদ্রনিবাস স্থাপন ও রক্ষা করিবার, প্রদর্শনী করিবার, অনিষ্টকারী জন্তু বিনাশার্থ পুরস্কার দিবার ও অন্য যে কার্য্য দ্বারা সাধারণের স্বাস্থ্য ও সচ্ছন্দতা বা সুবিধা বৃদ্ধি হইবার সম্ভাবনা, এরূপ কার্য্য করিবার বিধি ;

(ন) প্রাথমিক বিদ্যালয় ও ঔষধালয় সম্বন্ধে সমাচার কমিটীর ক্ষমতা নিয়মিত করিবার বিধি ;

(প) ১২২ ধারামতে কমিশ্নর ও মাজিষ্ট্রেট সাহেবেরা যেরূপ তত্ত্বাবধানের ক্ষমতানুসারে কার্য্য করিবেন তদ্বিষয়ের বিধি ;

(ফ) যে প্রকারে সভা হইবার নোটিস দিতে হইবে ও যত জন সভ্য উপস্থিত থাকিলে কর্ম্ম চলিবে, তাহা যথা করিবার এবং উপযুক্তরূপে ভিন্নমত ও বাদানুবাদ লিপিবদ্ধ করিবার ও সভাপতি নিযুক্ত বা নির্ব্বাচন করিবার ও সভাপতি ও প্রতিনিধি সভাপতি যত কাল পদে থাকিবেন, তাহার বিধিসমেত বোর্ডের ও কমিটীর কার্য্য চালাইবার বিধি ;

(ব) বোর্ডের ও কমিটীর হিসাবপরীক্ষকদের অর্থাৎ আডিটরদের নিয়োগ ও বেতনদানের বিধি ;

(ভ) ফৌজদারী বা অন্য আনুষ্ঠানিক কার্য্যের জন্য জিলা বোর্ডকে যেখানে গেলে, কিম্বা তৎকর্ত্তৃক বা তদ্বিরুদ্ধে দেওয়ানী আদালতে মোকদ্দমা বা অন্য আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করা গেলে, জিলা বোর্ডের কার্য্যপদ্ধতি দর্শাইবার বিধি ; এবং

(ম) সাধারণতঃ জিলা বোর্ড, স্থানীয় বোর্ড ও সমাচার কমিটীর পরস্পর সম্বন্ধ নিরূপণ করিবার ও এই আইনের বিধান সফলকরণসংক্রান্ত সকল বিষয়ে বোর্ড ও কমিটীর ও গবর্ণমেণ্ট কর্ম্মচারীদের কার্য্যপদ্ধতি দর্শাইবার বিধি ।

ঐ সমস্ত বিধি ও বিধির পরিবর্ত্তন বিজ্ঞাপনক্রমে প্রকাশ করা যাইবে ; এবং (ক) প্রকরণমত কোন বিধি বা বিধির পরিবর্ত্তন বিজ্ঞাপনক্রমে প্রকাশিত হইবার পর তিনমাস অতীত না হইলে, বলবৎ হইবে না ।

উপবিধির কথা।

উপবিধি করিবার ক্ষমতার কথা।

১২৪ ধারা । কোন জিলা বোর্ড বা স্থানীয় বোর্ড এতদর্থে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণরের স্থানে ক্ষমতা প্রাপ্ত হইলে এই আইনের সমুদয় বা কোন উদ্দেশ্য সকল করণার্থ উপবিধি প্রণয়ন করিতে পারিবেন । এই ধারামতে প্রণীত উপবিধি শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক দৃঢ়ীকৃত না হইলে, এবং তিনি যে প্রকারে যত কাল প্রকাশ করিবার আদেশ করেন,

সেই প্রকারে ততকাল প্রকাশ করা না গেলে, ফলবৎ হইবে না।

উপবিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

১৩৫ ধারা। পূর্ব্বধারামতে কোন উপবিধি প্রণয়ন করিতে হইলে, বোর্ড আদেশ করিতে পারিবেন যে উক্ত উপবিধি লঙ্ঘনহেতুক পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, এবং লঙ্ঘনাপরাধে কোন ব্যক্তি অপরাধী প্রমাণ হইলে পর ক্রমাগত লঙ্ঘন হইতে থাকিলে যত দিন লঙ্ঘন হইতে থাকে, তাহার দিন প্রতি আর পাঁচ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

অভিযোগের কথা।

১৩৬ ধারা। কোন বোর্ড কিম্বা এতদর্থে বোর্ডের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি উপবিধি লঙ্ঘন নিমিত্ত এই আইনমতে অভিযোগ উপস্থিত করিতে পারিবেন। কোন জজ বা মাজিষ্ট্রেট বোর্ডের সভ্য আছেন বলিয়া কেবল এই কারণে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫৫২ ধারার অর্থমতে এই ধারামত কোন মোকদ্দমার এক পক্ষ বলিয়া বা তাহাতে নিজে স্বার্থযুক্ত বলিয়া গণ্য হইবেন না।

বিধিবিধান।

বোর্ডের সভ্যদের দায়িত্বের কথা।

১৩৭ ধারা। জিলা বোর্ডের বা সমাচার কমিটীর কোন টাকা বা অন্য সম্পত্তির ক্ষতি, অপচয় বা অযথা নিয়োগ ঘটিলে, কোন ব্যক্তি যৎকালে কোন সমাচার কমিটীর, স্থানীয় বোর্ডের বা জিলা বোর্ডের সভ্য থাকেন, তৎকালে তাঁহার শৈথিল্য বা অসদাচরণের সাক্ষাৎ ফলস্বরূপ ঐ ক্ষতি, অপচয় বা অযথানিয়োগ ঘটিয়া থাকিলে তিনি তজ্জন্য দায়ী হইবেন, এবং তজ্জন্য ক্ষতি পূরণ পাইবার মোকদ্দমা তাঁহার বিরুদ্ধে উপস্থিত করা যাইতে পারিবে। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে আদালত নির্দ্দেশ করেন, সেই আদালতে জিলা বোর্ড কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক অথবা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাস্থিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব এ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

বিধি বা উপবিধি প্রণয়ন করিবার কার্য্যপ্রণালীর কথা।

১৩৮ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৩৭ ধারামতে কোন বিধি প্রণয়ন করিবার পূর্ব্বে, এবং কোন জিলা বা স্থানীয় বোর্ড ১৩৪ ধারামতে কোন উপবিধি প্রণয়ন করিবার পূর্ব্বে, স্বার্থযুক্ত ব্যক্তিদিগকে সন্তোষদানার্থ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে প্রকারে উপযুক্ত জ্ঞান করেন, সেই প্রকারে প্রস্তাবিত বিধির বা উপবিধির পাণ্ডুলেখ্য প্রকাশ করিবেন; ও যে তারিখে বা যে তারিখের পর উক্ত পাণ্ডুলেখ্য বিবেচনা করিয়া দেখা যাইবে, তাহা নির্দ্দেশ করিয়া সেই সঙ্গে নোটিস দিবেন; এবং ঐ নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে ঐ পাণ্ডুলেখ্য সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন, উক্ত বিধি বা উপবিধি প্রণয়ন করিবার পূর্ব্বে তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিবেন।

ঐরূপ প্রত্যেক বিধি বা উপবিধি কলিকাতা গেজেটে ইংরেজী ভাষায় এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আর যে ভাষা নির্দ্দেশ করেন, সেই২ ভাষায় প্রকাশ করা যাইবে; এবং উক্ত বিধি বা উপবিধি যে এই ধারার আদেশমতে প্রণয়ন করা গিয়াছে, উক্ত প্রকাশ করণই তাহার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

স্থানীয় কর্ত্তৃপক্ষের সহিত যে চুক্তি করা যায় তাহাতে কোন সভ্যের, কর্ম্মচারীর বা চাকরের স্বার্থ থাকিলে, দণ্ডের কথা।

১৩৯ ধারা। এই আইনমতে নিযুক্ত কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ সংক্রান্ত কোন সভ্য, কর্ম্মচারী বা চাকর কমিশ্যনর সাহেবের লিখিত অনুমতিক্রমে না হইয়া প্রকারান্তরে উক্ত কর্ত্তৃপক্ষের কোন চুক্তিতে সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে স্বার্থযুক্ত থাকিলে, তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধি আইনের ১৬৮ ধারামতে অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

কোন ব্যক্তি কোন সমবায়িত বা রেজেষ্টরী করা কোম্পানির অংশী বা সভ্য বলিয়া ঐ কোম্পানির সহিত কোন বোর্ডের বা কমিটীর যে চুক্তি হয় তাহাতে স্বার্থযুক্ত বলিয়া গণ্য হইবেন না; কিন্তু তিনি এরূপ কোন চুক্তিসম্বন্ধে উক্ত বোর্ডের বা কমিটীর কার্য্যে যোগ দিবেন না।

স্থানীয় তহবীল হইতে ক্ষতিপূরণ করিতে পারিবার কথা।

১৪০ ধারা। এই আইনমতে প্রদত্ত কোন ক্ষমতানুসারে কার্য্যকরণহেতুক কোন ব্যক্তির হানি হইলে, প্রত্যেক স্থানীয় কর্ত্তৃপক্ষ জিলার বা সমাচারের তহবীল হইতে তাহার হানি পূরণ করিতে পারিবেন।

মোকদ্দমার হেতু ঘটিবার এক মাস পরে মোকদ্দমা না করা গেলে কোন বোর্ডের বা কমিটীর সভ্যদের বা তাঁহাদের কর্ম্মচারীদের বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিতে না পারিবার কথা।

১৪১ ধারা। কোন জিলাবোর্ডের, স্থানীয় বোর্ডের বা সমাচার কমিটীর আফিসে, এবং উক্ত বোর্ডের বা কমিটীর কোন কর্ম্মচারীর বিরুদ্ধে, কিম্বা তাঁহাদের আদেশমতে কর্ম্মকারী কোন ব্যক্তির বিরুদ্ধে, মোকদ্দমা উপস্থিত করিবার অভিপ্রায় থাকিলে, যে ব্যক্তির বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করিবার ভয় দেখান হয় সেই ব্যক্তির বাসস্থানে মোকদ্দমার হেতু ও যে ব্যক্তি মোকদ্দমা উপস্থিত করিতে চাহে, তাহার নাম ও বাসস্থান লিখিয়া নোটিস দেওয়া গেলে বা রাখিয়া গেলে পর ১ মাস অতীত না হইলে, এই আইনমতে যে কোন কর্ম্ম করা যায়, তজ্জন্য উক্ত বোর্ডের বা কমিটীর সভ্যদের বিরুদ্ধে কিম্বা তাঁহাদের কোন কর্ম্মচারীর বিরুদ্ধে, কিম্বা তাঁহাদের আদেশমতে কর্ম্মকারী কোন ব্যক্তির বিরুদ্ধে কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

উক্ত নোটিস দিবার প্রমাণ না হইলে, আদালত প্রতিবাদীর পক্ষে নিষ্পত্তি করিবেন।

মোকদ্দমার হেতু ঘটিবার পর তিন মাসের মধ্যে ঐরূপ প্রত্যেক মোকদ্দমা আরম্ভ করিতে হইবে, তৎপরে নহে।

যে কোন ব্যক্তিকে এইরূপ নোটিস দেওয়া যায়, তিনি মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে বাদিকে উপযুক্ত ক্ষতিপূরণ দিবার প্রস্তাব করিলে, উক্ত বাদী কিছুই পাইবেন না।

প্রথম তফসীল।

(২ ধারা দেখ।)

সাল ও নম্বর।	বিষয়।	
১৮৮০ সালের ব-জীয় ৯ আইন	জিলার রক্ষাদি ও সাধারণের হিতকর অন্যান্য কার্য্য ও প্রদেশীয় পূর্ব্বকার্য্য প্রস্তুত করিবার ও তাহার ব্যয় নির্ব্বাহ ও তৎসমুদয় রক্ষা করিবার স্থানীয় করসংক্রান্ত ব্যবস্থা সংশোধন ও সংগ্রহ করণার্থ আইন।	১১০ অবধি ১৮১ পর্য্যন্ত সকল ধারা।

দ্বিতীয় তফসীল।

(২ ধারা দেখ।)

সাল ও নম্বর।	বিষয়।	যত দূর সংশোধন করা গেল।
১৮৮০ সালের ব-জীয় ৯ আইন	জিলার রক্ষাদি ও সাধারণের হিতকর অন্যান্য কার্য্য ও প্রদেশীয় পূর্ব্বকার্য্য প্রস্তুত করিবার ও তাহার ব্যয় নির্ব্বাহ ও তৎসমুদয় রক্ষা করিবার স্থানীয় করসংক্রান্ত ব্যবস্থা সংশোধন ও সংগ্রহ করণার্থ আইন।	৪। ধারায় "কমিটী" শব্দের লক্ষণের পরিবর্ত্তে নিম্নলিখিত লক্ষণগুলি দিতে হইবে। ৮ ধারা সংশোধন "জিলা বোর্ড" শব্দে বঙ্গদেশের স্থানীয় স্ব-তন্ত্র শাসন বিষয়ক সালের আইনমতে সংস্থাপিত বোর্ড বুঝাইবে। "জিলা বোর্ড।" "জিলার তফসীল" বলিতে বঙ্গদেশের স্থানীয় স্ব-তন্ত্র শাসনবিষয়ক সালের আইনের ৪৩ ধারামতে স্থাপিত তহসীল বুঝাইবে। "জিলার তফসীল।" ৯ ধারায় "এবং ঐ তহসীলের জন্যান্য টাকা সহ ১১১ ধারার লিখিত কার্য্যে প্রয়োগ করা যাইবে।" এই কথাগুলি উঠাইয়া ফেলিতে হইবে। ৩৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি দিতে হইবে "৩৮ ধারা। প্রত্যেক সংবৎসরের পথকর ৬ ধারার বিধানমতে প্রত্যেক জিলায় ধার্য্য ও আদায় করা যাইবে এবং উক্ত ধারার লিখিত অভ্যুচ্চ হারের নিয়মাধীনে জিলা বোর্ড ঐ বৎসরের নিমিত্ত যে হার নিরূপণ করেন সেই হারে ঐ কর ধার্য্য ও আদায় করা যাইবে।" যে হারে পথকর দেওয়া যাইবে, তাহা কত রূপে ধার্য্য হইবে ইহার কথা।

সাল ও নম্বর।	বিষয়।	যত দূর সংশোধন করা গেল।
১৮৮০ সালের ব-জীয় ৯ আইন।	জিলার বর্ত্মাদি ও সাধারণের হিত-কর অন্যান কার্য্য ও প্রদেশীয় পুস্তকার্য্য এস্তুত করিবার ও তাহার ব্যয়নির্ব্বাহ ও তৎসমুদয় রক্ষা করিবার জন্য নীয় করসংক্রান্ত ব্যবস্থা সংশোধন ও সংগ্রহ করণার্থ আইন।	৪০ ধারায় "১৫৫ ধারার বিধানমতে" এই কথাগুলি উঠাইয়া ফেলিতে হইবে। ৮২ ও ৮৩ ধারায় "কমিটীর" ও "কমিটীকে" এই২ শব্দের পরিবর্ত্তে "পথের তহবীলের" ও "পথের তহবীলে" এই২ কথা যথাক্রমে দিতে হইবে। ১৮ ধারায় "কমিটী" শব্দের পরিবর্ত্তে "তহবীল হইতে" ও "করিবেন" শব্দের পরিবর্ত্তে "করিতে হইবে" এই২ কথা দিতে হইবে।— ১০৮ ধারায়— "এবং পশ্চাল্লিখিত নিয়মানুক্রমে প্রদেশীয় পথের কমিটীর হস্তে যে কোন টাকা দেওয়া যায় তাহা" এই কথা গুলি উঠাইয়া ফেলিতে হইবে। ১০৯ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত নূতন ধারা দিতে হইবে।— "১৯০ ধারা। প্রত্যেক জিলার প্রদেশীয় পথের তহবীলের টাকা নিম্নলিখিত নিয়মে ও নির্দ্দিষ্ট নিম্নলিখিতক্রমে প্রয়োগ করা যাইবে।— প্রথমতঃ।—৯১ ধারামতে কালেক্টর সাহেব যে দেরেস্ত রাখেন তাহার খরচ ও তাঁহার জন্য যে খরচা পড়ে তাহা দিবার নিমিত্ত; দ্বিতীয়তঃ।—এই আইনমতে কর ধার্য্য ও আদায় করণার্থ আনুষ্ঠানিক ও অন্য কালে কালেক্টর সাহেবের যত খরচ দিতে হইবে ও করিতে হয় যাহা তাঁহার জন্য তিনি দায়ী হন, তৎসম্বন্ধে কমিশ্যনর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক কালেক্টর সাহেবকে নিষ্কৃতি দিবার নিমিত্ত। ঐ খরচ দিবার পর যে টাকা উদ্বৃত্ত থাকে তাহা জিলার তহবীলে জমা দেওয়া যাইবে।"	
	শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পাঠ ও বিধি নির্দ্দিষ্ট করিতে পারিবার ক্ষমতা।	১৮২ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত নূতন ধারা দিতে হইবে।— "১৮২ ধারা। নিম্নলিখিত কার্য্যের নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হয় এমত বিধি সময়ে২ প্রণয়ন করিতে পারিবেন, এবং প্রণীত হইলে তাহা সময়ে২ পরিবর্ত্তিত, পরিবর্দ্ধিত বা রহিত করিতে পারিবেন। (ক) কিস্তী বন্দীর ও এই আইনমতে নিযুক্ত সকল ব্যক্তির কর্ম্ম সম্পাদনের এবং ঐ ব্যক্তিদের যোগ্যতা নিরূপণ ও নিয়োগ ও মনোনীত করণ ও অবসর করণ বিষয়ের বিধান করিবার নিমিত্ত। (খ) যে২ কর্ত্তৃপক্ষ ভিন্ন২ শ্রেণীর যে২ কার্য্য সম্পাদনের ক্ষমতা ও অনুমতি দিতে পারিবেন তাহা নির্দ্দেশ করিবার নিমিত্ত।	

সাল ও নম্বর।	বিষয়।	যত দূর সংশোধন করা গেল।
১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইন।	জিলার বন্যাদি ও সাধারণের হিতকর অন্যান্য কার্য্য ও প্রদেশীয় পূর্ত্তকার্য্য প্রস্তুত করিবার ও তাহার ব্যয় নির্ব্বাহ ও তৎসমুদয় রক্ষা করিবার স্থানীয় কর সংক্রান্ত ব্যবস্থা সংশোধন ও সংগ্রহ করণার্থ আইন।	(গ) এই আইনমতে জিলা বোর্ডের যে অনুমানপত্র ও হিসাবপত্র ও রিপোর্ট ও বর্ণনাপত্র রাখিতে বা প্রস্তুত করিতে হইবে, তাহার পাঠ নির্দ্দিষ্ট করিবার নিমিত্ত। (ঘ) এই আইনমতে কালেক্টর সাহেবের যে হিসাব রাখিতে হইবে তাহার পাঠ নির্দ্দিষ্ট করিবার নিমিত্ত। (ঙ) কোন অনুমানপত্র বা হিসাব পাঠাইবার ও মিলাইয়া দেখিবার ও পূর্ব্বোক্ত কোন হিসাবের পরীক্ষা করিবার বিধান করিবার নিমিত্ত। (চ) ৪৯ ও ৫৭ ধারামতে সরের কিস্তির টাকা দিবার দিন ধার্য্য করিবার নিমিত্ত। (ছ) বঙ্গদেশের স্থানীয় স্ব-তন্ত্র শাসনবিষয়ক ১৮৮৫ সালের আইনের ২৩ ধারার বিধানমতে কোন জিলা বোর্ডের কার্য্য বিবরণের নকল দিতে হইলে, যত টাকা ফী লইতে হইবে, তাহা নিরূপণ করিবার নিমিত্ত। (জ) এবং সাধারণতঃ এই আইনের উদ্দেশ্য সফল করিবার নিমিত্ত। এই সকল বিধি কলিকাতা গেজেটে প্রকাশ করা যাবে ও প্রকাশ করা গেলে আইনতুল্য বলবৎ হইবে।"

শ্রী এচ বাইলী,
স্থানীয় শাসন কার্য্যবিভাগে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আণ্ডিস্টাণ্ট সেক্রেটরী।

Pal Krishna Mukherjee, M.A. & B.L.,
Bengali Translator.

কলিকাতা গেজেট। ১৮৮৯। ২৫ জুন।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল, ২৪ জুন।

সপ্তম খণ্ড।

রাজস্ব বিষয়ক সরক্যুলর।

১৮৮৪ সাল, আপ্রিল মাস।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব, সি. আই, ই।

১ নম্বর।

১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৪২ ধারামতে যে সকল মধ্যস্থলীয় রেজিষ্টরী কার্য্য সম্পাদিত হয়, তাহার রিটর্ণের নিম্নলিখিত পাঠ বোর্ড কর্ত্তৃক নির্দ্দিষ্ট হইল। এই রিটর্ণ প্রতিবৎসর প্রেরণ করিতে হইবে। ১৮৮৪ সালের ৩১ মে তারিখে প্রথম রিটর্ণ দিতে হইবে। প্রথম রিটর্ণের পাঠ বোর্ড এক্ষণে স্বতন্ত্রভাবে পাঠাইয়া থাকেন। ভবিষ্যতে ষ্টেশনরীর সুপরিটেণ্ডেণ্ট সাহেবের নিকট প্রার্থনা করিলে তাহা পাওয়া যাইবে।

২। এই রিটর্ণ বোর্ডের বিধিপুস্তকের ১ বালামের ৩০০ পৃষ্ঠায় "বাৎসরিক" নামক শীর্ষকের নিম্নে স্থাপন করিতে হইবে।

"৫B.। ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমত মধ্যস্থলীয় রেজিষ্টরী কার্য্যের রিটর্ণ।"

৩। এই রিটর্ণের ৭ ঘরে যে শতকরা হিসাবের কথা আছে তাহার উদ্দেশ্য এই যে তদ্দ্বারা রাজস্বসংক্রান্ত কর্ত্তৃপক্ষেরা ভিন্ন২ জিলায় তুলনা করিয়া মধ্যস্থলীয় পরিবর্ত্তনের সংখ্যা দৃষ্টিমাত্রেই বুঝিতে পারিবেন।

[৪ জুন ১৯৮২ / ১৪ জ্যৈষ্ঠ ১৮০৪] গবর্নমেন্ট গেজেট

ফিলা

১৮৮ সালের ৩১ মার্চ তারিখে যে বৎসর শেষ হয় সেই বৎসরের ১৮৮৯ সালের নভেম্বর ৭ তারিখের মধ্যাহ্নকালীন রেজিষ্ট্রী কার্য্যের ৪B নম্বর রিটর্ণ ।

মন্তব্য ।—৬ ঘরের লিখিত বিচারাধীন মোকদ্দমার ইঙ্কিয়ৎ ইঙ্কিয়ৎপত্রে লিখিতে হইবে ।

১	২	৩	৪	৫	৬	৭
(৩৮ ধারামতে) প্রথম রেজিষ্ট্রী কার্য্যালয়ে যে যে সাব রেজিষ্ট্রী কার্য্যালয়ে রেজিষ্ট্রী করা যায় ।	(৪০ ধারামত) অন্যান্য রেজিষ্ট্রী কর্ত্তার নিকটে দত্ত প্রার্থনাপত্র বৎসর অবধি বিচার্য্য হইল আছে ।	ঐ বৎসরের মধ্যে যে যে প্রার্থনাপত্র দাখিল করা যায় । (ক) ইষ্টকক্রমে কি না ; কারাভোগে উক্ত বিবাদিগণের । (খ) সম্য বা ক্রমক্রমে কি প্রকার ভোগে অধিকার হয়ে । (গ) মোট ।	(যাহার যত বিঘা জমির জন্য প্রার্থনা ।	ঐ বৎসরের মধ্যে যে যে মোকদ্দমার নিষ্পত্তি হইল ।	বিচারাধীন মোকদ্দমার সংখ্যা । (ক) ছয় মাসের অধিক । (খ) ছয় মাসের কম । (গ) মোট ।	মন্তব্য ।
						৩ (৩) ধারার জন্য দরখাস্ত করা হইয়াছে কি না । ২ ধারার জন্য দরখাস্ত করা হইয়াছে কি না ।
মোট ...						

ফিলা ।

১৮৮ সালের ।

রাজেন্দ্র ।

শ্রীযুত এচ, এ, কক্রেল সাহেব, সি, এস, আই।

---

২ নম্বর।

১৮৮৩ সালের ২৬ ডিসেম্বর তারিখের কলিকাতা গেজেটের প্রথম খণ্ডের ১৩১৯ পৃষ্ঠায় প্রকাশিত বিধিক্রমে অধীন এ শাখা ডাক ঘরের ডাক মুনসীগণ কর্ত্তৃক এক আনা মূল্যের রাজস্বের ইষ্টাম্প বিক্রয়ার্থ ৷৷৷ সালের এ টি সংশোধিত পাঠে বোর্ড কর্ত্তৃক নির্দ্দিষ্ট হইয়াছে। ঐ পাঠ এক্ষণে মুদ্রিত হইতেছে। স্টেশনরীর সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট প্রার্থনা করিলে ঐ পাঠ পাওয়া যাইবে। তাঁহাকে এই সম্বন্ধে আবশ্যক আদেশ প্রদান করা হইয়াছে।

RAI KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L. *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 24, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ২৪ জুন।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

[Government Gazette, 24th June 1884.]

ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮১৯ সালের ১১ আইনের ৯ ধারামতে জিলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১২৯০ সালের লাংকিস্তী কাদগুমের বাকী রাজস্ব আদায় জন্য সন ১৮৮৪ সালের ২৪ জুন মোতাবেক সন ১২৯১ সালের ৭১ আষাঢ় মঙ্গলবার জিলা মুরশিদাবাদের কালেকটরী কাছারিতে প্রকাশ্য নীলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৮৪ সাল তারিখ ১৭ আপ্রিল।

শ্রেণীর নম্বর।	মাহালের প্রকার।	তৌজীর নম্বর।	নাম ও মহাল পরগনা।	নাম তালুকদার।	সদর জমা।	কৈফিয়ৎ।
১	প্রথম শ্রেণীর মাহাল	৪৪	তরফ কালুহা পং বারবকপুর।	কৃষ্ণকিঙ্কর রায় কমলাকান্ত রায় গোপীকান্ত রায় প্রভাবতী দাস্যা মাতা অলি কৃষ্ণপ্রসাদ রায় নাবালগ।	৩২৯৪৷৵৭	এই মাহাল মধ্যে প্রভাবতী দাস্যা ও কমলাকান্ত রায়ের পৃথক করিয়া লওয়া অংশ ৷৷০ আনা বাদে কৃষ্ণকিঙ্কর রায় ও গোপীকান্ত রায়ের এজমালী অংশ ৷৷০ আনার কাত সদর জমা ১৬৪৭৷৵৪ টাকা নীলাম হইবেক। বাকী ... ৭১৬৶০ টাকা।
২	ঐ	৪৪	তরফ কালুহা পং বারবকপুর।	ঐ ঐ	৩২৯৪৷৵৭	এই মহাল মধ্যে প্রভাবতী দাস্যার পৃথক করিয়া লওয়া অংশ ৷০ আনা ও কৃষ্ণকিঙ্কর রায় গোপীকান্ত রায়ের এজমালী অংশ ৷৷০ আনা বাদে কমলাকান্ত রায়ের পৃথক করিয়া লওয়া অংশ ৷০ আনার কাত সদর জমা ৮২৩৷৵৭ টাকা নীলাম হইবেক। বাকী ... ৩৫৮৷৵৩ টাকা।
৩	ঐ	৬৭	তুদাগোপালপুর পং পলাশী।	রায় সেতাবচাঁদ লাহার বাহাদুর ...	১১৪২৷১০	রাজস্বর বাকী ৪৬০৸১১ টাকার জন্য সমুদয় মাহাল নীলাম হইবেক।
৪	ঐ	২০৯	কিসমত মৌজেপাকুড়হাঁশ পরগনেবারবক সিংহ।	হিরালাল চৌধুরী রামলাল চৌধুরী অশ্বিনীকুমার মুস্তফী বটুকনাথ মুস্তফী হারাধন গোস্বামী।	৭৩৯৭৷১১	সরকারী বাকী রাজস্ব ৪৫৶১০ টাকার জন্য সমুদয় মাহাল নীলাম হইবেক।

৫	ঐ	২৩৩	তরফ পাড়ুলিয়াড় পরগনে রাজপুর।	রাধাজীবন মুস্তফী তারামণি দাস্যা লক্ষ্মী দাস ও ধর্ম্মদাস মুস্তফী অধিরাণী দাসী ক্ষেত্রনাথ চন্দ্রগতি মুস্তফী ভুবনমোহিনী দাস্যা।	৬৬৮৶১	সরকারি বাকী রাজস্ব ৩৬৷৷৶৯ টাকার জন্য সমুদয় মাহাল নীলাম হইবেক।
৬	ঐ	২৭৩	কিসমত্ত পরগনে বারবকসিংহ পং বারবকসিংহ।	বাধাবিনদ জগতমোহন মনমোহন বেণীমাধব হিরালাল রামনদাস মাধবচন্দ্র মতিলাল চৌধুরী হারাধন গোস্বামী ছোট লাটুমণি দেবী রামনৃসিংহ মুস্তফী বনমালা কালাচাঁদ প্যারিমোহন রামগোপাল চৌধুরী চম্পকলতা দেবী কৃষ্ণকিশোর গোবিন্দলাল বিষ্ণুলাল শ্রীনারায়ণ শ্রীকৃষ্ণ চৌধুরী হরিদাস তুলসীরাম চৌধুরী নাবালগের অলিমাতা অখিলেশ্বরী দেব্যা রাজেন্দ্রচন্দ্র সুভললাল ছিদামলাল চৌধুরী জনার্দ্দন হরেরাম চৌধুরী নাবালগের অলিমাতা চন্দ্রমুখী দেব্যা ও কালীপ্রিয়া দেব্যা মনমোহিনী দেব্যা মহানন্দ বন্দোপাধ্যায় ব্রজলাল চৌধুরী গোপীসুন্দরী দেবী গোপীমোহন চৌধুরী এলোকেশী রামাসুন্দরী দেব্যা কালিদাস চৌধুরী রাধাবল্লভ দাস যদুনাথ বন্দ্যোপাধ্যায় হরিলাল চট্টরাজ রাজিয়া বিবি জিয়াওর রহমান বান্দী বিবি আজিজন্নেছা বিবি গোলাপসুন্দরী দেব্যা রাজেন্দ্রলাল চৌধুরী।	২১০৪৷৵১	এই মাহাল মধ্যে মৌলবি জিয়াওর রহমান রাজিয়া বিবি বান্দী বিবি হিরালাল রামনদাস চৌধুরী ও রাধাবিনদ চৌধুরী ও রামনৃসিংহ মুস্তফী ও মাধবচন্দ্র চৌধুরীর পৃথক করিয়া লওয়া অংশ ৶৭৷৷৶২৷৷ দীপ ৪ তিলের কাত সদরজমা ৪৪৭৸২ টাকা বাদে রামগোপাল চৌধুরী নিগরের এজমালী অংশ ৸১২ গোণ্ডা ৪৷৷ দীপ ১৬ তিলের কাত সদরজমা ১৬১৮৶১১ টাকা নীলাম হইবেক। বাকী রাজস্ব ... ৬৯৸৶৯ টাকা।
৭	ঐ	৪০৭	মৌজে রামবাটী পং ফতেসিংহ।	সাতকড়ী ঘোষ মজুমদার মির ইজ্জত ন্যায়াজ গোষ্ঠবিহারী খুদিরাম হিরালাল প্রামাণিক মহারাজা জগদীন্দ্র বনওয়ারি গোবিন্দ বাহাদুর দেবাইত কিশোরী জিউ দেব ঠাকুর মির মহাম্মদ নেয়াজ রাইরঙ্গিনী দাসী জাহেদা বিবি দীনবন্ধু দাস কৃষ্ণধন দাস রামভারণ দাস রায় কৈলাসকামিনী দেব্যা চন্দ্রপ্রসাদ ঘোষ মণীন্দ্রপ্রসাদ ঘোষ নাবালগের অলি মাতা লক্ষ্মেশ্বরী দাসী রামেশ্বর বন্দ্যোপাধ্যায় স্বয়ং ম্যানাজার পক্ষে কালাচাঁদ হৃষিকেশ রামলাল রাধাগোবিন্দ বন্দ্যোপাধ্যায় দেবাইত ৺ গোপাল দেব ঠাকুর।	৬১৭৶৬	এই মাহাল মধ্যে সাতকড়ী ঘোষ মজুমদার দিগরেরপৃথক করিয়া লওয়া অংশ বাদে হিরালাল প্রামাণিক দিগরের এজমালী অংশ ৷৷৶৮ তিলের কাত সদর জমা ১৭৩৸৶১১ টাকা নীলাম হইবেক বাকী রাজস্ব ১৯৫ পাই।

শ্রেণীর নম্বর।	মহালের প্রকার।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম তালুকদার।	সদর জমা।	কৈফিয়ৎ।
৮	প্রথম শ্রেণীর মহাল	৪৩৬	কিসমত পরগনে সমস-খালী পরগনে সমস-খালী।	বিপিনবিহারী নবিনবিহারী কৃষ্ণকিশোর মুকুন্দলাল রামচন্দ্র ভগবানচন্দ্র বনওয়ারিলাল দীনবন্ধু ললিত-মোহন বৈদ্যনাথ গুরুদাস নন্দনন্দাস গণেশচন্দ্র গঙ্গানারায়ণ কুলদাপ্রসাদ গোপেশ্বর সেন মন্মসখী দাসী কামদাকিঙ্কর মুখোপাধ্যায়।	৩৩৬৫।৭	এই মহাল মধ্যে মর্ম্মসখী দাসীর ও কামদা কিঙ্কর মুখোপাধ্যায়ের পৃথক করিয়া লওয়া অংশ বাদে গোপেশ্বর সেন দিগরের এজমালী অংশ ।৵১২ গোণ্ডার কাত সদর জমা ২০৯৪৵১০ টাকা নীলাম হইবেক।
						রাজস্বর বাকী ... ৭২৬।১১
	ঐ	৪৫১	কিসমত পরগনে সমস-খালী পরগনে সমস-খালী।	বীরচন্দ্র নদীয়াবিনদ চৌধুরী শ্যামাসুন্দরী দাসী সৌদামিনী দাসী কৃষ্ণসুন্দরী দাসী গদাধর চৌধুরী জগন্ময়ী দাসী ব্রহ্মময়ী চৌধুরাণী।	৬১৭৸৵২	এই মহাল মধ্যে গদাধর বীরচন্দ্র চৌধুরীর পৃথক করিয়া লওয়া অংশ বাদে শ্যামাসুন্দরী দাসী দিগরের এজ-মালী অংশ ৸৵১।৵০ কাত সদর জমা ৫৫৬।৵১১ টাকা নীলাম হইবেক।
	ঐ	৫৫৮	ডিহি আতাই পং পেরপুর।	চন্দ্রমোহিনী দাসী থাকমণি দাসী অলিমাতা বিশ্বেশ্বর ঘোষ প্রমুখ কার্ত্তিকচন্দ্র ঘোষ গোপীসুন্দরী দা	৩৪৫২।৵-১১ পুলিস ২৬।৮ ৩৪৭৯৷৭	রাজস্বর বাকী ।৩ আনা। এই মহাল মধ্যে থাকমণি দাসী দিগরের পৃথক করিয়া লওয়া অংশ ।০ আনা বাদে চন্দ্রমোহিনী দাসীর এজ-মালী অংশ ।০ আনা কাত সদর জমা ১৭২৬৵০ টাকা ও পুলিস ১০৵৪ টাকা নীলাম হইবেক। বাকী ... ৫৭৪৵০ পুলিস ... ৩।১০ ৫৭৭।৵১০
		৫১৩	কিং পং উজিরাবাদ পং উজিরাবাদ।	ত্রৈলোক্যনাথ রায় ফণীকচন্দ্র ও তারকনাথ ভট্টাচার্য্য নফরচন্দ্র ও বিপ্রদাস পালচৌধুরী গোলাপমণি দেব্যা জগচ্চন্দ্র পাঠক চন্দ্রমণি দেব্যা গোকুলচন্দ্র তেওয়ারী দ্বারিকানাথ সেন গণেশলাল কৃষ্ণপ্রসাদ রায়।	১।৮৩।৵৬	এই মহাল মধ্যে দ্বারিকানাথ সেনের পৃথক করিয়া লওয়া অংশ ১।৬৩ দস্তীরকাত সদর জমা ৪৭।৵১০ টাকা নীলাম হইবেক বাকী ২৮।৭ টাকা।

১১	ঐ	৫৪০	মৌজে এমাদিপুর পং কুলবাড়ীয়া।	তরঙ্গিনী ওরফে লুটুমণি দাসী পক্ষে মানেজর কামিনী সুন্দরী দাসী বৈলাসনাথ সিংহ রায় পরেশনাথ সিংহ রায় স্বরূপলাল চৌধুরী চন্দ্রমোহন চৌধুরী মুক্তকেশী চৌধুরাণী রঘুনাথ মুস্তফী পাতালমণি চৌধুরাণী চারুচন্দ্র বসু উমেশচন্দ্র মিত্র হারাধনী চৌধুরাণী মাতা অলি দাশরথী ও সত্যচরণ রায়চৌধুরী নাবালগ পরেশনাথ চৌধুরী ললিতমোহন রায়চৌধুরী কামিনীকুমারী চৌধুরাণী মনমোহন চৌধুরী প্রেমলাল।	১০৬৷৷৵২	এই মহাল মধ্যে হারাধনী চৌধুরাণী অলিমাতা দাশরথী সত্যচরণ রায়চৌধুরী পৃথক করিয়া লওয়া অংশ ৵১ গোণ্ডা বাদে চারুচন্দ্র বসু দিগরের এজমালী অংশ ৬৵১৯ গোণ্ডারকাত সদর জমা ৯৯১৷৵৫ টাকা নীলাম হইবেক। বাকী ... ।১০ পাই।
১২	দ্বিতীয় শ্রেণীর মহাল	৫৫৮	চরগোটা পং সমসখালী।	বন্দবস্তীদার দেবেন্দ্রনারায়ণ রায় নাবালগের অলি মাতা ত্রিপুরাসুন্দরী দেব্যা রামলাল রায় সীতানাথ রায় রামেশ্বর রায়।	৭৩৭৷৵	রাজস্বর বাকী ১৮৬৷৷৵০ টাকার জন্য সমুদয় মহাল নীলাম হইবেক।
১৪	প্রথম শ্রেণীর মহাল	২৭৪০	কিং তরফ ছোরেমপুর পং আসদ নগর।	লোকনাথ রায় দ্বারিকানাথ রায় ও দ্বারিকানাথ ঘোষ...	৬১৫৬/৯ রোডফণ্ড ৬৵৬	১২৯০ সালের লাং অগ্রহায়ণ তলবের রাজস্বর বাকী ১৫৯৲ টাকার জন্য সমুদয় মহাল নীলাম হইবেক।
১৫	ঐ	২৭৭৯	তরফ কাণাইপাড়া পং আসদ নগর।	রামলাল ঘোষ ...	১৩৪৯৷৵৫	১২৯০ সালের লাং ফালগুনের রাজস্বর বাকী ৮১২৸৵৬ টাকার জন্য সমুদয় মহাল নীলাম হইবেক।

BERHAMPORE,
The 13th May 1881

J. C. VEASEY,
Offg. Collector.

জেলা নদীয়া ।

খাজানার জ্ঞাপনপত্রের পাঠ কাছারি কালেক্টরী জেলা নদীয়া ।

ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে, সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধা. ১ অনুসারে জেলা নদীয়ার তৌজীর অন্তর্গত নিম্নলিখিত মহাল সকলের ১৮৮৪ সালের ২৮ শে মার্চ্চ তারিখের প্রাপ্য মালগুজারি ও অন্যান্য দাওয়া যাহা চলিত আইন ও আকট অনুসারে বাকীরাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮৪ সালের ১০ই জুলাই মোতাবেক ১২৯১ সালের ২৭শে আষাঢ় বৃহস্পতিবার এই জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক।

তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	লিখিত মালিকগণের নাম।	মোট সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
১৭ নং	অলকা পং বাগোয়ানা।	কৃষ্ণনাথ রায়, কুমুদিনী দাসী, অলি অছি জাং গুরুদাস বিশ্বাস, ও রঘুনাথ, জগন্নাথ খাঁ ও চন্দ্রকান্ত, লক্ষ্মীকান্ত ও রতিকান্ত ও গঙ্গাকান্ত ও দ্বারকাকান্ত ও সূর্য্যকান্ত ভট্টাচার্য্য ও লক্ষ্মীমণি দেবা অলিমাতা তিনকড়ী দেবা ও ত্রৈলোক্য সুন্দরী দেবা, উমেশচন্দ্র মুখোপাধ্যায় স্বয়ং ও ভারপ্রাপ্ত জাং বিজয়চন্দ্র মুখোপাধ্যায় ও গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায় ও মন্মথনাথ মুখোপাধ্যায় ও রায় ধনপত সিংহ বাহাদুর অছি জাং নাবালগ শেট গুপীচাঁদ বাহাদুর ও রামেশ্বর রায় ও মথুরানাথ জ্ঞীনাথ পাল চৌধুরী ও শিবচন্দ্র পাল চৌধুরী স্বয়ং ও অছি ও সুনয়নী দাসী স্বয়ং ও অছি জাং শ্রীশচন্দ্র ধনকৃষ্ণ ও ললিতমোহন পাল নাবালগ ও ছিরালাল ও উমেশচন্দ্র ও মহেশচন্দ্র পাল ও বেনওয়ারিলাল পাল নাবালগের অছি উমেশচন্দ্র পাল ও রামবক্স চেৎলাঙ্গিয়া।	৮৬৭০।/৩ পুঃ ৯৬৶৭	১১০৷৩	সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশ বাদে অবশিষ্ট রুঃ ।৶।৶ কাগ যাহা ৩৮০৩।৶৷৷ পাই সদর ৪২।৩ পাই পোলীস জমায় চন্দ্রকান্ত, লক্ষ্মীকান্ত, রতিকান্ত, গঙ্গাকান্ত, ও দ্বারকাকান্ত ভট্টাচার্য্য লক্ষ্মীমণি দেবা অলিমাতা তিনকড়ী দেবা ও ত্রৈলোক্য সুন্দরী দেবা, উমেশ চন্দ্র মুখোপাধ্যায় স্বয়ং ও ভারপ্রাপ্ত জাং বিজয়চন্দ্র মুখোপাধ্যায় ও গোবিন্দচন্দ্র ও মন্মথনাথ মুখোপাধ্যায় ও রায় ধনপত সিংহ বাহাদুর অছি জাং নাবালগ শেট গুপীচাঁদ বাহাদুর, মথুরানাথ, শিবচন্দ্র পাল চৌধুরী জ্ঞীনাথ পাল চৌধুরী স্বয়ং ও অছি ও সুনয়নী দাসী স্বয়ং ও অছি জাং শ্রীশচন্দ্র, ধনকৃষ্ণ, ললিতমোহন পাল নাবালগ, ছিরালাল, উমেশচন্দ্র, মহেশচন্দ্র পাল ও বেনওয়ারিলাল পাল নাবালগের অছি উমেশচন্দ্র পাল, ও রামবক্স চেৎলাঙ্গিয়া নামে ১৭।০ নং এজমালী অংশ লিখা যায় ঐ অংশ বাকী পড়ায় উহাই নিলাম হইবেক।
১১৭ নং	ডিচি চণ্ডী পং পাজনৌর।	সুরেশচন্দ্র, শরচ্চন্দ্র, অক্ষয়চন্দ্র, শতীশচন্দ্র মল্লিক নাবালগের অলিমাতা রাজলক্ষ্মী দাসী, চন্দ্রনাথ মল্লিক, অনাথনাথ দেব কহিমনেছা বিবি ও শরচ্চন্দ্র দে চৌধুরী স্বয়ং ও অছি জাং চারুচন্দ্র ও নির্ম্মলচন্দ্র ও পূর্ণচন্দ্র দে চৌধুরী নাবালগের অছি ঈশানচন্দ্র ঘোষাল, ও অনন্তদেব মুখোপাধ্যায় হরিজীবন প্রামাণিক ও সুরেন্দ্রনাথ ও নগেন্দ্রনাথ ও যোগেশচন্দ্র পাল চৌধুরী ও মধুমতি দাসী ও যোগেশচন্দ্র পাল চৌধুরী অছি জাং শতীশচন্দ্র তরফে পাচু পাল চৌধুরী ও সুরেন্দ্রনাথ পাল চৌধুরী ও শিবমোহিনী দাস্যা অছি জাং জ্ঞানেন্দ্রনাথ, হরেন্দ্রনাথ, হেমেন্দ্রনাথ বিপ্রেন্দ্রনাথ পাল চৌধুরী।	১০২৪৬৷৮ পুঃ ১২৯৶৪	১৫৷৶১১	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশ বাদে অবশিষ্ট রুঃ ।৷০ আনা যাহা ১৪৪৭৷৶১ পাইসদর ও ১৯৷৮ পাই পুলিস জমায় সুরেশচন্দ্র ও শরচ্চন্দ্র, অক্ষয়চন্দ্র, শতীশচন্দ্র মল্লিক নাবালগের অলিমাতা রাজলক্ষ্মী দাসী ও চন্দ্রনাথ মল্লিক, অনাথনাথ দেব ও কহিমনেছা বিবির নামে ১১৭।০ নং এজমালী অংশ লিখা যায় ঐ অংশ বাকী পড়ায় উহাই নিলাম হইবেক।

১৫৪।	ধোড়াদহ পং তারাগুনিয়া।	রাচরণ চৌধুরী আচার্য্য ও সান্যাল ও মুখোপাধ্যা	ও গিরিবালা দেব্যা শীশ্বরী দেব্যা ও তিহরি সাহা, শ্রীরাম	সুন্দরী দেব্যা ও ভুবনেশ্বর পাল আচার্য্য ও রামরতন ধুরী, দীনবন্ধু চৌধুরী দীননাথ	৯২ ৵৫	১৫৪।০ নং ৯।৵৬ ১৫২।২ নং ১।৮	৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশ বাদে অবশিষ্ট রঃ ।৶৯।৵ কাগ যাহা ৪৮৯।৶১১ পাই সদর জমায় রামাচরণ চৌধুরী ও গিরিবালা দেব্যা ও রামাসুন্দরী দেব্যা ও দীনবন্ধু চৌধুরী ও দীননাথ মুখোপাধ্যায় নামে ১৫৪।০ নং ও পৃথক হওয়া অংশ রঃ ৵০৸৵ কাগ যাহা ১০৲১ পাই সদর জমায় শ্রীহরি সাহার নামে ১৫৪।২ নং লেখা যায় ঐ ঐ অংশে বাকী পড়ায় উহা নিলাম হইবেক।
২০১ নং	এতবারপুর পং পলাশী।	রামলাল বন্দ্যোপাধ্যায় ও যদুনাথ চট্টোপাধ্যায় ও হরসুন্দরী ও ভবসুন্দরী দেব্যা ও নকুড়চন্দ্র সাহা ও রামধন ও রামেশ্বর ও কালিদাস ও উমাচরণ খাঁ ও	দেবেন্দ্রনাথ চট্টোপা- গিরিশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।		৪৫ ১১০ পুঃ ৪৫।৵৫	৫৮৵ ১১	সম্পূর্ণ মহাল নিলাম হইবেক।
২১৬ নং	গোবরা পং পলাসী।	মহারাজা জগদীন্দ্র বেলওয়ারি গোবিন্দ বাহাদুর ও কৃষ্ণনাথ রায় ও কুমুদিনী দাসী অলি জাং গুরুদাস বিশ্বাস ও রামকমল চেৎলাঙ্গিয়া, হরিমোহন মল্লিক, প্রভাবতী দেব্যা, রামধন খাঁ, ও রামেশ্বর খাঁ কালিদাস খাঁ ও উমাচরণ খাঁ, নবকুমার মুখোপাধ্যায় ও শ্যামাপদ বন্দ্যোপাধ্যায়, দুর্গাপদ বন্দ্যোপাধ্যায়, ও গিরিদ অভয়পদ বন্দ্যোপাধ্যায় নাবালক, চ	দেব্যা অলি মাতা উমাপ দি দেব্যা।		২২৫ ১৵১১ পুঃ ২২৸৯	৯৵১	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশ বাদে অবশিষ্ট রঃ ।৶৩৶৩২।। তিল যাহা ৯১৪/৪ পাই সদর ও ৮৮৩ পাঃ পুলিস জমায় মহারাজা জগদীন্দ্র বেনয়ারি গোবিন্দ বাহাদুর ও রামকমল চেৎলাঙ্গিয়া হরিমোহন মল্লিক, রামধন, উমাচরণ খাঁর নামে ২১৬।০নং লিখা যায় ঐ অংশে বাকী পড়ায় উহাই নিলাম হইবেক।
২৪২ নং	ইজুলী পং গ্রাম-জোয়ানী।	কামিনীসুন্দরী চৌধুরাণী, নগেন্দ্রনাথ চৌধুরী ও মধুমতি দাসা চৌধুরাণী ও পাল চৌধুরী ও সুরেন্দ্রনাথ পাল চৌরাণী অছি জাং জানেন্দ্রনাথ, হরেন্দ্র পাল চৌধুরী ও সুরেন্দ্রনাথ পাল চৌ	ল চৌধুরী গোগেন্দ্রনাথ পাল জাং সতীশচন্দ্র ওরফে পাঁচু ী ও শিবমোহিনী দাসী চৌধুথ, হেমেন্দ্রনাথ, ও বিপ্রেন্দ্রনাথ । ।		৯১৫ ৸১০ পুঃ ২৭	১১১৸১ পুঃ ৩৭	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশ বাদে অবশিষ্ট রঃ ।।০ আনা যাহা ৪৭৭৸৵১১ পাই সদর ও ৬৭ টাকা পুলিস জমায় কামিনীসুন্দরী চৌধুরাণির নামে ২৪২।০নং লিখা যায় ঐ অংশে বাকী পড়ায় উহাই নিলাম হইবেক।
